विश्व आर्थि । अप्राप्ति । अप्र

SCI Kolkata

मृधीय उत्स ब्रह्माधर्य

পরিবেশক
সাহিত্য জগৎ
২০৩/৪ কর্নপ্রয়ালিশ স্ট্রীট
ক্রিকাতা-৬

প্রথম প্রকাশ : শ্রাবণ ১৩৬৭ PR 6-0-5 /B

প্রকাশিকা:
শ্রীমতী অণিমা ভট্টাচার্য
৫১/৬/১৪ বিজ্ঞায়তন সরণী
কলিকাতা-

মুদ্রাকর:

প্রীবন্ধিমবিহারী রায়
অশোক প্রিণ্টিং ওয়ার্কস

1/এ বলাই সিংহ লেন
কলিকাতা—>

STATE CENTRAL LIBRARY.
56A. B. T. R.I. Ca sutta-50

বাধাই: দীননাথ বুক বাইণ্ডিং ওয়ার্কস

ंमाहदेबीर श्रीचरपी

ভূমিকা

আদিম যুগ থেকে স্থাঘেরী মাস্থ জীবন-যুদ্ধ করে চলেছে—দে দেহে-মনে । হতে চেয়েছে কিন্তু গভীর পরিতাপের বিষয় যে আজ বিংশশতকের এই জ্ঞানিক সমারোহের যুগেও মাহ্রয় স্থী হয়নি। আজ পৃথিবীর প্রভিটি লোক ম্ব-বস্ত্র-গৃহের প্রাথমিক প্রয়োজনও মেটাতে পারেনি। এই নিরন্তর জীবন যুদ্ধের াঝেই সভ্যতা এগিয়ে চলেছে—মাহ্রয় সভ্য থেকে সভ্যতর হ'য়েছে। এই বভ্যতার ক্রমবিকাশের বিভিন্ন যুগে মাহ্রযের চিত্তরুন্তি, ভিন্ন ধারায় গড়ে উঠেছে এবং চিত্তরুন্তির বৈশিষ্ট্যই যুগধমে দর্শন, সাহিত্য, শিল্প স্থিটি করেছে কিন্তু তার ফ্রার্যের জড়ও আত্মিক জগতে স্থী হতে চেয়েছে—জড়ও আত্মিক স্বীবনের সামঞ্জন্ত বিধান করতে চেয়েছে কিন্তু বার বার সে বার্থ হয়েছে। রহস্তময় মাহ্রযের এই চিত্তোন্মেরের সংগ্রাম।

যুগে যুগে, সভ্যভার স্তরে স্থরে মাস্ক্ষরে চিত্তর্ত্তি যে বিভিন্ন রূপ নিষেছে তার প্রকাশ হয়েছে সাহিত্য ও দর্শনে। এই সাহিত্য ও দর্শনের মধ্যেই মানব-চিত্তের বিজেষণ করলে দেখা যায় মাস্ক্ষরে চিত্তবিকাশের বিশেষ চিত্তবিকারও দেখা দিয়েছে এবং সাহিত্যের প্রবহমান স্রোত ইতিহাসের পৃষ্ঠায় এই চিত্তের পরিচয় স্কম্পষ্ট ভাবে রেখে গেছে।

বিশেষ যুগের বান্তব, নৈতিক, দার্শনিক ও ধর্মীয় অবস্থার দারা প্রভাবিত
থিয়ে সাহিত্য যুগধর্মী হয়ে উঠেছে এবং এই সাহিত্যেই যুগচিন্ত বিশ্বত হয়েছে।
বশ-সাহিত্যের এই ক্রমবিকাশ ও পরিণতি, মানব-চিন্তোলেষের ইতিহাস ও
দেয়বুত্তি অন্তুসরণ করে বাংলার সাম্প্রতিক যুগের সাহিত্যকে সম্যুক্তাবে বুঝবার
একটা আন্তরিক প্রচেষ্টা হয়েছে এই গ্রন্থে। উনবিংশ শতকে বাংলার চিন্তরুত্তি,
শর্ৎচন্ত্রের যুগ ও শর্থ মানস বিশ্লেষণ করে, কোন্ কোন্ ধারা এই বাংলা সাহিত্যে
ক্রাথিতি হয়ে তাকে পুষ্ঠ ও শক্তিশালী করেছে তাঁরই একটা নিরপেক্ষ মূল্যায়নের
প্রচেষ্ট্রও করা হয়েছে—এই পরিপ্রেক্ষিতে শর্থ সাহিত্যের দান কডটুকু এবং তাঁর স্টির
বিশিষ্ট্য ও বৈচিত্রাই বা কি তাও নিরপনের চেষ্টাও হয়েছে। বিশ্বের চিত্যেন্মেরের
ক্রোমে শর্থ-সাহিত্যের সঠিক মূল্যায়নের জন্মেই বিশ্ব-সাহিত্য বিকাশের পথ
ক্রেশ্বণ করা প্রয়োজন হয়েছে।

যুগচিত্ত ও চিন্তাধারার প্রভাবে সাহিত্য বিচারের দৃষ্টিভন্দিও নিরম্ভর রিবতিত হয়েছে—এই পরিবর্তনজাত ভিন্ন মত ও পথের বিরোধও চিন্নলাই ।তে । তবে সাহিত্য যদি মাহুষের হ্রদয় ও সভ্যতার পরিপোষক বলে গ্রহণ বা যায় তবে সর্বকালীন একটা বিচার পছতির স্থা পাওয়া যেতে পারে। যা হিমকে ব্যক্তি জীবনে স্থী হতে সাহায়্য করেনি, মানব সমাজকে স্থী করতে

প্রেরণা দেয়নি, মাছ্বকে ভালবাসতে শেখার নি, হৃদয়কে বিভৃততর করেরি ভার আত্মিক উন্নতির সহারক হয়নি, তা সত্যিকার সাহিত্য কিনা তা বিদগ্ধজনের বিচার্য। তবে আমি আমার ক্স্ত বিচার বৃদ্ধিতে এই স্ত্রোক্ষ্যায়ী শরৎ-সাহিত্যের মূল্যায়নের চেটা করেছি। সভ্য, শিব, ও স্কর্মকে পৃথক করে কল্পন করতে বা সত্যশিব নিরপেক্ষভাবে স্কর্মরের (Aesthetic) কল্পনা করতে সক্ষ হতে পারিনি।

বিশ্ব-সাহিত্যের ইতিহাস বিশ্লেষণের পথে একমাত্র কথা-কাহিনী ও গল্পে: সঙ্গে যে কাব্য, নাটক বা উপক্তাস প্রভৃতির সম্পর্ক আছে তারই উল্লেখ করা হয়ে —সাহিত্যের অক্তাক্ত ধারা সম্পূর্ণ পরিভ্যক্ত না হলেও তার সামাক্ত প্রাসদ্দিদ্দি উল্লেখ আছে মাত্র। পাশ্চান্ত্য চিন্তাধারা আমাদের দেশে; এসেছিল ইংরাজির মাধ্যমে এবং ইংরাজি সাহিত্য আমাদের দেশে স্থপরিচিত, তাই কেবলমাত্র প্রাসদিক উপক্তাস সাহিত্যই আলোচিত হয়েছে।

এই প্রন্থে কিছু কিছু দার্শনিক চিন্তাধারার ইতিহাস লিপিবদ্ধ হয়েছে কিছু তার মধ্যে দার্শনিক তত্ত্ব বচার-বিশ্লেষণ করা হয়নি। কেবলমাত্র দার্শনিক তত্ত্ব ভিত্তিক বে নীতিবাদ (Ethics) সমাজ ও মানব মনকে যুগে যুগে নিয়ন্ত্রিত করেছে বা করতে চেষ্টা করেছে তারই ইতিহাস অন্থসরণ করা হয়েছে, যেহেতু এই নীতিবাধের সঙ্গে মানবচিত্ত ও চিত্তবৃত্তির ঘনিষ্ঠ সম্বন্ধ ও সংযোগ আছে এবং তারই সঙ্গে যুগে মানবচিত্তের সংযোগ ও সংঘর্ষওও হয়েছে—এই সংঘর্ষর মধ্যেই সাহিত্য তাঁর বিশিষ্টরূপ গ্রহণ করেছে।

গ্রছে কিছু পিরিভাষিক শব্দ ব্যবহৃত হয়েছে—এই শব্দগুলি যথাসপ্ত 'চলপ্তিকা' থেকে গৃহীত। সাধারণতঃ ইংরাজি প্রতিশব্দ পাশে একবার মাত্র্যবহৃত হয়েছে এবং পরে সেই শব্দ সেই অর্থেই ব্যবহৃত হয়েছে। যথা জৈবাবে (Passion) শব্দটি এই একই অর্থে ব্যবহৃত হয়েছে তবে 'Passion' কথানি আর বন্ধনীতে দেওয়া হয়নি। 'চলপ্তিকা'র কোন শব্দ পছন্দ না হলে নৃতন শব্দ ব্যবহার করেছি—ধেমন নীতিবিভার (Ethics) স্থলে 'নীতিবাদ' এব ক্ষেত্রবিশেবে 'নীতিধর্ম' ব্যবহার করেছি।

একাধিক লেখকের যে সকল উদ্ধৃতি একই অধ্যাহে দেওয়া হয়েছে তাতে প্রথম বার গ্রন্থের নাম ও লেখকের নাম দেওয়া হয়েছে এবং পরে সংক্ষেপে উল্লিখির হয়েছে। যেমন—Civilization and Ethics— Dr. Albert Schweitze:
—p—39 এর স্থলে Ibid. Schweitzer—p—39 বা—ভগু Schweitze:
—p—39 এইরূপ ছাপা হয়েছে। অথবা কেবল গ্রন্থের নাম দেওয়া হয়েছে। ভি:
গ্রন্থ হলে গ্রন্থের উল্লেখ করা হয়েছে। শরৎ সাহিত্য, গীতা প্রভৃতি দেশীয় গ্রন্থে
উল্লেখ প্রসদে ভগু ৮৷১৩২ বা ৩৷১২ এইরূপ ছাপা হয়েছে, তাঁর অর্থ—শরৎ সাহিত্
সংগ্রন্থের ৮ম সম্ভাবের ১৩২ পৃষ্ঠা, বা গীতার তৃতীয় অধ্যায়ের ১২শ শ্লোক।

धीक, गांविन, क्यांनी त्यांनी त्यांक्य नाम विक्रिय त्यांन विक्रिय वानार

' লিখেছেন—উক্ত লেখক প্রসঙ্গে তাঁর বানানই রাখা হয়েছে। বেমন Bowra-র Sophocles এবং Keith এর Sophokles ছই রকমই আছে।

যে সকল গ্রন্থ থেকে তথ্যাদি সংগ্রহ করা হয়েছে তা গ্রন্থ শেব প্রাক্ত দেওয়া হয়েছে এবং প্রসন্ধ নিরূপনের স্থবিধার্থে নির্দেশিকা (Index) দেওয়া হয়েছে। সর্ব-প্রকার প্রযন্ধ সম্বেও যে কিছু কিছু মূলাকর প্রমাদ ঘটেছে একথা বলা বাহুল্য—ভূক্তভোগী মাত্রেই জানেন এ দেশে নির্ভূল ভাবে পুস্তুক মূল্য কিছু সাধ্য ব্যাপার। গ্রন্থশেষে শুদ্ধি-পত্রে মথা সম্ভব সেগুলির উল্লেখ করা হয়েছে। যদি কথনও এই গ্রন্থের বিতীয় মূল্য সম্ভব হয় তবে নির্ভূল মূলনের জন্ম আগ্রাণ চেষ্টা করবো।

এই পুস্তক প্রনয়ন ও মুদ্রণের জন্ম কত বন্ধু কত শুভার্থীর কাছে যে কত রূপে ঋণী তা বলে শেষ করা যায় না বলেই তা আপাততঃ না-বলা রয়ে গেল। যদি কথনও বলবার হযোগ আসে, কৃতজ্ঞতা প্রকাশের হৃদিন আসে, তবে সেই দিন তাদের নাম ও আমার কৃতজ্ঞতার চিহ্ন এই প্রস্থের আয়ুর সঙ্গে সংযুক্ত করে নিজেকে কৃতার্থ করবো।

ডাঃ গৌরীনাথ শাস্ত্রী ও ডাঃ শিশির মিত্র সংস্কৃত কলেজ গ্রন্থাগার এবং অগ্রজপ্রতিম শ্রীস্থনীলক্বজ্ঞ বিশাস তাঁদের আলমবাজারস্থ পারিবারিক গ্রন্থাগার যথেচ্ছ ব্যবহারের স্থযোগ না দিলে, আজ এ গ্রন্থ অসমাপ্তই থেকে যেত। স্নেহভাজন শ্রীম্বারী রায় 'নির্দেশিকা' বচনা করে দিরেছেন। কৃতদ্বতার আত্মগানি থেকে মৃক্তি পেতে এদের নাম সম্প্রভাবে এবং সম্বেহে উল্লেখ করে কৃতার্থ হলাম। ইতি—

বিনীত পৃথীশচন্দ্র ভট্টাচার্য



দুচীপত্ৰ

विवय	A
मानव जीवटनां एव	ণ আৰু
মানব-চিন্তবিকাশ	,
মানব-চিত্তবিকার	30
মানবচিত্তের ইতিবৃত্ত	99
মহাকাব্যের যুগ	98
গ্রীক দর্শন ও সাহিত্য	89
গ্রীকনাটক, গভাসাহিত্য, কমেডি, ভাষণ সাহিত্য	€ર ७8—૧૨
षात्वरङस्विश	
রোম—লাটন সাহিত্য	10
রোমের স্বর্ণ, ভাষণ ও গভসাহিত্য, কাব্য,	99
রোমের রজভযুগ	₽ ₹ —₽\$
ভারত—ভারতীয় নীতিবাদ, পাশ্চান্ত্য ও প্রাচ্যচিত্ত	25-26-
সংস্কৃত সাহিত্য, কাব্যসাহিত্য, কাব্য, নাটক, গীতিকাব্য,	عرر—وو عرر—وو
ইভিহাস, গছসাহিত্য, নীভিক্থা,	
অন্ধকার যুগের পরে,—উত্তর ফ্রান্স, নরওয়ে, আইসল্যাণ্ড,	عود—حود د عود—حود د
জার্মানী, স্পেন, পতুর্গাল, ইতালী,—প্রসাহিত্য, নাটক,	
ইতালীর নবজাগরণ,	South As a
মানবভার যুগ,—ইভা লী , পভু⁄গাল, স্পেন, হল্যাণ্ড	10b160
षार्थानी	
नवारनारकत्र यूश—काम, कार्यानी, ऋष्टेन्गा ७, व्यास्त्रिका	368—570
যুক্তরাষ্ট্র আদর্শবাদের যুগ	२ ५७—२२ 8
রোষাণ্টিক আন্দোলন, হিতবাদ, উপযোগবাদ,	₹ ₹8- ₹₹₩
বিবর্তনবাদ, প্রয়োগবাদ	
কান্সের স্বর্গ—নাটক, কাব্য, গল্পসাহিত্য।	२२ ৮२७ ०
উপন্থান-পত্রাল, স্পেন, জার্মানী, ফ্রান্স।	२७०—२१১
উপ্তাস—ইতালী, জার্মানী।	२ १ >—- २ ৮ २
রোমাণ্টিক ঘূগ—ক্রান্স, ইতালী, স্পেন, পতুর্গাল,	२৮७२३७
বাশিমা পোলাক ক্রমত্ব ক্রমত	
রাশিয়া, পোলাগু, স্থইডেন, ডেনমার্ক। উপস্থাদের তৃষীযুগ—ফ্রান্স, ইতালী, স্পেন, পতুর্গাল,	२२१-७५•
वानियाः कार्यानी, यहकात्रनाां ७, श्वानियाः, एकनयार्कः।	
ा वा त्राप्ता वर्षात्रणाय, व्यागिशी (अन्यांक	630-cs

পতাহ বিষয় উনবিংশ শতকের নাটক—নরওয়ে, স্থইডেন, ভেনমার্ক, कार्यानी, त्वलिक्याम, त्रानिया, त्यान, देखानी, काम, চেকোস্লোভাকিয়া। 500-630 ইংলণ্ডের উপক্যাস—ভিক্টোরিয়া যুগ, 508-630 বিংশ শতক 88-508 885-889 শরৎচক্রের যুগ 889-896 শর্ৎ-মানস শরৎ সাহিতা 866-600 वर्षामि—१७४, (मवमाम—१७४, ठसनाथ—१७३, শুভদা---৪৭১, বিরাজবৌ---৪৭৬, পরিণীতা---৪৭৪, পল্লীসমাজ-৪৭৫, চরিত্রহীন-৪৭৬, ঐকান্ত-৪৮৪, গৃহদাহ—৪৯৩ দত্তা—৪৯৮ বামুনের মেয়ে—৫০১ অবক্ষণীয়া—৫০২ পণ্ডিত মশাই—৫০৩ দেনা-পাওনা—৫০৪ বিপ্রদাস—৫০৭ শেষ প্রশ্ন—৫১২ পথের দাবী-৫১৭ নিষ্কৃতি-৫১৯ বিন্দুর ছেলে রামের স্থমতি—৫২২ মহেশ—৫২৩ -657 নববিধান-৫২৩ পথনির্দেশ-৫২৪ আঁধারে আলো — e ২৪ মেজদিদি— e ২৫ সতী— e ২৬ অনুরাধা देवकूर्छत উইन- ६२१ मामनात फन- ६२৮ विनामी — e2b मर्ने हुर्न e2b इतिहत्रन e2a आलाहाश - e२२ चामी- e२२ এकामनी देवतानी- e७० উপসংহার 203

विश्व-प्राश्ठि ३ শत्र ५ छ

धावर कीवरवाम

নিউগিনির অভ্যস্তরে গভীর অরণ্যভূমির অধিবাসী পপুরান—অসভ্য হিংল্প নরমাংসভোজী বর্বর। যুদ্ধবন্দী আহত ও হতকে তারা নিয়ে আসে ভোজ্য রূপে। বন্দীর ছ'টি হাতকে বড় গাছের কাণ্ডের ছ'দিক দিয়ে ঘুরিয়ে এনে, হাতের তালু ছিল্ল ক'রে, তার ভিতর দিয়ে দড়ি প্রবেশ করিয়ে বেঁধে রাখা হয়ু কয়েক দিন। ক্ষায়, পিপাসায়, কতের য়লণায়, কীট পতকের দংশনে দিনের পর দিন সে চাৎকার করে, তার পর উৎসবের দিন স্থির হয়। সেদিন একটা ট্যাটা জাতীয় তীক্ষধার অল্প দিয়ে তার মাংসল স্থান বিদ্ধ ক'রে জলাশয়ে নিয়ে ধুয়ে আনা হয়। নারিকেলের পাতার দড়ি দিয়ে তিলে ক'রে গলায় ফাঁস লাগিয়ে বৃক্ষণাখায় তাকে টাছিয়ে, নীচে আঞ্জন আলিয়ে দেওয়া হয়। আর তার চারিপাশে চলে নৃত্য-গীত, আঞ্জনের আঁচে ধীরে ধীরে জীবন্ত দয় হয় লোকটি। গলার দড়িটা পুড়ে য়খন শবটি ধপ্ ক'রে পড়ে আগুনের মাঝে তখন তাকে টেনে নিয়ে এসে ওয়া কেটে কেটে থায়, আর তার সক্ষে চলে নৃত্য-গীত। এটা বিজ্য়োলাস, সমাজজীবনের উৎসব।

বেজিলের এমনি আদিম অধিবাসীরাও নরমাংসভোজী কিন্ত তারা দরদী, বন্দীকে খাছ্যপথ্য দিয়ে আছ্যবান করে ভোলে, খাছ্য হিসাবে স্থাত্ করবার জ্বন্তে। এমন কি এই তু'দিনের বন্দীজীবনের নিঃসঙ্গতা দূর করতে একটা সাময়িক পত্নীরও ব্যবহা করে। তারপরে শুভদিনে তার এই দেহের সন্থাবহার করা হয় উৎসব সহকারে। (১)

আজ সভাষ্ণের মাহ্রষ এই বর্ণনা পড়ে, স্থদ্রের এই আদিম বৃদ্ধীর হৃংধে ছংগ বাধ করে। তার হৃদর করুণায় আর্জ হ'য়ে ওঠে কিন্তু সভ্য মাহ্রুবের পূর্বপূক্ষও এমনি বর্বর একদিন ছিল, এমনি ক'রে নরমাংলের উৎসব তারা করেছে। আজ এ কথা চিস্তা ক'রে দেহমন শিউরে ওঠে। কেন ?

⁽²⁾ Perhaps the most striking case of all is that afforded by some of the Brazilian tribes. The captives taken by them in war used to be kept up for some time and fatted up; after which they were killed and eaten. Yet even here during the time that they had to live, each poor wretch was generally provided with a temporary wife.—The Origin of Civilization and the Primitive condition of Man—Lord Avebury, p. 140.

এই ছদয়হীন বর্বর পশুর অন্তর্গকে এমন সংবেদনশীল, অমূভ্তিপ্রবণ ক'রে ভূলেছে কে বা কি ? গুদরের এ প্রসারতা মাছ্য পেয়েছে কোথায় ? বিজ্ঞানের লান বস্তু জগতকে যতই উন্নত করুক না কেন, এই পাঁচ হাজার বংসরের সভ্যতার প্রকৃত লান মানব মনের এই সংবেদনশীলতাটুকু মাত্র। ধর্ম, নীতি, শিক্ষা, সাহিত্য সৌন্ধর্যবোধ কোনটি কভটুকু সাহায্য করেছে এই মানবচিত্ত বিকাশের ? রাজনীতি, সমাজনীতি, পারিপার্শিক দানই বা এই ক্ষেত্রে কভটুকু? বিত্ত ও চিত্তের মধ্যে সংযোগই বা কভথানি ? এর হিসাব করতে গেলে মাছ্যকে বিচার করতে হয় সেই আদিম যুগ থেকে।

একদিন বানর গোত্রীয় মায়ুষ বাদ করত বৃক্ষশাথায়। বাদাম, ফল, পত্র থেয়ে জীবন ধারণ করত,—ভূমি স্পর্ল করবার সাহস ছিল না তার, স্থলভাগ তথন হিংল্ল পণ্ড ও সরীস্থপের বাসভূমি। আজ বিংশ শতকের নগর মায়ুবের বিলাসের স্থাভূমি। এই বৃহৎ যুগকে পণ্ডিতগণ নানা ভাগে ভাগ করেছেন। যদি ধরা হয় একশত সহল্র বংসরে এই বিবর্তন ঘটেছে, তবে তার মধ্যে মায়ুবের বাট হাজার বছর কেটেছে পশু-জীবনে, প্রত্রিশ হাজার বছর কেটেছে বর্বর-জীবনে, আর সভ্য-জীবনের বয়স মাত্র পাঁচ হাজার বংসর। পশু ও বর্বর জীবনকে তারা উচ্চ, মধ্য ও অস্ত এই তিন ভাগে ভাগ করেছেন। যুগে যুগে আবিষ্কার ও উদ্ভাবনের মাঝে মায়ুবের সমাজ বিবর্তন হয়েছে,—এক একটি আবিষ্কার তার সমাজজীবনকে নতুন ভাবে স্থাজিয়েছে, সেই হিসাবেই বিবর্তনের যুগ তারা নিরূপণ করেছেন। (২)

আগুন আবিকারের পূর্ব পর্যন্ত নিম পশুষ্ণ। কৃত্র কৃত্র স্থানে তারা বাস করত; ফল, বাদাম থেয়ে জীবন ধারণ করত। আগুন আবিফারের পর থেকে তীর ধহুক আবিফার পর্যন্ত মধ্য পশুষ্ণ এবং তীর-ধহুক থেকে মুংশিল্প স্থান্তির পূর্ব পর্যন্ত আগু পশুষ্ণ। আগুন আবিফারের পর থেকে মাহুষ কৃত্রিম থাত থেতে শিথেছিল। মাহু মাংস পুড়িরে থাওয়া এবং আগুনের সাহায্যে আগুরক্ষা করা তথন সহজ সাধ্য। তাই তারা কৃত্র বাসভূমি ছেড়ে পৃথিবীতে ছড়িয়ে পড়ল। হাডসন উপসাগরের তীরবর্তী Athapascan জাতির মধ্যে এখনও এই পশুষ্ণ বর্তমান।

বর্বর যুগের আরম্ভ এই মৃৎশিল্প থেকে। এই সময়ও কোন ধ্বনিবাচক বর্ণমালার সৃষ্টি হয়নি। তথনও articulate speechই তালের ভাষা। (৩) মৃৎশিল্প থেকে পূর্ব গোলার্থে পশুপালন ও পশ্চিম গোলার্থে কৃষিকার্থের আবিষ্কার, ও প্রস্তর ব্যবহার পর্বস্ত আদি বর্বর্যুগ। কৃষি ও পশুপালন থেকে লোহ আবিষ্কার পর্যন্ত মধ্য বর্বর্যুগ। আমেরিকায় রেড ইণ্ডিয়ানরা আজও এই মধ্যযুগের সাক্ষী। এশীয় আর্যগণ পশুপালনের পরে কৃষিকার্য আয়ত্ত করেছিলেন। সংস্কৃত, গ্রীক ও ল্যাটিন ভাষায়

⁽२) Ancient Society-L. H. Morgan.

⁽⁹⁾ Those possessing this art (pottery) but who never attained a phonetic alphabet—Ibid—p. 10.

পশুদিগের নাম এক হলেও, শভের নাম আদি সংস্কৃততে পাওয়া বায় না। কেবল মাত্র zea বা বব ব্যতীত। (৪)

লোহ প্রস্থাত থেকে বর্ণমালা ও লিখন আবিকার পর্যন্ত আন্ত কর্মমুগ। লিখন ও সাহিত্য স্ট থেকেই সভ্যতার আরম্ভ—হোমারের সময়ের প্রীক্জাতি, রোম সামাজ্য স্থাপনের পূর্বে রোমক জাতি ও সিজারের সময়ের জার্মানজাতি এই প্রারম্ভিক সভ্য যুগের মাহ্মব। প্রাগৈতিহাসিক ভারত ও মধ্য এশিয়া সম্বন্ধে জানবার ব্থেষ্ট উপাদান আজও আবিষ্কৃত হয়নি। (৫)

এই বিভিন্ন যুগে বিভিন্ন আবিষ্ণারের ফলে সমাজ, বাসভূমি, মানবপ্রকৃতিরও পরিবর্তন হ'য়েছে সন্দেহ নেই। আদি পশুর্গে কৃত্র একটু স্থানে একটি কৃত্র পরিবার বাস করত এবং তথন ভাই-বোনের বিবাহ ও প্রজনন (Consanguine Family) আভাবিক ছিল। আগুন আবিষ্ণারের পরে যথন তারা ছড়িয়ে পড়ল, তথন বাসভূমিও বিস্তীর্ণতা লাভ করল এবং একসঙ্গে কয়েক পরিবার মিলে শিকার ও বাষাবর রৃত্তি অবলম্বন করল,—সেই যাযাবর সমাজে বিবাহের রূপও বদলে গেল। তথন এক পরিবারের ভাইবোনদের সঙ্গে অন্ত পরিবারের ভাইবোনদের সঙ্গে অন্ত পরিবারের ভাইবোনদের সঙ্গে অন্ত পরিবারের ভাইবোনদের সংক্র অন্ত পরিবারের ক্রাইবোনদের পরিবারের মধ্যে ঘৌনমিলন দণ্ডার্হ ছিল। এই পরিবারের দলগুল একটি সীমিত পরিবেশের অধীশ্বর হ'য়ে থাকত এবং প্রয়োজন হ'লে মুজ্ব ও বিরোধের ঘারা আধিকার প্রতিন্তিত রাখতে বাধ্য হত। যেহেতু এই তথাক্ষিত রাজ্য রক্ষার উপর তাদের জীবন ধারণ সম্পূর্ণ নির্ভর্নীল।

কৃষি আবিদ্ধারের সন্ধে সন্ধে ত্যাগ করতে হল যায়াবর বৃত্তি। তারা নদীতীরে, বা জলাভূমির নিকটে স্থায়ী বাসস্থান নির্মাণ করল—স্টে হল গ্রামের। আরম্ভ হল নর-নারীর এক বিবাহ (Syndyasmian Family)—আর তার সন্ধে নারীও। ক্ষমতাবান বছবিবাহ (Patriarchal Family) স্টে করল, দারিত ক্ষীণবীর্য করল একবিবাহ্যুক্ত পরিবার (Monogamian Family)। বৃক্ষশাখা ছেড়ে মামুষ এই প্রথম ঘর বাঁধল গ্রামে; এর মাঝে স্বাজ, ব্যক্তি, পরিবার, রীতিনীতিরও পরিবর্তন হল যুগে যুগে। স্মাজ ব্যবস্থার মাঝে একটি নীতিধর্মও (ethics) ধীরে ধীরে দানা বাঁধল।

পরিবার, ভাষা, ধর্ম ও সম্পদকে কেন্দ্র করেই গড়ে উঠেছে সমাজ ও রাষ্ট্র;
আবিদ্ধার, অনুষ্ঠান ও সমাজবিধি বা নীতিধর্মের মধ্য দিয়ে পুরুষ পরস্পরায়
অভিজ্ঞতার সঞ্চয়ে গড়ে উঠেছে মানব-মন। বর্বর যুগের সমাজেও দেখা যায়

⁽⁸⁾ Ibid-p. 23.

⁽c) Much remains to be learnt, particularly about the antecedents of the rich and distinctive civilizations of India and China—From Savagery to Cirilization.—Grahame Clark—p. 88.

প্রধান নিয়াগ ও বিনিয়োগের ক্ষমতা। স্বজাতির মধ্যে বিবাহনিষেধ, মৃতের সম্পত্তির সমান উত্তরাধিকার, পারস্পরিক সাহায্য, আত্মরকা, নামকরণ ক্ষমতা, সর্বজ্ঞনীন ধর্মাছ্টান পরিষদ নির্বাচন প্রভৃতি বিষয়ে স্থনির্দিষ্ট নিয়মাবলী বর্তমান। মাছুবের পূর্বপূক্ষর বানর বানরই রয়ে গেছে অথচ মাহুর এই সমাজবিধি স্পষ্ট করে স্থসভা হল কেমন করে? এর প্রধানতম কারণ, বানরের ভাষা নেই, এবং তাদেরই এক গোলী যার থেকে মাহুর স্থান্ট হল তাদের ভাষা ছিল। এই ভাষার মাধ্যমেই মাহুর মানবছ অর্জন করেছে। (৬)

ভাষার থেকেই হয়েছে শ্রুভি, তার থেকেই ব্রিভিন্ন বস্তুর নাম ও মূল্য সৃষ্টি—তার থেকেই মানুষের স্থলর বোধশক্তি। ভাষার মাধ্যমেই তারা আবিদারের দানকে বিনিমন করেছে এবং পুরুষাস্ক্রমিক অভিজ্ঞতা প্রস্তুত জ্ঞান ভাগ্ডারকে সঞ্চন্ন ক'রে বলীয়ান হয়েছে, প্রগতিশীল হয়েছে। এই ভাষা ও তার (ধনি-সংকেত) লিখন পদ্ধতির মধ্য দিয়ে যে জ্ঞান ভাগ্ডার যুগ যুগ ধরে সঞ্চিত হয়েছে, তাই আজ বিংশ শতকের মানুষকে ব্যোষজ্ঞী করে তুলেছে। (৭)

ভাষা চিন্তানিরপেক্ষভাবে স্ট হয়নি। ভাষা অর্থে মনোভাব বা চিন্তার প্রকাশ। মানবসমাজে যথন ভাষার স্টি সম্ভব হল তার পূর্বেই মাহবের চিন্তাশক্তি আত্মপ্রকাশ করেছে এবং তারই প্রকাশ হয়েছে ভাষায়। চিন্তাশক্তি অর্থে যুক্তির সাহায্যে ভালমন্দ বিচার—বিচারশক্তি (Rational thinking) ভাষার ভিত্তি। চিন্তাই জ্ঞানের জনক—হতরাং প্রথমে কথিত ভাষা ও পরে লিখিত ভাষার গহনে যাহবের অভিজ্ঞতা প্রস্ত জ্ঞান ভাতার যুগে যুগে ভবিশ্বতের জল্পে সঞ্চিত হয়েছে; এই জ্ঞানই আমাদের সভ্যতার মূলধন। ভাষার ধ্বনি কিরপে প্রতীক চিহ্নে লিখিত হল তার ইতিহাস নিরূপণ একরকম ত্ঃসাধ্য তবে পণ্ডিভগণ মনে করেন, সেমিটিক জ্ঞাতি ও ফিনিসিয়গণই প্রথম ধ্বনিকে অক্সরে প্রকাশ করতে সক্ষম হন। (৮)

^(*) The possession of articulate speech can, however, be accepted as a criterion of humanity at once decisive and of immense significance—Savagery to Civilization—Grahame Clark—p. 7.

⁽⁴⁾ The social effectiveness of man's technical capacity was enhanced beyond measure by his ability to share his discoveries with his fellows, hand them over to posterity and so accumulate experience over generations—Ibid—p. 8.

⁽v) The origin of language has been investigated far enough to find the grave difficulties in the way of any solution of the problem.....Lucretus remarks that with sound and gesture, mankind in the primitive age intimated their thoughts stammeringly to each other. He assumes that thought preceeds speech and the gesture language preceeded articulate language—Ancient Society—Morgan—p. 43.

⁽v) The phonetic alphabet came like other inventions at the end of successive efforts.....He (Egyptian) could write in permanent character on stone. Then came the inquisitive Phoenicians, the first navigators and traders on sea who, whether previously versed in hier o glyphs or other wise, seem to have entered at a bound upon labors of the Egyptians, and by an inspiration of genius. to have mastered that problem over which the latter was dreaming. He produced that wonderous alphabet of sixteen letters, which in time gave to mankind a written language and the means of literary and historical records—Ancient Society—Morgan—p. 31.

এই তিমিরাছের বৃগ থেকে মাহ্ব আছকের এই উদ্ধল সভাতার এল কেন ? মাহ্ব বাঁচতে চেয়েছে, বেঁচে থাকার (will-to-live) একটা হুর্লম কৈব ইচ্ছাশক্তিরমেছে এই অগ্রগতির পিছনে। তারা অধুবেঁচে থাকতেই চামনি, বাঁচবার মত বাঁচতে চেয়েছে। এই অলম্য ইচ্ছাশক্তিই মাহ্বকৈ জানে বিজ্ঞানে আছ ক্ষমতাবান করে তুলেছে। (১)

আদিম পশুমানৰ সমাজে প্রযুক্তি-বিভার (technology) অভাব বশতঃ ভারা প্রকৃতিক জবাই ব্যবহার করত। লতার তৈরী ঝুড়িই ছিল পাত্র, চামড়া ও বৰল বা ঘাসই ছিল বসন, খুঁচবার প্রস্তৱ খানিই অন্ত এবং ব্যক্তিগত সম্পত্তি ছিল শামুক ও কড়। কিন্তু সেই সমাজেও শিকারলর মাংস ভাগের একটা সামাজিক নিয়ম ছিল। (১০) এরা ছিল প্রকৃতির সন্তান, প্রকৃতির সঙ্গে ব্যক্তির পার্থক্য এরা উপলব্ধি করেনি। শিকারের প্রয়োজনেই এরা যন্ত্র-প্রযুক্তির চেষ্টা করে—ভার প্রথম অস্ত্র লাঠি, তার পরে লাঠির একদিক সুদ্ধ ক'রে তৈরী করে বল্লম, তার পরে করে লাঠি ও তীক্ষম্থ পাথর দিয়ে কুড়ল। এই সামায়ত অজ্ঞের সাহায়েট চলে তাদের জীবনযুদ্ধ. প্রকৃতির বিরূপতার বিরুদ্ধে সংগ্রাম। চিন্তাশক্তি প্রথরতর হলে তারা আবিষ্কার করে পশু ধরবার ফাঁদ। প্রস্তার ঘর্ষণের মধ্যে আবিষ্কার করে আগুন। আগুন জালিয়ে গুহায় বাস করত নির্ভয়ে। এখানেও সমাজ ব্যবস্থার মধ্যে বাঁচবার প্রয়োজনেই একটা নীতি তাদের গড়ে উঠেছিল—দেখানে দলের মাঝে সামানীতিই ছিল সমাজের নির্দেশ। শিকারীর আহত খাত সমাজ নিয়মে দলের সকলের মাঝেই বন্টন করা হত।(১১) এই সমাজনীতির মূলে কেবল বাঁচবার ইচ্ছাই ছিল না, বাঁচিয়ে রাখবার প্রয়োজনও তারা বুঝেছিল নিজেকে বাঁচাবার জন্মে। সবার জীবনে একক ভাবে শিকার হয় না, এককভাবে আত্মরকা করা যায় না। এই হেডুই মাছুষের আত্মকেন্দ্রিক চিত্তবৃত্তির বিস্তার হয়েছিল।

মানবচিত্তের কোণে হপ্ত ছিল হৃদ্দরের প্রীতি, বনের ফুল তুলে হয়ত একদিন আদিম প্রাতে সে কানে গুঁজেছিল। ঝর্নার জলে দেখেছিল আপনার ছবি। গিরিগুহায় এঁকেছিল জীব-জন্ধ ও মাহুষের ছবি—এর পিছনে ছিল বাহুষের সৌন্দর্য স্থায়র প্রেরণা। স্পেন, ক্রান্স, জার্মানী, মোরাভিয়া ও রাশিয়ার গুহাগাত্তে ভার প্রমাণ আজ্ব রয়েছে। (২২) কেন ভারা খোদাই করেছিল এই প্রতিকৃতি ভা নিরূপণ করা আজ্ব কঠিন—কেবল যাত্র সৌন্দর্য্য স্থায়র প্রেরণাই ছিল ভার পিছনে, না লক্ষ্য ক্রীনিক্রকে হারিয়ে ভার বেদনার প্রকাশ হয়েছিল গিরিগাত্তে ভা বলা আজ্ব অস্তব ।

^(*) It is true that the driving power behind the evolution of culture is nothing else than the biological urge to live as fully and securedly as possible—Savagery to Civilization—G. Clark—p. 27.

^{(&}gt;0) Ibid-p. 29.

^{(&}gt;>) The sources of food supply were vested in the community and the spoil of the individual hunter was shared according to custom among those who belonged to his immediate group......Ibid p. 53.

^{(&}gt;2) Ibid-p. 53. •

েবশভ্রা ও প্রাকৃতিক সম্পদের সাহাব্যে অলকার নির্মাণের মাঝেও মাফুষের সৌন্দর্যপ্রীতির সাক্ষ্য পাওয়া যায়—তার পিছনেও এই আদিম নাফুষের সৌন্দর্য বোধ না ছিল এমন নয়। এই সৌন্দর্যবোধ আত্মপ্রেমেরই (love of self) নামান্তর। (১৩)

কেবলমাত্র প্রকৃতির দানের উপর নির্ভর না করে ইচ্ছাশক্তি ও ব্যক্তিছের প্রভাবে মাহ্মর এল বর্বর মূগে। বাধাবর বৃত্তি ভ্যাগ করে বাঁধলো বাসা। বছা পশুর পিছনে না বৃরে ভাকে করল গৃহপালিভ, বনে বনে ফল না কুড়িয়ে ভা কৃষির সাহায্যে উৎপন্ন করল। মৃৎপাত্র ও বন্ধন শিল্প স্পষ্ট করল, স্লেজ ও নোকা বা ক্যানো আবিক্ষার করল। সৃষ্টি হল মাহুষের বসতি—গ্রাম। প্রকৃতির খাছ্ম সংগ্রহ করবার তৃঃসহ শুর ও অনিশ্রমভাকে জয় করল মাহুষ। খাছ্মের পিছনে ঘোরা ছেড়ে সেভার বসভিভেই খাছ্ম ভৈরী করল—ভার অবশুস্তাবী ফলরূপে বিচ্ছিত্র মান্দ্রদল ও পরিবার একত্রিত হ'য়ে অধিক সংখ্যায় একত্র বস্বাস করতে শিখল। সঙ্গে সন্দেশ নারীপুরুষের কাজ্মেরও ভাগাভাগি হ'যে গেল। পুরুষরা পঞ্চপালন, শিকার ও মৃদ্ধে ব্যাপ্ত হল; নারী ব্যাপ্ত হল কৃষি, শশু আহ্রণ, মৃৎপাত্র নির্মাণ ও বরনে। কিছ্ম সামাজিক দিক দিয়ে তখনও সকলেরই সমানাধিকার। পরে যখন ব্যক্তি-সম্পদ সঞ্চয়ের সম্ভাবনা বাড়ল তখনই সামাজিক অসাম্যের স্কৃষ্টি, উচ্চ-নীচ ভেদাভেদ আরম্ভ হল। (১৪) জল ও সারের ঘারা অধিকত্র খাছ্ম উৎপাদন এবং বেশী সংখ্যক গৃহপালিত পশুরক্ষার মধ্যেই তখন তাদের অর্থনীতি সীমাবদ্ধ।

প্রয়োজনের তাগিলে হলকর্ষণ, শশুরক্ষা পশুরক্ষার জন্মে নতুন বজু আবিদ্ধৃত হল। তথনও প্রশুর্যই চলচে, লোহা বা ধাতুর আবিদ্ধার হয়নি। মিশরের Fayum এর প্রাগৈতিহাসিক সংগ্রহের মধ্যে প্রশুরের কাল্ডে কুড়ূল, প্রভৃতি পাওয়া যায়। তথন মুংশিল্প ও পশম বয়ন শিল্পও গড়ে উঠেছে। গৃহ নির্মাণে তারা উদ্ভিদ, কাঁচা বা পাকা ইট ও পাথর ব্যবহার করতে শিথেছে। এরা তথন সামাজিক ভাবে প্রায় স্বয়ং সম্পূর্ণ—কেবলমাত্র অলকার জাতীয় দ্রব্যের বাণিজ্যিক বিনিম্ম ছত। পরবর্তীর্গে মেসোণোটেমিয়ার মারফতে ধাতু দ্বব্যের প্রচলন হয়।

এমনি ক'রে গ্রাম্য লোকের বসতি বাড়তে বাড়তে ভা প্রায় নগরে পরিণত হল,—নগর রাষ্ট্রের সৃষ্টি হল। ধাতু ব্যবহারের সঙ্গে সঙ্গে শিল্পবিদ্যায় বিশেষত্ব দেখা গেল। শিল্পীগণ বিশেষ বিশেষ কাজে উৎকর্মতা লাভ ক'রে বৈশিষ্ট্য অর্জন করলেন। Specialisation এর ফলে প্রযুক্তির ও উৎকর্ম হতে লাগল অত্যন্ত ফ্রন্ড।

⁽³⁹⁾ Decoration of the person offered another outlet to aesthetic sensibility of which upper Palaeolithic man took full advantage.....worn by the Mesolithic women of the rock paintings of Cogul Lerdia, eastern Spain-Ibid p 58.

⁽⁵⁰⁾ Again while among primitive barbarians the community was characteristically one of social equals, the enhanced possibility of accumulating wealth and added inducement for conquest, created by settled life, both tended in the long run to social inequality and the stratification of classes......Ibid—p. 73.

এই বান্তব উন্নাতর ফলে ব্যক্তিসম্পদ গড়ে উঠল এবং পরম্পরের বিনিষ্ট বাণিজ্য আরম্ভ হল, যার ফলে ব্যক্তি-সম্পদ আরও জ্বত বাড়তে লাগল। ব্যক্তি-সম্পদ চিহ্নিত করবার জন্মে দীল (seal) তৈরী হল। হিসাব রাখবার জ্বস্তেই লিখনের উত্তব হল। মানবের আত্মপ্রকাশের জ্বস্তেই লিখনের উত্তব হয়নি। অর্থাৎ লেখার ওক্ত হয় রদয়ের প্রয়োজনে নয়, বাস্তব প্রয়োজনে। (১৫)

প্রকৃতি-পীড়িত আদিম পশুমাহ্য নৈস্গিক উৎপাতের ভয়ে, অজ্ঞাত আশহায় মাথা নত করেছিল ক্র্যা, চন্দ্র, তারা, বৃক্ষ, পাথরের কাচে,—প্রকৃতির পায়ে। বিপদ মৃক্তির জন্মে সেইনৈস্গিক শক্তিকে পূজা করত। কিন্তু গ্রাম ও বসতি স্থাপনের পর জীবনের জটিলতা বেড়ে চলল, পারিবারিক ধর্ম সম্প্রদায়গত ধর্মে পর্ববিসত হল,—সম্প্রদায়গত ভাবে মঠ মন্দির গড়ে উঠল। সামগ্রিক প্রয়োজনে ধর্ম ব্যক্তি হেড়ে সাম্প্রদায়িক হ'য়ে উঠল।

পশুমানব যুগে বা বর্বর যুগে মাহুধ বাস করত দুরে দুরে; কাজেই তথন যুদ্ধ সংঘর্ষের সন্ধানাও ছিল অর। বিশেষতঃ অবিরাম থাছাভাবে তারা প্রায়শঃ বসতি পরিবর্তন করতে বাধ্য হত, এবং যান্ত্রিক আয়ুধের অভাবে সংঘর্ষকে তারা এড়িয়ে চলত। যে যে হেতুগুলি মাহুষকে সভাযুগে নিয়ে এসেছে, সেইগুলিই পরোক্ষে যুদ্ধ বিগ্রহের সন্ভাবনা সৃষ্টি করেছে। মাহুষের বেঁচে থাকবার ইচ্ছাশক্তি ও আত্মরক্ষার সহজ প্রবৃত্তি প্রকৃতিন-বিভার উন্ধতি ক'রে সমাজকে সংঘবদ্ধ করেছে এবং আরও ভালভাবে ও পূর্ণভাবে বাঁচতে সে দেশের সীমারেখা ছেড়ে বিদেশে গেছে লুঠন করতে,—প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ করতে। (১৬) যুদ্ধ মানব-সভ্যতার বৃদ্ধি ক্ষয়ের কারণ হয়েছে। যুদ্ধের প্রয়োজনে একদিকে যেমন নতুন আবিহ্বারে সভ্যতার অগ্রগতি হয়েছে, তেমনি অগ্রগতির ফলেই ভয়াবহ যুদ্ধ সংঘটিও হয়েছে। (১৭) সৃষ্টির ক্ষমতার সঙ্গে সংশ্বের ক্ষমতাও বেড়ে গেছে মানব সমাজের।

পশুজীবন থেকে হাজার হাজার বছর পরিক্রমা ক'রে মাহুর ব্যন প্রথম নগর ও নগর রাষ্ট্র নির্মাণ করল—প্রকৃতির দানকে মননশক্তি বলে আপনার কাজে লাগাল, প্রকৃতিকে জয় ক'রে আপনার হুগ সমৃদ্ধি ও জীবনকে স্বাহৃন্দ ক'রে তুলল তথন তার সমাজ, সমাজ ব্যবহা, তার হৃদয়ের রূপ কি ছিল? প্রথম সভ্য মাহুবের সমাজ থেকেই আমাদের ইতিহাসের আরম্ভ।

⁽³²⁾ To judge from the earliest texts, the origin of writing lay in the humdrum necessities of accountancy rather than in any aspirations of the human spirit. Ibid—p. 99.

^{(&}gt;1) War has thus played a dual role in the evolution of civilizations, having been in part the consequence and in part the cause of cultural advance.....the capacity to destroy has grown as rapidly as the ability to build.....Ibid—p. 104.

মিশরের ফাউমে যে প্রাগৈতিহাসিক সংগ্রহ পাওয়া গেছে তা থেকে বোঝা যায় যে সেটা ছিল অন্ত বর্বর যুগ। মাছবের এই অন্ত বর্বর যুগ পৃথিবীর অন্তপ্রান্তে এসেছিল কিনা তা বলা যায় না তবে মিশরের ফাউম থেকে সিদ্ধু উপত্যকা পর্বন্ত যে তা বিশ্বত ছিল তার নিদর্শন আছে। আর প্রথম সভ্য মাছবের নিদর্শন ক্রেল মেসোপোটেমিয়া, মিশর ও মহেনজোদড়োতে। (১৮)

খৃ:পৃ: সাড়ে তিন হাজার বৎসর পূর্বে মেসোপটেমিয়া ও তার কিছু পরে মিশরে যে সভ্যতা গড়ে ওঠে তার চেহারা সম্পূর্ণ অন্তরণ। সমাজ, দেশ, মান্ত্রের চিত্তবৃত্তি সবই তথন নতুনরূপ নিয়েছে।

निथन वाविषात (थरकरे এই यूरात बात्रक, এवः उथनकात এই निथरनत ধাংসাবশেষ থেকেই এই প্রথম সভাষ্ত্রের পরিচয় আমরা পাই। Erech এর মন্দিরে যে নিদর্শন পাওয়া যায় তা কাদার সমতল টালির উপর থাক জাতীয় উদ্ভিদের সাহায্যে লেখা। সেটা মন্দিরের বায় বহনার্বে যৌথ সমাজের উৎপন্ন শশু ও শিল্পের সম্বন্ধে একটা নির্দেশপত্র, (১২) কতকগুলি হিসাব-পত্র প্রভৃতি। এই সময়ে কৃষি ও শিল্পের উন্নতির ফলে ঘনবস্তিপূর্ণ নগর সৃষ্টি হয়েছে: এবং প্রতিটি শহর এক একটি দেবতার অধিকারভুক্ত। এই দেবতাই ছিল তখন সমগ্র সম্প্রদায়ের প্রতীক। তাঁর নামে, তাঁর হ'য়েই সকল নাগরিক কাম্ব করত। তথনকার নগর বলতে যা বোঝাত শিল্প বিপ্লবের পর নগর বলতে ঠিক সেই জিনিস বোঝায় না। তথন গ্রাম ও নগরের পার্থকাটা এত প্রকট ছিল না-নগর বলতে তথন ঘনবস্তিপূর্ণ বড় গ্রামই বোঝাত। চতুর্দশ শতাব্দীর ইংলণ্ডেও দেখা যায় নগরগুলি তথনও ক্লবি প্রধান, নগরের বাহিরেই চাবের জমি এবং শক্ত সংগ্রহের সময় নগরের সকল নাগরিককেই শশু সংগ্রহে সাহায্য করতে হত। (২০) গ্রীক নগর বলতেও এমনি কৃষি প্রধান নগরই বোঝাত। (২১) নগরের অধীশ্বর দেবতা প্রকৃত পক্ষে অমুপস্থিত রাজার কাজ করত। মামুষ দেবতার সেবার জন্মে কাজ করে এবং এই কাজ করবার জন্মেই তার জীবন—এই বিশ্বাসের উপরেই দাঁডিয়েছিল তথনকার Sumerian সমাজ। প্রত্যেক নাগরিক সমান, সমান তাদের অধিকার। কার্যতঃ সমাজ চিল সমবায়ভক।

^{(&}gt;v) From the seals pots and other articles at Mohenjodaro it is now established that the Indus valley civilization was related with the Sumerian civilization.....Ancient Indian Culture & Civilization—K. C. Chakroborty—p. 39. Sir Jhon Marshall observed, "the Indus valley civilization was superior to the Sumerian or Egyptian civilization or any other civilization in any part of the world in that period". Ibid—p 44.

⁽³³⁾ The Birth of civilization in the near east. by Henri Frankfort—p. 55-56. quoted from—Archaische Texte aus Uruk by Adam Falkenstein.

⁽²⁰⁾ Ibid-p 58.

⁽२) Greek civilization is, in a sense, urban, but its basis is agricultural, and the breezes of the open country blow through Parliament and the market place;—Ibid—p 58.

রাজনৈতিক একক ছিল নগর, এবং ধর্ম ও অর্থনৈতিক একক ছিল ভালের দেবসন্দির। প্রত্যেক সন্দিরের অধিকৃত ভূমি ছিল। কর্মাধক্ষ্য পুরোহিত, त्यवशानक, धीवत, वाशात्नत यांनी, श्रेष्ठत मिल्ली, विश्व धवर कीछमान नकरनहे धहे बिनादात । कछक श्रीन नाथात्र । स्वा नकन नाशतिक योथ श्राप्त । हार कत्र छ, ভার নাম ছিল Nigenna বা সাধারণ, আর কতকগুলি ছিল Kur বা ব্যক্তিগত জমি। এই জমি ঘারা তারা নিজেদের ভরণপোষণ করত; এবং এই জমির त्मत्र शांखना हिल छे९ शत्र मालात है (शंदक है भर्वछ । जिलादात्र क्षत्रि ठारवत्र शक्, वीक, যন্ত্রপাতি মন্দির থেকেই দেওয়া হত এবং উচ্চনীচ সকলকেই এই দেবতার জমি চাষ, বাঁধ নিৰ্মাণ, খাল কাটার কাজ করতে হত। Sangu বা প্রোহিত, তিনিই মন্দিরাধ্যক্ষ; তিনি কাজ বাটোয়ার। ক'রে দিতেন । তিনি ভগবানের প্রতিভূরণে সহকারিগণের সাহায়ে অমিক নিয়োগ, ভাণ্ডার বক্ষা, শাসন কার্য প্রভৃতি চালনা করতেন। মন্দিরের প্রাণ্য থাজনা ও সাধারণ ভূমির উৎপন্ন ছারা মন্দির কর্মচারি-গণের ভরণপোষণ হত। বীজ সরবরাহ, সাধারণের জন্ম নিয়মিত শশু ও পশম বন্টন ও উৎসব দিনের সমবেত আহারের ব্যয়ভার বহন করা হত। যদিও সকলে সমান কাজ করত না, সকলের প্রাপ্য শস্তু সমান ছিল না, কিছু নীতির দিক থেকে সকলেই সমান ছিল। সকলেই কাজ করত, সমাজের পরগাছা সম্প্রদায় তথনও স্ষ্টি হয়নি। ক্রীতলাস ও ক্রীতলাসীরা মন্দিরের কাজ করত। সকলের জমির পরিমাণ সমান ছিল না। সম্ভবতঃ পরিবারের গঠন উপযোগী জমিই তাদের অধিকারে থাকত। এক বিবাহ রীতি ও ক্রীতদাসের অভাবে এক পরিবার বেশী ছমি চাষ করতে পারত না। কারিগরী মামুষও সমাজ ও মন্দিরের জন্মে তাদের কান্ত করে থেত।

নীতির দিক দিয়ে সকলেই সমান থাকলেও সমাজে কর্ম বিভাগের সঙ্গে সংশ একশ্রেণী ক্ষমতাশালী হ'বে উঠল। শাসক ও পুরোহিত শ্রেণী সমাজের পরগাছা শ্রেণীতে পর্যবিসত হল। চাষীকে অতিরিক্ত উৎপাদন করতে হল এদের ভরণপোষণের জন্তে। যদিও সকলে চাষীই ছিল তথাপি চাষের পরে প্রচুর অবসরে তারা নানা কারিগরী বিভায় পারদর্শী হল এবং ধীরে ধীরে ক্ষমতাশালী হল। বণিকগণ দেশে শ্রমণ করে মূল্যবান প্রস্তুর, সোনা, রূপা, তামা, গছকার্চ নিয়ে আসত এবং দেশজ কাপড়, পশমী বস্তু, কার্পেট প্রভৃতি বিক্রি করত। সঙ্গে সমাজের তার বিশেষে বিলাস-ব্যসনেরও স্টেইল। সামাজিক কাঠাযোটা ছিল Theocratic socialism. রাজনৈতিক ক্ষমতা একটা পরিষদের উপর ক্রম্ভ ছিল, সমন্ত প্রাপ্তবন্ধই তার সভ্য ছিল। যুদ্ধ বা কোন জন্ধরী কাজের সময় সমন্ত রাজনৈতিক ক্ষমতা একজন ভিক্টেরের হাতে সমর্পণ করা হত এবং যুদ্ধ অন্তে আবার সমন্ত ক্ষমতা পরিষদের হাতেই ফিরে আসত। এই কাঠাবোর যথ্যে বিশেষভাবে শ্রেইব্যু, ব্যক্তির ত্যাগ্য, বিবেক ও ব্যক্তিবাদের প্রাধান্ত। আদ্বিষ্ঠিতা অংশকা বাসভ্যির প্রতিই আহ্পত্য তথন বড় হ'রে

উঠেছে। (২২) খেনোপটেমিয়ায় এই নগর রাষ্ট্র ছিল পরবর্তী গ্রীক নগরের মত অথবা রেনে সা ইটালীর মত। এথান থেকেই দেশাব্দ্যোবোধের সৃষ্টি।

এর পরবর্তী যুগেই দেখা যায় এই Oligarchic rule ভেকে গেছে এবং পরিষদের ক্ষমতা ব্যক্তিবিশেষের ক্রন্তলগত হয়েছে—এবং তা বংশ পরস্পরায় চলেছে। যুদ্ধের প্রয়োজনে তথন পরিষদের ক্ষমতা ব্যক্তির উপর ক্সন্ত করা হত এবং ক্ষমতাশালী ব্যক্তিই পরে ধীরে ধীরে 'রাজা' হ'য়ে ওঠে, কারণ যুদ্ধবিগ্রহ তথন প্রায় দৈনন্দিন ব্যাপারই ছিল। ইতিহাসে পাওয়া যায় ক্ষেক একর চাম-জমির কর্তৃত্ব নিয়ে Umma এবং Lagash এই তুই রাজ্যে পুরুষ পরস্পরায় যুদ্ধ চলেছিল এবং এ রক্ম পরিস্থিতিতে বংশাস্থ্রুমিক 'রাজার' স্পষ্ট হওয়া খুবই স্বাভাবিক। এই ব্যক্তি-কর্তৃত্ব প্রকৃত পক্ষে সভাতার ক্ষেত্রে পশ্চাৎগামী।

পূর্বে বিরোধের মীমাংলা হত মধ্যস্থতার সাহায্যে কিন্তু এই রায় অবস্থা গ্রহণী। ছিল না। রাজার হাতে বর্থন এই মধ্যস্থতার ক্ষমতা এল তথন তা সকলের নিকটই অবস্থা গ্রহণযোগ্য হল। সমাজ নিয়মে এই বিচার পদ্ধতি রাজার কর্তৃত্বে নতুন সংযোজন হল। এই নগররাষ্ট্রের পরবর্তী ঘূগে নগররাষ্ট্রগুলি যুক্তরাজ্যে পরিণত হল এবং তথনকার দিনে বৈদেশিক আক্রমণ প্রতিরোধকল্পেই সাম্রাজ্যের স্পষ্টি হল। কারণ এই যুক্তরাষ্ট্রই হায়ী শান্তি প্রতিষ্ঠার উপযোগী ছিল।

কিছ এই বিবর্জনের মাঝে, তখনকার সাহিত্য বা লেখায় যে ভাবটি পাওয়া হায় তা সম্পূর্ণ-ত্রংথবাদী। স্থখলাচ্ছন্য লাভ যে মাফুষের নিজের ক্ষমতার সাধ্যাতীত এমনি একটা ত্রংথবাদই তখন বর্তমান ছিল। ভগবানের পূজার মধ্যেই এই ত্রংথের মৃক্তি পাওয়া থেতে পারে এমনি বিশ্বাসেই ভারা পূজা-উৎসবে হোগদান করত। (২৩)

পরবর্তী যুগের মিশরীয় সভাতা ও মেসোপটেমিয়ার সভাতার মধ্যে একটি গুরুতর পার্থকা ছিল। সেথানে নগর-দেবতাই ছিল সর্বময় কর্তা, কিন্ত মিশরীয় সভ্যতায় রাজাই হল দেবতার প্রতীক—পার্থিব রূপ। মিশরীয় সভ্যতার আরম্ভ এই Monarchy (রাজভন্তা) থেকে। This এর রাজা Menes ই প্রথম সমগ্র মিশরীয় ভূচাগকে একরাজ্য ভূক্ত করেন।

মিশরের যে প্রাগৈতিহাসিক নিদর্শন পাওয়া গেছে তার থেকে মোটাম্টি তথনকার সমাজ ও রাষ্ট্রের একটা ছবি পাওয়া যায়। চামড়া ও প্যাপিরাসে কেখা হউ বলে কেখার নিদর্শন বিশেষ কিছু মিলে না।

ফারাও রাজ্য শাসন করতেন-এবং তাঁর মনোনীত রাজ্য বা সামুত্ত-বর্গ

⁽२२) It is a man-made institution overriding the natural and primordial division of society in families and classes. It asserts that habitat, not kinship, determines one's affinities. Ibid—p. 69.

⁽२७) The spirit pervading her most important writings is one of disbelief in man's ability to achieve, lasting happiness. Salvation might be experienced emotionally in the annual festivals of the gods but was not a postulate of theology. This—p. 60-77.

তার আদেশ অস্সারে দেশ শাসন করতেন। ফারাও এর আজীরবর্গ তার পরামর্শলাতা ছিলেন। তাঁর আজীয় কুট্ছগণ ও মনোনীত ব্যক্তিই সব রাজকর্মচারী হত। রাজার নিজের আদেশ ব্যতীত মৃত্যুলও বা অকচ্ছেল করা হত না। একজন প্রধান উজীর থাকতেন—তিনি প্রকৃতগক্ষে বর্তমানের প্রধান মন্ত্রীর মতই ছিলেন। তাঁর দৃতগণ সরকারী বার্তা নিয়ে দেশের সর্বত্ত থেত এবং দেশের সংবাদ আনত। শাসন কার্বকে নানা ভাগে ভাগ করা হত,—অর্থ, ক্লবি, বাণিজ্ঞা, পশু ও মংস্থা।

সকল নাগরিকই নিজ গুণে উচ্চ কর্মচারী হতে পারত। সেখানে জাতি সম্প্রদায় ছিল না। গ্রামে চারীরা চাষ করত, মেয়েরা ক্ষেতে তাদের খাবার দিয়ে আসত, পশুপালন করত। মেয়েরা বয়নও করত এবং ঠিক বাংলা দেশের মত গান গাইতে গাইতে শস্য সংগ্রহ করত। উৎপন্ন শম্প্রের কিছু অংশ রাজম্ম দিতে হত। রাজম্ব না দিতে পারলে রাজকর্মচারীরা নিশীড়নও করত—চাষীর প্রতি উৎকট অত্যাচারও হত। স্ত্রী ও প্রেক্তাগণকে বেঁধে রেখেণ চাষীকে ক্যার জলে ফেলে দেওয়া হত—এমনি ঘটনার উল্লেখণ্ড পাওয়া যায়।

প্রজার স্বাধীনতা ছিল না, রাজার কোন আইন বা আদেশ সম্বন্ধে প্রশ্ন করবার অধিকার ছিল না। তারা ফারাওকে ভগবানের প্রতিনিধি মনে করে অকুঠ চিত্তে বশ্রতা স্বীকার করত,—সেই জন্মেই এই পরাধীনতার মধ্যে মানি ছিল না।

বণিকগণ দেশ-বিদেশে বাণিজ্য করতে ষেত। রাজা সৈত্য, পশু, জাহাজ প্রভৃতি দিয়ে সাহায্য করতেন। দেশের যুবকগণের কিয়দংশ রাজার সৈত্যরূপে কাজ করতে বাধ্য হত, তারা দেশ রক্ষার সঙ্গে সঙ্গে থাল কাটা, বাঁধ নির্মাণ ও পিরামিড নির্মাণে নিযুক্ত থাকত। রাজা তাদের ভরণপোষণ করতেন। প্রত্যেক পিরামিডের নিকটে এমনি সহস্র সহস্র শ্রমিকের বাসস্থানের নিদর্শন পাওয়: যায়। যুক্তরাজ্যের অধীখন ফারাও-এর ক্ষমতা মন্দীভৃত হ'লে কৃত্ত কৃত্ত সামস্তরাজ্যে দেশ বিভক্ত ই'যে পড্ত।

সিরিয়া, ব্যাবিলন, মেসোপটেমিয়া লেবানন প্রভৃতি দেশের সঙ্গে বাণিভ্যিক সম্পর্ক ছিল। সমাধিস্থানে এই সব দেশে নির্মিত বহু দ্রব্য পাওয়া বায়। ফারাওই সমস্ত বাণিজ্যের কর্তা ছিলেন এবং বৈদেশিক বাণিজ্যে তাঁর একচেটিয়া অধিকার ছিল। লেবানন থেকে এক জাহাজ কাঠ আনবার জন্যে মৃল্য স্বরূপ দেওয়া হয়েছিল,—পাঁচটি সোনার ও পাঁচটি রূপার পাত্র, দশটি স্ভীর পোশাক, পাঁচশ কাগজ, পাঁচশ চামড়া, পাঁচশ দড়ি, কুড়ি বন্তা থাছাশশু, তিরিশ ঝুড়ি মাছ। বিনিময় প্রথায় এই বাণিজ্য চলত। ফারাও-এর এই রাজ্য সত্য ও ফ্রায়ের উপর প্রতিষ্ঠিত ছিল, এবং তিনিই এই ফ্রায় ও সত্যের প্রতীক। সেই জন্মেই কারাও-এর শাসনও অত্যাচার ছিল না এবং তাঁর বশুতাও দাসত্ব ছিল না। মিশরীয় সভ্যতা ছিল গ্রামকেন্দ্রিক। যে নগর ছিল তা বাণিজ্যিক বন্ধর মাত্র এবং রাজধানীও নানা সময়ে নানা স্থানে প্রতিষ্ঠিত হত। ফারাও ছিলেন ভগবানের পার্মিক

প্রতিনিধি, তাঁর নামে তাঁর কাজ করাকে মিশরীয়রা বশুতা মনে করত না। মেসোপটেমিয়ার সভ্যতা ছিল নগর কেন্দ্রিক। তারা ভগবানের নামে যৌধ পরিবারের মত বাস করত, সমবায় পদ্ধতিতে সমাজ প্রতিষ্ঠিত ছিল। ঠিক তার পরবর্তী যুগেই রাজতদ্বের স্পষ্ট হয় এবং রাজা শাসিত নগর রাষ্ট্র স্পষ্ট হয়। (২৪)

মেসোপটে মিয়ায় যে লিখন পদ্ধতি ছিল তা প্রতীক চিছের সাহায়্যে এবং পরবর্তী যুগে ধ্বনিবাচক অক্ষরের সাহায়্যে লিখন পদ্ধতি আবিষ্কৃত হয়। মিশরীয় আদিযুগের মধ্যে এই উভয়রপ লিখনই দেখা যায়। তার সঙ্গে সংযোজক যুক্ত হ'য়ে বিভিন্ন শব্দের স্পষ্ট হয়।(২৫) এই লিখন ও পঠনে যায়া অভিচ্ক তাঁরাই ধীরে ধীরে শক্তিশালী রাজগোষ্ঠী হ'য়ে রাজকার্য পরিচালনা করতেন। এরাই সভায়ুগের প্রথম বুরোক্রেসি স্পষ্ট করেন।

প্রকৃতির জীব আদিম মাতৃষ প্রকৃতির মাঝে প্রকৃতির হয়েই জীবনযাপন করত। বেঁচে থাকবার এবং ভালভাবে বেঁচে থাকবার একটা অদমা ইচ্চাশক্তি তাকে আজকের সভা, জগতে পৌছে দিয়েছে, বেঁচে থাকবার প্রয়োজনেই তার মননশক্তির বিকাশ হয়েছে। এক এক যুগে এক একটি নতুন আবিষারের ফলে তাদের জীবনযাত্রা প্রণালীর পরিবর্তন হয়েছে,—তার সঙ্গে ব্যক্তি ও সমাজের ক্ষণ বদলেছে, মাহুষের মনের পরিবর্তন হয়েছে. নর-নারীর সম্পর্কের পরিবর্তন হয়েছে। মাত্র যেদিন বুক্ষণাথায় নিরামিষ ভোচ্চী ছিল, সেদিন সে ছিল একক,— পরিবারের থেকে বিচ্ছিন্ন ভাবে একক বা কৃত্র পরিবারের অন্তর্ভুক্ত। আগুন আবিষারের সঙ্গে সঙ্গে সে হল তার নিজের গোষ্ঠার। তারা ছড়িয়ে পড়ল পৃথিবীতে, বাসভূমি হীন যায়াবর। যায়াবর জীবনে শিকারই ছিল থাত সংগ্রহের উপায়, তাই তার মননশক্তি আবিষ্কার করল অল্লের। প্রকৃতি জয়ের এই প্রথম পর্বায়ে সংঘশক্তির প্রয়োজন হল,—সমাজের মূলে একটি নীতি-ধর্মের প্রয়োজন হল। मानव-मन वाकि छाए ममष्टित कथा ভावতে निथन वाधा रहा, निकात नक मारम ভাগ করে দিতে হল সকলকে। অহংভাবাপন (egoistic) মাহুষ পরার্থবাদী (altruistic) हरत छेठेन वा ह'रा वांधा हन। वाकि कीवरनत करायहे नमांक জীবনকে স্বীকৃতি দিতে হল। অথবা বলা যাম ভোগবৃত্তির জন্মেই মানুষকে ত্যাগ-বিভিন্ন আখ্রাম নিতে হল। এই ত্যাগ ও ভোগবৃত্তি মামুবের মনে বিচিত্র **জটিল**তার স্ষ্টি করেছে। ভোগ ও ত্যাগের এই অফুশীলন মানবেতর প্রাণীর মধ্যেও দেখা ষায়। (২৬) ফ্রন্থেড মান্থবের ছটি নাত্র আদি সহজ্ঞ প্রবৃত্তিকে (insitnet) স্বীকার

⁽²⁸⁾ Ibid-p-78-99.

⁽२६) It includes three different classes of signs; ideograms, phonetic signs and determinatives—Ibid—p. 106.

⁽२६) The conjugal union of the bald headed eagle appears even to last till the death of one of the partners. Evolution of Marriage,—Ch. Letourneau.—p. 31. The Wandero (monkey) of India has only one female and is faithful to her until death. 1bid—p 33.

করেছেন—বেঁচে থাকা, (self preservation) এবং বংশকে বাঁচিয়ে রাখা (self procreation)। ভোগবৃত্তি বেঁচে থাকবার প্রবৃত্তিগত এবং নিজেকে ভবিক্ততের মাঝে বাঁচিয়ে রাখার মধ্যেই ত্যাগবৃত্তির প্রকাশ। সভ্যতার স্তরে স্থারে এই ত্যাগ ও ভোগে সংঘাত বেধেছে এবং আজও এই সংঘাতের শেষ হয়নি।

মাহব যথন পশুপালন ও কৃষিবিদ্ধা আয়ন্ত করে প্রথম হর বাঁধল, ছায়ী বসতি নির্মাণ করল, সেই দিনই সমাজে কর্মবিভাগ স্থাই হল। কর্মবিভাগ হলেও দেশন ভোগ ও ত্যাগের সাম্য নই হয়নি, সামাজিক সাম্যের অভাব হয়নি। Protoliterate যুগে মেসোপটেমিয়া সভ্যতার প্রথম তরে দেখা যায়, কর্ম বিভাগ সভেও একটা নীতি-ধর্মের প্রভাবে সামাজিক সাম্যের অভাব হয়নি। কিছে অহং প্রস্ত আত্মকেজ্রিকতা যথন মাহ্বকে ব্যক্তি-সম্পদ স্টে করতে প্রশ্ন করল, সেই দিন থেকে, বিশেষতঃ কারিগরী শিল্প বিভাবের সদে সঙ্গে মাহ্ব সম্পদ আহরণ করতে শুরু করল। তার থেকেই এল শ্রেণীবিভাগ, স্বার্থ-সংঘাত। ত্যাগর্ত্তিকে উপেক্ষা ক'রে ভোগর্ত্তি বেড়ে চলল মাহুরের মনে—বেমন দেখতে পাই মিশরের ফাইউম সভ্যতায় শোষণ ও শাসন নিষ্ঠ্রতর হয়ে উঠেছে। ব্যক্তিবাদ পরার্থবাদ থেকে বড় হয়ে উঠেছে। মাহুর প্রথমে সংগ্রাম করেছিল প্রকৃতির সঙ্গে, জীবন ধারণের জন্মে। জীবন ধারণ যথন নির্মাণ হল নগরজীবনে তথন সংগ্রাম শুরু হল মাহুরে মাহুরে মনে। এই সংগ্রাম থেকে মৃক্তির জন্মে মান্তবি নানা ভাবে বিকশিত হল।

धानव-छिड विकाश

মানব-মন বড় বিচিত্র,—দে পেয়েও আনন্দ পায়, দিয়েও আনন্দ পায়, খেয়েও মানন্দ পায়, খাইয়েও আনন্দ পায়। ভোগর্ত্তি ও ত্যাগর্ত্তি তার মনে ওতপ্রোত্তাবে জড়িয়ে আছে—আঅবাদ আর পরার্থবাদ উভয়েই একই সঙ্গে রয়েছে তার দিয় জুড়ে। এদের ভারসাম্য যখন রক্ষিত হয় তখন সমাজে ব্যক্তি সংঘাত ন্দিট্ট হয়ে আসে; যখন এ ভারসাম্য নই হয় তখনই সংঘাত বেড়ে ওঠে। রার্থবাদ বা ত্যাগর্ত্তি যখন বড় হয় তখন নিরাশাবাদ স্প্রী হ'য়ে কর্ম প্রচেটা ক্ষীণতর বিষ বাত্তব অগ্রগতিকে শিথিল ক'রে ভোলে, আত্মবাদ বা ভোগর্ত্তি যখন বড় হয় চখন আলাবাদের প্রভাবে বাত্তব কর্মশক্তি বেড়ে ওঠে, কিন্তু ব্যক্তি সংঘাত বা শ্রী সংঘাত জটিলতর হ'য়ে ওঠে। বেমন ভারতের নীতিবাদ ভ্যাগমূলক বলে।তিব উম্বিত হয়ত ক্ষীণ হতে ক্ষীণতর হয়ে উঠেছিল। আর পাশ্রান্তো ভোগমূলক বিজ্বান্তির ক্ষান্তার ধ্বনিত হওয়ায় পাশ্রান্তা বাত্তব ক্ষাতে প্রতিষ্ঠা লাভ

করেছে,—আদিমধুগে আবিকার যেমন যুদ্ধে প্ররোচিত করেছে, পাশ্চান্ত্যের আবিকারও তেমনি ভোগকেন্দ্রিক (egoistic) মানবমনের উপর বৃদ্ধ ও ধ্বংসের বীদ্ধ বপন করেছে। এত বৈজ্ঞানিক আবিকারও তাই জগতের সামগ্রিক কল্যাণ সাধন করতে পারেনি, তা কেবল শোষণ ও পীড়নের আযুধ হয়েই রয়েছে। আত্মবাদ ও ব্যক্তিবাদ এনেছে ওধু দন্ত, অপরাধ ও নিষ্ঠ্রতা; প্রেম ও প্রীতির দ্বারা পৃথিবীকে আনক্ষময় করেনি। পৃথিবীর সভ্যতা, নীতিবাদ এই যুগ যুগান্ত ধরে আত্মবাদ (egoism) ও পরার্থবাদ (altruism) তথা আশাবাদ ও নিরাশাবাদের মধ্যে দেয়াল-ঘড়ির দোলকের মত ত্লেছে, তার সঙ্গে সদ্দ সমাজ ও নীতিবাদ নতুন নতুন আদর্শ প্রচার করেছে।

প্রবল ইচ্ছাশক্তি ও বাঁচবার আকাজ্জা নিয়ে মাত্র্য প্রকৃতিকে জয় ক'রে হতদিন জীবনকে হুরক্ষিত করতে পারেনি তত দিন তাদের মধ্যে সাম্য ও পরার্থবাদের অভাব হয়নি, কারণ বাঁচবার প্রয়োজনেই তাদের অস্তর পরার্থবাদ স্থীকার করেছে। কিন্তু যেদিন জীবন প্রকৃতির সঙ্গে সংগ্রামে জয়ী হয়ে আপনাকে স্থাক্ষিত করল সেই দিনই মানব সমাজে জটিলতার স্থাই—আত্মবাদ মাথাচাড়া দিয়ে উঠল তার মাঝে। আরম্ভ হল শোষণ, পেষণ ও আত্মকেন্দ্রিকতা। বেসোপটেমিয়া ও মিশরীয় সভ্যতার হুরে দেখা যায়, মাহুষের এই অহংভাব প্রকট হ'য়ে উঠেছে—সমাজে তুঃথ পুঞ্জীভৃত হ'য়ে উঠেছে।

এই সময় থেকেই সমাজ ব্যবস্থার উন্নতির জন্মে চিস্তা নায়কগণ নানারূপ নীতিধর্ম (ethics) সৃষ্টি করেছেন, সমাজে আরোপ করতে চেয়েছেন—কথনও মানুষ তা গ্রহণ করেছে, কথনও করেনি। মানুষের অহং সে শিক্ষা আজও গ্রহণ করেনি।

খু: পু: সপ্তম শতকের চৈনিক দার্শনিকগণের (২৭) প্রক্লভি-দর্শন জীবনে স্থ্
স্থান্ধর ভাবে বেঁচে থাকবার একটা আশাবাদ প্রচার করেছেন। তাঁদের দর্শনে একটা
আশাবাদের আভাস পাওয়া বায়—তাঁরা চেয়েছেন অস্তর ও বাস্তবের উন্ধতি।
মর্থাৎ ত্যাগ ও ভোগের সামঞ্জ্য ক'রে জীবনকে স্থামঞ্জন ক'রে তুলতে চেয়েছিলেন।
চৈনিকদিগের মত বৌদ্ধ ও হিন্দু দর্শন, উপনিষদ আত্ম-জিজ্ঞাসা ও স্থাই-রহ্য্যের
সন্ধান করেছেন কিন্ধ তাঁরা ত্যাগবাদের উপরই সমাজকে প্রভিষ্টিত করতে
চেয়েছেন—তাতে জীবনকে অস্থীকার করে তাঁরা জাগতিক সংগ্রাম থেকে মৃক্লি
চেয়েছেন, ভারতীয় জীবনে তাই নিরাশাবাদই পুরিপুষ্টি লাভ করেছে। তার ফলে
তাঁদের দর্শন Monistic ও Panthestic হয়ে উঠেছে। অর্থাৎ স্ক্টের মধ্যে তাঁরা
জগবানের অন্তিত্ব উপলন্ধি করেছেন এবং নিজেকে বিশ্বজাগতিক জীবনের অন্ধীভূত
বলে মনে করেছেন।

নরমাংসভোজী নিষ্ঠর মাহ্মবের মন এশিয়ার এই ছই প্রাচীন দেশে অকল্মাৎ জগং কল্যাণ্ডে ভারতে—মন্তুতিশীল হাদ্যের উদার মনোভাব সমগ্র জাগতিক

^{(372—289} B. C.) Chwang—Tse (4th century B. C.).

জীবনের কথা ভাৰতে আরম্ভ করে। পৃথিবীর উথেব এক মহাশক্তির প্রতি বিখান তাদের স্থান্ধকে বিশ্ববৈদ্ধীর অন্ধপ্রেরণা দের। খৃঃ পৃঃ ষষ্ঠ শতাব্দীতেও জরপুই ও ইছদিগণ জড় ও জীবনকে আলাদাভাবে গ্রহণ করলেও (Dualistic) সানবপ্রেমই ছিল ভার মূল আদর্শ। এই সকল দেশেই ধর্মীর দর্শন একটা বিশ্বমানবিক নীতিবাদের স্ঠি করে। (২৮) পকাস্তরে বিশ্বমানবিকভার মূলেও রয়েছে ধর্মীর বৈশিষ্ট্য— মর্থাৎ বিশ্বমৈত্তী ধর্মকেন্দ্রিক। (২৯)

ত্যাগর্ভি প্রণোদিত এই পরার্থবাদ বা মানবিকতা ষ্থন ভারত ও চীনে সমাজজীবনকে প্রীতির বন্ধনে বেঁধেছিল, ঠিক সেই সময়েই (খু: পূ: ৫ম শতক) গ্রীসে Sophist গণ যুক্তিলক জ্ঞান ও মনন ঘারা তাঁদের দর্শনকে ধর্মীয় দর্শন থেকে আলাদা ক'রে নিয়েছিলেন। ভোগ প্রবৃত্তি প্রভাবিত অহংবাদ (ব্যক্তিবাদ) প্রচার করল,—"all morality, like all current laws, has been invented by organised society in its own interest." (৩০) অতএব চিন্তাশীল ব্যক্তি তার নিজের মতবাদ অহুসারেই জীবন ধারণ করবে,—নিজের আনন্দ ও স্বার্থই জীবন। এর ফল ভয়াবহ হ'য়ে উঠল সমাজে। সমাজশক্তিকে থব্করে ব্যক্তি মাথাচাড়া দিয়ে উঠল,—ব্যক্তিবাদের পিছনে এল উচ্ছুগ্রনতা।

তারপরে এলেন সক্রেটিস (470—399 B. C.)। তিনি এই মতবাদের বিরুদ্ধাচরণ করে বললেন, জীবনে আনন্দ চাই তবে সেহবে খোজিক—rational—ক্তি সমাজ-সন্ধৃতি না থাকলে ব্যক্তিজীবন আনন্দময় হ'তে পারে না। তার ফলে গ্রীকগণ হয়তো ভাল নাগরিক হ'য়ে উঠল কিন্তু প্রকৃত মান্ত্রহ হল না। (৩১) কারণ শংক্রটিন্ মান্ত্রকে কেবলমাত্র সমাজের পরিপ্রেক্ষিতেই বিচার করলেন। তারপর Xenophon তার Memorabilia তে বললেন, Virtue consists in right knowledge—প্রজ্ঞাই ধর্মের আধার। কিন্তু তথন ভারত ও চীনে ইছুদী ও জরপুইর মন্ত্রগামিগণের মধ্যে মান্ত্র একটা বিশ্বদৃষ্টিভিন্ধি পেয়েছিল; তাই সক্রেটিসের এই সমাজবাদ বেশীদিন টিকল না।

Aristippas (425 355 B, C.) Democritus (450-360 B. C.) Epicurius (341-270 B. C.) Xenophon এর প্রজ্ঞালর আনন্দ ও ধর্মের ব্যাখ্যা করেন। ভারপরে Zeno (336-264 B. C.) থেকে গ্রীকগণ জগতে ভাগসূলক

^{(%) (}a) Deimachus was sent to his (Bindusara 286-269 B. C.) court as a Sophist ambassador.

⁽b) Philadelphus of Egypt (285-217 B. C.) sent Dionysius to the court of Asoka. Literary Hist. of Ancient India. Chandra Chakroborty.- p 39.

^(%) The religious world view which seeks to comprehend itself in thought recomes philosophical as in the case among the Chinese and Hindus, on the ther hand a philosophical world view, if it is really profound, assumes a religious character. Civilization and Ethics—Dr. Albert Schweitzer. p. 30.

^(°•) Ibid—p. 31.

⁽³⁾ The ancient Greek was more citizen than man. Ibid-p. 39.

3

শরৎচন্দ

धावव कावरवाम -

নিউগিনির অভ্যস্তরে গভীর অরণ্যভূমির অধিবাসী পপুয়ান—অসভ্য হিংল্ নরমাংসভোজী বর্বর। যুদ্ধবন্দী আহত ও হতকে তারা নিয়ে আসে ভোজ্য রূপে। বন্দীর ত্'টি হাতকে বড় গাছের কাণ্ডের ত্'দিক দিয়ে ঘ্রিয়ে এনে, হাতের তালু ছিল্ল ক'রে, তার ভিতর দিয়ে দড়ি প্রবেশ করিয়ে বেঁধে রাখা হয়ু কয়েক দিন। ক্থায়, পিপাসায়, ক্ষতের য়য়ণায়, কীট পতজের দংশনে দিনের পর দিন সে চীৎকার করে, তার পর উৎসবের দিন স্থির হয়। সেদিন একটা ট্যাটা জাতীয় তীক্ষধার অল্প দিয়ে তার মাংসল স্থান বিদ্ধ ক'রে জলাশয়ে নিয়ে ধুয়ে আনা হয়। নারিকেলের পাতার দড়ি দিয়ে তিলে ক'রে গলায় ফাঁস লাগিয়ে বৃক্ষশাথায় তাকে টাছিয়ে, নীচে আঞ্চন আলিয়ে দেওয়া হয়। আর তার চারিপাশে চলে নৃত্য-গীত, আঞ্চনের আঁচে ধীরে ধীরে জীবস্ত দশ্ধ হয় লোকটি। গলার দড়িটা পুড়ে য়থন শবটি ধপ্ ক'রে পড়ে আগুনের মাঝে তথন তাকে টেনে নিয়ে এসে ওরা কেটে কেটে ধায়, আর তার সজে চলে নৃত্য-গীত। এটা বিজ্য়োলাস, সমাজজীবনের উৎসব।

বেজিলের এমনি আদিম অধিবাসীরাও নরমাংসভোজী কিছ তারা দরদী, বন্দীকে খাঞ্চপথ্য দিয়ে স্বাস্থ্যবান করে ভোলে, খাঞ্চ হিসাবে স্থাত্ করবার জ্পন্তে। এমন কি এই ত্'দিনের বন্দীজীবনের নিঃসঙ্গতা দূর করতে একটা সাময়িক পত্নীরও ব্যবহা করে। তারপরে ওভদিনে তার এই দেহের স্থাবহার করা হয় উৎসব সহকারে। (১)

আজ সভ্যমুগের মাহ্য এই বর্ণনা পড়ে, স্থান্তর এই আদিম বন্ধুটির ছংখে হাথ বাধ করে। তার হুদর করুণায় আর্জ হ'য়ে ওঠে কিন্ধু সভ্য মাহ্যবের পূর্বপুরুষও এমনি বর্বর একদিন ছিল, এমনি ক'রে নরমাংলের উৎসব তারা করেছে। আজ্ব এ কথা চিস্তা ক'রে দেহমন শিউরে ওঠে। কেন ?

^{(&}gt;) Perhaps the most striking case of all is that afforded by some of the Brazilian tribes. The captives taken by them in war used to be kept up for some time and fatted up; after which they were killed and eaten. Yet even here during the time that they had to live, each poor wretch was generally provided with a temporary wife.—The Origin of Civilization and the Primitive condition of Man—Lord Avebury, p. 140.

এই হ্বদয়হীন বর্বর পশুর অন্তর্গকে এখন সংবেদনশীল, অহুভৃতিপ্রবণ ক'রে ভুলেছে কে বা কি ? প্রদরের এ প্রসারতা মাহার পেয়েছে কোথায় ? বিজ্ঞানের দান বস্তু জগতকে যতই উন্নত করুক না কেন, এই পাঁচ হাজার বংশরের সভ্যতার প্রকৃত দান মানব মনের এই সংবেদনশীলতাটুকু মাত্র। ধর্ম, নীতি, শিক্ষা, সাহিত্য সৌন্ধর্যবোধ কোনটি কত্টুকু সাহায্য করেছে এই মানবচিত্ত বিকাশের ? রাজনীতি, সমাজনীতি, পারিপাশিক দানই বা এই ক্ষেত্রে কত্টুকু ? বিভ ও চিত্তের মধ্যে সংযোগই বা কত্থানি ? এর হিসাব করতে গেলে মাহায়কে বিচার করতে হয় সেই আদিম যুগ থেকে।

একদিন বানর গোত্রীয় মাছুষ বাস করত বৃক্ষশাথায়। বাদাম, ফল, পত্র খেয়ে জীবন ধারণ করত,—ভূমি স্পর্ল করবার সাহস ছিল না তার, স্থলভাগ তথন হিংল্ল পণ্ড ও সরীস্থপের বাসভূমি। আজ বিংশ শতকের নগর মাছুষের বিলাসের স্থাক্ত্মি। এই বৃহৎ যুগকে পণ্ডিভগণ নানা ভাগে ভাগ করেছেন। যদি ধরা হয় একশত সহল্ল বৎসরে এই বিবর্তন ঘটেছে, তবে তার মধ্যে মাছুষের ঘট হাজার বছর কেটেছে পশু-জীবনে, প্রত্রিশ হাজার বছর কেটেছে বর্বর-জীবনে, আর সভ্য-জীবনের বয়স মাত্র পাঁচ হাজার বৎসর। পশু ও বর্বর জীবনকে তারা উচ্চ, মধ্য ও অস্তু এই তিন ভাগে ভাগ করেছেন। যুগে যুগে আবিদ্ধার ও উদ্ভাবনের মাঝে মাছুষের সমাজ বিবর্তন হয়েছে,—এক একটি আবিদ্ধার তার সমাজজীবনকে নতুন ভাবে সাধ্জিয়েছে, সেই হিসাবেই বিবর্তনের যুগ তারা নিরূপণ করেছেন। (২)

আগুন আবিকারের পূর্ব পর্যন্ত নিম পশুর্গ। ক্ষুত্র ক্ষুত্র হানে তারা বাস করত; ফল, বাদাম থেয়ে জীবন ধারণ করত। আগুন আবিফারের পর থেকে তীর ধছক আবিফার পর্যন্ত মধ্য পশুর্গ এবং তীর-ধছক থেকে মুৎশিল্প স্প্তির পূর্ব প্রন্ত অন্ত পশুর্গ। আগুন আবিফারের পর থেকে মাছ্মর ক্ষত্রিম থাতা থেতে শিথেছিল। মাছ মাংস পুড়িরে থাওয়া এবং আগুনের সাহায্যে আগুরক্ষা করা তথন সহজ সাধ্য। তাই তারা ক্ষুত্র বাসভূমি ছেড়ে পৃথিবীতে ছড়িয়ে পড়ল। হাডসন উপসাগরের তীরবর্তী Athapascan জাতির মধ্যে এখনও এই পশুরুগ বর্তমান।

বর্বর যুগের আরম্ভ এই মৃৎশিল্প থেকে। এই সময়ও কোন ধ্বনিবাচক বর্ণমালার স্থাষ্টি হয়নি। তথনও articulate speechই তালের ভাষা। (৩) মৃৎশিল্প থেকে পূর্ব গোলার্থে পশুপালন ও পশ্চিম গোলার্থে কৃষিকার্থের আবিষ্কার, ও প্রস্তুর ব্যবহার প্রস্তুজালি বর্বর্যুগ। কৃষি ও পশুপালন থেকে লোহ আবিষ্কার পর্যন্ত মধ্য বর্বর্যুগ। আমেরিকায় রেড ইণ্ডিয়ানরা আজও এই মধ্যযুগের সাক্ষী। এশীয় আর্যগণ পশুপালনের পরে কৃষিকার্য আয়ন্ত করেছিলেন। সংস্কৃত, গ্রীক ও ল্যাটিন ভাষায়

^(*) Ancient Society-L. H. Morgan.

^(*) Those possessing this art (pottery) but who never attained a phonetic alphabet—Ibid—p. 10.

°পশুদিগের নাম এক হলেও, শত্রের নাম আদি সংস্কৃততে পাওয়া যার না। কেবল মাত্র zea বা যব ব্যতীত। (৪)

লোহ প্রস্কৃত থেকে বর্ণমালা ও লিখন আবিকার পর্যন্ত অন্ত বর্ণমুগ। লিখন ও সাহিত্য ক্ষি থেকেই সভ্যতার আরম্ভ—হোমারের সময়ের প্রীক্জাতি, রোম সাম্রাজ্য স্থাপনের পূর্বে রোমক জাতি ও সিজারের সময়ের জার্মানজাতি এই প্রারম্ভিক সভ্য যুগের মাহ্যব। প্রাগৈতিহাসিক ভারত ও মধ্য এশিয়া সক্ষে জানবার র্থেষ্ট উপাদান আজ্ঞ আবিক্ষৃত হয়নি। (৫)

এই বিভিন্ন যুগে বিভিন্ন আবিকারের ফলে সমাজ, বাসভূমি, মানবপ্রকৃতিরও পরিবর্তন হ'রেছে সন্দেহ নেই। আদি পশুর্গে কৃষ্ণ একটু স্থানে একটি কৃষ্ণ পরিবার বাস করত এবং তথন ভাই-বোনের বিবাহ ও প্রজনন (Consanguine Family) খাভাবিক ছিল। আগুন আবিজারের পরে যথন তারা ছড়িয়ে পড়ল, তথন বাসভূমিও বিস্তীর্ণতা লাভ করল এবং একসঙ্গে কয়েক পরিবার মিলে শিকার ও যাযাবর বৃত্তি অবলম্বন করল,—সেই যাযাবর সমাজে বিবাহের রূপও বদলে গেল। তথন এক পরিবারের ভাইবোনদের সঙ্গে অন্ত পরিবারের ভাইবোনদের সঙ্গে অন্ত পরিবারের ভাইবোনদের সংগ্র আবিহাহ ছিল খাধীন যৌন মিলনের উপর প্রতিষ্ঠিত কিন্তু এক পরিবারের মধ্যে ঘৌনমিলন দণ্ডার্হ ছিল। এই পরিবারের দলগুলি একটি সীমিত পরিবেশের অধীশ্বর হ'য়ে থাকত এবং প্রয়োজন হ'লে যুদ্ধ ও বিরোধের ঘারা খাধিকার প্রতিষ্ঠিত রাখতে বাধ্য হত। যেহেতু এই তথাক্ষিত রাজ্য রক্ষার উপর তাদের জীবন ধারণ সম্পূর্ণ নির্ভর্নীল।

কৃষি আবিদ্ধারের সন্দে সন্দে ত্যাগ করতে হল যাযাবর বৃত্তি। তারা নদীতীরে, বা জলাভূমির নিকটে স্থায়ী বাসস্থান নির্মাণ করল—স্ট হল গ্রামের। আরম্ভ হল নর-নারীর এক বিবাহ (Syndyasmian Family)—আর তার সন্দে সন্দে এই সম্প্রদায়ের যৌথ সম্প্রদাবিভক্ত হ'য়ে ব্যক্তি-সম্প্রদাহ হ'য়ে দাঁড়াল—সন্দে সন্দে নারীও। ক্ষমতাবান বছবিবাহ (Patriarchal Family) স্টি করল, দারিত্র ক্ষীণবীর্য করল একবিবাহ্যুক্ত পরিবার (Monogamian Family)। বৃক্ষশাথা ছেড়ে মাসুর এই প্রথম ঘর বাঁধল গ্রামে; এর মাঝে সমাজ, ব্যক্তি, পরিবার, রীতিনীতিরও পরিবর্তন হল যুগে যুগে। সমাজ ব্যবস্থার মাঝে একটি নীতিধর্মও (ethics) ধীরে ধীরে দানা বাঁধল।

পরিবার, ভাষা, ধর্ম ও সম্পদকে কেন্দ্র করেই গড়ে উঠেছে সমাজ ও রাষ্ট্র; আবিষার, অনুষ্ঠান ও সমাজবিধি বা নীতিধর্মের মধ্য দিয়ে পুরুষ পরস্পরায় অভিজ্ঞতার সঞ্চয়ে গড়ে উঠেছে মানব-মন। বর্বর যুগের সমাজ্ঞেও দেখা যায়

⁽⁸⁾ Ibid—p. 23.

⁽e) Much remains to be learnt, particularly about the antecedents of the rich and distinctive civilizations of India and China—From Savagery to Cirilization,—Grahame Clark—p. 88.

প্রধান নিয়োগ ও বিনিযোগের ক্ষমতা। স্বজাতির মধ্যে বিবাহনিষেধ, মৃতের সম্পত্তির স্মান উত্তরাধিকার, পারস্পরিক সাহায্য, আত্মরক্ষা, নামকরণ ক্ষমতা, সর্বজ্ঞনীন ধর্মাস্থ্যান পরিষদ নির্বাচন প্রভৃতি বিবয়ে স্থানিষ্টি নিয়মাবলী বর্তমান। মাস্থবের পূর্বপূক্ষ বানর বানরই রয়ে গেছে অথচ মাহ্যৰ এই সমাজবিধি স্পষ্টি করে স্থানভ্য হল ক্ষেন করে? এর প্রধানভ্য কারণ, বানরের ভাষা নেই, এবং ভাদেরই এক গোষ্ঠী যার থেকে মাহ্যৰ স্থাটি হল ভাদের ভাষা ছিল। এই ভাষার মাধ্যমেই মাহ্যৰ মানবত্ব আর্জন করেছে। (৬)

ভাষার থেকেই হয়েছে শ্রুতি, তার থেকেই ব্রিভিন্ন বস্তুর নাম ও মৃদ্যু সৃষ্টি—তার থেকেই মাহুষের হস্পর বোধশক্তি। ভাষার মাধ্যমেই তারা আবিহারের দানকে বিনিময় করেছে এবং পুরুষাহক্রমিক অভিজ্ঞতা প্রস্তু জ্ঞান ভাগ্ডারকৈ সঞ্চয় ক'রে বলীয়ান হয়েছে, প্রগতিশীল হয়েছে। এই ভাষা ও তার (ধ্বনি-সংক্তে) লিখন পদ্ধতির মধ্য দিয়ে যে জ্ঞান ভাগ্ডার মৃগ্ মৃগ্ ধরে সঞ্চিত হয়েছে, তাই আজ বিংশ শতকের মাহুষকে ব্যোমজন্মী করে তুলেছে। (৭)

ভাষা চিন্তানিরপেক্ষভাবে স্ট হয়নি। ভাষা অর্থে মনোভাব বা চিন্তার প্রকাশ। মানবসমাজে বধন ভাষার স্টি সম্ভব হল তার পূর্বেই মাহবের চিন্তাশক্তি আত্মপ্রকাশ করেছে এবং তারই প্রকাশ হয়েছে ভাষায়। চিন্তাশক্তি অর্থে বুজির সাহায্যে ভালমন্দ বিচার—বিচারশক্তি (Rational thinking) ভাষার ভিত্তি। চিন্তাই জ্ঞানের জনক—ম্বতরাং প্রথমে কথিত ভাষা ও পরে লিখিত ভাষার গহনে মাহবের অভিজ্ঞতা প্রস্তুত জ্ঞান ভাত্তার মূল্যে মূগে ত্বিয়াতের জল্পে সঞ্চিত হয়েছে; এই জ্ঞানই আমাদের সভ্যতার মূল্যন। ভাষার ধ্বনি কিরপে প্রতীক চিছে লিখিত হল তার ইতিহাস নিরপণ একরকম তুংসাধ্য তবে পশ্তিত্বণ মনে করেন, সেমিটিক জ্ঞাতি ও ফ্লিনিসিরগণই প্রথম ধ্বনিকে অক্ষরে প্রকাশ করতে সক্ষম হন। (৮)

^(*) The possession of articulate speech can, however, be accepted as a criterion of humanity at once decisive and of immense significance—Savagery to Civilization—Grahame Clark—p. 7.

^(%) The social effectiveness of man's technical capacity was enhanced beyond measure by his ability to share his discoveries with his fellows, hand them over to posterity and so accumulate experience over generations—Ibid—p. 8.

⁽v) The origin of language has been investigated far enough to find the grave difficulties in the way of any solution of the problem.....Lucretus remarks that with sound and gesture, mankind in the primitive age intimated their thoughts stammeringly to each other. He assumes that thought preceeds speech and the gesture language preceded articulate language—Ancient Society—Morgan—p. 43.

⁽v) The phonetic alphabet came like other inventions at the end of successive efforts......He (Egyptian) could write in permanent character on stone. Then came the inquisitive Phoenicians, the first navigators and traders on sea who, whether previously versed in hier o glyphs or other wise, seem to have entered at a bound upon labors of the Egyptians, and by an inspiration of genius to have mastered that problem over which the latter was dreaming. He produced that wonderous alphabet of sixteen letters, which in time gave to mankind a written language and the means of literary and historical records—Ancient Society—Morgan—p. 31.

এই তিমিরাচ্ছয় মুগ থেকে মাফুর আজকের এই উক্ষল সভ্যতায় এল কেন ? মাফুর বাঁচতে চেয়েছে, বেঁচে থাকার (will-to-live) একটা ছুর্দম জৈর ইচ্ছাশক্তিরমেছে এই অগ্রগতির পিছনে। তারা ভুগুবেঁচে থাকতেই চামনি, বাঁচবার মত বাঁচতে চেয়েছে, পূর্বভাবে বাঁচতে চেয়েছে। এই অদম্য ইচ্ছাশক্তিই মাফুষকে জ্ঞানে বিজ্ঞানে আজ ক্ষমতাবান করে তুলেছে। (১)

আদিম প্রমানব সমাজে প্রযুক্তি-বিভার (technology) অভাব বশত: তারা প্রকৃতিক জবাই ব্যবহার করত। লতার তৈরী ঝুড়িই ছিল পাত্র, চামড়া ও বছল বা ঘাসই ছিল বসন, খুঁচবার প্রস্তর খানিই অস্ত্র এবং ব্যক্তিগত সম্পত্তি ছিল শামুক ও কডি। কিন্তু সেই সমাজেও শিকারলর মাংস ভাগের একটা সামাজিক নিয়ম ছিল। (১০) এরা ছিল প্রক্লতির সন্তান, প্রক্লতির সঙ্গে ব্যক্তির পার্থক্য এরা উপলব্ধি করেনি। শিকারের প্রয়োজনেই এরা যন্ত্র-প্রযুক্তির চেষ্টা করে—তার প্রথম অন্ত লাঠি, তার পরে লাঠির একদিক সুদ্ধ ক'রে তৈরী করে বল্লম, তার পরে করে লাঠি ও তীক্ষমুখ পাধর দিয়ে কুড় ল। এই সামাল্ত অন্তের সাহায়েট্ট চলে তাদের জীবনমুদ্ধ, প্রকৃতির বিরূপতার বিরুদ্ধে সংগ্রাম। চিন্তাশক্তি প্রথরতর হলে তারা আবিকার করে পশু ধরবার ফাঁদ। প্রস্তর ঘর্ষণের মধ্যে আবিষ্কার করে আগুন। আগুন জালিয়ে গুহায় বাস করত নির্ভয়ে। এখানেও সমাজ ব্যবস্থার মধ্যে বাঁচবার প্রয়োজনেই একটা নীতি তাদের গড়ে উঠেছিল—সেধানে দলের মাঝে সামানীতিই ছিল সমাজের নির্দেশ। শিকারীর আন্তত খাত সমাজ নিয়মে দলের সকলের মাঝেই বণ্টন করা হত। (১১) এই সমাজনীতির মূলে কেবল বাঁচবার ইচ্ছাই ছিল না, বাঁচিয়ে রাথবার প্রয়োজনও তারা বুঝেছিল নিজেকে বাঁচাবার জন্তে। স্বার জীবনে একক ভাবে শিকার হয় না, এককভাবে আত্মরকা করা যায় না। এই হেতুই মাহুষের আত্মকৈঞ্জিক চিত্তবৃত্তির বিস্তার হয়েছিল।

মানবচিত্তের কোণে হপ্ত ছিল হৃদ্দরের প্রীতি, বনের ফুল তুলে হয়ত একদিন আদিম প্রাতে সে কানে গুঁজেছিল। ঝর্নার জলে দেখেছিল আপনার ছবি। গিরিগুহায় এঁকেছিল জীব-জন্ধ ও মাহ্যের ছবি—এর পিছনে ছিল বাহ্যবের সৌন্দর্য স্টির প্রেরণা। স্পেন, ফ্রান্স, জার্মানী, মোরাভিয়া ও রাশিয়ার গুহাগাত্তে তার প্রমাণ আজও রয়েছে। (২২) কেন তারা খোদাই করেছিল এই প্রতিক্ষতি তা নির্দেশ করা আজ কঠিন—কেবল যাত্র সৌন্দর্য স্টির প্রেরণাই ছিল তার পিছনে, না লক্ষ্যভাই শিকারকে হারিয়ে তার বেদনার প্রকাশ হয়েছিল গিরিগাত্তে তা বলা আজ অসভব।

⁽a) It is true that the driving power behind the evolution of culture is nothing else than the biological urge to live as fully and securedly as possible—Savagery to Civilization—G. Clark—p. 27.

^{(&}gt;) Ibid-p. 29.

⁽³⁵⁾ The sources of food supply were vested in the community and the spoil of the individual hunter was shared according to custom among those who belonged to his immediate group......Ibid p. 53.

^{(&}gt;4) Ibid-p. 53. •

বেশভ্রা ও প্রাকৃতিক সম্পাদের সাহায়ে অলফার নির্মাণের মাঝেও মাফুষের সৌন্দর্যপ্রীতির সাক্ষ্য পাওয়া যায়—তার পিছনেও এই আদিম মাফুষের সৌন্দর্য বোধ না ছিল এমন নয়। এই সৌন্দর্যবোধ আল্পপ্রেমেরই (love of self) নামান্তর। (১৩)

কেবলমাত্র প্রকৃতির দানের উপর নির্ভর না করে ইচ্ছাশক্তি ও ব্যক্তিষের প্রভাবে মাহ্মর এল বর্বর মৃগে। যায়াবর বৃত্তি ত্যাগ করে বাঁধলো বাসা। বক্ত পশুর পিছনে না মৃরে তাকে করল গৃহপালিত, বনে বনে ফল না কুড়িরে ভা কৃষির সাহায়ে উৎপন্ন করল। মৃৎপাত্র ও বয়ন শিল্প সৃষ্টি করল, স্লেজ ও নোকা বা ক্যানো আবিকার করল। সৃষ্টি হল মাহুষের বসতি—গ্রাম। প্রকৃতির খাছ্ম সংগ্রহ করবার ত্থাক ও অনিশ্রমতাকে জয় করল মাহুষ। খাছের পিছনে ঘোরা ছেড়ে সে ভার বসভিতেই খাছ্ম তৈরী করল—তার অবশুস্থাবী ফলরূপে বিচ্ছিন্ন মানবদল ও পরিবার একত্রিত হ'য়ে অধিক সংখ্যায় একত্র বসবাস করতে শিখল। সঙ্গে সক্ষেরা প্রকৃষ্টের কাজেরও ভাগাভাগি হ'য়ে গেল। পুরুষরা পশুপালন, শিকার ও মৃদ্ধে ব্যাপ্ত হল; নারী ব্যাপ্ত হল কৃষি, শশু আহ্রণ, মৃৎপাত্র নির্মাণ ও বয়নে। কিছ্ম সামাজিক দিক দিয়ে তখনও সকলেরই সমানাধিকার। পরে যখন ব্যক্তি-সম্পদ্দ সঞ্চয়ের সন্থাবন। বাড়ল তখনই সামাজিক অসাম্যের স্থাই, উচ্চ-নীচ ভেদাভেদ আরম্ভ হল। (১৪) জল ও সারের ঘারা অধিকতর খাছ্ম উৎপাদন এবং বেশী সংখ্যক গৃহপালিত পশুরক্ষার মধ্যেই তখন তাদের অর্থনীতি সীলাবদ্ধ।

প্রধাজনের তাগিদে হলকর্ষণ, শশ্যুরক্ষা পশুরক্ষার জ্ঞানত্ন নতুন যন্ত্র আবিদ্ধান্ত হল। তথনও প্রস্তর্যুগই চলছে, লোহা বা ধাতুর আবিদ্ধার হয়নি। বিশরের Fayum এর প্রাটগতিহাসিক সংগ্রহের মধ্যে প্রশুরের কাল্ডে কুড়ুল, প্রভৃতি পাওয়া যায়। তথন মুংশিল্প ও পশম বয়ন শিল্পও গড়ে উঠেছে। গৃহ নির্মাণে তারা উদ্ভিদ, কাঁচা বা পাকা ইট ও পাথর ব্যবহার করতে শিথেছে। এরা তথন সামাজিক ভাবে প্রায় শ্বয়ং সম্পূর্ণ—কেবলমাত্র আলম্বার জাতীয় দ্রব্যের বাণিজ্যিক বিনিময় হত। পরবর্তীযুগে মেসোপোটেমিয়ার মারফতে ধাতু শ্বেরের প্রচলন হয়।

এমনি ক'রে গ্রাম্য লোকের বসতি বাড়তে বাড়তে তা প্রায় নগরে পরিণত হল,—নগর রাষ্ট্রের সৃষ্টি হল। ধাতু ব্যবহারের সঙ্গে সঙ্গে শিল্পবিদ্যায় বিশেষত দেখা গেল। শিল্পীগণ বিশেষ বিশেষ কাজে উৎকর্ষতা লাভ ক'রে বৈশিষ্ট্য অর্জন করলেন। Specialisation এর ফলে প্রযুক্তিরও উৎকর্ষ হতে লাগল অত্যস্ত ফ্রেড।

⁽⁵⁹⁾ Decoration of the person offered another outlet to aesthetic sensibility of which upper Palaeolithic man took full advantage.....worn by the Mesolithic women of the rock paintings of Cogul Lerdia, eastern Spain-Ibid p 58.

⁽⁵⁰⁾ Again while among primitive barbarians the community was characteristically one of social equals, the enhanced possibility of accumulating wealth and added inducement for conquest, created by settled life, both tended in the long run to social inequality and the stratification of classes......Ibid—p. 73.

এই বাস্তব উন্নাতর ফলে ব্যক্তিসম্পদ গড়ে উঠল এবং পরস্পরের বিনিমন্ধ-বাণিজ্য আরম্ভ হল, যার ফলে ব্যক্তি-সম্পদ আরও ফ্রুত বাড়তে লাগল। ব্যক্তি-সম্পদ চিহ্নিত করবার জ্বন্থে সীল (seal) তৈরী হল। হিসাব রাখবার জ্বন্থেই লিখনের উত্তব হল। মানবের আত্মপ্রকাশের জ্বন্থেই লিখনের উত্তব হয়নি। অর্থাৎ লেখার ভ্রুত হল প্রমান্থনে নয়, বাস্তব প্রয়োজনে। (১৫)

প্রকৃতি-পীড়িত আদির পশুমায়্য নৈস্গিক উৎপাতের ভয়ে, অজ্ঞাত আশক্ষায় মাধা নত করেছিল ক্র্যা, চন্দ্র, তারা, বৃক্ষ, পাথরের কাচ্ছে,—প্রকৃতির পায়ে। বিপদ মৃক্তির জন্তে সেইনিস্গিক শক্তিকে পূজা করত। কিন্তু গ্রাম ও বসতি স্থাপনের পর জীবনের জটিলতা বেড়ে চলল, পারিবারিক ধর্ম সম্প্রদায়গত ধর্মে পর্বসিত হল,—সম্প্রদায়গত ভাবে মঠ মন্দির গড়ে উঠল। সামগ্রিক প্রয়োজনে ধর্ম ব্যক্তি চেড়ে সাম্প্রদায়িক হ'য়ে উঠল।

পশুমানব যুগে বা বর্বর যুগে মাহুধ বাস করত দুরে দুরে; কাজেই তথন যুদ্ধ সংঘর্ষের সম্ভাবনাও ছিল অল্প। বিশেষতঃ অবিরাম থাছাভাবে তারা প্রায়শঃ বসতি পরিবর্তন করতে বাধ্য হত, এবং যান্ত্রিক আয়ুধের অভাবে সংঘর্ষকে তারা এড়িয়ে চলত। যে যে হেতুগুলি মাহুষকে সভাযুগে নিয়ে এসেছে, সেইগুলিই পরোক্ষে যুদ্ধ বিগ্রহের সম্ভাবনা সৃষ্টি করেছে। মাহুষের বেঁচে থাকবার ইচ্ছাশক্তি ও আত্মরক্ষার সহজ্ঞ প্রবৃত্তি-বিভার উন্ধতি ক'রে সমাজকে সংঘবদ্ধ করেছে এবং আরও ভালভাবে ও পূর্ণভাবে বাঁচতে সে দেশের সীমারেখা ছেড়ে বিদেশে গেছে দুর্থন করতে,—প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ করতে। (১৬) যুদ্ধ মানব-সভ্যতার রৃদ্ধি ও ক্ষয়ের কারণ হয়েছে। যুদ্ধের প্রয়োজনে একদিকে যেমন নতুন আবিকারে সভাতার অগ্রগতি হয়েছে, তেমনি অগ্রগতির ফলেই ভয়াবহ যুদ্ধ সংঘটিও হয়েছে। (১৭) সৃষ্টির ক্ষমতার সঙ্গে সঙ্গেনের ক্ষমতাও বেড়ে গেছে মানব সমাজের।

পশুজীবন থেকে হাজার হাজার বছর পরিক্রমা ক'রে মাহ্র ব্যন প্রথম নগর ও নগর রাষ্ট্র নির্মাণ করল—প্রকৃতির দানকে মননশক্তি বলে আপনার কাজে লাগাল, প্রকৃতিকে জয় ক'রে আপনার হ্রথ সমৃদ্ধি ও জীবনকে স্বাহ্রন ক'রে তুলল তথন তার সমাজ, সমাজ ব্যবস্থা, তার হালয়ের রূপ কি ছিল ? প্রথম সভ্য মাহ্রেরের সমাজ থেকেই আমাদের ইতিহাসের আরম্ভ।

^{(&}gt;e) To judge from the earliest texts, the origin of writing lay in the humadrum necessities of accountancy rather than in any aspirations of the human spirit. Ibid—p. 99.

^(3%) Every one of the factors contributing to the rise of civilization, on the other hand, served to increase the probability of conflict and war itself, tapping in the instinct of self preservations one of the deepest springs of life...... Ibid—p.103.

^{(&}gt;1) War has thus played a dual role in the evolution of civilizations, having been in part the consequence and in part the cause of cultural advance.....the capacity to destroy has grown as rapidly as the ability to build.....Ibid-p. 104.

ষিশরের ফাউমে যে প্রাগৈতিহাসিক সংগ্রহ পাওরা গেছে তা থেকে বোঝা যায় যে সেটা ছিল অস্ত বর্বর যুগ। মাছবের এই অস্ত বর্বর যুগ পৃথিবীর অস্তপ্রাস্তে এসেছিল কিনা তা বলা যায় নাভবে মিশরের ফাউম থেকে সিন্ধু উপভ্যকা পর্বস্ত যে তা বিশ্বত ছিল তার নিশর্শন আছে। আর প্রথম সভ্য মাছযের নিদর্শন মেন্ত্রল মেসোপোটেমিয়া, মিশর ও মহেনজোদড়োতে। (১৮)

খৃ:পৃ: সাড়ে তিন হাজার বৎসর পুর্বে মেসোপটেমিয়া ও তার কিছু পরে মিশরে যে সভ্যতা গড়ে ওঠে তার চেহারা সম্পূর্ণ অগুরুপ। সমাজ, দেশ, মান্ত্রের চিত্তর্তি সবই তথন নতুনরূপ নিয়েছে।

निथन चाविकात (थरकरे এर युराव चात्रक, এवः उथनकात এर निथरन ধাংসাবশেষ থেকেই এই প্রথম সভাযুগের পরিচয় আমরা পাই। Erech এর মন্দিরে যে নিদর্শন পাওয়া যায় তা কাদার সমতল টালির উপর থাক জাতীয় উদ্ভিদের সাহায্যে লেখা। সেটা মন্দিরের বায় বহনার্থে যৌথ সমাজের উৎপন্ন শশু ও শিরের সহক্ষে একটা নির্দেশপত্র, (১২) কতকগুলি হিসাব-পত্র প্রভৃতি। এই সময়ে ক্লবি ও শিল্পের উন্নতির ফলে ঘনবস্তিপূর্ণ নগর সৃষ্টি হয়েছে; এবং প্রতিটি শহর এক একটি দেবতার অধিকারভুক্ত। এই দেবতাই ছিল তথন সমগ্র সম্প্রদায়ের প্রতীক। তাঁর নামে, তাঁর হ'রেই সকল নাগরিক কাজ করত। তথনকার নগর বলতে যা বোঝাত শিল্প বিপ্লবের পর নগর বলতে ঠিক সেই জিনিস বোঝায় না। তথন গ্রাম ও নগরের পার্থকাটা এত প্রকট ছিল না-নগর বলতে তখন ঘনবস্তিপূর্ণ বড় গ্রামই বোঝাত। চতুর্দশ শতাব্দীর ইংলণ্ডেও দেখা যায় নগরগুলি তথনও কৃষি প্রধান, নগরের বাহিরেই চাষের জমি এবং শশু সংগ্রহের সময় নগরের সকল নাগরিককেই শক্ত সংগ্রহে সাহায্য করতে হত। (২•) গ্রীক নগর বলতেও এমনি কৃষি প্রধান নগরই বোঝাত। (২১) নগরের অধীশ্বর দেবতা প্রকৃত পক্ষে অফুপস্থিত রাজার কাজ করত। মাহুষ দেবতার সেবার खत्य काछ करत এवং এই काज कत्रवात खत्यहे जात जीवन-धरे विधारमत जैभरतरे দ্যাভিষ্টেল তথনকার Sumerian সমাজ। প্রত্যেক নাগরিক সমান, সমান তাদের অধিকার। কার্যত: সমাজ ছিল সম্বায়ভুক্ত।

⁽⁵⁰⁾ From the seals pots and other articles at Mohenjodaro it is now established that the Indus valley civilization was related with the Sumerian civilization.....Ancient Indian Culture & Civilization—K. C. Chakroborty—p. 39. Sir Jhon Marshall observed, "the Indus valley civilization was superior to the Sumerian or Egyptian civilization or any other civilization in any part of the world in that period". Ibid—p 44.

⁽১৯) The Birth of civilization in the near east. by Henri Frankfort—p. 55-56. quoted from—Archaische Texte aus Uruk by Adam Falkenstein.

^(? •) Ibid-p 58.

^(%) Greek civilization is, in a sense, urban, but its basis is agricultural, and the breezes of the open country blow through Parliament and the market place.—Ibid—p 58.

बाकरैनि जिक अक हिन नगर, अवर धर्म अ वर्षनि जिक अक हिन जात्मत দেবমন্দির। প্রভ্যেক মন্দিরের অধিকৃত ভূমি ছিল। কর্মাধক্ষ্য পুরোহিড, त्यवलानक, धीवत, वालात्नत यांनी, श्रेष्ठत निज्ञी, विश्व धवर की छमान नकरनई धहे बिनादात । कछकश्वनि नाधात्र । छवि नकन नागतिक योथछाद । हार कत्र । ভার নাম ছিল Nigenna বা সাধারণ, আর কতকগুলি ছিল Kur বা ব্যক্তিগত ক্ষম। এই ক্ষমি ঘারা তারা নিকেদের ভরণপোষণ করত; এবং এই ক্ষমির त्मत्र शांकना हिल উৎপन्न भारत्वत है (शंक है भर्वेख। मिल्तितत कि हारवत शंक, बीक, যন্ত্রপাতি মন্দির থেকেই দেওয়া হত এবং উচ্চনীচ সকলকেই এই দেবতার জমি চাষ, বাঁধ নিৰ্মাণ, থাল কাটার কাজ করতে হত। Sangu বা পুরোহিত, তিনিই মন্দিরাধ্যক : তিনি কাজ বাটোয়ারা ক'রে দিতেন । তিনি ভগবানের প্রতিভক্তপ সহকারিগণের সাহায্যে অমিক নিয়োগ, ভাণ্ডার রক্ষা, শাসন কার্য প্রভৃতি চালনা করতেন। মন্দিরের প্রাপ্য খাজনা ও সাধারণ ভূমির উৎপন্ন দারা মন্দির কর্মচারি-গণের ভরণপোষণ হত। বীজ সরবরাহ, সাধারণের জন্ম নিয়মিত শভাও পশম বন্টন ও উৎসব দিনের সমবেত আহারের ব্যয়ভার বহন করা হত। যদিও সকলে সমান কান্ধ করত না, সকলের প্রাণ্য শশু সমান ছিল না. কিন্তু নীতির দিক থেকে সকলেই সমান ছিল। সকলেই কাজ করত, সমাজের প্রগাছা সম্প্রদায় তথনও সৃষ্টি হয়নি। ক্রীতলাস ও ক্রীতলাসীরা মন্দিরের কাজ করত। সকলের জমির পরিমাণ সমান ছিল না। সম্ভবতঃ পরিবারের গঠন উপযোগী জমিই তাদের অধিকারে থাকত। এক বিবাহ রীতি ও ক্রীতদাসের অভাবে এক পরিবার বেশী ভ্যি চাৰ করতে পারত না। কারিগরী যাত্রণ সমাজ ও মন্দিরের জন্তে ভাদের কাজ করে যেত।

নীতির দিক দিয়ে সকলেই সমান থাকলেও সমাজে কর্ম বিভাগের সঙ্গে সংক্ষে একশ্রেণী ক্ষমতাশালী হ'য়ে উঠল। শাসক ও পুরোহিত শ্রেণী সমাজের পরগাছা শ্রেণীতে পর্ববসিত হল। চাষীকে অতিরিক্ত উৎপাদন করতে হল এদের ভরণপোরণের জয়ে। যদিও সকলে চাষীই ছিল তথাপি চাষের পরে প্রচুর অবসরে তারা নানা কারিগরী বিভায় পারদর্শী হল এবং ধীরে ধীরে ক্ষমতাশালী হল। বণিকগণ দেশে প্রমণ করে মূল্যবান প্রস্তার, সোনা, রূপা, তামা, গন্ধকার্চ নিয়ে আসত এবং দেশক কাপড়, পশমী বস্ত্র, কার্পেট প্রভৃতি বিক্রি করত। সঙ্গে সমাজের স্তর বিশেষে বিলাস-ব্যসন্মেও স্টেই হল। সামাজিক কাঠাঘোটা ছিল Theocratic socialism. রাজনৈতিক ক্ষমতা একটা পরিবদের উপর ক্রম্ভ ছিল, সমস্ত প্রাপ্তবয়ন্ত্রই তার সভ্য ছিল। যুদ্ধ বা কোন জন্মরী কাজের সময় সমস্ত প্রাপ্তবয়ন্ত্রই তার সভ্য ছিল। যুদ্ধ বা কোন জন্মরী কাজের সময় সমস্ত প্রাপ্তবয়ন্ত্রই তার সভ্য ছিল। হলে সমর্পণ করা হত এবং যুদ্ধ অস্তে আবার সমস্ত ক্ষমতা একজন ভিক্টেটরের হাতে সমর্পণ করা হত এবং যুদ্ধ অস্তে আবার সমস্ত ক্ষমতা পরিবদের হাতেই ক্রিরে আসত। এই কাঠানোর মধ্যে বিশেষভাবে প্রইব্য, ব্যক্তির ত্যাগ, বিবেক ও ব্যক্তিবাদের প্রাধান্ত। আজীয়তা অপেক্যা বাসভূষির প্রতিই আছ্পত্য তথন বড় হ'রে

উঠেছে। (২২) মেসোপটেমিয়ায় এই নগর রাষ্ট্র ছিল পরবর্তী গ্রীক নগরের মত অথবা বেনে সাইটালীর মত। এথান থেকেই দেশাছোবোধের স্কটি।

এর পরবর্তী যুগেই দেখা যায় এই Oligarchic rule ভেক্ষে গেছে এবং পরিষদের ক্ষমতা ব্যক্তিবিশেষের ক্রন্তলগড় হয়েছে—এবং ডা বংশ পরম্পরায় চলেছে। যুদ্ধের প্রয়োজনে তথন পরিষদের ক্ষমতা ব্যক্তির উপর ক্রন্ত করা হত এবং ক্ষমতাশালী ব্যক্তিই পরে ধীরে ধীরে 'রাজা' হ'য়ে ওঠে, কারণ যুদ্ধবিগ্রহ তথন প্রায় দৈনন্দিন ব্যাপারই ছিল। ইতিহাসে পাওয়া যায় কয়েক একর চাম-জমির কর্তৃত্ব নিয়ে Umma এবং Lagash এই তৃই রাজ্যে পুরুষ পরম্পরায় যুদ্ধ চলেছিল এবং এ রক্ষম পরিস্থিতিতে বংশাভ্রুমিক 'রাজার' স্টেই হওয়া খুবই স্বাভাবিক। এই ব্যক্তি-কর্তৃত্ব প্রকৃত পক্ষে সভ্যতার ক্ষেত্রে পশ্চাৎগামী।

পূর্বে বিরোধের মীমাংসা হত মধ্যস্থতার সাহাধ্যে কিন্তু এই রায় অবশ্য প্রহণীঃ ছিল না। রাজার হাতে যথন এই মধ্যস্থতার ক্ষমতা এল তথন তা সকলের নিকটই অবশ্য গ্রহণযোগ্য হল। সমাজ নিয়মে এই বিচার পদ্ধতি রাজার কর্তৃয়ে নতুন সংযোজন হল। এই নগররাট্রের পরবর্তী ঘূগে নগররাষ্ট্রগুলি যুক্তরাজ্যে পরিণত হল এবং তথনকার দিনে বৈদেশিক আক্রমণ প্রতিরোধকল্লেই সাম্রাজ্যের স্পষ্টি হল। কারণ এই যুক্তরাষ্ট্রই স্থায়ী শান্তি প্রতিষ্ঠার উপযোগী ছিল।

কিছ এই বিবর্জনের মাঝে, তখনকার সাহিত্য বা লেখার যে ভাবটি পাওর। যায় তা সম্পূর্ণ-ত্থেবাদী। স্থেমাচ্ছন্দ্য লাভ যে মাহুষের নিজের ক্ষমতার সাধ্যাতীত এমনি একটা ত্থেবাদই তখন বর্তমান ছিল। ভগবানের পূজার মধ্যেই এই ত্থের মৃক্তি পাওরা যেতে পারে এমনি বিশ্বাসেই তারা পূজা-উৎসবে যোগদান করত। (২৩)

পরবর্তী যুগের মিশরীয় সভাতা ও মেসোপটেমিয়ার সভাতার মধ্যে একটি গুরুতর পার্থকা ছিল। সেথানে নগর-দেবতাই ছিল সর্বময় কর্তা, কিন্তু মিশরীয় সভ্যতায় রাজাই হল দেবতার প্রতীক—পার্থিব রূপ। মিশরীয় সভ্যতার আরম্ভ এই Monarchy (রাজভন্ত্র) খেকে। This এর রাজা Menes ই প্রথম সমগ্র মিশরীয় ভূচাগকে একরাজা ভূক্ত করেন।

বিশরের যে প্রাগৈতিহাসিক নিদর্শন পাওয়া গেছে তার থেকে মোটাম্টি তথনকার সমাজ ও রাষ্ট্রের একটা ছবি পাওয়া যায়। চামড়া ও প্যাপিরাসে লেখা হত বলে লেখার নিদর্শন বিশেষ কিছু মিলে না।

ফারাও রাজ্য শাসন করতেন-এবং তাঁর মনোনীত রাজ্য বা সামুখ-বর্গ

⁽२२) It is a man-made institution overriding the natural and primordial division of society in families and classes. It asserts that habitat, not kinship, determines one's affinities. Ibid—p. 69.

^(%) The spirit pervading her most important writings is one of disbelief in man's ability to achieve lasting happiness. Salvation might be experienced emotionally in the annual festivals of the gods but was not a postulate of theology. Ebid—p. 60-77.

তাঁর আদেশ অস্থারে দেশ শাসন করতেন। ফারাও এর আত্মীয়বর্গ ভার পরামর্শদাতা ছিলেন। তাঁর আত্মীয় কুট্ছগণ ও মনোনীত ব্যক্তিই সব রাজকর্মচারী হত। রাজার নিজের আদেশ ব্যতীত মৃত্যুদণ্ড বা অক্ষচ্ছেদ করা হত না। একজন প্রধান উজীর থাকতেন—তিনি প্রকৃতপক্ষে বর্তমানের প্রধান মন্ত্রীয় মতই ছিলেন। তাঁর দৃতগণ সরকারী বার্তা নিয়ে দেশের সর্বত্ত থেত এবং দেশের সংবাদ আনত। শাসন কার্যকে নানা ভাগে ভাগ করা হত,—অর্থ, কৃষি, বাণিজ্ঞা, পশু ও মংস্থা।

সকল নাগরিকই নিজ গুণে উচ্চ কর্মচারী হতে পারত। সেখানে জাতি সম্প্রদায় ছিল না। গ্রামে চাবীরা চাব করত, মেয়েরা ক্ষেতে তাদের খাবার দিয়ে আসত, পশুপালন করত। মেয়েরা বয়নও করত এবং ঠিক বাংলা দেশের মত গান গাইতে গাইতে শস্য সংগ্রহ করত। উৎপন্ন শশ্রের কিছু অংশ রাজম্ব দিতে হত। রাজম্ব না দিতে পারলে রাজকর্মচারীরা নিপীড়নও করত—চাষীর প্রতি উৎকট অত্যাচারও হত। স্ত্রী ও পুত্রক্ত্যাগণকে বেঁধে রেখেণ্ চাবীকে কৃষার জলে ফেলে দেওয়া হত—এমনি ঘটনার উল্লেখণ্ড পাওয়া যায়।

প্রজার স্বাধীনতা ছিল না, রাজার কোন আইন বা আদেশ সম্বন্ধে প্রশ্ন করবার অধিকার ছিল না। তারা ফারাওকে জগবানের প্রতিনিধি মনে করে অকুঠ চিত্তে বশ্বতা স্বীকার করত,—সেই জন্মেই এই পরাধীনতার মধ্যে মানি ছিল না।

বণিকগণ দেশ-বিদেশে বাণিজ্য করতে ষেত। রাজা সৈশ্য, পশু, জাহাজ প্রভৃতি দিয়ে সাহায্য করতেন। দেশের যুবকগণের কিয়দংশ রাজার সৈশ্রকণে কাজ করতে বাধ্য হত, তারা দেশ রক্ষার সঙ্গে সঙ্গে থাল কাটা, বাঁধ নির্মাণ ও পিরামিড নির্মাণে নিযুক্ত থাকত। রাজা তাদের ভরণপোষণ করতেন। প্রত্যেক পিরামিডের নিকটে এমনি সহস্র সহস্র শুমিকের বাসস্থানের নিদর্শন পাওয়া যায়। যুক্তরান্ড্যের অধীশর ফারাও-এর ক্ষমতা মন্দীভৃত হ'লে কৃত্ত কৃত্ত সামস্তরাজ্যে দেশ বিভক্ত হ'বে পড়ত।

দিরিয়া, ব্যাবিলন, মেসোপটেমিয়া লেবানন প্রভৃতি দেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক ছিল। সমাধিয়ানে এই সব দেশে নির্মিত বছ দ্রব্য পাওয়া বায়। ফারাওই সমন্ত বাণিজ্যের কর্তা ছিলেন এবং বৈদেশিক বাণিজ্যে তাঁর একচেটিয়া অধিকার ছিল। লেবানন থেকে এক জালাজ কাঠ আনবার জতে মূল্য স্বরূপ দেওয়া হয়েছিল,—পাঁচটি সোনার ও পাঁচটি রূপার পাত্র, দশটি স্ভীর পোশাক, পাঁচশ কাগজ, পাঁচশ চামড়া, পাঁচশ দড়ি, কুড়ি বন্ধা খাজ্মশু, তিরিশ ঝুড়ি মাছ। বিনিমর প্রথায় এই বাণিজ্য চলত। ফারাও-এর এই রাজ্য সত্য ও স্থায়ের উপর প্রভিত্তিত ছিল, এবং তিনিই এই স্থায় ও সভ্যের প্রতীক। সেই জয়েই ফারাও-এর শাসনও অভ্যাচার ছিল না এবং তাঁর বস্থতাও দাসত্ব ছিল না। মিশরীয় সভ্যতা ছিল প্রামকেক্সিক। যে নগর ছিল তা বাণিজ্যিক বন্ধর মাত্র এবং রাজধানীও নানা সময়ে নানা স্থানে প্রতিষ্ঠিত হত। ফারাও ছিলেন ভগবানের পার্ধিব

প্রতিনিধি, তাঁর নামে তাঁর কাজ করাকে মিশরীয়রা বশ্রতা মনে করত না। মেসোপটেমিয়ার সভাতা ছিল নগর কেন্দ্রিক। তারা ভগবানের নামে যৌথ পরিবারের মত বাস করত, সমবায় পদ্ধতিতে সমাজ প্রতিষ্ঠিত ছিল। ঠিক তার পরবর্তী যুগেই রাজতদ্বের স্টে হয় এবং রাজা শাসিত নগর রাষ্ট্র স্টে হয়। (২৪)

মেসোপটেমিয়ায় যে নিখন পদ্ধতি ছিল তা প্রতীক চিক্নের সাহায়ে এবং পরবর্তী যুগে ধ্বনিবাচক অক্ষরের সাহায়ে নিখন পদ্ধতি আবিষ্কৃত হয়। মিশরীয় আদিযুগের মধ্যে এই উভয়রপ নিখনই দেখা যায়। তার সঙ্গে সংযোজক যুক্ত হ'য়ে বিভিন্ন শক্ষের স্পষ্ট হয়। (২৫) এই নিখন ও পঠনে যারা অভিজ্ঞ তারাই ধীরে ধীরে শক্তিশালী রাজগোষ্ঠী হ'য়ে রাজকার্য পরিচালনা করতেন। এরাই সভাষুগের প্রথম বুরোক্রেসি স্পষ্ট করেন।

প্রকৃতির জীব আদিম মান্তব প্রকৃতির মাঝে প্রকৃতির হয়েই জীবনযাপন করত। বেঁচে থাকবার এবং ভালভাবে বেঁচে থাকবার একটা অদমা ইচ্চাশক্তি তাকে আজকের সভা, জগতে পৌছে দিয়েছে. বেঁচে থাকবার প্রয়োজনেই তার মননশক্তির বিকাশ হয়েছে। এক এক থুগে এক একটি নতুন আবিষারের ফলে তাদের জীবনযাত্রা প্রণালীর পরিবর্তন হয়েছে,—তার সঙ্গে দকে ব্যক্তি ও সমাজের क्रभ वम्रालाह, माक्रायत मानत পরিবর্তন হয়েছে, নর-নারীর সম্পর্কের পরিবর্তন হয়েছে। মাতুষ যেদিন বৃক্ষশাথায় নিরামিষ ভোজী ছিল, দেদিন সে ছিল একক,— পরিবারের থেকে বিচ্ছিন্ন ভাবে একক বা ক্ষুদ্র পরিবারের অস্তর্ভুক্ত। আগুন আবিষারের সঙ্গে সঙ্গে হল তার নিজের গোষ্ঠার। তারা ছড়িয়ে পড়ল পুথিবীতে, বাসভূমি হীন যায়াবর। যায়াবর জীবনে শিকারই ছিল থাত সংগ্রহের উপায়, তাই তার মননশক্তি আবিষ্ণার করল অল্লের। প্রকৃতি জয়ের এই প্রথম পর্যায়ে সংঘশক্তির প্রয়োজন হল,-সমাজের মূলে একটি নীতি-ধর্মের প্রয়োজন হল। मानव-मन वाकि ছেড়ে সমষ্টির কথা ভাবতে শিখল বাধ্য হয়ে, শিকার লব্ধ মাংস ভাগ করে দিতে হল সকলকে। অহংভাবাপন্ন (egoistic) মাতুষ পরার্থবাদী (altruistic) हाम छेठेन वा द' एक वाधा हन। वाकि कीवानन काम क জীবনকে স্বীকৃতি দিতে হল। অথবা বলা যায় ভোগবৃদ্ধির জল্পেই মানুষকে ত্যাগ-বুজির আতার নিতে হল। এই ত্যাগ ও ভোগবুজি মাছধের মনে বিচিত্র জটিলতার স্ষ্টি করেছে। ভোগ ও ত্যাগের এই অফুশীলন মানবেতর প্রাণীর মধ্যেও দেখা বায়। (২৬) ফ্রন্থেড মানুবের ছটি মাত্র আদি সহজ্ঞ প্রবৃদ্ধিকে (insitnet) শ্বীকার

⁽²⁸⁾ Ibid—p—78—99.

⁽२६) It includes three different classes of signs; ideograms, phonetic signs and determinatives—Ibid—p. 106.

^(%) The conjugal union of the bald headed eagle appears even to last till the death of one of the partners. Evolution of Marriage,—Ch. Letourneau—p. 31. The Wandero (monkey) of India has only one female and is faithful to her until death. 1bid—p 33.

করেছেন—বেঁচে থাকা, (self preservation) এবং বংশকে বাঁচিয়ে রাখা (self procreation)। ভোগবৃত্তি বেঁচে থাকবার প্রবৃত্তিগত এবং নিজেকে ভবিক্সতের মাঝে বাঁচিয়ে রাথার মধ্যেই ত্যাগবৃত্তির প্রকাশ। সভ্যতার স্তরে স্থারে এই ত্যাগ ও ভোগে সংঘাত বেধেছে এবং আজও এই সংঘাতের শেষ হয়নি।

মাহ্ব যথন পশুপালন ও ক্ষিবিভা আয়ত্ত করে প্রথম বর বাঁধল, স্থায়ী বসতি নির্মাণ করল, সেই দিনই সমান্তে কর্মবিভাগ স্টেইল। কর্মবিভাগ হলেও দেনিন ভোগ ও তাাগের সাম্য নই হয়নি, সামাজিক সাম্যের অভাব হয়নি। Protoliterate যুগে মেসোপটেমিয়া সভাতার প্রথম তারে দেখা যায়, কর্ম বিভাগ সন্তেও একটা নীতি-ধর্মের প্রভাবে সামাজিক সাম্যের অভাব হয়নি। কিছে অহং প্রস্ত আত্মকেন্দ্রিকতা যথন মাহ্বকে ব্যক্তি-সম্পদ স্টেকরতে প্রলুক করল, সেই দিন থেকে, বিশেষতঃ কারিগরী শিল্প বিভারের সঙ্গে সঙ্গে মাহ্ব সম্পদ আহরণ করতে শুক্ষ করল। তার থেকেই এল শ্রেণীবিভাগ, স্বার্থ-সংঘাত। ত্যাগর্ভিকে উপেক্ষা ক'রে ভোগর্ভি বেড়ে চলল মাহ্বের মনে—বেমন দেখতে পাই মিশরের ফাইউম সভ্যতায় শোষণ ও শাসন নিষ্ঠ্রতর হয়ে উঠেছে। ব্যক্তিবাদ পরার্থবাদ থেকে বড় হয়ে উঠেছে। মাহ্বে প্রথমে সংঘাতই বড় হয়ে উঠেছে। মাহ্বে প্রথমে সংঘাতই বড় হয়ে উঠেছে। মাহ্বে প্রথমে সংঘাতই বড় হয়ে উঠেছে। মাহ্বে প্রথমে সংগ্রাম করেছিল প্রকৃতির সঙ্গে, জীবন ধারণের জ্ঞে। জীবন ধারণ যথন নিরাপদ হল নগরজীবনে তথন সংগ্রাম শুক্ষ হল মাহ্বে মাহ্বে মাহ্বের মনে। এই সংগ্রাম থেকে মৃক্তির জ্ঞে মানব-চিত্ত নানা ভাবে বিকশিত হল।

घानव-छिड विकास

মানব-মন বড় বিচিত্র,—দে পেয়েও আনন্দ পাহ, দিয়েও আনন্দ পায়, খেইডে আনন্দ পায়, খাইয়েও আনন্দ পায়। ভোগবৃত্তি ও ত্যাগবৃত্তি তার মনে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে—আঅবাদ আর পরার্থবাদ উভরেই একই সঙ্গে রয়েছে তার হৃদয় জুড়ে। এদের ভারসাম্য যখন রক্ষিত হয় তখন সমাজে ব্যক্তি সংঘাত বিজে ওঠে। শুনার্থবাদ বা ত্যাগবৃত্তি যখন বড় হয় তখন নিরাশাবাদ সৃষ্টি হ'য়ে কর্ম প্রচেটা ক্ষীণতর হ'য়ে বান্তব অগ্রগতিকে শিধিল ক'য়ে ভোলে, আআবাদ বা ভোগবৃত্তি যখন বড় হয় তখন আশাবাদের প্রভাবে বান্তব কর্মশক্তি বেড়ে ওঠে, কিন্তু ব্যক্তি সংঘাত বা শুনা সংঘাত জটিলতর হ'য়ে ওঠে। বেমন ভারতের নীতিবাদ ত্যাগমূলক বলে বান্তব উরতি হয়ত ক্ষীণ হতে ক্ষীণতর হয়ে উঠেছিল। আর পাশ্চান্তো ভোগমূলক আঘাবাদের জন্ম জন্ম জন্মলার ধ্বনিত হওয়ায় পাশ্চান্তা বান্তব জগতে প্রতিটা লাভ

করেছে,— আদিষ্থুগে আবিষ্কার যেমন যুদ্ধে প্ররোচিত করেছে, পাশ্চান্ত্যের আবিষ্কারও তেমনি ভোগকেন্দ্রিক (egoistic) মানবমনের উপর বৃদ্ধ ও ধ্বংসের বীজ বপন করেছে। এত বৈজ্ঞানিক আবিষ্কারও তাই জগতের সামগ্রিক কল্যাণ সাধন করতে পারেনি, তা কেবল শোষণ ও পীড়নের আযুধ্ হয়েই রয়েছে। আত্মবাদ ও ব্যক্তিবাদ এনেছে শুধু দক্ত, অপরাধ ও নিষ্ঠুরতা; প্রেম ও প্রীতির দ্বারা পৃথিবীকে আনন্দমন্ম করেনি। পৃথিবীর সভ্যতা, নীতিবাদ এই যুগ যুগাস্ত ধরে আত্মবাদ (egoism) ও পরার্থবাদ (altruism) তথা আশাবাদ ও নিরাশাবাদের মধ্যে দেয়াল-ঘড়ির দোলকের মত ছলেছে, তার সঙ্গে সমাজ ও নীতিবাদ নতুন নতুন আদর্শ প্রচার করেছে।

প্রবল ইচ্ছাশক্তি ও বাঁচবার আকাজ্ঞা নিয়ে মাহ্র প্রকৃতিকে জয় ক'রে
যতদিন জীবনকে স্থাকিত করতে পারেনি তত দিন তাদের মধ্যে সাম্য ও
পরার্থবাদের অভাব হয়নি, কারণ বাঁচবার প্রয়োজনেই তাদের অন্তর পরার্থবাদ
শীকার করেছে। কিন্তু যোদিন জীবন প্রকৃতির সঙ্গে সংগ্রামে জয়ী হয়ে আপনাকে
স্থাকিত করল সেই দিনই মানব সমাজে জটিলতার স্পষ্টি—আত্মবাদ মাধাচাড়া
দিয়ে উঠল তার মাঝে। আরম্ভ হল শোষণ, পেষণ ও আত্মকেন্দ্রিকতা।
কেসোপটেমিয়া ও মিশরীয় সভ্যতার ন্তরে দেখা যায়, মাহ্রবের এই অহংভাব
প্রকট হ'য়ে উঠেছে—সমাজে ত্রথ পুঞ্জীভূত হ'য়ে উঠেছে।

এই সময় থেকেই সমাজ ব্যবস্থার উন্নতির জন্তে চিন্তা নায়কগণ নানারূপ নীতিধর্ম (ethics) সৃষ্টি করেছেন, সমাজে আরোণ করতে চেমেছেন—কথনও মান্ত্র তা গ্রহণ করেছে, কথনও করেনি। মান্ত্রের অহং সে শিক্ষা আজও গ্রহণ করেনি।

খৃ: পৃ: সপ্তম শতকের চৈনিক দার্শনিকগণের (২৭) প্রকৃতি-দর্শন জীবনে স্থ্
স্থান্ধর ভাবে বেঁচে থাকবার একটা আশাবাদ প্রচার করেছেন। তাঁদের দর্শনে একটা
আশাবাদের আভাস পাওয়া হায়—তাঁরা চেয়েছেন অস্তর ও বাস্তবের উন্নতি।
অর্থাৎ ত্যাগ ও ভোগের সামঞ্জ্য ক'রে জীবনকে স্থসমঞ্জ্য ক'রে তুলতে চেয়েছিলেন।
চৈনিকদিগের মত বৌদ্ধ ও হিন্দু দর্শন, উপনিষদ আত্ম-জিজ্ঞাসা ও স্থাই-রহজ্যের
সন্ধান করেছেন কিন্ধ তাঁরা ত্যাগবাদের উপরই সমাজকে প্রতিষ্ঠিত করতে
চেয়েছেন—তাতে জীবনকে অস্থীকার করে তাঁরা জাগতিক সংগ্রাম থেকে মৃক্তি
চেয়েছেন, ভারতীয় জীবনে তাই নিরাশাবাদই পুরিপুষ্ট লাভ করেছে। তার ফলে
তাদের দর্শন Monistic ও Panthestic হয়ে উঠেছে। অর্থাৎ স্থাইর মধ্যে তাঁরা
জগবানের অন্তিম্ব উপলব্ধি করেছেন এবং নিজেকে বিশ্বজাগতিক জীবনের অন্ত্যীভূত
বলে মনে করেছেন।

নরমাংসভোজী নিষ্ঠুর মাহুষের মন এশিয়ার এই হুই প্রাচীন দেশে অক্সাৎ জগং কল্যাণকে ভাৰতে—অঞ্ভৃতিশীল হৃদরের উদার মনোভাব সমগ্র জাগতিক

^{(29) (2)} Lao—Tse (604 B. C.) Kung—Tse (551—429 B. C.) Meng—Tse (372—289 B. C.) Chwang—Tse (4th century B. C.).

জীবনের কথা ভাবতে আরম্ভ করে। পৃথিবীর উধের এক মহাশক্তির প্রতি বিশাস ভাদের স্থানকে বিশ্বমৈত্রীর অম্প্রেরণা দেয়। খৃঃ পৃঃ বঠ শতান্ধীতেও জরগুট্ট ও ইছদিগণ জড় ও জীবনকে আলাদাভাবে গ্রহণ করলেও (Dualistic) মানবপ্রেমই ছিল তার মূল আদর্শ। এই সকল দেশেই ধর্মীয় দর্শন একটা বিশ্বমানবিক নীতিবাদের স্ঠি করে। (২৮) পক্ষান্তরে বিশ্বমানবিকতার মূলেও রয়েছে ধর্মীয় বৈশিষ্ট্য— মর্থাৎ বিশ্বমৈত্রী ধর্মকেজিকে। (২৯)

ত্যাগর্ত্তি প্রণোদিত এই পরার্থবাদ বা মানবিকতা যথন ভারত ও চীনে সমাজজীবনকে প্রীতির বন্ধনে বেঁধেছিল, ঠিক সেই সময়েই (খু: পু: এম শতক) গ্রীসে Sophist গণ যুক্তিলক জ্ঞান ও মনন ঘারা তাঁদের দর্শনকে ধর্মীয় দর্শন থেকে প্রালাদা ক'রে নিমেছিলেন। ভোগ প্রবৃত্তি প্রভাবিত অহংবাদ (ব্যক্তিবাদ) প্রচার করল,—"all morality, like all current laws, has been invented by organised society in its own interest." (৩০) অতএব চিন্তাশীল ব্যক্তি তার নেজের মতবাদ অফুসারেই জীবন ধারণ করবে,—নিজের আনন্দ ও স্বার্থই জীবন। এর ফল ভয়াবহ হ'য়ে উঠল সমাজে। সমাজশক্তিকে থব্কেরে ব্যক্তি মাথাচাড়া দিয়ে উঠল,—ব্যক্তিবাদের পিছনে এল উচ্ছুগ্রনতা।

ভারপরে এলেন সক্রেটিদ (470—399 B. C.)। তিনি এই মতবাদের বিহুদ্ধাচরণ করে বললেন, জীবনে আনন্দ চাই তবে দেহবে খৌক্তিক—rational—কিন্তু সমাজ-সন্থতি না থাকলে ব্যক্তিজীবন আনন্দময় হ'তে পারে না। তার ফলে গ্রীকগণ হয়তো ভাল নাগরিক হ'য়ে উঠল কিন্তু প্রকৃত মাস্থ্য হল না। (৩১) কারণ সক্রেটিদ্ মাস্থ্যকৈ কেবলমাত্র সমাজের পরিপ্রেক্ষিতেই বিচার করলেন। তারপর Xenophon তার Memorabilia তে বললেন, Virtue consists in right knowledge—প্রজ্ঞাই ধর্মের আধার। কিন্তু তথন ভারত ও চীনে ইছদী ও জর্থুইর মুস্গামিগণের মধ্যে মাস্থ্য একটা বিশ্বদৃষ্টিভিন্দি পেয়েছিল; তাই সক্রেটিসের এই স্মাজবাদ বেশীদিন টিকল না।

Aristippas (425 355 B, C.) Democritus (450-360 B. C.) Epicurius (341-270 B. C.) Xenophon এর প্রজ্ঞালব আনন্দ ও ধর্মের ব্যাখ্যা ব্যাবন। ভারপরে Zeno (336-264 B. C.) থেকে গ্রীকগণ জগতে ভাগসমূলক

⁽ $?^p$) (a) Deimachus was sent to his (Bindusara 286-269 B. C.) court as a Sophist ambassador.

⁽b) Philadelphus of Egypt (285-217 B.C.) sent Dionysius to the court of Asoka. Literary Hist. of Ancient India. Chandra Chakroborty.— p 39.

^(%) The religious world view which seeks to comprehend itself in thought recomes philosophical as in the case among the Chinese and Hindus, on the other hand a philosophical world view, if it is really profound, assumes a religious character. Civilization and Ethics—Dr. Albert Schweitzer. p. 30.

^(°°) Ibid-p. 31.

^(%) The ancient Greek was more citizen than man. Ibid-p. 39.

আন্ধর্শবাদের স্টে করে। (৩২) অবশ্র এই ত্যাগবাদ ভারতীয় উপনিষদ বারা কতথানি প্রভাবিত তা বলা বায় না। তবে সক্রেটিসের সময়েই বে কয়েকজন ভারতীয় দার্শনিক দর্শন সম্বন্ধ আলোচনার জয়ে প্রীসে গিয়েছিলেন তার প্রমাণ আছে এবং পরে প্রেটোর (৩৩) চিস্তাধারায় ভারতীয় দর্শনের স্থাপ্ট প্রভাব পাওয়া যায়। Pythagoras (582 B. C.) ভারতে এসেছিলেন এবং ভারতীয় বিজ্ঞান ও দর্শন শিক্ষা করেছিলেন। অতএব গ্রীক stoicism এর উৎস হয়তো ভারতীয় দর্শন। (৩৪) গ্রীক stoic দের মতবাদ ও উপনিষ্কার মধ্যে পার্থক্য মূলতঃ অতি সামায়। সক্রেটিসের মতবাদ কর্মের প্রাধান্ত দেয়নি, সমাজকল্যাণেরও প্রতীক্ষা করেনি, কাজেই বৃহত্তর মানবতার অগ্রগতির সহায়ক হতে পারেনি। পক্ষাস্ত্ররে stoicদের মতবাদ সভ্যতার অগ্রগতিকে নিরাশার ভারে মহর ক'রে দিয়েছে। Epicurius—কামনাহীনতাকেই আনন্দের মূল বলেছেন, তার ফলে তিনি stoic দের নিরাশাবাদেই পৌছেছেন। ত্যাগর্ভি প্রস্ত এই নিরাশাবাদ সভ্যতার অগ্রগতিকে ব্যাহত করেছে।

Plato (427-3,47 B. C.) এবং Aristotle (384-322 B. C.) এমন কোন নীতিবাদ প্রতিষ্ঠা করেননি যাতে সভ্যতা ও সমাজ শক্ত ভিত্তের উপর দাঁড়াতে পারে : প্রেটোই প্রথম মানবজীবনে নীতিবাদ প্রতিষ্ঠার প্রয়োজন উপলব্ধি করেন, কিন্তু তাঁর নীতিবাদ ঘোর রহজ্যের সমুখীন হ'য়ে নিশ্চল হ'য়ে যায়। বান্তবে তিনি সাধারণের ধারণা virtue কেই আপ্রয় করেন। তার Republic এ চারিটি গুণের কথা বলেন,—প্রক্ষা (wisdom) সাহস (courage) ধৈষ্য (temperance) ও ফ্রায় (justice)। (৩৫) Aristotle তার Nicomachen Ethics এ বান্তবাস্থগ একটা

সৰ্বজ্ঞোজিত রাগাদি দোৰজৈলোক্য প্ৰিতঃ । যথান্থিতাৰ্থ বাদাচ দেবোহৰ্দ প্ৰবেশর ।

^(%) An intolerance of imperfection amounting to a sense of sin and uncompromising idealism and a demand for resignation before the All Supreme—The Cambridge Ancient Hist. Vol VII p 335.

⁽⁵⁰⁾ There is a tradition that Pythagoras, born in 582 B. C. came to IndiaIt is held that the philosopher Pythagoras is the first Greek who borrowed his learning from India. He learnt the doctrines of transmigration of souls and final beautitude from the Upanisads and the current faith of the Hindus and his ascetic observances and prohibits to eat flesh and bean were also borrowed from India. Ancient Indian Culture and Civilization—K. C. Chakroborty—p. 121.

⁽vs) There is another tradition that some Indian philosophers found their way to Athens and interviewed Socrates. The many points of similarity between Indian philosophy and the ideas of Plato may not be accidental.....Plato's ideal polities into three orders—guardians, auxiliaries and workers are the Indian castes—Brahmins, Kshatriyas and Vaisyas—Ibid p. 122.

⁽ve) Plato's ethics of world negation is not an original creation; he takes it over in the Indian setting in which it is offered to him by Orphism and Pythagoranism—Ibid—p. 42.

[্]ৰেমন জৈন ৰৰ্মেৰ মূলে অহিংলা, হুন্ত, অন্তেম, ত্ৰক্ষৰ্য্য অপৰিগ্ৰহ অসুশীলনই শ্ৰেষ্ঠ বলে গ্ৰহণ ক্ষা হয়েছে—

बाद्धनिक्त्रांनदाद--

তিবাদ প্রতিষ্ঠার চেষ্টা করেন কিছ নীতিবাদের পরিবর্তে সংশুণাবলী অস্থালনেরই কিটা যতবাদ দেন। অর্থাৎ মানবমনের ইচ্ছায় একটা সন্থতি ও সৌন্দর্বপূর্ণ ভিব্যক্তিকেই তিনি নীতিবাদ (Ethies) বলে প্রতিষ্ঠা করেন। প্লেটো ও গ্রারিস্টিল ছইজনই তাদের আদর্শ রাষ্ট্রের পরিকল্পনায় একটি বিষয়ে একমত যে গ্রেষ তার পারিপার্থিকতার জন্মেই পরম্পার নির্ভরণীল অতএব ব্যক্তিস্থাতন্ত্রা সমাজ রাষ্ট্রিয় সম্বন্ধের পরিপন্থী। এ্যারিস্টিল পবিবারকে কেন্দ্র ক'রে রাষ্ট্র প্রতিষ্ঠা করেন বিং প্লেটো তার রাষ্ট্রকে একটা বৃহৎ পরিবারক্রপে কল্পনা করেন—এই পার্থক্য। ক্রেতপক্ষে গ্রীক দার্শনিকগণ হয় ব্যক্তিবাদ, না হয় সংগুণাহ্মণীলন না হয় ত্যাগম্লক ল্যাদের বাণী দিয়েছেন কিন্ধ তারা মান্থ্যের গণ্ডিকে অভিক্রম করে তাকে বিশ্বজনীন চ'রে তুলতে পারেননি। উপনিষদের শিক্ষা যেমন বিশ্বজনীন,—সমগ্র স্থির সন্ধোন বৃদ্ধার একটা শ্রমার সম্পর্ক সেথানে গড়ে উঠেছে—তেমনি একটা উদার গ্রাপক্তার নিদর্শন গ্রীকদর্শনে পাণ্ডয়া যায় না। (৩৬)

কিন্তু গ্রীকোরোমান যুগের দার্শনিক Seneca (৩৭) (4 B. C.—62 A. D.) pictatus (%) (A. D. 50) & Marcus Anvetius (%) (120-180 A. D.) বিশ্বভাতত্বের নীতিবাদ প্রতিষ্ঠা করেন। মামুষের সঙ্গে মামুষের শ্রহার সম্পর্ক, সে ম্পর্ক আত্মত্যাগের ধারা স্থন্দরতর। ইউরোপীয় সভ্যতায় এই যুগেই প্রথম মানবতার ত্রণাত। গ্রীকগণের চিস্তাধারা সমাজ কেন্দ্রিক, নগর রাষ্ট্রই ছিল তাদের চিস্তার •ক্র। তারপরে গ্রীক সাম্রাজ্য স্বাস্টর সঙ্গে সঙ্গে মানবজীবন পীড়িত হ'তে আর**ভ** রে। তার প্রতিবাদেই গ্রাকোরোমান যুগে বৃহত্তর মানবতার আদর্শবাদ গড়ে ওঠে। াই মানব সমাজ বিশ্বপ্রাত্ত্বের কথা চিন্তা করতে শুরু করে। শুধু ডাই নয় মানব ও ানবেতর প্রাণীর প্রতিও সেই মানবিকতা প্রসারিত হয়। Seneca Gladiatorial 10w র নিন্দা করেন। এইযুগ থেকেই দর্শন ও প্রকৃত নীতিবাদের স্ষ্টি—এই 'তিবাদই বিশ্বনীতিবাদ। জাগতিক জাবনেচ্ছা আশাবাদে উদীপ্ত হ'য়ে মানবিকভায় .नमप्र ह'रप्र मानव-कौरतन नामक्षक প্রতিষ্ঠার আদর্শ ছাপন করে। **অভ্**কার াযুগের পরে ইউরোপীয় জীবনে আদে নতুন বৃদ্ধিদীপ্ত যুগ—রেনেসা। জীবনের 🔻 জগতের একটা সামঞ্চপূর্ণ যৌক্তিক সম্বন্ধের সৃষ্টি হ'ল এই যুগে। আত্মশক্তি-ছে মাহ্য সচেতন হ'য়ে মধ্যযুগীয় ক্রীতদাসত থেকে মুক্তির দাবী জানাল। ং যুগের বৈজ্ঞানিক ও ভৌগলিক আবিষারের পিছনে মানব সমাজের বুদ্ধিনীথ ্থেরণার একটা ইন্দিত পাওয়া যায়। Leonardo Da Vinci (1452-1519)

^(%) Plato and Aristotle undoubtedly cherish the ancient conviction that dividual ought to devote himself to the state but they can not find the foundant for it in their philosophy.—Ibid. p. 51,

⁽⁹⁾ The world is the one mother of us all—to no one is virtue for bidden—neca.

^(%) Nature is wonderful and full of love for all-Epictatus.

^(%) It is a privilege of man to love even those who do him wrong invetius.

আন্তর্শনিক করে। (৩২) অবশ্র এই ত্যাগবাদ ভারতীয় উপনিষদ দারা কতথানি প্রভাবিত তা বলা যায় না। তবে সক্রেটিসের সময়েই বে কয়েকজন ভারতীয় দার্শনিক দর্শন সহক্ষে আলোচনার জয়ে গ্রীসে গিয়েছিলেন তার প্রমাণ আছে এবং পরে প্রেটোর (৩৩) চিস্তাধারায় ভারতীয় দর্শনের স্থাপ্ট প্রভাব পাওয়া যায়। Pythagoras (582 B. C.) ভারতে এসেছিলেন এবং ভারতীয় বিজ্ঞান ও দর্শন শিক্ষা করেছিলেন। অতএব গ্রীক stoicism এর উৎস হয়তো ভারতীয় দর্শন। (৩৪) গ্রীক stoic দের মতবাদ ও উপনিবদের শিক্ষার মধ্যে পার্থক্য মূলতঃ অতি সামান্ত। সক্রেটিসের মতবাদ কর্মের প্রাধান্ত দেয়নি, সমাজকল্যাণেরও প্রতীক্ষা করেনি, কাজেই বৃহত্তর মানবভার অগ্রগতির সহায়ক হতে পারেনি। পক্ষান্তরে stoic-দের মতবাদ সভ্যতার অগ্রগতিকে নিরাশার ভারে মহুর ক'রে দিয়েছে। Epicurius —কামনাহীনতাকেই আনন্দের মূল বলেছেন, তার ফলে তিনি stoic দের নিরাশাবাদেই পৌছেছেন। ত্যাগর্ভি প্রস্তে এই নিরাশাবাদ সভ্যতার অগ্রগতিকে ব্যাহত করেছে।

Plato (427-3,47 B. C.) এবং Aristotle (384-322 B. C.) এমন কোন নীতিবাদ প্রতিষ্ঠা করেননি যাতে সভ্যতা ও সমাজ শক্ত ভিত্তের উপর দাঁড়াতে পারে। প্রেটোই প্রথম মানবজীবনে নীতিবাদ প্রতিষ্ঠার প্রয়োজন উপলব্ধি করেন, কিন্তু তাঁর নীতিবাদ ঘোর রহজ্যের সন্মুখীন হ'য়ে নিশ্চল হ'য়ে যায়। বাত্তবে তিনি সাধারণের ধারণা virtue কেই আশ্রম করেন। তার Republic এ চারিটি গুণের কথা বলেন,—প্রজ্ঞা (wisdom) সাহস (courage) ধৈষ্য (temperance) ও ল্লায় (justice)। (৩৫) Aristotle তার Nicomachen Ethics এ বাত্তবান্ধ্য একটা

সৰ্বজ্ঞোজিত রাগাদি দোৰজৈলোক্য প্জিতঃ । বথান্থিতাৰ্থ বাদীচ দেবোহৰ্থন প্রয়েশ্বর ।

^(%) An intolerance of imperfection amounting to a sense of sin and uncompromising idealism and a demand for resignation before the All Supreme.

—The Cambridge Ancient Hist. Vol VII p 335.

⁽⁵⁰⁾ There is a tradition that Pythagoras, born in 582 B. C. came to India......It is held that the philosopher Pythagoras is the first Greek who borrowed his learning from India. He learnt the doctrines of transmigration of souls and tinal beautitude from the Upanisads and the current faith of the Hindus and his ascetic observances and prohibits to eat flesh and bean were also borrowed from India. Ancient Indian Culture and Civilization—K. C. Chakroborty—p. 121.

⁽⁹⁸⁾ There is another tradition that some Indian philosophers found their way to Athens and interviewed Socrates. The many points of similarity between Indian philosophy and the ideas of Plato may not be accidental.....Plato's ideal polities into three orders—guardians, auxiliaries and workers are the Indian castes—Brahmins, Kshatriyas and Vaisyas—Ibid p. 122.

⁽ve) Plato's ethics of world negation is not an original creation; he takes it over in the Indian setting in which it is offered to him by Orphism and Pythagoranism—Ibid—p. 42.

বেমন জৈন বৰ্মেৰ মূলে অহিংসা, ফুনৃত, অন্তেম, ত্ৰহ্মচৰ্য্য অপৰিগ্ৰহ অসুশীলনই শ্ৰেষ্ঠ বলে গ্ৰহণ কমা হয়েছে—

নীতিবাদ প্রতিষ্ঠার চেষ্টা করেন কিন্ধ নীতিবাদের পরিবর্তে সংগুণাবলী অস্থলীলনেরই একটা মতবাদ দেন। অর্থাৎ মানবমনের ইচ্ছায় একটা সদতি ও সৌন্দর্বপূর্ব অভিব্যক্তিকেই তিনি নীতিবাদ (Ethies) বলে প্রতিষ্ঠা করেন। প্লেটো ও গ্রারিস্টটল ছইজনই তাদের আদর্শ রাষ্ট্রের পরিকল্পনায় একটি বিষয়ে একমত যে মাহ্রম তার পারিপাধিকতার জন্মেই পরস্পার নির্ভরশীল অতএব ব্যক্তিম্বাতন্ত্র সমাজ ও রাষ্ট্রায় সম্বন্ধের পরিপন্থী। এ্যারিস্টটল পবিবারকে কেন্দ্র ক'রে রাষ্ট্র প্রতিষ্ঠা করেন এবং প্লেটো তার রাষ্ট্রকে একটা বৃহৎ পরিবারক্রপে কল্পনা করেন—এই পার্থক্য। প্রকৃতপক্ষে গ্রীক দার্শনিকগণ হয় ব্যক্তিবাদ, না হয় সংগুণাছশীলন না হয় ত্যাগমূলক সন্মাসের বাণী দিয়েছেন কিন্ধ তারা মাহ্যবের গণ্ডিকে অতিক্রম করে তাকে বিশ্বজনীন ক'রে তুলতে পারেননি। উপনিষদের শিক্ষা যেমন বিশ্বজনীন,—সমগ্র সৃষ্টির সন্দেমানব সন্থার একটা শ্রন্ধার সম্পর্ক সেথানে গড়ে উঠেছে—তেমনি একটা উদার ব্যাপকভার নিদর্শন গ্রীকদর্শনে পাওয়া যায় না। (৩৬)

কিন্ধ গ্রাকোরোমান যুগের দার্শনিক Seneca (৩৭) (4 B. C.—62 A. D.) Epictatus (৩>) (A, D, 50) & Marcus Anvetius (৩৯) (120-180 A, D.) বিশ্বপ্রাতদ্বের নীতিবাদ প্রতিষ্ঠা করেন। মামুষের সঙ্গে মামুষের শ্রদ্ধার সম্পর্ক, সে সম্পর্ক আত্মত্যাগের ধারা স্থন্দরতর। ইউরোপীয় সভ্যতায় এই যুগেই প্রথম মানবতার স্ত্রপাত। গ্রীকগণের চিস্তাধারা সমাজ কেন্দ্রিক, নগর রাষ্ট্রই ছিল তাদের চিস্তার কেন্দ্র। তারপরে গ্রাক সামাজ্য স্পষ্টর সঙ্গে মানবজীবন পীড়িত হ'তে আরম্ভ করে। তার প্রতিবাদেই গ্রাকোরোমান যুগে বুহত্তর মানবতার আদর্শবাদ গড়ে ওঠে। সেই মানব সমাজ বিশ্বভাতৃত্বের কথা চিন্তা করতে শুরু করে। শুধু ডাই নয় মানব ও মানবেতর প্রাণীর প্রতিও দেই মানবিকতা প্রসারিত হয়। Seneca Gladiatorial show র নিন্দা করেন। এইবুগ থেকেই দর্শন ও প্রকৃত নীতিবাদের স্ষষ্ট—এই নীতিবাদই বিশ্বনীতিবাদ। জাগতিক জীবনেচ্ছা আশাবাদে উদ্দীপ্ত হ'য়ে মানবিক্তায় বদলময় হ'য়ে মানব-জীবনে সামঞ্জ প্রতিষ্ঠার আদর্শ স্থাপন করে। অভ্বকার यधायुराव भरत देखेरवाभीय कीयत बारम नजून वृक्तिशेश यूग-रव्यनमा। कीयत्नव সঙ্গে জগতের একটা সামঞ্জপূর্ণ যৌক্তিক সম্বন্ধের সৃষ্টি হ'ল এই যুগে। আত্মশক্তি-সম্বন্ধ মাত্র্য সচেতন হ'য়ে মধ্যযুগীয় ক্রীতদাসত্ব থেকে মুক্তির দাবী জানাল। এই যুগের বৈজ্ঞানিক ও ভৌগলিক আবিষারের পিছনে মানব সমাজের বুদ্ধিলীপ্ত কৰ্মপ্ৰেৰণার একটা ইন্ধিত পাওৱা যায়। Leonardo Da Vinci (1452-1519)

^(%) Plato and Aristotle undoubtedly cherish the ancient conviction that —lividual ought to devote himself to the state but they can not find the foundation for it in their philosophy.—Ibid. p. 51,

^(%4) The world is the one mother of us all—to no one is virtue for bidden—seneca.

^(%) Nature is wonderful and full of love for all—Epictatus.

^(%) It is a privilege of man to love even those who do him wrong Anvetius.

Copernicus (1473-1543) Kepler (1571-1630) Galilio (1564-1642) এর যুক্তি ও বিজ্ঞান নতুন দৃষ্টি দিল মাহুষকে।

প্রকৃতি দর্শনের (Nature Philosophy) সৃষ্টি এই যুগ থেকে। Descrates এর Theory of Knowledge থেকেই নব যুগের স্চনা। মাছর পৃথিবীতে আশাবাদী হ'রে উঠল জীবন ও পৃথিবীকে ভোগ করবার জন্তে—ভার পিছনে বিশ্বনৈত্তীর বা মানবিকভার প্রেরণা ছিল না। বৈজ্ঞানিক আবিদার ও উদ্ভাবন তাকে শক্তিশালী ক'রে আত্মপ্রতিষ্ঠ ক'রে তুলেছিল, তাই মানব সমাজে আশাবাদ ও স্থে বেঁচে থাকবার প্রেরণা বেগবান হ'য়ে ওঠে। জাগতিক দর্শনের প্রতি তাদের শ্রদ্ধা ও বিশ্বাস ক্ষীণতর হ'য়ে এল। ত্যাগবৃত্তির প্রেরণাও ধীরে ধীরে মন্দীভূত হ'য়ে এল। (৬৮)

রেনেসাঁর বৃদ্ধিদীপ্ত যুক্তিবাদের ফলে এবং বৈজ্ঞানিক ও ভৌগোলিক আবিদ্ধারের উপরে একটা অথগু বিশ্বাসের ফলে বাস্তব জগতে ইউরোপ অগ্রগতি লাভ করল এবং সঙ্গে সঙ্গে ক্ষমতাশালীও হ'য়ে উঠল। এই ক্ষমতা ও প্রকৃতি জয়ের দক্ত ইউরোপের অহংবাদ বা ব্যক্তিবাদকে অতি ক্রত বেগবান ক'রে তাকে ধর্মীয় সংস্কার ও আফুগত্যের ক্রীতদাসত্ব থেকে মৃক্ত করল বটে কিন্তু সঙ্গে সংক্ষার ও শীল আচারের দাসত্বকে মেনে নিতে বাধ্য হল। ধর্ম পালন, ধর্মীয় সংস্কার ও শীল আচারের মধ্যে সমাজবদ্ধ মানব-মন যে হাদয়ের বিস্তীর্ণতা লাভ করেছিল তা সংকৃতিত হ'য়ে আত্মবাদের মোহে ভূবল। ইউরোপের মাহ্ময় হাদয়ের সম্পর্ক অস্বীকার ক'রে মন্তিক্বের উপর নির্ভর্মীল হ'য়ে উঠল। ধর্মীয় বিশ্বাস শিথিল হল সমাজ ভেকে পড়ল, হাদয় সমাজগত ত্যাগধর্মকে ত্যাগ ক'রে আত্মকেক্রিক হয়ে উঠল। (৩৯)

কিছ এই মন্তিক প্রস্থত যুক্তিবাদকে হিন্দু ও বৌদ্ধ শান্তকারগণ অবিভা (৪০)

⁽⁹⁾ The spirit of the modern age is not the work of any great character. It wins its way gradually by reason of the unbroken series of triumps won by discovery and inventions.... He (Francis Bacon—1561-1626) found it upon the sentence, "Knowledge is power" He develops his picture of the future in his New Atlantis. Ibid—p. 64

⁽³⁾ The Renaissance is the great age of disintegration and rebirth; when for good or ill the organic unit of life of the Meddle Ages, derived from its religious orientation, passed away, and the new world of Copernicus and Columbus, of Luther and Calvin, of Galilio and Descrates, of Machiavelli and Henry VIII came to birth. The history of the last four hundred years in Europe has been a simultanious growth in political freedom, economic prosperity, intellectual advancement and social reform but it has also been a slow and sure decay of traditional religion, morality and social order. It in one sense has been a progress, in another it has been a reaction, marked by a departure from the authentic foundation of life. Eastern Religions and Western Thought—S. Radhakrishnan pp. 11-12

^(6.) Hindu and Buddhist thinkers with a singular unanimity make out that Avidya or ignorance is the source of our anguish and Vidya or wisdom, Bodhi or enlightment is our Salvation. The former is intellectual knowledge which produces self-consciousness and self will...the break in the normal and natural order of things in human life is directly traceable to man's intellectuality, the way in which he knows himself and distinguishes himself from others. Ibid—p. 43

আখ্যা দিয়েছেন। কারণ অহংভাবাপর মানুষের যে যুক্তিবাদ তা' কথনই প্রকৃত জ্ঞান বা প্রজ্ঞা অর্জন করতে পারে না। যে মানুষ বড় রিপুর বঞ্চা বিশ্বজনীন কল্যাণকে চিন্তা করতে পারে না, সে বিশ্বনীতিবাদও স্বৃষ্টি করতে পারে না। অহং প্রস্তুত যুক্তি ব্যক্তি, জাতি, সম্প্রদায়ণত স্বার্থপরতায় আত্মকেন্দ্রিক হ'য়ে ওঠে, তার ফলে পৃথিবীতে ঘনিয়ে এল ছংখের রাজি। শোষণ পেষণ ও নির্যাতনের মধ্য দিয়ে ইউরোপীয় দম্ভ জাগতিক শান্তিকে বিশন্ন ক'রে তুলল। তারণরে শিক্সবিপ্রব সেই অহংবাদকে চরমে তুলে দিয়ে পৃথিবীর সভ্যতাকে ক'রে তুললো ধ্বংসম্থী। পৃথিবী হল হিংসায় উন্মন্ত। ধর্ম ও অধ্যাত্মবাদকে ত্যাগ ক'রে তথা হাদর ত্যাগ ক'রে বৃদ্ধিকে আপ্রয় ক'রে মানুষ হল অমানুষ। রেনেসার পরে পৃথিবীতে যে নবজাগরণ এল তা বান্তবজগতে (৪১) তাকে এগিয়ে নিয়ে গেল কিন্তু হাদয়ের দীপকে নিভিয়ে দিল। (৪২) ধর্মভিন্তিক যে নীতিবাদ গড়ে উঠেছিল, যার মাধ্যমে মানবহাদয় মানুষকে ভালবাসতে শিথেছিল তা ভূলে গেল। সার্বজনীন একটা নীতিবাদ স্টির আশা বিলুপ্ত হ'য়ে গেল।

হিন্দু দর্শনের ত্যাগধর্মের যে আদর্শ জগতে একটা বিশ্বমৈত্রীর স্ট্রনা ক'রেছিল তা ক্ষীণতর হল। ডাঃ স্থইটজার প্রভৃতি আধুনিক দার্শনিকগণ ত্যাগধর্মকে বাত্তব-জীবনের পরিপন্থী ব'লে মনে করেন কিন্তু ডাঃ রাধাক্ষণণ প্রভৃতি এই পাশ্চান্ত্য মতবাদকে থগুন করেছেন। ত্যাগধর্মের অর্থ জগতকে অস্বীকার করে সন্ন্যাসজীবন গ্রহণ করা নর; জাগতিক জীবনে, দৈনন্দিন জীবনে ত্যাগের অস্পীলনই হিন্দুর আদর্শ—পরিবারে, সমাজে এই ত্যাগ হাদয়কে অমুভৃতিশীল ক'রে বাত্তব জীবনকেও আনন্দময় করবে। (৪২) ভারতীয় সভ্যতার এই ত্যাগধর্ম যে জীবনের পরিপন্থী নয় তার ঐতিহাসিক প্রমাণ ধর্মাশোকের রাজত্বকাল। ত্যাগের মাধ্যমেও যে বাত্তব উন্নতি হয় এবং হরেছে, অশোকের সাম্রান্ধ্য তার জাজ্জল্যমান সাক্ষ্য। আত্মবাদ বা অহংবাদই সমাজের ভিত্তি হবে—এই আদর্শই হিন্দু পরিবারকে বছসম্বন্ধবিশিষ্ট করেছিল ও সমাজকে স্বয়ংসম্পূর্ণতা দিয়েছিল। (৪৩)

⁽⁸³⁾ Intellectual and artistic refinement places no check on brutal lusts and savage passions. The faith that the spread of reason will abolish all irrational outbursts has disappeared. Ibid—p, 14.

⁽⁸⁹⁾ Ibid. Radhakrishnan p. 67-114.

^(8°) The Upanishads knew full well that want in the material plains hampers the soul in its spiritual flight and so they first sought all round security in the material level, before commencing the higher quest. Studies in Upanishads—G. G. Mukherjea—p. 19 (Taittiriya Upanisad).

^(8°) It has been very often and widely assumed that while the ancient Hindus had a genius for abstract speculations, producing so many systems of philosophy and religion, they were notoriously detectent in all practical skill and capacities, so that the spiritual interests of life were disproportionately cultivated to the neglect of material interests. The reign of Asoka and indeed the entire History of India, is a refutation of the assumption. Men and Thought in Ancint India—Radha Kumud Mukherjea—p. 93.

অবশু এই যুগেও পরবর্তী stoic দার্শনিকগণের (৪৪) মধ্যে মানবভার একটা হার যে ধানিত হ'বে না উঠেছিল এমন নয়। Hugo Grotius ভার De jure belli acpacis এ মানবভার যুক্তর উপর নির্ভর করেই আন্তর্জাতিক আইন ও jurisprudence সৃষ্টি করেন। কিন্তু আবিষ্কার ও উদ্ভাবনের শক্তিতে শক্তিশালী মাহ্যবের অহমিকা এই মানবভার বাণী শোনেনি। বাহ্যব জগতের বিলাস-ব্যসন ও প্রকৃতিকে জয় করবার আনন্দেই তথন মাহ্যব বিভোর। বৈজ্ঞানিক শক্তির উপরে নির্ভরশীল মাহ্যব, কর্মের মধ্যে নতুন জীবনদর্শন গ্রহণ করল। নতুন কোন বিশ্বজনীন নীতিবাদ এই বর্তমান সভ্য জগতের স্রষ্টা নয়, অগ্রগতিতে বিশ্বাসই এই যুগের স্রষ্টা। এই অগ্রগতির যুগে বিশ্বজনীন জীবনদর্শনের নীতিবাদ স্কট্টর প্রয়োজন ছিল কিন্তু দর্শন তা দিতে পারেনি। তার ফলেই অহংবাদ শুন্ধলমুক্ত হ'য়ে পৃথিবীর মাহ্যবেক হিংসায় উন্মন্ত ক'রে তুলেছে। এই অহংবাদপ্রস্ত লোভ ও হিংসা পৃথিবীকে সর্বাদীন ধ্বংসেরমুধে ঠেলে দিয়েছে। সভ্যভার বিরাট সৌধ গ'ড়ে উঠেছে কিন্তু কোন কঠিন জীবন-দর্শনের ভিত্তি তার নেই, তাই তা' আজ ভেন্তে পড়তে পারে বে কোন মুহুর্তে। (৪৫)

বৈজ্ঞানিক আবিধারের অবশুভাবী ফল রূপে আদে শিল্পবিপ্লব, এবং এই অহংভাবে অন্ধ মামুষ বৈজ্ঞানিক শক্তিকে শোষণ ও শাসনের কাছেই লাগায় অভ্যন্ত নিষ্ঠুরভাবে; তার হুদয়র্ভি সম্প্রসারিত হ'য়ে এই শক্তিকে বিশ্বের কল্যাণে নিযুক্ত করতে পারে নি। এই স্বার্থবাধ ও আত্মকেন্দ্রিকতাই আছে জগতের বৃহত্তম সমস্রায় পরিণত হয়েছে।

বর্তমান সভ্যতা জগতে হথে বেঁচে থাকবার মতবাদের উপর এতদ্র বিশাসী যে তা' কোন নীতিবাদের ভিত দেওয়ার প্রয়োজন বোধ করেনি। ত্যাগর্ভিকে মাছ্র বেকুবী বলে মনে করেছে, কিছু মাছ্র জানে না এর শিক্ড কত গভীরে। সজেটিসের পরে যে জীবনবাদ গ'ড়ে উঠেছিল সেই চিস্তাধারা নতুন ক'রে ফিরে এল—ব্যক্তি সমাজ ও রাষ্ট্রের সম্পর্কের কথা ফিরে এল। কিছু মান্থবের আত্মবাদ কি ক'রে পরার্থবাদে পরিণত হতে পারে? David Hartley (1705-1757) বলেন যৌজিক চিস্তার দারা মাহ্র পরার্থবাদী হতে পারে। Dietrich Von Halbach বলেন ফ্রুছ চিস্তার মানব-মন মহন্তর হরে সমাজকল্যাণে নিযুক্ত হতে পারে। তিনি বলেন মাহ্র বদি নিজের প্রকৃত মন্লকে ব্রুতে শেখে তবে সে সমাজকল্যাণে আত্মনিয়োগ করবে। Thomas Hobbes (1558-1679) বলেন, সমাজ থেকেই মানব-মন পরার্থবাদী জীবনপ্রতায় লাভ করে। John Locke (1632-1704),

^{(88) (8)} Erusmus (1466-1536) Michael de Montaigne (1533-1592) Pierre Charron (1541-1603) Jean Bodin (1530-1596) Hugo Grotius (1583-1645)

⁽se) About the middle of the 19th century, when it has become perfectly clear that we are living with world-and-life affirmation, which has its source merely in our confidence in discovery and inventions and not on any profounder thought about the world and life, our fate is sealed. Ibid—Schwietzer—p. 70.

Adrien Helvetius (1715-1771) এবং Jeremy Bentham (1748-1832) বলেন, অধিক লোকের দ্বারা প্রভিত্তিত রাষ্ট্র সকলকে সমাজকল্যাণে বাধ্য করবে। কিছু কোন বাছিক চাণই মানব-মনের অহংবাদকে দ্ব ক'রে তাকে পঁরার্থপর করতে পারে না। বেছামের হিতবাদের (৪৬) মূল মতবাদ এই যে বাত্তব উন্নতির সঙ্গে আত্মিনিয়োগ করবে, কিছু ইতিহাস সে ধারণাকে মিথ্যা প্রতিপন্ন করেছে। বাত্তব জগতের প্রাচূর্যে মাহুষের আত্মকেন্দ্রিকতাই বাড়িয়ে দেয়, সমাজবোধ আসে না। Hobbes প্রভৃতির মত তিনিও মনে করতেন, নীতিবোধ বাইরে থেকে আসেরে, সমাজই নীতিবাদের মূল, ব্যক্তি তার মধ্যে তুবে যাবে। কিছু আত্মিক উন্নতি সমাজগত নয়, আত্মসাধনাগত। কাজেই তাঁদের দর্শন সঠিক পথ দেখাতে পারেনি। (৪৭)

হিতবাদ পদ্বীদের মতাবলদ্বী David Huma (1711-1776) এবং Adam Smith (1773-1790)ও মনে করেন সামগ্রিক মন্ধলই নীতিবাদের মূলস্ত্র হওয়া বাহ্ননীয়। কোন কাজ ভাল কি মন্দ তার বিচারের মানদণ্ড হবে সে কাজের ফল সকলের পক্ষে মন্ধল ও স্থের কারণ হয়েছে কিনা। ব্যক্তি আপনার মধ্যে পরিপূর্ণ হবে বা আত্মচেতনীর দ্বারা সমাজকল্যাণ করবে, এ কথায় তিনি কোন জাের দেননি। Hume মনে করেন, মাহুবের মধ্যে প্রকৃতিগত একটা অস্কৃতি আছে যা মাহুবকে পীড়িত দেখতে বা করতে চায় না। সহাস্কৃতির মধ্যেই মাহুব শীল ও নীতি অর্জন করবে, কিন্তু মাহুবের অহংভাব যে সহাস্কৃতির পরিপদ্ধী সে কথার উল্লেখ তিনি করেননি। Adam Smith মনে করেন, আত্মবাদের স্বাধীন ও মুক্তি-যুক্ত প্রয়োগেই জাতায় উন্নতি সম্ভব। তিনি ব্যবসা ও শিল্পকে কর্তুত্বের ক্ষতিকর করল থেকে মুক্ত করেন তার Laissez-farie Economic Doctrine দ্বারা। তাঁরা মনে করেন, নীতিবাদ মাহুবের স্বভাবজ। কিন্তু নীতিবাদ বা নৈতিক জীবন সাধনা লাপেক; যদি স্বভাবজই হয় তবে তা অল্পের উপর ক্রন্ত করা চলে না। তাদের হিতবাদের দর্শন জাগতিক নীতিবাদের পথনির্দেশক হ'য়ে উঠতে পারেনি। (৪৮) সক্ষে সম্ভে আবির্ভাই হয় নতুন প্রেটোনিস্টদের। (৪৯) মানব অন্তরের নীতিবাদই

⁽⁸⁴⁾ Principle of the greatest-good of the greatest number is applicable in all of them and guides us safely and accurately in question of good and evil. Ibid—p. 78.

⁽⁸⁹⁾ It is pleasant to note the courage with which this fantastic for utility ventures to represent material blessings as the foundation of those which are spiritual.—Ibid p—79.

^(8*) The funeral procession of rationalistic utilitarianism begins to assemble with Hume and Adam Smith, though it is a long time before the coffin is carried to the cemetry. Ibid—p. 84.

^{(\$\}sigma) Cambridge Platonists Ralph Cudworth (1617—1688) Henry More (1614—1687) Rev. Samuel Clarke (1675—1729) Bishop Richard Cumberland (1632—1718) William Wollaston (1659—1724)

সত্য।—নীতিবাদ মানব মনেরই একটা বিশেষ শক্তি ষা মাহুবের মনকে সংষ্ঠ ক'রে তাকে সমাজ-উপধোগী করে। ভগবানদত্ত বিচারশক্তিই নীতিধর্মের মৃদ,—এই বিচারশক্তিই আধ্যাত্মিক শক্তির প্রকাশ। কিন্তু এদের মতবাদ মানবধর্মের কোন নতুন প্রেরণা বা সংজ্ঞা নির্দেশ করতে পারেনি।

অষ্টাদশ শতান্দীর দার্শনিকগণের (৫০) মধ্যে স্কতনতর ভাবধারা দেখা দেয়। তাঁরা হিতবাদী, যুক্তিবাদী, ও Intuitionist (শ্বজ্ঞাবাদী) দের মতবাদের বিক্ষতাকরেন। তাঁরা উপনিষদের পুনক্ষজি ক'রে নতুনভাবে বলেন,—জগতে, প্রকৃতির রাজ্যে একটা অপূর্ব সন্ধতি (Harmony) চলেছে, তাকে নিজের মধ্যে অস্তবকরাই মানব ধর্ম। (৫১) হিতবাদী ও যুক্তিবাদীদের মত এঁরা মান্ত্র আরু সমাজের ক্স গণ্ডীর মধ্যেই আবন্ধ থাকেননি, এঁদের চিন্তাধারা সমগ্র পৃথিবী, প্রকৃতিরাজ্য ও বিশ্বমর ছড়িরে পড়েছে, যদিও তা সম্পূর্ণতা লাভ করতে পারেনি।

অষ্টাদশ শতকের শেষভাগ কর্ম ও বাস্তবতার যুগ, উদ্ভাবন ও আবিষ্ঠারের যুগ—যুক্তিবাদের মধ্যেই বাস্তব জগতে প্রচুর উন্নতি হয়। যুদ্ধবিগ্রহ, সরকারী আইন, শিল্পবানিজ্যের উধেব ও সাধারণের চিন্তাধারা বিশ্বভাত্তের কথা ভারতে আরম্ভ করে। শিকার প্রসারের সঙ্গে স্বলকে মাছ্য হতে হবে, মাছ্য ক'রে তুলতে হবে এমনি একটি ভাবধারার আবির্ভাব হয়। এই সময়ে মানবভাবাদের প্রভাব সমাজে অমুভূত হয়, যদিও বাস্তব উন্নতির তুলনায় মানবমনের উন্নতি সম্ভব হয়নি। य मार्निनकश्लत (ex) এই মানবভাবাদের ফলে সমাজকল্যাণের প্রেরণা দেখা দিল, তাদের অমুগামীগণের কল্যাণেচ্চা কিন্তু ফলপ্রস্থ হতে পারেনি। অফিয়ার রাজা षिতীয় জোসেফ (1764-1790) সমাজ সংস্কারের চেষ্টা করেন। কয়েদীর প্রতি অত্যাচার নিবারণ, মৃত্যুদণ্ড ও ভূমিদান প্রথার উচ্ছেদ, ইছদীদিগের পূর্ণ অধিকার প্রতিষ্ঠা, আইনের সমতা, পীড়িতকে রক্ষা করা, সংবাদপত্তের স্বাধীনতা দান প্রভৃতি মহৎ সংস্কারের চেষ্টায় রাজা বিতীয় জোনেফ্ সারাজীবন নিয়োগ করেন কিছ সাধারণে তা গ্রহণ করে না. এবং তিনি ভগ্ন হাদয়ে মারা যান। অগ্রগতির প্রেরণা জাতীয়ভাবাদের উধ্বে সমগ্র মানব জাভির কল্যাণের কথা ভাবতে শুরু করে—এবং এই যুগ থেকেই মানবভাবাদের দর্শনের স্পষ্ট। Jenaর যুদ্ধের পরে নেপোলিয়নকে (१८) एत्थ दहरान व तत्निहालन, - अपनुर्छ जिन world-spirite त्राथ हितन ।

^(••) Anthony Ashley-Cooper, Earl of Shaftesbury (1671-1713)

^(*) Aesthetic feeling and ethical thinking are for him (Shaftesbury) forms of union with that devine life which struggles to find expression in the spiritual being of the man as it does in nature...It is harmless pantheism which rules in Hinduism and also in late stoicism...Ibid—p 87.

⁽ex) Pierre Boyle (1647—1706) J. J. Rousseau (1712—1778) Voltaire (1694—1778) Denis Diderot (1713—1784) G. W. Leibnitz (1640—1716) G. E. Lessing (1729—1780)

⁽ee) Hegel who saw Napoleon ride past after the Battle of Jena, tells us that he then saw the world-spirit on horse back. In these words we can hear the expression of the confused spiritual experience of the time. Ibid—p. 102.

সে মুগের মানবতাবাদ স্বচ্ছ ও স্ফুডাবে প্রকাশ পায়নি। এর পরে আবির্দ্ত হন চিন্তানায়ক Immanuel Kant (1724-1804) প্রেটোর পরে তিনিই প্রথম অন্তবকরেন যে জাগতিক নীতিধর্ম মানব-মনের একটা অজ্ঞাত রহস্ত। তার Critique of the Practical Reasonএ তিনি অতি বেগবান ভাষায় বলেন যে, নীতিধর্ম একটা আত্মিক চেতনা। এই চেতনা মাহ্মবকে মাহ্মবের উধ্বের্দ, প্রকৃতি ও ইন্দ্রিরের উধ্বের্দ কর্মাণক্তির সঙ্গে কুক ক'রে দেয়। এই নীতিধর্মই মাহ্মবের অবশু পালনীয়, মাহ্মবের নিজের জল্ফে হোক, আর পরের জল্ফেই হোক মাহ্মবের মত কাজ করবে, এইটাই হবে মাহ্মবের চরম লক্ষ্য। তাঁর অধ্যাত্মচিন্তা বাস্তব জগতের প্রয়োজনে, কিছ ভগবানের প্রতি পূর্ণবিশ্বাসের অভাবে তার মতবাদ বাস্তবাতীত একটা রহস্ত হয়েই রয়ে যায় এবং :তার ফলে তা ভারতীয় বা চৈনিক অধ্যাত্মবাদের মত বাস্তব জগতে নিক্রিয়। (৫৪)

Spinoza (1632-1672) ও Leibniz (1646-1716) এর প্রকৃতিদর্শন একটা বিশ্বজনীন ভাবধারার বাহক। Spinoza বলেন, জগতের দৃশ্যমান স্থান্ট প্রম পুরুবের প্রকাশ, এই পরমপুরুবকে ভগবান বা প্রকৃতি যে নামই দেওয়া হোক। (৫৫) এই স্থাটি আত্মা (spirit) এবং বস্তু (corporiety) রূপে ব্যক্ত। এই প্রকৃতিরাজ্যে কর্ম প্রয়োজনাহগ জগতে করা বলে কিছু নেই, সবই ঘটে, অতএব মানবজ্ঞীবনে কর্ম ব'লে কিছু নেই, তার কাজ শুধু বিশ্বের সঙ্গে তার সম্বন্ধকে বৃন্ধতে শেখা। মাহ্ম্ম নিজেকে বিশ্বের অংশ ব'লে ভাবতে শিখলে এবং এই আত্মিক সাধনায় বিশ্বের মধ্যে স্বেচ্ছায় ও সম্ভানে নিজের অহংকে হারিয়ে ফেললেই মাহ্ম্ম স্থাই হবে। তিনি এই পরমপুরুবকে হিন্দুদর্শনের অন্তকরণে নিগুর্প ব'লে মনে করেননি,—তিনি তাঁকে সগুণ বলেই কল্পনা করেছেন। (৫৫) Liebniz এই পরম পুরুবকে সমগ্র বিশ্বের অন্তর্গামী। (৫৬)

⁽cs) That there can be no reality apart from the experience as it is revealed to us either through epistomelogy and axiology: this is the reason why Kant's successors found fault with his doctrine of "Thing-in-itself": History of Western Philosophy. Dr. N. V. Joshi—p. 139.

⁽⁴⁸⁾ Kant is defeated by the same fate which rules in Stoics, Indian and Chinese Monism alike. Schwietzer—Ibid p. 112.

⁽⁶⁸⁾ Kant tells us that there can be no theoretical domonstration of the existence of God, though we need Him for practical purposes. S. Radha Krishnan. Ibid—p. 265.

⁽ee) He (Spinoza) conceives of infinite Being not as something devoid of qualities as do the Indians but as life with a full content.... What ever good he (man) does to others he never does for their sakes but always for him. Schweitzer-Ibid—p. 117.

⁽ee) "That which is in itself and is conceived through itself."—Dr. N. V. Joshi—p 79.

⁽⁶⁶⁾ If Liebnitz had remained consistent, he would have ended in atheism as does the Indian Samkhya philosopy which similarly makes the world consist of a multiplicity of eternal individualities. Schweitzer Ibid—p. 118.

পরবর্তী চিন্তানয়কগণ (৫৭) জগতের অগ্রগতিতে বিশ্বাসী ও আশাবাদী।
Fitcheর মৃলমন্ত্র "to bring the whole world of the senses under the soveriegnity of reason." তাঁর নীতিবাদ—কর্ম বারা বাস্তবজগতকে অধীনস্থ করা,—তার ফলে Fitcheর মতবাদ মামুষকে কর্মে উন্ধুদ্ধ করে জাগতিক উন্নতির পথ অগম ক'রে দিয়েছে (৫৮) Scheller (1759-1805) বলেন, মামুষের কান্তিবোধই (aesthetic sense) মামুষকে মানবধর্মী করে তোলে। Goethe (1749-1832) মনে করেন, প্রকৃতি একটা অকীয় সন্থা, মানবের জন্মেই প্রকৃতির স্কৃষ্টি নয়। Schleiermacher মনে করেন, জগৎ-কল্যাণই মামুষের কর্চব্য এবং সেই মঙ্গল-অমুসন্ধানই মানবজীবন, কিন্তু মামুষকে জগৎ-কল্যাণের উন্ধুদ্ধ করবার প্রথম পর্যায়ে বামুষকে আত্মসাধনায় মামুষ হ'তে হ'বে একথা তিনি বলেন নি। (৫৯)

Hegel নীতিবাদকে ইতিহাস বিচারের উপর প্রতিষ্ঠিত করেন। ইতিহাস বিচার প্রস্তুত যুক্তিখারা তিনি পরিবার, সমাজ ও রাষ্ট্রকে বিচার করেছেন। মান্তবের কর্তব্য সমাজ মঙ্গলের কাছে যেচ্ছায় আত্মদানকর', তার মাধ্যমেই মানব উন্নতত্তর জীবনের অধিকারী হবে। ব্যক্তি জীবনের জন্তে কোন নীতিবাদ তার নেই, ব্যক্তি ও ব্যক্তির সঙ্গে সম্পর্ক বিচারও তিনি করতে চাননি। তিনি নীতিবাদকে আত্মিক হৈচন্দ্রের উপর ক্রন্ত করেনেনি, মানবীয় বৃদ্ধির উপরেই প্রতিষ্ঠিত করেছেন। সেধানেও গ্রীক দর্শনের ব্যর্থতা নৃতন ক'রে দেখা দিয়েছে। মান্তবের মাঝে আত্মচেতনার উন্মেষ ব্যতীত সমাজ চেতনা আদা সম্ভব হয় না। (৩০)

এই যুগের Auguste Comte (1798-1857) এবং Jhon Stuart Mill (1806-1873) এর হিতবাদ, এবং পরার্থবাদী নীতিবাদ সমগ্র ইউরোপে বথেষ্ট প্রভাব বিন্তার করেছিল। শুধু তাই নয়, বিষমচন্দ্রের শেষজীবনে এবং রবীক্রনাথের প্রথম জীবনেও এঁদের যথেষ্ট প্রভাব দেখা যায়। তাঁরা বিশ্বাস করতেন, মান্তবের মধ্যে সহজ প্রবৃত্তিগত একটা সমাজবোধ আছে (Gregarious instinct) মান্তবের ভবিন্তং নির্ভর করবে মান্তবের অধ্যবসায় ও স্বৃত্তিমুক্ত কার্যপ্রণালীর উপর। বৃত্তি ও অধ্যবসায় বারা যদি মান্তবের হৃদয়গত মহত্তকে উম্নততর ও স্বৃত্তর প্রসারী ক'রে তোলা যায় তবে ভবিন্তং মানব সমাজ স্থী হবে। সমগ্র জগতের কল্যাণের প্রতি যদি ব্যক্তিও সমষ্টির শ্রহা জাগরিত হয় এবং এই শ্রহা যদি মান্তবের আত্মবাদের অন্ত্রানি ও পরার্থবাদের সংঘাতে সমাজজীবন অর্থ নৈতিক ও

⁽eq) Fitche (1762—1814) Fredrich Wilhelm Joseph Schelling (1715—1834) Hegel (1770—1831)

⁽⁴v) For according to him, the self is able to conquer the non-ego solely through its practical activity. Dr. N. V. Joshi—p. 143.

⁽⁴³⁾ He forgets that it is his first duty to be alone with himself and instead of being a mere human creature, to become a personality.—Ibid. Schweitzer p. 137.

^(%) Hegel has no ethics for individual. The deep problem of ethical self-perfecting and the relation between man and man does not concern him. When he does discuss ethics, he at once turns to family, society and state. Ibid—p. 143.

আত্মিক দিক থেকে পূর্ণতা লাভ করতে পারবে। এঁদের মতবাদ ভারউইন ও স্পেন্তরের প্রকৃতি বিজ্ঞানের বারা যথেষ্ঠভাবে সমর্থিত হওয়ার তথন এই হিডবাদ अवर भवार्थवामी नौजिवाम मम्य वित्य वित्यव श्रावा विद्यात करत । वाकि ७ नमाक কল্যাণকে তাঁরা সমস্তত্তে গেঁথে দিয়ে জাগতিক মদলের কথা চিন্তা করেছেন কিছ ভারউইন ও স্পেন্সার herd mentalityকে নীতিবাদ (ethics) ব'লে মনে করেছেন। স্বভাবপ্রবৃদ্ধি ও প্রবৃদ্ধিগত কর্ম ও নীতিবাদের পার্থকা তাঁরা বিচার করেননি। যদি প্রকৃতি থেকেই সমাজ পূর্ণতা প্রাপ্ত হত তবে নীতি ধর্ম অবান্তর ছয়ে যায়। যদি প্রকৃতিই পূর্ণতা দান করত তবে পিপড়ে বা মৌমাছির মতই ব্যক্তি সমাজে ডুবে বেত। (৬১) বেছাম ও আডাম স্মিথের পরার্থবাদের মাঝে একটা সরলতা ছিল। সমাজ ব্যক্তির সমষ্টি কিন্তু তা একটা স্থপরিকল্পিত সমষ্টি নয়, অতএব তাঁরা মনে করতেন ব্যক্তিকে পরস্পরের মন্দলের জন্ম উঘুদ্ধ করাই নীতি কিছ মিলের মধ্যে এই সরলতা নেই। স্পেন্সর ও মিলের বিজ্ঞান ভিত্তিক নীতি-বাদ এই দাবীকে আরও শক্তীভূত করে, তাঁরা বলেন,—Scientific ethics has to do only with the relation between individuals and organised society as such. অর্থাৎ গ্রীক দার্শনিকগণ যে ধারণা পোষণ করতেন তাঁরা বিজ্ঞানের ভিত্তিতে সেই স্থানেই এসে পৌছলেন। কিছু ব্যক্তিবাদ আত্মসাধনা ব্যতীত পরার্থবাদে পৌছায় না, বাহ্মিক চাপে বা বাহ্মিক নীতিবাদে তা হয় না,— ইতিহাসই তার প্রমাণ। (৬২) অহংপূর্ণ মাহুষের পক্ষে হৃদয়কে উদার ও বিশ্ব-জগতকে আপনার করে নিয়ে পরার্থবাদী হতে হলে, তাকে আত্মনাধনার মাধ্যমেই যেতে হবে, আধ্যাত্মিক সাধনা ব্যতীত এই মহন্ত ও উদারতা কোন নীতিবাদ বা সমাজবিত্যাই শিক্ষা দিতে পারে না। সমাজ, দেশ, ধর্মের গণ্ডির মধ্যে এই বিশ্বমানবতা বোধ খণ্ডিত হবেই। লোকস্থিতির নীতিই প্রকৃত নীতিবাদ নয়. সর্বজাগতিক মানবভা লাভের নীডিই প্রকৃত নীডিবাদ। (৬০)

পরবর্তী যুগে Karl Marx (1818—1883) ও Fredrich Engels (1820-1895) বৈজ্ঞানিক প্রণালীতে ইতিহাস ব্যাখ্যা ক'রে দেখান বে সভ্যতার ক্রম বিবর্তনের মধ্যে সমাজে পর্বায়ক্রমে দাসত্ব, সামস্কপ্রধা, আভিজ্ঞাত্য, ও প্রমম্ল্য এনেছে এবং পরবর্তী যুগ রাষ্ট্রায়ত্ত প্রমম্ল্যের যুগ। রাষ্ট্রায়ত প্রবাতী বুগ রাষ্ট্রায়ত প্রমম্ল্যের যুগ। রাষ্ট্রায়াত প্রবাতী বুগ রাষ্ট্রায়ত প্রমম্ল্যের যুগ। রাষ্ট্রায়াত প্রবাতী বুগ রাষ্ট্রায়ত প্রমম্ল্যের যুগ।

^(%) The social impulse which they put in the place of sympathy, which is assumed by Hume and Adam Smith, is set at a lower pitch than the latter and is correspondingly less calculated to explain real ethics. Ibid p. 153.

^(%) Scientific ethics undertake the impossible, namely to regulate altruism from out side. They try to drive water-mills without any head of water and to shoot with a bow which is but half bent. Ibid—153.

⁽we) Belief and conduct, rites and ceremonies, auothorities and dogma, are assigned to place subordinate to the art of conscious self discovery and conduct with desire. This distinctiveness of the Hindu religion was observed even by the ancients. Philostratus puts in the month of Apollonius of Tyna these words. "all wish to be in the nearness of God but only the Hindus bring it to pass". S. Radhakrishna—Ibid p. 21.

সভ্যতার ক্রমবিবর্তনের শেষ পর্বায়। মার্কস্ একটা বিশ্লেষণমূলক স্মারকলিপি আকারে বললেন—ব্যক্তি-সম্পদ দ্র করতে হবে, রাষ্ট্রই শ্রম ও শ্রমমূল্য নিয়ন্ত্রণ করবে। তাঁর Das Kapital একথানি Doctrinaire পুন্তক, তাতে অনেক সংজ্ঞা, অনেক তালিকা তিনি দিয়েছেন কিন্তু জীবনের গভীরে তিনি প্রবেশ করেননি। স্থইটজার বলেন, বর্তমানে সাম্যবাদের প্রভাবের মূল হেতু তার নীতিধর্ম নয়, জনগণের প্রগতির প্রতি অথগু বিশ্বাসের মাঝেই এর শক্তি এবং ঘটনাচক্তে এই শক্তি ও বিশ্বাস অনেকথানি এগিয়ে গেছে। হেগেলের অগ্রগতির প্রতি বিশ্বাস, যদিও ভিন্নরূপে মার্ক্সএর মাধ্যমে জনগণের বিশ্বাস অর্জন করেছে। অনেক সমাজত্ত্রবাদী অবশ্র এই অগ্রগতি বিশ্বকল্যাণকর হবে না মনে ক'রে সংশয় প্রকাশ করেছেন—কারণ এই সাম্যবাদ কেবলমাত্র বাহ্জগত্তের সম্ভার কথাই ভেবেছে, একটা নীতিধর্মগত আদর্শের ভিত্তির উপরে এই 'বাদ' গড়ে ওঠেনি। (৬৪)

সম্পদের সাম্য তথা ভোগের সাম্য থেকেই হাদয়ের সাম্য গড়ে উঠবে কিনা তথা ধনের সাম্য থেকে মনের সাম্য গড়ে উঠবে কিনা তার পরীক্ষা-নিরীক্ষা আজও চলেছে—ভবিশ্বং হয়ত একদিন সে কথার জবাব দেবে। তবে বাছিক চাপে মানব হাদয় কোনদিনই মহত্ব অর্জন করেনি, তার হাদয়ের বিভৃতি হয়নি এটা ঐতিহাসিক সত্য। তার অহং তার হাদয়ের উন্নতির চিরশক্র। আত্মসাধনা ও প্রজ্ঞাপ্রস্তুত প্রেমই হাদয়ের বিভৃতি দান করতে পারে, উপনিষদের 'ত্যক্তেন ভূজীপ' যে শিক্ষা দিয়েছে কেবলমাত্র তার মাঝেই হাদয়ের সমতা আসতে পারে। অহংকে বিদায় ক'বে, ব্যক্তিবাদকে ত্যাগ ক'বে তার উধ্বে যথন মানব মন যেতে সক্ষম হবে, তথন মনের সাম্য থেকেই ধনের বা ভোগের সাম্য আসবে স্বাভাবিক ও শাশ্বত হয়ে। (৬৫)

রাশিয়ার কাউণ্ট লিও টলন্টয় (1828-1910) বিভ্রখ্টের নীতিধর্মের শব্জিকে উনুক্ত ক'রে দেন। তাঁর অশীতিপর বয়সে তা'র 'Confession' সারা বিশ্বে সাদরে পঠিত হত। সহাহত্তি সম্পন্ন যৌথ প্রগতি চেটার জল্মে তাার চিন্তাধারা যথেষ্ট উত্তেজনার স্বান্ট করে, তবে বর্তমান যুগে, বর্তমান সমাজব্যবদ্বা ও শিল্পোন্থার বুগে বিশুর বাণী কী ক'রে কার্যকরী হতে পারে সে পথের নির্দেশ তিনি দিতে পারেননি। তবে নতুন ক'রে সহাহত্তি ও মানবভার বাণীকে তিনি ধ্বনিত করেন এ বিষয়ে সন্দেহ নেই।

Schopenhaur (1788-1860) এবং Nietzche (1844-1900) বিভিন্ন

⁽⁴⁸⁾ In the bosom of socialism itself thoughtful spirits like Edward Bernstein (1850 ··) and others, came to see that even the most effective measures taken for the social organisation of society can not succeed unless there is a strong ethical idealism behind them as their driving force. This was return to the spirit of Leasolle. Schweitzer—Ibid p. 161.

^(*4) Faith in conceptual reason is the logical counterpart of the egoism. which makes the selfish ego the deadliest foe of the soul. S. Radhakrishan—Ibid p. 25.

পথে যুগের ছনীতি ও অবিবেকিতাকে দ্ব করতে চেয়েছিলেন। কিন্তু তাঁদের মতবাদ মানব জীবনে যথেষ্ট প্রভাব বিস্তার করতে সক্ষম হয়নি। উভয়ের দর্শনই ব্যক্তিবাদের উপর প্রতিষ্ঠিত, সমাজ-দর্শনের অভাব ছিল উভয়ের মধ্যেই।

উনবিংশ 'শতকের প্রথম দিকে Anquetal Duperron ৫০ খণ্ড উপনিষদ কোনও পারস্থ অম্বাদ থেকে প্রথম লাটিন ভাষায় প্রকাশ করেন। সোপেনহাওয়ার উপনিষদ ঘারা যথেষ্ট প্রভাবিত হন, এবং ব্যক্তিগত ত্যাগকেই তিনি প্রশন্ততর নীতি ধর্ম বলে প্রকাশ করেন। এমন কি তিনি বিশ্বাস করতেন খ্রীইধর্ম ও ভারতীয় ভাবে উঘুদ্ধ এবং ভারত থেকেই উৎপন্ধ। যিশুখুই যখন জন্মগ্রহণ করেন তখন বৌদ্ধ ভাবধারা চীন থেকে মিশর পর্যন্ত ছিল, অতএব এই বিশাস অমূলক নয়। তাঁর "The World as Will and Idea (1819) গ্রম্থে তিনি ভারতীয় দর্শনের অম্বন্ধপ,—ত্যাগ অমুশীলন বিশ্বজনীন অমুভূতি, এবং সংসার মোহ ত্যাগকেই নীতিধর্ম বলেছেন। Kant, Hagel, Fichte, এবং Schleirmacher কেবলমাত্র দয়া ও মৈত্রীকে মাহ্যের গতির মধ্যে আবদ্ধ রেখেছিলেন, সোপেনহাওয়ার সেই গতিকে মানবেতর পর্যন্ত বিশ্বত ক'রে দিয়েছেন।

কিন্তু, এই সময় আশাবাদী পৃথিবী তার কথা শোনেনি, জানতেও চায়নি। পরবর্তী যুগে, ১৮৬০ এমনি সময়ে, লোকে তার কথা ভাবতে শিখলেও গ্রহণ করেনি। আশা ও ভোগবাদী ইউরোপ তার মতবাদকে প্রগতির পরিপন্থী বলে মনে করেছে। (৬৬)

নীটশে প্রথম সোপেনহাওয়ারের শিশ্বই ছিলেন পরে তিনি বৈজ্ঞানিক ভাবে হিতবাদের পক্ষপাতী হন। তাঁর মতে সমসাময়িক নীতিবাদ শক্তিহীনতার চিহ্ন। ভালমন্দ বলে যা এই নীতিবাদ প্রচার করে তার সবটা জীবনের অর্থ সম্বন্ধে গভীর চিম্বাপ্রস্ত নয়, বরং বেশীর ভাগ লোকের পক্ষে যাতে ব্যক্তি-উপকারী ও ব্যবহারিক জগতে প্রয়োজনীয় হয় তায় জক্তেই ভাল-মন্দের স্বষ্টি। চলতি নীতিবাদ মাহম্বকে তার ঐতিহ্ ও সংস্কারের অ্যোগে প্রবঞ্চনা করে মাত্র। তার মত ব্যক্তি জাগতিক জীবনে জীবনের যে অর্থ অম্বত্র করে তাই তার পক্ষে প্রহণীয় নীতিবাদ। মাহম্ম তার সজ্ঞান বিবেকের দারা জীবনের যে অর্থ গ্রহণ করে, এমন কি শক্তি ও ইন্দ্রিয় অংখকে আয়ন্ত করলেও তিনি নীতি মনে করেন। নীটশে চীনের আশাবাদী দর্শনের ইউরোপীয় সংস্করণ এবং সোপেনহাওয়ার ভারতীয় ত্যাগম্লক দর্শনের ইউরোপীয় সংস্করণ। (৬৭) পরবর্তী মুগের দার্শনিক চিম্বানায়ক, Henri Bergson (b-1880) Houston, Stewart Chamberlain (b-1855) ও Hermann

⁽⁶⁶⁾ Schopenhauer does not think the pessimistic world view in the great and calm manner of the wise men of India. He behaves under its influence like a nervous and sickly European. Schweitzer—Ibid—p. 170.

⁽⁶⁹⁾ Nietzche is a synthesis, appearing in European mentality of Lie-Tse, yang-Tse. It is only we Europeans who are capable of producing the philosophy of brutality—Ibid. 177.

Keyserling (b-1880), তাঁরা হয় পুরাতনের চিন্তাধারার মধ্যেই নতুনকে খুঁজেছেন, নয় সমগ্র জাগতিক একটা অমানবীয় নীতিবাদ খুঁজেছেন। কাইজারলিং বলেন জীবন তার নিজের মধ্যেই একটা উদ্দেশ্যমূলক বৈশিষ্ট্য অর্জন করে। জীবনে সেই বৈশিষ্ট্যের অভিব্যক্তির মধ্যেই জীবনের সার্থকতা, সেইজন্মে তাঁর মতে মহাপুরুষদের জীবনাদর্শ সাধারণ নীতির মানের উধ্বেহিওয়া আবশ্রক।

স্থটজার মনে করেন আজ বিংশ শতকে নীতিবাদ এমন একটা জায়গায় এসে পৌছেছে যে, জাগতিক ঘটনাচক্রে মানব-মন আজ সত্যিকার কোন নীতিধর্ম বা নৈতিক আদর্শবাদে বিশাস করতে অক্ষম এবং তার ফলে বাস্তব ও আধ্যাত্মিক সভ্যতা ভেকে পড়তে চলেছে। (৬৮)

আদিম যুগ থেকে মাহ্মষ দেহে ও মনে স্থী হতে চেয়েছে। প্রকৃতির বাধাকে অতিক্রম ক'রে, তাকে জয় ক'রে বিজ্ঞান-শক্তিতে শক্তিমান মাহ্মষ আজ জড়জগতে নিজের য়থ-সাচ্ছন্দ্যের সমারোহ আয়োজন করেছে, ভোগের উন্মন্ততায় আপনাকে উৎসর্গ করেছে কিন্তু তবুও মাহ্মষ স্থী হয়নি। শক্তিমদমন্ত মাহ্মষ পৃথিবী থেকে নিশ্চিক্ হয়ে যাবে এই আশক্ষায় আজ সে ভয়ে কাঁপছে। বিজ্ঞানীগণ একদিকে ভোগের উপকরণ জুগিয়েছেন, মাহ্মষের দেহের আয়ামের জল্পে অগুদিকে যুগে যুগে চিন্তানায়কগণ দর্শনের মাধ্যমে জভগতিশীল জড়জগতের সঙ্গে মন-জগতের য়য়্ঠ সম্পর্ক ও সামঞ্জ্য বিধান করতে চেয়েছেন। এতবড় শক্তিশালী ও উজ্জ্ব সভ্যতা আজ ধ্বংসম্থী ও ব্যর্থ হতে চলেছে কেন? তার হেতু বর্তমান সভ্যতায় জড় জগতের প্রগতির সঙ্গে মন-জগত তথা আধ্যাত্মিক জগতের সামঞ্জ্য বিধান হয়নি। তার ফলে ভারসামাহীন সার্বজনীন নীতিবাদের ভিত্তিহীন একটা প্রবল শক্তি ক্রভ এবং অতি ক্রভ বেগে অনিদিষ্ট দিকে লক্ষাহীন ভাবে ছুটেছে—এই গভিবেগ যে-কোন সময়েই সর্বধবংশী হ'য়ে উঠতে পারে এবং তা আজ হয়েছে। (৬৯)

পক্ষাস্তবে বলা যায়, অহংপূর্ণ মাহ্যের ভোগবৃত্তি বেড়েছে, ত্যাগবৃত্তির অফুশীলন হয়নি। দেহের চাহিদা ক্রমশঃ বর্ধমান, হৃদয়বৃত্তি নিশিষ্ট। হৃদয়ের স্থ্যুমার বৃত্তি, অমৃভৃতি ও মানবভাকে বাদ দিয়ে দেহের প্রয়োজনকে আমরা বড় করে দেখেছি।

চিন্তানারকগণের এই নীতিবাদ ও শিক্ষাকে আমরা উপেক্ষা করেছি।

^(%) Delivered over to events in an attitude of mind which is powerless, because it is entirely without any true and ethical ideal of progress, we are experiencing the collapse of material and spiritual civilization alike.—Ibid. 201.

^(%) To begin with, there is one elementary fact which is quite obvious. The disastrous feature of our civilization is that it is far more developed materially, than spiritually. Its balance is disturbed......Now come the facts to summon us to reflect. They will tell us in terribly harsh language, that a civilization which develops only on its materal side and not in corresponding measure in the sphere of spirit, is like a ship with a defective steering gear which gets out of control at a constantly accelerating page, and thereby leads for catastrophe. Ibid—p. 2.

জড়জগতের প্রয়োজনে, আমরা মন-জগতকে নিম্পিট ক'রে তাকে জটিলতর করে তুলেছি, সরল মামুষের ঘটেছে চিত্তবিকার।

একদিন এই ভারতের ত্রষ্টা ঋষিগণ ত্যাগ ও ভোগের তথা জড়ও আত্মার সামঞ্জ ক'রে সমাজ বিধান করেছিলেন। বর্ণাশ্রম ধর্মের মধ্যে একটা সামঞ্জ তাঁরা করেছিলেন (৭০) জড়বাদী পাশ্চান্ত্য তাকে উপেক্ষা করেছে। মাহ্রমের অহং, আত্মবাদ ও আত্মকেন্দ্রকতা হৃদয়ের এই দাবীকে অত্মীকার করেছে—তাই বিশ্বজ্ঞনীন নীতিবাদের প্রতিষ্ঠা তারা করতে পারেনি, হিন্দুদর্শন 'ত্যক্তেন ভূঞ্জীথ' আদর্শের মধ্যে এই নীতিবাদের ইন্ধিত করেছে। (৭১) জড়জগতের বৃদ্ধিপ্রত্ত জ্ঞানকে তাঁরা অবিভা বলেছেন,—পঞ্চেন্দ্রির ষড়রিপু পরিচালিত যে বৃদ্ধি, তার থেকে উভুত জ্ঞান প্রকৃত সত্য নয়, তা বিশ্বজ্ঞনীন কল্যাণে অক্ষম। প্রকৃতপক্ষে বৃদ্ধি বা কান্তিবাধে মাহ্রমের পাশবর্ত্তির সংকোচন করতে কোন কালেই সক্ষম হয়নি। মাহ্রমের যুক্তিবাদ ও বৃদ্ধি মাহ্রমের অযৌক্তিক কার্যকে নিয়ন্ত্রিত করবে এ আশা আজ তিরোহিত। জগতে আজ অধিকতর হিংসা, শোষণ ও নিষ্ঠ্রতা দেখা দিয়েছে। (৭২)

এই অবিছা, এই পাশব প্রবৃত্তি ও অহং থেকে মৃক্তি না পেলে মানবাত্মা জগত কল্যাণের উপযুক্ত হয় না,—জড় ও আত্মার সামঞ্জ্য হয় না। হিন্দুদর্শন 'মায়া' থেকে মৃক্তি পেতে উপদেশ দেন, তার অর্থ জড় জগত থেকে প্রয়াণ নয়, তাঁর অর্থ অবিছা প্রস্ত জড়জগতের মিধ্যা মূল্যবোধ থেকে মিজেকে মৃক্ত করা। তাঁরা বর্তমান জগতের স্থ্য হংথ থেকে বিমৃক্ত হয়ে পর জগতে স্থা কামনা করেননি, তাঁদের প্রার্থনা,—মিধ্যা থেকে সত্যে, জড়জগতের অল্কার থেকে আলোয়, এবং রিপ্টালিত মানব জীবনের মৃত্যু থেকে অমরত্ম লাভ করা। (১৩) আত্মিক সাধনায় প্রকৃষ্ট ও পূর্ণ মানবতা অর্জন করাই আমাদের সভ্যতার আদর্শ, মানব জীবনের আদর্শ।

প্রথমযুগে প্রকৃতি ও ধর্মীয় দর্শন মাহ্র্যকে সদগুণাবলী অর্জনের ঘারা আত্মিক উন্নতি সাধনের পথ দেখিয়েছে,—তার পরে মধ্যযুগে ধর্মীয় দর্শন ও ধর্ম-সংস্কার মাহ্র্যের হৃদয়বৃত্তির অহুশীলন সম্ভব করেছিল কিন্তু তথাপি মাহ্র্য মানবতা অর্জন করেনি, তার হৃদয়ের বিস্তৃতি ঘটেনি। তার অহং সদাজাগ্রত থেকে তার হৃদয়বৃত্তিকে সংকৃতিত করে রেখেছে। ধর্ম মানব মনে সংস্কার ও নীতির গণ্ডি ক্টি ক'রে তাকে

⁽¹⁰⁾ The Individual and the Social order in Hinduism-S. Radhakrishnan

⁽⁹³⁾ The attraction and tension which in Hindu thought govern the relations between world-and-life negation and ethics afford us glimpses into the problem of ethics for which western thought offers us no comparable opportunity. Schweitzer, Ibid—p. XIV.

⁽¹³⁾ Please see Foot-note-(83)

⁽৭৩) The religious soul does not seek; for release from suffering in the present life of a place in paradise in the next life. His prayer, in the words of Upanisad is:—"Lead me from the unreal to the real, lead me from darkness to light, lead me from death to immortality (অসভোৰা সন্প্ৰৱ, ভনগো বা জ্যোভিপ্ৰৱ, বিভাৱ বা অস্ভ্ৰ গ্ৰহ্ম) Ibid—p. 47.

কুদ ক'রে ফেলে, হাদয়কে সক্চিত ক'রে দেয় কারণ তা বাছ কিছ অধ্যাত্মিক বিছা মানবহৃদয়কে উন্নততর জীবনে পৌছে দেয়, হৃদয়বৃত্তির প্রসারতা দান ক'রে তাকে বিশ্বজনীন অহভ্তি দেয়। পৃথিবী এই অধ্যাত্ম শিক্ষা লাভ করতে পারেনি বলেই তার জড় সভ্যতা ব্যর্থ হতে চলেছে।

বেনেশা থেকে মাত্র নির্ভর করল তার পঞ্চেক্স্য-ষড়রিপু চালিত বৃদ্ধি ও যুক্তির উপর। যুক্তিবাদের ঝড়ে ধর্মীয় সংস্কার ও শিক্ষা উড়ে গেল, হুলয় উপেক্ষিত হল, দেহ বড় হ'য়ে জীবনকে জটিলতর করে তুলল। বৈজ্ঞানিক আবিষ্ণার ও উদ্ভাবনের শক্তি পুষ্ট হ'য়ে যুক্তিবাদ শক্তিশালী হ'য়ে উঠল, জড় জগতে দে শক্তি ও গতি লাভ করল। মানব চলল ভোগ বুত্তির দাস হয়ে অনির্দিষ্ট পথে। মাছুষের ष्यहर भूष्टिलां छ कत्रन, ष्याञ्चरात्मत्र ष्वय हन, छारात्रभर्यी भत्रार्थरान ष्यभरत्क्य हत्य राजन ভার বৃদ্ধি ও যুক্তিবাদের কাছে। কিন্তু মাতুষ ভূল করল, তারা জানল না ত্যাগ বুদ্তির শিক্ত কত গভীরে, বর্তমান জড়বাদী সভ্যতার এই ভয়াবহ ভুলই আজ জগতে ত্বংথ ও মানিকে পুঞ্জীভূত করে তুলেছে। (१৪) মামুষকে তথনই ধর্মপরায়ণ বলা যায় যখন সে হাদয়ের তাগিদে জাগতিক জীবনকে রক্ষা করতে সচেট হয়, এবং জীবনকে ক্ষতিগ্রন্ত করতে সংকোচ বোধ করে। পাশ্চান্ত্য ও ভারতীয় ধর্ম ও দর্শনের মধ্যে যে ভুধু ত্যাগগত ও ভোগগত পার্থকা বর্তমান তাই নয়। পাশ্চাত্তো দর্শন ও ধর্ম পুঁথিগতই হ'য়ে ছিল চিরকাল, তার সঙ্গে মানবজীবন ও সমাজের সংযোগ ছিল অতি কীণ, কিন্তু ভারতে ধর্ম ও দর্শন মানবজীবন ও সমাজের গভীরে প্রবেশ করে তাকে আত্মিক সাধনায় উদ্ধ করেছে। (৭৫) কাজেই ভারতীয় সমাজ, পরিবার ব্যক্তি, ব্যক্তি-সমন্ধ একটা স্বকীয়তা নিয়ে গড়ে উঠেছিল। মামুষের অহংবোধ ও আত্মবাদ ভারতীয় সমাজে ও পরিবারে মাথা চাড়া দিয়ে উঠে তাকে ছিন্নভিন্ন করতে পারেনি ততদিনই, যতদিন সে ছড় ছগতের উদ্দেশ পাশ্চান্তা সভ্যতার প্রভাব मुक हिन।

রেনেস'ার পর ইউরোপে এল শিল্প-বিপ্লব। বৈজ্ঞানিক আবিদ্ধার ও উদ্ভাবনে শক্তিলাভ ক'রে মানবের অহংও শক্তিপুই হল, সমাজ ও পরিবার ভেঙে পড়ল। অহংপুই মানব সমাজ পরিবার ছেড়ে আত্মবাদের নামে একাকী এসে দাঁড়াল নবগঠিত নগরে, সঙ্গে সজে এককজীবনে এল আদম্য ভোগস্পৃহা, হুদয়বৃত্তি সংক্তিত হল, যুক্তিবাদী আত্মবাদ পরার্থবাদকে, ত্যাগ ধর্মকে, অগ্রগতির পরিপ্ছী বলে ভ্যাগ করল।

⁽⁹⁸⁾ Inability to understand resignation and relations prevailing between ethics and resignation, is the fatal weakness of modern European thought. Schwietzer. Ibid—p. 227.

⁽⁹⁴⁾ Philosophy in India meant something to be realised and lived and not merely to be studied. "The knowledge of Brahman is not an understanding of panthetic doctrines such as may be obtained by reading. "The Sacred Books of the East" in an easy chair but a realisation in all senses of personal identity with the universal spirit, in the light of which all material attachments and fetters fall away".—Sir Charles Eliot—Hinduism and Buddhism—Vol 1 p. 75/Men and thought in Ancient India—Radhakumud Mukherjea—p. 17.

আদিম বর্বর মাহ্যব পাথরের বলম হাতে নিয়ে যেমন শিকারের পিছনে ছুটত নিবিড় অরণ্যে, মাহ্যের অহং তেমনি করে আর একবার ছুটল একাকী সম্পদ শিকারের পিছনে। নীতি, ধর্ম, প্রেম, হৃদয়, পরিবার, মানব সমাজ পড়ে রইল পিছনে। তুই শত বছর ধরে ছুটতে ছুটতে ত্যাগর্ভিহীন, বিশ্বজনীন নীতিধর্মহীন বর্বর মাহ্যব আজ এসে দাঁড়িয়েছে বিংশ শতকের মধ্যখানে,—ভোগ্য শিকার হাতছাড়া হ'য়ে গেছে তার, একক হৃদয়ে নিদাকণ নিরাশার ভার নিয়ে আকাশের দিকে সে চেয়ে দেখছে—নিবিড় অরণ্যে ঘনিয়ে এসেছে সন্ধ্যা, তার পিছনে আসছে প্রলয়হ্বর তুবার ঝঞা।

ভাগধর্ম ও আত্মনাধনার উপরে প্রভিষ্ঠিত ভারতীয় সমাজ ও পরিবার গড়ে উঠেছিল বহুসম্ব্রুবিশিষ্ট হয়ে, বিঘান-মূর্য, ধনী-দরিক্র, রাজা-প্রজার মাঝে সংযোগ ছিল হাদয়ের—ব্যক্তিকল্যাণ সামগ্রিক কল্যাণের সাথে হাত মিলিয়েছিল, জড় জগত আত্মিকজগতের সঙ্গে সামগ্রুত্র রক্ষা করেছিল। কিছু ভারতের ভাগ্যে এল উপর্যুপরি বৈদেশিক আক্রমণ,—রাত্য হল ভার সমাজ ধর্মনীতিবাদ। উনবিংশ শতানীতে ত্যাগের ভিত্তির উপর প্রতিষ্ঠিত সংস্কার ও লৌকিক আচ্যার জীর্ণ বিরাট ভারতীয় সমাজ সোধ কোনমতে দাঁড়িয়েছিল ভিত্তির উপর নির্ভ্র করে, এমন সময় এল পাশ্চান্ত্য জগত থেকে বৈজ্ঞানিকশক্তিপুষ্ট অহংবাদ পরিচালিত হাদয়-হীন জড় সভ্যতার বিরাট প্রাবন। পুরাতন জীর্ণ সমাজ-সৌধ ভেঙে পড়তে লাগল ধীরে ধীরে — অসহায় ভারতীয় মাহুষ ভেসে চলল সেই প্রাবনের জলে। আত্মবাদের এই প্রাবন যথন বাংলার ঘরে ঘরে প্রবেশ করেছে, মানবহাদয় ভেসে চলেছে সেই প্রোত্তে—অথচ পুরাতন সৌধ সম্পূর্ণ ভেঙ্গে পড়েনি ঠিক সেই সন্ধিকণে, এই পটভ্রিকায় জন্মগ্রহণ করেছিলেন স্বয়ংসম্পূর্ণ প্রষ্টা শরৎচক্স।

প্রতিভাবান বৃদ্ধিমান মাহ্ম্য জানে জাগতিক আনন্দ একক লভ্য নয়, তা সামগ্রিক। বর্বর যুগ থেকে মাহ্ম্য জানে সামগ্রিক কল্যাণ ব্যতীত ব্যক্তি কল্যাণ সম্ভব নয়, যুক্তি বারা বৃদ্ধি বারা এ কথা মাহ্ম্য প্রমাণ করেছে, জনগণকে বৃদ্ধিয়েছে তথাপি মাহ্ম্য জীবনে তা গ্রহণ করেনি। ধর্ম-দর্শন পথ দেখিয়েছে। কাব্য সাহিত্য শিল্প তার হৃদ্য-বৃদ্ধি তার সহাহ্মভৃতিকে সচেতন করে সংবেদনশীল করতে চেয়েছে, মানব হৃদ্যকে আঘাতের পর আঘাত করে জাগ্রত করতে চেয়েছে ক্লি নিজিত, মোহাছের অহংএর নেশায় অচৈতক্ত মাহ্ম্য জাগ্রত হয়নি—কিল্প কেন?

মানবের চিত্তবিকার ঘটেছে। বিকারগ্রন্থ মাহুবের মন জীবনকে, জগতকে, ব্যক্তিকে, সমষ্টিকে উপযুক্ত মূল্য দিতে শেংধনি। সম্যকভাবে জীবনকে উপলব্ধি করতে পারেনি। আদিম মাহুৰ যখন প্রাথমিকভাবে প্রকৃতিকে জয় করে নদীতীরে ঘর বেঁধে সমাজবদ্ধ হয়ে বাল করতে শুক্ত করল-সেইদিনই তার মধ্যে তার আত্মবোধ জাগ্রত হ'য়ে উঠল। সংশ ব্যক্তিতে-ব্যক্তিতে ব্যক্তিতে-সমাজে, মনে-প্রকৃতিতে, ভোগে-ত্যাগে, আত্মবাদে ও পরার্থবাদে সংঘাত এসে দেখা দিল। মাহুবের সহজ্প প্রবৃত্তি বাধাপ্রাপ্ত হল। সংঘাতে সংঘাতে, মানব মনের সহজ্পপ্রবৃত্তি স্বতঃক্তি প্রকাশের অভাবে বিক্রেগ্রন্থ হল। অজ্ঞান মনের আশা-আকাজ্যা আহত হয়ে

নিঃজ্ঞান মনে প্ৰিয়ে থাকলো ছদ্মবেশে। ছদ্মবেশী আহত এই মনোবেদনা ক্রমাগড সজ্ঞান মনকে পীড়িত করে তাকে করল বিকারগ্রন্ত, ব্যাধিগ্রন্ত। ব্যাধিগ্রন্ত মানব-মন তাই আজ জড় জগতের এই বিলাসব্যসন, তুর্জয় শক্তি আয়ত্ত করেও, পৃথিবীকে পদদলিত করেও মৃক্তির জ্রন্ত কাদছে। উজ্জ্বল এই সভ্যতার অন্তরালে মানব-মন ক্রমাগত কাদছে মৃক্তির জ্রেল—বেদনা-ব্যাকুল ব্যাধিগ্রন্ত চিন্ত্রিকারগ্রন্ত এই মানব-মনকে মৃক্তি দেবে কে? বাহ্নিক কোন শক্তি কোন সম্পদই এই বিকারগ্রন্ত মানবাআবে বন্ধন মৃক্ত করতে পারবে না, যদি না মানবাত্মা নিজের চেষ্টায় আজ্মনাধনায় আপনাকে মৃক্ত করতে পারে।

মাহ্য যদি কোনদিন আত্মসাধনায় এই ব্যাধিমুক্ত হতে পারে, আত্মিক শক্তিতে শক্তিমান হয়ে অবিভাপ্রস্থত অহংবাদকে ত্যাগ করে চিন্তবিকার দূর ক'রে জীবন ও জগতকে প্রকৃত মূল্য দিতে শেখে তবে সেই দিনই তার মুক্তি, সেই দিনই মাহ্য পূর্ণ মানবতা লাভ ক'রে জগতকে কল্পনার স্বর্গভূমিতে পরিণত করতে পারবে। (৭৬)

ষদিও অধুনাতন পণ্ডিতগণ এই আত্মসাধনা বা নীতিবাদকে সমাজাবভার অন্তর্ভুক্ত ক'রে সমাজব্যবস্থা করতে চেয়েছেন,—তথা সামগ্রিক কল্যাণের পরিকল্পনা করেছেন, তথাপি একথা স্পাই বে সমাজব্যবস্থা ও লোকস্থিতির সঙ্গে এই আত্মসাধনা, বা অধ্যাত্ম চেতনার সংযোগ অতি ক্ষীণ। অধ্যাত্ম সাধনার দ্বারা সমাজকল্যাণ সন্তব কিন্তু সমাজব্যবস্থার মাধ্যমে আত্মিক উন্নতির পথে অগ্রসর হওয়া প্রায় অসম্ভব। (৭৭) অর্থাৎ জড় জগত ও বাহ্ন জগতের চাপে, বাহ্নিক শিক্ষায় মানব-মন আত্মচেতনা লাভ করে না,—আত্মচেতনা লাভ আধ্যাত্মিক সাধনা সাপেক্ষ। পাওয়ার আনন্দ থেকে দেওয়ার আনন্দ যে অনেক বেশী একথা ব্রুতে হলে মাম্বকে আত্মিক সাধনা করতে হবে। দেওয়ার আনন্দকে চিনতে হলে তাকে ভোগাতীত জীবনের আনন্দকে উপলব্ধি করতে হবে। হৃদয়কে প্রসারিত ক'রে মাম্বকে ভালবাসতে হবে।

⁽⁹⁴⁾ Ignorance is in the centre of the soul, has become connatural to it, and it must be burned in the fire of knowledge and annihilated. The complex in the unconscious must be broken up. The passions and imperfections, which are as old as Adam are confounded with our very selves. S. Radhakrishnan.—

Ibid—p 51.

⁽⁹⁹⁾ Moral philosophy should be satisfied with nothing less than an economic and political structure which makes possible the realisation of at least some of its own large scale ideas. If philosophy accepts basically malformed society as a norm, it can rightly be accused of being either defeatist or obtuse. Philosophy and the Social Order. George R. Geiger—p. 220.

⁽¹⁹⁾ The collapse of civilization has come about through ethics being left to society. Schweitzer-Ibid-p. 263.

सावव-िक्षावका

সভ্যতার অগ্রগতির সন্দে সন্দে মানবজীবনও জটিলতর হয়েছে—জটিল হরেছে তার চিস্তাধারা। বৈজ্ঞানিক আবিকার ও উদ্ভাবন আর তার সন্দে ক্রমবর্ধমান ভাগলিলা মাহ্ববে প্রকৃতি থেকে ছিনিয়ে এনে ক্রন্তিমতার মায়ে উপন্থিত করেছে। বর্বর মুগের সংগ্রামে মাহ্বের সহজ প্রবৃত্তি-সংকোচ ঘটেনি, কিছু এই সমাজ-নীতিব্রু মাহ্বের পক্ষে প্রবৃত্তি সংকোচ অনিবার্ধ। সভ্যতা ও শিক্ষা অর্থেই মাহ্বের আদিম প্রবৃত্তি-সংকোচ। সহজ প্রকৃতিকে দমিত ক'রে তাকে সামগ্রিক কল্যাণের উপযোগী করাই ধর্ম, নীতি, দর্শন, শিক্ষা, সাহিত্য ও চাক্ষকলার মূল উদ্দেশ্র। অভএব সভ্য মাহ্ব মাত্রেই চিত্তবিকারগ্রন্ত। পৃথিবীতে স্বধানি পাগল লোকও নেই, স্বথানি মানসিক দিকে ক্ষু ব্যক্তিও নেই। অবশ্র যে স্ব্রাক্র্যরা হ্যেছেন তাঁরা আমাদের পৃথিবীর মাহ্বৰ ন'ন।

মানবের এই চিত্তবিকার সমন্ত্রীয় যে মনোবিছা অধুনা প্রতিষ্ঠা লাভ করেছে, তার বয়স যথেষ্ট না হলেও তা আজ শক্ত ভিতের উপর দাঁড়িয়েছে। ক্রয়েছই বর্তমান মনঃসমীক্ষণের প্রতিষ্ঠাতা। বদিও অনেকে তাঁর সঙ্গে একমত নয় তথাপি বলা বায়, মূল মনের গঠন ও ক্রিয়া সম্বন্ধ তাঁদের মতভেদ বেশী নয়। বিভেদটা বেশী মনঃসমীক্ষণের প্রণালীর মধ্যে। (৭৮)

মানসিক ব্যাধি সম্বন্ধে বহু প্রাচীনকালেই পণ্ডিভগণ সচেতন হ্রেছিলেন।
১০ খ্: প্: সময়ে হিপোক্রিটাস্ বৈজ্ঞানিক ভাবে মানসিক ব্যাধির বর্ণনা করেছেন।
১০ খ্: আ: Arelacus মানসিক ব্যাধির ভেষ্জ চিকিৎসা সম্বন্ধ গবেষণা করেন

ববং ১৬০ খ্: আ: Galen এ বিষয়ে আরও কিছুটা অগ্রসর হন। বর্তমান মুর্নের

ার্মানীর Heidelberg বিশ্ববিভালয়ের Kraepelin থেকেই বর্তমান মনোবিভার

চনা। ১৮৭০ সালে Dr. Mesmer, Mesmerism বা Hypnotism এর

বিকার করেন। মানসিক ব্যাধি চিকিৎসার পরবর্তী খুগে এই প্রক্রিয়াটির ম্বেট্টা

বহার হ্রেছে। ১৮৮০ সালে এখানকার অধ্যাপক Heinrich Erb বৈত্যুতিক
ক্ বারা চিকিৎসা আরম্ভ করেন এবং কিছুটা সক্ষলকামও হন। ব্লিও বর্তমানের
নাবিদ্যাণ বৈত্যুতিক চিকিৎসার উপর আস্থাবান নয়। (১০)

यत्नोविष्णार्गत व्यत्नक जन्नहे माधात्रागत शाक्क शहरायां मा वा विष्

^(%) The name psycho-analysis properly belongs to Freud but in general 19 the "Analytic psychology" of Jung and the "Individual Psychology" of Adler 2 varieties of psycho-analysis both as methods of neurological treatment and psychological theories. Freud insists however that both Jung and Adler read 2 maselves, out of psycho-analysis by rejecting the paramount importance of sex sire in neurosis and in life generally. Contemporary Schools of Psychology.— S. Woodworth—p. 142

^(%) I do not hesitate to say that I have never seen a case that was cured such means (electric shock). Freud's Principles of Psycho-analysis—A. A. ill—p. 5.

ক্ষমেড কী ভাবে এই মন:সমীক্ষণের সিদ্ধান্তে এসে পৌছলেন তার ইতিহাস কৌত্হলপ্রদ। তিনি ১৮৫৬ সালে ভিয়েনাতে জন্মগ্রহণ করেন, এবং সেখানেই বসবাস করতেন। ডাজারী পাস করে ছয় বংসর ফিজিওলজিতে গবেষণা করেন এবং ১৮৮১ সালে হাসপাতালে চাকুরী প্রহণ করেন। এই সময়ে তিনি মানসিক ব্যাধির প্রতি আক্কুই হন এবং ডাঃ জোসেফ্ ক্রয়ারের (জঃ ১৮৪২) সঙ্গে কাজ করতে আরম্ভ করেন।

এই नमत्त्र भाति भहत्त Dr. Charcot मानित्रक वाधि, हिन्छितिश নিউরসিস প্রভৃতি চিকিৎসায় যথেষ্ট খ্যাতি অর্জন করেন। ডা: ফ্রয়েছ ১৮৮৫ সালে তাঁর কাছে গিয়ে শিক্ষা লাভ করেন। ডা: Charcot রোগীকে হিপ্নটাইজ ক'রে তাকে রোগের বিপরীত একটা Suggestion করতেন। রোগী কিছুদিন ভাল থাকত কিছ তার পরে আবার রোগের প্রাত্তাব হত। ফ্রয়েড সেই সময়ে Charcot এর নিকট জানতে পারেন, প্রায় সমস্ত নিউরোসিসের রোগীই ষৌন বিকারগ্রন্থ। ফ্রন্থেড ভিয়েনায় ফিরে এসে চিকিৎসা শুরু করলেন কিছ Charcot এর প্রণাদীতে স্থা হতে পারলেন না এবং বুঝলেন সেটা প্রকৃত পথ নয়। এমন সময় একটি যুবতী চিকিৎসার্থ এল, তার ভান বাছসন্ধিতে বেলনা—বেলনার প্রত্যক্ষ কোন লক্ষণ নেই অথচ এত বেদনা যে, সে হাত তুলতে পারে না। ডা क्षत्रात ७ क्रद्मरण्य किकिश्नाय कान का का ना। ज्थन जाँदात नत्मर रूप्या ভাকে হিপ্নটাইজ করতে চেষ্টা করেন কিছ তাঁরা সফল হলেন না। তথন ফ্রান্সের Nancy School সকলকেই হিপ্নটাইজ করতে পারেন বলে দাবী করতেনা क्राविष्ठ (वाणिनीतक निरव त्मथात Mr. Bernheim এর निकं । शासन, তিनि ভাকে হিপু নটাইছ করতে পারলেন না। হতাশ হয়ে ক্লয়েড ফিরে এলেন--কিৰ রোগিনী বাবে বাবে বলত, তাঁরা বদি তার কথা শোনেন তবে হয়ত রোগ সারতে পারে। কৌতৃহলী ক্রয়ার ও ক্রয়েড তাকে তার কাহিনী বলতে অস্থমতি করেন त्त्रांत्रिनी शोर्ष अर क्षेत्र काहिनी विवृक्त करत । तरक्ता पठेना अहे :- जात्र कीवत्न একটি প্রণয় ঘটেছিল, ছেলেটি তার সহপাঠী কিন্তু গরীব। বিবাহ করা সম্ভব হয় না

মেরেটি আশা করেছিল চাকুরী পেলে সে বিয়ের প্রস্তাব করবে। ছেলেটি ভাল চাকুরী পেরে তালের ওথানে বেড়াতে এল। সকলেই আশা করেছিল এবার সে প্রস্তাব করবে কিছু সে করল না। যাবার দিনে বিদায় সময়ে সে রোগিনীর ডান বাহসদ্বিতে চাপ দিয়ে বিদায় নিয়ে গেল। এই বেদনাদায়ক ঘটনা রোগিনী বর্ণনা ক'রে শেষ করতেই দেখা গেল তার হাতের বেদনা সেরে গেছে। এই ঘটনা থেকে তারা সিদ্ধান্তে এলেন—প্রথমতঃ মানসিক শক্তি দৈহিক শক্তিতে পরিবর্তিত হতে পারে, ঘিতীয়তঃ অস্তরের নিশিষ্ট আকান্ধাকে মৃক্ত ক'রে দিতে পারলে মানসিক তথা দৈহিক ব্যাধি আরোগ্য লাভ করে। (৮০)

অতি সংক্ষেপে বর্তমান মনোবিছার সিদ্ধান্ত এই:—ক্রয়েভ মানব-মন তিন ভাগে ভাগ করেছেন—চেতন, অবচেতন ও অচেতন। তুলনা বারা বলতে গেলে সদর ঘর চেতন মন, অবচেতন মন পর্ণার অস্তরালের ঘর এবং অচেতন মন অব্দর মহল। চেতন মন আমরা জানি, অবচেতন মনের কথা আমরা চিস্তা করলে জানতে পারি কিন্তু অচেতন মন আমাদের অজ্ঞাত।(৮১) প্রকৃতপক্ষে আমাদের চেতন মন একটি অন্থভ্তির মাধ্যম মাত্র, আমাদের চেতন কর্মের নম্ন ভাগের আট ভাগই অচেতন মন বারা পরিচালিত।(৮২)

অচেতন মনের বারে Psychic Censorship নামক প্রহরী দাঁড়িয়ে আছে, আচেতন মনের চিন্তা আকাজ্জা এই প্রহরীর শাসনে রূপান্তরিত বা বিক্বত হয়ে দেখা যায়—এই বিক্বতি চেতন মনের কর্মে এসে দেখা দেয়। মাহুষের প্রবৃত্তিগত কামনা ও বাসনা সম্প্রতবের সরীস্পের মত মনের গহনে কিলবিল ক'রে বেড়ায় এবং তার আলোড়ন আমরা প্রত্যক্ষ করি সচেতন কর্মের মাঝে—সচেতন কর্ম নিয়ম্বিত হয় এই গহনের আকাজ্জা বারা। পাঁচ-ছয় বছর বয়সের পূর্বেই এই অচেতন মন গঠিত হ'য়ে যায় এবং বয়সের সঙ্গে বাল তা বেড়েই চলে, এবং সচেতন কর্মকে চালিত করে। কিন্তু মনের কতকগুলি স্বাভাবিক প্রক্রিয়ার বারা তথা সেফটি ভালভ্ বারা এই অবচেতন কামনা নিয়্তাত হ'য়ে যায় বলেই মাহুষ সকলেই পাগল হয়ে যায় না। অবক্র কামনাই মনকে বিকৃত করে।

এই নিকাশন প্রক্রিয়াগুলি মনের স্বাভাবিক ধর্ম—যথা, Rationalisation, Projection, Identification, Sublimation, Dreaming, Day-Dreaming ইত্যাদি। সাধারণভাবে "we unconsciously run away from distressing

⁽vo) It was after careful study and observations of such cases that the idea was postulated first, that one can convert psychic energy into physical manifestation; second that a cure is effected by bringing the submerged painful experience to consciousness, thus releasing the strangulated desire. Ibid—p. 10.

^{(&}gt;>) ...but the unconscious is incapable of consciousness without external aid. While the fore-conscious can reach consciousness after it 'fulfils some conditions. Ibid—p. 12.

^(**) We maintain that eight-ninths of all our actions are guided by our macious and consciousness as such is nothing but an organ of perception. Ibid—p. 12-13.

thoughts: we say we wish to forget these" (৮৩) এই প্ৰক্ৰিয়াওলি প্ৰক্ৰুতপ্ৰেড্ডলবার পথ।

আমরা যথন কোন কুকাজ করি তথন অভাবতঃই বিবেকের দংশন অন্তত্ত্ব করি এবং যুক্তি থারা মনে মনে এই কুকাজকে সমর্থন ক'রে এই কাঁটা তুলে কেলতে চাই—এই মনন ক্রিয়াকেই Rationalisation বলে। আমরা যা চাই অথচ পাই না, তার বেদনাকে আমরা ভূলতে চাই, তাই আমাদের ইচ্ছাকে আমরা অস্তের উপর প্রক্ষেপ করি এবং আঅপ্রসাদ লাভ করতে অক্তের উপর আমাদের ইচ্ছাকে চালাই। এই প্রক্ষেপ ক্রিয়াকে Projection বলে। আমরা যথন মনোচ্চগতে কোন চরিত্রের সক্ষে একীভূত হই, যেমন উপস্থাস পাঠকালে নায়কের সঙ্গে নিজেকে একীভূত করি, তথন এই মনন ক্রিয়াকে Identification বলে। যৌন কামনা উর্জে মুখী হ'রে যথন সমাজকল্যাণ্মূলক শিল্প সাহিত্য দর্শন সৃষ্টি করে, তথন তাকে বলা হয় Sublimation. আকাজ্যিত বস্তকে আমরা যথের মাঝে পেতে চাই, কিন্তু ইন্সিড বস্তকে পাই না, তাকে Psychic censor থারা রূপান্তরিত ক'রে পাই। কতকগুলি Symbol অচেতনমনের সন্ধান দেয়, সেইজন্তে স্থপ্ন বিশ্লেষণ মনঃসমীক্ষণের একটি বিশেষ অন্ত্র। মনে মনে আমরা সকলেই আকাশ কুসুম ভাবি; এবং তার মাঝে সান্থন। লাভ করি। এই আকাশ কুসুম চিম্ভায় আমরা হংগকে ভূলি এবং ইহাই দিবা স্থা। (৮৪)

কিন্তু এই সকল উপায়ে মান্থবের নিপীড়িত ইচ্ছা (strangulated desire) ব্যন নিকাশিত হয় না, তথন তা Hysteria, Mania, Obssession, Insanity Complex ইত্যাদি মানসিক ব্যাধির স্বষ্ট করে। প্রকৃত স্বস্থ ব্যক্তি জগতে থাকা সম্ভব নয় কারণ সভ্য জগতের সংস্কার—নীতি, সমাজ, শিক্ষা—সহজ প্রবৃত্তির প্রকাশের পথে নানা inhibition (বাধ) স্বষ্ট করে এবং তার ফলেই মানব মনের বিকৃতি। আর এই মনের বিকৃতির মাঝে আমরা প্রায়শ্চিত্ত করি আমাদের এই সভ্যতার। (৮৫)

ত্ব' একটা ক্ষুত্র কাহিনী ধারা কী ক'রে এই বিক্তৃতি আমাদের জীবনকে পরিচালিত করে, তা হয়ত একটু পরিকার করা যাবে। প্রথম জার্মান যুদ্ধের সময় জনৈক ডাক্তার গোলাবর্ধণের সময় Dug-out থেকে ছুটে বেরিয়ে আসতেন, অথচ যুক্তি ধারা তিনিই বলতেন, বাইরেই আহত হওয়ার ভয় বেলী। মন:সমীকণ ধারা

⁽vo) Ibid-p. 10.

⁽৮৪) লেখকুড উপক্তাস 'বিবস্ত্রমানব' এর ভূমিকা।

⁽vt) The inhibitions that are imposed upon us by society are so strong and exacting that we revert ourselves to the age-old conclusion that honesty is the best-policy. ... Nevertheless there is no doubt that civilization with its manyfold inhibitions and prohibitions makes it indeed very difficult for us to live... That is the price we pay for civilization. Sometimes the injustice heaped upon a predisposed individual is so great and overwhelming that as his deeper sense of morality stays his rash hand from some criminal act, he becomes neurotic and sometimes he goes even further, he becomes psychotic. Ibid—p. 22.

পাওয়া বার, তিনি বাল্যকালে কোন এক লোকানে পুরাতন বাতল বিক্রি করতে যান। ত্রিং এর লরজা, তার পালে স্বরাদ্ধকারে একটা ব্লজগ বাঁধা থাকত। ক্রিয়ার সময় ব্লজগটি ইাক্ডাক করতে ভক করে এবং প্রিং এর লরজা তিনি প্লতে কা পেরে ভর পেরে যান। তার ফলে বছতার সঙ্গে ভয়ের একটা সংযোগ বা association তাঁর অচেতন মনে বাসা বাঁধে। তাই বছতার মধ্যেই তাঁর জর হত বেশী, যুক্তি ঘারা সে ভর দ্রীভৃত হয়নি, মানসিক চিকিৎসা ঘারা হয়েছে। Association প্রক্রিয়াটা একটা পরীক্ষার ঘারা বোঝা যায়। কোন একটি ক্রেড় বছরের বালক গিনিপিগ পূব ভালবাসত এবং তাই নিয়ে ধেলা করত কিন্তু বছরের বালক গিনিপিগ পূব ভালবাসত এবং তাই নিয়ে ধেলা করত কিন্তু সে তাঁর শব্দে ভর পেত। যথনই সে গিনিপিগ ধরতে যেত তথনই খুব জাের ঘন্টা বাজিয়ে দেওয়া হত। কিছুদিন বাদে কেথা সেল, শব্দ ব্যতীতই সে গিনিপিগ দেখলে কাদে অর্থাৎ এইভাবে সে conditioned হ'য়ে গেল। এথানে শব্দের ভয়টা গিনিপিগের সঙ্গে সংযোজিত হ'য়ে গেল। এমনি ক'রে অচেতন মনে নানা রূপ বিক্রতি ঘটতে পারে এবং সেই বিক্রতি নিয়েই মানব সমাজ। ত

क्राराष्ट्रीय बाताविष्णा प्रवेषि महक श्रेष्ठिक चाषि वाल बात करवत। বাঁচৰার প্রেরণা ও বংশ সৃষ্টির মধ্যে বেঁচে থাকা (self preservation এবং self procreation)। अ छ'णित यापा क्षेत्रमणित विकृष्ठि घणित ऋषां भव विने तिहे. विकीयि वर्षा (योनवृष्ठिहे (sex) दिनी विकृष्ठ हव। वर्षा मताविकादाव मृतन जिति स्वीन विकृतिक शिथा व रहन । किन Adler 9 Jung sex पत्र श्रीभाग्रदक चौकांत करतन ना। Wilhelm Stekel, Fritz Wittels, Alder & Jung করতেন, ফ্রন্থেড বৌনবুদ্ধির উপর খুব বেশী জোর দিয়েছেন। (৮৬) Adler ভিন্ন মত পোষণ করতেন, তিনি মনে করতেন জীবনের পরাজ্য-মনোবৃত্তি থেকে মনোবিকার হতে পারে। এঁরাও স্বপ্ন বিশ্লেষণ ক'রে অচেতন মনের অবস্থা নির্ণব করেছেন তবে তিনি তা অতীতের সঙ্গে যুক্ত ক'রে দেখেননি। C. G. Jung (छ: ১৮११) क्वतिराय लाक। जिनि योन वृष्टिव छैनत विरमय स्वात समनि। जिति वर्णन छोवत will-to-live हे शांधितक श्रविष्ठ धवर sex विछोत्। धरकराव ডিনি মনে করেন, জীবনের বাধা সরিয়ে ছিলে শৈশবের কল্পনা ভেলে যায়, অভএব তিনি নিউরোসিসের কারণকে অতীতের সলে যোগ না ক'রে বর্তমানের সলেই সংযুক্ত করেন। (৮৭) ক্রায়েড স্বপ্ন ও নিউরোসিসকে বৌনবভির বারা ব্যাখ্যা করেন,

⁽ve) Alfred Adler (b-1870) started rival group of psychology called "Individual psychology". Adler had apparently believed from the start that Freud was over emphasising sexuality......Fundamental fact in Neurosis was a feeling of inferiority, Contemporary Schools of Psychology—R. S. Wordworth p. 172.

⁽v) Take away the obstacle in the path of life and the whole system of infantile phantasies at once break down and becomes again as inactive and ineffective as before...Therefore I no longer find the cause of the neurosis in the past but in the present—Jung. Ibid—p. 180.

এবং অ্যান্তলার will for power বারা ব্যাখ্যা করেন। ইউও এই ছুইটির সামশ্রত ক'রে তাদের নাম দেন অন্তর্মুখী (introvert) এবং বহিমুখী (extrovert)। (৮৮)

মনোবিভার ভাটলতা নিয়ে আলোচনা নিরর্থক। তবে একথা সকলেই বীকার করেন, অচেতন মনের বারা চেতন মনের কার্য প্রভাবিত হয়। আমাদের চেতন মন, তার পছল্প-অপছন্দ, চাওয়া-পাওয়া, মনের কাঠামো সবই অচেতন ও অবচেতন মন বারা নিয়ন্তিত,—বার উপর আমাদের যুক্তি ও বৃদ্ধির প্রভাব খ্ব বেশীনয়। তার কারণ আমাদের যুক্তি ও বৃদ্ধি এই অচেতন মন বারা প্রভাবিত। উপনিবদের ভাষায় বাকে বলা বায় অবিছা-প্রস্ত। মানবের super-ego বা বিবেকশক্তির মনন হয়ত এই অবিছা-প্রস্ত যুক্তি ও বৃদ্ধিকে সড্যের পথে চালিত করতে পারে। অর্থাৎ রাধাকৃষ্ণণের ভাষায় বলা বায়, আত্মসাধনার বারা লব্ধ প্রজ্ঞাবার এই অচেতন মনের বিকৃতিকে তেকে সত্যকে দেখতে শেখাই মানবতা।

রাধাকৃষ্ণ বলেন,—"There is only one ideal for man, to make himself profoundly human, perfectly human." (p. 35) স্ইটজার বলেন,—"To be civilised men means for us approximately this: that inspite of the conditions of modern civilization we remain human. It is only taking thought for everything which belongs to true human nature, that can preserve us amid the conditions of the modern advanced external civilization, from going astray from civilization itself." (p. 270) অবিছা-প্রস্ত বৃদ্ধিনীয় যুক্তিবাদের উধে প্রকৃত সভ্যকে জানাই মানবভা, অথবা মনোবিকারের গণ্ডিকে অভিক্রম ক'রে প্রকৃত আত্মসন্থাকে জানাই মানবভা। এই মানবভাকে জানতে, ব্যুভে বা আয়ন্ত করতে যা আমাদের সহায়ক ভাই সভ্য, শিব ও স্করে। যে দর্শন, নীভি, সাহিত্য, কাব্য বা শিল্পস্থি আমাদের এই মানবভা লাভের সহায়ক ভাই প্রকৃত, এবং যা মানবভা লাভের পরিপন্থী ভা অসভ্য ও অপ্রাকৃত। তমসো মা জ্যোভির্সময়—ক্ষয়ের এই তমসা থেকে যা আমাদের আবাদের আলোয় নিয়ে যায় ভাই সভ্য।

এখন মানসিক এই বিক্বতি ও ব্যাধিম্ক মান্ত্ৰ এই জগতে সম্ভব কি না? উত্তর দেওয়া কঠিন। আত্মসাধনায় উন্নত অতিমানৰ জগতে অসম্ভব তা বলা যায় না। কিন্তু সাধারণ জগতের সাধারণ মান্তবের পক্ষে এই অতিমানবতা অর্জন ছংসাধ্য। ফ্রায়েড বলেন,—"A healthy man is virtually a neurotic." কিন্তু সাধারণভাবে ঘাকে স্কৃত্ব মন বলে জানি বা ভাবি তিনিও সম্পূর্ণভাবে বিকৃতি মৃক্ত

⁽w) Freud regarded a dream or a neurosis as motivated by repressed sex desires, Adler by the will for power. Each motive alone appears adequate but the two are irreconcilable. Jung solved the enigma by his famous doctrine of psychological types. One person may be motivated in the Freudian way, another in the Adlerian way. (One is introvert and the other extrovert). Ibid—p 184.

নর তবে তার বিক্রতি ব্যাধি পর্বস্ত গড়ারনি। **অর্থাৎ ক্রস্থতাটা আপেন্দিক অর্থে** ব্যবহৃত।

मानव-मन यमि अहे ब्रक्बें हम, यमि अहे विकृष्ठि ७ वाशि कीवत्न चलाक चार्जादिकरे हम, जत्व कीवत्मन स्थ-इ:४, ठाखम-शाखम, त्थम-श्रीजित कर्व कि ? नकरनहें थक किनिया स्थी हत ना, थकहें क्षांव नकरनहें क्षांथ भार ना, नकरन थक छिनिगरे ठाय ना, नकरनत जानवानात्रध कान निर्मिष्ठ मध्या निर्हे । छा: जिन वह विवाद्यत ইতিহাস विচার क'त्र प्राथएक, love at first sight कथांहै। मछा; कांत्रण मखानत्मत्र वांवा ও মায়ের প্রতি একটি fixation खन्नात्र, वांत्र करन ছেলেরা মা'এর মূর্তির অফুরপ মেয়েদের এবং মেয়েরা পিতার মূর্তির অফুরপ পুরুষকে ভালবাসতে বাধ্য হয়। অতথ্য যে ভালবাসার উপর জগতের এত কাবা সাহিত্য গু'ড়ে উঠেছে সেটাও নিতান্তই মনের বিক্বতি প্রস্তত। তারও কোন নির্দিষ্ট পথ নেই, সংজ্ঞাও নেই। সেধানে স্থন্দর-অস্থারের প্রশ্নও নেই। তেমনি আমাদের পছন্দ-অপছন্দ, চাওয়া-পাওয়ারও কোন নির্দিষ্ট আইন নেই। জগতে সব মেয়ে বা ছেলেরই প্রেমণাত্র জোটে। বাজারের যে শাড়িখানাকে একজন অত্যন্ত কর্মব বলে ত্যাগ করলেন, অন্তজন তাকে সার্থক শিল্পের নিদর্শন ব'লে পছন্দ ক'রে কিনে নিরে গেলেন। লোকানের শাড়ি আর অবিক্রীত রইল না। জগতে এইই মায়ার খেলা, — অপ্রাকৃত মূল্যবোধের মাঝে আমরা ডুবে আছি। বতই লাম্ভ হোক, বতই বিক্বতি-প্রস্ত হোক না কেন আমাদের মনন, আমাদের জীবনের চাওয়া-পাওয়া, তথাপি একথা সত্য যে জীবনের হুঃখটা মিধ্যা নয়। মানবজীবনের ভালবাসাটা fixation বারা চালিত হলেও তার মিলন-বিরহের স্থথ-ছঃখ মিধ্যা নয়। সাধারণ মামুষকে এই "মমত্বগর্জেডি মোহাছকারে" মধ্যে দে অথ-তঃথ ভোগ করতেই হবে।

কেবল চাওয়া-পাওয়া নয়, কেমন ভাবে চাই তাও এক ছ্রুছ প্রশ্ন। ভালবাসা, প্রেম, প্রীতি সেবার মারাই যে মাহ্নব হুখী হয় তা নয়, যৌনজীবনের বিকৃতির **অভ** কেছ মর্বকামী (Masochist), কেছ ধ্বকামী (Sadist)।

কথনও এটা ব্যাধির আকারে প্রকাশ পায়, কথনও মৃত্ভাবে মান্নবের মনে থেকে সমাজজীবনে তাদের অপ্রিয় ও অনাকাজ্জিত ক'রে তোকে। চরিত্র সৃষ্টির মৃলে তৃইটি সক্রিয় শক্তি আছে, বংশধারা ও পারিপার্থিকতা। সহজপ্রবৃত্তি মান্নবের জন্মগত কিন্তু পারিপার্থিকতা থেকেও চারিত্রিক বৈশিষ্ট্য আমরা পাই। জগতে সর্বত্রই বিধবা বিবাহ হয়। ভারতের হিন্দু ব্যতীত সকলেই গোমাংস খায়। কিন্তু কোন হিন্দু তার মাতার পুনরায় বিবাহ হতে পারে, বা গোমাংস ভোজন করা বেতে পারে চিন্তা করতেই শিউরে উঠবে। এটা পরিবেশ থেকে স্কন্ত অমৃভূতি (sentiment)। একে আন্তে বৈশিষ্ট্য বলা হয় (acquired trait), অভএব দেশ, সমাজ, পরিবেশ অমুদারেও মানব চরিত্রের পার্থক্য আছে এবং থাকবে। শক্ষান্তরে বলা বায়, মান্নবের জীবনের স্থা-তৃঃখ, দেশ ও সমাজ অনুসারেও বিভিন্ন। অবশ্ব এই বিভিন্নতাই নিরবৃদ্ধির স্তা নয়। কতকভালি স্থানে বিভিন্নতার মারেও

ঐক্য আছে। যথা—আদি প্রবৃত্তিগুলি মৃণতঃ সর্বদেশে মানবজীবনে একই;
এই সর্বজনীন প্রবৃত্তিই বিভিন্নতার মাঝে একটা ঐক্য স্পষ্ট করেছে এবং চাওয়ার
প্রণালী বা রকমটা এক না হওয়ার তার সক্ষেই বিভিন্নতা রয়েছে। অভএব
কেউই—সম্পূর্ণ শত্রু নয়, সম্পূর্ণ মিত্রও নয়। এটা আপেক্ষিক, যার সঙ্গে যতটুক্
মিল আছে সে ভতটুকুই বয়ু। মামুষের সমাজজীবনে এই বিভিন্ন ব্যক্তিছের
সংঘাতই আমাদের তঃথের মৃল উৎস। জীবনের সঙ্গে এই ব্যক্তি সংঘাত
(conflict of individuality) আমাদের সাধী। তাই তঃথও আমাদের
জীবনের অবিচ্ছেত্য অভ্ব।

বর্তমান সভ্যজগত জ্ঞানে-বিজ্ঞানে এত উন্নত, এত ভার শক্তি যে আজ গ্রহ-উপগ্রহ জয় করতে চলেছে, তব্ধ মাজুষ স্থবী নয়। সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গেও যেন ক্রমশ: গুরুভার হ'য়ে জীবনকে পঙ্গুক'রে দিছে। কিছ কেন?(৮৯)

ছন্দ্যোপ্যোপনিষদে নারদ সর্বশাস্ত্র অধ্যয়ন ক'রে বলছেন, তিনি "আত্মন্"কে চিনতে পারেননি, যদি তাই হবে তবে তিনি তৃ:খ-বেদনা পান কেন ? কারণ তিনি অপরা বিছা লাভ করেছেন, পরা বিছা লাভ করেতে পারেননি। প্রকৃতপক্ষে আমরা অপতের যে জ্ঞান-বিজ্ঞান অর্জন করেছি, তা আমাদের জীবনকে আনন্দ দেয়নি। আমরা মনে করেছি আমরা অনেক জানি, কিন্তু এই অবিছা আমাদের এই দল্ডের মৃশ, আমরা তাই তৃ:খ পাই;—এক অন্ধ অন্ত অন্ধকে পথ দেখাছে, তাই জীবনের ভ্রমা থেকে জ্যোত্রির ত্যারে আমরা যেতে পারিনি। (>)

এই মনোবিভাকে যদি আমরা বিখাস করি বা দ্বীকার করি, তবে সদ্ধে সদ্ধে একথাও স্থীকার করতে হয় যে এর সবধানি না হোক অন্ততঃ অনেকথানি যে অবিভা, এতে আর সংশয় নেই। বর্তমান সভ্য মানবের অবস্থাকে উপনিষদে অন্ধদের হাতী দেখার সন্ধে তুলনা করা যায়। ছয়জন অন্ধ হাতী হাতড়ে কেউ বললেন, কুলোর মত, কেউ বললেন, সাপের মত ইত্যাদি। তাঁরা জানলেন না তাঁদের এই দেখা আংশিক সত্য, কিন্তু স্বত্তভাবে সভ্য নয়। সমগ্র হাতীটার চেহারা তাঁরা অন্থ্যান করতে পারেননি।

আচেতন ও আবচেতন মন যদি আমাদের চেতন মনকে নিয়ন্ত্রিত করে এবং আচেতন মন যদি চেতন মনের আয়ন্তাতীত হয় তবে মাহুষ নিতান্তই অসহায়। মাহুষের আন্তাতে, তার মনের অক্সাতে, বৃদ্ধি, অহুভৃতি, মননের অক্সাতে যদি তার মনের কাঠামো বা মানসিকতা স্টিহয় তবে তার স্থ-হু:ধ, চাওয়া-পাওয়া, পছন্দ-

⁽va) Life to-day, inspite of our material possessions and intellectual acquisitions, inspite of our moral codes and religious doctrines has not given us happiness. S. Radha Krishnan -Ibid-p. 41

⁽৯•) অবিভারমন্তবে বর্তমানা বরং বীরা পণ্ডিতক্মক্তমানা:।

অভ্যক্তমানা পরিরম্ভি মূচা অংকনৈব নীরমানা বর্ধাকা:।

মূতকোপনিবদ,—৮।

অগছন্দ সবই তার আয়ভের অতীত। প্রকৃতপক্ষে এই আক্সিকতালর বিভিন্ন বনের কাঠামো নিয়ে বিভিন্ন ব্যক্তিত্ব গ'ড়ে উঠেছে এবং তারপরে পৃথিবীমর চলেছে এই বিভিন্নতার সংগ্রাম—সংঘাত। এই মনের বিশিষ্টতাকে যদি সন্ধা বলা যার এবং তা চেতন মনের বৃদ্ধি ও মননের অতীত হয় তবে মাসুষ তার এই জীবন-সংঘাতের জন্ত সচেতনভাবে দায়ী নর কিছু সংঘাতজনিত তুংধবেদনা তার জীবনে সত্য এবং তা মর্মভেদী সত্য। মানবজীবনের সঙ্গে এই ব্যক্তিও ব্যক্তিত্ব সংঘাত ওতপ্রোজভাবে জড়িয়ে আছে—এই সংঘাত তার প্রকৃতির সঙ্গে, বাহু জগতের পরিবেশের সঙ্গে, মাহুবের সঙ্গে, নিজের সঙ্গে (split personalityয় ক্ষেত্রে) নিজের দেহ আর মনে, সমাজে, পরিবারে, সমগ্র বিশ্বে। ইন্দ্রিয়াসক্ত মানবাত্মা, জড়জগতের অসংখ্য বন্ধন ও মায়ার মধ্যে বন্দী এই মানব হুদয় অবিশ্বান্ত হাহাকার ক'রে কাঁদছে। যিনি মন্ত্রী বিনি মানবপ্রেমিক, তিনিই এই ক্রন্দনকে শুনতে পান, তিনিই ব্যধিতচিত্তে তার রূপ দেন সাহিত্যে, শিয়ে, দর্শনে, নীতিবাদে, ধর্মে, আধ্যাত্মিকতায়।

মানব হাদয় যদি বিভিন্ন ভাবে গ'ড়ে ওঠে তবে তালের মনন, জীবন-প্রভায়, হাদয়রভির বিভিন্নতা অবশ্রভাবী। তার অর্থ, আমরা প্রত্যেকই আমাদের মনের বিভিন্ন রকমের রঙীন কাচের ভিতর দিয়ে জগতকে দেখি, বিচার করি—সভ্যাক্রপ দেখি না, ছোট ক'রে, বড় ক'রে, রূপাস্তরিত ক'রে, মনের রঙে রাঙিয়ে দেখি। মনের বিশাসটা আসে আগে এবং বিশাসকে অটুট রাখতেই পরে আসে তীক্ষ যুক্তি। পৃথিবীর নানা রাজনৈতিক 'ইজম' আছে, এই 'ইজম' এর মতবাদ আমরা আগে বিশাস করি আমাদের মনের বিশেষ কাঠামো অহ্নসারে এবং তার পক্ষে বাছাবাছা যুক্তির শর সংযোজন করি পরে। মনের রঙিন চশমা দিয়ে দেখি জগত,—একথা রাজনীতিবিদ, দার্শনিক, সাহিত্যিক, সমালোচক, বৈজ্ঞানিক সকলের পক্ষেই সভ্য। (১১) যিনি পরাবিদ্যা লাভ করেছেন একমাত্র তিনিই শুধুখালি চোখে প্রকৃত বস্তকে দেখেন।

অতএব সমন্ত সাহিত্যিকের জীবনেই এই রঙিন চশমাটা সভ্য। যে সন্থা নিমে কবি, সাহিত্যিক জন্মেছেন বা গ'ড়ে উঠেছেন, তিনি সেই সন্থার রঙেই জগভকে দেখেন। (৯২) এই দেখাটা যদি এমন দেখা হয় যে তা সমন্ত মানব মনের পক্ষেই

⁽৯১) জার্মান দার্শনিক Kierkegaard (১৮১৩-১৮৫६) Regin Oslen নামে একটি ভর্ননীকে ভালবেদেছিলেন কিন্তু দার্শনিকের একটি পা ছোট ছিল। এই দৈছিক ক্রটি তার প্রণায়নীকে জন্ত্বী করবে ভেবে ভিনি ভাকে ভ্যাগ করেন। এবং তার Existentialist দর্শনে এই ভ্যাগজনিত ভ্রংখবাদ একটি চমৎকার অভিব্যক্তি লাভ করে এবং ভিনি বলেন—"Suffering is the only means to attain perfect individuality." Hist. W. Phil.—Dr. Joshi,—p. 186.

^{(&}gt;) The subject the writer chooses, the characters he creates, his attitude towards them are conditioned by his bias. What he writes is the expression of his personality and manifestation of his instincts, his emotions, his intuitions and his experience. Pt. of View—S. Maugham. p—175.

⁽²⁰⁾ He (Zola) said, "A work of art is a corner of nature seen through a temperament." Hist. W. Litt-J. M. Cohen. p-273.

একান্ত সভ্য না হলেও আংশিক সভ্য, তবে সেই দেখাই, সেই স্টেই সার্থক। সাহিত্যিকের সদে সমালোচকের কথাও আসে—ব্যক্তিগত ভাল লাগা, না-লাগার সদে সাহিত্যকরে সংযোগ খ্বই নগণ্য, যেহেত্ তিনিও তার বিশিষ্ট সন্থার চশমারই বিচার করবেন। সেটা অন্তের হাতী দেখার মতই একটা দেখা। যিনি রঙীন চশমা খ্লে কোন প্রকৃত তত্ত্বকে দেখতে পারবেন এবং বৃষতে পারবেন, তিনিই সমালোচক। কিন্তু সমত্ত মনোবিকারের উদ্বেশ সাধকশ্রেণীর সমালোচক কোথার? অতএব কী দিয়ে, কিসের মাপ কাঠিতৈ সাহিত্যের বিচার হবে বা হতে পারে? চিত্তবিকার দিয়ে চিত্তবিকারের বিচার করা কি সন্তব ?

বদ্ধতার সংশ ভয়ের association এ conditioned ভাক্তার পোলা বর্বণের সময় Dug-out থেকে বেরিয়ে আসত—তেমনি conditioned সমালোচক বা সাহিত্যিক বা চিস্তানায়ক থাকা অবশ্রই সম্ভব ও স্বাভাবিক। তাই শ্রেণী-সংগ্রামে আস্থাবান তথা conditioned সমালোচকের পক্ষে, চর্যাপদ, প্রীকৃষ্ণ কীর্তন, রাধক্তফের প্রেম, আমার-আপনার প্রেম, 'গান্ধারীর আবেদন' (রবীন্দ্রনাথ) প্রভৃতির মধ্যে নিদ্দৃষ শ্রেণী সংগ্রাম প্রত্যক্ষ করাও অত্যক্ত স্বাভাবিক। মনের রঙীন চশমার রং লেগেছে রাধাক্তফের গায়ে, শূন্য ও নির্বাণেও। (১৩)

এমনি ক'রে সাহিত্য কেজেও সাহিত্যিকের সন্থা, তার স্প্রের মধ্যে আত্মপ্রকাশ করে। সেই সন্থাকে জানতে না পারলে, তার পরিপ্রেক্ষিতে সাহিত্য বিচার না করলে, তার প্রতি অবিচার করা হয়। আমাদের সকলেরই শক্তি সীমিত, সীমিত শক্তির ঘারাই সীমিত শক্তির বিচার করতে হয়। বহিমচন্দ্র যে রোহিণী আর কপালকুওলাকে ঘরে স্থান দেননি, তার বিচার করতে উচিত্য অনৌচিত্য বিচারই শেষ নয়,—বহিম-সন্থা ও রোহিণী-কপালকুওলার চরিত্র সন্থার সংযোগ ও বিয়োগটাও অবশ্ব বিচার।

ব্যক্তি সন্থাচালিত মানবহাদয়কে যুক্তি, বৃদ্ধি, শিক্ষা ও ধর্মীয় সংস্কার ও নীতি দিয়ে সচেতন করা যায় না। যদি তাই হত, তবে ধর্মীয় আচার, অন্থচান ও রীতিই (doctrines and dogmas) মাহুষকে স্থী করতে পারত। কিন্তু আচ্চ হ'হাজার বছরের পুরাতন সভ্যতাও মাহুষকে স্থী করতে পারেনি। হাদর বৃত্তির উল্লেষ হয়নি তার, হাদয় আপনার গণ্ডিকে ছেড়ে বিশ্বজনীন হতে পারেনি, মানবতা অর্জন করতে পারেনি। মানব হাদয়ের স্থা, নিজ্ঞিয় অনুভৃতিকে জাগ্রত করেছে সাহিত্য, কাব্য, শিল্প। ত্যাগভিত্তিক মানবতা অর্জনের পথে হাদয়ের অনুভৃতিকে সজ্জিয় ক'রে বিভ্ত ও বৃহত্তর ক'রে দেওয়াই সাহিত্য-ধর্ম, যে স্থাষ্ট এই সাহিত্য-ধর্মের পথিক তাই সাহিত্য-কর্ম।

আমরা ধ্বন উপত্তাস বা গল্প পড়ি তথন আমরা নায়ক-নারিকার সংখ

⁽৯৩) ঘরে বাইরের সাহিত্য চিস্তা অষ্টব্য—ড: শশিভূবণ দাশশুর, পৃ: ১-২৫। লেবক সাহিত্য বিচার সম্বন্ধে ঐরূপ সমালোচনার উল্লেখ করেছেন।

একীভূত হরে বাই—অর্থাৎ Identification প্রক্রিয়ায় আয়য়া চরিজের স্থ-চ্ংথ অম্পত্ত করি। আয়য়া উপতাস পড়তে পড়তে চোথের জল কেলেও বলি চমৎকার,—এই চোথের জলের সঙ্গে আয়য়া অস্তরের বেদনাকে মৃক্তি দেই। নিজিয় য়ানব মনের অম্পূতি সক্রিয় হ'য়ে ওঠে কয়নার চরিজের প্রতি, উজ্জীবিত অম্পূতি ছড়িয়ে পড়ে বান্তব জগতে, আয়য়া অস্তকে বৃঝতে শিখি। এই যে ব্যক্তি সংঘাত জনিত ত্থা, একে হয়ত বৃঝতে শিখি, ভারতে শিখি,—হঃখী য়ায়্রের প্রতি সমবেদনায় য়ানব অস্তর উবেল হ'য়ে ওঠে। অহংএর স্বার্থবোধের চাপে হয়ত তা য়য়ী হয় না, তব্ও নীরব য়দয়র্ত্তি যে ক্লিকের চাপে বয়ত হ'য়ে ওঠে একথা মিথা। নয়, বয়ং পয়য় সত্য। এই উজ্জীবিত অম্পূতিই য়ায়্রের মনকে উদার ও মহৎ করেছে—বর্তমান সভ্য য়ায়্রের সামায়তম এই মানবতা অর্জনে সাহিত্যের অবদান তাই য়বেও। সাহিত্য মানব য়দয়কে জাগ্রত করবার একটা বৃহৎ শক্তি—ভার প্রভাবও কয় নয়, তার শক্তিও ক্লপয়ায়ী নয়। মনোবিদগণ বলেন, এমন জনেক ব্যক্তি আহেন বাঁরা উপস্থাসের কোন চরিজের য়ায়া এমন প্রভাবিত হয়েছেন বে, তাঁদের জীবনধারা সেই চরিজেরই অয়্পামী হয়েছে। (১৪)

একেত্রে সাহিত্যিক ও স্থালোচকের দায়িত্ব গুরুতর। সাহিত্যিকের স্টি যদি এই মানব হাদয়ের বিশুতি বারা তাকে মাছুষ না ক'রে তোলে, মহৎ ক'রে সংবেদনশীল না क'रत তোলে, তবে তা সভাতার পরিপন্থী, মানব জীবনাদর্শের পরিপন্থী। আর যে সৃষ্টি মান্তবের অহংকে উৎসাহিত ক'রে মান্তবের অন্তরকে সৃষ্কৃতিত ক'রে দেয় বা ভোগভিত্তিক আত্মবাদকে জাগিয়ে দেয় তা সাহিত্য-কর্ম নয়। সমালোচক যদি মনোবিকারের রঙীন চশমা দিয়ে, ভাল লাগা, না-লাগা দিয়ে সাহিত্যকর্মের বিচার করেন তবে তাও জীবনের পরিপছী; যদি নিজের অহংবাদ ও আত্মকেন্দ্রিকতা দিয়ে তুল ব্যাখ্যা ক'রে জনগণকে বিভ্রাপ্ত করেন, তবে তাও অপরাধ। সভাতার অগ্রগতির পথে সাহিত্যের অবদান অন্বীকার করা চলে না। যুগে যুগে মান্তবের দ্বরান্তিকে উজ্জীবিত ক'রে অহপ্রাণিত ক'রে সাহিত্য মানবকে নতুন নতুন জীবনাদর্শে উব্বন্ধ করেছে। বিশ্ব সাহিত্যের ইতিহাস পর্বালোচনাকালে দেখা যাবে, যুগে যুগে বড় বড় সাহিত্যকাতি মাহ্যকে অহপ্রাণিত ক'রে সমাজের নতন নতন রূপ দিয়েছে। মামুষের বিকারগ্রন্ত চিত্তবৃত্তিকে হৃদয়বৃত্তি দিয়েছে, মান্থবের জীবনকে গঠিত করেছে। যুগ যুগ ধরে ভারতের নরনারী যে সীতার জন্ত চোখের অন ফেলেছিন, नच्च-ভরতের ত্রাতৃপ্রেমের মহত্বে অশ্রমার্জনা করেছিন, ভা বার্থ হ'লে বায়নি: একদিন হিন্দুস্থানের গৃহে গৃহে সীভার প্রভিচ্ছবি আমরা

⁽³⁸⁾ Many women have come under my notice whose whole course of life was determined by a certain book or series of books by a particular author, unconsciously and, sometimes even consciously they governed their lives according to some special character that strongly appealed to them. Now the identification mechanism enables us to endow every scene, every situation that appeals to us, with a certain emotional warmth and love. Freud's Principle of Psychology. A. A. Bill—§. 122.

দেখেছি। দীনেশচক্র সেন তাই সীতাকে বলেছেন,—'তুমি আমাদের আদর্শ নহ তুমি আমাদের প্রাপ্ত'। তেমনি ক'রে ইলিয়াড ও ওভিসির বীরত্ব, মহত্ব ও উদারতা একদিন স্পার্টা ও এথেন্দের আবালবৃদ্ধবণিতাকে শৌর্ষবীর্যে শ্বরণীয় করে তুলেছিল। ঠিক এমনি করেই আজ অহংবাদভিত্তিক অতি আধুনিক সাহিত্যের জীবনাদর্শ ভারতের নারীকে ব্যক্তি-স্বাধীনতার নামে পণ্যা ক'রে তুলেছে।

मायूय अथी हम्मि, विश्वावृद्धि, कृत्रधात गुक्ति, देवळानिक व्याविकात, अष्ट्रक्षशरजत এই বিরাট সভ্যতা মাহুষের হানয়কে তৃথি দেয়নি। এ বিছা অপরা বিছা হয়েই রইল, পরা বিভায় পৌছয়নি। ইন্দ্রিয়াসক মানুষের হৃদয় ইন্দ্রিয়গ্রাভ্ জগতে তাই প্রতি নিয়ত কাদছে, হাহাকার ক'রে ক'রে কাদছে মুক্তির জন্তে। চিত্তবিকারগ্রন্ত মামুবের মনে-দেহে, মামুবে-মামুবে, মামুবে-সমাজে, প্রকৃতিতে, জীবনদর্শনে সংঘাত ছটিলতর হ'য়ে উঠছে সভাতার অগ্রগতির সঙ্গে সঙ্গে। এই ছটিল জীবনের বন্ধন-বাঁধ বারা বণ্ডিত মানব হৃদয় নিরস্তর কাঁদছে। দরদী শরৎচন্দ্র, উৎসারিত श्चामत्र कांकरां। मःरवामनीन श्चामत्र मिर्य मानव श्वारत्रत्र এই क्रान्तनरक रार्थरहन, छारक ক্লপায়িত ক'রে ব্যক্ত করেছেন, মানব-হৃদয়কে অহুভব করতে দিয়েছেন। তিনি দেখেছেন, হাদয় দিয়ে অমুভব করেছেন, সরদ মুন্দর অভিব্যক্তি ও প্রকাশের মাঝে এই জন্দনকে মূর্ত ক'রে রেখেছেন। সে দেখার মধ্যে তাঁর কোন প্রশ্ন নেই। ভালমন্দের প্রশ্ন নেই, সমাধানের স্থা নেই, দার্শনিক মতবাদ ও দৃষ্টিভঙ্গি নেই,—তিনি হালয় লিয়ে লেখেছেন, হালয়ের অপরিসীম কারুণ্য লিয়ে তাকে **म्बिट्याइन । यात्र्यरक हिनएक वर्रनाइन--- अहे हिना-क्षानात्र यात्य. अहे मर्श्याक,** এই সংঘাত জনিত তঃথ যদি কথঞিত প্রশমিত হয়, তবে মানব জীবন হয়ত আর একটু ষধুময় হবে। "কিছু মিটাইব প্রকাশের ব্যথা" কবির এই প্রকাশের ব্যথাকে মিটাতে চেরেছেন তিনি-সরল মনে, সরল সহালয় অমুভতি দিয়ে।

घानव-छिएउत रेलिइड

মানব-মনের বিকাশ ও বিকারের শ্রোভধারা মানবসমাজের অংক অংক ভার গতিরেধার চিহ্ন রেথে গেছে। সমাজ, ধর্ম, দর্শন, সাহিত্য বিজ্ঞানের মধ্যে, শিল্পকলার মধ্যে, বিবর্তনশীল মানব-মনের গতিপথের কন্তুধারা প্রবাহিত। অবস্থা-ভেদে, পরিবেশভেদে এই চিন্তবিকাশ বিভিন্ন হয়েছে। ইউরোপীর ও ভারতীয় চিন্ত একই পথে বিকাশ লাভ করেনি; জীবনের দৃষ্টিভঙ্গি, জীবনের মৃল্যায়নের মধ্যে বিভিন্নতা রয়েছে, কাজেই চিন্ত ও মনোবৃত্তি বিভিন্ন হয়েছে। ভারই অবস্তাবী ফল রূপে সমাজ-ধর্ম-সাহিত্য ভিন্ন পথে গ'ড়ে উঠেছে। দর্শন, সাহিত্য ও সমাজ-ব্যবস্থার মধ্যে সে ভিন্নতা স্কুশাই। তবে সাধারণ ভাবে দেখা বায়, মানবচিন্ত বধন

আগনার ব্যক্তিত্ব, বৈশিষ্ট্য ও আত্মকোক্তকভার উধের্ব ধর্ম, দর্শনের আদর্শবাদকে প্রহণ ক'রে সামগ্রিক কল্যাণের জন্ত আত্মনিয়োগ করেছে ওখন সমাজ ও ব্যক্তিভীবন হথ ও আনন্দে ভরে উঠেছে। আর রখন ব্যক্তি সামগ্রিক কল্যাণকে অবহেলা
করেছে, সমাজ ও নীতির বন্ধনকে উপেক্ষা করেছে তখন সমাজ ভেক্ষেছে, জনজীবনে
ভ্রুখ ঘনিরে এসেছে। তার এই তুঃখ-বেদনা-আনন্দ প্রকাশ পেরেছে সাহিত্যে;
আর উন্নত্তর জীবন-চিন্তা, নীতিবোধ, ও সামগ্রিক কল্যাণ কামনা প্রকাশিত
হরেছে দর্শনে। প্রাচীন সাহিত্যে তাই দর্শন ও সাহিত্য অদাঙ্গী ভাবে জড়িতএকে অপরকে প্রভাবিত করেছে। দর্শন চেয়েছে ত্রস্ত মানব মনকে যুক্তি, বৃদ্ধি,
অমুভ্তির ঘারা নিয়ন্ত্রিত করতে, আর সাহিত্য করেছে ত্রস্ত অবাধ্য অসংষ্
মানব-মনের ছন্দ্-বেদনা-আনন্দকে প্রকাশ। এই প্রকাশের মাধ্যমে মানব-মন
উন্নত্তর মনোবৃত্তি আহরণ করেছে।

আদিম প্রাতে মাত্রৰ যথন আগুনের চারিপাশ ঘিরে শিকারলক বয়জভ পুড়িয়ে থেত, সেদিন স্বভাব-প্রবৃত্তিক আনন্দে সে চীৎকার করতে থাকত। সেই চীৎকার ও অহার লক্ষ্ক একদিন ছন্দোবন্ধ হ'য়ে নাচ আর গানে পর্বসিত হল। त्मेड किन यानव टेलिशारन कनाविष्ठात्र क्षेथम क्षेत्रकान। चल्लात्र निक्क चार्तिश প্রকাশ পেল সন্ধীত ও নৃত্যে। সেদিন হয়ত আগুনের চারিপাশ খিরে বসে ভারা অষ্ট শিকার আর নতুন দেখা জগতের সহত্তে গল করত। তার পরে যথন তারা যাযাবর জীবন ত্যাগ ক'রে পশুপালন ও কৃষির মধ্যে নতুন সমাজব্যবস্থা গ'ড়ে তুলল, খাছ ও বাসগৃহ সমস্তার সমাধান করল, তখন প্রথম তারা জগতের প্রতি **रित्र (एथन व्यन्छ विवार निर्दा। न्यांककोवरनत्र शतिवर्छरनत्र मान मानव-कारमत्र** পরিবর্তন হল। জীবন-প্রণালীর সঙ্গে তার চাওয়া-পাওয়া আনন্দের প্রকৃতিরও পরিবর্তন হল। নতুন পল্লীজীবনের নিশ্চিম্বতার মধ্যে তারা প্রথম ভাবতে আরম্ভ क्त्रन, माञ्च की ? कांचा थ्यक जन, कांचाय यात, जनक की ? क्न अहे रुष्टि, रुष्टित (नव दकाशाय, कौरन की ? रुर्य, हक्ष, जाता, तफ्-तृष्टि, जुवात अता की ? কেন? শক্তিধর এই প্রকৃতির কাছে বিশ্বধ-বিমুগ্ধ চিত্তে ভারা আত্মনিবেদন করল। এরাও যাহবের মত কোধ, হিংসা, প্রসরতা, প্রেম বারা চালিত,—তালের করনা ডাই এই প্রকৃতিজ শক্তিকে কেন্দ্র ক'রে সৃষ্টি করল নানা গর-Myth-পৌরাণিক গ্রা (৯৫) এই গ্রপ্তলির মধ্যেই আমরা সেই আদিম বুগের মানব-চিত্তের প্রতিচ্ছবি পাই; ভার মধ্যে রয়েছে ভার আত্মিক উর্নতির ইতিহাস।

ভার পরে একদিন ব্যক্তিগত সম্পদকে চিহ্নিত করবার জন্তে মাহুৰ বে চিহ্ন বা

⁽³⁴⁾ As Andrew Lang says:—
"To the savage, the sky, the sun, sea, wind are not only persons but they are savage persons but with this beliefs in mind the prehistoric man set out to find answers to the problem of the universe and these answers naturally took the form of a story or what is called a Myth. ...The beginning of literature was largely concerned with records of the deeds of the gods." Outline of Literature. J. Drinkwater—p. 10-11.

মার্ক। দিও সেই মার্কা থেকেই উদ্ভূত হল অকর। তার থেকে এল ধ্বনিবাচক লিপি ও লিখন। প্রথম যখন তারা মনের ভাবনাকে বান্তব লিখনে প্রকাশ করতে সক্ষর হল, তখন প্রথম তারা লিপিবদ্ধ করল পূর্ব পূক্ষ থেকে ভনে-আসা এই পৌরাণিক গর্মজনিকে। পূক্ষ পরস্পরায় সংযোজিত হল নবতর গর, জীবন-মৃত্যুর রহস্ত, জগভের সঙ্গে জীবনের সংযোগ ও সঙ্গতির কারনিক গর। হিংশ্র দেবদেবীকে বশীভূত করতে রচিত হল স্থোত্র, স্থোত্রসঙ্গীত। মনের ব্যাক্লতাকে সঙ্গীতে নিবেদন করল সে এই ভূর্জয় প্রকৃতির পায়ে।

এই সন্ধীত ও গল্প মাহ্নষ লিখেছিল পাথরে, পোড়ানো মাটির অন্দে। খৃঃ পৃঃ চার হাজার বছরের পূর্বেকার এমনি লিখন আবিষ্কৃত হয়েছে চলভিয়াতে। Sir Henry Layard নিনেভের সেনাচেরিভ গ্রন্থাগারে যে লিপি পেয়েছেন তা সমনাময়িক ঘটনার ইতিহাস। তার পরে পিরামিভের সমরে প্যাপিরাসে লেখা 'মৃতের পৃত্তক' কবরের মধ্যে মৃতের পথনির্দেশিকা হিসাবে দেওয়া হত। পৃথিবীর প্রাচীনতম পৃত্তক The Precepts of Ptah-Hotep—তিনি মেম্ফিমে ৩৫৫০ খৃঃ পৃঃ অন্দে জ্বাগ্রহণ করেন। তাঁরই সমসাময়িক হয়ত বেদ ও মোজেসের কাহিনী।

এই ন্যোত্র ও পৌরাণিক কাহিনীর মধ্যে একটা সাধারণ ধর্ম এই যে, তাঁরা প্রকৃতিক বন্ধ, শক্তি, বা পশুতে মানবত্ব আরোপ করেছেন। পৃথিবীতে যে অলৌকিক শুণসম্পন্ন দেবদেবী আছেন, তাঁরাই মাহ্মবের ভাগ্য নিয়ন্ত্রণ করছেন এই বিশাসে তাঁরা তাঁদের পূজা করেছেন, তাঁদের কাছে প্রার্থনা করেছেন। সেই হেতু সর্বদেশেই দেবদেবীর কাহিনীর মধ্যেই প্রথম সাহিত্যের আরম্ভ। তার পরে যথন পূজাপদ্ধতি, একটা বিশিষ্ট রীতি নিয়ে মন্দির মঠ গ'ড়ে উঠল তথন সেই মন্দিরই হল প্রথম পূর্ণিবর—লাইবেরী।

এই যুগের প্রথম সভ্য মাহুষের এই গল্পগুলির মধ্যে দেশে দেশে এবং যুগে যুগে বেশ একটা সাদৃত্য পাওয়া যায়। বেদের পুরুষরা উর্বশীর কাহিনী, গ্রীকদের Cupid ও Psycheর গল্প এবং Norse দের Freja ও Oddur এর গল্পের মধ্যে চমৎকার সাদৃত্য রয়েছে। জাতকের গল্প, হিতোপদেশ ও ত্রিপিটকের গল্পের সন্দে Æsop, Archilochos, Sophokles এবং Herodotos এর গল্পের মধ্যেও আশুর্ব সাদৃত্য রয়েছে। অবতা কে কার কাছে ঋণী তা বলা যায় না, তা নিয়ে য়থেই মতবিরোধ বর্তমান এবং তা এ ক্ষেত্রে অবান্তর। (১৬) এই গল্পগুলি ষেমন আর্থ জাতিদের মধ্যেও বর্তমান তেমনি চীনা, আর্মেনিয়ান, রেডইণ্ডিয়ানদের মধ্যেও বর্তমান। এই সাদৃত্য হয়ত কাকতালীয় অথবা মধ্য এশিয়ায় অবস্থান কালে এগুলি ছিল এবং পরে

⁽³⁴⁾ Wagener held that Greece was the recipient, but both Weber and Bentry came to the conclusion that the Indian fables were borrowed from Greece and for this view there could be adduced the question of chronology; the Greek fable is clearly in existence in the time of Hesiod is hinted at in Homer, appears definitely in Archilogos and Simonedes and is developed into an important branch of literature, though the actual date of our collection is less certain. History of Sanskrit Literature—A. B. Keith—p. 352.

ভাদের সঙ্গে দেশে দেশে চলে গেছে। অথবা এমনও হতে পারে, মানব-মনের বিকাশের পথে একই মনন অবস্থায় এইগুলি বিভিন্ন দেশে নিরপেক ভাবেই সৃষ্টি হয়েছিল। এলের ইতিহাস বংশ পরিচয় যাই হোক্, এই গল্পগুলির মূল উদ্দেশ্ত ছিল লোকশিকা। এই সময়ের প্রথম সমাজজীবনে দেখা দিয়েছিল জটিলতা, সমাজ ও ব্যক্তিতে বেধেছিল সংঘাত, সং-অসং ভালমন্দ বিচারে একটা নীতিবাদের প্রয়োজন হয়েছিল জীবনে। এই নীতিবাদের বিচারে ব্যক্তির পক্ষে সদগুণাবলী (Virtue) অফুনীলন ব্যক্তি ও সমাজের শান্তির জল্পে প্রয়োজন হ'য়ে পড়েছিল—চিন্তানায়কগণ তাই এই গল্প সৃষ্টি ও প্রচারের প্রয়োজন অমুভব করেছিলেন। অর্থাৎ আত্মকেক্রক ভোগলিকা, মানব-অন্তরকে সমাজ ও সামগ্রিক কল্যাণমুখী করতে ত্যাগের অফুনীলন শিকা দিতে হয়েছিল। গল্প-সাহিত্যের এই স্চনা। নীতিধর্ম শিক্ষার বাহনক্রশে মৃধে এই গল্প প্রচারিত হয়েছিল লোকশিক্ষার জল্পে।

घराकारवाज यूश

তার পরে এল মহাকাব্যের যুগ—ইলিয়াড, ওভিসি, রামায়ণ, মহাভারত। রবীক্রনাথ বলেছেন, ইউরোপীয় সভ্যতা আত্মপ্রকাশ করেছে গ্রীক মহাকাব্যে, আর ভারতাত্মা প্রকাশিত হয়েছে রামায়ণ-মহাভারতে। এটি গভীর সভ্য। এই যুগেই এই তুই সভ্যতা ভিরম্থী হয়েছে, ভিররণ নিয়েছে। হোমর কোনও বিশেষ একটা সময়ের ঘটনাবলীর সম্বন্ধে প্রচলিত কাহিনী সম্পাদনা ক'রে তাঁর বৃহৎ মহাকাব্য রচনা করেন। রামায়ণ-মহাভারতও এমনি কোন বিশেষ যুগের আদর্শবাদী মানবগোন্তার কাহিনী। এশিয়া মাইনরের অধিবাসী হোমর কতকগুলি প্রাচীন গীতি কাহিনীর সম্পাদনা করেন, বা অবলম্বনে মহাকাব্য রচনা করেন, তার মধ্যে বিগত্ত- যুগের কীতিকথায় একটা আদর্শবাদ ধ্বনিত হয়। (১৭) সে আদর্শবাদ সমগুণাবলী (virtue) অর্জনের। হোমর কাব্য রচনা করেছিলেন শ্রোতাদের জন্তা, (আমাদের মন্দলকাব্যের মত) গাঠকের জন্তা নয়, কারণ তথন পাঠক শ্রেণী স্টেই হয়নি। (১৮) এই সময়ে গ্রীকগণ এশিয়া মাইনর, ইজিপ্টে নতুন রাজ্য প্রতিষ্ঠার চেটা করছিলেন, অন্তাদিকে ফারাও ও হিটাইট রাজগণ ভীত হয়েছিলেন। ইলিয়াডের বীর্ষকাহিনী তথা ইউরোপ থেকে এশিয়া প্রবেশ-পথে ভারতানালিদের উয় নগরী অবরোধ

^{(&}gt;4) After the Dorian conquest of Peloponnesus the Æolian emigrants who settled in the north of Asia Minor, brought with them the warlike legends of their cheifs, the Achæn princes of old... In Illiad we have Achean ballads worked up by Ionian art. Encyclopaedia Brittanica—9th. Ed. Vol. X.—p. 137.

^{(&}gt;v) His epics were culminations of a long tradition of bardic poetry. They celebrate the great deeds of a generation which has passed from the earth and did what later men could not do"...Homer composed for listeners and not for readers. His art grew in the courts of the Greek conquerors and colonists of Io nia.—Ancient Greek Literature.—C. M. Bowra.—p. 20.

কাহিনী সমগ্র গ্রীক জাতিকে উবুদ্ধ করেছিল। Protoclus এর হত্যার প্রতিশোধ নিতে Achilles, Hectorকে বধ করেন এবং তার দেহকে বিকৃত করেন। Hector এর পিতা Priam পুজের দেহের জল্পে মুক্তিপণ দিতে এলেন যথন কেবলমাজ্র তখনই Achillesএর হলম আর্ল্ল হ'মে উঠল। সীতা-হরণের জল্পে যেমন রাবণ ও লহাপুরীর ধ্বংস, হেলেন-হরণের জল্পে তেমনি ট্রয় নগরী ধ্বংস। এই পরিণতির মধ্যে একটা নীতিবাল স্কল্পেট্ট হ'মে উঠেছে। Hector আদর্শ বীর হলেও একিলিসের নিকট পরাজিত হন, তার কারণ একিলিস সম্ক্র দেবীর গর্তপ্রেক্ত—সং ও সত্যের জল্পেই হেক্টরের মৃত্যু। (৯৯) ইলিয়াড বীরজের মহিমা কীর্তনের, মান্থবের মানবত্ব অর্জনের শক্তিতে শক্তিমান। এই বীরজ্ব ও মহন্দের যুগের হোমর তাই মানবার্জিত গুণের পুরারী। মান্থ্য মহন্সজ্বের ম্বালায় উজ্জ্বল—হোমরের দৃষ্টিভিন্নির এই বৈশিষ্ট্য তৎকালীন গ্রীক সমাজ ও জাতির বৈশিষ্ট্য। (১০০) মাইকেলের মেঘনাদও এমনি একটা ব্যক্তিত্বের ম্বালায় ভগবান রামচন্দ্রের দেবজ্বকে নিপ্রভ ক'রে দিয়েছে।

Protoclus এর মৃত্যুতে উন্নাদপ্রায় একিলিস Priam এর ভক্ষণ পুজের জীবন ভিক্ষা দিতে অত্মীকার করে বললেন,—তুমিও মরবে, পরিতাপের কিছু নেই। Protoclus মরেছে, আমি নিজে অন্দর ও শক্তিমান, মহৎ পিতা ও সমূত্রদেবীর থেকে আমার জন্ম, আমিও মরব। কোনও একদিন সকালে হোক, ছুপুরে হোক, সন্ধ্যায় হোক কোনও ব্যক্তি হয়ত বল্পমাঘাতে, না হয় শর নিক্ষেপে আমাকেও হত্যা করবে……

এমনি একটা মৃত্যুহীন বীরত্বের বাণী সমগ্র ইলিয়াভে গ্রীক বীরত্বের আদর্শ-স্থানীয় হ'মে রয়েছে।

ওডিসি—অভিযানের গল্প। বীরব্বের কাহিনীর উপর ওডিসি গ'ড়ে ওঠেনি। ওডিসিউস্ বছ দেশ অমণ ক'রে গৃহে ফিরে দেখেন, তাঁর স্ত্রীর চারিপাশে পাণিপ্রার্থীরা ডিড় করেছে, তিনি তাদের হত্যা ক'রে প্রতিশোধ গ্রহণ করেন। অমণরত ওডিসিউসের কাহিনীর মধ্যে প্রাতন পোরাণিক ও প্রচলিত গল্পের যে পরিচয় পাওয়া যায় সে সব কথা-কাহিনী পলিনেসিয়া থেকে স্বান্তিনেভিয়া পর্যন্ত সর্বদেশের রূপকথা ও কাহিনীর মধ্যেই প্রচলিত। কিন্তু ওডিসির মধ্যে মানবতার উচ্চাদর্শ অনেকটা নেমে এসে বাত্তব হ'য়ে উঠেছে। অর্থাৎ সততা, বীর্দ্ধ ও মহন্তের আদর্শবাদ অনেকটা মন্দীভূত হ'য়ে বাত্তবায়ুগ হয়েছে। (১০১) এই ছই গ্রীক

^{(&}gt;>) Hector is that ideal opponent and antithesis of Achilles. The man is pitted against Demi-God and the man must perish. Ibid—p. 26.

^{(&}gt;••) The dignity belongs to man and he is a sufficient subject for poetry. This is the secret of Homeric age. Ibid—p. 29.

^(3.5) But it is hard to feel that in Odessey, Homer has kept all his old confidence in life. His high heroic world is menaced by upstarts who lack the heroic Virtues and think they can reap rich reward without qualification or effort...Odyssues survived because he was cleverer than they (Agamemmon and Achilles) were and therefore Homer makes him his hero. Ibid—p. 37.

হাকাব্যের মধ্যে মানবভা তথা বীরদ্ধ, মহন্ত্ব, মহন্তব্য প্রভৃতি সম্প্রধাবনীর virtue) উর্জ্ঞনতার ধন্ত বে জীবনাদর্শের উর্জেখ পাওরা বার তা রামারণ ও ারভের পক্ষেও প্রধাত্য। রাম, লক্ষ্ম, ভরত, সীতা, ভীম, কর্দ, অনুর্ন, গৃথিষ্টির, ভীম প্রভৃতি চরিজের মধ্যে যে আদর্শ মাহ্যের প্রতিকৃতি বর্তমান তা অমনি কোন বুগের পবিত্র জীবনাদর্শেরই পূণ্য আলেখ্য। কিন্তু প্রাচ্য ও শাশ্চান্তোর এই মহাকাব্যের মধ্যে মূল নীতিগত একটা বিরাট পার্থক্য বর্তমান। হোমরীয় চরিত্র মহ্যাত্ম ও মহন্ত্ব নিয়ে মাহ্য হ'যে উঠবে, মানবীয় ওপভৃত্তিত হ'য়ে পূর্ণ ব্যক্তি হ'য়ে গড়ে উঠবে,—এই মানবীয় ওণার্জনই ধর্ম ও নীতি এই কথাই হোমর-মহাকাব্যে বড় হ'য়ে ফুটে উঠেছে। মাহ্যেরর পক্ষে মানবীয় Virtue অর্জনই প্রের,—নীতিপথ। সেখানে এই আদর্শবাদের অপূর্ণতার হুয়োগে ব্যক্তিবাদ বড় হ'য়ে উঠেছে, এবং ব্যক্তিয়াতর্যের নামে আত্মকেক্তর্তাকে প্রপ্রাক্তবাদ বড় হ'য়ে উঠেছে, এবং ব্যক্তিয়াতর্যের নামে আত্মকেক্তর্তাকে প্রপ্রাক্তবাদ বড় হ'য়ে পড়েছে। ওভিসিউস্ বেঁচে আছে ধূর্ত ব'লে; হেক্টর, আগামেমন মরেছে, তারা মহৎ ও বীর বলে।

হোমরের মহাকাব্য গ্রীক দর্শনের পূর্ববর্ডী (খৃ: পৃ: ৭ম শতক) এবং ভারতীয় মহাকাব্য, বেদ, উপনিষদ ও দর্শনের পরবর্তী। সেই জল্পে হোমরের মহাকাব্য नर्ननाध्वरी नम्, किन् छात्रजीम नहाकाया नर्ननाध्वरी। छात्रजीम नर्नन ७ बीकनर्नन, — भीवत्नत्र मृष्टिङ्कि, भीवनत्वाध, भीवत्नत्र मृन्यत्वाध ও প্রয়োগে ভিন্ন (পরে আলোচ্য) সেই হেডু উপনিবদের দেশের রামায়ণ-মহাভারতের চরিত্রে মানবীয় গুণাবলীর উচ্চ জীবনাদর্শের পিছনে আর একটি মহন্তর সভ্য আছে। ৰহাকাৰ্য ব্যক্তি ও ভোগভিত্তিক, রামায়ণ-মহাভারত ত্যাগভিত্তিক ও নামগ্রিক। উপনিষদের 'ত্যক্তেন ভূঞীথা'র শিকা সমগ্র মহাকাব্যে ধানিত হয়েছে। তার বীরম্ব, মহন্ব, মহারম্ব সবই এক মহান ত্যাগধর্মপ্রস্থত, ত্যাগের বারা উব্বুদ্ধ, ত্যাপের হ্ববাসে হ্বরভিত। ভারতে বস্ত অর্জন অর্জনের জন্তে, ভোগের জন্তে নয়, মানব-क्लालित खर्छ, नामधिक कीरानत छरछ। त्रास्त्र वनशमनकारन नचा क्ष र'रव रामहित्मन, द्विन निजात । जातम जनात। जामि राहरत जाराधा जन ক'রে ভোষার অভিষেক ক্রিয়া সম্পন্ন করব। কিন্তু রামচন্দ্র মৃত্ হেসে বলেছিলেন, লম্বা, বাছবলে তুরি অবোধ্যা জয় করতে পার, আর আমি পারি না? কিছ ভাতে পিতৃসভ্যের ব্রাত্য হয়। অখচ এই রাষ্চক্রই বনবাদের প্রথম বিনিজ वक्तीर्ड म्नवस्थत अहे चारम्नद चम्राप्त ७ चनवाथ वरनह्न। डांव वननमन পৌকবের অভাববশতঃ নয়, ভারতীয় ত্যাগাদর্শের জল্পে। সরস্ তীরে গর্ভবতী সীডাকে পরিভ্যাপকালে লক্ষণ অঞ্বিসর্জন করলেন, সীভা তাঁকে সাধনা দিয়ে वनलन,--ज्ञाबहत्त्वत हेव्हा भूतनहे छात्र काव, चारम भागतहे चानम--छात हेव्हा া্বলৈর অধিকারী হ'রে আমি আনন্দিত। এই ত্যাগ ও আত্মসমর্পণই ভারতীয় ^{ইতিহ}ে। এই যুগেই প্রাচ্য ও পাশ্চান্ত্যের সংস্কৃতির মুদগত বিভেদ স্থাপটভাবে विश्व---

আছ্মপ্রকাশ করে। বন্ধগত জীবনভিত্তিক গ্রীক সভ্যতার ব্যক্তিবাদ প্রাধান্ত লাভ ক'রে তাকে বান্তবম্থী ক'রে তোলে, আর ভারতীয় ত্যাগভিত্তিক অধ্যাত্মবাদের আদর্শের কাছে ব্যক্তিবাদ নক্তাৎ হ'রে ব্যক্তিকে সমাজের মাঝে লীন ক'রে দেয়— জাগতিক বস্তবাদের উপরে ধর্মভিত্তিক অধ্যাত্মবাদের প্রতিষ্ঠা হয়।

এই মহাকাব্য যুগের শিক্ষা সমাজজীবনে ব্যর্থ হয়নি। গ্রীসে এই আদর্শের প্রভাবে গ'ড়ে উঠেছিল এথেন্স, স্পার্টা, ম্যাসিডনের সন্ত্যতা আর রামায়ণ-ম্হাভারতের শিক্ষা চলে এসেছে উনবিংশ শতকের প্রথম পাদ পর্যস্ত—আজও হিন্দু গৃহে সে ত্যাগের শিক্ষা একেবারে বিলীন হয়নি, কোন কোন প্রাচীনপন্থী গৃহকোণে মুমূর্ অবস্থায় এখনও তা বেঁচে আছে।

জীবনের প্রতি দৃষ্টিভঙ্গির পার্থক্য হেতু জীবনের ম্ল্যবোধ ও জাগতিক জীবনের মৃল্যায়নও পাশ্চান্ত্যে ও ভারতে পূথক। অধ্যাত্মজীবন-বঞ্চিত প্রাচীন গ্রীক যুগেই অহং ও ব্যক্তিস্বাভস্ক্র মাথা তুলে দাঁড়িয়েছিল ভার কারণ বস্ত জগতের क्थ-दृ:थ, পাওয়া না-পাওয়া তাদের জীবনকে নিয়দ্ধিত করেছে—তাই তাদের জীবনের মূল্যায়নের মাপকাঠি। পাশ্চান্ত্যে মাহুষ হয়েছে তাই বাস্ততান্ত্রিক কিছ ভারতের মূল্যবোধ ভিন্ন। ভারত জাগতিক জীবনের উধেব একটা আনন্দময় क्रशंखरक, मिक्रमानम, रेक्यमा मुक्ति मांड क्रतर्छ हारहरू कांत्र छाई हत्र পাওয়া। অতীক্রিয় জগতের এই পাওয়া তাই জাগতিক জীবনের পাওয়াকে তুচ্ছ ক'রে দিয়েছে তার কাছে; জৈবিক জীবনের মূল্য কমে গেছে তার কাছে। তাই অহং আর ব্যক্তি মন্ত্রমুগ্ধ ভূজদের মত মাথানীচুকরে ছিল। পাশ্চান্তা চেয়েছে জৈবিক আনন্দ; ভারত চেয়েছে তুরীয় আনন্দ। ভারতীয় সাহিত্যে তাই নারীপ্রেম জৈবিক প্রেম নয়, ভারতীয় বিবাহ জৈবিকক্ষত্য নয়, ভারতীয় সমাজ ব্যক্তির সমাজ নয়, তা জাগতিক জীবনের উধে অহং মৃক্ত এক আনন্দ পরিবেশ। ভারতীয় প্রাচীন সাহিত্য তাই অহংপূর্ণ মায়ুষের মানবভাবোধপ্রস্থত নয়, জাগতিক জীবনের সংঘাত জনিত আত্মবিশ্লেষণ নয়, ত। মানবচিত্তের অধ্যাত্ম অমুভূতির ধর্মীর দার্শনিক চিম্বাধারার প্রকাশ। ভারতীয় সাহিত্য তাই পাশ্চাত্যের মত realistic হয়ে উঠতে পারেনি। ভারতীয় চিছে আগতিক সংঘাত জনিত বনোবিকার প্রবল, প্রথর ৰা প্রচুর হতে স্থযোগ পায়নি, তাই বান্তববাদী সাহিত্যও গ'ড়ে ওঠেনি। মাহুষের चर-वेत मरक कर कारलत मरबारलहे मरनाविकारतत महि, वहे मरनाविकातहे বান্তব সাহিত্যের উপজীব্য। জাগতিক জীবনের চাওয়া ও পাওয়ার ব্যবধানই মান্থবের আকাজ্যাকে অবদমিত ক'রে চিত্তবিকারের স্ষ্টে করে,—কাজেই চাওয়া-পাওয়ার প্রকৃতির উপর মাছুষের মনোবিকার নির্ভরশীল। এ সংঘাত ইউরিপিডিসের Phædra চরিজেই দেখেছি। ভারত বিষ্ণার বারা অবিষ্যাকে দূর করতে চেয়েছে "barrier of the unconscious" (क डाइन की बनरक ध्ववह्यान क्रांड कार्याह) ভাই নিজান বনের বাধা ভারতে অবক্ষনীয় হ'বে ওঠেনি। ভারতীয় চিত্ত নিজান বনের থাঁচার বন্দী হয়নি, ভার চিন্তবিকার ব্যাধিতে পরিণত হয়নি ।

চিত্তবিকাশের এই বিভিন্নতা হেতু জীবন দর্শন, ভারতীয় বিবাহ, সমাজ, প্রেম, পরিবার, ধর্ম, কর্ম, পারম্পরিক সম্পর্ক, হুখ-ছু:খ, পাওয়া না-পাওয়ার অর্থ এই তুই দেশে এক নয়, একই তত্ত্বাহক নয়।

জীবন দর্শন ভারতীয় চিন্তকে করেছে অফ্ছৃতিপ্রধান, পাশ্চান্তাকে করেছে যুক্তিপ্রধান। ভারতীয় চিন্ত প্রসারতা লাভ ক'রে স্পর্শকাতর হ'য়ে উঠেছে, পাশ্চান্ত্যে মন্তিছবৃত্তি ক্ষুরিত হ'য়ে তাকে দিয়েছে ব্যক্তিঘাতন্ত্রা। তাই পাশ্চান্ত্য সাহিত্যের প্রারম্ভেই মন্তিকে আর হদয়ে দন্ধ আরম্ভ হয়েছে; কিন্তু ভারতে এ দন্ধ পরিক্ট হওয়ার স্থােগ পায়নি। ইন্দ্রিয়গ্রাহ্ জগতের ইন্দ্রিয় অফ্ছৃত যুক্তিবাদ ভারতের হদয়কে সঙ্চিত করেনি তাই ভারতীয় মা, স্ত্রী, লাতা, ভারতীয় পরিবার ও সমাজের চেহারা পৃথক।

জীবনবোধ ও জীবনদর্শন যেখানে বিভিন্ন, সেধানে সাহিত্যের গতি ও প্রাকৃতির বিভিন্নতা অনিবার্ধ। এই জন্মেই হোমরের হেক্টর, এ্যাকিলিস, আগামেমন আপনার শৌর্ধ বীর্ধ ত্যাগ মহত্ব নিয়ে স্বতন্ত্র ব্যক্তিরূপে বড় হ'রে উঠেছে, কিছ রামচন্দ্র, সীতা, লহ্মণ, অজুন, যুধিষ্টির, কর্ণ, তাদের শৌর্ধ বীর্ধ মহত্ব নিয়ে স্বতন্ত্র ব্যক্তি হ'রে দেখা দিলেও একটা সার্বজনীন অফুভৃতির মধ্যেই তাদের মানবীয় গুণাবলী পূর্ণতা লাভ করেছে—তাই বনগমনকালে রামচন্দ্র লহ্মণের বাদাফ্রাদের মধ্যে মন্তিজ্বন্তি হৃদয়ের কাছে পরাভূত হয়েছে।

সিদ্ধবাক জোণাচার্য পরদিন অর্জুনের সঙ্গে মরণযুদ্ধে লিপ্ত হবেন জেনেও শিশুকে যুদ্ধে জয়ী হও ব'লে আশীর্বাদ করেছিলেন—এই হদমর্জি, এই সার্বজনীন ত্যাগর্ভিই ভারতীয় জীবনবোধের প্রতীক। কিন্তু গ্রীসে এ্যাটিক যুগের নাটকের মধ্যেই আমরা হৃদয় ও মন্তিজের এই হন্দকে দেখতে পাই, পাশ্চান্ত্য সভ্যতার মধ্যে এই হন্দ্র চিরপ্রকট। স্বতরাং প্রাচীন গ্রীক সাহিত্যে ও ভারতীয় সাহিত্যের স্বয় পৃথক, ভাবধারা পৃথক —এবং পাশ্চান্তা মন ও মন্তিক নিয়ে ভারতের হৃদয় বিচার তাই আজ্বও অসম্পূর্ণ র'য়ে গেছে।

প্রচীন গ্রীদের এই ভাবধারা ও জীবনবোধ আলেকজেক্সিয়া, রোম হ'রে, পরিবর্ভিত বা পরিবর্ধিত হ'রে ইউরোপে ছড়িয়ে পড়ে। রেনেসার পরে ইতালী থেকে ফ্রান্স ও স্পেন হ'রে এই তেউ ইংলওে পৌছে। সেধান থেকে উনবিংশ শতকে পাশ্চান্তা জীবনবোধ ও ভাবধারা ইংরাজী শিক্ষার মাধ্যমে বাংলার ক্ষয়িষ্ট্ হিন্দুসমাজের উপর গভীর প্রভাব ও প্রতিক্রিয়া হাই করে,—বাংলার উপস্থাস সাহিত্যের স্কাই ও পুষ্ট এই প্রভাব ও প্রতিক্রিয়া থেকে। মন্তিক ও ক্রম্মের ক্ষের ক্ষের

श्रीक पर्मन 8 मारिका

মহাকাব্য যুগের অন্তে গ্রীস জ্ঞানে-বিজ্ঞানে, দর্শন-সাহিত্যে, রাজ্য পরিচালনার বড় হ'রে উঠল। তথনকার গ্রীস আজকালকার ভৌগোলিক গ্রীস নয়। প্রাচীন গ্রীস বলতে বোঝাতো, গ্রীসের সমন্ত সমৃত্র উপক্ল—এশিয়। মাইনর থেকে সিসিলি, এবং সাইরিন (Cyrene) থেকে থেনু পর্যন্ত। এই তিন মহাদেশের মধ্যে ছিল জলপথের যোগাযোগ—সমন্ত সমৃত্র উপক্ল ভাগ ও দ্বীপাবলীও অন্তর্ভুক্ত ছিল। এই সমরে এশিয়া মাইনরের আইয়োনিয়ায় (Ionia) পৃথিবীর ধনসম্পদ প্রীভৃত হয়েছিল—প্রাচ্য বিলাস-ব্যসন, জাগতিক স্থসম্পদ, কেন্দ্রীভৃত হওয়ায় আইয়োনিয়ার অধিবাসীদের মধ্যে স্কলর ভাবে বেঁচে থাকবার আগ্রহ, উচ্চতর আলর্শের প্রতি অন্তর্গা প্রভৃতি সভ্যতার পরিপোষক অবস্থার স্টি হয়—কিন্তু তথন ইউরোপের বাকি অংশে আদিম প্রথা ও সংস্কারই রাজত্ব করছে।

প্রথমত: ব্যবসায়লর ধনসম্পদ জীবনকে আনন্দময় করায় স্বাধীন ও স্ক্রিয় চিত্রবিকাশের সহায়ক হয়। বিতীয়তঃ তথনকার রাজনৈতিক ও সামাজিক অবস্থা মননশীলতার অমুকুল ছিল। তৃতীয়তঃ গণতম্ব তথন অভিজাততম্বের বিহুদ্ধে সংগ্রাম করছে, ধনিকতন্ত্র (Oligarchy) ধ্বংস হ'য়ে গেছে, রাজ্তন্ত্র পরীক্ষিত হয়েছে এবং সমস্ত শ্রেণীর স্বার্থের সমতা সৃষ্টির চেষ্টা চলছে। এই সময়ে Thrasy bulus-এ Miletus, Samos-4 Polycrates, Lebos-4 Pittacus, Corinth ayfer Periander, Athens-4 Peisistratus 43. Syracerse-4 Gelon 4 Hiero-3 রাজ্বভার জ্ঞান-বিজ্ঞানের চর্চা কেন্দ্রীভূত হয়। তাঁরা বিজ্ঞান-সাহিত্য-দর্শনের পৃষ্ঠপোষকতা করে গ্রীকচিত্তধারাকে অগ্রগতি দেন। এই সময়ে ধনিক সম্প্রদায় ক্রতগৌরব। ভারাই তথন জাগতিক জীবনের নিরাশার আশ্রয়ে মানবজীবন সম্বন্ধে চিন্তা করতে एक करतन। প্রখ্যাত দার্শনিক Heracleitus এই দলভুক্ত। তথনকার যুগধর্মে মানবচিত্ত জ্রুত বিকাশ লাভ করে। মারুষের মধ্যে তার बुक्तिवान क्षेत्रन ह'रत्र अर्थ এवर बुक्ति नत्राक्तर উপেক। क'रत्र व्यापन शर्ब हनए পাকে। তথন সেই "Age of Seven Wisemen" এর বুগে নীতিবাদ সমস্তার সন্মুখীন ছ'মে পড়ে এবং চিম্ভাবিদগণ শিক্ষামূলক সাহিত্য, কাব্য, গৱ-উপক্তাদের সাহাবো বাজিকে সমাজমুখী করতে চেষ্টা করেন। তার ফলেই Hesiod এর মুগ বেকে হিভোপদেশমূলক কাব্য, সাহিত্য ও গল্পের সৃষ্টি—ব্যক্তিবাদ প্রভাবিত গণ্মনকে স্মাজকল্যাণকর শিকাদানের উদ্ধেষ্টেই তথন লোকশিকামূলক সাহিত্যের क्षांत्र इव। (১-२)

হোষরের প্রায় সমসাময়িক Hesiod-ই প্রথম প্রকৃতির কবি। তাঁর "Works and Days" এর মধ্যে Boetia-র- ক্বককুলের কঠিন জীবনসংগ্রামের

⁽³⁰⁴⁾ History of Ancient Philosophy-W. Windelbund p. 16-18.

বে ছবি ও শিক্ষা পাওয়া যায়, তার মধ্যেও এই ধর্মজিত্তিক একটা নীতিবাদ,— ব্যক্তিপ্রাণ মাম্বকে সমাজপ্রাণ ক'রে তুলবার প্রয়াস স্প্রমণ্ড। ইনিই প্রথম ইউরোপীয় কবি যিনি প্রকৃতির জন্মই প্রকৃতির সম্বন্ধে কাব্য রচনা করেন। (১০৩১০৪)

প্রকৃতপক্ষে প্রথম সভ্য যুগে ব্যক্তিত্বার্থ ও সমাজত্বার্থে যে সংঘাত সৃষ্টি হয় তা দিনে দিনে সভ্যতার অগ্রগতির সঙ্গে জটিলতর হতে থাকে, এবং এই তৃ'এর একটা আনন্দময় সামঞ্জ কী ক'রে হতে পারে তাই যুগ্যুগান্তের সমক্ষা—নীতিবাদের, সমাজের, এবং ব্যক্তিজীবনের। দার্শনিক চিস্তানায়কগণ এই সমস্তার সমাধান খুঁজেছেন যুগে যুগে এবং তার প্রভাব ও প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে সাহিত্যে, কাব্যে। অর্থাৎ যুগচিস্তাধারার বা মানব-চিত্তবিকাশ ও বিকারের এই রূপটি প্রতিক্ষলিত হয়েছে সাহিত্যে এবং সাহিত্যের মাধ্যমে সে ভাবধারা পৌছেছে জনগণের মনে। পাঠকের তথন একান্তই অভাব ছিল তাই আাতাদের কাছে তা পৌছেছে সন্ধীত, নাটক-গীতিকাব্যের আনন্দ পরিবেশনের মাধ্যমে। প্রাচীন গ্রীসে সমাজতন্ত্র, ধনিকতন্ত্র ও অভিজাততন্ত্রের উত্থান-পতনের মাঝে ব্যক্তিবাদ্ স্পষ্টতর হ'যে ওঠে, তার ফলেই গীতিকবিতা, ব্যন্ধ কবিতা যেমন গ'ড়ে ওঠে, প্রতিবাদরূপে তেমনি গ'ড়ে ওঠে হিতোপদেশমূলক আখ্যায়িকা। (১০৫) এই ইতিহাস কেবল গ্রীসের পক্ষেই সত্য নয়, সর্বদেশে সর্বকালেই সত্য।

এই সময়ে গ্রীক দার্শনিকগণ জাগতিক কারণ সম্বন্ধে প্রথম ভাবতে আরম্ভ করেন। মিলেসিয়ান প্রকৃতি দর্শন, যা তৎকালে পদার্থবিদ্যার প্রারম্ভ বলা যায়, তা আইওনিয়ার প্রথম যুগ। Thales (৬০০ খৃ: পূ:) গ্রীক পুরাণের কল্পিত জগতকে অম্বীকার ক'রে প্রথম প্রচার করেন জল থেকেই পৃথিবীর সৃষ্টি এবং জলই জাগতিক জীবনের প্রাণ শক্তি। Anaximander (৬১১—৫৪৫ খৃ: পূ:) বললেন, বান্তব জগত বান্তবের উধ্বে অর্থাৎ হিন্দু দর্শনের মায়াবাদেরই রূপান্তর। (১০৬) ইনিই প্রথম দর্শনের সন্তা সমস্তা (Reality) প্রণিধান করেন, এবং তাঁর পরম (Absolute) সম্বন্ধে ধারণা সমস্ত দার্শনিক সমস্তা সমাধানের ভূমিকা। (১০৭) Anaximenes

^{(&}gt;...) Hesiod's 'Works and Days' is the first dedactic poem, his purpose was religious.—Ency. Britt. 9th Ed. Vol. X—Gk. Litt.

^(3.8) He is the first European who writes of Nature for its own sake—Ancient Greek Literature—C. M. Bowra—p. 37

^(3.4) In the passion and excitement of internecine political conflict, the individual becomes conscious of his independence and worth and he 'girds up his loin' to assert his rights every where. In course of time Satirical poetry grew beside the lyric, as the expression of a keen and cleverly developed individual judgement. Hist. Ant. Phil.—W. Windelbund—p. 18.

^{(30%) &}quot;The world of experience to reality is a reality beyond experience, the idea of which arises from conceptual postulate" reminding us of original oriental religious idea—as a compensation for the injustice of individual existence.—Ibid—p. 40

^(3.9) His conception of the Absolute...yeilds the first blue-print which includes all that is essential for the solution of the philosophical problem. Hist. of W. Phil...N. V. Joshi—p. 8.

জাগতিক কারণের মৃলে দেখলেন বায়, বাষু থেকেই জন্নি, মেঘ, বৃষ্টি, ও স্ষ্টি। তিনি প্রাকৃতিক কারণকে জগতের হেতুভূত মনে করলেন। ৪৯৪ খৃঃ পৃঃ এ Lade এর যুদ্ধে Miletus এর পতন হয় এবং Ionia-রও স্বাধীনতার শেষ হয়। সেই সঙ্গে এই যুগের প্রকৃতি দর্শনেরও শেষ এইথানেই। এঁরা পৌরাণিক করনা ছেড়ে স্ষ্টির বৈজ্ঞানিক কারণ খুঁজেছিলেন—যুক্তি এবং প্রমাণের সাহাষ্যে।

এর পরে আইওনিয়ার Ephesus নগরী উন্নত হ'বে ওঠে এবং সেইখানেই প্রখ্যাত দার্শনিক Heracleiters এর অভ্যুত্থান। তিনি পৌরাণিক দেবদেবীর প্রতি यानवञ्चल ख्रेणांख्य चारताथ कत्रारक वाक करतन এवः প्रथम कल्लना करतन, शृक्षिवी ও স্টির হেতুভূত ভগবান একই—জন্ম-মৃত্যুহীন একই শক্তি। ক্ষিতি অপ্তেজ থেকেই পথিবী তার পিছনে রয়েছে 'Logos'—অপরিবর্তনীয় ও অক্ষয় শক্তি। (১০৮) Xenophanes মিলেসিয়ান প্রকৃতি দর্শনের বিরুদ্ধতা করেন এবং জাগতিক পরিবর্তনের পশ্চাতে এক অপরিবর্তনীয় ভগবানের রূপ কল্পনা করেন। Perminides জাগতিক পরিবর্তনকে চিরস্তন মনে করেন, এবং জগতে সত্যকার বস্ত কিছু মান্তবের কর্তব্য দেই জাগতিক নিয়মের নিকট নতি স্বীকার ক'রে তার অন্তবর্তী হওয়া—নীতি ও রাজনীতি উভয় দিকেই এই জাগতিক নিয়মকে মেনে চলাই কর্তব্য।(১০৯) পারমিনিভিদ থেকেই Eleatic দর্শনের স্ষ্টি। তাঁর শিক্ত Zeno (৪> - -- ৪৩ -) যুক্তি বারা জগতের হেতৃভূত ঈশারকে এক ও অপরিবর্তনীয় প্রমাণ करतन। त्नहे क्याहे आतिम्हेन छात्क क्षथम 'dialectic' वरन पाछिहिछ करतन। ছেনোই প্রথম প্রশ্নোত্তর প্রথায় (প্রশ্নোপনিষদের অমূরূপ) তাঁর দর্শন লিপিবদ্ধ করেন এবং এই লিখনরীতি পরে যথেষ্ট উন্নতি লাভ করে। তার মূল হুর-

Our wills are ours—to make them thine, Happiness depends alone on virtue.

The Cambridge Ancient History Vol. VII—p. 242
Samos এর Milessus (১৪২ খৃ: পু:) হেতৃভূত শক্তির চিরস্তনতা সম্বন্ধে
পার্মিনিভিস্ ও আনাক্সিমিনভারের মধ্যবর্তী। তিনি বললেন,—স্টে শাখত,
বেহেতৃ তা ক্মন্ত্। স্টে এক বেহেতৃ তার বিভিন্নতা দেশ ও সময়ের ঘারা সীমিত।
Empedocles (৪৯০—৪৩০) চারিটি উপাদানকে স্বীকার করেন—ক্ষিতি, অপ,
তেজ, মরুং। এই উপাদানের মিলন ও বিয়োগের ফলেই স্টে স্থিতি লয় এবং এই

⁽১০৮) God is the original ground of all things and to him are all due.... He is unoriginated and imperishable. Ibid—W. Windelbund—p. 47

⁽১০৮) Wisdom is not a knowledge of many things. "It is the clear knowledge of one thing only viz 'Logos' which is true evermore."—Ibid—N. V. Joshi—p. 18.

^(1...) Since the cosmic reason is cosmic law, the reasonableness of man consists in his conformity to law and in his conscious subordination to it. Ibid—W. Windelbund.—p. 57

গরিবর্তনের পিছনে তিনিই প্রথম বস্তু ও শক্তি (Matter and Force) অভ্যান করেন। তিনিও Xenophanes এর মত সীমাবদ্ধ মানব-জ্ঞানের জন্ত হুংখ প্রকাশ করেন এবং Heracleitus ও Parminedes এর ৰত বলেন যে ইলিয় বারা দতাকার জ্ঞান (পরা বিভা) অর্জন করা যায় না, চিম্বা ও ব্যক্তির বারাই প্রকৃত জ্ঞান লাভ করা যায়। Anaxagoras উপাদানকে চারটির মধ্যে সীমাবন্ধ করায় আপত্তি করেন এবং উপাদান ও পরমাণুকে তিনি বর্তমানের মত অনস্ত মনে করেন। ডিনি বলেন, উপাদান অসংখ্য ও বিভিন্ন, একটা শাখতী শক্তির প্রভাবে তাদের মিলন-বিয়োগের মধ্যেই স্ষ্ট। তার পরে Leucippus ও এই পরসাগুবাদকে সমর্থন करत्न এवः विकानिक व्याधा पात्रा मुख्यान एष्टित व्याधा करत्न। এই প्रवात् অনম্ভ অক্ষ অপরিবর্তনীয় আদি অন্তহীন। জেনো এই নেহাত বাত্তব ও বছ-ভান্ত্রিক ব্যাখ্যার প্রতিবাদ করেন এবং বলেন যে, স্টের হেতুভূত যে ঈশর (পরম পুৰুষ) তা এক এবং অপরিবর্তনীয়, কারণ, "The mechanical motion is finite and is not self-explanatory. That is why it is prima facie absurd to seek to apprehend the Infinite with its help. This is the primary motive underlying the paradoxes of Zeno."—Hist. of W. Phil.-Joshi.-p. 29.

এই যুগের গ্রীক দর্শনের উপর ভারতীয় সাখ্য বেদান্ত দর্শন ও উপনিবদের প্রভাব স্কুলান্ত। আনেকে এ প্রভাব অস্বীকার করলেও এ কথা অবশু স্বীকার্ব্য যে ঐ যুগে উভয় দেশে মানব-চিন্তের চিন্তাধারার একটা যোগাযোগ ও সামঞ্জ ছিল। (১১০) মিশর থেকে সিন্ধু পর্যন্ত যে একটা পারক্ষারিক যোগাযোগ ছিল একথা ঐতিহাসিক সত্যা, অতএব চিন্তাধারায় যোগাযোগ ছিল না একথা বলা যুক্তিযুক্ত নয়।

এই যুগে মানব-চিত্ত অহুমানের উপর আছা রেখে আছিক উন্নতির পথ আর খুঁজতে চাইল না—তারা যুক্তি এবং প্রমাণ চাইল। বৈজ্ঞানিক দৃষ্টি দিয়ে তারা পৃথিবী ও জীবনকে বিচার করতে আরম্ভ করল। তার পরিণতি হল পুরাতন ভগবং বিখাসের শিথিলতায়, এবং Sophist গণ বৈজ্ঞানিক যুক্তি নিয়ে সমাজের সামনে এসে দাঁডালেন।

Appoloniaর Diogenes, Heracleitus এর শিশু Ephesus একেশর-বাদের প্রচার করলেও, Hippasus, Hippocrates ও Thucydides পদার্থ বিভা ও মনোবিজ্ঞানের যুক্তি বারা পৌরাণিক বিশাসকে শিথিল ক'রে মাত্রকে আত্ম-

⁽⁵³⁰⁾ Parallels between Indian and Greek philosophy are well worth drawing but it may be doubted whether it is wise thence to proceed to deduce borrowing on either side...The attempt to prove a wide influence of Samkhya on Greece depends, in part in the belief, in the very early date of Samkhya and if, is we have seen, this is dubious, it is impossible to assert that possibility of influence on Herakleitos. Empedokles, Anaxagoros, Demokritos and Epikuros is undeniable. Hist. of Skt. Litt. Keith—p. 500.

সচেতন ক'রে ভোলেন। এই সময়ে গ্রীক ও পারসিকগণের মধ্যে অবিরাম যুদ্ধ চলছিল, শেৰ পৰ্বাবে গ্ৰীলের জয় জাতীয়তাবাদ ও জাতীয় সংহতির সৃষ্টি করে। এই মনোভাবই পরবর্তী হেলেনিক সংস্কৃতির মূল। Thucydides এর যুগই পরবর্তী Attic যুগের স্টনা। মানবসমাজের আত্মচেতনা লাভের ফলেই সেই যুগের বাণী এাটিক যুগের Æschylus, Sophocles, Pinder এবং Simonedes এর বেশার ভিতর দিয়ে দেশবাসীকে উদুদ্ধ করে। একদিকে তথন বৈজ্ঞানিক চিস্তাধারার অগ্রগতি বাত্তব জগতে কার্বকরী হ'য়ে ওঠে, অন্তদিকে ধর্ম সমন্বয় ও অফুশাসন সাধারণ মাহাবকে শিক্ষিত ক'রে তোলে।(১১১) মাহুবের মনে তাদের পারি-পার্ষিকতা সম্বন্ধে জিজ্ঞাসা এসে উপস্থিত হয়,—বিজ্ঞানবিদ্যণ ভার জবাব দেন— এই গণশিক্ষকগণই লোফিট নামে পরিচিত। তাদের শিক্ষায় বৈজ্ঞানিক চিস্তাধার। ব্যাপকতর হয়। এই গণতান্ত্রিক মানবভাবোধ মাহুষকে ভার জীবনের পাওয়া. বন্ধ জগতের অংথ-সমৃদ্ধি সহচ্ছে সচেতন ক'রে তোলে এবং সমাজ, রাষ্ট্র, নীতি, ধর্ম, কান্তিবোধ সম্বন্ধে চিন্তা করতে উৰুদ্ধ করে—এবং পরিণতিব্ধপে ব্যক্তিস্থাতন্ত্র্য সমাজজীবনকে উপেক্ষা করতে শুরু করে। এথেন্দু ও অন্ত অনেক নগরে তথন গণতত্র প্রতিষ্ঠিত হয়েছে,—জনসাধারণকে রাষ্ট্র ও সমাজের কাজে নিবুক হতে হ্যেছে। Heppias (of Elis) তার Heppias Major এ জনগণের কর্তব্য সম্বাদ্ধ তাঁর বক্তব্য প্রচার করলেন। Gorgias of Leontine এবং Provagoras (৪৮৩—৩৭৫) এই বুগের শ্রেষ্ঠ সোফিন্ট। প্রটাগোরস তাঁর Homo Mensura श्रात्व वनतन-माश्रवहे कशरखंद मानकार्ति, माश्रवहे मछ। स्नाहरवांव ७ विरवक ভগবানের দান এবং তা সকলের মধ্যেই বর্তমান। কিন্তু এই শিক্ষার ফাঁক থেকে গেল,—মান্ত্ৰ বলতে কে এবং কী বোঝায় ? এই সময় থেকে যুক্তিবিছা (Logic) এবং আত্মহথ বিচার (subjectivism) এর আবিত হয়। Gorgias তার On the Nature of the Non-existent পতে বললেন, জগতে কিছুই নেই, কিছুই জানবার নেই, বেহেতু মাছব ভগবানের দানে (প্রটাগোরসের মতে) শ্বয়ং সম্পূর্ণ। किन अहे मुक्षताहरू मजरात्मत कन नमात्क ज्यावह ह'रव केर्रन । श्राहीन वृत्र त्यत्व नी जि-धर्म द्यान हनाई हिन माधावन किन Pericles এর মূলে यथन वाकियाम অভান্ত সক্রিয় হ'য়ে উঠন তথন এথেনে গণতত্ত্বের নামে বৈরাচার (Anarchy) हन्ट एक कतन। चड़ कीवरनत शाख्या वड़ ह'रत छेठन, छाटे बाहरवत कारह नीजि-मधना जीवरनव निगंज र'रव रहता हिन। अधिक Archelaus (Anaxagoros এর শিশ্র) বললেন,—সামাজিক শ্রেণী বিভাগ প্রকৃতিদত্ত নয় ভা মাছবের স্ষ্ট। সমাজ শৃত্যসমূক ব্যক্তিবাদ দেখতে দেখতে সমাজ চেডনাবে

^{(&}gt;>>) On the one hand it entered with its discoveries and inventions into the service of practical life, on the other hand, its doctrines and particularly its transformation of religious views were brought through poetry to the apprehension of the common mind...The view of nature in Aschylus, Sophocles Pinder and Simonedes appears on the whole in a similar setting as in the gnomic poets.—W. Windelbund—Ibid—p. 109.

নভাৎ ক'রে দিয়ে জনগণকে আত্মকেন্দ্রিক ও বৈরাচারী ক'রে তুলল। (১১২) এই পভনের মুখে Socrates এর আবির্ভাব। অবশ্র সোফিন্টগণ বিজ্ঞানের বন্ধিকভার বিক্ষতা ক'রে মানবধর্ম ও কান্তিবোধ তথা ফুলরের জন্ম গান করেছিলেন কিছু সে मानवं-धर्म, वाक्कि-धर्म भर्बावनिष्ठ इराइकिन। मर्व्विष्ठितत्र चाविष्ठाव अहे भछन्ति রোধ করল। সোফিন্টরা যুক্তির জালে শিথিয়েছিলেন বাস্তবে ব্যক্তি-স্থখই স্থখ। সক্রেটিস মানবধর্ম বিষয়ে একমত হলেও প্রথম প্রশ্ন করলেন-অবশ্র স্থাই জীবনের কাম্য কিন্তু প্রকৃত হাথ কী? তিনি বললেন, সাধারণ হাথ আর দার্শনিক হাথের ভফাৎ আছে। সাধারণ কথ ইন্দ্রিয়গ্রাহ্ন ও ব্যক্তিগভ, দার্শনিক কথ (pleasure) সর্বকালীন ও সামগ্রিক। সক্রেটিস নিজে মহত্তে ও সততায় আদর্শ পুরুষ তাই তিনি নাগরিক কর্তব্য, আইনাফ্বর্তিতা, শুঝলা ও সমাজবোধের উপর গুরুত্ব चार्ताभ करालन। (১১৩) कांन निर्मिष्ठे कार्लत भवाक-मःस्रात ७ नीजि তৎকালীন মামুষের মনকে গঠন করে। অতএব তা চিরন্তন নয়,—নীতিবাদের সভ্যতা আপেক্ষিক, তা চরম সভ্য নয়। চিরস্তনী নীভিবাদ প্রজ্ঞাপ্রস্ত-যা কেবলমাত্র যুক্তি ও চিন্তাশ্রমী। যা সাধারণ ইন্দ্রিয়ার্ভুত জ্ঞান তা অবিছা, এবং ইব্রিয়াতীত বোধের দারা যে জ্ঞান আহত হয় তাই বিছা। তাঁর 'Virtue is knowledge' মতবাদ মানব ধর্মের সমস্ত গুণাগুণকে সামগ্রিক ভাবে গ্রহণ करत्रका (১১९)

সভ্যতার অগ্রগতির এই ইতিহাসের পৃষ্ঠায় যে সভ্যটি প্রতিভাত হয়েছে তা সংক্ষেপে এই যে, ব্যক্তি সচেতনতা বেমন একদিকে মাহ্ম্মকে ধর্মীয় সংস্কার ও বন্ধন থেকে মুক্তি দিয়েছে, অক্স দিকে তেমনি একটা সর্বজনগ্রাফ্ আদর্শবাদের অভাবে মানব-মনকে ব্যক্তিকেন্দ্রিক, কৈরাচারী ও অস্তমূর্থ ক'রে তুলেছে। তার প্রধান কারণ এই আত্মচেতনা অধ্যাত্মবাদ ভিত্তিক শিক্ষা ও জীবনকে উপেক্ষা করেছিল কিছু যুক্তি বা বৃদ্ধিজাত কোন বিকল্প নীতিবাদ স্পষ্ট করেনি। অধ্যাত্মজীবন বঞ্চিত হ'রে মাহ্মব নেমে এসেছিল বাত্তব জগতে। বস্তুক্তগতের পাওনা-দেনা ও ভোগই পরমার্থ হ'রে উঠেছিল। পাওনা-দেনার হিসাব-নিকাশের গরমিলে বাত্তবে রাজনীতি ও স্মাজনীতির মধ্যে বিপ্লব স্পষ্ট হয়েছিল। সংগ্রাম ও সংস্কারের মধ্যে চিত্তবৃত্তি সংকৃচিত হ'রে ব্যক্তিকেন্দ্রিক হ'রে উঠেছিল। সমাজ যথন অধ্যাত্মবাদের শক্ত ভিত্ত থেকে নেমে আরে, তথন বস্তবাদের নামে আত্মবাদ তথা ভোগবাদ বড় হ'রে ওঠে। চিত্তবৃত্তির সংকোচনে হাদ্যবৃত্তি উপেন্দিত হ'রে দেহ বড় হ'রে ওঠে। ব্যক্তি

⁽১২২) But the more the theory of the Sophists conceived of 'nature' as 'human nature' and as 'human nature' limited to its physical impulsive and individual aspect, so much the more did law appear detriment and limitation of the natural man.—Ibid—p. 122.

^{(&}gt;••) Particularly Socrates himself the model of noble pure morals gave high place to civic virtue, to submission to the laws of the state. Ibid—p. I34.

^{(&}gt;>*) Ibid-W. Windelbund. p. 128. Ibid-N. V. Joshi.-p. 35.

ব্যতীত সমষ্টি বড় হয় না সত্যা, কিন্তু যথন ব্যষ্টি সমষ্টিকে উপেক্ষা করে তথনই ঘটে প্রসাদ।

ব্যক্তি-সমাজ, ত্যাগ-ভোগ, বন্ধবাদ অধ্যাত্মবাদের এই যে ধন্ম একদিকে চিস্তাশীল দার্শনিকগণের মনে সমস্তার স্বষ্টি করেছে এবং তাঁর। কথনও বৃদ্ধিগত যুক্তি কথন বৃদ্ধগত অস্কৃত্তি দিয়ে তার সমাধান করতে চেয়েছেন, অস্তু দিকে সমকালীন কবি ও সাহিত্যিকগণ তাঁদের রচনায় এই ঘন্দের ছবি তুলে ধরেছেন। দর্শন ও পাহিত্য উভয়ই মানবচিত্ত প্রকাশের পথ, দর্শন রেখে গেছে তার বৃদ্ধির্ত্তির ছাপ, সাহিত্য রেখে গেছে হৃদয় বৃত্তির পদ্চিহ্ন। সমস্তাকুল জগতে দর্শন চেয়েছে সমাজ রাষ্ট্রের মাঝে মাহ্যুথকৈ স্থী করতে, সাহিত্য এই সমস্তাগত স্থ-তৃঃখের অস্কৃতিকে রেখে গেছে হৃদয়ের আবেদন রূপে—সাধারণের হৃদয়ে।

মহাকাব্য-যুগান্তে মাহুবের Virtue (সদগুণ) অন্থ্রপ্রাণিত রাজতন্ত্রের অবসান হল। তার পরে এল অভিন্নাত্তন্ত্র, তথন বীর্ত্ব ও মহন্ত্রের যুগ শেষ হ'য়ে এসেছে, মানবজীবনে অবসর এসেছে ভাববার,—তাই ব্যক্তিগত হলম্বৃত্তি প্রকাশিত হল কাব্যে। তথন শোকগাথা (Elegy) এবং গীতিকবিতার (Lyric) যুগ। মহাকাব্যের সমগ্রতা ভেকে গিয়ে তা গোলীগত ও ব্যক্তিগত রূপ নিয়েছে। Callinus of Ephesus (৬৬০ খু: পু:) দেশবাসীকে কোন শক্রর বিরুদ্ধে উৎসাহিত করে এক কাব্য লিখেছিলেন, তাতে দেশবাসীকে তিনি বলেছিলেন—যুত্য নিশ্চিত; অতএব অধ্যাত অজ্ঞাত মৃত্য অপেক্ষা যুক্কেত্রে বীরশয়াই শ্রেরতর। Memmermus of Colophon (৬৩০ খু: পু:) প্রথম নান্তিক কবি। তিনি বললেন, জীবন নশ্বর, অতএব ঋণং কর্যা ঘৃতং পিবেৎ—ইন্দ্রির-হথ ও নারী-প্রেমেই জীবনের চরম সার্থকতা। তাঁর বেশীর ভাগ কবিতাই Nanno নামে এক বংশীবাদিকার উদ্দেশ্তে। রোমান কবি Propertius ও Ovid এর গোলীগত তিনিই প্রথম প্রেমের কবি।

ষধন আইওনিয়াতে এই ব্যক্তিকেন্দ্রিক কবিভার সৃষ্টি হয়েছে তথন গ্রীসের প্রধান ভূভাগে প্রাচীন পথে পৌরাণিক কাহিনীমূলক কাব্য সৃষ্টি চলছিল। গ্রীকগণ নৃত্যুগীত ও সমবেত সৃষ্টীতে জন্ম-মূত্যু, বিবাহ-নবান্ধ প্রভৃতি সামাজিক উৎসব অষ্ঠান পালন করতেন। তার থেকেই সমবেত সৃষ্টীত (chorus) এর সৃষ্টি। এই সব অষ্ঠান-মাধ্যমে লোকশিকার ব্যবস্থা প্রচলিত ছিল। স্পার্টাতেও তথন নৃত্যুগীত প্রভৃতির আষ্ঠানিক অষ্পীলন হত। এই সমবেত সৃষ্টীতের কবি Terpander এবং Tyrtæus কুমারীগণের সমবেত সৃষ্টীতের জন্ত গান রচনা করতেন। তার বিবয়বস্তু পৌরাণিক অথবা ছানীয় কোনও আখ্যায়িকা। এই সময়ে Lesbos দ্বীপে Sappho ও Alcæus ব্যক্তিগত ও ছানীয় লোকগাধা নিয়ে কবিতা রচনা করলেন। Alcæus স্থানীয় অভালাত Pitacus ও Myrtilus এর বিক্রেজ জনগণকে উদ্বুদ্ধ করেন।

Anacreon (१७७-3 १৮) दोन चार्तकनमृतक कविका ও शांश निरथ

তাঁর পৃষ্ঠপোষকদের আনন্দ দিতেন। পৌরাণিক কাহিনীকে গ্রহণ করেও তিনি নিজম্ব রীতি রক্ষা করেছিলেন। Ibycus Solon ও Theognis (৫২০) রাজনৈতিক দার্শনিক ও ব্যক্তিগত স্থ-তৃঃথের আবেগময় গীতি কবিতা ও কোরাস রচনা করেন। Theognes অভিজাত বংশজাত, গণতম্বের চাপে ব্তরাজ্য হ'য়ে নির্বাসিত হন। তাঁর কবিতায় অভিজাত শ্রেণীর গৌরব ও সাধারণের হীন মনোবৃত্তির কাহিনীই রণায়িত হয়েছে।

পরবর্তী যুগের প্রখ্যাত কবি Simonides (৫৫৬—৪৬৭) ও Pinder (৫২২-৪৬৮)। তাঁরা উভয়েই কোরাস গান রচনা করতেন। সাইমনিভিস্ থার্মাপদির বীরবৃন্দের কথা অতি বেগবান ভাষায় বর্ণনা ক'রে থ্যাত হয়েছেন। ৪৭৯ খৃঃ পৃঃ সালে পারসিকগণের পরাজ্যের পরে কবি সমগ্র গ্রীসে প্রখ্যাত ও প্রসিদ্ধ হন। তিনি সেই অমর বীরবৃন্দের উদ্দেশ্যে বলেছিলেন—

"Of those who died in Thermoplyea, glorious is the fortune and fair the doom. An alter is their tomb, for lamentation they have remembrances and for pity praise. Such a winding sheet decay shall not obliterate, nor shall conquering time."

Ancient Greek Literature C. M. Bowra-p. 65

Pinder তথনকার বিজ্ঞান দর্শন গণতান্ত্রিক রাষ্ট্র ও তার চাহিদা সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন ছিলেন। তিনি প্রাচীন পদ্ধী, সনাতন ধর্ম ও আভিছ্ঞাত্যের পক্ষণাতী—মানবীয় সদগুণাবলীর ভক্ত। তাঁর আদর্শ সমাজ তথন ভেচ্ছে গেছে তবুও তিনি সেই বিগত আদর্শবাদের জয়গান করেছেন। তার পরে Bacchylides (৫০৫-৪৫০) পৌরাণিক উপাখ্যান রচনা করেন এবং সমবেত সঙ্গীতের মধ্যে পদাবলী কীর্তনের ভায় কিছু কথোপকথন সংযোজন করেন এবং এই গান ও সংলাপের আশ্রেয়ে গ্রীক নাটকের উদ্ভব।

এই যুগের দর্শনে যেমন একটা ছল্ছ ছিল, তেমনি লেখকগণের মধ্যেও তা প্রতিফলিত হয়েছে। বস্তুৰাদ ও যুক্তি-বিজ্ঞানের প্রচারে অহংপূর্ণ ব্যক্তিবাদ তথা ব্যক্তিস্থাতন্ত্রা একদিকে যেমন প্রকট হ'য়ে উঠেছিল অন্ত দিকে অধ্যাত্মবাদের উপর আহা নিয়ে আর একদল আদর্শ সমাজের পরিপুরকরপে মাহ্যুষকে সদগুণের অফুশীলন করতে অহ্প্রাণিত করেছেন—তাঁরা বলেছেন, মাহ্যুষ সং ও সাধু হলেই আদর্শ স্থী সমাজ গঠিত হবে।

পরবর্তী যুগের দর্শন এই ভোগ ও ত্যাগের সংগ্রাম। একদিকে এলেন Cynie অক্স দিকে Cyrenaic গণ। Antisthenes (৪৪০) তাঁর শিশ্ব Crates (of Thebes) তাঁর স্ত্রী Hepparchia এবং ভাতা Metrocles এই 'দিনিক'দের আদি শুরু। তাঁরা বলেন, পুণ্যার্জনই একমাত্র কর্তব্য, পুণ্যকর্মই শ্রেষ্ঠ এবং তাই প্রকৃত আনন্দলান্তের একমাত্র উপায়। বার জীবনের চাওয়া যত কম তার আনন্দ তত বেলী। তার কাছে সমাজ, সংস্থার, নীজি, সুখ ও ছুংখ, সবই অবাস্তর। তাঁরা চাইলেন ষাস্থ্যকে সর্বভ্যাপী করতে কিছ সেই সঙ্গে জীবনের আনন্দ ও সৌন্দর্য, দেশ, নীতি-সংসারের বন্ধনকেও অনাকান্দিত মনে করলেন। তাঁরা নৈর্ব্যক্তিক একেশ্বরাদকে গ্রহণ করে পুণ্যার্জন ও কচ্ছু সাধনে ভগবানের পূজা করতে চাইলেন, যেটা ভারতীয় ত্যাগর্ভির একটা বিবল্প রূপ। (১১৫) অন্ত দিকে Arituippus (of Cyrene), Theodorus, Aunieris, Hegestias এবং Euemerus প্রশ্ন করলেন, আনন্দ কী? অথ কী? Theodorus বললেন, জ্ঞানী ব্যক্তির কাছে কোন নীতি নেই, ধর্ম-রীতি মানবার প্রয়োজন নেই, তাঁর কর্তব্য যা পেলে, যা করলে তিনি আনন্দ পান তাই তিনি করবেন। Anniceris এই উদ্দাম উচ্ছুল্লভাকে প্রশমিত করতে বললেন, এই জাগতিক স্থাবর মধ্যে সমাজ, পরিবার ও বন্ধুর স্থান, থাকা প্রয়োজন। Aristippus বললেন,—জীবনে আনন্দ ভোগ করাই পুণ্য, বিজ্ঞান ও বস্তু সেই আনন্দ দেবে সত্য কিছু প্রকৃত আনন্দ ভোগ করতে হলে মান্থকে সংযুমের প্রথ দিয়েই এগোতে হবে।

এই যুগের এই ব্যক্তিস্বাতম্য ও অহংবাদপ্রস্ত আত্মবাদ গ্রীক সভ্যতার পতনের কারণ। (১১৬) এই যুগের ব্যক্তি ও সমাজের এই ঘল্ব তথা বস্তবাদ ও আদর্শবাদের অভিব্যক্তি এ্যাটিক নাটকের মধ্যেও স্ক্রুট—ইউরিপিডিস্, সফোক্লিস, পুসিডাইডস্ ও জেনোফোনের রচনা এই যুগের সাক্ষী।

এই বন্ধবাদ ও আদর্শবাদের সংগ্রাম প্রভাবে ব্যক্ত হয়েছে Democritus
(৪৩০-৬৬০) এবং Plato (৪২৭-৬৪২) এর মধ্যে। ডিমোক্রিটাস্ সাক্রেটিসের
দশ বছরের ও প্রোটাগোরসের বিশ বছরের ছোট। ডিমোক্রিটাসের প্রকৃতি দর্শন
বর্জমান প্রকৃতি বিজ্ঞানের ভিত্তি। তাঁর শিক্ষাকে সমালোচনা করা যেতে পারে
কিছু তাঁর যুক্তি ও ধারণা যে গ্যালিলিও, বেকন, গ্যাসেন্ডি থেকে আরম্ভ ক'রে
বর্তমান প্রকৃতিবিজ্ঞান ও অধিবিভার (Metaphysics) ভিত্তি একথা অস্বীকার
করা যায় না। তাঁর দান প্রেটোর দানের মতই সভ্যতার ইতিহাসে শ্বরণীয়। তিনি
হেরাক্লিটাসের চিন্তাধারার অস্থগামী এবং প্রামাণিক ভাবেই সোফিন্ট মতবাদের
ধারক—তার ফলে তিনি সন্দেহবাদ (skepticism) এর পর্থগামী। তাঁর যুক্তি
Leucippus এর পরমাণ্বাদের অস্থামী। অসীম শৃক্ততার কোলে অসংখ্য
অপ্রমাণ্ প্রমণশীল। তাদের আকার প্রকৃতি ভিত্ত, তাদের মিলন-বিয়োগের
ফলেই জগতের স্টে-স্থিতি-প্রলয়। জাগতিক জীবন এই পরমাণ্-স্ট,—এ ব্যতীত
জগতে কোন ঘটনা ঘটে না। তাঁর শিক্সদের মধ্যে Metrodorus ও Anaxarchus
(ইনি আলেকজাঙারের এসিয়া অভিযানের সহযানী ছিলেন) এর নাম

⁽⁵³⁴⁾ But with this radical consistancy which grew sharper with them, they also despised all the joy and beauty of life, all shame and conventionality family, country....Positively the cynics represented an almost monotheism which finds in virtue the worship of God.—Ibid—W. Windelbund. p. 145-46.

⁽১১৬) The isolation of the individual and indifference to public life—in these the decline of Greek civilization was most characteristically expressed.—Ibid—p. 149.

উল্লেখবোগ্য। ভিষোক্রিটাসের এই যান্ত্রিক জড়বাদ বেষন একদিকে বান্তকে বৈজ্ঞানিক দৃষ্টিভিদ্ন স্থান্ত করেছিল জন্তুদিকে ভেষনি প্লেটো প্রারিস্টিল্ এর নৈতিক আদর্শবাদ (Ethical Immaterialism) গ্রীস দর্শনের পূর্ণতা দিয়েছিল। হেরাক্লিটাস্, পারমিনিভিস্, এ্যানাক্সাগোরস, প্রটোগোরস প্রভৃতির শিক্ষা প্লেটোর দার্শনিক তত্ত্বের কাঠামো স্থান্ত করেছিল সন্দেহ নেই কিন্তু প্লেটোর ভাবধারা ও দর্শন তাঁর নিজন্ব। তাঁর দর্শন,—নৈতিক অধ্যাত্মবাদ প্রায় হাজার বছর ধ'বে সমগ্র ইউরোপে অপরিসীম প্রভাব বিস্তার করেছিল। তাঁর Apology ব্যতীত সমস্ত রচনাই প্রশ্ব-উপনিবদের মত প্রশ্বোত্তরে লেখা। পুরাকালে Aristophenes তাঁর লেখা সংগ্রহ ও সম্পাদনা করেছিলেন।

সক্রেটিসের শিক্ত প্লেটো—সক্রেটিস সোফিস্ট। তাঁরা পুরাতন দার্শনিক তত্ত্ব থেকে পৃথক। প্রথমত: তাঁরা দ্দীম (finite) ও অদীম (Infinite) সহছে নীরব। বিতীয়তঃ তাঁরা জাগতিক কারণ সম্বন্ধে পুরাতন গ্রীকদর্শনের মত ব্যক্তি ও জীবনের সম্বন্ধে সচেতন নয়। সকেটিসের প্রকৃত জ্ঞান (Rational Knowledge) এর তত্তকে প্লেটোই প্রথম দার্শনিক আদর্শবাদে পরিণত করেন। প্লেটো ইপ্রিয়--গ্রাহ্ন জগত ও অতীন্ত্রিয় জগতকে (world of ideas) পুথক করে ভাবতে আরম্ভ করেন। তাঁর এই world of ideas ও ঈশ্বর একই কিনা এ সম্বন্ধে তিনি নিশ্চিত কিছ বলেননি। প্লেটো গণতল্কের বিরোধী ছিলেন, আংশিক বংশগত প্রভাবে আংশিক সক্রেটিসের শিক্ষায়। তাঁর Idea of good Philebus এর Dialogueএ আলোচিত হয়েছে। প্রকৃত জ্ঞানের দারা প্রকৃত গুণার্জনই নৈতিক প্রয়োজন। চলতি বিশ্বাসের বলে আমরা বাকে সত্য বলি, তা আপেক্ষিক, সময় ও দেশ ভেদে তা পরিবর্তনশীল, অতএব প্রকৃত জ্ঞানজগত বস্তুগত জ্ঞানজগত অপেকা পুথক। একটি জ্ঞান সাধনাপ্রস্থত অক্টটি ইন্দ্রিয়গত প্রভাক (perception) প্রস্থত। (১১৭)-এই ইন্দ্রিয়াতীত জ্ঞানের কল্পনা বা দেহাতীত অধ্যাত্মবাদের সৃষ্টি প্লেটোর निजय। (১১৮) आजा (मरहत्र कात्रांगारत वसी, श्रव्यक कारनत बाता वसी आजा-মৃক্তিলাভ করতে পারে। আত্মা চিরন্তন, জন্ম মৃত্যুর অতীত। [উপনিষ্দের वसराम ७ समास्वरातम् राम जुननीय] এই अध्यहे जांत्र चामर्नराम वास्त्रिश्छ আদর্শবাদ নর। সামগ্রিকভাবে মানবজাতির আদর্শ স্থতরাং তা সমাজগত, এবং जाँद मा जान दारित मार्था वाकिकीवन स्थी हा भारत। जांद्र जान दाहे.

⁽১১٩) The fundamental principle of the metaphysical Epistemology of lato is this: one of which is and never becomes, the other of which becomes and never is; one is the object of reason, the other is the object of sense.—
[bid—p. 143.]

^{(33&}quot;) Nachiketa shows about the infinite superiority of what is good to the pleasuers of the world and the firmness with which he maintains amidst all llurement that are placed before him, bears some resemblance to the energy of aind with which Plato in the first and second book of his 'Republic' shows that ustice has an incomparable worth and ought to be preserved under any recumstances. The Story of Indian Philosophy—C. Manning.—p. 11.

পরিকল্পনায় দেখা যায়, তিনি অভিজাত তত্ত্বের পক্ষপাতী, যেহেতু সেই রাষ্ট্রই কেবল গুলী ও জ্ঞানীঘারা পরিচালিত হতে পারে। এই জন্তে বর্ণাশ্রম ধর্মের মত তিনি তিনটি শ্রেণীর কল্পনা করেছেন,—শ্রমিক ও কৃষক (শৃদ্র) রাষ্ট্রের প্রয়োজনীয় দ্রব্য উৎপন্ন করবে, রাষ্ট্রের বস্তুতান্ত্রিক অগ্রগতির জন্তা, যোদ্ধা (ক্ষত্রিয়) থাকবে দেশকে রক্ষা ও শাসন পরিচালার জন্তা। আর রাষ্ট্রনায়ক (ব্রাহ্মণ) থাকবেন শাসন পদ্ধতির মধ্যে স্থায় ও ধর্ম রক্ষার নীতি নির্ধারণের জন্তা। রাষ্ট্রই শিক্ষা, বিজ্ঞান, ললিতকলা, ও ধর্ম-নীতি নিয়ন্ত্রণ করবে। শিক্ষা ও নীতি হবে তার Idea of goodএর পরিপুরক। গ্রেটোর নীতিবাদে ব্যক্তি ও অহংকে সম্পূর্ণরূপে রাষ্ট্রের অধীনস্থ করা হয়েছে। (১১৯)

Aristotle (৩৮৪—৩২২) প্লেটোর শ্রেষ্ঠ শিষ্ক। তিনিই অসম্পূর্ণ গ্রীক দর্শনকে পূর্ণতা দান করেন। প্লেটোর লাতৃপ্র Speusippus এবং Xenocrates (of Chalcedon) প্লেটোর শিক্ষাকে বহন ও প্রচার করেন। প্লেটো তাঁর ইন্দ্রিয়গত ও অতীন্ত্রিয় জগতের মধ্যে সামঞ্জ্য বিধান করেননি, এ্যারিস্টটল্ এই সামঞ্জ্য বিধান দ্বারা তাকে পূর্ণ করেন। তিনি দেখলেন, প্লেটোর অতীন্ত্রিয় জগত ইন্দ্রিয়গ্রাহ্ব জগতেরই বিকল্প, তাঁর এই অতীন্ত্রিয় জগত জাগতিক জীবনের কার্যকারণকে ব্যাখ্যা করতে পারে না। এই ছই জগতের মধ্যে যে ব্যবধান তিনি কল্পনা করেছেন তাও মুক্তিগ্রাহ্য নয়। তিনি দেখলেন কারণ চারি প্রকারের (1) Material (2) Formal (3) Final এবং (4) Efficient Causes. ব্যক্তিই সমাজ ও রাষ্ট্রের মূল এবং ব্যক্তি বিবর্তনের মাঝে পূর্ণতা প্রাপ্ত হচ্ছে। প্রথম ক্যেকটি বান্তব জগতের, বাকি ক্যেকটি ঈশ্বরের মাঝে লীন। তিনি বললেন,—"Matter is essential to explain the mechanism, similarly the formal and final causes are necessary to explain the teleological aspect of the world and to show that teleology is higher than mechanism." Hist of West. Phil.—Dr. Joshi—p. 66.

ঈশরই জাগতিক কারণের মূল, তিনি অজর। কিন্তু তিনিই জগতকে গতিশীল করেছেন। (১২০) তিনি বৈজ্ঞানিক যুক্তিবার। এই একেশ্বরবাদে পৌছলেন। এই একেশ্বর বাদ Xenophanes এর সময় থেকেই একিদর্শনের

⁽³³³⁾ Loval to the motive of the theory of Ideas, the Platonic ethics sketched not so much the ideal of individual as that of the species, it pictured less the perfect man than the perfect society. The Platonic ethics is primarily social ethics. It does not treat of the happiness of the individuals but that of the whole and this happiness can be reached only in the perfect state. The ethics of Plato perfected itself in teaching the ideal of state.—Ibid—W. Windelbund.—p. 210.

^(\$\$\$) Ibid-p. 174-215, Dr. N. V. Joshi-p. 46-47 also chapter II p. 13.

^{(&}gt;<) In the conception of God-head as the absolute spirit, who himself unmoved, moves the universe. Ibid—W. Windelbund.—p. 267.

মূলীভূত ছিল। এারিস্টটল ব্যক্তির সঙ্গে বিশের সম্পর্ককে মৃক্তির দারা প্রতিষ্ঠিত করেন।(১২১)

ব্যক্তিই-মূল, বিদ্ধ মাহ্যব সামাজিক জীব, ব্যক্তি সমাজের মধ্যেই পূর্ণতা লাভ করতে পারে। ব্যক্তি পরিবারের অন্ধ, পরিবারের সমষ্টিই সমাজ এবং তার সমষ্টিই রাট্র। রাট্র বন্ধিও প্রয়োজনাহণ তথাপি রাট্রই ব্যক্তিকে পূর্ণতা লানের অধিকারী—মানব-চিত্তের পূর্ণ বিকাশের হুযোগ ও পরিবেশ স্বষ্টি করা রাট্রের কর্তব্য। এই আদর্শের রূপায়ণের জন্ম প্রাকৃতিক, ঐতিহাসিক কারণ বিচার এবং একটি নির্দিষ্ট পরিবেশ ও সমাজবাবহা পরিকল্পনার প্রয়োজন, সেটি রাট্রের লায়িত্ব। তিনিও রাজতন্ত্র ও অভিজাতভন্তের পক্ষপাতী, কারণ তাই শ্রেষ্ঠ ব্যক্তির বারা পরিচালিত হয়, কিন্ধ বাস্তবে অভিজাতভন্তর শ্রেষ্ঠ যদি তা সমাজের শ্রেষ্ঠ ব্যক্তির বারা পরিচালিত হয়, কিন্ধ বাস্তবে অভিজাতভন্তই শ্রেষ্ঠ এবং গণতন্ত্র নিকৃষ্ট এবং গণতন্ত্র কথনই হায়ী হতে পারে না। রাট্র সর্বজনের কিন্ধ তার পরিকল্পনা ও পরিচালনা শ্রেষ্ঠ ব্যক্তিগণের হাতে থাকাই বান্ধনীয়। রাট্রের প্রধান কান্ধ ব্যক্তিকে শ্রেষ্ঠ শিক্ষা দিয়ে তাকে স্থবোগ্য ও স্থলর নাগরিক করা, যাতে কান্ধিবোধ (Aestheticism) ও গুণামুলীলন বারা সে শ্রেষ্ঠ আনন্দ লাভ করতে পারে। অতএব আর্ট বা ললিতকলা সহন্ধে তাঁর মত অত্যন্ত স্থেশান্তী—যা মাহ্যবের অন্তর্গকে মহন্ত্ব প্রবৃদ্ধ করে, তাকে পূর্ণতা দান করে তাই আর্ট। (১২২)

এই যুগ প্রাচীন গ্রীদের গোরবময় যুগ। একদিকে ভিমোক্রিটাসের বছবাদ ও অল্প দিকে প্রোটো এ্যারিস্টটলের আদর্শবাদ জাভিকে কর্মম্থর ও আদর্শবাদী ক'রে ভোলে। বস্তবাদ মাহ্মকে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও আত্মসচেতনতা দিয়ে তাকে, তার জীবনকে কর্ময় ক'রে তোলে, আবার আদর্শবাদ তার কর্ম ও জীবনকে সমাজ মদল ও রাষ্ট্র গঠনের দিকে অহ্পপ্রাণিত করে। ব্যক্তি ও সমাজ, অহংবাদ ও পরার্থবাদ তথা ভোগবাদ ও ত্যাগবাদ এই যুগে অত্যন্ত বেগবান হ'য়ে মানবচিত্তকে মননশীল ও জীবনে কর্মম্থর ক'রে ভোলে। পক্ষান্তরে মাহ্মের মন্তিক ও হাদয়ের বিরোধ সক্রির হ'য়ে ওঠে। অহংভিত্তিক যুক্তবাদ পরিচালিত মাহ্মের বুদ্ধির্ভির সঙ্গোত্মবাদ ভিত্তিক মানবতা পন্থী হাদয়বৃত্তির সংঘাত আরম্ভ হয়। এই সংঘাত মানব সভ্যতার, মানবগোষ্ঠীর নীতিবাদের চিরস্তন সমস্তা, যার আজও সমাধান হয়নি। বস্তবাদ আদর্শবাদকে পরাজিত ক'রে সভ্যতাকে বিষয়মুখী ক'রে ভোলে।

⁽১২১) First man distinguished the eternal form the perishable and next he perceived within himself a germ of the eternal. "This discovery" says Max Muller, "was an epoch in the history of the human mind and the name of the discoverer has not been forgotten. It was Sandilya who declared the self within the heart was Brahma..." Story of Hindu Phil.—C. Manning.—p. 25.

^{(&}gt;>) The purpose of Art, however, is to arouse the emotions of man in such a way that he may be freed and purified from their power—precisely through their arousal and intensification. This is possible only when art presents, not only empirically actual but that which could be in itself possible—so presenting it that it raises the object into universality.—Ibid. W. Windelbund—p. 291.

ইউরোপের রেনেসাঁয় ছালয়বৃত্তিকে পরাজিত ক'রে বৃদ্ধিবৃত্তির জয়জয়কার ঘোষিত হয়—আর মাহ্মবের সেই বিকারপ্রান্ত চিন্তের বৃদ্ধিবৃত্তি আজ প্রোজ্ঞল এই সভ্যতাকে ধাংসম্থী ক'রে তুলেছে,—হিংসায় উন্নত্ত পৃথিবী ধাংসম্থী। কাল্ট হেগেলের যুক্তিভিত্তিক অধ্যাত্মবাদ, বেস্থাম মিলের বস্তুভিত্তিক হিতবাদ ব্যর্থ হয়েছে, তার সাক্ষী ইতিহাস। অহং পূর্ণ মাহ্মবের মধ্যে মানবতাবোধ জাগ্রত হয়নি—বিকারপ্রত্থ মানবচিত্ত "barrier of the unconscious" এর প্রাচীরে মাথা ঠুকে মরছে। অধ্যাত্মসাধনা ব্যতীত তার মৃক্তি নেই,—মৃক্তি বৃদ্ধি আর বস্তু জগতের চাপে মানবতা আসে না—মানবতা ছাদয়ের বস্তু, মন্তিকপ্রস্ত যুক্তির বস্তু নয়।

श्रीक नाछेक

এই যুগের এ্যাটিক নাটকের তিন দিকপাল্ Æschylus, Sophocles এবং Euripides এর মধ্যে এই সংঘাত স্থম্পটভাবে প্রকাশিত। ইউরিপিডিস সোফিস্টদের পরবর্তী যুগের, বাকি তৃইজন পূর্ববর্তী। প্রথম তৃ'জনের মধ্যে যুক্তিবাদের শুরু হয়েছে এবং ইউরিপিডিসে তার পরিণতি হয়েছে। সমাজ-ধর্ম-সংস্কারের বন্ধনে বাঁধা মানব-চিত্তের বেদনা পৌরাণিক জগবানের বিরুদ্ধে বিক্রোহ করেছে। মাহ্যবের পীড়িজ আত্মবোধ জাগ্রত হয়েছে। স্বদরবৃত্তিকে উদুদ্ধ ক'রে মাহ্যবেক সমাজমন্ত্রক অন্ধ্রাণিত করতে চেয়েছিলেন তাঁরা।

গ্রীক নাটকের আরম্ভ ধর্মারুষ্ঠানের অক্তরূপে, যদিও নাট্যকার্গণ তথন ধরান্ত ष्यक्षीत । अञ्चानत्तत्र উপत्र यथहे आसावान नत्र । उरकात्न नानाक्रम धर्माकृष्ठीतन নৃত্যগীত ও সংলাপসহ দেবদেবীর বিশেষতঃ ডাইনিসিউসের কাহিনী গীত হত। নানা দল এই গান করত—হে দল শ্রেষ্ঠ বিবেচিত হত তারা একটি পাঁঠ। পেত এবং এই পাঁঠা দেবতার উদ্দেশ্যে বলি দেওয়া হত। এই পাঁঠা প্রাপ্তি অবস্তুই খুব সম্মানের ছিল। Tragoida এই গ্রীক শব্দির অর্থ ছাগ-স্কীত, এর থেকেই Tragedy ক্থাটির উৎপত্তি। সেই যুগে এই উৎসব উপলক্ষে জেলে পাড়ার সংএর মত সংসদীতও হত, একে বলত Comodia (সং-সদীত), এর থেকেই Comedy কথাটির উৎপত্তি। এই সঙ্গীত দলের যারা বিচারক থাকতেন তাঁদের বলত, Kritei. তার থেকে Critic শব্দের উৎপত্তি এবং গ্রীক Satyroi থেকে Satire শব্দের উৎপত্তি। Satyroi ভাইনিসিউসের অর্থনরাকৃতি অহচর হিসাবে নাটকে আবিভূতি হ'য়ে হাস্ত-বিজ্ঞাপ করত। এই যুগের পুর্বেই—Bacchylides এর যুগ থেকেই সংলাপ ও চরিত্র কোরাস গানের সঙ্গে যুক্ত হয়। এছিলাস এই চরিত্র সংখ্যাকে বাড়িয়ে এবং কোরাস গানকে বাজার জুড়িগানের মত ব্যবহার করে পূর্ণাদ নাটক স্পষ্ট করেন। তথন নাটক ১>শ শতকের বাংলার যাত্রাগানের মতই অভিনীত হত বলা যায়। সফোক্লিসের হুপে প্রথম চিত্রিত পট ব্যবস্থত হয়। এঞ্চিলাসের মৃত্যুর সময়ে সক্রেটসের বয়স বাত্ত ১৪ বংসর কিন্ত ভার পূর্বেই সোফিস্ট মন্তবাদ অভ্যন্ত বেশী নিরীশরবাদী (Hedonist) হ'রে উঠেছিল। তিনি এই যুগের মাহুব, ম্যারাধনের যুদ্ধে বোগ দিরে পারসিকগণকে পরাজিত করেন। এই জ্বেরে ফলে সমগ্র এথেন্সে একটা আত্মিক মিলন ঘটে। নাট্যকার এন্ধিলাস এই মিলন বোধের রূপকার।

जांत धाषम कावा-नाष्ट्रेक Suppliant Woman नात्रीपर्धात अकृष्टि निष्टिक সমস্তা निष्य (निथा। Persians (११२) नांग्रेंक Salamis এর যুদ্ধে পার্য निक Xerxes अब भवाक्य काहिनी विवृक्त इत्स्रह । छात्र त्यांत्र नार्षेक Promethus Bound একটা চিরস্তন নৈতিক সমস্তার ইন্দিত দেয়। প্রমেপুস মানবকল্যাণের জন্ত স্বর্গ থেকে আগুন চুরি করে এনেছিলেন, সেইজন্মে গ্রীক দেবতা Zenoর আদেশে তাঁকে Sythiaর এক মকভূমির মধ্যে পর্বতের সভে বেঁধে রাখা হয়। প্রমেণুসের চরিত্ত মানবকল্যাণের জন্ত ত্যাগ ও হুঃখ-বরণ প্রবৃত্তির প্রতীক—এই হুঃখময় জীবনে ত্যাগের ভিতর বে অহমার ও আত্মপ্রতায় ধানিত হয়েছে তা সেই যুগের Virtue is knowledge जानार्भन नमधर्मी। मानवकन्यात जातिन जानारि जथनकात নৈতিক আদর্শ। তার পরে Oresteia (৪৫৮) র মধ্যে তিনধানি নাটক আছে— Agamemon, Libation Bearers এবং Euminides. এই নাটক সম্বন্ধ কবি Swinburne ব্ৰেছেন, "on the whole the greatest spiritual work of man." (১২৩) প্রথম নাটকে আগামেমন টয় অবরোধের পরে জ্যী হয়ে ফিরলেন কিছ তথন তাঁর পদ্বী Clytæmnestra তার প্রণয়ী Ægisthus নিয়ে ষয়। ভিনি আগামেমনকে হত্যা করেন। পরবর্তী নাটক Lebation Bearerএ তালের পুত্র Orestes তাঁর মাতাকে হত্যা ক'রে পিতার হত্যার প্রতিশোধ নেন। এই হত্যা নৈতিক দিক থেকে সমর্থনযোগ্য কিনা, এবং রক্তের বদলে রক্তের পরিণাম কোথায় এই নাটকীয় সম্ভা। তৃতীয় নাটক Euminidesএ এর সমাধান। Clytæmnestraর আত্মা তাঁর হত্যার প্রতিশোধ কল্পে পুত্র Orestesএর মৃত্যু চান। এপোলোর বিচারে পুত্র নির্দোষ প্রতিপন্ন হন। নাট্যকার সমস্তার সমাধান করেছেন ধর্মের দিক থেকে, নীতির দিক থেকে নয়। আগামেমনের মৃত্যু সম্বন্ধে ক্ৰীতদাসী Cassandraর শেবকথা—

Ah for the life of man! In happiness. It must be like a shadow—in unhappiness A wet sponge drips and blots the picture out.

Ibid-Bowra-p. 92

ধর্মীয় নীতিকে স্থন্দরতর করতে এত্কিলাস ধর্মকে ছোট না ক'রেই ধর্মের মীষাংসা করতে চেয়েছেন (১২৪) কিন্তু প্রাচীন সংস্কৃত নাটকে এমনি

^{(&}gt;२७) Anct. Gk. Litt.—C. M. Bowra.—p. 90.

⁽³³⁸⁾ Æschylus is a liberator who resolved the discords of religion without religion itself.—Ibid—p. 92.

সমস্তাকে নাটকীয় বিষয়বন্ধ ব'লে গ্রহণ করা সম্ভব ছিল না, কারণ ধর্ম-দর্শন-সমাজ ভারতীয় চিত্তকে এই সম্প্রার সমূখীন হতে দেয়নি।

Sophocles (8>4-8.4) বাল্যকালে কোরাস গানের দলে গান করতেন। তিনি পেরিক্লিসের যুগের লোক, তাঁর নাটক সেই যুগের প্রতীক। তিনি সেই যুগের প্রতিনিধি। তাঁর নাটকে প্রথম বৃদ্ধিবৃত্তি ও श्रमश्रवृত্তিতে সংঘাত ভক্ষ হয়েছে। হুদুরবৃত্তি মানবতার অমুগামী ছিল,—ব্যক্তিস্বাতন্ত্র আত্মপ্রকাশ ক'রে মানবজীবনে ঘন্দের সৃষ্টি করেছে। ব্যক্তি প্রচলিত নীতিবাদের উদ্ধে মাথা তুলে দাঁড়িয়েছে। তাঁর Ajax নাটক এক মহান চরিত্র ও অন্ধ ভাগ্যের সংঘাত। Achæan এর সামস্তগণ তাঁর প্রতি অত্যাচার করে, তিনি ক্রোধে আত্মহারা হ'য়ে শক্র বধ করছেন মনে ক'রে তাদের পালিত পশু হত্যা করেন। প্রকৃতিস্থ হ'য়ে তিনি দেখলেন যে ডিনি তাঁর আত্মসমান ক্লম করেছেন, অতএব হৃত গৌরব দেহকে বিনষ্ট করেন। Ajax একটি মহৎ চরিত্র, চরিত্র রূপায়ণে তিনি নৈতিক মূল্য বিচার করেননি। Antigone (882) নাটক ভগবানের আইন ও মাহুষের আইনে সংঘাত। Women of Trachis নাটকে Deianira তার স্বামী Heracles এর ভালবাসা ফিরে পেতে অনিচ্ছাকত ভাবে স্বামীকে হত্যা করেন এবং পরে নিজেকেও হত্যা করেন। এই নাটকে The man in Sophocles 'was stronger than the moralist." (১२৫) न्नार्टी ध এথেন্সের যুদ্ধের প্রথম বৎসরে তিনি King Œdipus রচনা করেন। একটি মহৎ চরিত্র ভাগ্যের নিষ্ঠুর বিধানে আপনাকে বলি দিতে বাধ্য হয়। ইডিপাস দৈৰবাণী শুনতে পায়—সে তার পিতাকে হত্যা ক'রে মাতাকে বিবাহ করবে। সারাজীবন সে এই ভাগ্যকে এড়িয়ে চলতে চেয়েছে কিছ পরিশেষে দৈববাণীই সত্য হয়-এবং এই দৈহিক পাপ থেকে মুক্তি পেতে সে নিজেকে অন্ধ ক'রে দেয়। এই নাটকের সর্বাপেকা নাটকীয় মুহুর্ত-যখন Jocasta জানতে পারে যে সে তার পুত্রকেই বিবাহ করেছে, তখন নিজেকে হত্যা করবার পূর্ব মৃষ্টুর্তে গভীর বেদনা ও নৈরাক্তে বলে-

Alas accursed one! that name alone, I give to you and nothing ever more.

-Ibid-p-98.

তাঁর Electra নাটক এম্বিলাসের Libation Bearer অবলম্বনে লিখিত। এই সময়ে যুদ্ধের বর্বরতা তাঁর অন্তরকে আলোড়িত করে;—তিনি দেখেন মাস্থবের স্থাবের কঠোরতা অবিচার থেকেই আসে। এই নাটকে নৈতিক বিচারকে বাদ দিয়ে তিনি চরিত্রগুলির অস্থভূতিকেই চিত্রিত করেছেন—ধর্ম, নীতি বা শিক্ষার স্থান এতে নেই। পরবর্তী নাটক Philoctetes (৪০৯)। নায়ক ফিলোকটেটিস্কে ইয় নগরীতে ফিরিয়ে আনবার জন্ম একিলিসের ছেলে Neoptolemus কে পাঠান

इस् । नायक वहानिन अक निर्कन बौर्श निर्वामिक हिरानन, द्वार्श ७ कर्छात्र खीवरनत সংগ্রামে ভারনম কিছ মহছে ও হলরে ক্ত নয়। ওভিস্উদের অপ্তায়কে তিনি ভলতে পারেননি। একিলিস-পুত্র ফাঁকি দিয়ে তাকে ট্রয়ে আনবার পথে তার অকপট হালয় ও উলারতার কাছে আত্মসমর্পণ ক'রে সব কথা বাক্ত করে দেয়। এই তিনটি চরিত্রের সংঘাতের মধ্যে স্বার্থ, নীতি, ধর্ম সকলের উপরে মহন্তের জয় ছোৰিত হয়েছে। Œdipus of Collonus এ অন্ধ ইডিপাস এখেন্সে ফিরে এসে Creon & Polyniecs क मिल मुख्यमा तका अ এक खरवार्धत आमार्ल छेव स करत्न। त्नथक शुरुष अधावहणा (मरथिहिलन, — नुत्यहिलन এই **अ**धावहणां निमार अध मुनिভिত্তিকে नष्टे करत-राथारन क्या प्रकाश्य निष्टाश्रक्षन। जिनि दरनन,-Many things that strange and wonderous are, none stranger and more wonderful than man". (The Story of World Literature-John Macy-p. 104) এম্বিলালের নাটকে বে ধর্ম ও ধর্মভিত্তিক নীতিবালের উপর বিশ্বাস ফুটে উঠেছে সফোক্লিসের মধ্যে সে নীতিবাদের প্রতি বিশ্বাস শিথিল হ'য়ে এসেছে। ব্যক্তি মাথা তুলে দাঁড়িয়েছে আপনার মানংস্থলভ চরিত্র নিয়ে। এখানে বৃদ্ধিগত নীতিবোধ ও হালয়গত অহুভূতি, বা ব্যক্তিস্বাতন্ত্র্যের সংঘাত স্ষষ্ট হয়েছে। সোফিউদের যুক্তির কাছে সনাতন নীতি পরাভৃত হতে চলেছে। (১২৬) মন্তিক ও প্রদয়ের এই সংঘাতে তিনি হানয়কে জয়ী করে উচ্চাসন দিয়েছেন।

গ্রীক সভ্যতা মৃথ্যতঃ জড়বাদী, তার নীতিবাদ মন্তিছ প্রস্ত, আধ্যাত্মিক সাধনা বা অস্তৃতিমূলক নয় তাই স্থায় ও মন্তিছে সংঘাত অনিবার্থ হ'য়ে উঠেছে। বৃদ্ধিগত নীতিবাদ মানব-মনের বন্ধনরূপে প্রকাশ পেয়েছে, তাই স্থায় বাদপ্রস্ত তাই প্রাচীন করেনি। ভারতের নীতিবাদ অস্তৃতিমূলক, অধ্যাত্মবাদপ্রস্ত তাই প্রাচীন সাহিত্যে এমনি বৃদ্ধির্ত্তি ও স্থায়ে সংঘাত স্পষ্ট হয়নি,—তথাক্থিত বাস্তব সাহিত্যও গ'ড়ে ওঠেনি। ইউরিপিভিনে এনে এই সংঘাত প্রবশতর হয়েছে এবং ব্যক্তিশ্বাতম্য নীতিবাদের বন্ধনকে ছিল্ল ক'রে এগিয়ে গেছে, 'মানবতা' (humanism) নামের অস্তর্গলে।

Euripides (৪৮০-৪০৬) সফোক্লিস থেকে ১৫ বংসরের ছোট কিছু তাঁর বৃগ বতস্ত্র—তাঁলের মধ্যে ব্যবধান সোফিন্ট মতবাদের। এথেক্লের সনাতন জীবনধারা ও নৈতিক জীবন সোফিন্ট স্বালোচনায় ভগ্নপ্রায়। বৈজ্ঞানিক বৃক্তি, যুক্তিপ্রস্তুত নীতিবাদ এথেক্লের মানসিক জগতকে আলোড়িত করেছে। ইউরিপিডিস এই যুগের সম্ভান। তিনি যুগ ধর্মকে সমালোচকের দৃষ্টিতে বিচার করেছেন। তাঁর নাটকে ব্যক্তি সনাতনী নীতিবাদের নিগড় ভেকে বড় হ'য়ে উঠেছে। পৌরাণিক দেবদেবীকে তিনি কল্পনা ব'লে ধ'রে না নিয়ে তাকে বরং শয়তান ব'লে মনে করেছেন। তাঁর নাটক তাই মাহুষ ও মানব ধর্ম নিয়ে আরম্ভ হয়েছে। Cyclops

^{(&}gt;२६) He was an artist and he saw that discords beyond the reach of the intellect may be solved through heart. Bowra—Ibid—p. 107.

এবং Alcestic তাঁর প্রাথমিক রচনা। Medea (৪৬১) Heppolytus (৪২৮) Hebuca (৪২৪) Andromache (৪২২)তে যে ব্যর্থ নারীয়ের ছবি এঁকেছেন ভা তথনকার দর্শককে বিম্মিত করেছিল। Medea তে একটি নারীর সন্তানম্বেহ ও অক্তদিকে অনাদৃত অনাকাজ্জিত পত্নীত্বের জক্ত স্বামীর প্রতি প্রতিশোধ স্পৃহার সংঘাত। Heppolytus এ Phædra চরিত্রে অবৈধ প্রণয় ও নীতিধর্মের মধ্যে সংঘাত। Hebuca-র মধ্যে নারীর কমনীয়তা তৃঃখ-লাঞ্ছনায় পাশবিক হ'য়ে উঠেছে এবং Andramache তে বন্দী নারীর ভগ্ন হদম ভাগ্যের কাছে আত্ম সমর্পন করেছে। অনেক সমালোচক এই নাটকগুলির মধ্যে বাস্তবধর্মী সাহিত্যের স্প্রনাদেখেছেন কিছু প্রকৃতপক্ষে লেখকের বিষয়বস্থ 'মাসুষ' এবং গ্রীক দেবদেবীকে তিনি প্রকৃতিজ ধ্বংসশক্তি বলে মনে করেছেন। (১২৭) মাসুষের কথা কথনও বাস্তবধর্মী কথনও রোমান্টিক হ'য়ে তাঁর নাটকে রূপান্বিত হয়েছে।

তার Heracles (৪২২) এবং Electra (৪১৩) পুরাতন পৌরাণিক কাহিনী কিছ তাঁর দৃষ্টিভক্ষি এখানে পৃথক। তিনি Heracles এর সন্তান হত্যা ও Electra-র মাতৃহত্যাকে বিচার করেছেন নীতির দিক থেকে। তিনি Peloponnesian যুদ্ধে যোগদান করেছিলেন এবং পেরিক্লিসের মত এখেক্সের জন্ম মৃত্যুকেই শ্রেষ্ঠ সম্মান বলে গ্রহণ করেছেন। Sons of Heracles এ তিনি এখেক্সের কাছে স্পার্টার ঋণের কথা বর্ণনা করেছেন, Trojan Woman (৪১৫) ট্রয় নগরী জয়ের পরে ট্রয়বাসিনীগণের শোক ও ক্রীতদাসত্বের বেদনাকে চিত্রিত করেছেন। যুদ্ধটা নির্বোধ নিষ্ঠুরতা, তা বিজয়ীকে নীতিধর্ম থেকে বিচ্যুত করে এবং পরাজিতকে মৃতকর ক'রে দেয়। তাঁর Phœnician Woman (৪১০) এম্বলাসের Seven against Thebes এর নৃতন রূপ।

তাঁর নাটকের পটভূমিতে তথনকার নিমজ্জ্মান সমাজ ও দেশের আলেখ্য বিশ্বত হয়েছে। সোফিন্ট মতবাদের ফলে তথন অহংগত ব্যক্তিমাতয়্র মাথা চাড়া দিয়ে উঠেছে, গণতজ্বের বাঁধন ভেক্তে পড়ছে, মাহ্য আয়কেক্সিক ও য়ার্থপর হ'য়ে পড়েছে। সমাজের সর্বাক্তে বর্তমান ভারতের মত হুনীতি হুইক্সতের মত আয়প্রকাশ করেছে। Ion (৪২০) পৌরাণিক এ্যাপোলো ও Creusa-র কাহিনীর মধ্যে তিনি পাপকে হুংখের মাভাবিক পরিণতি করেছেন। Orestes (৪০৮) এ নীতি-ধর্ম ও মানব-অস্তরের ফর এবং Helen নাটকে Syracuse অভিযানে ব্যর্থ এথেক্সবাসীকে সাম্বনা দিয়েছেন। যদিও হেলেন চরিত্র অনবন্ধ,—শক্তি ও নিষ্ঠ্রতা যেখানে ব্যর্থ হয় সেধানে বৃদ্ধি ও মাধুর্য জয়লাভ করে। এর পরে ইউরিপিডিস এথেক্স ত্যাগ ক'রে ম্যানিভনে চলে যান এবং সেধানে তাঁর শেষ নাটক The Becchants রচনা করেন এবং Dionysus কে ভালমক্ষ নিরপেক্ষ প্রাকৃতিক শক্তিরূপে কয়না করেন।

⁽১২৭) The truth is that Euripides was primarily concerned with man and regarded the gods as fiction or power of Nature or destructive illusions. Ibid—p. 113.

ইউরিপিডিসে গৃইটি যুগের বিলন ঘটেছে। একদিকে পুরাতন পৌরাণিক নীতি-ধর্মের মধ্যে তিনি রোমান্টিক সৌন্দর্য দেখেছেন, অক্সদিকে বান্তবকে বুজিবাদী অন্তর নিয়ে বিচার-বিশ্লেষণ করেছেন। সমালোচকগণ কেউ তাঁকে রোমান্টিক কেউ রিয়ালিস্ট বলেছেন কিন্তু প্রকৃতপক্ষে ব্যক্তি ও সমাজের সংঘাত কথনও রোমান্টিকধর্মী কথনও বান্তবধর্মী হ'য়ে প্রকাশ পেয়েছে। (১২৮)

ইউরিপিডিস্ ধর্ম-নীতি নিরপেক্ষ ভাবে মাহ্ব ও পরিবেশের মধ্যে তাঁর মনোর্ভি বিশ্লেষণ করেছেন। এই সময়ে গণতন্ত্র ভেকেছে, মাহ্ব আত্মকেন্দ্রিক হ'মে উঠেছে, জাতীয় সংহতি বিনষ্ট হয়েছে, তাই স্পার্টার কাছে এথেন্সকে মাধা নত করতে হয়েছে। শুধু তাই নয় এই বিভিন্নতার জন্তে পরে তাকে ম্যাসিডনের অন্তর্ভুক্ত ও আরও পরে রোমান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ও তার্হছে। এইখানেই এথেন্সের গৌরবময় যুগের অবসান। তখনকার ব্যক্তিবাদের মধ্যে যে মানবভার সন্ধান আমরা পাই তা ব্যক্তিকেন্দ্রিক, কোন নীতিবাদের বারা পরিচালিত নয় বলেই জাতীয় সংহতি ও সংস্কৃতি বিনষ্ট হ'য়ে যায়।

গভাসাভিতা। সর্ব দেশেই সঙ্গীতের বাহন কাব্য ও কবিতার পর প্রাব্য গন্থ সাহিত্য স্থাই হয়েছে। Heraclietus (৫০০ খু: পু:) তাঁর দার্শনিক নিবন্ধ প্রথম গছে লেখেন, তাঁর সমসাময়িক Hecatæus কিছু ভৌগোলিক ও ঐতিহাসিক তথ্য সন্দর্ভাকারে গছে লেখেন। Ionia তে প্রকৃতিবিজ্ঞান তম্বও গছে লিখিত। এর পরে পৃথিবীর প্রথম ঐতিহাসিক Herodotus (৪৮৪-৪২৫) আবিষ্কৃত হন। তাঁর Historie-র প্রথমেই তিনি বলেন—পৃথিবীর বৃক থেকে মাহুষের মহৎ ও সং কর্ম যাতে মুছে না যায়, সেই জন্মেই তিনি শ্বরণীয় ঘটনাকে লিপিবদ্ধ করছেন। তাঁর ঐতিহাসিক কাহিনীগুলিই পরে·Simonides ও Æschylus এর কাব্য ও নাটকে রুণান্তরিত হয়। মিশরের হিটাইট বংশ, এসিরিয় সাম্রাদ্য সম্বন্ধে তিনি নিরপেক তথ্য রেখে গেছেন। তিনি আফ্রিকার উত্তরাংশ থেকে উরাল পর্বত পর্বস্ত প্রমণ ক'রে বছ কথা ও কাহিনী সংগ্রহ করেছিলেন এবং গল্পকার হিসাবে অনবছ রীতিতে সেই সব ডিটেকটিভ গল্প, গুপ্তধন কাহিনী, রোমাঞ্চকর রাজপরিবারের প্রথম কাহিনী বৰ্ণনা করেছেন। তখনকার দিনে ট্যান্সেভি ও কমেডির মত এই কাহিনীও লোকরমনের জন্ম জনসাধারণকে 'কথকতা' আকারে শোনান হত। তাঁর শিক্ত Thucydides (৪৭১-৪০১) এথেন্সবাসী, তিনি রাজনীতিতে অংশ গ্রহণ ক'রে নির্বাসিত হন। বৌবনে তিনি স্পার্টা ও এখেন্সের যুদ্ধ দেখেছিলেন—এই যুদ্ধ

^{(&}gt;२) Ibid-p. 112-113.

⁽১২৮) When Euripides began to write, the Athenians had ceased to believe in gods, whose existence and ever-present power were the bases of the plays of Æschylus. The age of faith had passed...he chose men and women and not gods for his dramatic personea and for this reason he is regarded as the father of Romantic Drama...there is an acute analysis of character, particularly of women and this complete understanding of women caused Gilbert Murray to call the poet "The Classic Ibsen". The Outline of Literature—J. Drinkwater.—p. 135.

প্রকৃতপক্ষে অভিছাতত স্থ ও প্রজাত স্থ ওবা Ionian ও Dorian সংস্কৃতির যুদ্ধ,—
সেইজয়েই তা কুসেডের মত মহান যুদ্ধে পরিণত হরেছিল। তাঁর প্রেষ্ঠ ঐতিহাসিক কীতি এথেন্সের সিসিলি অভিষান কাহিনী। তাঁর এই কাহিনীর মধ্যেই তখনকার রাজনীতিবিদ Themistocles এবং Pericles এর পূর্ণ পরিচয় পাওয়া যায়। পেরিক্লিস বলেছিলেন, "এই পৃথিবী বিখ্যাত ব্যক্তির সমাধি ক্ষেত্র, তাঁরা কেবল দেশেই নয়, সর্বদেশের মায়্যের শ্বরণীয়।" এই বাণী এথেন্সকে যে কতদ্র অন্তপ্রেরণা দিয়েছিল তা তাঁর বর্ণনাতেই পাওয়া যায়। Zenophon এর Memorabilia, Apology ও Symposium এ আমরা সক্রেটিসের জীবন ও বাণীকে পাই।

কমেডিও টাজেডির মত ধর্মীয় অন্তর্গান ও উংসবের অভরূপে আরম্ভ হয়। বাছবের জীবন-সংগ্রামের বেদনা থেকে যেমন টাজেডি, তেমনি জীবনের আনন্দ থেকে কমেডির স্থচনা। বহুদিন থেকেই গ্রীদে উৎসব অমুষ্ঠানে অনেকটা এখনকার ৰিচারে অস্পীল সং সহ শোভাষাত্রা করার রীতি ছিল। এথেন্সেই প্রথম ট্রাজেডির মত দেবতা ভাইনোসিউদ্কে কেন্দ্র করেই কমেডি গ'ড়ে ওঠে। Aristophanes (৪৫০-৬৮৫) এই কমেডি পূর্ণতা লাভ করে। কোরাসের সরকার কবির বক্তব্য বকুতা করতেন এবং নানারপ কৌতুক স্ষ্টির মধ্যে কমেডির (বর্তমান যুগের প্রহুসন আকারে) প্রথম প্রকাশ কিন্তু তা হলেও মালদহের গন্তীরা গানের মত সমসামহিক ঘটনা ও চরিত্র নিয়েও আলোচনা-সমালোচনা চলত। সেটা প্রজা ও শাসক উভয়েই কৌতৃক হিসাবে গ্রহণ করতেন। যদি সমাদোচনা ক্ষতিকর বা আপত্তিকর হত তবে শান্তিও পেতে হত। এইরপ কারণেই Cleon এাারিন্টোফেনিস্কে জরিমানা করেছিলেন। তিনি সমসাময়িক সমাজ ও অর্থহীন রক্তক্ষী সংগ্রামকে ব্যঙ্গ কৌভুকের কশাঘাতে সচেতন করতে চেয়েছিলেন। তাঁর Acharniaus (৪২৫) তথনকার যুদ্ধবন্দী সেনানায়কদের উদ্দেশ্রে রচিত ব্যঙ্গ, Knights (৪২৪) তথনকার প্রজাতন্ত্রী নেতা Cleon এর পণ্ডিতমক্সতার প্রতি শ্লেষ। লেখক থুসিডাইডস্ এর মত ক্লেয়নের প্রতি বিশেষ বিরূপ ছিলেন। Clouds (৪২৩) নাটকে ভিনি সক্রেটিস ও তাঁর শিক্ষাকে নির্দয় ব্যঙ্গ করেছেন-এবং এই ব্যঙ্গে সক্রেটিসকে অতি কুত্র ও হীন ক'রে সৃষ্টির চেষ্টা হয়েছে। প্রাচীনপন্থী পিতা ও নব্যপন্থী পুত্রের সংলাপের মধ্যে সত্য ও মিথাা যুক্তির বিশ্লেষণে এই বান ক্রধার হ'লে উঠেছে। Wasps (৪২২) নাটকে জুরীর সন্মান লাভের জন্ত এক বুদ্ধের কোতুককর আকাজ্জার চিত্র এঁকে তিনি ক্ষতালোভী স্থবিধাবাদী সম্প্রদায়কে লোক চোকে হেয় ক'রে দিয়েছেন। Peace নাটকে যুদ্ধের অসারতা এবং Bird নাটকে গ্রীদের সামাজ্যলিপায় নিন্দা করেছেন। Lysistrata (৪১১) নাটকে ত্রীগণ যোদ্ধা স্বামীগণকে দাম্পত্য স্বধিকার থেকে বঞ্চিত ক'রে বৃদ্ধ বন্ধ করতে বাধ্য করেছে। The Smophoriazusæ (৪১১) नांगेटक इंडेनिशिक्टिनन नांनी प्रतिक निरम दल्यक क्रूनशान वाक करतहान अवर নারীগণের প্রতি ইউরিপিডিসের রুচ বক্তব্যের জন্ম তাঁকে তিরস্কার করা হয়েছে।

Frogs নাটক ইউরিপিডিসের মৃত্যুর অব্যবহিত পরে প্রকাশিত হয় এবং ডাতে নাট্যকারের মৃল্য নিরূপণের চেষ্টা করা হয়—এইটি প্রকৃতপক্ষে সমালোচনা সাহিত্যের আদি গ্রন্থ। Women in Parliament এ নারী-পুরুষের সমানাধিকার এবং প্লেটোর 'সম্পত্তির বৌথ অধিকার' কে ব্যক্ষ করা হয়। এ্যারিস্টোক্ষেনিসের সঙ্গেই গ্রীক ক্ষেডির শেষ—যদিও পরবর্তী ইউরোপীয় সাহিত্যে গ্রীক ক্ষেডির প্রভাব প্রচুর এবং প্রবৃদ।

ম্পার্টার কাছে এথেন্সের পরাজ্যের পরে অর্থাৎ অভিজাততত্ত্বের কাছে গণতত্ত্বের পরাজ্যের পরে—বে সামাজিক অবস্থা এল তা কমেডি স্টের পক্ষে অন্ত্র্কুল নয়। তার পরের কমেডি লেখক Minandar (৩৪৩-২৯৩) বান্তব থেকে কয়নার এক রোমাণ্টিক জগতে বিচরণ করেছেন। তিনি ষমক ভাই, প্রখ্যাত নটী, বরাজনা বারাজনা নিয়ে কোতৃককর নাটক রচনা করেছেন এবং শেষ পর্যন্ত পূণ্য ও ধর্মের জয় ঘোষণা করে যবনিকা টেনেছেন। যদিও তিনি তাঁর যুগের শ্রেষ্ঠ নাট্যকার এবং পরবর্তী ইউরোপীয় কমেডির উৎস তথাপি নাট্যকার হিসাবে প্রাতনের তৃলনায় তিনি ক্ষীণপ্রভ।

সোফিস্ট দর্শন প্সিডাইডস্ ও ইউরিপিডিসের উপর গঁভীর প্রভাব বিস্তার করলেও থঃ পৃ: পঞ্চম শতকের শেষভাগে তার প্রভাব অত্যস্ত ক্ষীণ হয়ে আসে এবং প্রতিক্রিয়াশীল (?) সমালোচকগণ তথন বললেন,—সোফিস্ট মতবাদ ও দর্শন শিক্ষাই এথেক্সের পরাজ্যের মূল এবং সেকথা অংশতঃ স্তা। প্লেটোও প্রথম ক্ষেডি লিখতে শুক্ষ করেন কিন্তু সক্রেটিসের মৃত্যুর পর তাঁর স্পষ্ট ভিন্ন পথে প্রবাহিত হয়।

ভাষণ সাহিত্য (Oratory)। প্রথমত: নোফিন্ট মতবাদ প্রচারের ও প্রসারের অঙ্গ রূপে স্ট হয়—বিতীয়তঃ গণতান্ত্রিক ব্যবস্থা এই ভাষণের ক্ষেত্র প্রস্তুত করে। রাজনীতি শিক্ষার জন্তে সাধারণের সভায় বক্তৃতা দেওয়া ও ভাষণের আদিক নিয়ে আলোচনা করায় এই বিশিষ্ট দাহিত্য-শাধার প্রথম প্রকাশ। এই ভাষণ দাহিত্য সম্বন্ধে থারা প্রথম শিক্ষা দিয়েছিলেন তাঁরা দিসিলির অধিবাসী। Corax এবং Tisius মামলার আদামীকে বা ফরিয়াদীকে মামলা জয়ের উদ্দেশ্যে যুক্তিপূর্ণ সওয়াল বা জ্বানবন্দী দিতে শিক্ষা দিতেন। এটা ছিল তাঁদের ব্যবসায়। ভাষণ সাহিত্যের ক্ষেত্র। সাধারণতত্ত্বের দেশে বক্তৃতার প্রয়োজন ছিল কিন্তু অন্ত তত্ত্বের দেশে সাধারণের পক্ষে বক্ততার প্রয়োজন হত না। কিন্তু এই সোফিস্টদের বক্তা ও ভাষার চাতুর্ব্য এবং যুক্তির অকট্যিতা অনেক সময়েই ক্যায় বিচারকে বিপ্রগামী করেছে—দোষীকে বাকজালে নির্দোষ প্রতিপন্ন করে মৃক্তি দেওয়া হয়েছে। Antiphon (৪৮০-৪১০) সোফিন্টদের নিকট থেকে এই বিছা আয়ন্ত করে প্রথম এথেন্সের প্রজাতন্ত্রের বিক্তন্ধে দেশবাসীকে উদুদ্ধ করতে চেষ্টা করেন এবং দেশজোহিতার অপরাধে তাঁকে অভিযুক্ত করা হয়। সেই সময়ে তিনি নিজের পক সমর্থন করে যে জবানবন্দী দেন, তাকে থুসিডাইডস্ শ্রেষ্ঠ ভাষণ বলে অভিহিত করেছেন। এটি ব্যতীত করেকটি হত্যার মামলায় তাঁর ভাষণ আজও সাহিত্য কীতি হিসাবে বেঁচে আছে। Androcides (৪৪ --৩>) তার মৃত্যুদণ্ডের বিরুদ্ধে বে ভাষণ দিয়েছিলেন তা অমর হ'ষে আছে। Lysias সাধারণত: অন্তের ভাষণ লিখে দিতেন। তাঁর On the Murder of Eratosthenes ভাষা ও বাকচাতুর্ব্যের অপূর্ব নিদর্শন। এই সময়ে Isæus (৪২০-৩৫০)ও বক্তা হিসাবে থ্যাতিমান ছিলেন।

Isocrates (৪৩৬-৩৬৮) Peloponnesian বুদ্ধের আগে জন্মগ্রহণ করেন এবং তাঁর জীবদশাতেই ম্যাসিজনের উত্থান হয়। তিনি সোফিস্টদের শিক্ষার কুফল সম্বন্ধে স্বন্দান্ত ভাষায় তাঁর মূল্যবান মতামত ব্যক্ত করেছেন। বিশেষতঃ তাঁর গঠনমূলক ভাষণগুলি গ্রীদে নৃতন প্রেরণা দিমেছিল। তিনিই বলেছিলেন— 'Philosophy is for the soul what gymnastics is for the body." (১২৯) তিনি ম্যাসিডনরাজ ফিলিপকে পারসিকদিপের বিরুদ্ধে সমস্ত গ্রীকজাতিকে সংঘবদ্ধ করতে আহ্বান জানান। এর পরেই এথেন্স প্রভৃতির নগররাষ্ট্র নষ্ট হ'ছে ম্যাদিতন সাম্রাজ্য গ'ড়ে ওঠে এবং আলেকজাণ্ডার তাকে এশিয়াও আফ্রিকা পর্যন্ত বিস্তৃত করেন। এই নবজাগরণ গ্রীস রোমান সামাজ্যের অন্তর্ভুক্ত না হওয়া পর্বস্ত গ্রীকজাতিকে নৃতন নৃতন অভিযানে উষ্ট করে। ম্যাসিডনের প্রভূত্তের विकास अर्थमवात्रीतक चानमध्याम अञ्चानिक केत्रिकान, Lycurgus (७৮३-৩২৪), Hyperides (৩৮৯-৩২২) Demosthenes (৩৮৪-৩২৩) এবং Æschines (৩৯০-৩২৫)। এঁদের মধ্যে সর্বাপেকা শক্তিমান ও প্রখ্যাত ডিমস্থিনিস। তিনি একাধারে আইনজীবী, রাজনীতিবিদ ও রাজনৈতিক নেতা ছিলেন। রাজনীতিক জীবনে ম্যাদিজন-প্রভূত্ত্বর বিরোধিতা করাই ছিল তাঁর প্রধান আদর্শ। এই জন্তে ভাঁর সহক্ষীগণের সন্দে তাঁর মতবিরোধ হয় এবং Hyperides তাঁকে উৎকোচ গ্রহণের মিথ্যা মামলায় জড়িয়ে নির্বাসিত করেন। যথন তিনি ফিরে আসেন তথন সমগ্র জাতি তাঁকে বীরের সম্মান দিয়ে গ্রহণ করে এবং তিনি ম্যাসিডনের প্রভুত্ব স্বীকার করার চেয়ে মৃত্যুই শ্রেষ মনে ক'রে আত্মহত্যা করেন। তাঁর ভাষণের কতকগুলি সাধারণ মামলা সংক্রান্ত, কতকগুলি রাজনৈতিক মামলা সম্বন্ধে, কতকগুলি একেবারে রাজনৈতিক। ডিমস্থিনিস্ ও এম্বিনিসের বিরোধকে কেন্দ্র ক'রে 'On the Embassy' ও 'On the Crown' নামে বে ছুইটি প্রখ্যাত ভাষণ তিনি দেন, তা তৎকালীন সাহিত্যের সর্বাপেকা প্রসিদ্ধ সাহিত্য-কীর্তি এবং আছও তার সাহিত্য-সৌন্দর্য অমান।

ধর্মভিত্তিক নীতিবাদ-বঞ্চিত যুক্তি-নির্ভর ব্যক্তিবাদ এখেলের তথা গ্রীসের পতন অবশুভাবী ক'রে দিল—ন্তন রাজনৈতিক পরিবেশ ও সমাজ-রাষ্ট্র ব্যবস্থার মধ্যে প্রাতন গ্রীস সাহিত্য ধীরে ধীরে নিঃশেষ হ'রে গেল এবং ন্তন যুগে ন্তন ভাবে আলেকজেন্দ্রিয়াকে কেন্দ্র ক'রে গ্রীক সাহিত্য আবার নতুন পথে নতুন ভাবে গ'ডে উঠল।

^{(&}gt;?*) Ibid-Bowra-p. 20.

व्यात्यक (जि. द्वा

Peloponnesian যুদ্ধের ফলে এথেন্স হৃতবীর্ষ হ'য়ে পড়ে এবং খৃ: পৃ: ৪০৪ অবল তার পতনের সন্ধে তার সংস্কৃতিরও অবল্যর আরম্ভ হয়। এরারিস্টটলের দর্শনই ছিল ক্ষীয়মান গ্রীসের নির্ভর কিন্তু এই পরাভবের পর পারসিক প্রভাব স্কল্পন্ত হ'য়ে ওঠে। এর পরে এথেন্স ম্যাসিডন সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হ'য়ে পড়ে। এই রাজনৈতিক পরাভবের মধ্যেই গ্রীক সমস্থার সমাধান নিহিত ছিল। আলেকজাণ্ডার গ্রীক সভ্যতাকে ভারতবর্ষ পর্যন্ত বিস্তৃত করেন, এবং এই গ্রীক দর্শন ও নীতিবাদই রোমান সাম্রাজ্যকে জগতের শীর্ষস্থানীয় করেছিল।

আলেকজাণ্ডারের মৃত্যুর পর তার বিরাট সামাজ্য রক্ষা করবার উপযুক্ত লোক ছিল না এবং সামাজ্য খণ্ডছিল হ'মে কতকগুলি স্বাধীন রাজ্যে পরিণত হল। এর মধ্যে ছুইটি রাজ্য প্রাসিদ্ধ, একটি এশিয়া মাইনরে Pargomos এবং অক্টট মিশরে—আনেকজাতারের সেনাপতি Logos এর পুত্র Ptolemy ছাপিত। এই টলেমিদের রাজ্বকালে ও পৃষ্ঠপোষকভায় আলেকজেন্দ্রিয়া সাহিত্য ও সংস্কৃতির क्टिक्न ह'रत्र में। एवं पु: प्र: प्राप्त Kleopatra VII এর মৃত্যু এবং টলেমিদের পতন পর্যন্ত এই আলেকজেব্রিয়াই সাহিত্য, সংস্কৃতি ও জ্ঞান-বিজ্ঞান চর্চার শ্রেষ্ঠ কেন্দ্র হয়েছিল। এই পীঠস্থান রোমান সাম্রাজ্যের অন্তর্ভুক্তির পরে জ্ঞান-বিজ্ঞানের কেন্দ্র রোমে নীত হয়। গ্রীদের জ্ঞানীগুণী দেখানে সমবেত হ'য়ে ছিলেন এবং রাজামুগ্রহে পুথিবীর প্রাচীনতম গ্রন্থাগার স্থাপিত করেছিলেন। আৰু প্রাচীন গ্রীক সাহিত্য ও দর্শনের যে সামান্ত অংশ জীবিত আছে তা এই গ্রন্থাগারের অক্লান্ত শ্রমের দান। এই সময়ে প্রজাভন্ত বিলুপ্ত, রাজভন্ত নৃতন ক'রে স্থাপিত হয়েছে— ভার ফলে জ্ঞান-বিজ্ঞান চর্চা কেবলমাত্র অভিজ্ঞাত শ্রেণীর মধ্যে সীমাবদ্ধ হ'য়ে পড়ে। এথেনের এাটিক যুগে সাহিত্য যেমন সর্বসাধারণের হ'রে উঠেছিল, এবং সর্বসাধারণ তা উপভোগ করত, তেমন আর রইল না—তার স্বাধীনতা সীমাবত হ'রে অভিজাতদের বাসনে পর্যবসিত হল।

এ্যারিস্টালের দর্শনের পরে Epicurian ও Stoic দের ব্যক্তিগত নীতিবাদ প্রাধান্ত লাভ করে। প্রীক রেনেসাঁর পরে ধর্মীয় সংস্কার ও নীতিবাদ প্রকৃতপক্ষেন্ট হ'রে যার, ব্যক্তিগত এই নীতিবাদও সমাজ সমস্তার সমাধান করতে পারে না—তথাপি এই ভাবধারাই হেলেনিক-রোমান দর্শনের স্পষ্ট করে। এ্যারিস্টালের পরে দর্শন ধর্মীয় ও নীতিবাদমূলক সমস্তায় বিশেষভাবে ব্যাপৃত হ'রে পড়ে; তাঁরা (Stoic or Epicurian) বিশাস করতে শুক্ত করেন বে, প্রকৃতিই পরম সন্থার প্রকাশ এবং স্পষ্ট ও প্রষ্টা এক। ব্যক্তিগত নীতিবাদের ম্ল্যায়ন করতে Stoic ও Epicurian সকলেই, তাঁদের দর্শন হত্ত্বিরোধী হ'লেও এই স্ত্যকে কার্যতঃ

গ্রহণ করেন। (১৩০) এই ব্যক্তিগত নীতিবাদ প্রকৃত সমস্তাকে সমাধান করতে পারেনি। (১৩১) হেলেনিক সামাজ্য পতনের পর কোন আদর্শবাদ বা নীতিবাদই গ্রীকজীবনে প্রতিষ্ঠিত হয়নি, তার ফলে ব্যক্তিবাদ মাধা চাড়া দিয়ে উঠেছিল এবং তার প্রতিক্রিয়া দেখা দেয় সাহিত্য ও কাব্যে। এই ব্যক্তিবাদ মানব-ধর্ম প্রস্তুত নয়, সমাজব্যবস্থার বিপর্ধয়-প্রস্তুত—সমাজবন্ধনের অভাব প্রস্তুত। (১৩২) পরবর্তী কাব্য ও সাহিত্য এই তুর্বল ও আত্মকেক্রিক ব্যক্তিবাদের প্রকাশ—তার মধ্যে সাহিত্য গভীরতা লাভ ক'রে মহান হ'য়ে উঠতে স্ব্যোগ পায়নি।

থৃ: পৃ: ৩য় শতকে আলেকজেব্রিয়াই এই সাহিত্যকর্মের পীঠছান। এই মুগের সাহিত্য ছ্'টি ধারার বিভক্ত—একটি Kallimachæn, (৩১৫-২১০) কে অবলম্বন করে, অপরটি তাঁর সমসামন্ত্রিক Apollonius এর পথ ধ'রে। Kallimachæn হোমর ও হিসিওডের পুরাতন ইডিহাস-পুরাণকে তাঁর Aitia, Iambi, এবং Hekaleতে বর্ণনা করেন। তাঁর রচনা রোমাণ্টিক ধর্মী—টেনিসনের Mort d' Arthur এর মধ্যে যেমনটি পাওয়া বায়। Apollonius (of Rhodes) (২৯৫-২১৫) হোমরের মত মহাকার্য রচনা করতে প্রয়াসী হন কিছু কৃতকার্য হন না—যদিও তা আধুনিক হোমর-সাহিত্য বলা যায়। তাঁর Argonautica, Jason ও তাঁর Golden Fleece অভিযান কাহিনী,—তথাপি যুগধর্ম তা মাঝে মাঝে রোমাণ্টিক সৌন্দর্যে মধুর। (১৬৩) এমন কি Medea ও Jasonএর প্রণয়কথার মাধুরী Virgil কেও অন্প্রাণিত করেছিল—(১৩3)। যদিও এ কাহিনী ইউরিপিভিসের অন্তর্গতি তথাপি এর মধ্যে তৎকালীন ব্যক্তিবাদপ্রস্ত একটা রোমাণ্টিকতা স্বন্দর হ'য়েরপ নিয়েছে।

এই তুইটি দলের মধ্যে সাহিত্যবন্ধ নিয়ে বাদাহবাদও যথেষ্ট হয়েছে।

^{(&}gt;0.) Hist of West. Phil.—Dr. Joshi—p. 68.

⁽১৬১) Individual ethics, which the post Aristotelian School made the burden of their philosophy was virtually called to restore to the cultured world of antiquity the religion lost in the Greek renaissance...But virtue as the Stoics and Epecurians taught it did not prove adequate to be the solution of the problem. Ibid—W. Windelbund—p. 297.

⁽১৯২) Individualism thus became a dominant feature of the age. But once the great Macedonian generals, whose pulses had been quickened by service with Alexander, had passed from the scene, it was not a magnificient individualism arising, as it did, not so much from greatness of individualism as from the weakness of society. Cambridge Ancient. Hist. Vol. VII—p. 253.

⁽১৩) Its subject is of course the story of Jason and his quest for golden fleece, beginning with the setting out and ending with the return to Jolkos. Its style is a kind of modernised Homeric. Outlines of Classical Literature H. G. Rose—p. 129.

⁽⁵⁰⁸⁾ In the love of the young Colchican girl Medea for adventurer Jason, he has written something unique in beauty...the details were borrowed by Virgil in his account of Dido's love for Æneas, but Dido is a mature woman and Medea a mere girl. Ant. Gk. Lit.—Bowra—p. 221.

ল্যালিষেকালের অহ্বর্জী Aratos (of Soloi) এবং Theocritus (316—260) বি Syracuse)। Aratos Hesiod এর অহুগামীললে নীভিমূলক কবিভালেখন,—তিনি নিজে Stoic এবং নীভিবান পুরুষ ছিলেন। Theocritus দিলির ক্বক-জীবনের হ্বথ-ছুংখ নিয়ে যে কাব্য রচনা করেন ভা কালজমী সৌন্দর্ব্যের আধার। তাঁর রচনা Virgilকে অহুপ্রাণিত করেছিল, এবং উভরের রচনার মধ্যে ছানে স্থানে অপূর্ব সাল্ভ আছে। Nekoandros (of Kolophon) আহুমানিক ১৬৮ খৃঃ পৃঃ সালে প্রকৃতির পরিবেশে ক্বক-জীবনধার। নিয়ে কাব্য লেখন এবং তাঁরই Georgika থেকে ভার্জিল তাঁর কাব্যের নামান্ত্বরণ করেন এবং তাঁরই Heterdionmena থেকেই Ovid তাঁর Metamorphosisএয় কাব্যবন্ধ গ্রহণ কারন। (১৩৫)

রাজার পৃষ্ঠপোষকতায় লেখকগণ আপনাদের সাহিত্যাভিমান ভাষায় প্রকাশ করতে শুকু করেন এবং সাহিত্য ধীরে ধীরে বিজ্ঞজনের দেখা ও বিজ্ঞ পাঠকের জন্মেই স্ট হতে থাকে—সাধারণের সঙ্গে শ্রীক সাহিত্যের যোগাযোগ বিচ্ছির হ'য়ে যায়। তখনকার গ্রীক সাহিত্য টিকা-টিগ্লনী সহ সংরক্ষণ ও ভায়কারগণের নিজ নিজ পাজিত্য প্রকাশের মধ্যেই সীমাবজ হ'য়ে পড়ে।

কিছ স্টোইক ও এপিকিউরিয়ানদের ব্যক্তিবাদ প্রভাবিত সাহিত্য নৃতন স্প্তির প্রেরণার উন্নুথ হ'বে ওঠে—তাঁদের লেখা স্বভাবতঃই রোমান্টিক ধর্মী বা বান্তবধর্মী হ'রে ওঠে। Herodas, সাধারণ জীবন, বিশেষতঃ তথনকার ছ্নীভিপূর্ণ সমাজের বিশেষ বিশেষ আখ্যান, যথা স্বামীর অন্নপস্থিতিতে তর্মণীবধুর কুটনীর প্রেরণায় ধনী যুবকের প্রতি স্বাসক্তি, বেশ্রালয়ের স্বত্তাধিকারী যুবকের বেশ্রাপহরণ প্রভৃতি নিয়ে কমেডি-সম্প্রামী কাব্য-কাহিনী লেখেন। তথনকার জ্বাতীয় জীবন নীতিবাদের স্বভাবে প্রস্তু ও পতিত, এবং তার স্বব্যস্তাবী প্রতিক্রিয়া হিসাবে সাহিত্যে ক্রচিবিকার ও নীতিহীনতা এসে দেখা দেয়।

অস্থা দিকে Pergamos এ জ্ঞান-বিজ্ঞানচর্চা সমান ভাবেই চলতে থাকে। এখানেই বৈয়াকরণ Krates, ভৃত্বভাস্তবিদ Strabo, গণিতে Eudoxos ও Aristaios নানারপ নৃতন তত্ব ও তথাে জ্ঞানভাগ্যার সমুদ্ধ করেন। আলেকজেন্দ্রিয়ায় তথন ইউক্লিড ও আর্কিমিডিস্, Claudius Ptolemacus বিজ্ঞানের বিভিন্ন শাখা নৃতন গবেবণার হারা পূই করেন। গ্রীক প্রতিভা এই তুটি কেন্দ্রে বিকাশ লাভ ক'রে প্রাচীন বিজ্ঞানকে সমৃদ্ধ করেছিল সন্দেহ নেই কিন্তু রোমান সাম্রাজ্য বিত্তারের সঙ্গে সঙ্গে প্রতিভা ও জ্ঞানচর্চা মন্দীভূত হ'য়ে আসে। রোমকগণ এই জ্ঞানচর্চার বিরোধী ছিলেন না বটে কিন্তু এ বিষয়ে উৎসাইও বিশেষ ছিল না। তাঁরা ভীক্ষী ও ব্যবহারিক বিষয়ে উৎসাইী ছিলেন—কোন

⁽⁵⁰⁴⁾ He wrote besides a poem on firming, the Georgika where of Virgil borrowed the title at least and another Heterdionmena (shape-changing). Ovid took the idea though not the word itself for his Metamorphoses Ibid—Rose. p. 135.

কোন সাহিত্য-শাখা যথা আইন এবং ব্যবহারিক (applied) বিজ্ঞানে তাঁদের বধেই দান আছে কিছু জাতি হিসাবে গ্রীকগণ ছিলেন সৌন্দর্থের পুলারী ও ভাবৃক, এবং রোমকগণ ছিলেন ব্যবহারিক (practical) যোদ্ধা ও বণিক। অতএব রোমকগণ যথন গ্রীক জগতকে গ্রাস করল (৩০ খুঃ পুঃ অন্দে আলেকজেন্দ্রিয়া রোম সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়) তথন গ্রীক প্রতিভা বিকাশের আরু কোন প্রশন্ত পথ রইল না। গ্রীক সাহিত্য ও দর্শন (তথন বিজ্ঞান দর্শনের অন্ধীভূত ছিল) চর্চার পথে প্রবল বাধা সৃষ্টি হল। (১৩৯) রোমকগণের এই চারিত্রিক বৈশিষ্ট্যের জন্মে রোমক সভ্যতার কোন মৌলিকভা প্রকাশ পায়নি। তাদের শ্রেষ্ঠ স্থী Plinyও কেবলমাত্র তথনকার জ্ঞান-বিজ্ঞান, গ্রীকদের অধীত জ্ঞান ও সাহিত্যকে সংগ্রহ, সম্পাদন ও সংকলন করেছেন মাত্র। এই সময়ে সাম্রাজ্যের পূর্ব দিকেই নয়, পশ্চিমেও অর্থাৎ রোমেও গ্রীক ভাষাই সাধারণভাবে ঘোগাযোগ রক্ষা করত। তথন অভিজ্ঞাত রোমকগণও প্রথমে গ্রীক ভাষা শিক্ষা ক'রে পরে দেশীয় ভাষা শিক্ষা করতেন। সেই হেতু এই সময়ে কয়েকজন ইতালীয় গ্রীক সাহিত্যে খ্যাতি লাভ করেন। পরবর্তী যুগে লাটিন ভাষা সমন্ত দেশীয় কথ্য ও লিথিত ভাষা ও গ্রীক ভাষার ছান অধিকার করে।

এই রোমান-গ্রীক যুগের পশ্ব-সাহিত্য তুইটি বিশিষ্ট ধারা নিয়ে গ'ড়ে উঠেছে

—Asianism এবং Atticism. প্রথম ধারার ভাষা অলঙ্কারের প্রাচুর্যভারে
জটিল ও ক্লব্রেম হ'য়ে পড়ে। এসিয়া মাইনরের ম্যাগনেসিয়ায় Hegesias এর
লেখা ভার নিদর্শন। দিতীয় ধারা এয়াটিক যুগের গল্প-সাহিত্যের অন্থগামী,—
Polybios এই যুগের প্রখ্যাত গ্রীক ঐতিহাসিক।

^(5%) No two peoples are even more unlike than the Greeks and Romans. The Greeks were essentially artists, loving beauty, caring for all that made the individual life dignified and happy. They were intellectually adventurous inquisitive in speculation, daring in the profession of their own beliefs. The Romans on the other hand were eminently practical and unimaginative. Their genius was for war and politics and their chief concern was for order and commercial prosperity. Wherever the Roman armies went they carried law and built roads. Outline of Lit. J. Drinkwater—p. 142.

^{(306) ...} When Rome became dominant, scientific research withered, not from any positive discouragement of it by Romans, but from their lack of interest in such matters, for it is a remarkable fact that, although a great intelligent and practical people, with an astonishing genius for some kinds of mental activity particularly law and certain branches of literature and most unusual diligence in what we should now call applied science, as shows by their engineering, sanitation and other contributions to civilised life, they never in their whole of history produced one mathematician, physicist, geographer or natural scientist of any original merit. Their most learned man, such as the Elder Pliny, were industrious compilers of what other nations...had found out. Outlines of Classical Lit.—Rose.—p. 145.

রোম নগর-পদ্তনের যে ইতিহাস পড়া যায় তা প্রকৃতপক্ষে পৌরাণিক কাহিনী বা কিংবদন্তী মাত্র। কথিত আছে ১১৮৪ খু: পু: অব্দে ট্রের পতনের পর (কিংবদন্তী ট্রের প্রতিষ্ঠাতা Dardnus ইতালী থেকেই গিয়েছিলেন) Æneas: তার অমুচরগণ সহ বছ কটে ভগবানের নির্দেশে ইতালীতে এসে পৌছান এবং এনিয়াদের পুত্র Ascanius প্রথমে Lavinium এ এক রাজ্য প্রতিষ্ঠা করেন। এই বংশেরই রাজা Romulus १৫৩ খু: পু: অব্দে রোম নগরী প্রতিষ্ঠা করেন। এই রাজবংশ ৫১০ খু: পু: পর্যন্ত এই দেশের বেশীর ভাগ শাসন করেন এবং ঐ ৰৎস্বেই Brutus এবং Collatinus প্ৰথম কনসাল ৰূপে প্ৰজাতন্ত্ৰ (?) প্ৰতিষ্ঠা করেন। ক্রমে ক্রমে রোমের সাম্রাজ্য বিষ্ণুত হয় এবং সেই সময়েই রোমকগণ গ্রীক সাহিত্য সংস্কৃতি ও দর্শনের সঙ্গে পরিচয় লাভ করেন। ওধু তাই নয়, তখন শিকা ও জ্ঞানার্জন বলতে গ্রীক ভাষা ও সাহিত্য প্রভৃতির অধ্যয়নই বুঝাতো। তথন নেপেলস্ উপসাগরের তীরে যে সকল গ্রীক নগর ছিল তাও (১৪৬-৩৪১ খৃ: পৃ:) অব্দে প্রথম Samnite যুদ্ধের পর রোম সামাজ্যের অন্তর্ভুক্ত হয়। বিজিত গ্রীক রাজ্যসমূহ ষতই রোম-সামাজ্যের অন্তর্ভ হতে লাগল, রোমকগণও ততই গ্রীক সংস্কৃতি সাহিত্য ও ভাষার সঙ্গে পরিচিত হতে লাগলেন। আলেকজেন্দ্রিয়া যথন থ্যাতির উচ্চশিথরে তথন অভিজ্ঞাত রোমকগণ গ্রীকভাষা শিক্ষা করতেন। হানিবলের সঙ্গে যুদ্ধের পর সমগ্র জাতিকে গ্রীক প্রভাবমুক্ত করবার জন্ত Cato (Elder) तकु जा निरंज थारकन। ১৫ - थुः शृः खर्स धीक नार्मनिक गण द्यारम शिष्म সাধারণের নিকট গ্রীক দর্শন ও সংস্কৃতি সম্বন্ধে বক্তৃতা দিতেন এবং সর্বসাধারণও তা সাগ্রহে শুনত ও গ্রহণ করত। কিন্তু Cato অবিলম্বে তাঁদের খদেশে পাঠিয়ে (परांत करत्र माकिरकुंदेरमत व्यापम (पन । (১৩१) वञ्चणः त्राम नामात्कात खेथात्न त সঙ্গে সঙ্গে গ্রীক অধিকৃত নগরগুলি যেমন রোম সামাজ্যের কুক্ষিগত হল, তেমনি থীক সংস্কৃতিও রোমের শিক্ষা ও সংস্কৃতিকে গ্রাস ক'রে ফেলল।

আন্তর্গ এই যে যিনি প্রথম লাটিন সাহিত্যের স্বাষ্ট করেন তিনি জাতিতে খ্রীক। তথন দেশীর ভাষার (রোমান) তুই-একজন কবি বা লেথক না ছিলেন। এমন নয় কিন্তু তাঁরা যথেষ্ট প্রভাবশালী ছিলেন না। Pyrrhosএর যুদ্ধে Tarentineএর Andronikos নামে এক গ্রাক যুদ্ধন্দীকে রোমে এনে এক অভিজাত রোমবাসীর নিকট ক্রীভদাসরপে বিক্রম্ন করা হয়। ক্রেভা ক্রীভদাসটিকে শিক্ষিত ও পণ্ডিত ব্যক্তি বৃষ্তে পেরে সন্তানদের শিক্ষকরপে নিযুক্ত করেন। তার পরে ভাকে ক্রীভদাসন্ত থেকে মুক্তি দেওয়া হয় এবং তার নাম হয়, Livius Andronikos। ইতিমধ্যে তিনি লাটিন ভাষা শিক্ষা করেছিলেন এবং জীবিকার

⁽³⁰⁴⁾ A History of Rome-Moses Hadas-p. 37

জন্ম লাটিনভাষী ছাত্রদের একটা স্থল স্থাপন করেন। তথন, হোষরের মহাকাব্য রোমকগণ প্রীকভাষায়ই পড়ত। লাটিন ভাষায় কোন কাব্য না থাকায় তিনি প্রথম লাটিনে ওডিসির অহবাদ করেন এবং সর্বসাধারণে অভিনয়্তবাগ্য কোন নাটক না থাকায় তিনি কতকগুলি গ্রীক নাটকও লাটিনে অহ্বাদ করেন। ২৪০ খৃঃ পৃঃ অব্দে তাঁর প্রথম নাটক অভিনীত হয় এবং সেই নাটকে তিনিও একটি প্রধান ভূমিকা অভিনয় করেন। (১৬৮) পরবর্তী থ্যাতিমান কবি Gnacus Nævius (of Campana) ও জাতিতে রোমক নয়, তিনি প্রথম পিউনিক মুদ্ধে যোগদান করেছিলেন এবং রোম ও কার্থেজের যুদ্ধকে কেন্দ্র ক'রে এক মহাকাব্য রচনা করেন। কয়েরকথানি নাটক—ট্র্যাজেডি ও কমেডিও ইনি রচনা করেন। এ দের কবি-থ্যাতি ক্য় ক'রে যিনি প্রভিষ্ঠা লাভ করেন তিনিও জাতিতে রোমক নয়। Q. Ennius (of Rudiæ—Tarentum এর নিকটবর্তী একটি শহর) (২৩৯—১৬৯) কতকগুলি নাটক লেখেন এবং Nævius এর লেখা কাব্যের ঘটনা ব্যতীত সমগ্র রোম সাম্রাজ্যের ইতিহাস এক মহাকাব্যে গ্রথিত করেন। তাঁর ভাষা লাটিন কিছে গ্রীক ছন্দ, গ্রীক রচনা শৈলী ও গ্রীক আদর্শে রচিত। তাঁর বেশীর ভাগে রচনার উৎস ইউরিপিভিস। (১৩৯)

লাটিন সাহিত্য গ'ড়ে উঠবার পূর্বেই রোমক চরিত্রে গ্রীক দর্শনের প্রভাব সক্রিয় হ'য়ে উঠেছিল। Stoic ও Epicurean দর্শনের চিস্তাধারা রোম সাম্রাজ্যের অধিবাসীর চিন্ত অধিকার করেছিল বটে কিন্তু বস্তবাদী ব্যবহারিক রোমকগণের মধ্যে সে শিক্ষা ও দর্শন নৃতন ভাবে প্রকাশ পায়। Ennius এর নাটকের মধ্যে গ্রীক নবজাগরণ (রেনেসা) যুগের ও এ্যাটিক যুগের দার্শনিক চিন্তাধারার একটা মৃত্ স্পর্শ স্ক্রেট। হেলেনিক-রোমান যুগে ব্যক্তিবাদকে ভিন্তি করেই দর্শন গ'ড়ে উঠেছিল। এ্যারিস্টটলের পরবর্তী দার্শনিকগণ গ্রীক নবজাগরণ যুগের যুক্তিবাদের (যে যুক্তিবাদ দর্শনেকে ধর্মীয় সংস্কার থেকে মৃক্ত করেছিল) সঙ্গে ধর্ম-ভিন্তিক নীতিবাদ প্রতিষ্ঠার চেটা করেন কিন্তু ব্যক্তিবাদ যুক্তি-নির্ভর হ'য়ে পাশ্চান্ত্য দর্শন হ'য়েই রইল। কেবল মাত্র সদগুণাবলী অফুশীলনই এই নীতিবাদ সক্ষার সমাধান করতে পারেনি। তাই রোমান যুগে ধর্মীয় আন্দোলনের সঙ্গে দর্শন যুক্ত হ'য়ে যায়। যুক্তি-ভিন্তিক সদগুণাফ্রশীলনের আদর্শ জাতীয় চরিত্রের সাধারণ নীতিবাদ হ'য়ে পড়ে এবং তার অবশুভাবী ফল রূপে ব্যক্তিবাদ ব্যক্তিকেন্দ্রিক আত্মবাদে পর্ববিস্ত

⁽³⁰⁾ Paradoxically, the first man of letters of whom we know anything definite was not a native speaker of Latin at all, but a Tarentine Greek named Andronikos. Taken prisoner in the war with Pyrrohs, he was sold as a slave, after the usual fashion and bought by a member of the Gens Livia, who set him to teach his children, for Andronikos was a learned man. Outlines of Cl. Lit. Rose—p. 149 also Encyclopædia Britt. 9th Ed. Vol XX—p. 716.

^{(&}gt;<a) When he wrote tragedies, again he sometimes chose subjects from Roman history...early or recent but generally he went to Euripides for his originals adopting to judge by what is left to us, pretty, freely. Ibid—Rose—p. 150

রোম ৭৯

হয়। (১৪০) Panætius (of Rhodes) এর প্রচারে রোমের জনগণের মধ্যে Stoic মতবাদ ধীরে ধীরে বিভার লাভ করে। (১৪১) প্রথম ম্যাসিজন যুদ্ধ (২২৫ খৃ: পৃ:) থেকে তৃতীয় ম্যাসিজন যুদ্ধ (১৭১-৬৭) পর্যন্ত গ্রীক সাহিত্য ও গ্রীক Virtue র সঙ্গে রোমকদের পরিচয় তাদের জাতীয় চরিত্রকে প্রভাবিত করে। এই প্রভাবপ্রস্থত জাতীয় বৈশিষ্ট্য রোমকে পিউনিক যুদ্ধে জয়ী করে, নইলে প্রশ্বশালী, নৌযোদ্ধা কার্থেজকে পরাজিত করা রোমকদের পক্ষে হয়ত সম্ভব হত না। রোমকদের এই জাতীয় চরিত্র গ্রীকদর্শন ও সাহিত্যের দান। (১৪২)

স্টোইকদের আদর্শ-মাহ্নবের ধারণা সক্রেটিস ও এ্যাণ্টিছেনিসের আদর্শগত। তাঁদের দর্শনের মূলে ব্যক্তি ও বিশের সামঞ্জ্য ছিল, সেটা ধীরে ধীরে সমাজিক ও পরে অত্যন্ত সাধারণ ব্যক্তিবাদে পরিণত হল কিছু রোমকরা তাদের এই এই মতবাদের শিক্ষা থেকেই বৈজ্ঞানিক দৃষ্টিভিদ্নি নিয়ে তাদের প্রথ্যাত আইন-বিধি প্রণয়ন করল।

পক্ষাস্তরে কতকগুলি কবি ও লেখক এই সময়ে এপিকিউরিয়ান মতবাদ প্রভাবিত হ'য়ে ব্যক্তিবাদের আদর্শকে অমুসরণ করেন। Metrodorus, Colotes (of Lampsæus), Zeno (of Sidon) এবং Phædrus (of Godarra) এবং পরে প্রখ্যাত লাটন কবি Litus Lucretius Carus এই ব্যক্তিবাদকে পূর্ণতর ক'রে তোলেন। C. Amafinius খঃ পঃ বিতীয় শতকে রোমে এপিকিউরিয়ান মতবাদ প্রচার করেন এবং রোমে তাঁর অনেক অহুরাগী শিক্ত হ'য়ে পড়ে—Lucretius তানের একজন। যদিও এপিকিউরিয়ানগণ দেহগত স্থথ অপেকা আধ্যাত্মিক আনন্দকে উপরে স্থান দিয়েছেন এবং সে আনন্দ কান্ধিবোধপ্রস্থত তথাপি তা আআবাদ সন্দেহ নেই। কিন্তু এই আত্মবাদ যথন কান্তিবোধ বিচ্যুত হ'য়ে ব্যক্তিজীবনে প্রবেশ করে তথন তা অতি সাধারণ নীতিবোধে পর্ববসিত হয়,—যে নীতিবোধ ব্যক্তিগত যুক্তি চালিত হ'য়ে অহংপুর্ণ হওয়া অত্যন্ত স্বাভাবিক। রোমান্যুগেও ল্রই আত্মবাদ ঠিক এমনি একটা পথ নিয়েছিল, যার ফলে রোম সাম্রাজ্যের সমাটগণ সিংহাসনে বসেছেন কেবলমাত্র নিহত হওয়ার জন্মেই। এই আত্মবাদই গ্রীসে একটা জাতীয় আদর্শবাদ গ'ড়ে তুলেছিল কারণ তা সাধারণ অহংবাদে পরিণত হয়নি क्डि রোমানদের বস্থবাদী অন্তরে আত্মবাদ সোজাত্মজি অহংবাদে পরিণত হল। সেই কারণেই লাটিন সাহিত্যে হুল বান্তবতা অধিকতর প্রকট হ'য়ে উঠল।

^{(&}gt;8.) Individual ethics, which the post-Aristotelian School made the burden of Philosophy, was virtually called to restore to the cultured world of antiquity the religion lost in the Greek Renaissance...But virtue, as the Stoics and Epicurians taught it did not prove adequate to be the solution of the problem. Thus philosophy also became drawn into the great religious movement which had possessed the races of the Roman Empire. Windelbund—Ibid—p. 247.

^{(&}gt;8>) Ibid—p. 305

^{(&}gt;8?) At Carthage nothing is regarded disgraceful if it brings a profit, at Rome nothing is more disgraceful than to receive bribes and make profit by improper means. History of Rome. Hadas—p. 23
(>8?) Ibid—Windelbund—p. 313.

গ্রীক New Comedyর অস্করণে Maecius Plautus (২৫০-১৮৪ খু:পু:) বে নাটকগুলি লিখনেন তা শুধুমাত্র সাধারণের মনোরঞ্জনের জক্ত ; বার মধ্যে বন্ধবাদপ্রস্ত একটা বৈশ্রম্বন্ধির ছাপ স্কল্পন্ত। ইউরিপিন্তিস সফোক্লিসের গভীরতা, চরিত্রবিশ্লেষণ বা মানবতা তার মধ্যে ক্ষীণতর হ'য়ে এসেছে এবং বন্ধবাদের প্রভাবে, বৃক্তির চাতুর্ব্যে সামাজিক ত্র্বলতাকে স্বীকার করে নেওয়া হয়েছে। তার Amphitryon নাটকে Hercules এর জন্মরুত্তান্ত বর্ণিত হয়েছে। Amphitruo বৃদ্ধ জন্ম ক'য়ে তাঁর ক্রীতদাস Sosiaকে স্ত্রীর নিকটে পাঠান, কিন্তু আশ্রুর্ব সে দেখে সেখানে আর একজন Sosia বাইরে এবং Amphitruo ভিতরে। তারা ছ'জন ছল্মবেশী দেবতা মার্কারী ও জুপিটার। এর পরে পত্মী Alcumena যে সন্তান প্রস্কুর্বর সেই হারকিউলিস্। নাটকের শেষে Alcumenaকে নির্দোব বলা হয়েছে যেহেতু সে স্বামীজ্ঞানেই দেবতাকে দেহদান করেছে। The Crock of Gold নাটক এক ক্রপণের কাহিনী। ক্রপণ কত্যা Euclioর ক্রপণের nephew কর্তৃক অবৈধ গর্ভসঞ্চারকে কেন্দ্র করে নাটক গ'ড়ে উঠেছে। এই ছুইটি নাটক প্রথমে ক্রান্থে Moliére ও পরে ইংলণ্ডে Dryden ও Fielding বারা অস্কুত হয়, যদিও তারা লাটিন ঐতিহ্য ও রীতি থেকে অনেক দূরে সরে গেছেন।

পরবর্তী নাটক Captives সমস্ত রকম তুর্নীতি ও অশালীনতাম্কত। এর বিদ্বক চরিত্র ও—নির্মল, স্থানর। Plautus এর এই আক্ষিক পরিবর্তন কেন হয়েছিল তা বলা কঠিন। তার Meæchmi থেকে শেকস্পীয়র কমিডি অফ্ এররস্ এর আখ্যানবস্ত গ্রহণ করেন। তার সর্বাপেকা হাস্যোক্ষীপক নাটক Bragging Soldier (Miles Gloriosus), Rudius নাটক ক্রীতদাসদাসীগণের ভাগ্যবিপর্বয় নিয়ে লেখা।

এই যুগের অক্তব্য প্রখ্যাত নাট্যকার Terence (১৯৫-১৫৯), উত্তর আফ্রিকার অধিবাসী। তাঁর প্রথম নাটক Andria। বিতীয় নাটক Hecyra (Mother-in-law)-র গল্পটি নাটকীয়। Pamphilus, Philumena-কে বিবাহ করে কিছে বিবাহের অব্যবহিত পরেই তার একটি সন্তান হওয়ার সে পত্নী-ত্যাগ করে। তার মাতা মীমাংসার চেষ্টা ক'রে ব্যর্থ হন কিছে Bacchi প্রমাণ ক'রে দেয় বে এ সন্তান তারই। বিবাহের কিছুদিন পূর্বে হঠাৎ একরাত্তে হ'জনের দেখা হয়েছিল এবং তখন অপরিচিত। কুমারী ফিলোমিনাকে সে ধর্ষণ করেছিল এবং এ সন্তান তারই এবং তখন উত্তরের মিলন হয়। এটি Terence-এর স্বাপেকা উৎকৃষ্ট নাটক কিছে এতে এই যুগের ছ্নীতি স্কুম্পাই—সে যুগে নারীধর্ষণ এমন গর্হিত কিছু বলে হয়ত বিবেচিত হত না। (১৪৩)

⁽³⁸⁹⁾ The play is Terence's best, and incidentally throws a curious light on the morality of New Comedy. The rape is passed over as no great matter, nor in any way inconsistent with Pamphilus's generally amiable and gentle character. Ibid—Rose—p. 160.

তাঁর Heauton Timorumenos গ্রীক নাট্যকার Minander-এর নাটক অবলখনে লেখা। Eunuchus নাটকে মিনাগুরের ছুইটি চরিজে Thraso এবং এবং Gnatho গৃহীত হয়েছে—এই ছুটি চরিজের প্রভাব পরে ইংরাজী নাটকেও দেখা যায়। গ্রীক Apollodoros অবলখনে Phormid লেখেন। এই ছুইজন লাটন নাট্যকারের মধ্যে মৌলিকতা যতই থাক তাঁরা গ্রীক নাটকের চরিজে বা আখ্যানের উপরে কিছু সৃষ্টি করতে পারেননি।

Ennius-এর লাতুপুত্র (nephew) Paerious (২২০) গ্রীক নাটকের অনুসরণে কভকগুলি নাটক লেখেন, ভার মধ্যে গ্রাকদর্শনের বিক্লিপ্ত প্রচার লক্ষণীয়। Lucilius (জঃ ১৮০ খৃঃ পৃঃ) রোমান ব্যঙ্গ সাহিত্যের (satire)-এর জনক।

গ্রীদের গণতন্ত্রের যুগে যে কারণে যে পরিবেশে ভাষণ-সাহিত্যকে আশ্রের করে গাল্ট সাহিত্য গড়ে ওঠে সেই একই অবস্থায় রোমেও ভাষণ-সাহিত্য গড়ে ওঠে; এবং গ্রীক ভাষণ-সাহিত্যের প্রভাবও প্রবলভাবে এসে পড়ে। Cicero তাঁর ভাষণ-সাহিত্যের ইতিহাসে Brutus-কে প্রথম বাগ্মী ব'লে উল্লেখ করেছেন কিছু তাঁর কোন লেখা বেঁচে নেই। Cato (২০৯-১৪৯)ই প্রথম গল্পলেখক,—গ্রীক প্রভাব থেকে মৃক হ'য়ে স্বাধীনভাবে তিনি স্পষ্ট করতে চাইলেও তখন আকাশে-বাতাসে গ্রীক প্রভাব, স্ক্তরাং তিনি সে প্রভাবমৃক্ত হ'তে পারেননি। তাঁর Origines-এর সামাল কিছু কিছু পাওয়া যায়।

রোমেও গ্রীদের মত ইতিহাস রচিত হয়। প্রথম রোমক ঐতিহাসিক লেখক Quintus Fabius Pictor, গ্রীক ভাষায় কিছুটা রোম-ইতিহাস লেখেন, তিনি প্রথম পিউনিক যুদ্ধে যোগদান করেছিলেন। Lucius Alimentus, Claudius, Valerious, Macer প্রভৃতি কিছু কিছু ইতিহাস লাটিনে লিপিবদ্ধ করেন কিছুপ্রথম উল্লেখযোগ্য ইতিহাসবিদ্ Sulla Ciceroর সময়ে লাটিন গছসাহিত্য প্রকৃত সাহিত্যের রূপ গ্রহণ করেছে, তখন পাঠকসংখ্যাও যথেষ্ট বেড়েছে এবং প্যাপিরাসেলেখা পুত্তকবিক্রয় ব্যবসাও আরম্ভ হয়েছে। খ্যুং প্রথম শতকে রোম রাজনৈতিক শিকাও সংস্কৃতির কেন্দ্র হ'য়ে ওঠে। Julius Cæsar প্রথম মনস্থ করেন এবং Augustus প্রথম রোমে একটি সাধারণ পাঠাগার স্থাপন করেন। তখন গ্রীক পদ্ধতিতে বিভালয় স্থাপিত হয় (১৪৪)। সেখানে গ্রীক এবং লাটিন উভয় সাহিত্যই শিক্ষা দেওয়া হছ। এই সময়ে স্থাশিকাও প্রচলিত হয়—এবং এই সময়ে অনেক বিছ্বী মহিলারও নাম পাওয়া যায়।

প্রকৃতপক্ষে ম্যানিডোনিয়ন যুদ্ধ থেকে আরম্ভ ক'রে সামাজ্য প্রতিষ্ঠার পূর্ব পর্বন্ত সমগ্র রোমান প্রদেশে গ্রীক সাহিত্য, ভাষা ও দর্শনের প্রভাব রোমকদের

^{(&}gt;88) Ibid-Rose-p. 171.

সাংস্কৃতিক জীবন গ'ড়ে তোলে (১৪৫)। ষদিও এই প্রভাব রোমক চরিজে গ্রীক জাতীয় চরিজের আদর্শবাদ, সদ্গুণাবলী অর্জনের আকাজ্যা ও কান্ধিবোধ সঞ্চারিত করতে পারেনি তথাপি রোমকদের জাতীয় বৈশিষ্ট্য, যুদ্ধবিছা ও বন্ধজগতের ব্যবহারিক প্রতিভা তাদের জাতীয় জীবনকে গ'ড়ে তুলেছিল। গ্রীক জাতির মানবতা, গভীর দার্শনিক দৃষ্টিভঙ্গি—তা ব্যক্তিবাদ বা আদর্শবাদপ্রস্তুই হোক নাকেন—রোমক চরিজে দেখা দেয়নি কিছে তাদের জাতীয় বৈশিষ্ট্য বন্ধভান্ত্রিক জগতে তাদের অনেকদ্র এগিয়ে নিয়ে গিয়েছিল। এই যুগের পরেই রোমের স্বর্ণযুগ,—এই যুগে গ্রীক সাহিত্য-প্রভাবিত লাটিন সাহিত্য মৌলিকতা ও রচনাবৈশিষ্ট্যে, ভাবে ও ভাষায় গ্রীক সাহিত্যের প্রতিযোগী হ'য়ে ওঠে।

त्वारम्बत चर्वयूश

चर्गपूरभन्न প্রথম লাটিন কবি Titus Lucretius Carus (>৪-৫৫ খু: পু:)। ভিনি শ্রেষ্ঠ প্রষ্টার মত অমুভূতিশীল অন্তর নিয়ে জন্মছিলেন। এই সকল ব্যক্তিত্ব সাধারণতঃ একটা দার্শনিক আশ্রয় ব্যতীত জীবন অতিবাহিত করেন না, তিনিও জ্বগত ও জীবনের মধ্যে একটা দার্শনিক তত্ত্ব খুঁজেছিলেন। তথনও এটিংর্ম প্রচারিত হয়নি, প্রাচ্য থেকে অনেক রহস্তপূর্ণ ধর্ম রোমে পৌছেছে কিন্তু বস্তবাদী রোম তা গ্রহণ করেনি। কেবলমাত্র এপিকিউরিয়ান মতবাদ রোমে প্রভাব বিস্তার করেছে। এই यजनाम मुनजः नञ्जजाञ्चिक भन्नमानुनाम। आमारमन देखियहे कान अर्जनन মাধ্যম যদিও মাঝে মাঝে তা ভ্রান্তিজনক। বন্ধ অস্থায়ী, আত্মাও নশ্বর, অতএব कीरत चानमहे कामा। किছু **नाधात्रण है कियुगे** ज्ञानम ७ स्थ ज्ञानमायक, অতএব মনোজগতের আনন্দই আনন্দ-প্রকৃত আনন্দ এবং তা কান্তিবোধ হারা অর্জন করা যায়। এই মতবাদ ভ্রাই হ'বে ইন্দ্রিয়স্থগত হ'বে পড়া একেবারে স্বাভাবিক, এবং রোম এই পতিত এপিকিউরিয়ান মতবাদই গ্রহণ করেছিল। জ্বলিয়াল সিজর এই রক্ম মতাবলম্বী ছিলেন (১৪৬)। রোমে এই মতবালের কান্তিবোধ ও অতীব্রিয়তা কোনমূপ প্রভাব বিস্তার করতে পারেনি (রোমের ইতিহাবে সম্রাট-হত্যার তালিকাই তার প্রমাণ)। Lucretius এই মতবাদ প্রহণ ক'রে নীতিমূলক কবিতা লেখেন। তাঁর লিখিত ছয়খানি গ্রন্থের প্রথম তু'খানিতে

^{(&}gt;84) Rome in the concluding years of the Republic and at the beginning of the Empire, was on the one hand wide open to Greek influences in everything except politics and military matters, on the other, she was rapidly becoming the intellectual centre of the civilized world and conscious of her own abilities in what had once been exclusively Greek art, the production work, both in verse and > rose, which were often respectable and sometimes of high literary worth. bid—Rose—p. 172-73.

⁽¹⁸⁴⁾ Ibid-Rose-p. 175-176.

ডিনোক্রিটনের অন্থসরণে পরমাণ্ডন্ত সম্বন্ধে কেথেন, তৃতীয় প্রন্থে আত্মার নশ্বরন্ধ, চতুর্থ প্রন্থে ইন্সিয়ই জ্ঞানার্জনের মাধ্যম, পঞ্চম প্রন্থে জগত স্বষ্টি ও জীবজগড়ের ব্যাখ্যা এবং বর্চ প্রকে থ্নিডাইডের অন্থকরণে জাগতিক জীবনের কয়েকটি ব্যাখ্যা লিপিবন্ধ করেন। সর্বসাকুল্যে তিনি লাটিন ভাষায় গ্রীকদর্শনের একটা দিক ব্যক্ত করেন মাত্র। তাঁর রচনা আলেকজেন্দ্রিয়ার গ্রীকগণের অন্থক্তি, ছন্দে, দার্শনিকভায়, প্রকাশভবিতে তিনি সেই যুগীয়। তাঁর কবিভায় এই পরমাণ্বাদ ভন্ধ বান্তিকভাবে প্রকাশ পেয়েছে—

For certainly it was not by design
That atoms, gifted with intelligence
Arranged themselves in order or agreed
Upon the moments to be made by each !...

Lucretius 1,—1021—8 quoted from Cambridge Ancient History Vol. VII. p. 245.

এই নিরীশ্বরাদ রোমের নৈতিক জগতকে আলোড়ি,ত করেছিল কারণ এপিকিউরিয়ান শিক্ষা, জাগতিক স্থকেই কাম্য বলেছে (১৪৭)। এই প্রভাব যে সাহিত্যে ব্যক্তিকেন্দ্রিকতা স্ঠে করবে এ আর আশ্চর্য কি ?

এই সময়ে Cato, তাঁর শিশ্য Macer, Julius Cæsar, Vatinius, Catallus প্রভৃতি আলেকজেন্দ্রিয়া যুগের জ্ঞান-বিজ্ঞানকে লাটিন সাহিত্যে প্রকাশ করেন। এর মধ্যে কবি Catallus (জঃ ৬৮-৫৫ খঃ পু:) Lesbia নামক এক রমণীর উদ্দেশ্তে ব্যক্তিগত অফুভৃতি সমৃদ্ধ কবিতা লেখেন, Sappho-র পরে ইনিই প্রথম এই প্রেমের কবি। অবশ্র তাঁর কর্মনাম Lesbia প্রকৃত ক্ষেত্রে সিজারের অফুগত Clodius-এর ভগ্নি Clodia। তিনি কতকগুলি গ্রীককাব্য ও নাটক লাটিনে অফ্বাদ করেন। কবি হিসাবে তাঁর ব্যক্তিভাতম্যু যুগধর্মের প্রতীক।

লাটন ভাষণ ও গভসাহিত্যে Cicero-র নাম অমর হ'য়ে আছে এবং থাকবে। তিনি রাজনীতিবিদ, তাঁর লেখা তখনকার রাজনীতির সন্দে ওতপ্রোত-তাবে জড়িয়ে আছে। তিনি প্রথমে কতকগুলি মামলায় প্রীক বাগ্মীদের ফায় ওকালতি করে খ্যাতিলাভ করেন এবং এই খ্যাতিই তাঁকে রাজনীতির আবর্তেটেনে নিয়ে য়ায়। তাঁর Catelinarean Orations ভিমোত্মেনিসের ভাষণ-শাহিত্যের মত প্রথাত। তাঁর সময়ে রোমের রাজনীতি আবর্তসভ্ল, এবং এই আবর্তে জড়িয়ে পড়লে, প্রথম ত্রিম্তি (Triumvirate) Pompey, Julius Cæsar ও Lacinius য়ায়া তিনি বিতাড়িত হন এবং পরে গৃহয়ুছের সময়ে Pompey-তে সমর্থন করেন, তথাপি সিজার তাঁকে কমা করেন। সেই সময়ের

⁽³⁸⁹⁾ The individual consists of a union of body and soul. Both are the results of temporary combination of atoms, materials and therefore mortal..... ...when we exist death is not present and when death is come there we are not. (Epicurus)—Camb. Anct. Hist. Vol. VII—p. 246.

করেকটি ভাষণ চিরশ্বরণীয় হ'য়ে আছে। তার পরে সিজারের হত্যা (১০ই মার্চ, ৪৪ খু: পু:) পর এক দলের নেভারণে Mark Antony-র বিক্রতা করেন। এ্যান্টনি বিলোহ করলে ডিনি কডকগুলি ভাষণ দেন, ভার মধ্যে শ্রেষ্ঠ হ'য়ে আছে তাঁর 'Second Philippe' 1 517 De Oretore (concerning the Ideal Orator), এগারিস্টটলের Dialogue-এর অহক্ততি, তাঁর Brutus, Orator এবং Topicaও অমুরপ। শেষের দিকে তিনি রোমকদের বাস্তব দৃষ্টিভদি ও মনোবৃত্তি নিয়ে দর্শনের প্রতিও আকৃষ্ট হয়েছিলেন। তিনি Plato ও Xenophon-এর অমুবাদ করেন, এবং প্লেটোর মত On the State (De Republica) লেখেন। তাঁরই রিপাবলিকের অমুকরণে On Laws (De Legibus) প্রণয়ন করেন। সেখানে তিনি অনেকটা Stoicism এর পক্ষপাতী হ'য়ে পড়েন এবং তাঁর Prior Academics-এ ভার প্রচার করেন। তাঁর On the Nature of Gods-এ প্রথমতঃ এপিকিউরিয়ান মতবাদ ও পরে স্টোইক মতবাদ প্রচার করেন। তিনি প্রচুর লিথেছিলেন, দর্শন, রাজনীতি আশ্রয় ক'রে তাঁর প্রতিভা প্রকৃটিত হয়েছিল সভ্য কিছ তার Pomponius Atticus-কে লিখিত পতাবলীর মধ্যে তার সজ্যিকার ইতিহাসবিদের প্রতিভা প্রকাশিত হয়েছে। তাঁর পরবর্তী প্রায় সব গভলেথক তাঁর লিখনশৈলী অমুদরণ করেছেন কিন্তু একটি বিচ্ছিল্ল গোষ্ঠী Attic গভের অহুসরণ করেন। তাঁদের মধ্যে প্রধান জুলিয়াস সিজার, তাঁর ভাষা সিদেরোর মত অলহারসমূদ্ধ না হলেও সহজ ফুলর (Drily Vivid)। তাঁর Commentarri (Notes for a History of the Gallic and Civil Wars) সহজ ও প্রত্যক্ষ ইতিহাস।

এই যুগের অন্ততম ইতিহাস-লেথক Sallust (৮৬-৩৫ থু: পু:) আফ্রিকায় রোমের প্রতিনিধি শাসক হিসাবে যথেষ্ট অত্যাচার ক'রে কুখ্যাত হন। তাঁর কতকগুলি পুন্তিকা ইতিহাসের ছল্লবেশে রাজনীতি। তিনি (৭৪-৬৬ খু: পু:) বংসরের ইতিহাস লেখেন এবং তাঁর On the Conspiracy of Cateline, War with Jugartha গ্রীক ঐতিহাসিকগণের অন্তর্কুতি এবং সেখানে তিনি নির্বিবাদেও নির্বিচারে গ্রীক বর্ণনাকে গ্রহণ করেছেন। আরও অনেকে সমসাময়িক ইতিহাস লিপিবদ্ধ করেন—Hirtius-এর Gallic War এবং Billum Alexandrinum-এ সিজারের গ্যালিক যুদ্ধ ও আফ্রিকা বিজয়ের কাহিনী পাওয়া যায়। Varro লিখিত Roman Antiquities, Menippean Satires ইতিহাস ও সাহিত্যকীতির পরিচয় বহন করে। তিনি পণ্ডিত ব্যক্তি, ছয় থণ্ডে তাঁর On the Latin Tongue (De Lingua Latina) তাঁর পাণ্ডিত্যের অ্রনীয় প্রমাণ। Publius Nigidius জ্যোতিষী ও ঐতিহাসিক,—পিশাগোরাসের ভাবশিশ্য। লাটিন সাহিত্য এই সময়েরপ নিয়েছিল সন্দেহ নেই কিছ প্রজাতদ্ধের বিক্তত শাসন ও অবিরাম গৃহযুদ্ধের বিভীবিকার মধ্যে সাহিত্য অগ্রগতি লাভ করেনি। যথন Octavian (Augustus) (২৭ খু: পু:—১৪ খু: পু:) গ্রাকনিকে

পরাজিত ক'বে সমগ্র সামাজ্যে ছায়ী শান্তি প্রতিষ্ঠা করলেন তথন লাটিন সাহিত্য ফকীয় বৈশিষ্ট্যে উজ্জ্বন হ'য়ে উঠল। গ্রীসের মত প্রজাতত্ত্বের অবসানে ভাষণসাহিত্য লুপ্ত হল কিন্তু তার রচনাশৈলী গছাসাহিত্যে আশ্রয় পেল। রোমেও
গ্রীসের মত করিত সমস্থার উপর [যথা, কোনও যোদ্ধার সহিত যুদ্ধকালে তাঁর অল্প
ভেক্তে যায়, তথন তিনি দেবস্থানের তরবারি নিয়ে যুদ্ধে জয়ী হন—এক্ষেত্রে তিনি
দণ্ডার্ছ না পুরস্কারযোগ্য ?] ছাত্রগণকে ভাষণ লিখতে দেওয়া হত, ছাত্রগণ ভাষণ
লিখনে বাক্যের বিশিষ্ট প্রয়োগ, চাতৃর্বপূর্ণ অর্থ আরোপ, ও ক্লুল বাক্যে ভাব প্রকাশ
করতেন। এই লিখনশৈলী লাটিন সাহিত্যে আশ্রয় লাভ ক'রে তাকে ক্লুত্রেম ও
ভাটল ক'রে তুলেছিল। কিন্তু তার পরে Augustus-এর যুগে শান্তি প্রতিষ্ঠিত হলে
লাটিন সাহিত্য প্রদীপ্ত হ'যে উঠল। সম্রাট নিজ স্থার্থেই রাজ্যের শৃঞ্জার জন্তের
লেখক ও সাহিত্যিকগণকে উৎসাহিত করেন এবং তাঁরাও ক্লুভক্তচিন্তে তাঁর গুণগান
ক'রে রাজ্যে শৃঞ্জলা স্থাপনে সহায়তা করেন (১৪৮)। রাজায়কুল্যের শান্তিষয়
পরিবেশে, এই যুগে Virgil, Horace, Livy এবং Seneca প্রভৃতি মনীধীর প্রতিভা

Virgil (१০-১> খঃ পৃঃ) খ্ব ধনী পরিবারের সন্তান না হ'লেও সর্ববিধ শিক্ষার হুযোগ তিনি পেয়েছিলেন। Siron নামে এক এপিকিউরিয়ান শিক্ষকের নিকট তিনি দর্শন শিক্ষা করেন। তিনি লাজুকপ্রকৃতি ও কথাবার্তায় আপটু ছিলেন ব'লে বাগ্মিতায় বা রাজনীতিক্ষেত্রে প্রবেশাধিকার পাননি। তিনি তরুণ বয়সেই লিখতে শুক করেন কিন্তু তখন গৃহযুদ্ধের জন্ম তাঁর লেখা বাহিত হয়। গৃহযুদ্ধের পরে যখন সমন্ত জমি সরকারে বাজেয়াগ্র হ'য়ে সৈনিকদের মধ্যে বন্টন করা হয় তখন তাঁর পিতৃসম্পত্তিও বাজেয়াগ্র হ'য়ে যায়—অবশ্ব পরে তাঁর প্রতিভাব স্বীকৃতি হিসাবে তা পুনরায় উদ্ধার করা সম্ভব হয়। ৩০ খঃ পৃঃ আব্দ তিনি ভিবিত (Selections) or Bucolica (Poems of the Countryside) প্রকাশ করেন। এই কবিতা তখনকার সরকারী প্রচার মন্ত্রী প্রশুলের ওবে দৃষ্টি আকর্ষণ করে। তিনি প্রধানতঃ থিওক্রিটসের অন্থগামীন্ধণে তদানীস্কন Octavian (পরে সম্রাট Augustus)-এর গুণগান করেন, কিন্তু সেই সঙ্গে তিনি তাঁর জন্মভূমি প্রমান্ত তাঁর ও সহনাগরিকগণের উপর অত্যাচারের কথাও বলেন (১১৯)।

^{(&}gt;8v) The imperial government was on the whole favourable to literature and Augustus in particular, who was a master of propaganda saw the importance of getting educated opinion on his side...the most tyrannical such as Dominitian were well content that literature should flourish, provided always that it referred to them and their government, if at all, in tones of courtly and ingenious flattery. Rose—Ibid. p. 201.

⁽³⁸³⁾ Virgil's work consisted of extremely good and practical adaptations of Theokritos, full of allusions to contemporary events, which without unmanly attery of Octavian extrolled him and yet protested against the injustices done the poet and his fellow citizens of Mantua, while one magnificient poem, the h predicted the coming of a golden age, heralded by the brith of a child. bid—p. 202.

তিনি আগতপ্রায় অর্ণমূগের ভবিশ্বংবাণীতে আশা প্রকাশ করেন বে, ভবিশ্বতের এক শিশু পিতা Octavian-এর কার্য হসস্পর করবে। এই কাব্য রচনার পরে রাজামুগ্রহে Naples এর নিকটে তাঁকে একটি জায়গীর দেওয়া হয় এবং তিনি নৃতন উৎসাহে লিগতে শুরু করেন। এই সময়েরই লেখা তাঁর Georgies (৬৬ খঃ পৄঃ)। এই কাব্যে তিনি গ্রামীন জীবনের স্থ-ছঃখ, আশা-আকাজ্ফা, চাষ-আবাদ, প্রকৃতি ও সমৃদ্ধি অতি নিবিড় অন্তভ্তিও অপরিসীম দরদ দিয়ে বর্ণনা করেছেন—যা চিরস্কন হ'য়ে আছে বিশ্বসাহিত্যের ইতিহাসে। যদিও তিনি এ বিষয়ে Lucretius-এর অন্থকারী তথাপি তাঁর স্বকীয় বৈশিষ্ট্য ও প্রতিভা একে স্বভন্ত ক'রে রেখেছে।

সমাট অগাস্টাসের অন্থপ্রেরণায় তিনি লাটিনে হোমারিক মহাকাব্য রচনা করেন—এই তাঁর প্রসিদ্ধ Æneid। এই মহাকাব্য প্রকৃতপক্ষে ইতালীর ইলিয়াড ও ওডিসি—তার সঙ্গে জড়িয়ে আছে সমাটের আদর্শবাদ। টোজান যুদ্ধের পরে এনিয়াস ট্রবাদীগণের শাসক ছিলেন, পরে তিনি সিসিলি ও সেধান থেকে এসেরোম প্রতিষ্ঠা করেন,—এটি কিংবদস্তী; তিনি এই কিংবদস্তীর শেষ অংশ গ্রহণ করেন।

এনিয়াস ইতালীতে প্রতিষ্ঠিত হতে বিধি-নির্দিষ্ট। প্রথম ছয় থণ্ডে এনিয়াসের এই অভিযান বর্ণনা—যাকে ওডিসি বলা যায়। অভিযানপথে দেবতা জুনোর আদেশে ঝড় হয়, সেই ঝড়ে তিনি আফ্রিকার উপকৃলে কার্থেজে উপস্থিত হন। কার্থেজ Tyrian-রাজকন্তা Dido-র প্রতিষ্ঠিত রাজ্য। তাঁকে আফ্রিকায় চিরদিন রাখবার জন্তে জুনো ও ভেনাস যুক্তি করেন, এবং তাঁদেরই ইচ্ছায় ডিডো তাঁকে ভালবাসে; কিছু জুপিটার এনিয়াসের কর্তব্যের কথা অরণ করিয়ে দিতে অনিচ্ছাস্থেও তিনি কার্থেজ ত্যাগ করেন। তথন ডিডো তাঁকে এবং তাঁর বংশধরগণের উপর অভিশাপ বর্ষণ ক'রে আত্মহত্যা করেন। এনিয়াস সিসিলিতে এসে তাঁর পিতা Anchises-এর শেষকৃত্য করেন। তাঁর ত্র্বল অন্সচরগণকে পিছনে রেথে Cumaeর নিকটে গিয়ে Sibyl-এর সঙ্গে প্রামর্শ করেন। তার পরিচালনায় পাতালে প্রবেশ ক'রে ডিডোর এবং তাঁর সহক্র্মাগণের মৃত আত্মার সঙ্গে দেখা হয়। সেথানে মৃত পিতার আত্মার সঙ্গেও দেখা হয় এবং ভিনি রোমের উরত ভবিয়তের কথা তাঁকে জানান।—এই পর্বন্ধ তাঁর ওডিসি।

এর পরে ইলিয়াভের আরম্ভ। লাটিনরাজ Latinus-এর কক্সা Lavinia-র সঙ্গে কোন বিদেশীর বিবাহ হবে এমনি একটা ভবিশ্বংবাণী ছিল। এনিয়াস ভার পাণিপ্রার্থী হলেন কিন্তু তাঁর প্রতিষদ্ধী Lurnus রাণী Amata-র অধিকভর স্মেহভাজন। Ratuliam-রাজ Tarunus-এর সঙ্গে একটা আকল্মিক ঘটনার যুক্ত আরম্ভ হল। এনিয়াস Arkadia-র রাজা Eunderকে তাঁর সহকর্মীরূপে পেলেন, তাঁর পরামর্শে রাজা Mezentiuse এবং Etruscan-দের অধ্যক্ষতা লাভ করেন। এই সমবেত সৈপ্তবাহিনী নিয়ে ভিনি টাইবার নদীভীরে টারনাস্কে পরাজিত করেন এবং পরে ক্ষয়ুক্ষে তাঁকে হত্যা করেন।

এনিভ কাব্য হোমরের অফুক্তি সন্দেহ নেই। ভার্জিলের এপিকিউরিয়ান শিক্ষা এই সময়ে শিথিল হ'রে এসেছিল এবং তিনি হোমরোত্তর যুগের দর্শনে বিশাসী হয়েছিলেন এবং বহু স্থানে হবছ হোমরের অফুকরণ করেছেন (১৫০)। মহাকাব্যের নায়ক এনিয়াসের মধ্যে অগাস্টান যুগের নীতিকে প্রতিভাত করতে গিয়ে কবির চরিত্রতিত্রণ ক্ষা হয়েছে এবং এই গীতি-কবির হিংম্রতা ও হত্যার প্রতিত স্থাভাবিক বিকর্ষণ হেতু যুদ্ধ ও হত্যার দৃশুগুলি এপিকের উপযুক্ত মর্বাদা নিয়ে দেখা দেয়নি কিন্তু মৃত্যুর কারণা (মধা Pallas, Camilla, Turnus Mezntius প্রভৃতির) অতি ক্ষর, দরদী ও অফুভৃতিসমৃদ্ধ হয়েছে। ভিভোর চরিত্রের প্রতি কবির অত্যন্ত সহাম্ভৃতি এনিয়াসকে যেন অপরাধী ক'রে তুলেছে। ভিভোর চরিত্রের মধ্যে ইউরিপিভিসের Mediea চরিত্রের প্রভাব ক্ষার্থ,—মনেক স্থলে পরবর্তী গ্রীক কবিগণের প্রভাবও দেখা যায়। রামায়ণ-মহাভারত ষেমন পরবর্তী যুগের কাব্য-সাহিত্যের উৎস, গ্রীক এপিকও তেমনি লাটিন সাহিত্যের উৎস হ'য়েই ছিল—যদিও রোমের বস্থবাদ তাকে নৃতন সাদ দিয়েছিল।

ভার্তিলোন্তর যুগের সমন্ত লাটিন কাব্যে এনিডের প্রভাব দেখা যায়। তাঁকে অন্সরণ ও অন্নকরণ করে Flaccus, Statius এবং Silius Italicus তাঁদের কাব্য রচনা করেন। এমন কি বর্তমান যুগেও বহু উপক্যাসলেখক ভার্ত্তিলের অন্নকরণ মহা-উপক্যাস স্থায়ীর চেটা করেছেন। তাঁর প্রাম্য গীতিকবিভা (Pastoral Poems) তাঁর মৃত্যুর পরে অনেকটা অপাংস্কের হ'য়ে পড়ে কিছু রেনেসাঁতে ভার প্নরাবিভাব ঘটে—ইভালীতে, এমন কি ইংরাজী সাহিত্যে পোপ ও মিন্টনের মধ্যেও।

কতৰগুলি কবি এই সময়ে নীতি-মূলক কবিতা লিখেছিলেন, এঁলের অনেকের লেখাই আজ বেঁচে নেই তবে Faliscus এবং Lucilius-এর কিছু কিছু কিবিতা পাওয়া যায়। বহু অজ্ঞাত লেখকের লেখা ভার্জিলের নামেও চলতে আরম্ভ করে, যেমন Culex, Cricis-এ বর্ণিত Skylla-র কাহিনীও হয়ত ভার্জিলের ময়। এই সময়ে রোমে গ্রন্থ-ব্যবসায় আরম্ভ হয়েছিল একথা এক্ষেত্তে স্মরণ্যোগ্য। স্কতএব কিছু ভেজাল সাহিত্য স্টেও সমন্তব নয়।

ভাজিলের বন্ধু Horace (Horatius Flaccus—৬৫-৮ খৃ: পৃ:) বাল্যকালে ভালরণ শিক্ষাই পেয়েছিলেন এবং সিন্ধার-হত্যার সময়ে গৃহষ্ট্রের মধ্যে তিনি Brutus-এর অধীনে চাকুরী করতেন। তাঁর ধন-সম্পদ সবই নই হয়ে যার এবং জীবিকার জন্তেই তিনি কাব্য রচনা করেন।

হোরেস চিন্তাশীলতা, দার্শনিকতা বা গভীর অর্ত্ত দৃটির অক্তে খ্যাতিলাভ করেননি। মানব-প্রীতি, দরদী অন্তভ্তি, সারল্য ও প্রবল সাধারণ জ্ঞানের জন্তুই

^() Ibid-p. 205-206.

তাঁর থ্যাতি। তাঁর প্রথম কটি Epodes, প্রীক কবি Archilochos-এর ছন্দ ও ভাবের লাটিন অমুক্ত ও সংগ্রহ। (১৫১) তাঁর এই রচনা পাঠ ক'রে Maecenus সন্তুই হ'য়ে তাঁকে Sabine-এ একটি জায়গীর দেন। এতে তাঁর অয়চিস্তা দূর হয়। এখানে পল্পীপ্রকৃতি, প্রীতি ও স্বাহ্নজ্যের মধ্যে তিনি জীবন অভিবাহিত করেন। তিনিও সম্রাট অগাস্টাসের সমর্থক ছিলেন কিন্তু ভার্জিলের মত সন্তা চাটুকারিতায় নিজেকে হীন করেননি। ৩৫ খৃঃ পৃঃ অব্দে তিনি তাঁর Sermones (familiar talks) প্রকাশ করেন—এ রচনাকে ব্যঙ্গ (satire) কাব্য বলা চলে। তৎকালীন সামাজিক পাপ, নির্ক্তিতা ও হীনতার প্রতি হাস্তুকর ব্যঙ্গপূর্ণ কটাক্ষ ও তিরস্কার-পূর্ণ এই কাব্য খ্ব জনপ্রিয়তা অর্জন করেছিল। পাঁচ বছর পরে বিভীয় কাব্য প্রকাশ করেন। সেটি আরও স্কন্দর। বিষয়বন্ধ বৈচিত্রাপূর্ণ—যেমন কোন ভোজনের পরে মাতালদের চুপ করানোর দৃষ্ঠ, কোনও ব্যক্তির হতাশ প্রণয়ের কাহিনী, কোনো ভূবে-মরা ব্যক্তির সমাধির কাচে দাঁড়িয়ে জীবনের নশ্বরত্ব সহজে নীতিমূলক ভাবণ, কখনও এ্যাণ্টনি-ক্লিপেড্রার পরাজ্যের মত সমসাময়িক ঘটনাও এতে স্থান পেয়েছে।

তাঁর সর্বাপেক্ষা প্রসিদ্ধ কাব্য তাঁর Letters (Epistulae—20 B.C.)। এই লিপিকাব্যের বিষংবৈচিত্র্য মধুর-স্থলর। শেষ জীবনে তিনি নীরবে দর্শন অধ্যয়ন করতে চেয়েছিলেন কিন্তু সম্রাটের প্রেরণায় লেখা ত্যাগ করতে পারেননি। এর পরে তিনি Art of Poetry, Ode জাতীয় কিছু কবিতা, এবং ১৭ খৃঃ পৃঃ অব্বে Secular games হয় তার উদ্দেশ্যে Carmen Saeculare লেখেন—শেবেরটি অনবস্তু ও অবিশ্বরণীয় কবিতা।

সমগ্র ইউরোপীয় সাহিত্যে, বিশেষতঃ পোপ, শেক্সপীয়র, মিন্টন প্রভৃতি ইংরাজ কবিগণের মধ্যে ভার্জিল ও হোরেসের যথেষ্ট প্রভাব রয়েছে।

আলেকজেন্দ্রিয়ার কবিগণ ব্যক্তিগত জীবনের প্রেম-প্রীতি-স্থ-চুংথ নিয়ে কবিতা রচনার যে রেওয়াজ সৃষ্টি করেছিলেন, ভার্জিল ও হোরেস দে পথে যাননি। খৃঃ পৃঃ ৪র্থ শতকে গ্রীককবি Mimnermos এবং Antimachos এ-জাতীয় কবিতার স্ত্রপাত করেছিলেন। ভার্জিলোত্তর যুগে এই বিশেষ কাব্যশাধার কবি C. Cornelius Gallus আলেকজেন্দ্রিয় কবিগণের শিয়। তিনি অগাস্টাসের অধীনে ভাল কান্ধ করতেন কিন্ধু আকম্মিক কোন কুকর্মের ফলে তাঁকে আত্মহত্যা করতে হয়। Lycoris নামে কোন অভিনেত্রীর উদ্দেশ্যে লেখা ভার প্রেমের কবিতা। অভিনেত্রীটি খুব স্থন্দরী ছিলেন কিন্ধু চরিত্রের দিক থেকে আদে নির্ভরযোগ্য ছিলেন না। তিনি বছু ব্যক্তির, এমন কি মার্ক এয়ান্টনীরও রক্ষিতা ছিলেন, এবং কোন ধনী প্রার্থীর জন্ম কবিকে ত্যাগ্য করেন। ভার্জিল স্বয়ং তাঁর

⁽১৫১) Archilochos শ্ব: পৃ: ৭ম শৃতকের কবি। তিনি তাঁর ব্যক্তিগত জীবনের Paros ও Ægean সমূলে অভিযান ও বুদ্ধের অভিজ্ঞতা Iambic ছলে রচনা করেন।

কবিভার প্রশংসা করেছেন এবং তাঁর দশম Eclogue কবি Gallus-এর উদ্দেশ্যে রচিত। আর একজন খ্যাতনামা কবি Albius Tibullus—হোরেস তাঁর লিপিকাব্যে এই কবির প্রশন্তি গেয়েছেন। Corvinus নামে এক ধনী তাঁর পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর কাব্যও Delia নামে এক ক্ষমরী এবং Nemesis নামে এক রপজীবিনীর প্রতি। এই যুগের এই শাখার বিশিষ্ট কবি Sextus, তাঁর কাব্য তাঁর নিজের জীবন ও Hestia নামে এক রম্মীকে ঘিরে, যদিও তার কাব্যে তাঁর নাম হয়েছে Cynthia. ৩১-২৩ খৃঃ সুঃ মধ্যে তিনি তিনখানি কাব্য এই একই বিষয় নিয়ে লেখেন। এই গোজীয় কবি Propertiusও প্রসিদ্ধ।

এই শাধার সর্বশ্রেষ্ঠ কবি Ovid (Publius Ovidus Naso) শিক্ষার্থে রোমে আসেন এবং ছন্দবিজ্ঞানে যথেষ্ট ব্যুৎপত্তি লাভ করেন। সরকারী চাকুরী পাওয়ার উদ্দেশ্রেই তিনি শিক্ষা লাভ করেন। কয়েক বংসর ম্যাজিস্ট্রেটের চাকুরী করে, তিনি কবিতায় মনোনিবেশ করেন। বড় কবির অস্তদ্ ষ্টি, অম্ভৃতির গভীরতা ও মননশক্তি তাঁর ছিল না কিন্তু ছন্দ ও অলকার-চাতুর্যে তিনি অন্বিতীয়। তাঁর প্রথম কাব্য Loves (Amores) পাঁচ খণ্ডে প্রকাশ করেন, পরে তিন ধণ্ডে সংকলিত হয়। তিনিও সম্রাট জগান্টাসের সমর্থক কিন্তু তাঁর মধ্যে কোন নয় প্রচার দেখা বায় না। তাঁর পরবর্তী লিপিকাব্য Heroides, এতে চৌদজন প্রেমিক। তাঁদের স্বামীদের প্রতি কাব্য-লিপি লিখেছেন, য়েমন পেনিলোপ ওভিনিউসের প্রতি, ব্রিসেইস্ একিলিসের প্রতি। ওভিডের এই লিপিকাব্যের অম্করণ করে Sabinus এই পত্রগুলির উত্তর দিয়েছিলেন এবং এক অজ্ঞাত কবি Nut Tree নামে এক কবিতা লিখেছিলেন। অনেকে মনে করতেন এটি ওভিডের রচনা—এই অম্করণই তাঁর কবিখ্যাতির প্রমাণ।

ওভিডের শ্রেষ্ঠ কবিতা তাঁর নীতিমূলক বাদ কবিতা (Mock-Serious didactic) Art of Love (Arts Amoris) এবং Cure of Love (Remedium Amoris). প্রথম কাব্যে রোমের বারবণিতা ও তাদের পৃষ্ঠপোষকদের সম্পর্কে ১ম ও ২য় থণ্ডে পুরুষদের দিক থেকে এবং ৩য় থণ্ডে ল্লীলোকের দিক থেকে প্রেম বর্ণনা করেন। পরবর্তী কাব্যে সন্তা এই প্রেম ত্যাগ ক'রে বিবাহিত দাম্পত্য জীবনের প্রণয়কে মধুরত্তর করে বর্ণনা করেন। তাঁর এই ত্ই কাব্যে তৎকালীন রোমের জনজীবন, বিলাসব্যসন ও নৈতিক অবস্থা সম্বন্ধে একটি সম্বন্ধ বাত্তব চিত্র পাওয়া যায় (১৫২)। তিনি লিখনশৈলী ও বিবয়বন্ধ নির্ণরে গ্রীক কবি Kallimachos-এর অস্বন্ধণ করেন (১৫৩)। তাঁর বৃহত্তম স্কৃষ্টি

⁽২६২) Between them they give us a brilliant picture of the amoral but not unrefined or even unintellectual life of the Roman deminode and they are interspersed with all manner of interesting episodes, including mythological excursuses which Ovid handled lightly and well at least as well as any surviving Alexandrian. Rose—p. 224

^{(&}gt;eo) Ibid-p. 224.

Metamorphoses, ১৫ খণ্ডে সমাপ্ত। স্ষ্টির আদিতে উচ্চুখনতা থেকে কী ক'রে প্রাকৃতিক দুখলা এল, এবং দেই সময় থেকে সমসাময়িক রোমের স্ঠি পর্বস্ত বর্ণনা করেন। এর পরে কবির অদৃষ্টে ছ্রভাগ্য ঘনিয়ে আসে, রাজনৈতিক কারণে তাঁকে কুঞ্সাগর তীরে Tomis-এ নির্বাসিত করা হয়, এবং এই কাব্যও অসমাপ্ত থেকে যায়। এই আক্সিক রাজ্বোষের কারণ কেউ বলেন, তাঁর Arts ও Remedium কাব্য রোমের নৈতিক অবনতি ঘটিয়েছিল ব'লে, কেউ বলেন, সমাটের নাতনি কুখ্যাত Julia-র দক্ষে নৈকট্যবশতঃ। রোম ত্যাগের পূর্বে রাগে-ছঃথে তিনি মেটামরফসিসের পাতৃলিপি পুড়িয়ে ফেলে ছিলেন, পরে এক বন্ধুর নিকট থেকে অন্ত একটা পুঁথি উদ্ধার করা হয়। নির্বাসিত জীবনে কবিতাই তাঁর একমাত্র সাম্বনা ছিল। এই সময়ে তিনি Trista (ছ:খের কবিতা-Carmia) ও Expanto (Messages from the Black Sea) রচনা করেন। এই ছই কাব্যে তাঁর ব্যক্তিগত জীবনের হুঃখ, টমিদের নির্দয় প্রকৃতি ও অসভ্য মাছষের নিষ্ঠুর ব্যবহার এবং ফিরে আসবার আকুল আবেদন রয়ে গেছে। এই তুই কাব্যে তাঁর জীবন-কাহিনী ও জীবনের হঃথময় অধ্যায় রচিত হয়েছে। Ibis কাব্যে তিনি তাঁর অক্তত্ত পুরাতন বন্ধদের বিরুদ্ধে অভিযোগ করেন, এবং অজম অভিশাপ বর্ষণ করেন। তার শেষ কাব্য Fasti (The Calender)। কবি Tomis এই দেহ বক্ষা করেন। ওভিড প্রধানতঃ প্রেমের কবি, যদিও তাঁর কাব্য কথনও প্রেমামুভূতিতে পৌছয়নি। তথাপি হালকা প্রেম-প্রীতির স্বচ্ছল স্বাভাবিক অমুভৃতি সাবলীল শস্বস্থারে ও অলমারে ফ্রন্সর ও স্থম ভাবে প্রকাশিত হয়েছে। ওভিডের অমুক্রতি ইংরাজ কবি পোপ ও ব্রাউনিং-এর মধ্যে দেখা যায়। পিশেসর Eloisa এবং বাউনিং-এর Epistle of Karshish.]

সাত্রাজ্য প্রতিষ্ঠার পরে ভাষণ-সাহিত্য অপ্রয়োজনীয় হ'য়ে পড়লেও গাল্পসাহিত্যের অগ্রগতি মন্দীভূত হয়নি। এই যুগের গল্প লেপকদের মধ্যে Livy (Titus Livius—59 B. C.-17. A. D.) রাজপরিবারের সঙ্গে সম্পর্কিত ছিলেন এবং সারা জীবন রোমের ইতিহাস সংগ্রহ ও লিপিবদ্ধ করেছেন। এঁর রচিত ইতিহাস আজও রোম-ইতিহাসের উপজীব্য ও নির্ভর হ'য়ে আছে। ১৪২ খণ্ডে এই ইতিহাস সম্পূর্ণ হয়। তার মধ্যে এখনও ৩৫ খণ্ড জীবিত আছে। এই যুগে লিভি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে গবেষণামূলক ইতিহাস লিখতে পারেননি বটে—কিন্ধ প্রাতন গ্রাক ও লাটিন উৎস থেকে তার সংগ্রহ ও বর্গনা আজও আদ্ধার সঙ্গে প্রাতন গ্রাক ও লাটিন উৎস থেকে তার সংগ্রহ ও বর্গনা আজও আদ্ধার সঙ্গে প্রাক্ত হয়। তার ভাষা লাটিন সাহিত্যের সম্পদ; সাবলীল, সরল, প্রয়োজনবোধে অলম্বত ও শক্তিশালী এবং উত্তেজক। তার এই ইতিহাস লেখার মধ্যে একটা নৈতিকবোধ সদাজাগ্রত থেকে ঘটনা সম্বন্ধে সচেতন ক'রে রেখেছে। তার সংগ্রহ কৌশল ও লিখন-শৈলী পরবর্তী ইতিহাস-লেখকদের আদর্শে পরিণত ছয়েছে। তার ভাষা ও লিখন-শৈলী সিনেরো থেকে অতন্ধ, অনেকটা কাব্যধর্মী ভার্জিলের ভাষার অন্ত্র্পাণিত। তার প্রভাষ বর্তমানকাল পর্যন্ত চলে এসেছে,—

এমনকি Gibbon-এর Decline and Fall of Roman Empire-ও তাঁর বার। প্রভাবিত। (১৫৪)

এই যুগের শ্রেষ্ঠ লেখক নি:সন্দেহে লিভি, কিছু আৰি চু'একজন লেখকও শ্বরণীয় হ'য়ে আছেন। তাঁলের মধ্যে Gaius Asinius Pollio এবং Pompeius Trogus-এর নাম উল্লেখযোগ্য। Trogus-এর Historiae Philippicae লিভির ইতিহাসের পরিপ্রক। তাঁর ইতিহাসে ম্যাসিডনরাজ দিতীয় ফিলিপ, আলেকজাণ্ডার ও পরবর্তী রাজাদের ইতিহাস বিবৃত হয়েছে। নিনেভে নগর পত্তন থেকে হেলেনিক রাজ্যের রোম-সাম্রাজ্যভুক্তি পর্যন্ত ইতিহাস তার বিষয়বস্তু। তিনি গ্রীক পদ্ধতিতে তাঁর ইতিহাস রচনা করেছেন, লিভির মত বড় বড় লোকের দীর্ঘ বক্তৃতা ইতিহাসের অঙ্গীভূত করেননি। এই সময়ে কয়েকজন গ্রীক লেখক রোমে এসে গ্রীক ভাষায় রোম-ইতিহাস লিখেছিলেন, তাঁদের মধ্যে Deonysios বিখ্যাত। তাঁর ২০ খণ্ড ইতিহাসে ২০০ খ্যু: প্র অন্ধ পর্যন্ত ইতিহাস, বিশেষতঃ সাহিত্যের ইতিহাস গুরুত্বপূর্ণ। তাঁর "On the Ancient Orators"-এর মধ্যে লিসিয়াস, আইসোক্রেটিস, আইসেওস্ ও ভিষোত্বনিসের বিষয় বিশেষভাবে বর্ণিত হয়েছে।

রজত যুগ

সমাট অগান্টাস-এর মৃত্যুর পর লাটন ও গ্রীক উভয় সাহিত্যই নৃতন ধারায় প্রবাহিত হয়। প্রথমতঃ পর পর কতকগুলি এমন ব্যক্তি সমাট হলেন ঘাঁদের সাহিত্য বোধ এবং প্রীতি কোনটাই ছিল না। বিতীয়তঃ বস্তবাদ-প্রভাবিত রোমে ইন্দ্রিয়গত ক্ষথ বড় হ'য়ে ওঠায়, ক্ষচিরও অবনতি হয়েছিল। Tiberius (১৪-৩৭ খঃ আঃ) এর সময় বাক-স্বাধীনতা ব্যাহত হল, এবং তথন কোন লেখক জয়ানিবা জয়ালেও লিখবার স্থযোগ পাননি। কারণ তথন ধনিক বা অভিজাত সম্প্রদায়ের পৃষ্ঠশোষকতাই লেখকের সমল ছিল,—লেখাটা জীবিকার অবলম্বন তথনও হয়নি। Gaius (৩৭-৪১ খঃ) এবং Claudius (৪১-৫৪ খঃ) এর প্রকৃতিও ভিন্ন। দার্শনিক Seneca-র ছাত্র সম্রাট Nero (৫৪-৬৮ খঃ) নিজে কিছু কবিতা লিখেছিলেন এবং সাহিত্যুরসিকও না ছিলেন এমন নয় কিছু তাঁর খামধেয়ালি ও অমার্জনীয় অহমার-প্রস্থৃত সাহিত্যের পৃষ্ঠণোষকতা একেবারেই নির্ভর্মীল ছিল না। Dominitian

^{(&}gt;48) Any one who, ignorant of Latin, reads a few chapters of Gibbon's "Decline and Fall of Roman Empire" will form some notion of the combination of stateliness and clarity which marks the Roman Historian at his best. Ibid—Rose—p. 230.

^{(\}sea) His historical work is marked by national enthusiasm, vivid imagination and literary art. Encycl. Britt. 9th Ed Vol. XX—p. 724.

(৮১-৯৬ খৃ:) সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন কিন্তু বাক্-স্বাধীনতা নাথাকায় তা ফলপ্রস্থ হয়নি। Nerva থেকে Aurelius Antonius (৯৬-১৮০ খৃ:) পর্বস্ত লাটিন সাহিত্যে পূর্বায়কারী কয়েকজন লেথকের নাম পাওয়া ষায়। এই সময়ে প্রীক সাহিত্যে নৃতন করে সোফিন্ট মতবাদ শক্তিশালী হ'য়ে ওঠে এবং তার সঙ্গে মতের ঘথেই এশীয় প্রভাব এসে দেখা দেয়। সাহিত্য তুইটি ভিন্ন পথ গ্রহণ করে। বর্তমান বাংলা ভাষার কোন কোন কোনে কেত্রের মত গছও পছের আকার ধারণ করে। Aristeides (১১৭-১৮৯ খৃ:) বছবিধ স্বপ্লক্ত ঔষধ এবং সমসাময়িক জীবন সম্বন্ধে কিছু কিছু লেখেন। তার সাহিত্যিক মূল্য না থাকলেও, ঐতিহাসিক মূল্য যথেই।

এই সময়ে প্রথম রোমান্সের আবির্ভাব হয় যদিও বর্তমান অর্থে একে নভেল বা উপস্থাস বলা চলে না। এগুলি বরং বড় ছোটগল্প। প্রথম শতকে Byzantine-এ এর উৎপত্তি, এর সবগুলিই প্রায় এক ধরনের। ঘটনা মামূলী, ছটি তরুণ-তরুশীর প্রেম, তার পরে বিচ্ছেদ, এবং বহু ছু:খ-কট্টের পর পুনর্মিলন। এই বোমান্স লেখকগণ্ণের মধ্যে একমাত্র উল্লেখযোগ্য লেখক Longus, তাঁর Daphnis and Chloe সমধিক প্রসিদ্ধ সাহিত্য-কীর্ত্তি। এই গল্প-রচনার ধারা এখানেই শুকিয়ে বায়নি, পরবর্তী যুগের ইউরোপীয় সাহিত্যে বিশেষভাবে পুষ্টিলাভ করেছে (১৫২)। অন্য দিকে আভাবিক ইতিহাস জাতীয় যে লেখাগুলি বেঁচে আছে তার মধ্যে দিত্তীয় শতকে রচিত Deipnosophistai-এর Dinner Specialist খ্যাত। কোন ভিনারে সমবেত বিজ্ঞ ব্যক্তিগণ নানা বিষয় সম্বন্ধে শাণ্ডিত্যপূর্ণ সমালোচনা করেছেন। এর অন্তর্মণ লেখক প্রীক Ælian, তাঁর ছু'খানি গ্রন্থ সমধিক প্রসিদ্ধ—Various Enquiry এবং Concerning Peculiarities of Animals.

লাটন সাহিত্যে ঐতিহাসিক বর্ণনায় Valleius Paterculus-এর নাম শারণীয়। তিনি কয়েক শতকের ইতিহাস প্রণয়ন করেন, তার মধ্যে সমসাময়িক সমাট টাইবেরিয়াসের স্তৃতি ও যুদ্ধ বর্ণনাই প্রধান। এই সময়ের Maximus লিখিত Memorable Doings and Sayings একখানি প্রাসন্ধ গ্রন্থ।

এই সময়ে কথা (Fables) সংগ্রহ ও সরল গছ বা পছে তার প্রকাশের একটা প্রবণতা দেখা যায়,—হয়ত সেটা এশিয়ার প্রভাবপ্রস্ত। প্রাথমিক লাটিন, শিক্ষার ক্ষেত্রে এর বিশেষ প্রয়োজনীয়তা দেখা যায়। পঞ্চন্তর হিতোপদেশের মত এগুলি শিক্ষার্থীর জন্ত সংগৃহীত ও সংকলিত হয়। এই কথাগুলি খৃঃ পৃঃ ষষ্ঠ শতকে হিসিয়ভের সময় থেকে প্রচলিত ছিল। Æsop এগুলিকে গ্রীক ভাষায় সংকলিত করেন। এগুলি ভারত থেকেই গ্রীসে পৌছেছিল। মানেবতর পশুপক্ষীকে নিয়ে

⁽³⁰⁰⁾ But the genre did not pass away with the end of classical literature, but has its descendants in the many stories, especially amorous, in the literature of Europe, sometimes independent as in Boccaccio or Maric de France, sometimes forming episodes in longer works, as the narratives inserted (for instance) Donquixote, and Sundry of English novels as far down as Dicken's Pickwick Papers. Ibid—Rose—p. 236.

হিতোপদেশমূলক গল্পগুলির উৎস ভারতীয় (১৫৬)। এগুলি প্রথম কবিতায় লেখেন Phædrus, তারপরে গভে-পভে লেখেন Avianus, Romulus, Babrius প্রভৃতি। এগুলি প্রাথমিক লাটিন শিক্ষার পাঠ্য হিসাবে লিখিত।

এই যুগের শ্রেষ্ঠ লেখক দার্শনিক Seneca (৪-৬ঃ খু:)। তাঁর দার্শনিক তত্ত্ব স্টোইক ও এপিকিউরিয়ান ভাবধারা থেকে গ'ডে ওঠে। স্পেনের Corduva তে তাঁর জন্ম। সমাট ক্লভিয়াস (৪১-৫৪) তাঁকে ক্লিকাতে নির্বাদিত করেন, কারণ সম্ভবতঃ তিনি সমাট Caligula (৩৭-১১)-এর ভগ্নী Julia Livillia-র প্রণয়ী ছিলেন। ৪৯ সালে তাঁকে পুনরায় রোমে এনে Neroর শিক্ষক নিযুক্ত করা হয়। এই সময়ে সেনাপতি Burrus ও তাঁর প্রভাব ছিল অপরিমেয় এবং Burrus-এর মৃত্যু (৬২ খঃ) পর্যন্ত তালের প্রভাব সমানভাবেই ছিল। তার তিন বছর পরে Nero র বিক্লে বড়যন্ত্রের দায়ে তাঁকে আত্মহত্যা করতে বাধ্য করা হয়। সক্রেটিসের মত সেনেকা তাঁর দর্শনকে জীবনে সত্য সত্যই গ্রহণ করেছিলেন। তাঁকে ধমনী বিচ্ছিন্ন ক'রে আত্মহত্যা করতে আদেশ দেওয়া হয়। শেষ মৃহুর্তে সাঞ্র-নেত্র বন্ধদের বলেছিলেন,—আমি আমার চরিত্রকে উপহার দিয়ে এলাম। যারা এই সং ও বলিষ্ঠ চরিত্র গ্রহণ করবে তারা খ্যাতি ও সত্যিকার বন্ধুত লাভ করবে। তিনি বলেছিলেন,—"Where are the philosophical precepts, where the logic you have so long studied for just such an event? Has Nero's savagery been a secret? After the murders of mother and brother, it is natural that he should add the death of his guardian and tutor." [Hstory of Rome—Hadas—p. 91]

তিনি স্ত্রাকৈ আলিখন করলেন, তাঁকে ধৈর্ঘ ধারণ করতে উপদেশ দিলেন। স্ত্রী তাঁর অস্থগামী হতে ইচ্ছা প্রকাশ করণে তিনি আপত্তি করেননি এবং একই আঘাতে ছ'জনে ধমনী বিদীর্ণ করে মৃত্যু বরণ করেন। (১৫৭)

দার্শনিক নিবন্ধ ব্যতীত তাঁর লেখা অনেক সময়েই সমাটের তোষামোদ বা অকারণ অস্থাপূর্ণ, তথাপি তাঁর ভাষা ও জীবনের নীতিবাদ বছদিন ধ'রে, ইউরোপে প্রভাব বিস্তার করেছে। তাঁর কবিবন্ধ Lucilius, Epigram লিখে ধশলী হয়েছিলেন। সেনেকার স্বাপেক্ষা স্থন্দর গ্রন্থ তাঁর এই বন্ধুকে লেখা

⁽১৫৬) The fable in its proper sense, that is a moral or gently satirical apologue in which the characters are all mostly the lower animals credited with the power of speech is as old as Hesiod in European literature and may very well have come from the East, ultimately from India. Ibid—Rose—p. 240. (Keith এর মৃত অন্যক্ষণ)

⁽¹⁶⁹⁾ Seneca would not oppose her nobility and would not leave behind for insult one he dearly loved. "I have shown you cushionary for life," said he, "but you prefer the glory of death. I dont begrudge you the gesture. Let the constancy of our departure be alike for both of us, but greater fame in your end." Then with the same stroke they severed the arteries of their arms. History of. Rome—Hadas—p. 92.

"Moral Letters". ভার মধ্যে তাঁর দার্শনিক মতবাদ ব্যতীতও সমাজ্জীবনের আনেক তথ্য ও ইতিহাস বর্তমান।

তার কবিতা গন্ত রচনারই অন্ধ। তাঁর রচিত ট্রাজেডিগুলি ঠিক অভিনয়ের জন্ত লেখা নয়। এক বিশেব ছন্দে তিনি এগুলিকে লিখেছিলেন, তবে তার মধ্যে ক্ষেকথানি সাধারণে অভিনীত হয়েছিল। এগুলির মধ্যে তাঁর দার্শনিক মতবাদ ও নীতিবাদ পরিক্ষৃত হ'য়ে উঠেছে। তাঁর Mad Hercules, Trojan Women, Mediæ, Phædra সবই ইউরিপিডিসের অহকতি। Œdipus, সন্দোক্লিসের, এবং Agamemon এস্কিলিসের অহকতি। প্রথম লাটিন ঐতিহাসিক নাটক Octavia তাঁর নামান্ধিত হ'য়ে আছে সত্য কিন্তু তিনি তার রচয়িতা কিনা তা সঠিকভাবে আজ্ঞ নির্ণীত হয়নি। নিরো তাঁর প্রথম ল্লী, (স্মাট্রজডিয়াস ও বেসালিনার কলা) অক্টেভিয়াকে Othoর ল্লী Poppacaর পরামর্শে হত্যা ক'রে Poppacaকে বিবাহ করেন। এই ঐতিহাসিক কাহিনীর মধ্যে সেনেকাও একটি চরিত্র। এই কাহিনী নিয়েই এই ঐতিহাসিক নাটক রচিত হয়।

সেনেকা মৃত্যুর পরেই বেশী খ্যাতিসম্পন্ন হন। তথন খুটান ধর্ম বিন্তার লাভ করেছে, এবং তাঁর নীতিবাদ যিশুর শিক্ষার অমৃকৃল হওয়য় খুটানদের বারা যথেষ্ট আদৃত হয়। তাঁরই নাটকীয় রীতি পরবর্তীকালের ইউরোপের নাটককে প্রভাবিত করে। এপিক য়্গের নাটকে য়া দেবদেবীদের বারা হত, তাই ডিনি ডাক-ডাকিনীদের বারা করিয়েছেন। এই নতুনত্ব—অলৌকিকত্ব, ১৭ শতক পর্যন্ত সমানে চলে এসেছে। এলিজাবেথ ও জ্যাকোবীয় য়্গের রক্ষমঞ্চে এই অভিপ্রাক্তরে প্রভাব দেখা য়য়, শেকস্পীয়র, চ্যাপম্যান, ফরাসী নাট্যকার কর্নেলী, এবং বেন জনসনের মধ্যেই সেনেকার প্রভাব স্কম্পট। (১৫৮)

সেনেকার প্রাতৃপুত্র Lucanus কবি হিসাবে খ্যাতিলাভ করেন। ৬৯ খ্বঃ অবদ তাঁর জন্ম, শিক্ষালাভের পর নিরোর সভায় আহুত হন। তিনি নিরোর চেয়ে ভাল কবিতা লিখতেন এবং সেটা গোপনও করেননি। তার ফলে কুজ নিরোর আদেশে পিতৃব্যের মত ধমনী বিদীর্ণ করে তাঁকে মরতে হয়—তথন তাঁর বয়স মাত্র ২৬। মৃত্যুকালে তিনি তাঁর রচিত 'সৈনিকের মৃত্যু' কবিতা থেকে আর্ত্তি করেছিলেন। তাঁর অসমাপ্ত কাব্য Pharsalia, সিজার ও পোম্পেইর মৃদ্ধ (৪৮ খ্বঃ প্র) নিয়ে লেখা লাব্য। বিধ্যা ইতিহাস ও মৃদ্ধবর্ণনার অভিশয়োজি কাব্যসৌন্দর্শকে কৃপ্ত করলেও তাঁর প্রতিভায় তা সমুজ্জল। তিনি সগর্বে বলেছিলেন

⁽³⁴⁾ Perhaps most noteworthy of all, his sententious heroes and heroines find their echo in very many characters most notably these of Chapman in English and Corneille in French stage, who explain their troubles and set forth their resolves in language certainly no less eloquent than that of their Latin predecessors... Even the choruses of Seneca's plays, whose part is mostly to utter lyric reflections between the acts return in later times, for example in Ben Johnson's Catiline, a play which contains many strongly Senecan features throughout. Ibid—Rose—p. 247.

There are some who say I am no poet, but the book-seller who sells me, thinks I am." (Ibid-p-248)

Flaecus ও স্থায়, তিনি একথানি মাত্র গ্রন্থ ক্ষমর হ'য়ে আছেন।
Cornutus নামে এক ফোইকের শিশ্র এবং তিনি আদর্শ চরিত্তের অধিকারী
ছিলেন। তিনি গণভত্তের সমর্থক। সমসাময়িক কুক্রচিকে কঠোর ভাষায় ব্যক্ষ করে
ছয় খণ্ডে তাঁর ব্যক্ষ গ্রন্থ রচনা করেন এবং ভার মধ্যে তাঁর ফোইক আদর্শবাদ
বেগবান হ'রে প্রভিতিত হয়েছে।

নিরোর সভাসদ Gaius Petronius লাটনে প্রথম Picaresque রোমান্দ লেখেন, এই কাহিনীই—বর্তমান উপস্থাস বা নভেলের আদি পুরুষ। এই— গল্লটির অক্স্কৃতি স্পেনীর সাহিত্যের মারফতে ফরাসী ও ইংরাজী সাহিত্যে নভেলে পরিণত হয়। এই কাহিনীর অক্স্কৃতি প্রসিদ্ধ Gil Blas.

বড় Pliny (২৩-৭৯) পণ্ডিত ব্যক্তি এবং সম্মানিত সরকারী চাকুরে ছিলেন। তাঁর ৩৭ থণ্ডে লিখিত Natural History (Naturalis Historia) একথানি জ্ঞানভাণ্ডার। এই প্রন্থে তিনি দৃষ্ঠ জগতের সম্বন্ধে তথনকার অধীত বিদ্যা সংকলন করেন,—ভূগোল, জীববিছা, উদ্ভিদবিছা, ভেষজ, খনিজ, প্রভৃতি বছ বিষয়ের বর্ণনাও গুণাবলী তিনি লিপিবদ্ধ করেছেন—তিনি সংগ্রাহক মাত্র, নিজের প্রত্যক্ষ জ্ঞানথেকে লেখেননি ব'লে ভূল-ভ্রান্থি আছে। ৭৯ সালে ভিস্কভিয়সের অধ্যুৎপাতের সময়ে তিনি Misenum-এ রাজকীয় রণতরীর নায়ক ছিলেন, ভিস্কভিয়সের অধ্যুদগার নিকট থেকে দেখতে গিয়েছিলেন এবং বিপন্ন নাগরিকগণের উদ্ধার কার্থে সহায়তা করার সময় বিষাক্ত গ্যাসের মধ্যে খাসক্ষম হ'য়ে মারা যান।

Papinus Statius এই যুগের একজন প্রখ্যাত কবি। তাঁর রচিত গ্রন্থ পাঁচখানি এবং সংকলন Siluæ (Miscellany) একখানি। তাঁর Thebias কাব্যে থিবিয়াসের যুদ্ধ বর্ণিত হয়েছে—এবং এইটি তাঁর শ্রেষ্ঠ কাব্য। তাঁর ভাষা অলকারপুষ্ট ও মানবতার জ্বদরায়ভূতিতে উজ্জ্বল। ইংরাজ কবি চসার তাঁকে ভার্জিল, ওভিছ ও হোমরের সঙ্গে তুলনীয় মনে করেছেন। তাঁর কাব্য রোমাণ্টিক ধর্মী।

Martial এই যুগের একজন অত্যন্ত আকর্বনীয় লেখক। সেনেকা বংশের পৃষ্ঠপোষকতায় তিনি রোমে আসেন। এই সময়ে রোমে সন্তা কচিহীন গল বা কাব্যকাহিনী জনবার লোকই বেশী ছিল। তিনি এই সন্তা Pantomimi (১৫৯) লিখে জীবিকার্জন করতেন। তখনকার দিনে এখনকার মত সন্তা মাসিক সাপ্তাহিক ছিল না যে এই ধরনের পাঠক (শ্রোভা)কে তৃষ্ট করতে পারে, সেই জন্ত কলিত বা সত্য কেছে।কাহিনী নিয়ে এই সব কোরাস গান রচিত হত। এর মধ্যে বেশীর ভাগই কচিহীন ও জ্লীল কিছে হুই-একটির মধ্যে সত্যিকার সাহিত্য-সৌম্বর্ষ আছে। এই সক্ষে স্থাটের নশ্ন গুণকীর্তন ও জ্বতি করাও হত। তাঁর লিখনশৈলী

⁽⁾⁴²⁾ A Kind of ballet dancers whose performance was accompanied with vocal and instrumental music. Ibid—p. 251.

চত্র-স্মর। পরবর্তী রূপে তাঁর প্রভাব বিশেষভাবে দেখা যায়, বিশেষভঃ তাঁর ভাষাবিক্যাস ও শব্দব্যবহার চাতুর্বের। (১৬•)

Quintilian (৩০-৯৬) জাভিতে স্পেনিস। ডিনি শিক্ষক এবং মাঝে মাঝে ওকালভিও করতেন। ডিনি সিসেরোর মত সরল ও সহজ ভাষার পক্ষপাতী ছিলেন। তাঁর Instituted Oratorio (Training of an Orator) শিক্ষক প্রসঙ্গে চমৎকার নিবন্ধ।

এঁলের মধ্যে শ্রেষ্ঠ Cornelius Tacitus (৯৭-১১৭) তিনি সিসেরোর অমুগামী এবং সহজ প্রাঞ্চল ভাষার পক্ষপাতী ছিলেন। সে সময় ভাষণ সাহিত্যের পতনের যুগ। Dialogue on Orators গ্রন্থের ভাষা ও লিখনশৈলী ইংরাজ্ব লেখক মেকলেকে যথেষ্ট প্রভাবিত করেছিল। (১৬১)

ট্যাসিটাসের বন্ধু ছোট Pliny (৬১-১১২) বড় প্লিনির লাভুপুতা। সিসেরো তাঁর কাছে ছিলেন আদর্শ পুরুষ—এবং রোমের অভিজাত শিক্ষিত পরিবেশে মাহ্মব। এই সময়ে ঞীগানগণ নিষিদ্ধ ও অত্যাচারিত সম্প্রদায় বলে গণ্য হত। তালের সম্বন্ধে সম্রাট Trajanকে লিখিত ১২১ থানি পত্রই তাঁর মুখ্য কীর্তি। এর মধ্যে তাঁর হান্য, ব্যক্তিত্ব ও সত্তা সাহিত্য-সম্পদ নিয়ে আজও বেঁচে আছে।

Suelonius (৬৯-১৪০) পণ্ডিত ব্যক্তি। জুলিয়াস সিজার থেকে ভমিনিদিয়ান পর্যন্ত সমাটগণের জীবনীলেখক হিসাবে ভিনি প্রসিদ্ধ। তাঁর Lives of Cæsars এর মধ্যে তৎকালীন ঐতিহাসিক সত্যা, চলতি কেচ্ছা-কাহিনী এবং সাধারণ জীবনের চিস্তাধারা স্থলিখিত ভাবে সংগৃহীত হয়েছে। এ ব্যতীতও ভিনি বহু পণ্ডিত ও কবি-সাহিত্যিকের জীবনী প্রণয়ন করেন। জীবনী-লেখক প্রসিদ্ধ Plutarch তাঁর কাছে বিশেষভাবে ঋণী। বর্তমান যুগের Johnson-এর Lives of the Poets ও ভারই অসুকৃতি।

Juvenal (Juuenalis) (৬০-১২৭) লাটন সাহিত্যের শেষ কবি ও ব্যঙ্কলর (Satirist)। তিনি দরিদ্র ছিলেন এবং Dominitian-এর মৃত্যুর পরে নিখতে আরম্ভ করেন। তথনকার ত্নীতিপূর্ণ সমাজের প্রতি তাঁর ক্রধার ব্যঙ্ক বেষন তীক্ষ তেমনি তীব্র। ৬ থণ্ড ব্যঙ্ক-কবিতার মধ্যে ৬ ঠ খণ্ডই সমধিক প্রসিদ্ধ। তিনি নিজে চরিত্রবান ও স্টোইকপছী ছিলেন। তথনকার অবিমিশ্র অমাহ্রবিক সামাজিক অত্যাচার ও যৌন বিকৃতির প্রতি তাঁর কটাক্ষ রাগে ও ক্ষোভে ভয়াবহ ও নিঠ্র হ'য়ে উঠেছে—তিনি পাপীর মৃধ দিয়েই তার পাপের ভয়াবহতার বর্ণনা করেছেন ব'লে তা অত্যস্ত হাদয়গ্রাহী ও আকর্ষণীয় হয়েছে। তাঁর লিখনশৈলী সম্পূর্ণ ও ক্ষমর। পরবর্তী লেখকর। তাঁকে শ্রীটান সিসেরো নাম দিয়েছিলেন।

^{(&}gt;>) None since his time who writes verse epigrams in any European language uses any other style than that of Martial, as near as he can imitate it. Ibid—p. 255.

^{(&}gt;>>) Ibid—Rose - p. 259.

বর্তমান মুগের লেখকগণের মধ্যে Johnsonএর 'London and the Vanity of Human Wishes' তাঁর তৃতীয় ও দশম ব্যক্তের অফুকরণ।

Plutarch (৫০-১২০) ধর্ম, দর্শন ও সাহিত্যের অন্থরাপী লেখক। তিনি রোমের বিচারালয়ে ও রাজদরবারে মামলায় সওয়াল জবাব ক'রে জীবিকার্জন করতেন। তিনি বিশ্ববিখ্যাত জীবনীগ্রন্থ Parallel Lives-এর লেখক। এই গ্রন্থ তাঁর গ্রীক ও লাটন চরিত্রের বিশ্লেষণ তাঁর বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির স্থাক্ষর। তাঁর Moralia নীতিবাদের বিচারে যথেষ্ট আকর্ষণীয় গ্রন্থ—তিনি সচ্চরিত্র ও ধার্মিক লোক ছিলেন,—তাঁর ধর্ম ও নীতির সমস্তা নিয়ে আলোচনা তখনকার যুগের বৃদ্ধিজীবীদের যথেষ্ট অন্থ্রাণিত করেছিল। তাঁর জীবনীগ্রন্থ ১৫৫৯ থ্: অব্দে Amyol ফরাসীতে অন্থ্রাদ করেন এবং পরে North ইংরাজীতে অন্থ্রাদ করেন। নর্থের এই অন্থ্রাদেই শেক্ষপীয়রের নাটকের ঐতিহাসিক ভিত্তি। এ সময়ে Cornelius Celsus ভেষজবিজ্ঞান সম্বন্ধে এবং Cato ক্র্যিবিজ্ঞান সম্বন্ধে প্রশ্বন করেন।

এই সময়ের গল্প-কাহিনী সাহিত্যে Appuleius (of Maduara) একটি ঐতিহাসিক নাম। তাঁর Florida ও Metamorphoses বা Golden Ass প্রসিদ্ধ পুত্তক। গোল্ডেন এ্যাস্ পিকারো রোমান্দা। এতে Lucius-এর অভিযান বর্ণিত হয়েছে। সে মন্ত্রবলে গাধা হ'য়ে যায়। অনেকগুলি লোকের হাতফিরি হ'য়ে, অংশ্য ত্থ-লাজনা ভোগ ক'য়ে, অবশেষে দেবতা Isis-এর কুপার পুনরায় মহয়ারূপ পায় এবং তার ভক্ত হয়। এই কাহিনীর মধ্যে পৌরাপিক কিউপিড ও সাইকের গল্পও সল্লিবেশিত হয়েছে। এই গোল্ডেন এ্যাস্ নভেলের পথে আর একটি পদক্ষেপ। তিনি কিছু দার্শনিক নিবন্ধও লিখেছিলেন।

এই সময়ে ছয়জন লেখক সংগৃহীত Historia Augusta সংকলিত হয়। এই গ্রন্থে Hardian থেকে Carinus পর্যন্ত ইতিহাস বর্ণিত হয়েছে। এ যুসে ঐতিহাসিক হিসাবে Marcellius-এর নাম উল্লেখযোগ্য।

চতুর্থ শতকে Bordeauxর অধিবাসী Decimus Magnus Ausonius উচ্চ রাজকর্মচারী ছিলেন, তিনি সারাজীবন কবিতার অহুশীলন করেছিলেন। কৃত্ত শহর বোর্দে। এবং তার এই রাজকর্মচারী হতেই ফরাসী সাহিত্যের আরম্ভ।

খুৱাব্দের প্রথম চার শতকে পেগান ও খুৱান উভয় সম্প্রদায়ই সাহিত্য রচনা করেছেন। কিন্তু এই সময়ে প্রাচ্য ভাবধার। ও প্রভাব ধীরে ধীরে রোম সামাজের হিত্যে ও দর্শনে এনে আত্মপ্রকাশ করে। এই সময়ের মধ্যে Lucian (১২০-৮৫) নামে এক সিরিয়াবাসী গ্রীকভাষায় কতকগুলি অভিনৰ ব্যক্তকাহিনী রচনা ন। ভার মধ্যে True History কালের কোলে ভার অর্থাক্তর রেখে গেছে। ই সভ্য ইভিহাসের ভূমিকায় তিনি বলেন, নাম ছাড়া এর মধ্যে সভ্য বলভে কিছুই ই। এধানি তথনকার চলভি দার্শনিক রোমাল ও কল্লিভ ভূগোলের প্রভি তার বিশ্বার ব্যক্ত। সুসিয়ানের নায়ক আটলান্টিক আবিকার করতে যান। সেধান

থেকে ভাদের চল্লে নিয়ে যাওয়া হয়, তায় পরে 'Island of the Blessed'-এ যান, সেখানে সম্লের দৈভারে পেটে যান। এই আজগুৰি গল্প সমসাময়িক বিকৃতকটি সাহিত্য ও সামাজিক কুফটি ও ব্যবস্থার প্রতি কবির ব্যক্ষ। (১৬২) এই True Historyই Gulliver's Travel, Rebelais-এর Adventure of Gargantuaয় পিতৃপুরুষ। তাঁর অস্তান্ত গ্রন্থের মধ্যে Sale of Lives, Dialogues (of the dead, of sea people, of courtesans of the Gods) প্রসিদ্ধ। এগুলি সবই অপ্রাক্ত ও অসম্ভব ঘটনার মাধ্যমে তীত্র ব্যক্ষ। Sale of Livesএ সব দার্শনিককেকীওদাসের বাজারে দাঁড় করিয়ে দেওয়া হয়েছে, তাঁরা যুক্তিহীন অসম্ভব দার্শনিক তত্ত্ব বাগায়া করছেন তাঁদের ক্রেভাদের কাছে। On:the Hired Companionsএ তিনি বড়লোকদের ভাড়া করা বৃত্তিকীবী দার্শনিকগণকে তীত্র ব্যক্ষ করেছেন। তথনকার সংখ্যার, যাত্বিছা, দর্শন, নীতি, রীতি কোনটাই তাঁর আক্রমণের হাত থেকে নিকৃতি পায়নি। তাঁর Philopseudes (Lovers of Lies) কডকগুলি অবিশ্বান্ত গল্পের সংগ্রহ, এই গল্পগুলির ভিতরে তিনি ক্র্রধার ব্যক্ষে প্রায় সকলকে এবং সব কিছুকেই আক্রমণ করেছেন। Ben Johnson তাঁর Lexiphane পড়েছিলেন এবং তাঁর 'The Poetaster'এ তার প্রভাব দেখা যায়।

এরপরে চারজন Philostratos-এর নাম উল্লেখযোগ্য। তৃতীয় জনের লেখা Appolonios of Tynaর জীবনী। এটি অনেক ক্ষেত্রে আজগুরি হলেও জীবনী হিসাবে উল্লেখযোগ্য।

Justinian-এর রাজ্বকালে (৫২৭-৫৬৫) স্বাপেকা উল্লেখযোগ্য গ্রন্থ Corpus Juris Civilis সম্পাদিত ও প্রকাশিত হয়—এই আইন গ্রন্থ পরবর্তীকালের সমস্ত Jurisprudenceএর মূল।

৪১০ খৃঃ অব্দে ভিসিগথদের রোম অধিকার খেকে তুর্কীদের ১৪৫০ খৃটাব্দে কনস্টান্টিনোপল দখল পর্যন্ত সমস্ত ইউরোপের অন্ধকার যুগ। অঞ্চলন Attilaর আক্রমণে রোম সাম্রাজ্য ছিন্নভিন্ন হ'বে যায়, তার পরে হাজার বছরের রাজনৈতিক বিশৃত্যলা ও রক্তক্ষয়ী যুদ্ধ-বিগ্রহের মধ্যে সাহিত্য-সংস্কৃতি-দর্শন-বিজ্ঞান চর্চা বিশৃপ্ত হ'রে যায়। আরবগণ ৭০৯ খৃটাব্দে স্পেন দখল করে এবং প্রায় ৮০০ বছর সে-দেশ শাসন করে। এই দীর্ঘ সময়ের মধ্যে তুই-একজন খৃটান যাজক, যেমন St. Benidict (৪৮০) অত্যন্ত নিষ্ঠা ও প্রীতির সঙ্গে পুরাতন কাব্য সাহিত্য দর্শন সংগ্রহ ক'রে এবং সম্পোদনা ক'রে কালের কবল থেকে মানবার্জিত জ্ঞানভাণ্ডার রক্ষা করেন। তাঁদের স্বন্ধ চেটা ও অধ্যবসায়েই আজ গ্রীক ও লাটিন সাহিত্যের অম্ব্যা রন্ধরাজি বেচে আছে, নাইলে হাজার বছরের এই মৃঢ় মানবের রক্তক্ষয়ী সংগ্রামের অন্ধকার যুগে তা সম্পূর্ণ বিশৃপ্ত হ'রে যেত। Peter the Hermit-এর প্রথম ধর্ষমূর্ছ (Crusade)-এর পরে ইউরোপে আবার নৃতন করে জাগরণের সাড়া পড়ে যায়।

⁽³⁰⁰⁾ It need hardly be said that this really comical story is full of incidental parodies and other jests at the expense of all manners of respectables, literary and others. Ibid—p. 280.

ভারতের চিত্ত, তার মনোজগত, দর্শন, জীবন-দর্শন, সাহিত্য ও তার সমাজ-ব্যবস্থার ইতিহাস অক্তরণ। প্রাচীন গ্রীস ও রোমে দর্শন মন্তিছগত একটা ভছ্ত, একটা শিক্ষণীয় বিষয় মাত্র হয়েছিল, তার প্রভাব সমাজ ও সাহিত্যে না পডেছিল এমন নয়, কিন্তু গ্রীদের এাটিক যুগ থেকে তার ব্যক্তিবাদ এবং রোমের বস্তবাদের প্রাবল্যে মানবজীবনের সঙ্গে, সমাজ-ব্যবহার সঙ্গে দার্শনিক ভাবধারা ওতপ্রোভ ভাবে মিশে বায়নি,—দর্শন জনজীবনকে নিয়ন্ত্রিত করেনি। তাই গ্রীস ও রোমের ইতিহাসে রাজতন্ত্র, অভিজাততন্ত্র, গণতত্ত্বের সংঘাত প্রত্যক্ষভাবে দেখা দিরেছে, এবং ইউরিপিভিসের মধ্যেই মন্তিক ও জনরের সংঘাতকে আমরা দেখেছি। ব্যক্তিবাদপ্রস্থত এ সংঘাত সমাজজীবনে প্রত্যক্ষ হ'য়ে উঠেছে। এই ব্যক্তিবাদ গ্রীস থেকে রোমে গিয়ে, রোমের বস্তবাদের সঙ্গে মিশে গিয়ে বর্তমান ভোগ-ভিত্তিক তথা জড়বাদী সমাজ ও সভ্যতাকে গ'ড়ে তুলেছে। সাহবের যুক্তি, বৃদ্ধি ও মতিক অহংবাদকে পরার্থবাদে পরিণত করতে পারেনি,—মানবভাবোধও জাগ্রত হয়নি, কারণ এই মানবতা হৃদয়প্রস্ত, স্কুমার অহুভূতিপ্রস্ত। জড়-জীবনের মোহে অহংবাদ দমিত হয়নি,-- অহং সমাজব্যবস্থার বেডায়, আদর্শবাদের অমুপ্রেরণায়, কোন সাহিত্য-দর্শনের শিকায় নিয়ন্ত্রিত হ'য়ে বিশুরৈত্রী ও পূর্ণ মানবভার পথে অগ্রসর হয়নি। মানবকল্যাণ, বিশ্বমৈত্রী, দর্শনের পুঁথির প্রাচীরে পুঁথিগত ভাবে নিজিয় হ'য়ে রয়েছে, জনজীবনে প্রতিফলিত হ'য়ে বিশ্বমৈত্রী স্থাপন করেনি। নবজাগরণের যুগে নব নব বৈজ্ঞানিক আবিছারের ইম্বনে অহং বেগৰান হ'য়ে উঠেছে, বেগবান মন্তিছ-বৃত্তির প্রভাবে, উপনিষদীয় অবিভার অহমিকায় প্রবল লোভপীড়িত নিষ্ঠুর বৈশুবৃত্তির পরিচালনায় শিল্পায়নের (industrialisation) নামে জগতকে ধ্বংসমুখী ক'রে তুলেছে—আজ হিংসায় উন্মত্ত পৃথী। সাম্য ও মৈত্রীর বাণী ফিরে এসেছে মাধার প্রাচীরে বাধা পেরে, হৃদয়ে পৌছায়নি,—মামুষ অহং পরিচালিত হ'বে উদ্ধৃত উচ্ছুখল জৈব স্থাপ্রী হ'য়ে উঠেছে। ভোগভিত্তিক এই পাশ্চান্ত্য সভ্যতা তাই শোষণ ও পেষণের যন্ত্র হ'রে দেখা দিয়েছে—যার ফলে জগতের উপর চলেছে ধাংসলীলার ভাগুব।

কিছ ভারতের উপনিষদের বাণী, ত্রন্ধোপলন্ধি ও স্টের মধ্যে স্রটার উপলব্ধির জীবন-দর্শন, ভারতীয় জীবন, সমাজব্যবন্ধা, সাহিত্য ও সংস্কৃতিকে স্বদ্যগত ত্যাগ ও বৈরাগ্যের শিক্ষা দিয়ে, বিশ্বমৈত্রী ও সাম্যের অস্ট্র্ভি দিয়ে (যুক্তি দিয়ে নয়) মহিমামণ্ডিত ক'রে তুলেছে। জনজীবনে অহং যুক্তি ও বৃদ্ধির প্রভাবে ব্যক্তিৰাদে পরিণত হ'য়ে শোষণ ও পেষণের যন্ত্র হ'য়ে ওঠেনি।

উপনিষদের "ত্যক্তেন ভূজীথা" আত্মার পরমাত্মার অহন্ত Max Muller-এর ভাষায়, "perceiving within himself a germ of the eternal." ক্বেলমাত্র পুঁথির আশ্রের লালিত হয়নি, তা ভারতীয় জীবনে সক্লিয় হ'লে তার

জীবন-দর্শনকে নিয়ন্ত্রিত করেছে, তাই ভারতীয় সমাজ, সভ্যতা, সংস্কৃতি, তার চিন্তবৃত্তি ইউরোণ থেকে পুথক। এই ছুই-এর চিন্তাধারা ও ভাবধারার মধ্যে একটা মৌল পার্থক্য বিভ্যমান। ভারতে দর্শন তার জীবনের অন্তীভৃত সত্য, একটা উপলবি, মানসলোকে একটা আত্ময়, তা যুক্তি ও বৃদ্ধিপ্রস্ত মন্তিক্গত একটা व्यथायनरयां गाळ यां व नय । উপनियम, यजनर्यन, रवोष्ट्र वा किनधर्य श्राकृति ভারতীয় যাবভীয় ধর্ম ও দর্শনের মধ্যে একটিমাত্র হার ধ্বনিত হয়েছে তা ত্যাপ ও বৈরাগ্যের বাণী।—তাসে ধর্ম বা দর্শন পরমাত্মা, ভগবান বা ব্রহ্মকে স্বীকার করুক আর নাই করুক। এই ত্যাগও বৈরাগ্য তথা সাম্য ও বিশ্বমৈত্রীর বাণীকেই ভারতীয় ধর্ম-দর্শনের spirit বলা যায়। সেই জন্মই ভারতীয় সমাজ. ব্যক্তি ও পরিবার জীবন, তার সংস্কৃতি ও সাহিত্যের মাঝে দর্শন ওতপ্রোত ভাবে মিশে গিয়েছে। (১৬৩) তার সমাজব্যবস্থা, বর্ণাশ্রম ধর্ম এবং চতুরাশ্রমের ব্যবস্থার মধ্যে এই ত্যাগ ও বৈরাগ্য সাকাররূপে দেখা দিয়েছে। এই ব্যবস্থার মধ্যে বছসম্বন্ধবিশিষ্ট মানবগোষ্ঠা গ'ডে উঠে তাকে বৃহৎ ও মহান ক'রে দিয়েছে—অহং-প্রস্তুত ব্যক্তিবাদকে মাধা তুলতে দেয়নি। বস্তুজগতে তাই ভারত পিছনে পড়েছে—এ অপবাদ ভিত্তিহীন, অশোকের রাজত্বলা তার ঐতিহাসিক প্রমাণ। বল্পজগতে পরাজ্ঞার কারণ অন্য। উপনিষদেও বল্পজগতকে বাদ দেওয়া হয়নি, তাঁরা জানতেন বাস্তবকে বাদ দিয়ে আধ্যাত্মিক জগতে চলা যায় না। তৈত্তিরীয় উপনিষদে বলেছেন, জাগতিক প্রয়োজন না মিটলে আধ্যাত্মিক সম্ভব নয়। (৪৩)

প্রেটো কল্লিত আদর্শ রাষ্ট্রে যে শ্রেণীবিভাগ করেছিলেন তার মূলে ছিল একটা স্থৃ সমাজব্যবন্থার পরিকল্পনা, কিন্তু ভারতীয় বর্ণাশ্রমের মধ্যে এবং চত্রাশ্রমের ব্যবস্থার মধ্যে রয়েছে মানবের উচ্চ সাধনার প্রেরণা। সকল বর্ণই তার বিশিষ্ট কর্ম করবে নিদ্ধামভাবে লোকস্থিতির জন্তা, বিশ্ব ও আত্মার কল্যাণে। এই পরিকল্পনার মধ্যে একটা মনোগত সাম্যের ভাব পরিক্ষ্ট। সেখানে ত্যাগের প্রতিষোগিতা চলেছে কর্মক্ষেত্রে ত্রীয় আনন্দ লাভের আশায়,—সেখানে উচ্চ-নীচ নেই। ত্যাগই মহন্তম ধর্মে পরিণত হয়েছে, তাই ভারতে ভিথারী ব্যহ্মণ দেবতার আসন পেয়েছে, আর রোমের স্মাটগণ শক্তি ও বাছবলে কেড়ে নিতে চেয়েছেন দেবতার আসন জনগণের কাছে, অবশ্রপ্র্যা দেবতা ব'লে ঘোষণা করেছেন নিজেকে। (১৬৪) শক্তিমান ক্ষাত্রিয়, ধনবান বৈশ্ব ভারতে দেবতার

⁽১৬৩) Hindu relegion in its ultimate analysis is another name for philosophical tenets translated into daily life and conduct.—Skt. Litt.—K. Chandrasekharan and Subrahmanya Sastri—p. 36.

⁽২৬৩) It is just the reverse, however, in this country. Here religion, philosophy, social customs, all encourage the individual in seeking communion with God.—East and West in Sri Arabinda's Philosophy—Dr. S.K. Moitra.—p. 53.

⁽১৬৪) ছোট মিনি সমাট ট্রাকানকে বে ১২১ খানি পতা লিখেছিলেন, তার একথানিতে উল্লেখ আছে বে, তিনি শ্বষ্টানদের সমাটকে পূজা করতে বাব্য করেছেন। Hadas—History of Rome,

আসন পায়নি—ভিকাজীবী আয়ণ পেয়েছেন, তাঁর ত্যাগ বৈরাগ্য ও আত্মোপলির জন্ত । এই জন্তই চার্বাকের নিরীশ্ববাদ (Hedonism) ভারতে অস্ক্রিভ হতে পারেনি। পাশ্চান্তোর মন্তিক বলেছে, ধর্ম জনগণের অহিফেন; কিছ অহমিকাম্ম পাশ্চান্তা জানে না, তার লোভ ও অস্মা-ভিত্তিক, আত্মকেজ্রিক ব্যক্তিবাদ জনগণের স্থরা। ধর্মের অহিফেন সেবনে জনচিত্ত যদি ঝিমিয়ে গিয়ে থাকে তবে এ কথাও সত্যা, ভোগধর্মের স্থরা পাশ্চান্তাকে উন্মন্ত ও উচ্চুন্দল করে ত্লেছে। এই মন্তিকচালিত ব্যক্তিবাদ যদি বৃদ্ধিবলে ধনের সাম্য আনতে পারে পৃথিবীতে তবে তা হবে সাময়িক, কিছ ত্যাগ ও বৈরাগ্যের অম্ভৃতিপ্রস্ত বিশ্বমৈত্তীর মাধ্যমে সে যদি মনের সাম্য আনতে পারে কোনদিন তবে তাই হবে শাশত, চিরন্তন। প্রাচীন ভারত ব্রন্ধোপলিরির মধ্যে এই বিশ্বমৈত্তী ও সামাই চেয়েছিল তার জীবনে। তাই পাশ্চান্ত্যের class struggle ভারতে caste-struggle এ পরিণত হয়নি ততদিনই, যতদিন না পাশ্চান্ত্য থেকে অহংবাদ এসে তার কৈব জীবনের চাহিদাকে জাগ্রত ক'রে বহন্তর করেছে।

এই ভাবধারাপুট ভারতীয় সাহিত্য তাই কোন দিন অহংবাদকে প্রশ্রেষ দেয়নি। ব্যক্তিবাদ ও ব্যক্তিস্বাভদ্রাকে মাথা তুলতে দেয়নি—ভারতের প্রাচীন সাহিত্যে তাই বাস্তবভার সন্ধান মিলে না, ব্যক্তিজীবন সমাজজীবনকে, জীবনদর্শনকে উপেক্ষা করেনি কোন দিন। ভারতীয় সাহিত্যে "Art for art's sake" ব'লে কিছু স্থান পায়নি। (১৬৫)

জীবনের দৃষ্টিভঙ্গির পার্থক্য হেতু এই সাহিত্য-রপের বিভিন্নতা। পাশ্চান্ত্য দর্শন সমাজব্যবস্থা প্রধানতঃ বৃদ্ধি ও যুক্তির সৃষ্টি, মন্তিছগত তত্ত্ব এবং ভারতের শিক্ষা ও দর্শন ম্থ্যতঃ হাদয়প্রস্ত তত্ত্ব। ভারত মন্তিছকে উপেক্ষা ক'রে হাদয়কেই মূল্য দিয়েছে তাই জীবন-সংঘাত প্রবল হয়নি—সাহিত্যও বাত্তবধর্মীতা ও মনোবিকলন-মূলক হয়নি, তা রোমান্টিকধর্মী রয়ে গেছে। ভারত খুঁজেছে হাদয়বৃত্তি অফুশীলনের পথ, হাদয়কে মহন্তর করে তুলবার তত্ব। বিভাসাগর চরিত্রের স্বতোৎসারিত কারণ্য হংখের সংস্পর্শে আসামাত্র ব্যাকৃল হ'য়ে উঠত। সেখানে উচিত্য-অনৌচিত্যের প্রসন্ধ অবান্তর—এইটি খাঁটি ভারতীয় চিত্ত। ভারতীয় হাদয় দান করে আপন হাদয়ের গরজে, দানের আনন্দে; সেখানে পাশ্চান্ত্যের যত সমাজকল্যাণ, প্রার্থীর প্রয়োজন তার যৌক্তিকতা বিচার করে না। দেওয়ার এই আনন্দ, ত্যাগের এই আনন্দকে উপলন্ধি করতে শেখানোই ভারতীয় সাহিত্যের উদ্বেশ্ব, তাই ভারতীয় প্রাচীন সাহিত্য প্রধানতঃ উদ্দেশ্বযুলক,—didadic এবং gnomic.

⁽²⁰⁶⁾ To put it more succinctly our ancient aestheticism looked to poetry to elevate the moral and to substantiate the ideals of humanity. Theories like 'Art for art's sake' never had an iota of appeal to them.—Skt. Litt.—K. Chandrasekharan & Subrahmanya Sastri.—p. 63.

डाइठीय नीठिवाप

ছল্যোগ্যোপনিষদে নারদ বলছেন তিনি বহু শাস্ত্র অধ্যয়ন করেও আত্মন্কে জানতে পারেননি, কেবল শাস্ত্রজ্ঞ হ'য়েই রইলেন। নইলে তাঁর জীবনে তুঃখ-শোক দেখা দেয় কেন? মৃগুকোপনিষদে মন্তিঙ্গত বিভাকে বলা হয়েছে অপরা বিভা, এবং যে জ্ঞান, সাধনা ও হাদয়বৃত্তির অফুশীলন পরমাত্মাকে জানতে দেয় তাই পরাবিভা। ভারত চেয়েছে এই পরাবিভা অর্জন করতে। ভারতীয় নীতিবাদ (Ethics) তাই বৈরাগ্য ও ত্যাগের ঘারা পরিচালিত, ইক্রিয়গত যুক্তি ও বৃদ্ধির ক্যাশায় আচ্ছন্ন নয়—সহজ্ঞ সরল হাদয়বৃত্তির অফুশীলন। প্রষ্টার স্বরূপ উপলব্ধির পথে স্ষ্টিকে ভালবাসা, সর্বকালের সর্বহাদরের মৈত্রী ও সাম্যের বাণী, হাদয়ের বৈত্রীর বাণী, জড় জগতের টাকা-আনা-পাই এর সমবণ্টনের সাম্য নয়। এ সাম্য বাহিরের চাপে বাধ্যতামূলক নয়, স্বতোৎসারিত প্রেমের সাম্য ।

বেদ ও উপনিষদের শিক্ষাকে ভিত্তি করে ভারতীয় ষড়দর্শন, কপিলের সাংখ্য, পতঞ্চলির ঘোগশান্ত, গোতমের স্থায়, কণাদের বৈশেষিক, জৈমিনীর পূর্ব মীমাংসা এবং ব্যাসের বেদান্ত গ'ড়ে উঠেছে। প্রাচীনতম সাংখ্য দর্শন একদিন প্রাচীন গ্রীস পর্যন্ত প্রভাব বিস্তার করেছিল, সক্রেটিস থেকে এ্যারিস্টটল পর্যন্ত হেরাক্লিটাস থেকে ভিমোক্রিটাস এশিকিউরাস পর্যন্ত ভারতীয় দার্শনিক ভাবধারার কন্ধরেখা স্কল্পই। সাংখ্যে ক্ষিতি অপ্তেজ মক্ষত ব্যোম এই পঞ্চ মৌলিক উপাদানকে মূল রূপে গ্রহণ করে স্পষ্টির কারণকে নির্দেশ করা হয়েছে প্রকৃতি' নামে—এই প্রকৃতি সন্থ, রক্ষ: তম: গুণের আধার এবং প্রকৃষ স্পষ্টির হেতৃভূত। এই প্রকৃষ ও প্রকৃতিই সত্যা। সাংখ্য ঈশ্বর সম্বন্ধে নীরব, দৈতবাদের উপর প্রতিষ্ঠিত। নীতিবাদের দিক থেকে সাংখ্য সংকার্যনাদ (১৯৯) (Knowledge of virtue)-এর সঙ্গে তুলনীয়। নির্তিই জীবনের কাম্য কারণ জাগতিক জীবনের প্রাপ্তি দারা আকাজ্জার নির্ত্তি হয় না। খাছে ক্ষ্ণার নির্ত্তি, পানীয়ে তৃক্ষার নির্ত্তি, কিন্ধ তা আবার ফিরে আসে,—তেমনি ভোগের মধ্যে নির্ত্তি নেই। ত্যাগর্ত্ত অম্পীলনেই নির্ত্তি আসে, সংকার্য অম্পীলনের আনন্দের মধ্যেই প্রকৃত নির্ত্তি—এই সাংখ্যের নীতিবাদ।

সাংখ্যের ঈশ্বর সম্বন্ধে নীরবতা অনেকে প্রচন্ত্র নান্তিকতা বলে মনে করেন কিন্তু পতঞ্চলির যোগশান্ত্র সাংখ্যের পরিপ্রক রূপে এ সন্দেহ নিরসন করে। (১৬৭)

⁽১৬৬) The Samkhya system is essentially dualistic, inasmuch as it speaks of *Purusa* (Spirit) and *Prakriti* (Matter) as the two ultimate Relations. The fundamental position of the system is that 'cause' is the entity in which 'effect' lies in a subtle form. Thus the system advocates the doctrine of Satkaryavad.—A Concise History of Classical Sanskrit Literature—Dr. G. N. Sastri.—p. 180.

⁽১৬٩) His (Kapila's) silence on the subject of a Supreme Being has been supposed by some to imply atheism and the Joga system, which completes, the Samkhya is said to have written to correct the atheism of Kapila.—The Story of Indian Philosophy.—C. Manning—p. 27.

সাংখ্য তত্ব, যোগ তার প্রয়োগ। উপনিষদ, মহাভারত, জৈন ও বৌদ্ধ ধর্মশান্তে যোগের উল্লেখ পাওয়া যায়। বোগশাস্ত্র চার অধ্যায়ে বিভক্ত;—সমাধি, সাধনা, বিভৃতি ও কৈবল্য। নির্দিষ্ট পথে মনসংযোগ ক'রে মাহুষ কী ক'রে পূর্ণতা বা কৈবল্য পেতে পারে, যোগ তারই ব্যাখ্যানমূলক আলোচনা করেছে। দৈহিক ও মানসিক শক্তিকে কী ক'রে সংযত ও সংহত ক'রে পূর্ণতার পথে যাওয়া যায়—যোগ ভারই পথনির্দেশ। এই সাধন-পথই রাজ্যোগ। দৈহিক প্রবৃত্তি ও সংযমের পথনির্দেশ দিয়েছে হঠযোগ।

পতঞ্চলি কাজের ম্লগত পাঁচটি উৎসের নাম করেছেন—রাগ, দ্বেষ, অন্মিডা, অবিদ্যা, অভিনিবেশ। অভিনিবেশ অর্থাৎ মৃত্যুভয় আসে বেঁচে থাকবার প্রবৃত্তি থেকে। বস্তুজগতের সঙ্গে আত্মিক জগতের একত্ববোধই অবিদ্যা। বিদ্যাদারা অবিদ্যা দ্রীভূত হয়। দ্বের, রাগ, অন্মিতা (অহং)ও অবিদ্যা প্রবৃত্তিকে পার্থিব স্থভোগে উৎসাহিত করে—এবং তাই তৃঃথের কারণ। অতএব বৈরাগ্য অন্থূলীলনই আনন্দ এবং তাতেই কৈবল্য (dispassion) লাভ হয়। কৈবল্য থেকেই আসে নিবৃত্তি—নিবৃত্তি আনন্দময়। এই বৈরাগ্য ও নিদ্যাম কর্মই ভারতের বাণী।

ঈশ্বরকৃষ্ণকৃত সাংখ্যকারিক সাংখ্য দর্শনের আদি পুঁত্তক। গৌড়পাদের টীকা, বাচস্পতিকৃত সাংখ্যতত্ত্বকৌম্দী, সাংখ্য প্রবচন স্থা, এবং বিজ্ঞানভিক্ কৃত টীকা সাংখ্য দর্শনের উল্লেখযোগ্য প্রামাণ্য গ্রন্থ।

সাংখ্য দর্শন পরম প্রধের উল্লেখ করেননি কিছ বলেছেন চৈতয়্ময় পুরুষই আত্মার মূল। প্রকৃতি থেকেই সৃষ্টি এবং লয়—তার মধ্যেই পুরুষের ভোগ। স্থধ হঃখ ভালমল ইন্দ্রিয়জাত জ্ঞান ও মননজাত অমুভৃতি সবই প্রকৃতিজ। এর সবই আচেতন পুদ্ধিপ্রস্ত, আত্মার বন্ধন ও মুক্তি উভয়ই উপাধিক (Phenomenal) এবং বন্ধন অবিবেচনাপ্রস্ত। যথন আত্মা বিবেকখ্যাতি লাভ করে তথনই তার স্বন্ধপ উপলব্ধি করতে পারে, দেহ-মনের সম্বন্ধের জটিলতা ব্যুতে পারে। বৃদ্ধির্বিত্তকে যথন সে স্থকীয় গুণ ব'লে বিবেচনা করে না তথনই সে মুক্তি লাভ করে। প্রকৃতি-পুরুষ অটুট বন্ধনে বাধা কিছ বিবেক ঘারা এই সম্বন্ধকে ছিয় করা যায়। প্রকৃতি প্রভাব জাত মন, বৃদ্ধি ও অহং থেকে আত্মা যথন পূথক ভাবে আপনাকে অমুভব করে, তথনই তার মোক্ষ লাভ হয়। বিবেকঘারা আমরা স্বতম্ব সন্তাকে অমুভব করেতে পারি। প্রজ্ঞা ঘারা এই মুক্তি লভ্য কিছ কর্মের ঘারা নয়। (১৬৮) কাষ্য কর্ম ও নিভা কর্মের ঘারা মোক্ষ লাভ হয় না।

পতঞ্জলির বোগস্ত্ত বোগদর্শনের আদি গ্রন্থ। ব্যাসকৃত বোগশাস্ত্রের টীকা, বাচস্পতি-কৃত ব্যাসভায়, নাগেশ ভট্ট-কৃত ব্যাসভায়, ভোজকৃত রাজমার্তও বিজ্ঞান ভিক্-কৃত যোগবর্তিকা, যোগসার-সংগ্রহ উল্লেখযোগ্য গ্রন্থ। পতঞ্জলির বোগস্ত্তের অইবিধ প্রযোগ ধারা—বধা, যম, নিয়ম, আসন, প্রণায়াম, প্রত্যাহার,

(১৬৮) বন্ধান্ধরতিরেব স্তাদান্ধতৃপ্তক মানব। আন্তরেব চ সম্ভষ্টন্তস কার্ব্যং ন বিশ্বতে। সীতা- ৩/১৭ ধারণা, ধ্যান, সমাধি দারা আমরা সংস্কার (Sub-conscious disposition) ও ক্লেশ ধ্বংস করতে পারি এবং এই নিয়মই কৈবল্যদায়ক। যোগশাল্পে পরম পুরুষ সচ্চিদানন্দ ব্রহ্মকে স্থীকার করা হয়েছে, এবং তাঁর ধ্যান-ধারণা এবং তাঁকে সব সমর্পণই মোক্ষলাভের উপায় ব'লে বণিত হয়েছে। শঙ্করাচার্য পুরুষ ও পরম পুরুষকে অভেদ কল্পনা করেছেন। সাংখ্যে প্রকৃতি থেকে পুরুষের বিভিন্নতা-জ্ঞানকেই মোক্ষদায়ক বলেছেন, এবং শহর পরম পুরুষকে আত্মার মধ্যে উপলব্ধিকেই মোক্ষ বলেছেন। (১৮৯) চিত্ত দ্বির জন্ম কর্মের প্রয়োজনীয়তা আছে, একথাও শহর বলেছেন।

শহর প্রবৃত্তি ও নিবৃত্তি ঘৃইটি মার্গের কথা বলেছেন। প্রবৃত্তি মার্গে বর্ণধর্ম, আশ্রমধর্ম এবং বেদ ও শ্বৃতি-অন্থুমোদিত কাম্য কর্ম (পার্থিব ও অপার্থিব আনন্দের জন্ত) বারা অভ্যুদয় (prosperity and exhaltation) লাভ হয়। নিদ্ধাম কর্ম বারা সন্থ সংশুদ্ধি, এবং তার থেকেই সম্যক্ জ্ঞান লাভ হয়। এই জ্ঞানই নিঃশ্রেয়স্ (Highest good)। নিবৃত্তি অর্থে সর্বকর্ম সংখ্যাস—সর্বকর্ম ত্যাগ। ভগবানে সম্পূর্ণ আত্মসমর্পণ কৃ'রে, ফলাফল স্পৃহা না ক'রে নিস্পৃহ কর্ম বারা শুদ্ধি লাভ হয়—
শুদ্ধি হেতৃই নিঃশ্রেমস লাভ হয় যেহেতৃ নিঃশ্রেয়স থেকেই আত্মজ্ঞান লাভ হয়। (শহর গীতাভায়)।

অবিছা তথা অলীক ম্ল্যবোধ থেকেই কামের উৎপত্তি, কাম থেকেই কর্ম, এবং কর্ম থেকেই পুরৈষণা, বিত্তিষণা এবং লোকৈষণার আকাজ্জা। অতএব "জ্ঞানকর্ম সমৃদ্দ্র" ঘারা নিংশ্রেষ্ম লাভ হয় না। কর্মই তম, জ্ঞানই আলো,—এই ছুই একসন্ধে অবস্থান করে না। সম্যুগ্র্ণনি ব্যতীত অলীক-মৃল্যবোধ ধ্বংস হয় না। মোক্ষ হক্ষত ও হৃষ্ণতের উধ্বে একটা পরম আনন্দময় অবস্থা। তথাপি নিদ্ধাম কর্ম ও ভগবানে আত্মোৎসর্গ ক'রে যদি মান্ত্র্য জগতকল্যাণে আত্মকর্ত্ব্য পালন করে তবে সেও প্রকৃত জ্ঞান লাভ করতে পারে।(১৭০) রামান্ত্রজ বলেন, মোক্ষলাভার্যে নিদ্ধাম কর্ম, ভক্তিও জ্ঞান প্রয়োজন এবং গীতার লোকসংগ্রহার্থে নিদ্ধাম কর্ম শহরের প্রবৃত্তি-নির্ত্তির একটা অপূর্ব সামঞ্জন্ত।

ন্তায় বৈশেষিকের বিশ্লেষণমূলক দর্শন। গৌতমের ভায়স্ত্র আদি গ্রন্থ, বাৎসায়নের ভায়ভান্ত, উন্থোতকারের ভায়বর্তিকা, বাচস্পতির ভায়বর্তিকা, তাৎপর্য টীকা, প্রভৃতি ভায়ের মৌলিক গ্রন্থ। উদয়ন ও জয়ন্ত পরবর্তী কালের ভায়ের ভান্তকার। বাঙালী জয়ন্তের অন্বর্তী গলেশের তত্তচিন্তামণি বাংলার নব্যভায়ের ভিত্তি। বাস্থ্যের বার্বভৌষের তত্তচিন্তামণি বাথ্যা নববীপের প্রথম অবদান।

⁽১৬৯) The Samkhya stresses the knowledge of difference of the pure self from Prakriti while Sankara emphasises the knowledge of the identity of the pure self with Brahman, Absolute or Infinite Being—consciosness—bliss (স্টিদ্যান্স). Manual of Ethics—Dr. J. N. Singha—p. 384.

⁽১৭০) কর্দ্মনৈবহি সংসিদ্ধিমান্থিতা জনকাদয়। লোকসংগ্রহমেবাণি সমণগ্রণ কর্জুমুর্হসি। া—৩।২০

গ্রায় দর্শন বলেন, ঈশর পরম পুরুষ, তিনি স্টিকারক—নিমিন্তকারণ, আর অণুপরমাণ্র যে মিলন হয়েছে সেটা উপাদানকারণ। এই স্টেডিও প্রটার তত্ত্তান উপলব্ধিই মোহবদ্ধ আত্মার মৃক্তি দান করে।

কণাদের বৈশেষিক স্ত্রা, এবং প্রশষ্টপাদের পদার্থধর্মসংগ্রহ বৈশেষিক দর্শনের আদিগ্রন্থ। ব্যোম শিবাচার্যের ব্যোমবতী, শ্রীধরের ক্রায়গ্রন্থ, উদয়নের কির্ণাবদী ও লক্ষণাবলী, এবং শ্রীবান্তবের ক্রায় লীলাবতী প্রভৃতি ব্যাধ্যানমূলক সংযোজন।

ग्राय ७ रेवरमविकरक पर्मात्र ভाষाय अनुकार्यवाप वना हुय। ग्राय अवः বৈশেষিক উভয়ই ভগবানের নির্দেশ-সমন্বিত বেদের অমুমোদিত কার্য করাই নীতি-ধর্ম ব'লে প্রচার করেছেন। ভগবানের ইচ্ছাই সং ও অসং-এর নির্দেশ, বেদে বর্ণিত বিধিনিবেধই ভগবানের নির্দেশ। রামায়ণ ও গীতাও এই বিধিকে নীতিধর্মের মান হিসাবে গ্রহণ করেছে। নৈয়ায়িক জয়ন্ত ভট্ট লোকসিদ্ধিকে, মহানির্বাণভন্ত লোকল্পেয়:কে এবং গীতা লোকসংগ্রহকেই নীতিধর্ম বলেছেন। এখানে সর্বভৃতহিত অর্থে ব্যবহৃত হয়েছে (তে প্রাপ্নবৃত্তি মামেব সর্ববভৃতহিতে-রতা-গীতা-১২।৪)। অধর্ম ত্যাগ ক'রে ধর্মপালনই নীতিধর্ম অফুশীলন-এই অফুশীলন লোকভেষঃ হেতু। নীতিবাদের এই মানই ভেষ্ঠ মান নয়। আত্মাফুভৃতির षाता প্রকৃত মূল্যায়নই নীতিবাদের শ্রেষ্ঠ আদর্শ। নৈয়ায়িক প্রভাকর বলেন, কর্তব্যের জন্মেই কর্তব্য করা, স্থপ ও ফলাকাজ্ফাহীন কর্মই (নিয়োগ) ধর্ম। প্রভাকরের সঙ্গে Kant-এর সাদৃত্য থাকলেও কাণ্টের কর্তব্যকর্ম প্রচিত্যহেত (বৃদ্ধিজাত) এবং প্রভাকরের কর্তব্য আত্মজানহেতু। গীতার লোকসংগ্রহ ও সর্বভত্তিত, কান্টের Rationalism-এর সমধর্মী কিন্তু গীতা ভগবান-প্রাপ্তিই শ্রেষ্ঠ মনে করেছে, কর্তব্যপালন তার প্রাপ্তি-পথের সহায়। হিতই আনন্দ নয়, তা নৈতিক লোঃ মাত্র। কাণ্ট Virtue-কেই লোষ্ঠ মনে করেছেন। কাণ্ট এখানে ব্যক্তিকেন্দ্রিক এবং গীতার শিক্ষা এখানে বিশ্বজাগতিক। (১৭১) গীতার কর্ম-জ্ঞান-ভক্তিযোগ ধর্মভিত্তিক ভগবংপ্রাপ্তির মার্গ কিন্তু কাণ্টের নীতিবাদ স্মাজভিত্তিক. —ধর্মভিজিক নয়। Bradley-র "My Station and Its Duties"-এর নীতিবাদ গীতার স্বভাবগত স্বধর্ম ও লোকসংগ্রহার্থে স্বধর্ম পালনের অফুরূপ।

পূর্ব-মীমাংসা বৈদিক বিধিনিষেধ ও ক্রিয়াকাণ্ডের ব্যাথ্যানমূলক দর্শন। জৈমিনির পূর্ব-মীমাংসা করে, শবরের মীমাংসা করে আদিগ্রন্থ। শবরের পূর্ববর্তী মীমাংসকগণ—উপবর্ষ, বোধায়ন, ভত্মিত্র, ভবদাস প্রভৃতি। প্রভাকর গৌড় মীমাংসক নামে ধ্যাত। তাঁর বৃহতী শবর ভারের উপর লিখিত গ্রন্থ। কুমারিল

⁽১৭১) His (Kant's) ethics is jural or legal. But the ethics of the Gita is teleological. Kant's ethics is individualistic while the Gita ethics is universalistic ...Kant enjoins the extirpation of feelings and emotions. But the Gita does not enjoin the extirpation of all feelings and emotions. Attachment, aversion, delusion, lust, fear, anger, grief...and other evil emotions and passions ought to be extirpated. But good will, love for all creatures...faith and devotion to God ought to be cultivated. A Manual of Ethics.—Dr. J. N. Singha.—p. 391.

ভট্ট বৌদ্ধর্মের প্লাবনের মূথে ব্রাহ্মণ্য ধর্মকে রক্ষা করেন। কুমারিলের স্লোকবর্তিকা, তদ্ধবিকা, প্রতিকা, প্রতিকা প্রসিদ্ধ গ্রন্থ। পূর্ব-মীমাংসা প্রকৃতপক্ষে স্থারের সংযোজন, দর্শনের তত্ত্বের দিক থেকে নতুন চিস্তাধারা এর মধ্যে বর্তমান নেই।

উত্তর-মীমাংসা, ব্রহ্মমীমাংসা বা বেদান্ত দর্শনই ভারতীয় দর্শনের মধ্যে দর্বাপেক্ষা জনপ্রিয়, এবং বেদান্তের শিক্ষা সমাজ পরিবার ও ব্যক্তি-জীবনে প্রতিভাত। বাদরি, কাশকৃষ্ণ, আত্রেয় এবং জৈমিনি প্রভৃতি বেদান্ত স্ত্রের আদি লেখক। বাদরায়ণের ব্রহ্মস্ত্র বা বেদান্ত স্ত্রে খৃঃ পৃঃ ষষ্ঠ শতকের লিখিত। বেদান্ত স্ত্রের চারি অধ্যায়ের প্রথম অধ্যায়ে ব্রহ্মকে পরম সত্য রূপে প্রতিপন্ন করা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে বিরুদ্ধ মতের থগুন, তৃতীয় অধ্যায়ে ব্রহ্ম বিভালাভের উপায়, এবং চতুর্ব অধ্যায়ে ব্রহ্মবিতা লাভের ফলাফল লিখিত হয়েছে। বেদান্ত স্ত্রে উপনিবদের তত্বাহুসারী। বাদরায়ণ বেদান্ত দর্শনের প্রকৃষ প্রকৃতির ঘৈতবাদকে খগুন ক'রে অবৈতবাদ প্রতিষ্ঠা করেছেন। ব্রহ্ম এক, মায়াময় ব্রহ্মাণ্ডে তিনি তাই বিভিন্নরণে প্রকৃট। জগত তভক্ষণই সত্য যতক্ষণ না আমরা ব্রহ্মকে উপলব্ধি করি। সাংখ্য জগতকে প্রিণাম (evolution) বলেছেন, বেদান্ত তাকে বিবর্ত (appearance) বলেছেন। গৌড়পাদের কারিকা, ভর্তৃহরির ব্রহ্মস্ত্রভান্ত প্রভৃতি বেদান্ত দর্শনের প্রাচীন গ্রন্থ।

শহরাচার্যের শারীরক ভাষ্য প্রামাণিক গ্রন্থ। তাঁর দশখানি উপনিষ্করের টীকা ও ভাষ্য তাঁর প্রতিভার পূর্ণ প্রকাশ। বর্তমানে বেদান্ত বলতে শহরক্ত বেদান্ত-দর্শনই বোঝায়। তাঁর শারীরক ভাষ্য, বিবরণ ও ভামতী এই ত্ই বিভিন্ন শ্রেণীর দার্শনিক দ্বারা ব্যাখ্যাত হয়েছে। পদ্মপাদের পঞ্চকারিকা, প্রকাশাত্মনের 'বিবরণ' বিবরণ শ্রেণীর অন্তর্গত এবং বাচম্পতির ভামতী, অমলানন্দের কল্পতক্র ও শাস্ত্রদর্শন 'ভামতী' শ্রেণীর অন্তর্গত। স্থরেশর বা মগুনের ব্রন্ধসিদ্ধি, বিম্কানন্দের ইষ্টসিদ্ধি, প্রীহর্ষের খণ্ডনখণ্ডথাত্য প্রভৃতি বেদান্তের প্রসিদ্ধ গ্রন্থ বিতারণ্যের পঞ্চদশী, জীবম্ক্তিবিবেক, সদানন্দের বেদান্তসার, আনন্দগিরির স্থায়নির্দ্ধ গোবিন্দানন্দের রত্মপ্রভা, মধুস্দন সরস্বতীর অবৈভসিদ্ধি, ব্রন্ধানন্দের লঘুচক্রিকা পরবর্তী যুগের বিশিষ্ট গ্রন্থ।

পরবর্তী ঘূগে বেদান্ত দর্শনের বিভিন্ন ব্যাখ্যা দেখা যায়, তার মধ্যে ভাস্করের ভেদাভেদবাদ, রামান্থজের বিশিষ্টাবৈতবাদ, নিম্বার্কের বেদান্ত—পারিচ্ছাত সৌরভ ও তাদের হৈতাহৈতবাদ, মাধ্বের অন্ব্যাখ্যান ও হৈতবাদ এবং গৌড়ীয় বৈষ্ণবগণের অচিস্তাভেদাভেদবাদ বিশেষ জনপ্রিয় এবং প্রসিদ্ধ।

শহর অবৈত বেদান্তে অবিভাকেই কর্মের উৎস বলেছেন। কর্ম কামপ্রস্থত অর্থাৎ কামনা থেকে স্ট, কামনা অবিভাপ্রস্থত। 'অবিভা কামনীজং হি সর্ব্বনেব কর্ম।' আত্মনের সঙ্গে জাগতিক জৈব জড়জীবনের একত্ববোধই অবিভা। মানবের কামনা, তথা এবণা ত্রিবিধ,—পুর্বৈষণা (sex), বিভৈষণা (Material gain) এবং লোকৈবণা (will to pleasure)—এই এবণা অবিভা হেতু।

विषयम् अहे कामनारक कामकृष्ण, ख्वकृष्ण ७ विख्वकृष्ण वना हरत्रह। मासूद স্বাধীন, স্বাধীন তার ইচ্ছাশক্তি, ইচ্ছা করলে সে পাণও করতে পারে, পুণ্যও অর্জন করতে পারে। শাস্ত্রোক্ত সংকার্য বারা সে গুণ ও ধর্ম অর্জন করে। অসং কার্বের দারা পাপ ও অধর্ম অর্জন করে। আত্মার ভাবনা হেতৃ মাহুষ এই সদসৎ ধর্মাধর্ম অর্জন করে। এও দৈব বা অদৃষ্টজাত। গুণ ও ধর্ম সুখদাতা, পাপ ও অধর্ম তৃঃখ-দাতা। স্ব্ধ-হ:বের কতক বাহজগত হতে উড়ত, কতকগুলি মাহুষের নিচ্ছের গুণাগুণ উদ্ভত। গুণার্জন ব্যতীত স্থখভোগ হয় না, দোষ বাতীত তঃখ লাভ হয় না। আত্মা চিরস্তন, সে জন্মজনান্তর পরিক্রমা করছে, জন্মজনান্তরের অর্জিড গুণাগুণই দৈব-জনৃষ্ট। [বর্তমান মনগুলের দিক থেকে Heridity বলা যাম?] এই দৈব বা অনুষ্ট আমাদের স্থ্য-তৃঃথের আংশিক ফলদাতা--দৈব বা অনুষ্টের অর্থ এখানে ভাগ্য নয়। আমরা যে নি:জ্ঞান মনের কতকগুলি বৈশিষ্ট্য ও বৈচিত্ত্য জন্ম থেকেই, হয়ত পূর্বজন্মার্জিত ভাবে লাভ করি, তাই আমাদের জীবন ও মনোবৃত্তিকে আংশিক নিয়ন্ত্রিত করে। এই নিজ্ঞান মন, পূর্বজন্মাজিত মনের পুরুষকার বারা দৈবকে মাত্রৰ হয়ত জয় করতে পারে কিন্তু পুরুষকার দৈবাধীন । অতএব পুরুষকার ও দৈব উভয়েই আমাদের জীবন নিয়ন্ত্রিত করে। অতএব গৃহত্বের কর্তব্য পঞ্চবিধ যজ্ঞ করা—ভূতৰজ্ঞ (জীবদেবা), মহুয়াযজ্ঞ (মানব দেবা), পিতৃযজ্ঞ (পিতৃপুরুষের পিওদানাদি), দৈবয়জ্ঞ (পরম পুরুষ অনুধ্যান) ও ব্রহ্মযুক্ত (বেদ ও শাস্ত্র অধ্যয়ন)— মাহবের কর্তব্য জীব, মানব, পিতৃপুরুষ, ভগবান সমাজ ও ব্যক্তির প্রতি সমভাবে রয়েছে। প্রতিটি লোক ত্রিবিধ ঋণ নিয়ে জনায়---ঋষিঋণ, পিতৃঋণ, দৈবঋণ--অর্থাৎ ব্যক্তিও জগতের প্রতি কর্তব্য। গৃহস্থের পক্ষে অবশ্র কর্তব্য বর্ণধর্ম ও षाध्यमधर्म शानन। তात জीवतनत्र कामा ह्यूरिंध शुक्रवार्थ नाड-धर्म, व्यर्थ, काम, মোক। অর্থ জাগতিক আকাজ্ঞা পূরণ করে, কাম মানসিক আকাজ্ঞা পূর্ণ করে, ধৰ্ম মানবিক ও সামাজিক আকাজ্ঞ। পূৰ্ণ করে এবং মোক্ষ আত্মিক অভাব পূৰ্ণ करत । स्माक्ट कीवरनत कामा, कावन धर्म, वर्ष, काम, कानिक खनाखरनत व्यक्तीन এবং মোক্ষই শাখত আনন্দ। পুণ্য জাগতিক আনন্দদায়ক, পাপ জাগতিক ছ:খদায়ক। পাপ-পুণ্য জন্মজন্মান্তরের মানব আত্মার নিজ্ঞান মনের অতএৰ মোক্ষ লাভের জন্য এই পাণপুণ্য—জাগতিক ধর্মাধর্মের উদ্ধে মানবাত্মাকে পরমত্রন্ধের সঙ্গে লীন ক'রে অভেদাত্ম। হতে হবে—এই মানব জীবনের শ্রেষ্ঠ কাম্য. পর্যানন । (১৭২)

চার্বাক দর্শন লোকায়ত দর্শন (Materialism), অর্থ ও কামকেই জীবনের শ্রেষ্ঠ কাষ্য মনে করেছেন। অহংপ্রস্ত এই জডবাদ অধ্যাত্মভূমি ভারতে

⁽১৭২) Moksha is conceived by the Vedanta as the highest state of infinite and eternal bliss, which transcends joys and sorrows of empirical life. It is realisation of the self's identity (অভেচ) with Brahman or the Absolute or of its essential community (সাধ্য) with Brahman. It is the realisation of the infinite bliss of Brahman. Finitude is pain, Infinitude is bliss. This is the acme of perfection (বিশ্বেশ্বস). Ibid—J. N. Singha—p. 372.

কোনদিনই দানা বাধতে পারেনি। স্থ অর্থে তাঁরা জৈব স্থ মনে করেছেন। 'বাবজ্জীবেং স্থং জীবেং ঋণং কুতা দ্বতং পিবেং'-এর দর্শন ভারতে কোনদিন জনপ্রিয় হয়নি। গীতায় তাদের 'কামোপভোগপরমা' 'অল্লবৃদ্ধি' ও 'নষ্টাত্মা' বলা হয়েছে। তারা মোহান্ধ, তাই জাগতিক জীবনকেই পরম কাম্য মনে করেছে। বাংসায়ন ধর্ম, অর্থ, কামকেই পুরুষার্থ বলেছেন কিন্তু তিনি উচ্চতর কান্তিবোধ-প্রস্তুক কাবিত্যা সন্ধীত শিল্প নৃত্যু প্রভৃতির স্ক্ষ আনন্দকেই আনন্দ মনে করেছেন। এপিকিউরানদের সঙ্গে তিনি তুলনীয়।

বৃদ্ধের অহিংসা-ধর্মের মূলকথা জাগতিক জীবনে সমস্ত প্রাণী স্থী ও সংরক্ষিত হোক। কেউ কাউকে বঞ্চনা করবে না, কেউ অস্তায় দ্রব্য আকাজ্জা করবে না, কোধের বশেও অন্তের ক্ষতি করবে না। প্রীতি দ্বারা ক্রোধ জয়, সং দ্বারা অসংকে জয়, প্রসারতা দ্বারা লোভকে জয় কর, সত্য দ্বারা মিথ্যাকে জয় কর। তাঁর মূলকথা লোকশ্রেয়:।

বৌদ্ধর্মের আদিশাস্ত্র ত্রিপিটক তিনভাগে বিভক্ত—বিনয় পিটক, স্থৃত্ত পিটক এবং অভিধ্যা পিটক। বৌদ্ধ দার্শনিকগণও চারি ভাগে বিভক্ত—স্ত্রোন্তিক, বৈভাষিক, মাধ্যমিক ও যোগাচার। প্রথম হুইটি হীন্যান (Realist)ও শেষ হুইটি মহাযানের (Idealist) অন্তর্গত।

বৈভাষিকগণ অভিধর্মান্থসারী। কাত্যায়নীপুত্রের জ্ঞান-প্রস্থান এর আদি পুত্তক। স্বন্ধ পিটকের অন্থগামী কুমারলাত, ধর্মোন্তর, যশোমিত্র ও বন্ধবন্ধ, কিন্তু এঁদের রচনা এখন পাওয়া যায় না। মাধ্যমিক শ্রেণীর প্রতিষ্ঠাতা নাগাজুন—তাঁর প্রজ্ঞাপারমিতা মূল গ্রন্থ। শান্তিদেবের বোধিচর্যাবতার, শিক্ষা সম্চ্চয়, আর্বদেবের চিন্তবিশুদ্ধিপ্রক্রণ প্রভৃতি উল্লেখযোগ্য গ্রন্থ। মৈত্রেয়নাথ যোগাচার সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা। আসন্ধ ও আর্ঘায় এই সম্প্রদায়ভুক্ত। আসন্ধের যোগাচার ভৃমিশান্ত্র, অভিধর্মকোষ এই সম্প্রদায়ের প্রামাণ্য গ্রন্থ। যশোমিত্র, স্থিরমতি, দিওনাগ, ধর্মপাল, শীলভত্ত প্রভৃতি বিভিন্ন সম্প্রদায়ের ভাষ্যকার।

নীতিবাদের দিক থেকে বৌদ্ধদর্শন বলে,—জগতে তৃঃথ আছে, তৃঃথের কারণও তাই নিশ্চয়ই আছে। এ তৃঃথ জয় করা যায়, তার পথও আছে। নির্বাণই এই তৃঃথ জয়র পথ, অতএব তাই পরমার্থ। এই নির্বাণ লাভের আটটি পথ—আটাদিক মার্গ আছে। সম্যক দৃষ্টি (Right Belief), সমাক্ সংকল্প (Right Resolve) সম্যক্ বাক (Right Speech), সম্যক্ কর্মান্ত (Right Conduct) সম্যক্ আজীব (Right Livelihood), সম্যক্ ব্যায়াম (Right effort), সম্যক্ স্থাডি (Right mindfulness), সম্যক্ স্মাধি (Right concentration).

মৈত্রী, করণা, মৃদিতা, উপেক্ষা, অমুশীলনই নির্বাণলাভের পথ। বৌদ্ধর্ম অস্তরশুদ্ধির উপর বিশেষ জাের দিয়েছেন, যেহেতু বাহ্ কর্মের পবিত্রতাই যথেষ্ট নয়। বৌদ্ধ নীতিবাদ প্রধানতঃ পরার্থবাদী—ভােগ ও ত্যাগ তথা লােকায়ত ও সম্যাসের মধ্যপথ। অহং থেকেই মানুষের স্থের মাহ, অহংকে যদি নিম্পি করা বার তবে পরম স্থভাগ হয়। বৌদ্ধর্মের মধ্যপথই এ্যারিস্টটনের "Doctrine of Virtue"র মধ্যে দেখা বায়। লোকায়ত স্থারেষণ ও সর্বরিক্ত সন্ন্যাস উভয়কেই বৌদ্ধ নীতিবাদ স্বীকার করে না। কায়মনোবাক্যে অহিংসাও মৈত্রী, করুণা ও প্রেম, ক্ষমাও আত্মন্তিকেই ধর্মের পথ ব'লে বৃদ্ধ নির্দেশ দিয়েছেন। শাস্ত ত্যাগের মাধ্যমে বিশ্বকল্যাণে কর্মনৃতিই তাঁর আদর্শ—গীতার নিদ্ধাম কর্মবাগ্য নয়।

জৈনগণ পঞ্চত্রত পালনের কথা বলেছেন,—অহিংসা, সত্যা, অন্তেয়, ব্রহ্মচর্য ও অপরিগ্রহ (প্রয়োজনের অতিরিক্ত সম্পদ না রাখা বা গ্রহণ না করা)*। এই ব্রতাহাশীলই অহ্বত্তর,—গার্হস্থা জীবনের কর্তব্য। এই পঞ্চরতের পূর্ণ অহ্নশীলন দারা পূর্ণ সংযম ও ত্যাগই সাধুগণের কর্তব্য—ইহাই মহাব্রত। এগুলি বৌদ্ধর্মের নীতিবাদ বা যোগশাল্রের পঞ্চ যমের অহ্বরূপ। হিংসা, অনৃত, স্তেয়, অব্রহ্ম ও মৃদ্ধা (মায়া) এইগুলি পাপ। সাধকজীবনে মৈত্রী, কারুণ্যা, প্রয়োদ (সাধু দর্শনের আনন্দ) ও মাধ্যস্থা (পাপীর সংস্রব ত্যাগ) অহ্নশীলনের কর্তব্য। বৌদ্ধর্ম ও যোগ ও এই মৈত্রী, কারুণ্যা, প্রয়োদ ও মাধ্যস্থা অহ্নশীলনের কর্থা বলেছে। বিশেষতঃ পাপ যে অত্যুদ্ম ও নিংশ্রেয়সের পরিপন্থী একথা অহ্নধ্যান করা সংযম শিক্ষার প্রশন্ত পর। জৈনধর্ম তিন রকম সংযমের উল্লেখ করেছেন—কায়গুপ্তি, বাগ্রগুপ্তি, মনোগুপ্তি অর্থাৎ দেহ-বাক্-মন সংযম। উত্তম ক্ষমা, উত্তম মার্দব (humility), উত্তম আর্জব (Straightforwardness), উত্তম শোচ (purity) উত্তম সত্যা, উত্তম সংযম, উত্তম ত্যাগ, উত্তম আর্কিকন (indifference), উত্তম ব্রহ্মচর্য—এগুলি ধর্ম এবং এর অহ্নশীলনই পূণ্য। ত্যাগই আত্মনকে পাবার উপায়—তাই জৈননীতিবাদ অহিংসা নীতিবাদ।

অবৈত বেদান্তের নীতিবাদের মূল স্ত্রে—জাগতিক জীবনের সকল কর্মের উদ্দেশ্য আনন্দ লাভ—অর্থাৎ সমন্ত তৃংধের অতীত অবস্থা লাভ। আনন্দ বা তৃংধ তৃই প্রকার, জাগতিক ও সীমিত, এবং শাশ্বত ও অসীম। এন্ধণ্ শাশ্বত ও অসীম আনন্দময়, অতএব ব্রন্ধলাভই প্রমার্থ। জীবই ব্রন্ধ, অতএব আত্মবোধই ব্রন্ধবোধ। বেদ শ্রবণ, মনন, চিত্তনিরোধ, নিদিধ্যাসন ব্রন্ধ সাক্ষাৎকারের পথ।

দম, শম, উপরতি, তিতিক্ষা, সমাধান, শ্রদ্ধা, নিত্যানিত্যবিবেক, ফলভোগ-বৈরাগ্য ব্রহ্মলাভের পথ। কাম্যকর্ম ও প্রতিপিশুক্ম নিষিদ্ধ, ফলাকাজ্জী না হ'য়ে নিত্যকর্মই কর্ডব্য। নিবৃত্তসর্ববাহৈত্বণা হলেই তবে ব্রহ্মলাভ হয়। কামনা আত্মন ও অনাত্মনের অলীক একত্মবোধপ্রস্ত অবিভাজাত, দেহমনবৃদ্ধি এবং অহং-এর অতীত বিভার্জনই অবিভা দূর করবার উপায়।

বৈশেষিক প্রশাষ্টপাদ নীতিধর্ম পালনের কর্তব্যকে তৃই ভাগ করেছেন— সার্বজনীন ও বিশিষ্ট। ধর্মশ্রহা, অহিংসা, ভৃতহিতত্ব, অন্তেয়, ব্রহ্মচর্য, অস্থপধা (purity of mind), ক্রোধ বর্জন, অভিষেচন (cleanliness), শুচিত্রব্য সেবন,

[।] বাবদ্ভিয়েত **অ**ঠবং তাবৎ সন্ধংহি দেহিনাম অধিকং বোহভিম*তেত সন্ধোনা দঙ্*মহতি। ভাগবৎ—১২শ কল

বিশিষ্ট দেবতা ভজি, উপবাস, ও অপ্রসাদ—এইগুলি সার্বজ্ঞনীন কর্তব্য। বর্ণ ও আশ্রম অন্থায়ী বিশিষ্ট কর্তব্য বর্তমান। প্রাহ্মণের কর্তব্য,—প্রতিগ্রহ, অধ্যয়ন, যাজন, অবর্ণবিহিত সংস্কার। ক্রিয়ের কর্তব্য—সমাক্ প্রজ্ঞাপালন, অসাধু নিগ্রহ, যুদ্ধের্ অনিবর্তন, অকীয় সংস্কার। বৈশ্রের কর্তব্য—ক্রমবিক্রয়. কৃষি, পশুপালন, অক্ষায় সংস্কার। ব্রহ্মণ, ক্রিয়ে, বৈশ্রের সাধারণ কর্তব্য—দান, অধ্যয়ন ও ইজ্যা (এটা ক্রমণ, ক্রের কর্তব্য—পূর্ববর্ণপরতন্ত্রা (অটা ক্র ব্যা) ও আমন্ত্রিক ক্রিয়া (মন্ত্রহীন যাগয়জ্ঞ করা)। বিভিন্ন আশ্রমের কর্তব্য,—ছাক্রজীবনে ব্রহ্মচর্য; গাহস্য জীবনে ভৃতয়জ্ঞ, মহুস্বয়জ্ঞ, দৈবয়জ্ঞ, পিতৃয়জ্ঞ; বাণপ্রস্তে বনগমন, যজ্ঞ, অতিথিসেবা প্রভৃতি এবং সন্ন্যাসজীবনে, যম, অহিংসা, সত্য, অন্তেয়, ঈশ্বর প্রণিধান। নিয়ম, আসন, প্রণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি ঈশ্বর প্রণিধানের উপায়।

নৈয়ায়িক জয়স্ত ভট্ট বলেন, কর্মে দান পরিত্রাণ পরিচারণ; বাক্যে সত্য, প্রিয়বচন, হিতবচন স্বাধ্যায় এবং মনে অস্পৃহা, অমুকম্পা ও পরলোক প্রদ্ধা জাগতিক কর্তব্য এবং পুণ্য কর্ম। হিংসা, স্তেয়, প্রতিপিণ্ডাচরণ অনৃত, পরুষবচন, স্ট্চনা, অসংবদ বচন, পরত্রোহ, পরত্রব্যাভিলাষ ও নাত্তিক্যাম্ধ্যান এই গুলি পাপকর্ম।

ভারতীয় দর্শন, নীতিবাদ, সমাজব্যবস্থার বিরুদ্ধে পাশ্চান্ত্য শিক্ষা-প্রভাবে, অর্থাৎ অহংচালিত ব্যক্তিবাদ এবং তার যুক্তিবাদ এবং জড়বাদের যে বৃদ্ধিগত প্রতিবাদ ১৯ শতক থেকে ভারতে সোচার হ'য়ে উঠেছে—তা বছ পুরাতন, খৃষ্ট পূর্ব চতুর্থ শতকের নান্তিকতাবাদ বা চার্বাকের লোকায়ত দর্শনেরই পুনরাবৃত্তি। জড়বাদী মাহুবের ইন্দ্রিয়াছ জগত থেকে আছত যুক্তিবাদ পাশ্চান্ত্যে হৃদয়কে বার বার অস্বীকার করেছে, অতীন্ত্রিয় জগতকেও উহ্ন রেথে স্বর্ণের সমবন্টন নিয়ে ব্যতিব্যস্ত হয়েছে। চার্বাকও বর্ণধর্ম ও আশ্রয়ধর্মকে শোরণের অন্ধ বলেছিলেন। (১৭৩) কিছু সে-যুগের ব্রহ্মবাদী অধ্যাত্মমানস ভারত সেকথা শোনেনি, লোকশ্রেয় ও লোকস্থিতির জল্পে তাঁকে সমাজজীবনে প্রবেশাধিকার দেয়নি। অহংবাদের নামে মধুম্থ ব্যক্তিস্বাতন্ত্র ও ব্যক্তিবাদকে তাঁরা সমাজ, লোকহিত ও লোকস্থিতির প্রয়োজনে অস্বীকার করেছেন। জড়বাদী ও যুক্তিবাদী পাশ্চান্ত্যের শিক্ষায় ব্যক্তিস্থাতন্ত্রা নতুন ক'রে মাথা তুলে দাঁড়িয়েছে এবং চার্বাকের কথাই আন্ধ পুনকক্ত হছে বারবার। আধ্যাত্মিক ভারতাত্মা নেমে এসেছে জড়জগতের ধুলায়। জড়বাদী পাশ্চান্ত্যের হিংসোন্তর আবর্তে তাকে আজ নিক্ষণায় ভাবে ঝাপ দিতে হয়েছে।

⁽১৭৩) (ক) নথগোঁ নাপবৰ্গো বা তৈবন্ধো পারলোকিক:।
নৈব বৰ্ণাভ্রমাদীনং ক্রিয়ান্ত ফললারিকা: ।

⁽ধ) অন্নো বেদত কভাবো ভও ধৃষ্ঠ নিশাচরা:।

অন্নিকোত্রং অন্নো বেদান্ত্রিদওং ভত্মগুঠনন্।
বৃদ্ধি পৌরস্বহীনানাং জীবিকা বাড় নির্মিতা।

সংস্কৃত সাহিত্যের ইতিহাস। ২ন ভাগ। হুনেশ বন্দ্যোপাধ্যার এবং নারারণ ভট্টাচার্ব—পঃ-২২৬

भाषाडा ३ श्राहा हिड

পাশ্চান্তা ও প্রাচ্য চিন্ত ভিন্ন, বিভিন্ন তার বিকাশের ইতিহাস। জীবনের দৃষ্টিভিন্ন জীবনের মৃল্যবোধ এবং তজ্জনিত সমাজ ও সংস্কৃতির গঠন প্রাচ্য ও পাশ্চান্তো মূলতঃ পৃথক। এই তৃইকে তুলনামূলক বিচার করলে দেখা যায়, পাশ্চান্তা দর্শন তথা চিন্ত জড়বাদী—Knowledge of facts (বস্তুতন্ত্ব) থেকে উদ্ভূত, এবং প্রাচ্য দর্শন চিন্ত, অধ্যাত্মতন্ত্ব তথা মূল্যায়ন কেন্দ্রিক (knowledge of values)।

পাশ্চান্তা দর্শনের ধারা প্রধানত: তুইটি—Sophlia (knowedge of values) এবং Scientia (knowledge of facts)। গ্রীক দশনের প্রতিষ্ঠাতা Thales of Miletus জলকে সৃষ্টির কারণ অনুমান করেন অর্থাৎ বস্তুতত্ত্ব থেকেই গ্রীক দর্শনের আরম্ভ। আইওনিয়ার দার্শনিকগণ স্বই এই পথের প্রিক। Anaximander থেকে Parmenidis ও Heracletus পর্যন্ত এনে এটা একটা বিমূর্ত তত্ত্ব জিজ্ঞাসা হ'য়ে দাঁড়ায়—ঘদিও তাদের মধ্যে সৃষ্টি ও প্রষ্টার পার্থক্য বর্তমান। ভারতীয় দর্শন, বিশেষত: বৌদ্ধ দর্শনের প্রভাবে Pythagoros থেকে তা অনেকটা অতীব্রিয় হ'য়ে ওঠে। (১৭৪) তাঁর পরে পুনরায় গ্রীকদর্শন আইওনিয়ার ধারায় প্রবাহিত হয়। পার্থকা শুধু এই—Empedoclus, Anaxagoros ও Atomist গণ পূৰ্বতন অবৈতবাৰ (Monism) থেকে বছম্বাৰে (Plularism) এসে পৌছান। Anaxagoros প্রথম Nous বা মনের কথা বলেন। Protagoros-এ এসে গ্রীক দর্শন প্রকৃতি থেকে মনে এসে কেন্দ্রীভূত হয়। তিনি বলেন,—"Man is the measure of all things" এই থেকেই গ্রীকদর্শন নৃতন দৃষ্টিভঙ্গি লাভ করে। এই সময় থেকে সমগ্র গ্রীক দর্শন মামুষ ও তার সমস্তা ঘিরে গ'ড়ে ওঠে—অর্থাৎ বিশ্বজাগতিক জীবন থেকে ব্যক্তিজীবনে কেন্দ্রীভূত হয়। প্রটাগোরাসের মাহম কেবলমাত্র রক্তমাংসের রিপু-চালিত মাহম। এর পরে সক্রেটিস এসে বললেন, বাহুবের সার্বজনীন উপাদানই (Universal element) দর্শনের বিচার্থ হওয়া উচিত। এখান থেকে গ্রীকদর্শন Love of Sophia হয়ে দাভায়। প্লেটো স্কেটিসের সার্বজনীনতা ও পিথাগোরসের শতীব্রিয়তাকে একীভূত করে তব্জানকে মন্তিছ, ও সঞা (intuition)-প্রস্ত বললেন। সেই জন্মেই প্লেটোর Idea of good কেবল মুক্তিবিভা নয় তা पछोल्दिश्राका वर्ते. यापि कात्र बर्पा अहे reason e intuition-अत्र प्रम तरव

⁽⁵⁹⁸⁾ In Pythagoros, Greek philosophy had also its first touch of mysticism which is acquired partly from Orphic cult and partly from its contact with Eastern, especially Indian philosophy, for there can be no doubt that Pythagoros was greatly influenced by Buddhism and other trend of Indian philosophy. Meeting of the East and West etc.—Dr. S. K. Moitra.—p. 19.

গেছে—সমন্বয় হয়নি। এ্যারিস্টটলই প্রথম জ্ঞানের মূল্যায়ন করেন উদ্দেশ্রবাদের সৃষ্টি ক'রে অর্থাৎ এই থেকেই মূল্যবোধের স্ফটি। তিনিই বিবর্তনবাদের স্রষ্টা।

পরবর্তী Stoics, Epicurians এবং Skeptics, দর্শনের তত্তীয় (Theoretical) দিকটা পরিহার ক'রে প্রয়োগজ (Practical) দিকটা গ্রহণ করেন। এই থেকে দর্শন তত্তকে ত্যাগ করে মুল্যায়নকে গ্রহণ করে এবং Plotinus জগতকে ত্যাগ ক'রে-পরম পুরুষকেই চরম মূল্য দেন। অতএব গ্রীকদর্শন Scientia থেকে আরম্ভ হলেও স্বর্ণযুগে Sophia-তে এসে পৌছয়। গ্রীকের পরে এল রোমকগ্রু তাদের সংস্কৃতি পৃথক, তাদের নিজেদের কোন দর্শন ছিল না। তারা নিক্লুষ জড়বাদী যোদ্ধা, সাম্রাজ্যবাদী, তারা-Scientia-কেই মূল্য দিল এবং তার ফলে আইন, রাজনীতি এবং প্রয়োগজ বিজ্ঞানই উন্নততর হল। রোম দায়াক্য ধ্বংদের পর Sophia-র পুনজীবন উচিত ছিল কিন্তু গোড়া খুগ্রান ধর্মের প্রভুত্বে উভয়েরই লোপ হয়। দর্শন নৃতন জীবন পায় রেনেসাঁ থেকে। Descartes-এর "Cogito ergo Sum" (১৭৫)-এর মধ্যে মাহুষ তার নষ্ট আত্মাকে খুঁজে পায়—তিনিই নব্যদর্শনের জনক। তিনি পরম পুরুষের অন্তিত্ব স্বীকার করলেও তাঁর মধ্যে দেহ ও মনের ঘদ গড়ে ওঠে। Spinoza তাঁর এই বৈতবাদ থেকে অতীক্সিয়বাছে গিরে এই ছন্তের সমাধান করতে চেটা করেন—যদিও এটা প্রাচ্যের দান (১৭৬)। তাঁর Scientia Intuitiva এবং Intellectual Love of God কার্টেনীয় ছল্মের সামঞ্জ করে। কিন্তু দে ক্ষণিক, John Locke-এর প্রয়োগিক দর্শন, David Hume-अत्र मत्मश्वारम अत्म माँ एवं । Leibniz-अत्र किছुট। পরিবর্তন হলেও ব্যক্তির উপরে অত্যধিক প্রাধান্ত আরোপ করায় সার্বজনীনতাকে থর্ব ক'রে ফেলে। পাশ্চান্তা দর্শনে আঞ্চও এই Sophia ও Scientia-র সংগ্রাম চলেছে। বস্ততঃ বিজ্ঞান ও দর্শন পারস্পরিক প্রভাবে আজ দিশাহার। বিজ্ঞানের জয়ে যারা আত্মহারা তাঁরা ১৮।১৯ শতকের জার্মানীর আশাবাদী দর্শনকে উপেক্ষা করেন। আজ বিজ্ঞানের অবিমুখ্যকারিতাকে প্রতিহত করতে দর্শনের পুণ রুজ্জীবন প্রয়োজন।

এর পরে Kant বললেন,—Priori অর্থাৎ বস্তুজ্ঞান বস্তুর অতীত চেতনা ব্যতীত সম্ভব নয়। তিনি দেখালেন Hume-এর দর্শন ধ্বংসকরী—বিজ্ঞান এবং অধিবিছা (Metaphysics) উভয়েরই। তিনি বললেন, নৈতিক জ্ঞান বস্তুজ্ঞান ছারা সম্ভব নয়, বিখাস ও ভক্তিছারাই সম্ভব, কারণ যুক্তি ছারা সম্যক্জ্ঞান লাভ হয় না, কিছু জ্ঞানকে তিনি জাগতিক যুক্তি-বিজ্ঞানের মধ্যেই সীমাবদ্ধ রাধলেন। বললেন,—জাগতিক জ্ঞান থেকেই তত্মজ্ঞানে পৌছান হায়। প্রকৃত তত্ত্ব যুক্তি-বিজ্ঞানের অতীত কিছু নিয়তর জ্ঞানের সক্ষে এই অতি-মানবীর জ্ঞানের একটা

^{(398) (}I think, therefore I am)

⁽১৭৬) Spinoza, the greatest of these escaped the cartesian dualism through his mysticism which was his oriental heritage. Ibid—Dr. S. K. Moitra—p. 23.

বোগাযোগ থাকে। Hegel-এর Rationalism-এর বিক্ষে প্রথম বিলোহ করেন সোফেন হাওয়ার। প্রকৃত মৃল্যবোধের কটিপাথরে পরথ করতে হেগেলের যুক্তিবাল মূল্যহীন হ'রে গেল। এই যুক্তিবালী দর্শন ও মূল্যায়নকেন্দ্রিক দর্শনে বথন বিরোধ চলছিল তথন বিজ্ঞান ধীরে ধীরে তার উদ্ধৃত মাধা তুলে দাঁড়িয়েছে। বছতর বৈজ্ঞানিক আবিদ্ধার হল, পলার্থবিত্যা-জীববিত্যার বথেট উন্ধৃতি হল, তার ফলে বিজ্ঞানভিত্তিক দর্শনের উদ্ভব হল। John Stuart Mill-এর বস্তুকেন্দ্রিক দর্শনকে প্রতিষ্ঠা দিল। বৈজ্ঞানিক বিবর্তনবাদেরও প্রতিষ্ঠা হল, বিজ্ঞানের এই জন্মবাজার সঙ্গে সকলে পাশ্চান্ত্য দর্শন মন্তিদ্ধাত যুক্তিবাদে পরিণত হল। পাশ্চান্ত্য দর্শন কোনদিনই প্রয়োগজ ছিল না, এবং তা হলও না; তা তত্ত্বীয় হ'য়ে পুত্তকের কারাগারেই রয়ে গেল। (১৭৭) অর্থনীতির চাপে সমাজবিত্যায় পরিণত হল মানবীয় তত্ত্ব।

পাশ্চান্ত্য দর্শনের এই অক্ষম ও সংক্ষিপ্ত ইতিহাসের মধ্যে কয়েকটি বৈশিষ্ট্য স্বন্দাই:

(২) প্রথমত: তথার হরেই ছিল কোনদিন প্রয়োগজ ছিল না—ভারতীর দর্শনের মত ব্যক্তি, সমাজ, ধর্ম, সাংস্কৃতিক জীবনকে নিয়ান্ত্রত করেনি। (২) জড়-জগতের স্থ-তৃঃথবাদী (existential) অন্তুভিমূলক বা মূল্যমান মূলক্ axiological) হয়নি। (৬) যুক্তিবাদী ও বুদ্ধেবাদী কিছু অধ্যাত্মবাদী নয়।
(৪) সার্বজনীন, কিছু ব্যক্তিকেন্দ্রিক নয়। (৫) বিবর্তনবাদে বিখাসী, শ্বির সত্যে (static constancy) বিখাসী নয়।

ভারতীয় দর্শনের মূল ভাব মূল্যবোধকেন্দ্রিক (value centric), তার অর্থ সন্তাকে (Reality) তাঁরা কেবলমাত্র অন্তিত্ব (Existence) ব'লে স্থীনার করেননি, তাকে মূল্য বলে গ্রহণ করেছেন। বৃহদারণ্যক উপনিবদে যাজ্ঞবন্ধ্য যথন সন্ম্যাস জীবনের জন্ম গৃহাশ্রম ত্যাগ করবেন মনস্থ করলেন তথন তাঁর সমস্ত জাগতিক সম্পদ মৈত্রেয়া ও কাত্যায়নী হুই পত্নীকে ভাগ ক'রে দিতে চাইলেন। তথন মৈত্রেয়া বললেন,—যা আমাকে অমরত্ব দেয় না, তা দিয়ে কা করব? অর্থাৎ মমরত্ব বা কৈবলাই একমাত্র বস্ত যার মূল্য আছে, আর বাহ্ম সবই অলীক। হন্দ্যোগ্য উপনিবদে যথন নারদ সন্তক্ষারের নিকট বললেন যে, তিনি যা শিথেছেন

নাষমাত্র, সে জ্ঞানে তৃপ্তি আসে না। সন্ৎকুষার তাঁকে জীবনের প্রকৃত মূল্যায়ন সম্বন্ধে উপদেশ দিলেন—যা তাঁকে চির আনন্দলোকে নিয়ে বাবে। মানব-বিনের সর্বকর্ষ-জ্ঞান-চিস্তা-ভক্তি-ধর্ম সবই ব্রহ্মজ্ঞান লাভ ও অমৃতত্ব লাভের জন্ম—

that owing to the excessive growth of intellectualistic element in it, which omanticism could not subdue, it has become predominantly logical and also account of the influence of science it has become existential or factual. But has been able to maintain its dynamic character. Its outlook was never ractical except for a brief period in Greek philosophy and in very recent years a pragmatism and some forms of philosophy of values.—Ibid—p. 29.

ষা পাওয়ার অতীত আর কোন পাওয়া নেই। ভারতীয় দর্শনের বৈশিষ্ট্য এই প্রকৃত মুল্যায়ন।

গীতার জ্ঞান-কর্ম-ভক্তি-বোগ-সবেরই উদ্দেশ্য এক,— কৈবল্যলাভ। এই চর্ম সম্পদলাভই চরম পাওয়া,—জ্ঞান-কর্ম-ভক্তি তিনটি ভিন্ন পথ মাত্র। ভারতীয় দর্শনের সমন্ত শাথা-প্রশাথা, এমন কি বৌদ্ধ-কৈন দর্শনেও এই মূল্য বা পরম সত্যকে খুঁজেছে। চার্বাকদর্শন ভারতীয় জীবনকে কোনদিনই প্রভাবান্বিত করতে পারেনি। এক চার্বাকদর্শন ব্যতীত সকল দর্শনই সন্থাকে অন্তিম্ব বলে মনে করেনি, মূল্য বলে মনে করেছে। এই প্রকৃত মূল্যায়নই ভারতীয় দর্শনের মূল ভিত্তি। (১৭৮) ভারতীয় দর্শনে পরম সত্যকে সচিদানন্দ রূপে প্রতিষ্ঠাই তার শ্রেষ্ঠ দান। পাশ্চান্ত্য দর্শনিকগণ জাগতিক জীবনের যুক্তিগ্রাহ্ম তব্বেরই মূল্যায়ন করেছেন কিন্তু তার উর্দ্বে তারা যাননি, কিন্তু ভারতীয় দর্শন তার উর্দ্বে এক আনন্দময় জগতের সন্ধান দিয়েছে। সমগ্র প্রাচীন সংস্কৃত সাহিত্যে এই মূল্যবোধ ভাকে পাশ্চান্ত্য সাহিত্য থেকে পৃথক ক'রে রেধেছে—তার মূল্যায়ন হয়েছে চরিত্র (ব্যক্তি) স্টির মাপকাঠিতে নয়, তার হাদ্যায়ভূতির প্রবল্ভা ও পেলবতা দিয়ে।

ভারতীয় দর্শনের এই সচিদানন্দের আদর্শবাদ উপনিষদের মৃগের—ঋবিগণের অফুভূত সতা। বৃহদারণাক (৩।৯.২৪) উপনিষদে বলা হয়েছে বিজ্ঞানম্ আনন্দম্ ব্রহ্ম; তৈভিরীয় (২।১) উপনিষদে বলা হয়েছে সত্যম্ জ্ঞানম্ অনন্তম্। সত্যম্

সন্তা সম্বন্ধে এই মৃল্যায়নের জন্মই ভারতীয় দর্শনে Theoretical ও Practical-এর পার্থক্য কিছু নেই—অবশ্র প্রাচ্যে ও পাশ্চান্ত্যে এ চুইটি কথার অর্থ এক নয়; পাশ্চান্ত্যে প্রয়োগজ বলতে বোঝায় যা জাগতিক জীবনে মুখসজ্ঞোগ বা উন্নতি করতে সহায়তা করে। ভারতীয় দর্শন এ অর্থে কথাটির প্রয়োগ ম্বণ্য মনে করেছে। ভারতের অর্থ যা আমাদের আনন্দময় ব্রহ্মজ্ঞানে পৌছে দেয় তাই প্রয়োগ। এই পার্থক্য বিভিন্ন মূল্যবোধ হেতু—পাশ্চান্ত্য যাকে মূল্য দিয়েছে, ভারত তাকে মূল্য দেয়নি। (১৭৯) ভারতের ধারণা অনেকটা সীমিত কারণ তা ব্যক্তিগত, সার্বজনীন নয়। তার কৈবল্য ও মৃক্তি ব্যক্তির, বিশের নয়। একথাও সম্পূর্ণ গ্রহণযোগ্য নয় কারণ বৃদ্ধ বলেছেন, জগতের মৃক্তি না হলে তিনি মৃক্তি চান না। উপনিবদেও এই জগত-মৃক্তির কথা আছে। ঈষোপনিবদে

⁽³⁹v) The different systems no doubt differ widely as to what constitutes the chief value but except in the case of Charvaka which does not seem to have affected much the main currents of Indian thought, they all agree that for philosophy Reality is not mere existence but Value, and that the chief concern of philosophy is to discover the ultimate value. Ibid—p. 6.

⁽১৭৯) The practical means in the West as the same as pragmatic, that is to say, what enables a man to be effective to succeed, to prosper in the world deveryday life. Indian philosophy has a contempt for the practical in this sense. For it the practical means that which helps man to attain his supreme end bis final goal. Ibid—p. 11.

(১৫) জগত-মৃক্তির জন্ত ভগবানকে সভ্যের আবরণ উল্লোচন করতে প্রার্থনা করা হছে। তাছাড়া অবৈত বেদান্তেও "এক মৃক্তো সর্বমৃক্তিং" বলা হয়েছে, ব্যক্তি পূর্ণতা লাভ করবে। ধর্মও ব্যক্তির পূর্ণতা চেয়েছে তাই িএবং দর্শনে ভারতে বিরোধ হয়নি, ধর্ম কথনও দর্শনের প্রভাবকে নল্ভাৎ করেনি। কিন্তু পাশ্চান্তো এ বিরোধ সক্রিয় হ'য়ে উঠেছে কারণ ধর্ম দর্শনকে কুক্ষিগত করতে চেয়েছে। তার ফলে ধর্ম, দর্শন ও বিজ্ঞান সামঞ্জ্ঞ রক্ষা করতে পারেনি। (১৮০) কৃষ্টি ও জন্মান্তর্বাদে বিশ্বাস ভারত-অন্তরকে বিবর্তনবাদী ক'রে বিজ্ঞাহী কারে ভোলেনি।

ধর্ম, দর্শন, সাহিত্যের প্রভাবেই মানব-চিন্ত বিকশিত হোক, আর চিন্তবৃত্তির প্রতিছ্ববিই দর্শন-সাহিত্য হোক্, প্রাচীন ভারত-চিন্ত এবং গ্রীস-রোমের চিন্ত যে এক নয়, একথা এই স্বল্প ইতিহাসেই স্কুপষ্ট। এই ভিন্নতার প্রধান কারণ, পাশ্চান্ত্যে দর্শন কেবলমাত্র তন্ত্ব হ'রেই ছিল—পুঁথির প্রাচীরে বন্দী হ'রে ছিল মনের জিজ্ঞাসা। কিন্তু ভারতে ধর্ম-দর্শন সমাজব্যবস্থার মধ্যে ব্যক্তিজীবনকে, জনচিন্তকে, সমাজভীবনকে নিয়ন্ত্রিত করেছে—তার শিক্ষাকে সঞ্চারিত করেছে মানব-সমাজের সমন্ত শিরা-উপশিরায়। ভিন্ন মূল্যবোধহেত্ জনচিত্তকে জড়জগত থেকে মৃক্ত ক'রে অধ্যাত্মবালী ক'রে দিয়েছে। ভারতীয় সমাজজীবন বর্গজ্ঞিন চতুরাশ্রমে বাধা, নিজাম হর্ম, ধর্মপালনই সেধানে কাম্যকর্ম, ধর্মজীবনের জক্তই ব্যক্তিজীবন গ'ড়ে উঠেছে—জীবনের মূল্যকে ভারত অক্য এককে পরিমাপ করেছে।

জীবনের দৃষ্টিভঙ্গির পার্থকাহেতু জীবনের মৃল্যাবোধ ও জাগতিক জীবনের মৃল্যায়নও ভারত ও পাশ্চান্তো পৃথক। পাশ্চান্তো মাহ্বের জীবনের চাওয়া-পাওয়া চজীবনকে ঘিরে, জড়জীবনের হ্বথ-হু:খই তার জীবনকে নিয়ন্তিত করেছে। মাহ্বৰ তার অহং নিয়ে শতস্ত্র ব্যক্তি হিসাবে জগতে মাথা তুলে দাঁড়িয়েছে,—
মধ্যায়াজীবন তার কাছে মৃল্যহীন হ'য়ে দাঁড়িয়েছে। জাগতিক জীবনের হ্বথ-ছু:খ
জীবনের মাপকাঠি হওয়ায় তা হয়েছে জড়বাদী, বল্ধকেল্রিক। ভারত জাগতিক-জীবন, জড়জীবনের উধ্বেশ একটা আনন্দময় জগতকে খুঁজেছে,—সচিদানন্দ, কৈবল্য বা মৃক্তি চেয়েছে কারণ তাই তার কাছে চরম পাওয়া। অতীক্রিয় জগতের এই পাওয়া জড়জীবনের পাওয়াকে তৃক্ত ক'রে দিয়েছে তার কাছে। জৈবিক জীবনের ম্বং-ছু:খ মৃল্যহীন হ'য়ে পড়েছে তার কাছে,—অহং আর ব্যক্তি মন্ত্রশান্ত ভ্রমেশত বাধা নীচু ক'রে রয়েছে জড়জীবনে। পাশ্চান্তা চেয়েছে জৈবিক জড়জীবনের

নন্দ, ভারত চেরেছে তুরীয় আনন্দ।

⁽²⁰⁰⁾ The unfortunate conflict between the two in the West is due to the act that religion wanted to be all in all, that it not only laid down what values here to be persued but even what facts were to be accepted as true. This laturally brought religion not only into conflict with philosophy but also with tience. Ibid—S. K. Moitra—p. 14.

তৃরীয় আনন্দ যুক্তিগ্রাহ্থ নয়, অহুভৃতিগ্রাহ্থ। পাশ্চান্তা বেখানে যুক্তি দিয়ে বৃদ্ধি দিয়ে বিশ্লেষণ করেছে, সমাজজীবনকে ও ব্যক্তিকে দেখেছে ইন্দ্রিয়াহুভ্ত বিচারশক্তি দিয়ে, ভারত সেখানে দেখেছে তার হৃদয় দিয়ে। পাশ্চান্তা হয়েছে existential এবং ভারত হয়েছে axiological.

যুক্তি দিয়ে বিচার ক'রে দেখেছে বলেই পাশ্চান্ত্য হয়েছে যুক্তিবাদী, বুদ্ধিবাদী, আধ্যাত্মিক জীবন থেকে হয়েছে সে বঞ্চিত। ভারত এই বুদ্ধিবৃত্তিকে অবিহ্য। বলে ত্যাগ ক'রে পরাবিহ্যার্জন করতে চেয়েছে—তাই তার সমগ্র জীবন ঘিরে আধ্যাত্মিকতার আলো তাকে পথ দেখিয়েছে—ভারত হৃদয়ের আলোয় পথ চলেছে।

পাশ্চান্তা বৃদ্ধিগতভাবে সমগ্র জনজীবনের, মানব-সমাজের কথা ভেবেছে, ভারত ভেবেছে ব্যক্তির পূর্ণতার কথা, কারণ, 'একমৃক্তে সর্বমৃক্তিং'। আশাবাদী পাশ্চান্তা মাহুষের বিবর্তনে বিখাসী, বিবর্তনের মাঝে সে পূর্ণতা লাভ করবে কিছ ভারত জগতকে দেখেছে গতিহীন পরমপুরুষের সৃষ্টি হিসাবে। মূলীভূত এই পার্থকাহেতু পার্চান্তাের ব্যক্তি-সমাজ-পরিবার, ব্যক্তির সঙ্গে ব্যক্তির ও সমাজের ষা সম্পর্ক ভারতে তা নয়। ভারতে রাজা নমস্ত হয়নি, ভিখারী রাহ্মণ নমস্ত হয়েছিল চিরদিন। পাশ্চান্ত্যের বিবাহ জৈবিক ক্বত্য, হিন্দুর বিবাহ ধর্মক্বত্য,— ভারতের সাহিত্যে ও জীবনে তাই নারীপ্রেম জৈবিক প্রেম নয়, তা দেহাতীত এক অফুভতি। ভারতের মা নারী নয় দেবী, পিতা দেবতা, ভ্রাতা-ভগ্নী সবই এক নিবিড় নি: चার্থ বন্ধনে বাঁধা। বিভাসাগরের মত ব্যক্তিও বিধবা বিবাহ প্রচলন করতে পারেননি। কোন হিন্দু তার মা পুনরায় বিবাহ করতে পারেন একথা ভাবতে বিজ্যোহ করে, যেহেতু নারী-পুরুষের সম্পর্ককে ভারত জৈবিক প্রয়োজন বলে ভারতে শেখেনি। ভারতীয় সমাজ ব্যক্তির সমাজ নয়, পরিবার ব্যক্তির সমষ্টি নয়, তা ব্দহংমুক্ত একটা অধ্যাত্ম পরিবেশ। সমাজ, পরিবার, জীবন, প্রীতি ও নৈকট্যে বছ সম্ব্রবিশিষ্ট, সামগ্রিক-মানবপশুর অহং সেখানে ব্যক্তিস্বাতন্ত্রের নামে সংঘাত স্ষ্টি করেনি। অহং অধ্যাত্মশিক্ষার কাছে নতমন্তকে অপরাধী হ'য়ে ছিল।

ভারতীয় প্রাচীন সাহিত্য তাই অহংপূর্ণ মান্নবের মানবতাবোধপ্রস্ত নয়। জগতিক জীবনে ব্যক্তিসংঘাতজনিত আঅবিশ্লেষণও নয়,—সমগ্র প্রাচীন সাহিত্যে একটি চরিত্রও স্বতন্ত ব্যক্তি হিসাবে প্রতিভাত হয়নি, realistic সাহিত্যও গ'ড়ে ওঠেনি। বৃদ্ধিজীবী ব্যক্তির আশ্রম সেধানে নেই,—সেধানে মানব-ছদম্বের মহন্তম, স্ক্রতম, পেলবতম অহুভৃতির প্রকাশ হয়েছে জীবনের ঘটনাপ্রবাহে। প্রাচীন সংস্কৃত সাহিত্য তাই মূলতঃ dedactic—হিতউদ্দেশ্বমূলক। ব্যক্তি-ছদম্বের দক্ষ, চিন্তবিকার, মনোবিকারের ঘন্দ ব্যতীত বান্তবধর্মী সাহিত্য গ'ড়ে ওঠে না কিছ্ক ভারতীয় চিন্তে এ ঘন্দ প্রবান। জন্মন্তব্রবাদে বিশাস, তুরীয় আনন্দ কামনা ও অধ্যাত্মবাদ ব্যক্তির অহংকে জড়জগতের সঙ্গে সংঘাতের হাত থেকে নিছ্নতি দিয়েছে—চিন্তবিকারের আশ্রম অন্তন্তঃ সাহিত্যে জোটেনি। মনন্তত্ত্বের দিক থেকে

চিত্তবিকারের হেতৃ অবদ্যতি ইচ্ছা—অপূর্ণ কাষনা নিজ্ঞান মনে ব্যাধির স্টে করে।
ইক্রিরাহুগত মাহবের জীবনে এই অপূর্ণতা অবশুভাবী, তাই চিত্তবিকারও
অবশুভাবী কিন্তু বেখানে মাহবের সাধনা ইক্রিরগত জগতের উধের্ব সফিদানন্দ লাভ
সেথানে এই চিত্তবিকার খুব প্রবল বা প্রচুর হওয়ার সন্তাবনা থাকে না। কাজেই
ব্যক্তিসংঘাতজনিত বাত্তবধর্মী সাহিত্য গ'ড়ে ওঠা প্রাচীন ভারতে আভাবিক
ছিল না। গ্রীক সাহিত্যে ইউরিপিভিসের মধ্যে Media ও Phædra চরিত্রে এই
ব্যক্তিসংঘাতকে আমরা দেখেছি কিন্তু এই সংঘাত প্রাচীন ভারতের সমাজে বা
ব্যক্তিচরিত্রে সন্তব ছিল না। ভারতীয় জীবন ও সমাজ নিঃজ্ঞান মনের প্রাচীর
ভেলে জীবনকে আধীনভাবে নিয়ে যেতে চেয়েছে, তাই নিজ্ঞান মনের বাধা ভারতে
ফুর্লজ্মা হ'য়ে ওঠেনি। ভারতের হৃদয় নিজ্ঞান মনের প্রাচীরে বন্দী হ'য়ে থাকেনি।
তার মনোবিকার ব্যাধিতে পরিণত হয়নি। জাগতিক জীবনের পাওয়া না-পাওয়ার
ফুংখ তাকে বিলোহী ক'রে তুলতে পারেনি—য়ি বিজ্ঞাহ দেখা দিয়েও থাকে সংসাহিত্যে তার স্থান হয়নি। তার সমাক কারণ, দর্শন পাশ্চান্তোর মত কেবল তত্ত্বীয়
হ'য়ে ছিল না, জনজীবনকে নিয়ন্তিত করেছিল—প্রেটোর কল্পিত 'শ্রেণীবিভাগ হিন্দু
দর্শন বর্ণাপ্রমের মধ্যে রূপান্থিত করেছিল, ধর্মীয় অমুষ্ঠান ও শম দম প্রভৃতি অইবিধ
যোগাচার জীবনে অবশ্র পালনীয় হয়েছিল।

ভারতীয় দর্শনের বিরুদ্ধে যে তৃঃখবাদের অভিযোগ রয়েছে তা তৃঃখবাদ বললে ভূল করা হবে, যেহেতৃ জীবনের মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি এখানে স্বভন্ত । উপনিবদে জাগতিক জীবনের প্রয়োজনকে অস্থীকার করা হয়নি, ভবে সেই পাওয়াটাই শ্রেষ্ঠ পাওয়া নয়, সেইটাই জীবনের চরম মূল্য নয় । ভারতের ত্যাগ-ধর্ম তৃঃখবাদী নয় তা বৃহত্তর জগতে তৃরীয় আশাবাদী । পাশ্চান্ত্যে জাগতিক জীবনের পাওনাকে শ্রেষ্ঠ পাওয়া মনে করায়, ব্যক্তিজীবনে সংঘাত বেধেছে নানাভাবে, দেহে-মনে, ব্যক্তিতে-ব্যক্তিতে, ব্যক্তিতে-সমাজে, ব্যক্তিতে-পরিবেশে, মৃন্তিকে ও হৃদয়ে, কিছ ভারতে জীবনের মূল্যায়নের পার্থক্যহেতৃ এই সংঘাত এমন প্রবল প্রথম ও প্রচূর হ'য়ে ওঠেনি । প্রাচীন সংস্কৃত সাহিত্যের রূপ ও রুস গ্রীক মহাকাব্য, ট্যাজেভি ও লাটিন সাহিত্য থেকে পৃথক । 'তমসো মা জ্যোভির্গময়ং' যেখানে মূল প্রেরণা সেখানে তমসাকে কেন্দ্র ক'রে সাহিত্য গ'ড়ে ওঠা স্বাভাবিক নয় ।

ভালমন্দের কথা বাদ দিয়ে একথা বলা যায় যে চিত্তবিকাশের এই পার্থক্যহেতৃ ভারতের পরিবার, সমাজ, বিবাহ, ধর্ম, কর্ম, হুখ, চুঃখ পারস্পরিক সম্পর্ক প্রভৃতির অর্থণ পৃথক এবং ভারতের ইতিহাসও পৃথক। ভারত যথন খ্যাম-ক্ষোজে, বরভৃধরে তার উপনিবেশ ছাপন করেছিল তখন দিয়ে আর নিয়ে, মিলায়ে মিলিয়ে একীভৃত হ'য়ে গিয়েছিল বিজিতের সঙ্গে; কিন্তু পাশ্চান্তা যথন আমেরিকা বা অট্টেলিয়ায় উপনিবেশ ছাপন করেছিল সেদিন তার অহংএর স্পর্ধা সমন্ত আদিবাসীকে নিশ্চিক্
ক'রে স্বাধিকার প্রতিষ্ঠা করেছিল। অইম এডোয়ার্ড যথন মিসেস্ সিম্সনের জন্ম
সিংহাসন ত্যাগ করেন তখন পাশ্চান্তা নারীপ্রেষের জন্মধনিতে মুখর হ'য়ে উঠেছিল,

কিন্ত ভারতের বহুজন তাতে যোগ দেয়নি,—তারা প্রজান্থর#নের জন্ম জানকী বিসর্জনের জন্মধনি দিয়েছে চিরদিন।

ভারত-চিত্ত প্রধানতঃ অমুস্থৃতিপ্রবণ, পাশ্চান্তা-চিত্ত যুক্তিপ্রবণ। ভারতে ক্ষমবৃত্তি প্রসারতা লাভ ক'রে কোমল ও স্পর্শকাতর হ'য়ে উঠেছে। পাশ্চান্ত্যে মতিছবৃত্তি ক্ষ্রিত হ'যে তাকে ব্যক্তিত্ব ও ব্যক্তিত্বাত দিয়েছে। পাশ্চান্ত্যে তাই ক্ষমের ও মন্তিক্ষে ক্ষ বেধেছে। ভারতীয় সাহিত্যে এ হন্দ প্রকট হয়নি। ইন্দ্রিয়-গ্রাহ্ম জগতের যুক্তিজাল ভারতীয় হাদয়ের প্রসারতাকে সঙ্ক্ষ্চিত করতে পারেনি—তাই ভারতের মা, স্ত্রী, প্রবার, সমাজ-সংস্কারের চেহারা আলাদা। ইংরাজ মুগে সওদাগরী অফিসের কেরানী মায়ের অম্থ-সংবাদে ছুটি পেতেন না, কিছ স্ত্রীর অম্থ-সংবাদে ছুটি পেতেন—এই ঘটনা ভারতে অত্যন্ত হাম্যকর হ'য়েই আছে।

कीवनवर्गन, कीवनदांध তथा कीवतनत्र প্রতি দৃষ্টিভঙ্গি **रि**थातन পুথক সেখানে সাহিত্যের গতি-প্রকৃতির বিভিন্নতা অনিবার্ষ। গ্রীক মহাকাব্যে হোমরের হেক্টর, এ্যাকিলিস্, আর্পনার শৌর্ধ বীর্ধ ত্যাগ মহত্ব নিয়ে স্বতন্ত্র ব্যক্তিরূপে বড় হ'য়ে উঠেছে কিছ ভারতের রাম, লক্ষণ, সীতা, অন্ত্র, কর্ণ শৌর্য বীর্য ত্যাগ মহত্ত্বের আদর্শ হ'রেও স্বতম্ব ব্যক্তি হিসাবে গ'ড়ে ওঠেনি—তাদের জীবনের মধ্যে হৃদয় কত উদার, কত মহৎ হতে পারে, মানবের অমুভূতি কত স্ক্র, কত গভীর হতে পারে তারই যেন একটা চরম উৎকর্মতা চলেছে দার্বজনীন ত্যাগ-ধর্মকে কেন্দ্র ক'রে, তাই তাদের মানবীয় চরিতা নরদেবতায় পরিণত হয়েছে। রামচন্দ্রের বনগমনকালে হৃদয়ের কাছে মন্তিম পরাভূত হয়েছে। সত্যবাক লোণ অজুনিকে যুদ্ধে জয়ী হও বলে আশীর্বাদ করেছিলেন--সেখানেও হৃদয়ের প্রশ্নই বড হ'য়ে উঠেছে। ইউরিপিডিসের Phædra চরিত্তের মত শীতাচরিত্র যদি লক্ষণ বা অন্ত কোনও পুরুষের প্রতি আরুষ্ট হ'বে অন্তর্থক সৃষ্টি করত তা হ'লে তা ভারতীয় সমাজে, ঋষিক্বির কলমে গ্রহণযোগ্যই হত না, সে রামায়ণ ভারতভূমিতে বেঁচে থাকত না। সার্বজনীন এই ত্যাগবৃত্তি, বৃদয়বৃত্তিই ভারতীয় জীবনবোধের প্রতীক—তাই বান্তব সাহিত্য ও ব্যক্তিচরিত্র প্রাচীন সংস্কৃত সাহিত্যে বিরল—এই বিরলতাই ইউরোপীয় সাহিত্য থেকে তাকে পৃথক ক'রে রেখেছে। পাশ্চান্তা মন ও মন্তিছ নিয়ে ভারতের এই হ্বদয়বিচার তাই অসম্পূর্ণ থেকে গেছে।

प्रश्कुल प्राहिला

ভারতীয় আর্বগণের সমগ্র ধর্মণান্ত প্রাচীন বৈদিক ভাষায় কোধা হয়েছিল, যদিও এই বৈদিক ভাষায় বিভিন্ন তার আছে, এবং তা ভাষার গঠন ও রীতির মধ্যে সম্পর্ট। প্রাচীন সংস্কৃত সাহিত্যকে প্রধানতঃ বৈদিক ও Classical (চিরস্কনী) সাহিত্যে ভাগ করা হয়। বৈদিক সাহিত্যেব পরে সংস্কৃত সাহিত্য ভার অকীয় রূপ গ্রহণ করে। তথন তার ব্যাকরণ, শব্দসন্তার, হল, লিখনশৈলী পৃথক ও পৃষ্ট হ'য়ে উঠেছে। ভাব ও বস্তুতেও (Matter and spirit) অকীয়তা আর্জন করেছে। বৈদিক ধর্মণান্ত্রে যে ধর্মীয় ভাবধারা রয়েছে তারও পরিবর্তন ঘটেছে মহাকাব্যের যুগে। তথন বৈদিক প্রকৃতি পূজা থেকে ধর্মতত্ত্ব ব্রহ্মজ্ঞানে পৌছেছে, বিষ্ণু ও শিব্দ ভগবানরূপে গৃহীত হয়েছেন এবং নৃতন আরও দেবদেবীর আবির্ভাব হয়েছে এবং বৈদিক দেবদেবী ধীরে ধীরে অপস্তত হয়েছেন। সংস্কৃত সাহিত্য তথন কর্মযোগ ও জন্মান্তরবাদের প্রভাবে কিছুটা জ্বখনাদী হ'য়ে উঠেছে। বৈদিক সাহিত্যের সর্বতা গিয়ে অলৌকিকত্ব ও অভিরঞ্জনে তথন সাহিত্য কিছুটা কৃত্রিম হ'য়ে উঠেছে। এই যুগের স্পষ্টি রামায়ণ ও মহাভারত।

রামায়ণের গল্প কুশাকারে এবং রূপান্তরে লোকগাথা হিসাবে প্রচলিত ছিল।
সেই কুণ্ড লোকগাথাকে আদিকবি বালাকি কাব্যরূপ দান করেন। রামায়ণ
মহাভারত ও পুরাণ বৈদিক যুগের পুরাতন লোকগাথা থেকেই উভুত। রামায়ণ
বহু যুগ ধ'রে মানব-চিত্ত ও কাব্যসাহিত্যকে প্রভাবিত করেছে, এবং যুগে যুগে তাতে
সংযোজন হয়েছে। রামায়ণ তিনটি বিশেষ পাঠে সংরক্ষিত, পশ্চিম ভারতীয়, বোশাই
ও বঙ্গদেশীয়। এদের মধ্যে বোখাই-এর পাঠই প্রাচীনতম। রামায়ণ এক সময়ে লিখিত
হয়নি, প্রথম কাণ্ড ও সপ্তম কাণ্ড পরে লেখা এবং সংযোজন। প্রথম ও সপ্তম কাণ্ডে
রামকে দেবতারণে চিত্রিত করা হয়েছে, কিন্তু মধ্যের পাঁচথণ্ডে তিনি নর-দেবতা।

রাষায়ণ মহাকাব্য সর্বাপেক্ষা লোকপ্রিয় সন্ধীত, সমগ্র ভারতীয় জীবন ও চিত্তকে সহস্র বৎসর ধ'রে প্রভাবিত করেছে। রামচক্র আদর্শ মানব, সীতা আদর্শ নারী—এই আদর্শ নরনারী ও এই হৃদয়োৎসারিত করুণার্গ্র কাব্যকাহিনী জাতীয় জীবন, চরিত্র, পরিবার ও সাহিত্যে অক্ষয় প্রভাব রেখে গেছে। অখ ঘোষের 'বৃদ্ধচরিত' থেকে আরম্ভ ক'রে ভটি-ভবভৃতি পর্যন্ত রামায়ণের অমোঘ প্রভাব বয়ে গেছে। বর্তমান মৃগ পর্যন্ত এর প্রভাব ভারতীয় জীবনে কন্তবারার মত প্রবাহিত। দশরথ জাতকের গল্পেও রামসীতার গল্প পাওয়া যায় কিন্তু সেখানে তাঁরা ভাই-বোন। পাশ্চান্তা পণ্ডিতগণের তু'একজন (Dr. Weber) রামারণে গ্রীক প্রভাব আবিকার করেছেন কিন্তু প্রক্রিপ্ত 'ঘ্রন' শক্ষটির উপর নির্ভর ক'রে এ অহমান অব্যক্তিক । ভবে রামায়ণ প্র: পুঃ ধম শতকের একথা বলা বার। (১৮১)

⁽১৮১) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে কবি ও কাব্যের সমর নিরে তর্ক এত কটিল বে তা সমরে সমরে ৫০০।৭০০ বৎসর তঞ্চাৎ হ'রে গেছে—বর্তমান এছে তা অপ্রাসন্ধিক বলে পরিত্যক্ত হরেছে। Dr. V. Varadachari কৃত A History of Sanskrit Literature (p. 35-36) এর এই সমর বর্তমান লেবকের কাছে অসমীচীন মনে হয় লা।

ষ্ঠানাত রামায়ণের মত একটিমাত্র কাব্য-কাহিনী নয়, যদিও কুরুপাওবের কুর্কক্তে যুদ্ধই এর প্রাণবস্ত। মহাভারত প্রকৃতপক্ষে প্রাচীন সমস্ত লোকগাথার সংগ্রহ। "Repertory of the whole of the old bard poetry" (১৮২) অষ্টান্ন অধ্যায়ের শ্রীমন্তাগবত গীতা ভীমপর্বের একটি অংশ। গীতা গৃহীর জয়ে লিখিত সমগ্র হিন্দুনর্শনের সরল মর্মার্থ। গীতার জ্ঞান, কর্ম, ভক্তিযোগ একাধারে সমগ্র দর্শনসার বলা যায়। গীতা খৃঃ পৃঃ ৪র্থ শতকে লিখিত এবং মহাভারতের আদি সংস্করণের অংশবিশেষ। পাশ্চান্ত্য পণ্ডিতগণ কেহ কেহ (F. Lorinser) গীতায় খৃইধর্মের প্রভাব অমুমান করেছেন, কিন্তু ভারতীয় ভক্তিধর্ম যিশু জন্মাবার ত্'শো বছর আগের ঘটনা। এ অমুমান হাস্তকর—এবং যিশুর উপরে বুদ্ধের প্রভাব ছিল এটা অমুমান করবার সঙ্গত কারণ আচে।

ববীন্দ্রনাথ বলেছেন,—"প্রাচীন আর্থসভ্যতার এক ধারা মুরোপে এবং এক ধারা ভারতে প্রবাহিত হইয়াছে। মুরোপের ধারা তুই মহাকাবো এবং ভারতের ধারা তুই মহাকাবো আপনার কথা ও সঙ্গীতকে রক্ষা করিয়াছে……কিন্ত ইহা নিশ্চম যে ভারতবর্ধ রামায়ণ-মহাভারতে আপনাকে আর কিছুই বাকি রাথে নাই।"—প্রাচীন সাহিত্য—রামায়ণ।

একথা জাতীয় জীবন, সমাজ ও চিত্তবৃত্তির দিক দিয়ে পরম স্তা। ইলিয়াড ওিডিসির প্রভাবে যেমন স্পার্টা ও এথেন্দে তুর্দমনীয় সাহসী বীর যোদ্ধা, মহৎ মহান ব্যক্তিন্দের দেখা আমরা পাই, তেমনি পক্ষান্তরে রাম-সীতার ত্যাগ সহিষ্ণৃতা ও সত্য ও সত্যের জন্ম আত্মত্যাগ ও হাদয়কারণ্য ভারতের ব্যক্তিজীবনের অঙ্কীভৃত হ'য়ে রয়েছে। এই কাব্যসাহিত্যের প্রভাব যুগ্যান্ত ধ'রে জনচিত্তকে ত্যাগের আদর্শে অফ্প্রাণিত করেছে—জাতীয় জীবনের সামনে উজ্জ্বল আদর্শরুপে তাকে পরিচালিত করেছে—তাই ঘরে ঘরে রাম, সীতা, লক্ষণের প্রতিছ্বি আমরা দেখেছি। গ্রীসে সোফিস্টগণের Virtue, সিনিকগণের ত্যাগ তত্ত্বীয় হয়েছিল কিছে সমাজব্যবস্থা ও ধর্মীয় শিক্ষায় ভারত মহাকাব্যের শিক্ষা ব্যক্তিজীবনে গ্রহণ করেছিল—যুক্তি ঘারা বিচার ক'রে নয়, হ্রদয় দিয়ে তাকে গ্রহণ করেছিল।

যথন বৌদ্ধর্মের প্লাবন ব্রাহ্মণ্য ধর্ম ও সংস্কৃতিকে বিপন্ন ক'রে তুলেছিল সেই সময়ে পুরাণের সৃষ্টি। প্রধানতঃ বৌদ্ধর্মের প্রভাবকে প্রতিহত করতে পুরাণের সৃষ্টি, বদিও বৌদ্ধশান্ত ও পুরাণের ভিত্তি বৈদিক সংস্কৃতি (১৮৩)। পুরাণ অর্থে ঐতিহাসিক গাধা, মহাভারতও পুরাণের অন্তর্গত। পুরাণ খৃঃ পৃঃ পঞ্চম-ষষ্ঠ শতকেও বর্তমান ছিল যদিও তার রূপ বর্তমানের মত ছিল কিনা সন্দেহ। পুরাণের বহু স্থানে বর্ণাশ্রম ও চতুরাশ্রমের কর্তব্য সম্বন্ধে, এবং সাংখ্য ও যোগদর্শনের সম্বন্ধে বহু

⁽১৮২) A Concise History of Sanskrit Literature-Dr. G. N. Sastri.-p. 32.

⁽১৮%) The most important point to be remembered in this connection is that the entire Vedic culture lies at the background of the age of Buddhism and the Puranas. Ibid—Dr. G. N. Sastri.—p. 40.

আলোচনা আছে। বৌদ্ধদিগের মহাযানের সঙ্গে এই পুরাণ-সাহিত্যের লিখনভদি ও রীতির যথেষ্ট সাদৃশ্য আছে। ত্রহ্মা বিষ্ণু ও শিব এই তিন দেবতার ভক্তগণ বিভিন্ন পুরাণ রচনা করেন।

ইতিহাস ও ধর্মের দিক থেকে পুরাণের যথেষ্ট গুরুত্ব আছে। বিষ্ণুপুরাণ মৌর্য্রার, মংস্থাপুরাণ অন্তর্গুরের এবং বায়ুপুরাণ চন্দ্রগুপ্তের (১ম) প্রচুর ঐতিহাসিক উপাদানে সমুদ্ধ। পৌরাণিক এই ইতিহাস ও আখ্যায়িকা রচনার প্রধান উদ্দেশ্য ছিল বৈদিক দর্শনের হ্রহতাকে সহজবোধ্য ক'রে গল্পকাহিনীর মাধ্যমে জনপ্রিয় ক'রে তোলা এবং জনমনে এই শিক্ষাকে গ্রহণীয় ক'রে তোলা। পুরাণের যুগেই হিন্দুধর্ম সম্পূর্ণতা লাভ করে। হিন্দুসমাজের ভিত্তি ও সমাজব্যবস্থাকে স্থবিষ্যুত্ত ও স্বৃদ্ধ করাও ছিল পৌরাণিক কাহিনীর অন্যতম উদ্দেশ্য। পুরাণের প্রভাব সে যুগে হিন্দুসমাজকে সংহত, স্থন্মর ও স্বগ্রথিত করেছিল। (১৮৪)

আঠারখানি পুরাণ প্রধান, বাকীগুলিকে উপপুরাণ বলা হয়। এই অষ্টাদশ পুরাণকে সন্ত, রজ: ও তম তিনভাগে বা বিষ্ণু, ব্রহ্মা ও শিবপুরাণে ভাগ করা হয়। সাত্তিক বা বিষ্ণু-ভক্তদের পুরাণ বিষ্ণু, ভাগবত, নারদীয়, গরুড়, পল্প, ও বরাহ পুরাণ; রাজসিক বা ব্রহ্মাভক্তদের পুরাণ, ব্রহ্ম, ব্রহ্মাণ্ড, ব্রহ্মবৈবর্ত, মার্কণ্ডেয় ভবিষ্য ও বামন পুরাণ: তামসিক বা শিবভক্তদের পুরাণ, শিব, লিক, স্কন্দ, অগ্নি, মংস্ত ও কুর্ম। সমগ্র পুরাণ-সাহিত্যে ভাগবত পুরাণই সর্বাধিক জনপ্রিয়। বিভিন্ন অমুবাদ, সংস্করণ, টীকা প্রভৃতি থেকে এর জনপ্রিরতা বেশ অমুভব করা যায়। বৈক্ষবগণের নিকট ভাগবত পঞ্চমবেদ। রচনা ও কাব্যক্তির দিক থেকেও ভাগবত পুরাণ উচ্চাচ্ছের। দেবীমাহাত্ম্য শ্রীশ্রীচণ্ডী বা সপ্তশন্তী মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত। চণ্ডীও জনপ্রিয় এবং দেবীপৃজার অপরিহার্য অজ। উপপুরাণের সংখ্যাও আঠার। সনংকুমার, নারসিংহ, বায়ু, শিবধর্ম, আশ্চর্যা, নারদ প্রভৃতি পুরাণ উপপুরাণরূপে গ্রাম্ব। পৌরাণিক এই কাহিনী ও কথাগুলি জনচিত্তকে অধিকার ক'রে সমাজে বৈদিক ও উপনিষদীয় নীতিবাদের দৃঢ়ভিত্তি রচনা করে—এই নীতিবাদের শিক্ষা গৃহে গৃহে দৈনন্দিন জীবনকে নিয়ন্ত্ৰিত করতে থাকে। গ্রীক পুরাণ ও দর্শনের বাণী বা নীতিবাদের শিক্ষা এমনিভাবে সমাজ-জীবনকে প্রভাবিত করতে পারেনি, কারণ তার সমাজ ও রাষ্ট্রব্যবস্থা তার অমুকৃল ছিল না।

বৈদিক ক্রিয়াকাণ্ড যথন বাত্তব জগতে ত্রুহ হ'য়ে উঠল তথন তল্কের আবির্ভাব। তন্ত্র বৈদিক ক্রিয়াকে সহজ ও সর্বভাব ক'রে সর্বভাতির এমন কি শৃত্র ও স্ত্রীজাতির পক্ষেও সম্ভব করেছিল। আগমতন্ত্র ও সংহিতার মধ্যে পার্থক্য নিরূপণ করা কঠিন, তবে শৈব শাস্ত্রকে আগম নামে এবং শাক্ত শাস্ত্রকে তন্ত্র ও বৈষ্ণব শাস্ত্রকে সংহিতা বলে অভিহিত করা হয়। শৈব, শাক্ত, বৈঞ্চব তন্ত্র ব্যতীত

⁽⁵⁸⁸⁾ As the object of the Puranas was to popularize the more difficult and highly philosophical preachings of the Vedas through the medium of historical facts and tales, we naturally find in them Hinduism in a fully developed form. Ibid—p. 44.

বৌদ্ধ ও জৈন ভদ্রকে অবৈদিক ভদ্র বলা হয়, যেহেতৃ তা বৈদিক দর্শনকৈ স্বীকার করে না। আগমতন্ত্রের উৎপত্তি কাশ্মীরে, শাক্ত-তন্ত্রের বাংলায়, ও সংহিতার উৎপত্তি বাংলা, দান্দিণাত্য ও শামদেশে। প্রত্যভিজ্ঞা শৈবতন্ত্রের মূল্যবান গ্রন্থ এবং ভারতীয় দর্শনের বিচারেও এই ডদ্রের গুরুত্ব যথেষ্ট। উৎপল লিখিত শৈবতন্ত্রের কারিকা, অভিনব গুপ্ত লিখিত ভদ্রলোক, ক্ষেমরাজের প্রত্যভিজ্ঞাহ্বদয় তন্ত্রের মূল্যবান গ্রন্থ। কাশ্মীরে লিখিত ঈশ্বরসংহিতা, পৌকরসংহিতা, পরমসংহিতা প্রভৃতি প্রখ্যাত। তন্ত্রের উল্লেখযোগ্য গ্রন্থ মহানির্বাণ ভদ্ধ, কুলার্শব, প্রপঞ্চশার এবং কুফানন্দের ভদ্রসার।

সমগ্র পৌরাণিক সাহিত্য ও তন্ত্র সংহিতার এই গ্রন্থমালা প্রকৃতপক্ষে সমাজ-জীবনে ধর্মচর্চার নিদর্শন। ধর্মভিত্তিক সমাজ-জীবনের সাংস্কৃতিক রূপ কী ছিল তারই একটা প্রতিচ্ছবি এই তন্ত্র-সংহিতা ও আগম শাস্ত্রের মধ্যে পাওয়া যায়।

কাৰ্য-সাহিত্য

রামায়ণ-মহাভারত এই চুই মহাকাব্য পরবর্তী সমস্ত কাব্য-সাহিড্যের উৎস। ছন্দে ভাষায় কাব্যগুণে তারা সবই এই পথের পথিক। খু: পু: ২য় শতক থেকে কাব্য-সাহিত্যের আরম্ভ। যদিও এই যুগের প্রাকৃত বা সংস্কৃত কাব্যের যথেষ্ট পরিচয় আজ আর নেই তথাপি শিলালিপি প্রভৃতি থেকে একথা স্বস্পষ্ট যে তথন সংস্কৃতভাষা কাব্যগুণে অলকার ও ছন্দে সমৃদ্ধ হ'য়ে পরিপুষ্ট হয়েছিল। পতঞ্জলির মহাভায়ে বারক্ষচ কাব্যের উল্লেখ পাওয়া যায় এবং গ্রন্থিকদিগের উল্লেখ প্রসঙ্গে বাসবদত্তা, যুদুনোত্তরা ও ভৈমর্থীর আখ্যায়িকার উল্লেখ পাওয়া যায়। পিঙ্গলের ছন্দঃস্ত্রের বিচারে বেশ প্রতীয়মান হয় যে এই যুগে পরবর্তী যুগের কাব্য-সাহিত্যে ব্যবহৃত ছন্দ-অলঙ্কার ও লিখনশৈলী বেশ পৃষ্টিলাভ করেছে। এই সঙ্গে হিতকাব্য (Gnomic Poems) ও গীতি-কবিতাও উন্নতি লাভ করেছিল। খুই জন্মের পূর্বেই সংস্কৃত সাহিত্য এই কয়েকটি শাখার রূপ নিয়েছিল। গিরনার, নাসিক ও এলাহাবাদের শিলালিপির প্রশন্তিতে যে ভাষা ব্যবহৃত হয়েছে তা স্পষ্টত:ই প্রমাণ করে যে তার বছ পূর্বেই সংস্কৃত কাব্যশৈলী স্থন্দর ও স্থপুষ্ট আকার ধারণ করে-ছিল। প্রক্তপকে হরিসেনার প্রশন্তির মধ্যেই কালিদাস ও দণ্ডীর কাব্যরীতির जाशमनवार्छ। ध्वनिष्ठ हरवह । वोद्यक्वि जनवास्त्र शृदं । वह कवि शृब कावा-প্রতিভা নিয়ে স্থপুষ্ট ভাষায় ও ছম্মে অনেক কাব্য রচনা করেছিলেন কিছু কালের কোলে আজ তা বিশীন হ'ৱে গেছে।

খুই জন্মের পরের তুইশত বৎসরের ইতিহাস এমন তমসাবৃত যে এই সময়ের সংস্কৃত কাব্য-সাহিত্য এখনও অজ্ঞাত। বিশেষতঃ সময় সম্বন্ধে এমন রহস্ত তাকে বিরে রেখেছে যে কবির সময় নির্পন্ধ আজু একরকম অসাধ্য।

বৌদ্ধ মহাযান সম্প্রদায়ের লেখা গ্রন্থজিনকে বৌদ্ধ সংস্কৃত সাহিত্য বলা
যায়। হীনযান সম্প্রদায়ও সংস্কৃতে বহু গ্রন্থ রচনা করেছেন। এই সকল আজ আর
পাওয়া যায় না। কিন্তু মহাবস্ত দিব্যাবদান, ললিত বিন্তর প্রস্কৃতি গ্রন্থে তার
উদ্ধৃতি পাওয়া যায়। মহাবস্ত কোন সাহিত্যস্থী নয়, এটি একটি সংগ্রহ। এই
সংগ্রহে প্রাচীন ইতিহাস ও লোকগাথা সংকলিত হয়েছে। জাতকের প্রায় অর্থেক
গ্রন্থই এতে স্থান পেয়েছে, তার মধ্যে বহু পৌরাণিক কাহিনীও আছে। মহাবস্ত হীন্যান সম্প্রদায়ের রচনা হলেও মহাযানের সমর্থন এতে রয়ে গ্রেছ।

মহাযান সম্প্রদায়ের সংস্কৃত সাহিত্য সমৃদ্ধ। ললিত বিশুর এই সম্প্রদায়ের অত্যন্ত মুল্যবান গ্রন্থ। এই গ্রন্থে বুদ্ধের জীবনচরিত মহাযান সম্প্রদায়ের দৃষ্টিকোণ থেকে বর্ণনা করা হয়েছে। এ গ্রন্থ একজন গ্রন্থকারের লেখা নয়। ললিভবিন্তরে বৌদ্ধ-ধর্মের জনপ্রিয়তার অভিব্যক্তি দেখা যায় এবং এই গ্রন্থই অখঘোষের বিরাট ও বিখ্যাত কাব্য বুদ্ধচরিতের মূল উপাদান। অখ্যোষ কণিছের সভাকবি ছিলেন, —খুষীর প্রথম শতকের কবি। তিনি বৌদ্ধভিকু সাকেতার মঠের সঙ্গে যুক্ত ছিলেন এবং তাঁর মায়ের নাম স্থবর্গাকী-এর বেশী কোন পরিচয় তাঁর সহজে জানা যায় না। তাঁর শ্রেষ্ঠ কাব্য বৃদ্ধচরিত, অপূর্ব স্বন্দর কাব্যকীতি। চরিতাংশের স্বমঞ্জতা, বর্ণনা, অলহারের সাবলীল ও সংঘত ব্যবহার এই কাব্যকীতিকে বিশ্বের কাব্যজগতে স্থায়ী আদন দিয়েছে। রাজধানী ত্যাগ ক'রে গৌতমের ममामकीयन श्रद्धारिकत्थ याजात ममम, जात शमनभथ मर्मनत्र प्रात्नातीश्रामत বর্ণনা, ফুলরীগণের ছলনা ও কামকেলি ভুচ্ছ ক'রে বুদ্ধের সন্ন্যাসগ্রহণ এবং তাঁর সার্থির নিকট থেকে শেষ বিদায়ের দৃশ্র অবিশ্বরণীয় সাহিত্যকীর্তি। বৃদ্ধজীবনের অন্বীভূত স্থন্দরী ও নন্দের প্রণয়কথা 'সৌন্দরানন্দ' তাঁর অপর বিখ্যাত কাব্য। তাঁর গণ্ডীন্তোত্রগাথায় একটি নৃতন গীতিকাব্যের হুর ধ্বনিত। তাঁর হুত্রালহার জাতক ও অবদান শতকের মত গল্পগ্র এবং সারিপুত্র প্রকরণ নাটক। তাঁর বৌদ্ধর্ম দর্শন আন্ধোদপাদস্ত মহাযান সম্প্রদায়ের বেদতুর্ল্য গ্রন্থ। তাঁর বক্তস্চ ব্রাহ্মণ্য ধর্মের জাতিবর্ণ বিভেদের বিরুদ্ধে সাম্যের প্রচার। এই যুগের আর্থচন্দ্রকৃত देमटबा वाक्त्रन, श्रीक्रमतुष अ नातिशूटबात कर्णानकथन वीक्रमिरंगत्र निक्षे यर्थहे জনপ্রিয় ধর্মগ্রন্থ।

আর্থশ্রের জাতকমালা অধ্যোষের স্ত্রালমারের অস্গামী গর্মগ্রহ। অবলোকিতেশর বৃদ্ধের প্রশন্তিগ্রন্থ কারগুবৃাহ এবং অমিতাভ বৃদ্ধের প্রশন্তিগ্রন্থ স্থাবতীবৃাহ। বৌদ্ধ দর্শনের মধ্যে প্রজ্ঞাপারমিতা, বৃদ্ধাবতংসক, রত্নকৃট, রাষ্ট্রপাল, লম্বাবতার প্রভৃতি এই যুগের প্রসিদ্ধ গ্রন্থ।

নাগান্ত্ নের যাধ্যমিককারিকা, অক্তোভয়, যুক্তিষ্টিকা, শৃষ্কতা সপ্ততি, প্রজাদণ্ড, ধর্মগংগ্রহ, স্থন্তরেধা প্রভৃতি যাধ্যমিক বৌদ্ধ সম্প্রদায়ের শাস্ত্রপ্রছ। আর্থদেবকৃত চতুঃশতক ব্রাহ্মণ্য ধর্মের বিকল্পে বৌদ্ধ যাধ্যমিক ধর্মের প্রযুক্ত যতবাদ। ভাঁর ঘাদশনিকার শাস্ত্র, চিত্তবিশুদ্ধি প্রকরণ ধর্মণাস্ত্রীয় গ্রন্থ। বোগাচারের প্রতিষ্ঠাতা বৈজেয়নাথের অভিদময়ালয়ারকারিকা, আর্য অসন্দের যোগাচার ভূমিশান্ত এই দমরের বহু প্রচারিত গ্রন্থ। বস্থবন্ধ সাংখ্যা দর্শনের মতবাদ খগুনের উদ্দেশ্যে অভিধর্মকোষ ও পরমার্থসপ্ততি রচনা করেন। দিউনাগের প্রমাণসমৃচ্য় ও ক্সায় প্রবেশ দর্শনের নৃতন পদক্ষেপ; দ্বিরমতি ও ধর্মপাল এই যুগের লেখক। এ সকল গ্রন্থই ধর্ম ও দর্শন বিষয়ক—তথন ধর্ম-কলহের ফলেই ভাষার পৃষ্টি ও শ্রীর্দ্ধি হয়। বৌদ্ধর্ম ও ব্যাস্থাধর্মের স্বাধিকার প্রতিষ্ঠার জন্ম যে বিরোধ চলছিল তা পরোক্ষে ভাষা, লিখনশৈলী ও চিস্তাশক্তিকে যথেষ্ট পৃষ্ট ও শক্তিশালী ক'রে ভোলে।

অবদান সাহিত্য ব্যাপক। বৌদ্ধ লেখকগণের এই সংস্কৃত সাহিত্য সৃষ্টি, সাহিত্য কীতির দিক থেকে স্থায়ী আসন লাভ করেছে। অবদান অর্থে নীতিমূলক বাধর্ম্মূলক মহৎ কার্য বা ঐতিহাসিক ঘটনা। ধর্ম ও মানবকল্যাণে জীবনোৎসর্গের অসংখ্য কাহিনী বর্ণিত হয়েছে। তার মূলকথা—কুকার্যে কুফল, স্কার্যে স্থাফল। কর্মযোগের নীতিবাদভিত্তিক আখ্যায়িকা। এই অবদান সাহিত্যের শ্রেষ্ঠ গ্রন্থ অবদান শতক বা কর্মশতক। হীন্যান সম্প্রদায়ের গ্রন্থ দিব্যাবদান—এই গ্রন্থ সমসাময়িক ভারতীয় সমাজের অবস্থার সম্বন্ধে যথেষ্ট আলোকপাত করে। অশোকাবদান সম্রাট অশোকের জীবনী ও তাঁর রাজত্বলালের ঐতিহাসিক কাহিনী, যদিও সে ইতিহাস অনেকক্ষেত্রেই গ্রহণযোগ্য নয়। কল্পক্ষমাবদানমালা, রত্মাবদানমালা, গ্রাবদানমালা, গ্রাবিংশত্যবদান, ভল্পক্ষমাবদান, ব্রতাবদানমালা, বিচিত্রকর্ণিকাবদান প্রভৃতি অবদান সাহিত্যের অক্যান্য উল্লেখযোগ্য গ্রন্থ। একাদশ শতকে ক্ষেমেন্দ্ররেচিত অবদানকল্পতা যেমন বৃহৎ, তেমনি কাব্যধর্মী। কাব্যশৈলী অন্থসরণে ক্ষেমেন্দ্র এই বৃহৎ অবদান রচনা করেন।

কাব্য

সংস্কৃত আলম্বারিকগণ যদিও বস্তু, নেতৃ ও রস প্রভৃতি কাব্যলক্ষণ ও বছবিধ উপলক্ষণ নির্দেশ করেছেন কিন্তু প্রষ্টার স্পষ্ট অলম্বার-প্রাচীরের বাধাকে স্বীকার করেনি। হরবিজয়, নৈষধীয় চরিত ও ভট্টিকাব্য তার প্রকৃষ্ট উদাহরণ। মহাকাব্যের যুগের পরে কাব্যযুগ অক্সান্ত দেশের মত মহাকাব্যের অন্থসরণে ও অন্থকরণে স্বাভাবিক ভাবেই এসেচিল। গ্রীস ও রোমেও ঠিক এমনি করেই কাব্যযুগ এসেছে।

অধ্যোষের বৃদ্ধচরিত ও সৌন্দরানন্দ কাব্যযুগের আদি কাব্য। তার পরে এলেন মহাকবি কালিদাস। কালিদাসের কুমারসম্ভব, উমা ও মহেশরের প্রণয় ও পরিণয়ের এবং তারকাহ্মর বধের জন্ম কাতিকেয়র জন্মকাহিনী। কুমারসম্ভব কবির প্রথম স্পষ্ট হলেও বৈচিত্রোর দিক থেকে তা বর্তমান যুগে মেঘদ্ত থেকেও হাদয়গ্রাহী বলে মনে হয়। কুমারসম্ভব রামায়ণ মহাকাব্যের অমুকৃতি হিসাবে লিথিত

অহমিত হয়। কিছিছ্যাকাণ্ডের বসস্তবর্ণনার সঙ্গে কালিদাসের বসস্ত আগমন বর্ণনার সাদৃষ্ঠ এবং রতিবিলাপ ও বালিবধের পরে তারার বিলাপের সাদৃষ্ঠ বিশেষভাবে লক্ষ্যণীয়। রত্বংশ ইক্ষাক্বংশের বিশেষভঃ রামচক্রের জীবনকাহিনী। বাল্মীকির কাহিনী নৃতন হারে নৃতন ভাবে গীতিকাব্যধর্মী হ'য়ে রচিত হয়েছে। রত্বংশে কালিদাসের পরিণত কবিক্তির পরিচয় পাওয়া যায়। কালিদাসের পর ভারবির অর্থগোরবোজ্জল কীরাতার্জুনীয় মহাভারতের অর্জুনের পাশুপত অন্তলাভের কাহিনী। কালিদাসের প্রতিভ। তাঁর না থাকলেও বর্ণনায় অর্থগোরবে এবং আদিকের দিক থেকে তা স্থউচ্চ মানের।

ভটির রাবণবধ পৃথিবীর কাব্য ইতিহাসে এক একক এবং অনম্য স্টি।
ব্যাকরণের নিয়ম ও রীতি উনাহরণে প্রকাশ করার উদ্দেশ্যে কাব্য রচনা আর কথনও
কোন ভাষায় হয়নি। যদিও ভটিকাব্য প্রধানতঃ ব্যাকরণই, তথাপি কাব্যকৃতি
হিসাবে এর মূল্য যথেই, মাঝে মাঝে কবির সৌন্দর্যবাধ ও প্রতিভা অনব্য রসাপ্রিত
হ'য়ে আত্মপ্রকাশ করেছে। মাঘের শিশুপালবধও মহাভারতের কাহিনী। মাঘ
ভারবির রীতি ও শৈলী অন্তকরণ করেছেন তবে অলক্ষারের মোহে তিনি অথগৌরবকে পরিহার ক'বে স্টেধর্মের হানি করেছেন। শ্রীহর্ষের নৈষধচরিত
মহাভারতের নল-দময়স্তী কাহিনী। কবি দর্শন, ব্যাকরণ প্রভৃতি বহু শাল্রে স্থপিত
ছিলেন। যদিও কালিদাসের প্রতিভা তাঁর ছিল না, তথাপি বর্ণনা, প্রকাশভিশ ও
সৌকর্ষে হ্রদয়গ্রাহী। পাণ্ডিভারে কঠিন আবরণের মধ্যে স্থন্দর কাব্যবোধের
প্রকাশ হাদয় শুর্শ করে।

সংস্কৃত কাব্যজগতে আরও অনেক শক্তিমান কবি জন্মছিলেন এবং তাঁদের সৃষ্টি বে কালপ্রোতে বিলীন হয়নি এই-ই তাঁদের কাব্যপ্রতিভার প্রমাণ। জাষবতীবিজয়, পাতালবিজয়, বৃদ্ধোবের প্রচূড়ামণি, জিনসেনার হরিবংশপুরাণ, রত্মাকরের হরবিজয়, কেমেন্দ্রের রামায়ণমঞ্জরী, লেলিম্যরাজের হরবিলাস প্রভৃতি পরবর্তী যুগের প্রসিদ্ধ কাব্যগ্রস্থ।

नाछेक

সংস্কৃত নাটকের ডৎপত্তি সম্বন্ধে পণ্ডিতগণের বিরোধ ও বিবাদ পুরাতন। কেই বলেন গ্রীক নাটক থেকেই সংস্কৃত নাটকের সৃষ্টি (Prof. Windeich,) কারণ গ্রীক ও সংস্কৃত নাটকে অনেক মিল আছে। সংস্কৃত সব নাটকই খৃইপরবর্তী, অতএব আলেকজাণ্ডারের ভারত আগমন স্ত্রে গ্রীক নাটকের আগমন। 'ববনিকা' শক্ষটিও গ্রীক থেকে উভূত; বিদ্যুক, প্রতিনায়ক ইত্যাদি সবই গ্রীক অমুকরণে সৃষ্ট। কিন্তু মিলের চেরে গরমিলই বেশী। গ্রাক নাটকের প্রথম কথা স্থান-কাল-ঘটনাক্ষ

সমসমাবেশ বিশ্ব সংশ্বত নাটকে সবই এর ব্যতিক্রম। ভবস্ত্তির উত্তররামচরিতে ১ম ও ২য় অব্বের সময়ের তকাৎ ১২ বংসর। শকুরসার স্থান বিভিন্ন। যবনিকা শক্ষটি পারসিক, পর্ণার থেকে হয়েছে অফ্রমান। কেহ বলেন, ইন্ধ্রধক্ত উৎসবে প্রথম নাটক অভিনীত হত; কেহ বলেন, রুঞ্জ্মার অক্রপে নাটকের উৎপত্তি; কেহ (Pischel) বলেন, প্রাকালের পুতৃশ-নাচ থেকেই নাটকের উৎপত্তি। আবার কেহ বলেন, অক্বেদের সংবাদন্তোত্তগুলি নাটকীয়, সেগুলি যাগমজ্জের সময়ে গীত বা অভিনীত হত। মোটকথা, সংশ্বত নাটকের জন্ম-ইতিহাস আজও অজ্ঞাত, তবে এটুকু বলা যায় যে ধর্মীর অফ্রানের অক্রপ (গ্রীসের মত) ভারতীয় নাটক ভারতীয় চিত্তের স্ত উ, ভারতীয় জীবনের প্রতিক্রতি এবং মৃগে মৃগে বেদ উপনিষদ, বৌশ্ব-জৈন দর্শনের নীতিবাদ ধারা প্রভাবিত এবং নিয়্মিত।

খৃ: পৃ: তৃতীয় শতকের রচিত ভারতের নাট্যশাস্ত্রই নাটক সম্বন্ধ আদি গ্রন্থ। এই গ্রন্থে বলা হয়েছে, ব্রন্ধা নাটকের আন্তঃ, ঋক্বেদের স্বোত্ত-আবৃদ্ধি, সামবেদের সদীত, মদুর্বেদের অভিনয় কলা, অথব বেদের আবেগ (emotion) নিমে নাটকের স্বাস্টি। শিব ও পার্বতীর নিকট থেকে তাওব ও লাক্তন্ত্য এবং বিষ্ণুর নিকট থেকে রীতি যুক্ত হয়। ইন্দ্রধ্বক্ত উৎসবে ভরতের পুত্র ও শিশ্বগণ, গদ্ধর্ব ও অপ্সরাগণ নাটক অভিনয়ে যোগ দিতেন।

ভারতীয় নাটকের প্রথম বৈশিষ্ট্য এই যে নাট্যকারগণ চরিত্র থেকে অহুভৃতির উপর বেশী প্রাধান্ত আরোপ করেছেন। রাষ্ট্রও সমাজের যে পরিছিতি ছিল ভাতে শ্বতন্ত্র বাজিরণে চরিত্র সৃষ্টি ঠিক সম্ভবও ছিল না। ভার ফলে নাটক আদর্শবাদী ও রোমাণ্টিক হ'য়ে পড়ে। কাব্যরীতি, সৌন্দর্যসৃষ্টি ও মানব-মনের গভীরতম ও স্ক্রতম অহুভৃতির রূপায়ণই ছিল নাটকের উপজীব্য। নাটকীয় চরিত্র ভাই শ্বতন্ত্র ব্যক্তি-রূপে স্টেই হয়নি, যদিও মুচ্ছকটিকের চারুদত্ত ও শকুন্তলার ত্মন্ত চরিত্র শুভারত্র ও দৃঢ়। নাটকের মধ্যে মাঝে মাঝে বান্তবভার স্পর্শ আছে, কিন্তু কবি-কল্পনার সৌন্দর্য, হাদরের রূপায়ণ বান্তবভার মোহে নিম্নগামী হয়নি, গ্রীক নাটকের মত্ত সংস্কৃত্ত নাটক ঘটনাপ্রবাহে ও চরিত্রসংঘাতে নাটকীয় হয়নি বরং কাব্যধর্মী হ'য়ের রয়েছে। যদিও নাট্যশান্ত্রকারগণ বলেছেন, নাটকে পাঁচটি গল্পছি থাকতে হবে, যথা মুথ (opening or Prostasis), প্রতিমুথ (Progression or Epitasis), গর্ভ (Development or Catastasis), বিমর্থ (Pause of perepeteia) এবং নির্বহন (conclusion or Catastrophe) খাকতেই হবে। এ ছাড়াও বর্ণিভাংশের সঙ্গে ভাবের সাম্য থাকবে, ভাবকল্পনার ভারে ঘটনাপ্রবাহের গতিহীনভা নিষ্ক্র।

সংস্কৃতে Tragedy-র অভাব আছে। বিপ্রাকস্থার (Love in Separation) মধেই করুণ রুসের স্ষষ্ট করে, কিন্তু তা ট্রান্ডেডির অভাব পূরণ করে না। সংস্কৃত নাটকে মঞ্চের উপরে হত্যা, মৃত্যু, যুদ্ধ, বিজ্ঞাহ বা অশালীন কোন ঘটনা নিষিদ্ধ, কারণ এগুলি মানব-চিডের স্কুমার মনোর্ডিকে নই করে, পীড়িড

করে এবং দৌন্দর্ববোধকে ব্যাহত করে। সংস্কৃত নাটকের মূল উদ্দেশ্ত মানবচিত্তকে ফুল্বের পথে উব্দুদ্ধ করা এবং তার স্কুমার মনোর্ত্তিকে স্পলিত ক'রে
সচেতন করা। বাত্তব জৈবজীবনের হিংস্রতা ও নরতা এই স্থলরের পথের অস্তরার
এবং বাত্তবতার নামে তাকে প্রশ্রের দেওয়া সন্ধত নয়, অতএব তারা এইগুলি পরিহার
করেছেন। (১৮৫) সংস্কৃতে নাটককে মিলনাস্তক হ'তে হবে এই অসুশাসন অনেক
ক্লেত্রে নাটককে হর্বল ক'রে ফেলেছে। গ্রীক টাজেডি জৈবজীবনের হিংস্রতার
বেগবান ও বাত্তবধর্মী এবং ব্যক্তিসংঘাতজনিত চরিত্রতিকেনে উজ্জ্বল, তার কারণ
তালের তথনকার রাষ্ট্রীয় গণতন্ত্র, অর্থ নৈতিক অবস্থা এই ব্যক্তি সংঘাতের স্পষ্ট
করেছিল এবং তারই প্রকাশ হয়েছিল নাটকে। কিন্তু ভারতে সে অবস্থা ছিল না,
চিত্তোরতির উদ্দেশ্যে বাত্তবতা পরিত্যক্ত হয়েছে।

সংস্কৃত নাটকের শুধুনয় সমগ্র সাহিত্যের প্রথম আদর্শ হল মানব-চিত্তের স্কুমার অস্তৃতিকে জাগ্রত ও সক্রিয় করা। সেই হেতু নাট্যকার লোকপ্রিয় কাহিনীকেই নাটকের বিষয়বস্থরণে গ্রহণ করেছেন। নাটকের নায়ক 'ধীরোদাণ্ড' সংবংশজাত মহানব্যক্তি, দেবতা বা নরদেবতা হবেন, নাটক ধর্মভিত্তিক হবে এবং তা কখনও নীতিধর্মের পরিপদ্মী হবে না। লোকঃশ্বনের জন্ম সাহিত্যকৃত্তি ভারতীয় আদর্শের বহিত্তি। হাল্ডরসাত্মক নাটকেরও অভাব ছিল না, চতুর্ভানীর চারটি নাটিকায় উচ্চালের হাল্ডরস ও ব্যক্ষের পরিচিতি রয়েছে।

সংস্কৃত নাটকের মৃশ নাম রূপক—নাটক নয়। সংস্কৃত নাট্যশান্ত নাটককে তৃইভাগে ভাগ করেছেন—রূপক ও উপরূপক। বিশ্বণাথেয় সাহিত্য দর্শনে সংস্কৃত নাটকের বিভাগ এইরূপ— ১। নাটক (কালিদাসের শকুন্তলা) ২। প্রকরণ (ভবভূতির মালভীমাধব) ৩। ভাগ (বংশুরাজের কর্প্রভিলক) ৪। ব্যায়োগ (ভাসের মধ্যমব্যায়োগ) ৫। সমভকার (বংশরাজের সম্রুমন্থন) ৬। ছিম (বংশুরাজের জিপুরালহ) ৭। ঈহামুগ (বংশুরাজের ক্রিশীহরণ) ৮। আছ (শহিচা-য্যাতি) ১। বীধী (মালবিকা) ১০। প্রহুসন (মহেন্দ্রবিক্রম বর্ষণের মন্তবিলাস)। এ ব্যতীত আরও ১৮ প্রকারের উপনাটক আছে।

খৃ: পৃ: ৪র্থ শতকের পানিনি, কোটলোর অর্থশাম্বে নাটকের উরেথ আছে এবং কুশীলব কথা তৃটিরও উরেথ আছে। রামায়ণ ও মহাভারতেও নাটকের উরেথ আছে। অমবোষের সারিপুত্তপ্রকরণ নামে যে নাটকটি মধ্যএশিয়ার তারফানে (Tarfan) আবিষ্কৃত হয়েছে তা এত উচ্চাঙ্গের হে তা থেকে বেশ বোঝা যার হে, তার বহুপুর্বেই সংস্কৃত নাটক সম্পূর্ণ রূপ নিয়েছিল। খৃ: পৃ: ৩য় শতকে লিখিত ভাসের নাটকগুলি নাটকীয় ঘটনাসংঘাতে প্রকৃতই নাটকীয় এবং গতিশীল। তাঁর নাটকে

⁽³vc) The Sanskrit drama generally keeps to the high road of life and believes that grim realism cannot exhalt the mind, rather it tends to disturb the romantic atmosphere. It has therefore subordinated tragedy to finer sentiments and tragedy as such has remained comparatively undeveloped. Ibid—Dr. G. N. Sastri.—p. 91.

ঘটনাপ্রবাহ, ভাব ও কাব্যকাককতির জন্ত কথনও নাটকীয় গতিবেগ হারায়নি। জনেকে মনে করেন ভাসের নাটকগুলি একই ব্যক্তির লেখা নয়, বছলোকের লেখার সমষ্টি। সে বাই হোক, নাটকের দিক থেকে তা সত্যই উচ্চান্তের। ভাসের ১৬খানি নাটকের উৎস, রামায়ণ, মহাভারত, হরিবংশ ও পুরাণ, গুণাঢ্যের বৃহৎকথা। প্রতিমা'র আখ্যানবস্ত দশরথের মৃত্যু থেকে রামের লকা থেকে অযোধ্যা আগমন, 'অভিষেক' বালিবধ থেকে সীতার অগ্নিপরীকা। মহাভারতের আখ্যানবস্ত নিয়ে লেখা নাটক, হিড়িছা-ভীমের প্রণয়, দ্তঘটোৎকচ, কর্ণভার (ইল্রের কর্ণের নিকট থেকে কুগুল গ্রহণ), উক্তঙ্গ (হুর্গেধনের), দ্তবাক্য (ক্রফের কৌরব-পাশুব মিলন প্রচেষ্টা), বালচরিত (কংসবধ) ইত্যাদি।

স্বপ্নবাসবদন্তা ভাসের শ্রেষ্ঠ নাটক (উদয়ন-পদ্মাবতী-বাসবদন্তা কাহিনী)।
বাসবদন্তার মনোবিশ্লেষণ উল্লেখযোগ্য নাট্যকৃতি। ভাসের চাক্লন্ত নাটক থেকে
শ্রুকের মৃচ্ছকটিক নাটক রচিত। অভিমারক (কুরন্ধী ও বিষ্ণুসেনার প্রণয়কথা)। শেষের
কয়েকটি নাটকের উৎস বৃহৎকথা। এই কাহিনীগুলি পরে কথাসরিৎসাগরেও পাওয়া যায়।

শৃত্যকের মৃচ্ছকটিকের সময় সম্বন্ধে যথেষ্ট মতভেদ আছে। মৃচ্ছকটিক সংস্কৃত সাহিত্যে প্রথম সামাজিক নাটক এবং বাস্তবধ্যী নাটক। কালিদাস ভবভূতির গীতিকাবাময় অফুভৃতিপ্রধান জগত থেকে মৃচ্ছকটিকের পাঠক কঠিন বাস্তবে নেমে আসে। সমাজজীবনে চোর, জুরাড়ী, গুণ্ডা, অলস ব্যক্তি, বারাঙ্গনা, রাজপুরুষ, সন্ন্যাসী সকলের উপস্থিতিতে একটা জীবস্ত সমাজের ছবি ফুটে উঠেছে। চরিত্রগুলি স্থলর, সাভাবিক, জীবস্ত, মাঝে মাঝে হাস্তরসে সম্জ্বল। মৃচ্ছকটিক সামাজিক নাটক হিসাবে অভুলনীয়।

শ্রেষ্ঠ নাট্যকার প্রতিভাধর কালিদাস, তাঁর ভাষা, স্বাধীন স্বতম্ব চরিত্রস্থী, মানব-চরিত্রের গভীরতম অন্থত্তির ব্যঞ্জনাময় অভিব্যক্তি এবং সর্বোপরি একটা পবিত্র স্থক্মার নীতিবাদ তাঁর নাটককে বিশ্ববিধ্যাত ক'রে রেখেছে। তাঁর মালবিকাগ্রিত্রিত্র অপরিণত ব্যবের রচনা হলেও মহাকবির ক্ষুটনোমুখ প্রতিভার নিদর্শন। বিদিশাবাদ্ধ অগ্রিত্রিত্রও মালবিকার প্রণয়কাহিনী ঘটনা সমন্বয়ে যেমন গতিশীল তেমনি সঙ্গীব চরিত্রসমৃদ্ধ। অক্বেদের পুররবা-উর্বশীর কাহিনী অবলবনে লিখিত বিক্রমোর্বশী নাটকীয় গতিশীলতার শ্রেষ্ঠ নাটকে একটা গীতিকবিতার স্বর পরিবেশকে অপূর্ব স্থমামন্তিত ক'রে রেখেছে। তাঁর শ্রেষ্ঠ নাটক শক্ষুলা আজ জগতের সর্বত্র সমান্ত। শক্ষুলা-ভূমন্তের পার্থিব প্রেমকে কামলেশহীন অপার্থিব ত্যাগ-ধর্মের অনক্ত প্রেমে পরিণত ক'রে কবি মানব-মনের এক অপূর্ব অচিষ্ক্য মহান ঐশ্বর্ষের সন্ধান দিয়েছেন—এই ঐশ্বর্ষ জগতের অন্ত কোন কবি কল্পনা করেননি। (১৮৬)

⁽১৮৬) ইহা কেবল বিশেষ কোন ভাবের অবতারণা নহে, বিশেষ কোন ভরিত্তের বিকাশ নহে, ইহা সমন্ত কাব্যকে এক লোক হইতে অন্ত লোকে লইরা বাওরা—প্রেমকে বভাষসেদির্বে দেখা হইতে মললসোন্দর্বের অমর বর্গধামে উত্তীর্ণ করিরা দেওরা।—রবীক্রনাণ, প্রাচীন সাহিত্য—শকুস্তলা।

পরবর্তী যুগের নাট্যকার হর্ব—কাক্সকুজ্বের রাজা হর্বই বাণভট্টের পৃষ্ঠপোষক।
সরল স্থান ভাষার স্থান নাটকীয় কার্ককার্বের স্বাক্ষর রেখে গেছেন হর্ব।
কালিদাসের প্রতিভাসমূজ্বেল না হ'লেও তাঁর নাটকের স্থান্ধ স্থান রূপা আপন
বৈশিট্যে স্বতন্ত্র ও স্থানর। তাঁর 'রত্বাবলী' রাজা উদয়ন ও লছার রাজকন্তা রত্বাবলীর
মিলন কাহিনী, 'প্রিয়দশিকা' উদয়ন ও দৃঢ্দেনকন্তা প্রিয়দশিকার মিলন কাহিনী।
এই ছটি নাটকেই কালিদাসের মালবিকাগ্রিমিত্রের প্রভাব বর্তমান, তবে গর্ভাক্ষ স্থানীর
মধ্যে তাঁর মৌলিকতা ও প্রতিভার স্পর্ণ রয়ে গেছে। তাঁর স্বয়ত্ব্য নাটক নাগানাক।

মহেন্দ্রবিক্ষম ৭ম শতকের নাট্যকার। তাঁর মন্তবিলাস একটি একাছ প্রহসন। তথনকার মুগের নৈতিক অবনতির চিত্র। ভাসের অহুকরণে তিনি মঞ্চের নির্দেশ দিয়েছেন। ভবভাত ৮ম শতকের নাট্যকার। কল্হনের রাজতরিদ্ধনীতে তাঁকে কাল্রকুন্তের রাজা যশোবর্মণের সভাকবিরূপে বর্ণনা করা হয়েছে। মালতীমাধ্যে তিনি তাঁর ব্যাতিহীনতা নিয়ে অভিযোগ করেছেন। তিনি গৌড় রীতির লেখক। তাঁর মহাবীরচরিত রামচন্দ্রের বাল্যজীবনের বীর্ত্বকাহিনী। রামায়ণের কাহিনী হলেও মৌলকতা ও নাট্যপ্রতিভা তাকে বৈশিষ্ট্য দিয়েছে। মালতীমাধ্য প্রমোপাখ্যান, তার মধ্যে আর একটি সমান্তরাল মার্কণ্ড ও মদয়ন্তিকার প্রেমোপাখ্যান হুকৌশলে সন্নিবিই হয়েছে। দীর্ষ বর্ণনা ও গভাংশ নাটকীয়তাকে ব্যাহ্ত করলেও এর মধ্যে তথনকার মধ্যবিত্ত সমান্তের একটা মূল্যবান ছবি পাওয়া যায়। তাঁর উত্তর্করামচরিত শ্রেষ্ঠ গৃষ্ট। রামচন্দ্রের শেষজীবনের ঘটনা, সীতা নির্বাসন থেকে পুন্মিলন পর্যন্ত এর ঘটনাংশ। কবি বলেছেন, তুঃথের মধ্যেই প্রকৃত প্রেম গড়ে ওঠে। ১ম আরু আলেখ্যদর্শন, ধম আরু চন্দ্রকেত্ব-লবের যুদ্ধ এবং ৪র্থ আরু বিশিষ্ঠর বান্মীকি আশ্রমে গমন, নাটকীয় কৌশল ও কবিপ্রতিভার স্বাক্ষর রেখে গেছে। তাঁর নাটক কাব্যধর্মী, নাটকের মধ্যেও কাব্য প্রধান্ত পেয়েছে।

বিশ্বনাথ দত্তের মৃত্যারাক্ষণ গুণাট্যের বৃহৎকথা থেকে গৃহীত কাহিনী অবলম্বনে লিখিত নাটক। নন্দ, রাক্ষণ চাণক্য ও চন্দ্রগুপ্তের রাজনৈতিক সংগ্রামের ঘটনাকে ক্ষে ক'রে এই নাটক লিখিত। নাটকটির বৈশিষ্ট্য রাজনৈতিক বড়যন্ত্র, ক্ষমতার লড়াই-এর কাহিনী, তার মধ্যে কোন প্রণয় কাহিনী নেই। লেখক চরিত্রস্টির দিক থেকে অভিনব প্রতিভার পরিচয় দিয়েছেন; চাণক্য, রাক্ষণ, চন্দ্রগুপ্ত ও মলয়কেতৃর চরিত্র সংস্কৃত সাহিত্যে নৃতন স্টি। তাঁর ভাষায় কালিদাসের সাবলীলতা নেই, ভবভুতির সমারোহ নেই, তথাপি তাঁর ভাষা বেগবান ও শক্তিশালী।

ভট্টনারারণের বেণীসংহার ৮ম শতকের একথানি প্রখ্যাত নাটক। বীর ও উৎসাহ রসাম্রিত মহাভারতের কাহিনী। ত্ঃশাসন বধের পরে তার উষ্ণরক্তধারার কৌপদীর বেণীবন্ধনের প্রদীপ্ত কাহিনী। নাটকের ভাষা নাটকের উপযোগী নর এবং কাহিনীও বিচ্ছিয়।

কনোজের রাজা মহেত্রপালের (৮৯৬-৯•৭) শিক্ষক রাজশেপর চারখানি নাটক রচন। করেন—১। বালরামারণ (রামচত্ত্রের কাহিনী) ২। কর্প্রমধ্রী বিশ্ব—৯ (চন্দ্রণাল ও কুগুলার প্রেমকাহিনী) ৩। বিদ্দীলভঞ্জিকা (রাজা বিভাধারা ও রাজকল্পা মৃগাদ্বতীর গোপন বিবাহ কাহিনী) প্রভৃতি। ক্ষেমেন্দ্রের চণ্ডকৌশিক কনোজরাজ মহীপালের আদেশে লিখিত—বিখ্যাত হরিশ্চন্দ্র-বিশামিত্রের কাহিনী। তাঁর রচনা ক্রত্রিম ও ভারাক্রান্ত, নাটকের উপযুক্ত নয়। দামোদর মিশ্রের হয়মান নাটক (১১শ শতক) নাটকের কলেবরে কাব্য।

কৃষ্ণনিশ্রের প্রবোধচন্দ্রোদয় রূপক নাটক। চরিত্রগুলি বিবেক, বুদ্ধি, প্রভৃতি।
শাস্তরসকে নাটকের মূলরসরূপে ইনিই প্রথম গ্রহণ করেন। সরল স্বচ্ছ ভাষায়্র
রিচিত নাটকটি সংস্কৃত সাহিত্যে একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। কৃষ্ণমিশ্রের এই
নাটকখানিতে মানবাত্মার আধ্যাত্মিক সংগ্রাম রূপায়িত হয়েছে এবং তার মাঝে
প্রেম, ভক্তি, হাশ্ররস অত্যস্ত দক্ষতার সক্ষে সংঘোজিত হয়েছে। চরিত্রস্থির
কৌশলে নাটকীয় গতি কলাচিৎ ব্যাহত হয়েছে। রূপক নাটকের প্রষ্টা কৃষ্ণমিশ্র
সফল নাট্যকার—তাঁর অহুগামীদের মধ্যে কেহই তাঁর মত সাফল্য অর্জন করতে
পারেননি।

যশোপালের মহাপরাজয় (১৩শ শতক), পরমানন্দ দাসসেনের চৈতন্তচন্দ্রোদর (১৬শ শতক) (প্রীচৈতন্তের জীবনী), ভূদেব শুক্লের (১৬শ শতক), বিছাপরিণর বেদকবির জীবানন্দ (১৭শ শতক), গোকুলনাথের অমৃতোদয়, সামরাজ দীক্ষিতের প্রীদাসচরিত, ভেষটনাথের সমল্পর্যোদয়, বরদাচার্যের যতিরাজবিজয় পরবর্তী যুগের নাটক।

शीलिकाचा

সংস্কৃত সাহিত্যে গীতিকবিতা ও কাব্যের স্থান অতি উচ্চে। সংখ্যায় এবং পরিমাণে যথেষ্ট নয় সত্য, কিন্ধ রীতি, শৈলী, ভাব ও ভাষায় জগত-সাহিত্যে বিখ্যাত। পুলা সৌন্দর্যবাধ ও কারুকলায়, ভাব ও ভাষার ব্যঞ্জনায় সংস্কৃত গীতিকবিতা বছ সমৃদ্ধ। তুই-একটি কথা বা বাক্যের সীমিত আলেখ্যে যে সৌন্দর্য ফুটেউছে তা জগতের সাহিত্যে বিরল। কেবল প্রেমের কবিতাই নয়, ধর্মীয়, নীতিমূলক, শিক্ষামূলক সর্বপ্রকারের কবিতাতেই প্রাচীন গীতিকবিতা অপুষ্ট।

সংশ্বত সাহিত্য প্রধানতঃ অমুভৃতিপ্রবণ, এবং এই অমুভৃতি প্রকৃতি ও মানব-মনের একটা নিবিড় সম্পর্ক নিয়ে গ'ড়ে উঠেছে—মাম্বর ও প্রকৃতি একীভৃত হ'য়ে, একই ছন্দে গীতিকবিতাকে অপূর্ব স্থলর ক'য়ে ভুলেছে। প্রাকৃতেও সন্তসহ (গাধা সপ্তশতী) সাহবাহনের কীতিস্তম্ভ। শত শত শ্লোকে রচিত প্রাকৃত এই ১ম শতকের কবিতাবলী প্রেম-প্রীতির স্কুমার অমুভৃতির সম্পদে স্থলর অপূর্ব।

কালিদাসের বেবদৃত গীতি-কাননের শ্রেষ্ঠ পুশা। বেবদৃত জার্মান কবি গেটে

এবং রবীজনাথকেও প্রভাবিত করেছিল। জলভরা মেঘমস্রের মন্দাকান্তা ছন্দে লেখা এই বর্ষার বিরহণাথা অপরূপ সৌন্দর্যের রামধন্ততে চিন্তাকাশ পূর্ণ ক'রে দেয়। বহু ইউরোপীয় ভাষায় এ কাব্য অন্দিত হয়েছে এবং Schillerএর Maria Stuart-এর প্রেরণাও এই মেঘদ্ত। তরুণ কবির ঋতুসংহার যদিও মেঘদ্তের তুলনায় শ্রীহীন, তথাপি উদীয়মান প্রতিভার পরিচয় এই রচনায় স্থাপাই।

ভর্ত্বরির (৬৫১) শৃশারশতক, নীতিশতক ও বৈরাগ্যশতক অত্যন্ত হন্দরের সাবলীল ভাষায় লিখিত। বিষয় অফ্যায়ী পাঠকের নিকট হৃদয়গ্রাহী। বাণভটের সমসাময়িক ময়্বের স্থশতক সম্বন্ধে কিংবদন্তী যে, তিনি এই হ্লালিত স্থঁন্তোজেরচনা করায় তাঁর কুঠব্যাধি নিরাময় হয়। অমরুশতকে নারীর বিভিন্ন বয়সের রূপ ও মনন্তক, বিশেষতঃ গভীর অফ্ভৃতির প্রকাশে অমরু অনবক্ষ। বিল্হনের চৌরপ্রশাশিকায় যে প্রেমের শ্বতিকথা রূপায়িত হয়েছে তা সংস্কৃত সাহিত্যে আদৃত। রায়প্রণাকর ভারতচন্দ্র বিল্হনের এই কাহিনী থেকেই তাঁর বিভাস্ক্র্যরের প্রেরণা লাভ করেন। ১২শ শতকে জয়দেবের গীতগোবিন্দ সংস্কৃত গীতিকবিতার মধ্যে স্বরভিত 'কাঞ্চন কোকনদে'র উজ্জ্বলতা নিয়ে দীপ্রিমান। তাঁর সমসাময়িক দমীয় দ্তকাব্য প্রনদ্ত, লক্ষণসেন ও গন্ধবিক্যা ক্রলয়বতীর প্রেম্কাব্য মেয়দ্তের অফ্রুতি।

এই প্রসিদ্ধ কাব্য ব্যতীতও উল্লেখযোগ্য গীতিকবিতা, কালিদাসের শৃলারতিলক, মানতুলের ভক্তাময় স্থোত্ত, সিদ্ধেশর দিবাকরের কল্যাণমন্দির স্থোত্ত, বাণভট্টের চণ্ডীশতক, সর্বজ্ঞের স্রগধারা স্থোত্ত, স্মানন্দবর্ধনের দেবীশতক প্রভৃতি এবং রূপগোস্বামীর প্যাবলী এবং জগন্নাথের ভামিনীবিলাস।

रें िराम

ভারতীয় সভ্যভার প্রাচীনতা সম্বন্ধে সংশয় না থাকলেও সংশ্বত সাহিত্যে প্রকৃত ইতিহাস বা ঐতিহাসিক লেথার অভাব আছে। ইতিহাস সম্বন্ধে ভারত নির্বাক—ভার দার্শনিক শিক্ষা, এবং জীবনের মূল্যবোধ জাগতিক জীবনের উথান-পতন, পাওয়া-না-পাওয়ার মূল্য দেয়নি বলেই হয়ত ইতিহাস রচনায় প্রাচীন ভারতের কোন আকর্ষণ বা আগ্রহ ছিল না। কেবলমাত্র চলতি ইতিহাসের মধ্যে মহান ত্যাগ ও মহৎ চরিত্রের টুকরো কাহিনী জনকল্যাণের জন্তই লিপিবদ্ধ হয়েছে। গ্রীক ইতিহাসকার হেরোভোটাস্ মহৎ মানবের কীর্তিকে শ্বরণীয় করতে ইতিহাস লিখেছিলেন কিন্তু ভারতীয় লেথকগণ কেবল শিক্ষার্থে শিক্ষনীয় কাহিনীটুকুই মাত্র ভাঁদের পূঁথিতে ছান দিয়েছেন। অন্তথায় রাজনীতি জার জ্বতের উথান-পভনের ইতিহাস ভারতের বদরে মূল্য পারনি। একমার্ক্স

কৃষ্টনের রাজতরশিনীই কাশারের ইতিহাসসমূদ্ধ এবং এই-ই প্রথম জবিনশর ঐতিহাসিক রচনা, যদিও ঐতিহাসিক বস্ত জনেক সময় কবির কল্পনার মধ্যে হারিয়ে গেছে।

ভারতের ইতিহাসের আরম্ভ পুরাণে। পুরাণের ধর্মীয় ও সামাজিক ক্রিয়াকলাপ অহুষ্ঠানের প্রসঙ্গে যে বিরাট রচনা ভাগার রয়েছে তার মধ্যেই প্রাচীন ভারতের ইতিহাস আত্মগোপন ক'রে আছে। প্রাক্তের মূল্যবান ঐতিহাসিক গ্রন্থ বাক্পতির গৌড়বাহো। তাঁর এই গ্রন্থে কনোজরাজ ঘশোবর্মণের গৌড়পতিকে পরাস্ত করা এবং মৃক্তাপীড়ের হাতে কাশ্মীররাজ ললিতাদিত্যের পরাজ্ঞের ঘটনা তদানীস্তন ইতিহাসের প্রামাণ্য কাহিনী।

১০৫০ খুঃ অব্দের পদ্ধপ্তথের নবসাহসাহচরিত মালবরাজ নবসাহসাহ ও রাজক্মারী শশীপ্রভা বিজয় কাহিনী। সন্ধ্যাকর নন্দীর রামপালচরিত, ভীম কৈবর্ডের নিকট থেকে রামপালের পৈতৃক সম্পত্তি উদ্ধার ও মিথিলা বিজয় কাহিনী (১০৫৭ খুঃ আঃ)। বিল্হনের পৃষ্ঠপোষক ছিলেন ৪র্থ বিক্রমাদিত্য—কল্যাণের চালুক্যরাজ (১০৭৬-১১২৭)। তাঁর বিক্রমাহচরিত তাঁর পৃষ্ঠপোষকের জীবন-চরিত। এই জীবন-চরিত কবিকর্নাও অনৈতিহাসিক ঘটনায় খণ্ডিত। ভারতীয় ইতিহাসকারগণের মধ্যে কল্হনই একমাত্র ঐতিহাসিক, তাঁর রাজতরঙ্গিনী (১১০০) হর্বের মৃত্যুর পরে কাশ্মীরের রক্তাক্ত ইতিহাস অতি নিষ্ঠার সঙ্গে রচিত হয়েছে। রাজতরঙ্গিনী ইতিহাস ও কাব্যের অপূর্ব মিশ্রণ। হেমচন্দ্রের চালুক্যরাজ ক্মারপালের জীবনী ক্মারপালচরিত। অনামা লেখকের লেখা পৃথীরাজবিজয়-পৃথীরাজের সাহাবৃদ্দিন ঘোরী বিজয়ের ইতিহাস।

পরবর্তীযুগে কিছু কিছু ইতিহাস নিপিবদ্ধ হয়েছিল। তার মধ্যে শভুর রাজেন্দ্রকর্ণপুর (১০৮৯), সোমেশর দত্তের কীর্তিকোম্দী অরিসিংহের স্কৃত সংকীর্তন, সর্বানন্দের জগড়ুচরিত, রাজশেথরের (১৪শ শতক) প্রবন্ধকোষ এবং বিভাপতির (১৪শ শতক) কীর্তিকথা উল্লেখযোগ্য।

भमा प्राहिতा

ভারত-হাদর কাব্যেই বিকশিত হয়েছে বেশী। মাছ্য কাহিনী বা সদীত ভানতে আরম্ভ করার অনেক পরে পড়তে শিথেছে তাই সর্বদেশেই গল সাহিত্য পদ্ম সাহিত্যের পরে স্পষ্ট হয়েছে। সংস্কৃত সাহিত্যের বেলায়ও একখা সভ্য। বৈদিক সাহিত্যের প্রায় সবই ছন্দোবদ্ধ, যজুর্বেদে সামাল কিছু পুলের নিদর্শন আছে। ব্রাহ্মণ ও স্থ্যে সাহিত্যে ভাদা ভাদা গলের ব্যবহার দেখা কার্য়। মহাভারতে, বিষ্ণু ও ভাগবং প্রাণে এবং চরকের আযুর্বেদ শালে কিছু গভের ব্যবহার আছে কিন্তু প্রথম স্থাঠিত গভের ব্যবহার দেখা বার প্রঞ্জির মহাভারে। শবরস্থামীর মীমাংসাস্থ্রের ভায় ও বাংসারনের ফ্রারস্থ্রের ভায়ে এবং শহরের ব্রহ্মস্থরে ও উপনিবদের ভায়ে, মেধাতিথির মহস্বতির ভায়ে, পূর্ণাদ্দ সংস্কৃত গভের ব্যবহার দেখা যায়। এই সময়ে গছ্য সাহিত্য পূর্ণাদ্দ স্থপুই ও ছন্দিত হয়ে উঠেছে। প্রাচীন নাটকেও বহুল গভের ব্যবহার দেখা যায়। প্রকৃতপক্ষে গছ্য বে ক্য রচিত হয়েছিল তা নয়, তবে পছের তুলনায় তার পরিমাণ অল্প। গছ্য সাহিত্যের আরম্ভ বৈদিক যুগে হলেও তার পরিপূর্ণ বিকাশ হয় অনেক পরে।

গদ্য সাহিত্যকে প্রধানতঃ ত্ইভাগে ভাগ করা যায়,—আখ্যায়িকা এবং কথা (Romance and Fables)। দণ্ডী তাঁর কাব্যাদর্শে এই ত্ই-এর পার্থকা নির্ণয় করেননি, তবে অমর সিংহ করেছেন। আখ্যায়িকার অর্থ ঐতিহাসিক ভিত্তির উপর রচিত কাহিনী এবং কথা অর্থে সম্পূর্ণ কাল্লনিক কাহিনী। ভারতীয় কথা-সাহিত্য বৈদিক যুগের, পরবর্তী যুগে প্রচলিত এই কথাগুলি নীতিশিক্ষার উপকরণ হিসাবে ব্যবহৃত হয়।

দণ্ডীর সময় নিয়ে বিতর্ক আছে। তবে তাঁকে ৭ম শতকের লেখক বলে গণ্য করা যায়। তাঁর দশকুমার চরিত রোমালধর্মী। দশজন রাজকুমারের অভিযান কাহিনী। এই কাহিনীতে তৎকালীন সমাজ ও নৈতিক অবনতির স্থলর একটি চিত্র পাওয়া যায়। এই বান্তব বর্ণনা ও ঘটনা সংস্থাপনের জন্ম Keith দশকুমার চরিতকে সংস্কৃত সাহিত্যের প্রথম বান্তবধর্মী সাহিত্য বলেছেন। (১৮৭) অবশ্য এই বান্তবতা এ্যাটিক্যুগের বান্তব সাহিত্য থেকে ভিন্নধর্মী। তাঁর মতে গুণাঢ্যের বৃহৎ কথা থেকে দণ্ডী দশকুমার চরিতের কাহিনী গ্রহণ করেন।

ক্ষর (१ম শতক) বাসবদন্তা সংস্কৃত সাহিত্যের একটি প্রসিদ্ধ রোমাল। রাজকুমার কন্দর্পকেতৃ ও রাজকুমারী বাসবদন্তার প্রণয়কাহিনী ক্ষচত্র ঘটনা বিশ্বাসে মনোমুগ্ধকর ভাবে গ'ড়ে উঠেছে। কন্দর্পকেতৃ একদা এক ক্ষমর রাজকুমারীকে স্বপ্নে দেখে তার থোঁজে বেরিয়ে পড়লেন। বাসবদন্তাও কন্দর্পকেতৃকে স্বপ্নে দেখে তাঁর এক অক্ষচরকে রাজকুমারের থোঁজে পাঠালেন। ভ্রমণকালে কন্দর্পকেতৃ ছু'টি পাধীর আলাপ থেকে বাসবদন্তার কথা জানতে পারেন এবং পাটলিপুত্তে এসে বাসবদন্তার সন্দে মিলিভ হন। কিছু রাজা বাসবদন্তাকে অগ্রজ বিবাহ দিতে ইচ্ছুক, অভএব তাঁরা পন্দীরাজে পালিয়ে এসে উপস্থিত হলেন বিদ্ধাপ্রদেশে। একদিন রাজে উভয়ে নিজিত হলেন কিছু পরদিন সকালে রাজকুমার দেখেন বাসবদন্তা তাঁর পাশে নেই। বছ সন্ধানের পরে এক ঋষি-আল্পান প্রত্তরীভূত বাসবদন্তার সন্ধান পেলেন এবং তাঁর স্পর্শে বাসবদন্তা জীবস্ত হ'য়ে উঠলেন। অন্প্রাস মমক প্রভৃতি অলকারে সমৃদ্ধ ক্ষবন্ধুর ভাষা কাব্যধর্মী, অলকারের আতিশয়ে ভাষা অনেক স্থানে মহর গতি হ'য়ে চাক্ষকার পরিপহী হ'য়ে উঠেছে।

⁽³⁵⁹⁾ History of Sanskrit Literature-Keith-297-301.

বাণভট্ট সংশৃত গছলেথকগণের মধ্যে শ্রেষ্ঠ। বাণের হর্ষচরিত আখ্যারিকা থবং কাদম্বী কথা। হ্র্বচরিত রাজা হর্ষের (৩০৬—৬৪৭) জীবনচরিত। অসমাপ্ত এই চরিতকথার বাণ তাঁর আত্মপরিচয় ও প্রথম জীবনের বছ লমণের কাহিনী লিপিবজ করেছেন। কাদম্বী তাঁর শ্রেষ্ঠ রচনা। মূলতঃ কাদম্বী চন্দ্রাপীড় ও কাদম্বীর প্রণয়কাহিনী হলেও, তার মধ্যেই পুগুরিক ও মহাশেতার কাহিনী জড়িয়ে রমেছে। গরের মধ্যে গরের স্থাই সংশ্বত সাহিত্যের বৈশিষ্ট্য এবং তা কাদম্বীতে পূর্বভাবে ব্যবহৃত হয়েছে। পাশ্চান্ত্য পণ্ডিতগণ কাদম্বীকে অরণ্য বলে বর্ণনা করেছেন, কারণ তাঁর বর্ণনার আতিশয়ে ঘটনাংশ ব্যাহত ও মহরণতি হয়েছে। পাশ্চান্ত্যের কাছে জন্মান্তর্বাদ অবিশান্ত্য, তাই কাদম্বরীর কাহিনীও অনৈস্থিকি হ'য়ে উঠেছে, তা সত্ত্বেও তাঁরা তাঁর প্রেমবর্ণনা ও গভীর অন্তর্দৃষ্টির প্রশংসা করেছেন। রাজকুমারীর চলা না হলেও চলার রাগিণীর মাধুর্ষ উপভোগের সময় বা হদর যাদের নেই তাদের কাছে কাদম্বরী চিরকালই অরণ্য হ'য়ে থাকবে। (১৮৮)

नीठिकथा

ভারতীয় ছোট গল্পকে তিনভাগে ভাগ করা যায়: (১) লোককথা (popular tales), (২) পশুপক্ষীকথা (beast fables) এবং (৩) অলৌকিক কথা (fairy tales)। লোককথাকে আবার বৌদ্ধ ও অবৌদ্ধ ভূই ভাগে ভাগ করা যায়।

বৌদ্ধজাতকের গল্প পুরাকাল থেকেই প্রচলিত ছিল, এ ব্যতীত বৌদ্ধদিগের অনেকগুলি সংস্কৃত লোককথাও আছে। গুণাঢ্যের বৃহৎকথা অবৌদ্ধদের লোককথার মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। এ গল্পগুলি গৈশাচী প্রাকৃতে লিখিত। এই মৌলিক গ্রন্থ পাওয়া যায়নি তবে তাঁর গল্পগুলি সংস্কৃতের আশ্রায়ে সংরক্ষিত হলেছে। বৃধ্যামীর শ্লোকসংগ্রহ, ক্ষেমেন্দ্রের বৃহৎকথামঞ্জরী ও সোমদেবের ক্যাসরিৎসাগরে গুণাঢ্যের গল্পগুলি অনুদিত হয়ে আজও পাঠকের চিন্তবিনাদন করে। বৃহৎকথা ২য় শতকের লিখিত গ্রন্থ। রামায়ণ-মহাভারতের পরেই এই বৃহৎকথার প্রভাব প্রাচীন সাহিত্যে স্ক্রপষ্ট। বিষ্ণুশর্মার হিতোপদেশ (পশুপক্ষীকথা) শ্রর্মীয় গ্রন্থ। কথিত আছে, বিষ্ণুশর্মার হিতোপদেশ তৎপূর্ববর্তী তল্পাথ্যারিকা নামক কোন লুপ্থ গ্রন্থের অস্কৃতি। গছ-পশ্ব-মিশ্রিত স্থললিত স্বলাভাষার লিখিত এই গ্রন্থে চাণকোর অর্থশাল্পের প্রসৃক্ষ পাওয়া যায়। এই

⁽১৮৮) •••এদিকে তানের কথার আছে 'চলত রাজকুমারী' কিন্তু তানের উপদ্রেষে বেলা বহিরা বার, রাজকুমারীর আর চলাই হর না। সমন্দার শ্রোতাকে জিল্ফাসা করিলে সে বলে, রাজকুমারী না চলে ত নাই চলুক কিন্তু তানটা চলিতে থাক।—রবীক্সনাথ—প্রাচীন সাহিত্য—কাদম্বরী।

ু হিতোপদেশ এতই জনপ্রির হয়েছিল বে ৬ গ্ল শতকেও প্রকারী ও সিরির ভাষার অন্দিত হয়। ৮ম শতকে আরবীতে এবং আরবী হতে প্রায় সব ইউরোপীয় ভাষার অন্দিত হয়। (১৮৯)

আরবী ঐতিহাসিক মৃস্থদি (১৫৬ মৃত্যু) আরবী কিতাব-এল-সিন্দবাদের গল্পের উৎস ভারতীয়—একথা উল্লেখ করেছেন। পারসিক সিন্দবাদ নামচ, সিরিছ সিন্দবাদ, হিক্র সিন্দবাদ, গ্রীক Syntipas এবং ইউরোপীয় অক্সান্ত সাহিত্যের এই গল্পের সবই কিতাব-ই-সিন্দবাদ থেকে গৃহীত। পঞ্চন্ত্র, কথাসরিৎসাগর, শুকসপ্ততি প্রভৃতির গল্প পাশ্চান্ত্য সাহিত্যেও পাওয়া যায়। Gesta Romanovum (1300)-এর The Wright's Chaste Wife এর উদাহরণ। (১১০)

এই হিতকথাগুলির মূল উৎস কোথায় তা নির্ণীত হয়নি। কেহ বলেন গ্রীসে Hesiod-এর সময়েই এগুলি বর্তমান ছিল, তার উল্লেখ হোমরের মধ্যে পাওয়া বার এবং পরে Archilochos এবং Simonedes-এর মধ্যেও কোন কোন গল্প পাওয়া যায়। এক্ষেত্রে গ্রীস থেকে ভারত গল্প পেয়েছে, না ভারত থেকে গল্পগুলি গ্রীসে গেছে তা বলা কঠিন। তবে জাতকের গল্পগুলি গ্রঃ প্: ৪র্থ-৫ম শতকে ছিল। Æsop, Sophocles, Archilogos, Herodotos-এর গল্পের সঙ্গে জাতক পঞ্চতন্ত্র ত্রিপিটকের গল্পের যথেষ্ট সাদৃশু আছে। ভারতের সঙ্গে গ্রীসের যোগাযোগ ছিল তারও প্রমাণ রয়েছে। এক্ষেত্রে কে খাণী সেকথা সঠিক বলা যান্ত না, তবে ভারতীয় বৈদিক সাহিত্য গ্রীক সাহিত্য থেকে প্রাচীন সন্দেহ নেই। গল্পের উৎস বৈদিক যুগ, অতএব ভারত থেকে গল্পগুলি গ্রীসে নীত হয়েছিল এমন অহমান করা অসমীচীন হবে মনে হয় না। বিশেষতঃ প্রাচীন সংস্কৃত সাহিত্যের রোমান্য প্রিক রোমান্য-এর ঘটনা ও বর্ণনার মধ্যে প্রচর সাদৃশ্র আছে। (১৯১)

নারায়ণ পণ্ডিত লিখিত হিতোপদেশ আর একখানি হানর নীতিকথা (fable), বিফুশর্মার অন্থকরণে লিখিত। নারায়ণ সম্ভবতঃ ১১ শতকে জীবিত ছিলেন। শ্রীবরের কথাকোতুক (১৫শ শতক) আর একখানি উল্লেখবোগ্য নীতিকথা। অলোকিক কথার মধ্যে শিবদাসের বেতালপঞ্চবিংশতি, বৃত্তিশি সিংহাসন, ও শুক্সপ্ততি প্রধান। শুক্সপ্ততি ৭০টি গল্পের সংগ্রহ। শুক্সক্ষী তার

⁽১৮৯) Burzoe translated a version of the Panchatantra in Palhabi (531-79), one Bud into Syriac (570) and in 750 an Arabic version was made by Abdulla-ibn-al-Moquffa from which the Western versions are derived...Greek version of Simeon in 11th century, Italian version by Guilio Nute—1583, Hebrew by Rabbi Joel (1100) German by Anthonius Von Pforr (1483) English by Thomas North (1570). Ibid—Keith—p. 357-58.

^{(&}gt;>) Ibid-p. 360.

⁽১৯১) Thus we find in Indian and in Greek Romance the conception of love at first sight, of love revealed to each in dream, the swift change of fortune from good to evil and then back to prosperity, adventure and ship-wreck at sea, heroes as well as heroines of wonderful beauty, free use of detailed description both of love and nature...Ibid—p. 365.

কর্ত্রীকে স্বামীর অমূপস্থিতির ৭০টি রাত্রিতে অসং পথ থেকে রক্ষা করতে এই ৭০টি ৯ গল্প বলে। এই তিন্থানি গলগুছের সময় এখনও অজ্ঞাত।

অস্থান্ত উল্লেখযোগ্য কথা ও কাহিনী:—সিদ্ধের উপমিতি ভারপ্রপঞ্চকথা (কৈন—১০৬) শিবদাসের কথার্গব, বিছাপতির পুক্ষপরীক্ষা, বল্লাল সেনের ভোজপ্রবন্ধ, জৈনকীতির চম্পক শ্রেষ্ঠা কথানক, পালগোপাল কথানক, অজ্ঞাত লেথকক্বত কথাকোম, হেমবিজ্ঞারের ২৫৮টি গল্পের সংগ্রহ কথারত্বাকর। বৈদিক যুগের পর থেকে প্রাচীন গ্রীক ও সংস্কৃত সাহিত্যের বিবর্তনের মধ্যে অনেক সামঞ্জম আছে। মহাকাব্যের যুগে বিরাট এই চারধানি মহাকাব্যে অতীত যুগের এক গৌরবময় সমাজজীবন ও ঐতিহ্ বিশ্বত হয়েছিল। তার পরে তার অহ্নসরণে অহ্নকরণে ও প্রভাবে এসেছিল কাব্যযুগ এবং স্থভাবধর্মে এল গীতিকবিতা ও গাথার যুগ। ধর্মান্তর্ভানের অঙ্করপে এল নাটক এবং লোকশিক্ষার অঙ্করপে এল কথা ও আথ্যারিকা। ভাষণ-সাহিত্য গণতল্পের দান,—গণতল্পেই বৃদ্ধির ও বাক্চাত্র্বের লড়াই হওয়া প্রযোজন এবং সম্ভব। তাই এথেন্ধ ও রোমের গণতন্ত্বে ভাষণ-সাহিত্য গ'ড়ে উঠেছিল। কিন্তু ম্পার্টা বা রোমসামাজ্যে বা ভারতে এই মন্তিন্ধের লড়াই স্থান পায়নি।

পূর্বেই বলা হয়েছে, প্রাচীন গ্রীস ও রোমে মানব-চিত্ত যে পথে, যে ভাবে বিকাশ লাভ করেছে প্রাচীন ভারতে মানব-চিত্ত সে পথ অমুসরণ করেনি। পার্থিব জড়জীবন সম্বন্ধে মূল্যবোধ বিভিন্ন হওয়ায় মানব-মনও ভিন্ন পথ ধরেছে। পার্থিব জীবনের পাওয়া না-পাওয়া হঃখ-বেদনার মৃল্য ভারত দেয়নি, তাই ব্যক্তিজীবন ভার সাহিত্যে মূল্য পায়নি, ব্যক্তিজীবনের সংঘাত, ভার বেদনা ভাষায় প্রকাশ পায়নি। পক্ষান্তরে ভারত হৃদয়বৃত্তির পূজারী, ইন্দ্রিয়াতীত ব্রশ্বজ্ঞানের পথিক; যা মানব-চিত্তকে অহভৃতি দিল না, যা ত্যাগ ও বৈরাগ্যে উদুদ্ধ করল না, তা প্রাব্য বা পাঠ্য-সাহিত্য হিসাবে গ্রাফ হল না। দর্শন-ধর্ম-সাহিত্য-সমাজব্যবন্ধা তার সমস্ত শক্তি কেন্দ্রীভূত ক'রে, একীভূত ক'রে মানব-চিত্তকে অমুভূতিপ্রবণ ও ধর্মাশ্রয়ী করেছে, জান্তবৃত্তিকে উৎসারিত করেছে, সমগ্র স্কৃষ্টির মাঝে আপনাকে পরিবাাপ্ত করতে চেয়েছে; তার অবশুম্ভাবী ফলরূপে সাহিত্য নীতিবাদভিত্তিক হ'য়ে পড়েছে। গ্রীস ও রোমের গণতন্ত্র, তার অর্থনীতি ও সমাজব্যবস্থার জন্ম ব্যক্তিবাদ গ'ড়ে উঠেছে, সমাজ হরেছে ব্যক্তিবাদভিত্তিক। ধর্ম ও দর্শন সমাজনীতির সঙ্গে এক ভালে চলেনি। अञ्जीवत्मत्र स्थ-इःथ ও পাওয়া না-পাওয়ার উপর ব্যক্তিজীবনের मुनारवाध ग'ए উঠেছে, वाकित जीवनमःश्राम एक हरवरह। वाकित विख कड़-कीवत्न मरशामी ह'रम উঠেছে, তার मद्भ मत्क मस्त्रिक ও क्षमस्त्र मरवां उक्त हस्महः ; किन मिक्रमानम मास्त्र পर्यत्र अधिक, এवर क्यास्त्रवारम भूर्गवित्रामी ভातरङ জড়জীবনের এই সংঘাত, এই ব্যক্তি-সংগ্রাম বৃহৎ ও প্রবল হ'মে দেখা দেয়নি। ৰভিক তৃচ্ছ হ'বে গেছে মৃল্যবোধের পার্থক্য হেতু, হ্রনর বড় হ'বে উঠেছে সবার উপরে। ভারতের প্রাচীন সাহিত্য এই বৃদয়ের প্রকাশ—নীভিভিত্তিক আবর্শবাদী

সাহিত্য। অর্থাৎ ভারতীয় সাহিত্য জড়জীবনের চাহিদাকে উপেক্ষা করে ভুরীয় আশাবাদী হয়েছে এবং মানব-হৃদয়কে স্নেহ-ক্রুণায় আর্ম ও স্পর্শকাতর ক'রে তুলেছে, তার অহুভৃতিকে প্রথম ও প্রবল করেছে। ভারতীয় হৃদয় ভালবাসে ভালবাসারই জন্ম, দান করে হৃদয়ের তাগিদে, আপনাকে ত্যাগ করে আনন্দের জন্ম, জাগতিক ভোগকে এড়িয়ে চলে ইন্দ্রিয়াতীত বৃহস্তর ভোগের প্রয়োজনে। কিছু পাশ্চান্তো অহংপূর্ণ মানব-চিত্ত ব্যক্তিস্থাতন্ত্রা নিয়ে এগিয়ে গেছে আপনার পাওনাকে পেতে, জগতকে ভোগ করতে কিছু তা পায়নি, তাই নিফ্ল ক্রোধে, জীবনসংগ্রামে পরাজয়ের মানিতে সে চিত্ত-বেদনায় চীৎকার ক'রে উঠেছে তার কাব্যসাহিত্যে, তাই তার সাহিত্য বাস্তবধর্মী হয়েছে প্রাচীন যুগেই। বাস্তব-জীবনের নৈরাশ্রপীড়িত মানব-হৃদয়ের অভিব্যক্তি হয়েছে বান্তব সাহিত্যে,—মন্তিকগত ভোগের চাহিদা মেটেনি বলে হৃদয় কেন্দে মেবেছে কালির অক্ষরে।

ভারতের এই ঐতিহ্ চলে এসেছিল এক ধারায় কিছু ১৯শ শতকে এই ছুই চত্তের মুখোমুখি দেখা হল ভারতভ্ষে। তখন ভারত হারিয়ে ফেলেছে ভার বেদ-উপনিষদের শিক্ষা ও সাধনা, উপযুপিরি বৈদেশিক বিধর্মী মাত্রষ ও তার সংস্কৃতির আক্রমণে হারিয়ে ফেলেছে অধ্যাত্মবাদভিত্তিক সমাজব্যবস্থা: কেবলমাত্র অন্ধ দেশাচার ও ধর্মীয় অফুশাসন ও বিধি-নিষেধের জীর্ণ থাঁচাটির মধ্যে আত্মরক্ষা ক'রে চলেছে—ভারত হারিয়েছে তার নিষাম কর্মযোগ। ঠিক সেই সময়েই পাশ্চান্ত্য এদেছিল তার জাগতিক জীবনের সমারোচ নিয়ে, বিজ্ঞান শক্তির দম্ভ ও চোখ-ধাঁধানো জলুস নিয়ে, বুদ্ধি ও মন্তিফ নিয়ে। ন্তিমিত মৃতকল্প সমাজ ও শিক্ষা সে বৃদ্ধিবৃত্তি ও শানিত মন্তিক্ষকে প্রতিরোধ করতে পারল না। ধর্মবন্ধনের থাঁচায় মন্ত্রশাস্ত অহং, শুমিত নিদ্রিত ব্যক্তিবাদ সহসা জেগে উঠল, ইয়ং বেদল প্রশ্ন করল জীবন সম্বন্ধে, জগত সম্বন্ধে। দেখতে দেখতে নৃতনভাবে মূল্যায়ন ওক इन कीरानत-कीरानत চाहिमात, खड़कगाउत চाहिमात। कीर्ग हिम्मूच, नशास्त्रत অফুশাসন বিধি-নিষেধ, ধর্মকুত্যের বৈজ্ঞানিক ব্যাখ্যা চাইল জাপ্রত নব্যশিক্ষিতের দল, বেমন ক'রে চেয়েছিল ইতালীয় রেনেসাঁয়। কিন্তু অধ্যাত্মবাদের বৈজ্ঞানিক ব্যাখ্যা হয় না, মন্তিক দিয়ে হাদয়ের বিচার হয় না। তথন জাগ্রত ব্যক্তি উঠে দীড়ালো খতন্ত্র হ'য়ে, খতন্ত্র সন্থা নিয়ে এবং সঙ্গে সাক্ষ আরম্ভ হল জীবন-সংগ্রাম— হৃদর আর মন্তিকে লড়াই। বাংলার আধুনিক সাহিত্য এই সংগ্রামপ্রস্ত-ইউরোপীয় সাহিত্যের শিশুরূপে সাহিত্য গ'ড়ে উঠল তাদের অভ্যাবনের চিন্তাধারা বহন করে, সংগ্রাম নিয়ে, মন্তিক ও হৃদয়ের সংঘাতে পুষ্ট হল সাহিত্য। অতএব অধর্মত্যাগী ইংরাজী-শিক্ষিত মাইকেল মধুস্থদনের কাব্যেই প্রথম স্বতন্ত্র वाकि हिमाद्य, वृद्धि ও मश्चिक निष्य वाकिष्ठवित एतथा निम स्थवनाम। श्वनद्यव সভাকে তিমিত ক'রে, কুল্র ক'রে জাতীয়তার যুক্তি বড় ও মোহময় হ'রে উঠন। আমরা নতুন সাহিত্য জগতে পদক্ষেপ করলাম। বহিম এই মুগসন্ধিক্ষণের শুষ্টা,— একদিকে দেবীচৌধুরাণী অন্ত দিকে কৃষ্ণকান্তের উইল-প্রফুর আর অ্যর অন্তর্ধ

কৃষ্টি করল, বিধাপ্রতি করল যুক্তিবাদকে। তারপরে বণিকের মানদণ্ড যথন রাজদণ্ডে পরিণত হল, তথন অর্থনীতির অবাধ প্রবেশাধিকারকে স্বীকার ক'রে জড়জগত থেকে ধর্ম-দর্শন সরে দাঁড়াল নত মন্তকে—হেমন ক'রে ইউরোপের ধর্ম-দর্মাজ সরে দাঁড়িয়েছিল শিল্প-বিপ্লবের আগমনে। নগ্ন বৈশ্বরুত্তি ও নিষ্ঠুর ব্যবসাবৃদ্ধির কাছে পরাজিত হ'য়ে গেল সমন্ত স্থলয়বুত্তি, মানবতা, মৈত্রী, করুণা। আমরাও হারিয়ে ফেললাম হৃদয় আর মন্তিকের ভারসাম্যকে, বান্তব্যাদ ও অধ্যাজ্ববাদের ভারসাম্যকে, যে ভারসাম্যহীনতাই আজকের উন্মন্ত পৃথিবীর এই উদ্ধৃত সভ্যতার মূল সমস্যা।

व्यक्तकात यूर्गत भरत

একাদশ-ঘাদশ শতকে যথন বাংলাভাষ। মাগধী প্রাক্ততের অঞ্চল ছেড়ে এবং পৈশাচিক প্রাক্ততের ডাকনাম ত্যাগ ক'রে বাংলায় কথ্যভাষা রূপে সম্পূর্ণতা লাভ করেছে তথন বৌদ্ধর্মের প্রভাব স্থিমিত; ব্রাহ্মণ্যধর্ম শিক্ষিত-সমাজে তার অন্থশাসন ও শ্বতির নিষেধকে অবশ্রস্থীকার্য করে তুলেছে এবং সাধারণ জনগণের মাঝে বৌদ্ধর্ম ও হিন্দুধর্মের এক অপূর্ব মিশ্রণে নাথধর্মের স্পষ্ট হয়েছে—তার সঙ্গে তন্ত্র-সাধনারও সমন্বর হয়েছে। এই ধর্মের সাধনমার্গের পথকে বর্ণনা ক'রে রূপকাকারে চর্বাপদ গীত ও কবিতাকারে বাংলাসাহিত্যের আদিযুগের স্পষ্ট করেছে। এই আদি যুগে লোকসন্ধীত লোকগাথা হয়ত ছিল,—তথনকার মান্থ্যের অন্তর সন্ধীত ও গাথায় নিশ্চয়ই তার ছংখ-বেদনা-আনন্দ প্রকাশ করেছিল কিন্তু তা আজ কালস্রোতে ভেনে গেছে। কিন্তু যুগের ধর্ম ও সন্ধীতের স্পষ্ট রূপ রেখে গেছে গোরক্ষ-বিক্রয়, ময়নায়তীর গান ও শৃক্তপুরাণে।

ঠিক এই সময়ে সম্ত্রা পৃথিবীতেই ধর্মীর অরুশাসন ও শ্বৃতির বাধা-নিষেধ (dogma) মাহুষের সমাজজীবনকে নিয়ন্ত্রিত করেছে। এই মধ্যমুগে মুসলমান, ক্যাথলিক প্রীষ্টান, হিন্দুর বেদান্ত-আন্ত্রিত আন্ধান্ত্রাক্ষণ্যধর্ম, ইছদীদের ধর্মীর বিখাস মানব-মনের চারিপাশে ধর্মীর সংস্কারের প্রাচীর দিয়ে তাকে ন্তন্ধ ক'রে দিরেছিল। (১৯২) রেনেসার লেখকগণ পূর্বের এই Scholastic দর্শনকে নিন্দা করেছেন—Taine তাকে age of imbecility বলেছেন, Brucker তাঁর দর্শনের ইতিহাসে এই দর্শনকে অপাংক্তের করেছেন। তার কারণ তাঁদের মূল তত্ত্ব প্রীষ্টান ধর্মের

⁽১৯২) Dogma thus determines Scholasticism. The Middle Ages produced a Mohametan Scholasticism in the East as well as a Catholic Scholasticism in the West. The Vedanta embodies a Brahmanical Scholasticism, the writings of the Jewish philosophy a Jewish Scholasticism and nearer home nothing would hinder us from speaking of a Protestant Scholasticism. An Introduction to Scholastic Philosophy.—Maurice De Wulf.—p. 55.

অনুশাসনের উপর প্রতিষ্ঠিত। কিন্তু Gozalez বলেছেন, এটি দর্শন ও ভাগবংশারের (Theology) মিশ্রণ মাত্র। ভাগবংশার ও দর্শনের মধ্যে পার্থকাটাকে
উপেকা ক'রে সমালোচকগণ স্থলাস্টিক দর্শনের সমালোচনা করেছেন—আর্মানীর
Erdmann এবং Otto Willmann-ও এই মতাবলম্বী। এই সময়ে মান্তবের
প্রকৃতি, তার আত্মা, আত্মা ও দেহের সক্ষে সম্বন্ধ, আত্মা অবিনশ্বর, এবং মানবাত্মা
ভগবানের স্পষ্টি এই সব তত্ত্ব প্রধানতঃ মনোবিজ্ঞানের ভিত্তিতে আলোচিত
হয়েছিল। (১৯৩) ভগবান স্পষ্টর কারণ ও মানবাত্মা ও জগত তাঁরই স্পষ্ট এমনি
একটা অধ্যাত্ম বিশ্বাস তখন সমগ্র ইউরোপের সমাজে স্প্রতিষ্ঠিত হয়েছিল।
ধর্মবিশ্বাস তার সক্ষে কিছু কিছু অন্ধ্যান্তর পৃথিবীর সর্বত্ত মান্তব্যক ব্যাথায় বস্কুজগতে তারা অনেকটা নিক্রিয় হয়েছিল—জড়জগতের অগ্রগতি ন্তিমিত
হ'য়ে এসেছিল।

বাংলায় তথন চর্যাপদ থেকে মধুমালা, পুশামালা, শৃদ্ধমালার কাব্য লোকম্থে গীত হত। মাহুবে এই গাথা ও সঙ্গীতের মাধ্যমে ধর্মীয় শিক্ষাকে জনগণের মধ্যে প্রচার করেছে, তাদের চিত্তে ধর্মীয় শিক্ষাকে প্রতিষ্ঠিত করেছে। ঠিক সেই সময়ে ১১৷১২শ শতকে ইউরোপেও ঠিক এমনি ধর্মাপ্রতি কাহিনী ও সঙ্গীত জনচিত্তকে ধর্মাপ্রয়ী করতে চেষ্টা করেছে।

এই সময়ে ইউরোপের সাহিত্য সম্পূর্ণ রূপ নিয়েছে। এইটি প্রথম কুসেডের সময়। তথনকার বাংলা সাহিত্যে তন্ত্রাদি শাস্ত্র প্রভাবিত যে অলৌকিক কাহিনী ও উপাধ্যান প্রচলিত ছিল তার সঙ্গে তথনকার ধর্মবিশাসী ইউরোপের আখ্যান ও কাহিনীর অনেক মিল রয়ে গেছে। (১৯৪) পরম্পরের আদান-প্রদানের ফলে যদি এই সাদৃশ্য নাও হ'যে থাকে তবে একথা বলা যায় যে জনচিত্ত বিকাশের একই অবস্থায় উভয় দেশে একই রূপ কাহিনী স্বৃষ্টি হয়েছে—একই রূপ চিত্তের স্বৃষ্টির প্রেরণায়।

থাইন ও অ-প্রীটানদের ধর্ম-বিরোধ থেকেই এই সাহিত্যের সৃষ্টি। মধ্যর্থীয় ধর্মধাজকগণ ভাঙ্গা ল্যাটিনে কাব্য, ইতিহাস ও স্তোত্ত রচনা করতেন কিছু সে উৎস্ত কিছে ধায়। তথনকার ইউরোপীয় মুসলমান ও মুরদের জীবনযাত্তা ও সংস্কৃতি উন্নতত্ত্ব ছিল এবং প্রীটান সামস্তরাজগণ তাদেরই অস্ক্রনণ করতেন। এ ক্লেত্তে প্রীটানদের পক্ষে প্রীটানদের মহন্ত্ব, ত্যাগ ও সংস্কৃতিকে বড় ক'রে জনসমাজে প্রচার করার ইচ্ছা স্বাভাবিক। এই সমরে ফ্রান্সে চারণজাতীয় এক প্রকার গায়কশ্রেণী (Jongleur) সামস্ত রাজবাড়ীতে, তীর্বস্থানে, মেলায়, বাজারে গান ক'রে বেড়াত। তাদের গান রচনা ক'রে দিতেন ধর্মধাজকগণ। তাঁরাই তথন কেবল লেখাপড়া শিখতেন। এই গীতকারগণ (Trouvéres) উত্তর ফ্রান্সের লাক। এঁরা প্রীটান

^{(&}gt;>o) Ibid-p. 123-124.

⁽ ১৯৪) वज्रखांवा ও সাहिछा-नीत्माहत्त्व (मन-४म मर, १ ३)।३२

ধর্ম, তাঁদের জীবন ও সংস্কৃতিকে মহন্বর ও উচ্চতর ক'রে লোকসমকে উপস্থাপিত করতে চাইতেন, তার প্রধান কারণ মূর সংস্কৃতি থেকে ঞ্রীটানদের আত্মরক্ষার প্রয়োজন চমেছিল। কাজেই দেশের না হলেও টিউটন ও কেণ্টদের বীরত্বগাধাকে তাঁরা গীতিকাব্য হিসাবে রচনা করেন। এই গীতিকাব্যগুলির বিষয়বস্তু বীরত্ব, নারীর রূপ ও প্রেম, নাইটদের সাহসিক অভিযান প্রভৃতি। সামস্ত্রগণ Roland-এর বীরত্ব কাহিনীকে নিজেদের বীরত্বকাহিনী মনে ক'রে আত্মপ্রসাদ লাভ করতেন। এই সময়ে নারীপ্রেম সর্বপ্রথম ইউরোপে জৈব প্রেরণা থেকে উন্নতিলাভ ক'রে অভীক্রিয় প্রেমে পর্যবসিত হয়। (১৯৫) ধর্মীয় আদর্শবাদই তথনকার সাহিত্যের প্রেরণা ছিল, কবি-মননের বিশ্লেষণ ও তার নাটকীয় প্রকাশ তথা বাত্তব স্প্রী আসে অনক পরে।

১২শ শতকের বড় বড় গিজাগুলির স্থাতির নাম যেমন অজ্ঞাত, এই সময়ের যে সব কাবানীতি পাওয়া যায় তার কবির নামও তেমনি অজ্ঞাত। এ সময়ের কাব্য কাহিনী পাঠ্যরূপে লিখিত হয়নি, আমাদের মঙ্গলকাব্য যেমন প্রধানতঃ পালাগান রূপে রচিত এগুলিও তেমনি নৃত্যাগীত সহযোগে গীত হত। এর মৃথ্য উদ্দেশ্ত ছিল সাধারণে আনন্দ দানের মাধ্যমে লৌকিক শিক্ষার ব্যবস্থা করা। সামন্ত রাজবাড়ীতে, তীর্থকেত্রে, রাজপথে ও মেলায় গাওয়া হত। এই Chansons de geste-এর মধ্যে বড় বড় সেন্ট-এর জীবনের অলৌকিক কাহিনী বর্ণিত হয়েছে। এই কাহিনীগুলির মধ্যে Chanson de Roland-ই প্রসিদ্ধ—সম্ভবতঃ Théroulde-র লিখিত। ইনি বংগই-শিক্ষিত ছিলেন এবং ভার্জিলের এনিডের সঙ্গে যে তার পরিচয় ছিল তা তার বর্ণনার মধ্যে স্ক্লাই। ইংলণ্ডের রোলাও কাহিনীর সঙ্গে এ কাহিনীর মিল নেই। মুসলমানদের সঙ্গে চার্লিম্যাগ্রির যুদ্ধ ঐতিহাসিক সত্য নয়। এই সময়ে ক্রুসডের ধর্মযুদ্ধের প্রেরণা অনেকটা কমে এসেছে, এজন্মও এগুলির সৃষ্টে

চার্লিম্যায়ির ভাতৃপুত্র রোলাগুও তাঁর বন্ধু অলিভারের Roucesvalles প্রতিরোধের কাহিনী। তাঁরা উভয়েই বহু মুসলমান সৈল্প ধ্বংস ক'রে মারা যান এবং পরে রাজা শত্রুর উপর তার প্রতিশোধ নেন। এই কাহিনীর মধ্যে যুদ্ধ, প্রতারণা, আত্মসমানরক্ষা, আহুগত্য, অপূর্ব সহনশীলতা প্রভৃতি মানবীয় গুণের স্ক্লের নিদর্শন রয়েছে, বিশেষতঃ রোলাগুও অলিভারের বন্ধুছটি—স্কল্পর। একমাত্র শেষের দিকে স্ক্লের Alde-র প্রণয় কাহিনী। এই কাহিনী যথেষ্ট জনপ্রিয় হলেও জীবনের কোন গভীর নীতিবাদ ফুটে ওঠেনি এবং তৎকালীন সামস্তরাজ প্রথার কতকগুলি সমস্তার ইন্দিত দিয়েছে মাত্র। সামস্তরাজের প্রতি বিধাহীন আহুগত্য ও নাইটগণের পক্ষে তাদের জক্ত জীবনদানই শ্রেষ্ঠ কর্তব্য বলে বর্ণিত হয়েছে। যদিও

⁽⁵³⁴⁾ Here for the first time in Western poetry, sexual feeling was raised to the level of transcendent emotion and the theme of ideal love, unknown to the poets of Greece and Rome was added to those of great poetry.—A History of Western Literature.—E. M. Cohen—p. 12.

রোলাও-চরিত্রে গীতার নিকাম কর্মের একটা নীতিবাদ আংশিকভাবে ফুটে উঠেছে।(১৯৬) এই কাহিনীর ফলরতর অংশ এর যুদ্ধ বর্ণনা। এগুলি অনেকটা আমাদের দেশের রামায়ণ গানের মত গাওয়া হত।

এই সময়ের এই লোকপ্রিয় কাহিনীকাব্য (Chanson de geste) আরও অনেক পাওয়া বায়। Count William of Orange এর সঙ্গে মুসলমানদের युष, চার্লিমাधित কনস্টান্টিনোপল অভিযান কাহিনী প্রভৃতিও যথেষ্ট জনপ্রিয় হয়েছিল। এই ধরনের লোকিক সমীতের জনপ্রিয়তা ধীরে ধীরে স্পেনে গিয়ে পৌছয়। দেখানে প্রথমে হয়ত ফরাসী কাহিনীর অমুবাদই গিয়েছিল কিছ স্পেনীয় মনীবা তাকে নিজম্ব রূপ দিল। এখানে এটি আর ধর্মযুদ্ধের কাহিনী হ'য়ে গইল না, चाधीन १४ গ্রহণ করল-এমনি একটি কাহিনী, Bernerdo del Carpio-त নায়ক মুসলমান পক্ষেই যুদ্ধ করেছে। স্পেনের সর্বাপেক্ষা খ্যাত, ফরাসী প্রভাব-মুক্ত কাব্য El Canter de mio Cid (১১৪০)। সিড মুসলমান পক্ষে কাউণ্ট অব বাসে লোনার বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। সিড চরিত্র স্থাভাবিক, রোলাণ্ডের মত তা অলোকিকতা ও অতিরঞ্জনের বারা খাভাবিকতা হারায়নি। চরিত্র বান্তবাহুগ, যুদ্ধজ্বের পরে অকার্ন হত্যা, অ-এটানকে এটান করা প্রভৃতি তার চরিত্রবিক্ষ বরং বিজিতের প্রতি দয়া ও মহত্তে তার চরিত্র উন্নততর। সিড সৈনিকমাত্র, সে বাহুবলে সম্পদ ও রাজ্যলাভ ক'রে আত্মপ্রতিষ্ঠ হয়েছে। সিডকাব্য তুইভাগে বিভক্ত, প্রথম ভাগে তার নির্বাসন যুদ্ধ ও পুন:প্রতিষ্ঠা, ছিতীয় ভাগে ভার ক্রাদের সঙ্গে কারিয়নের রাজপুত্রদের বিবাহ, পুরনারীর অবমাননা ও ভার প্রতিশোধ। রোলাও কাব্যের তুলনায় সিডকাব্যের কাহিনী অনেক স্বাভাবিক. স্থার ও বাস্তব।

মহাকাব্যের অহুগামী এই কাব্যকাহিনীর ধারা ধীরে ধীরে ওকিয়ে এল।
কিন্তু তথনকার শিক্ষিত ও সংস্কৃতিসম্পন্ন সামস্ত-রানীরা এগুলি ভনতে খুব্
ভালবাসভেন। দিতীয় হেনরীর পত্নী Eleanor of Aguitaine-এর পৃষ্ঠপোষকভায়
অনেক কাহিনী লিখিত হয়—সেগুলি সবই সিভালরীর কাহিনী। গীতকারগণ
(Trouvéres) তথন পুরাতন ল্যাটন সাহিত্য থেকে, আলেকজাগুরে, থিবস্,
মীয়া, এনিয়াস, জুলিয়াস সিজারের কাহিনী এবং ভার্জিল ও ওভিডের কাহিনী
নিম্নে এই কাহিনীকাব্য রচনা করেন। এঁদের মধ্যে সমধিক প্রসিদ্ধ Chrétien
de Troyes,—রাজা আর্থারের পৌরাণিক কাহিনী অবলম্বনে লেখা।

ল্যাটিনে লিখিত History of the Kings of Britain-এর নানা ওয়েলশ্, আইরিশ্ ও কর্নিশ গল্প থেকে বছ কাহিনী গ্রহণ করা হয়। তার থেকেই ঞীটান ধর্মের পৌরাণিক কথা ও ধর্মীয় অফুভৃতির প্রকাশ হয় রাজা আর্থারের কাহিনীতে।

⁽১৯৬) Its ethics, in fact, are based on the ideal of disinterested action as exemplified by Achillis in Illiad or by Krishna's Counsel to Arjuna in the Bhagabat Gita.—Ibid—p. 17.

নাইট পার্দিভাল হোলিগ্রেলকে দেখতে পান মুমূর্ Fisher King এর রাজপ্রীর অদ্রে জলাভূমির উপর একটি উজ্জল আলোর মত। তিনি যদি প্রশ্ন করতেন, "Who is served by the Grail?" "With what' is he served" তা হলে রাজা সেরে উঠতেন এবং রাজ্যে সমৃদ্ধি ফিরে আদত। আর্থারের গল্প অফরপ—তার নাইটগণের অভিযান ও রানীকে পুনক্ষার, ভ্রাতৃপুত্র Mordred এবং রানী Guenevere-এর প্রতারণা প্রভৃতি গল্পগুলি প্রীষ্টান আদর্শবাদ প্রচার করলেও পরে এই গল্পগুলি জার্মানদের প্রভাবে, রাজকীয় প্রেম ও অভিযানের গল্পে পরিণত হয়েছিল। এই-কাহিনীগুলির উপজীব্য নীতিবাদ ছিল—সামরিক কর্তব্য ও ব্যক্তিগত আকাজ্জা প্রণের মাঝে দল্ব, এবং তার পরবর্তী যুগে এই দল্ব কর্তব্য ও প্রেমের দল্পে পরিণত হয়।

ফরাসীকাব্য Chrétien de Troyes-এর মধ্যে কেন্টাদের Tristan ও Iseult-এর প্রণয় কাহিনীতে যুদ্ধক্ষেত্রের সামরিক আদর্শ ও হোলিগ্রেলের প্রতীকতা আদর্শ প্রেমে এসে পৌছেছে। ১২শ শতকের নীতিবাদ নারীর জন্ত প্রেম বা জৈবাবেগ (passion)-কে অন্থমোদন করত না। Tristan তাঁর পিতৃব্যের জন্তু নির্বাচিত কনেকে জাহাজে করে আনবার সময়ে উভয়ের প্রণয় হয়। কুমারীপূজা প্রথার ফলস্বরূপে নারীর প্রতি নিদাম প্রেমের একটা ভাবধারা তথন ফ্রান্সে ছিল এবং তারই প্রভাবে এই আদর্শ প্রেম কাব্যে স্থান পায়। যদিও এই প্রেম দৈব ঔষধ সেবনপ্রস্থত ব'লে তাকে নীতিগত করা হয়।

তথনকার থ্রীষ্টান সমাজে সীতার মত পাতিব্রত্যের আদর্শ ছিল, অতএব প্রণয়গত পরিণয় খুব স্বাভাবিক ছিল না,-একমাত্র অলৌকিক কোন প্রভাব বাতীত। কিন্তু দক্ষিণ-পশ্চিম ফ্রান্সে (Loire থেকে Garonne) এই সময়ে যে গীতিকাব্যগুলি দেখা দেয় তার উৎস সম্ভবতঃ আরবী। নৃতন এই আদর্শ প্রেমের গীতিকবিতাগুলি পুরাতনের পথ ছেড়ে নতুন সম্পদ হ'ছে উঠল। এইগুলি দক্ষিণ স্পেনের আরবী ও হিব্রু গীতিকবিতার প্রভাবপ্রস্থত। William, Count of Poiliers (১০৭১-১১২৬) এই জাতীয় কবিতার প্রথম কবি। প্রাচ্যের সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা স্থবিদিত। তাঁর পিতা স্পেন থেকে কতকগুলি মূর তরুণীকে ক্রীতদাসীরূপে নিয়ে এসেছিলেন। তারা মূরলের প্রণয়গীতি গাইত। তিনি নিজেও ধর্মযুদ্ধে সিরিয়াতে ও পরে Aragonএ গিয়েছিলেন। ফরাসী এই নৃতন গীতিকবিতাগুলি মুরদের এই স্কীতের অফুকরণে প্রথম স্ট হয়। মূরদের Zejel গানের অফুকরণে এই গীতি-সন্দীত আদৃত হয়। Troubadours কথাটির মূল হয়ত আরবী Tarab (প্রাণয়) কথা থেকে। অন্ততম গীতিকার Marcabru (১১৩০-৪৮) মূর-অধিকৃত স্পেনে বছদিন অমণ করেছিলেন। Bernant de Ventadour, Bertrand de Born প্রভৃতি কবিগণ সম্ভান্তবংশীয় প্রেম (Courtly love), পরিজ কবির উচ্চবংশীয় নারীর প্রতি প্রেম, প্রত্যাখ্যান, ব্যর্থতা, তার সৌন্ধর্ব প্রভৃতি নিয়ে কাহিনী-গীতিকা রচনা করেন। তার মধ্যে স্তিয়কার গীতিকবিতার স্থর ধানিত হয়েছিল—যে স্থর ১৯শ শতক পর্যন্ত পরিব্যাপ্ত। এর মধ্যে অনেকগুলি আজও ভাষা ও ভাবের দিক থেকে প্রশংসার দাবী করতে পারে। (১৯৭) এই গীতিকারগণ কেবল এই প্রেমপ্রীতি নয়, যুদ্ধবর্ণনা, ব্যঙ্গ কবিতা, প্রভৃতি বছবিধ কবিতা রচনা করেন। তার পরে রাজনৈতিক কারণে এই গীতিকারগণ অনাদৃত হ'য়ে পড়েন এবং এই গীতিকবিতার ধারা শুক্ষ হ'য়ে আসে। এই গীতিকাহিনীগুলি আমাদের মহুয়া, মলুয়া প্রভৃতি কাহিনীর অহুরূপ।

উত্তর ফ্রান্সেও এই সময়ে এই শ্রেণীর গীতিকাহিনী গ'ড়ে উঠেছিল, সেওলি बहनाम् ज्ञानको हानका. এবং সাধারণের আনন্দদানের জন্ত সৃষ্টি। Canon de Béthune (১১৫০-১২১৯) ধর্মযুদ্ধ ও তাঁর প্রেমিকার থেকে বিচ্ছিন্ন বিরহী জীবনের তুঃখ নিয়ে এবং Thibant তাঁর ব্যক্তিগত জীবনের Princess Blanche-র প্রতি আসক্তিও অমুরাগ নিয়ে গীতিকবিতা রচনা করেন। গীতিকবি ও চারণদের এই কবিতা প্রথম ফরাসী কবি Muset-এর হাতে এসে সত্যিকার কাব্যরূপ পায়। উত্তর ফ্রান্সে এই গীতিকাহিনীগুলি ধীরে ধীরে লোকগাথায় পরিণত হয়, এবং আমাদের দেশের বারমাসী বা আগমনী গানের মত কুমারী বা শিল্পীরা তাঁত চালাতে চালাতে, স্থতা কাটতে কাটতে এইগুলি গান গাইত। ফরাসী সমালোচকগণ বলেছেন, "Epic in subject, lyrical in their rhythms and dramatic in their tellings."এর আখ্যানবন্থ সামায় কিছু তা যেমন অফুভৃতিপ্রবণ তেমনি জনপ্রিয়। যেমন—একদিন তুই বোন Gaythe ও Orieur নদীতে হাত ধরাধরি ক'রে স্থান করতে গেল, তাদের সঙ্গে তরুণ নাইট Gerard-এর সঙ্গে দেখা। সে Gaythe-কে শহরে নিয়ে গেল বিয়ে করতে আর Orieur পড়ে রইল একাস্তই একা, তার প্রণয়ীও রইল না, সাধী বোনটিও আর রইল না। আমাদের দেশেও এমনি কাহিনীমূলক পল্লীগীতি বারমাসী ভাটিয়ালীতে পাওয়া ষায়। এই গীতিকবিতায় ধর্মীয় আদর্শবাদ ক্ষীণতর হ'য়ে এসেছে এবং ব্যক্তিহাদরের অভিবাক্তি প্রাধান্ত লাভ করেছে।

Rutebeuf (১২৫০-৮৫) একজন Jongleur কিন্তু তিনি রাজার পৃষ্ঠপোষকতা পেয়ে ধয় হয়েছিলেন এবং ধর্ম্ছের জয় অনেক কবিতা রচনা ক'রে ছায়ী খ্যাতি লাভ করেছিলেন। গীত-কাহিনী, নাটিকা, ব্যঙ্গ নাটিকা প্রভৃতি রচনা করেছেন। ফ্রান্সের প্রাচীন সাহিত্যে তিনি সত্যিকার অষ্টা। তিনি প্রথম কথা কাহিনীর (Fabliau) অষ্টা। এই কথাগুলির মাধ্যমে তিনি তখনকার সমাজের ভণ্ড ধর্ময়াজক, ভাজার, প্রগল্ভ নারী এবং তথাক্থিত সম্মানিত মধ্যবিত্ত সমাজের প্রতি কট্কটাক্ষ করেছেন। ইংরাজ কবি চসারের Pardoner's Tale এরই একটি উন্নত সংশ্বরণ মাত্র। তার চারশ' বছর পরে La Fontaine এই ভাবেই প্রীক

^{(&}gt;>1) In the leafy orchard underneath the thorn.,
She clasps her lover in her arm.,
Until the watchman cries he's seen the dawn.
Oh God! Oh God! How quickly dawn comes round! Ibid—p. 29.

ঈশপ (Isopet)-এর গল্প কাব্যাকারে লেখেন। ১২শ শতকের প্রথম মহিলা কবি
Marie de Franceও এই কথাগুলি কবিতাকারে লেখেন। ফরাসী সাহিত্যের
মধ্যযুগের কাব্য de Roman de Renard এই গ্রীক Isopet ও কথার মিশ্রণ এবং
এরই গল্পাংশ ও লিখনশৈলী পরে চসার ও গেটে পর্যন্ত অন্ত্রসরণ করেছেন। এতে
ভারতীয় হিতোপদেশের গল্পের মত, শেয়াল, বাঘ, মোরগ, বিড়াল, কাক প্রভৃতি
বাক্শক্তি নিয়ে মাহযের মত চরিত্র হ'য়ে উঠেছে এবং তাদের ম্খনিংস্ত ক্র্রধার
বাদ সমাজের অদে কশাঘাত করেছে। এই সময়ে ভারতের পঞ্চত্র-হিতোপদেশের
গল্প ম্পলমানী সাহিত্য মারফত ইউরোপে পৌছেছিল এবং এই কথাগুলির কাঠামো
ভারতীয় গল্পের অনুকৃতি। (১৯৮)

এই সময়ে উত্তর ফ্রান্সের সাহিত্যই সমগ্র ইউরোপের আদর্শ স্থানীয় হ'য়ে উঠেছিল। কোন অজ্ঞাত কবির লেখা মিলনান্ত Aucassin ও Nicolette-র প্রণয় কাহিনীতে এদে একট। নৃতন ধারার স্কুচনা দেখা যায়। নাটকীয় গভের সক্ষে পতের মিখ্রণে এ কাহিনী রচিত। Aucassin কোনও সামন্ত রাজকুমার। পার্থবর্তী সামন্ত রাজের ক্রীতদাসী ধর্মকরা Nicolette-র প্রতি আসক্ত হয়। রাজকুমারের এ প্রণয় রাজা স্বীকার করেন না, ফলে প্লায়ন, অতুসরণ, বিরহ প্রভৃতির পরে জানা যায় ক্রীতদাসী কার্থেজ রাজকুমারী এবং উভয়ের মিলন হয়। **এই** काहिनी প্রথম औद्दोन नौতিবাদ উপেকা कै'रत नातौश्चिमरक शांजादिक वरन স্বীকৃতি দিয়েছে। এই নীতিবাদ উপেক্ষার মৃলে ছিল আরবী ও স্পেনীয় সংস্কৃতির প্রভাব। ফরাসী সাহিত্যে এই প্রেমিকযুগল রোমিও জুলিয়েট বা পল ও ভার্জিনীর या अथा । এই রোমাণ্টিক কাহিনীর সঙ্গে আরবী ও লাটিন রূপক রচনাশৈলীর মিল্লবে Guillame de Lorris (1235) এবং Jean de Meun (1305) এর Le Roman de la Rose कांदा यरथडे व्यतिष्क नाफ करता अवारन धड़े "Rose" ভালবাসার প্রতাক, মামুষের অহং-এর বিভিন্নতা একে কী ভাবে পেতে চায় তারই अक्टी अनक काहिनौ। अहे काहिनौत देविनेंडा, अत मारा दकान चामर्गवाम हिन ना। नांदौ धार्य व्यां ज जारह कुक अनार्य हिन ना। चार्शावक कीरानद्र चार्शिक প্রেমের প্রতি কবি ব্যক্ষ ও শ্লেষাত্মক কটাক্ষ করেছেন মাত্র। উত্তর ফ্রান্সের এই সাহিত্য ধাংস্করী Albigensian যুদ্ধ থেকে ইতালীর নৃতন কাব্যের যুগ পর্যন্ত ইউরোপের সমস্ত সাহিত্যকৈ প্রভাবিত করেছিল।

১৩শ শতকে আরও তিনটি ক্র ক্র কেন্দ্রে সাহিত্য ও রুষ্টির সাধনা চলছিল, এই তিনটি কেন্দ্র করাসী প্রভাবে প্রভাবাধিত হয়নি। **নরওয়ে, আইসল্যাপ্ত** ও রাইন ও দানিয়ুবের উপত্যক। তথন এটান প্রভাবের বাইরে,—ফ্রান্সের প্রভাব পৌছলেও স্থোনে তথন অ-এটান মনোভাব পূর্ণভাবে বিছমান। অবশ্র এ্যাংলো-

⁽১৯৮) Renard the fox, Isengrin the wolf...started as animals, perhaps deriving from these of Indian allegories and fables and endowed with the powers of speech necessary for purposes of narration.—Ibid—p. 34

ন্যাকশন কবি Beowulf-এর কবিতা ও The Song of Maldon-এর গাণা তথন
মূখে মুখে নরওয়ে ও আই সল্যাতে চলিত ছিল, ১৬শ শতকে প্রথমে তা লিপিবছ
হয়। ৭ম-৮ম শতকে ব্রিটেনে স্যাকশন আক্রমণের ফলে স্থাপ্তিনেভীয় এই
পৌরাণিক কাহিনীগুলি পরিচিত হয় এবং এই সবের মিশ্রণে আম্যমাণ করি
Wisdith-এর কবিতা রচিত হয়। (১৯৯)

আইসল্যাণ্ডের ২০শ শতকের পৌরাণিক কাব্য Elder Edda নর্দ্দেবদেবীর কাহিনী নিয়ে রচিত বটে কিছু কিছু কিছু গ্রীষ্টীয় প্রভাব বর্তমান। এর মধ্যে কোন কোন স্থানে দেবদেবীদের সংলাপ এবং কোন কোনটিতে বীরর্দের কাহিনী বাণ্ড হয়েছে। এর মধ্যে Volsungs এবং Nibelungs-এর কাহিনী জার্মানীতে এসে Nibelungenlied মহাকাব্যরূপে দেখা দেয়। অজ্ঞাত কবির লেখা এই জার্মান ইলিয়াজ, নর্স:লর পুরাতন বীর্জকাহিনীর সংগ্রহ। হোমরও এমনি পুরাতন কাহিনী ও গাধা সংগ্রহ ক'রেই তাঁর মহাকাব্য রচনা করেছিলেন।

Edda-র কাব্যকাহিনীগুলি Snorri Strurluson গল্পে রূপান্তরিত ক'রে সংকলন করেন, প্রধানতঃ Scalds বা গীতিকারগণের জন্তঃ। নরওয়ের প্রাচীন রাজাদের জীবন ও কাহিনী তিনি Heim Skringla গল্প গ্রন্থে লিপিবজ্ব করেন। এই সংক্রিপ্ত ঐতিহাসিক আখ্যায়িকার প্রত্যক্ষ বর্ণনাসংগ্রহ পরে Saga নামে পরিচিত হয়। এই সংগ্রহের মধ্যে Grettür the Strong এবং Njal-এর Saga গল্প প্রসিদ্ধ এবং উপভোগ্য। আইসল্যাণ্ডে প্রথম উপনিবেশ স্থাপনের সময়ের কাহিনী-চরিজ্ঞালি সভ্য এবং বান্তব, ঘটনাগুলিও বীর্দ্ধব্যঞ্জক। এই কাহিনীগুলিতে সহিষ্কৃতা, রাজকীয় বীর্দ্ধ ও মহল্পকে শ্রেষ্ঠতা দেওয়া হয়েছে। পরে Volsungs-এর Saga কাহিনীগুলির মধ্যে চালিম্যায়িও আলেকজাগুরের জীবনকাহিনীও স্থান পায়, কারণ তথন দক্ষিণের দেশগুলির সঙ্গে সাংস্কৃতিক যোগাযোগ স্থাপিত হয়।

ধর্ম (Crusade) কালে যে গীতিকাবাগুলি জনপ্রিয় হমেছিল সেগুলি
সম্বতঃ জার্মানদের নিকট থেকে গৃংগত। জার্মানরা Edda-র কাহিনীগুলি
বিজিত দেশে ছড়িয়ে দিয়েছিল। Roland ও Cid-এর মত জার্মানীরও নিজস্ব
Chanson de Geste ছিল। অস্ততঃ জার্মান কাব Hartmann Von Aue
(১১৭০-১২৫০) প্রথম জার্মান এপিক লেখক হিসাবে জগতের সাহিত্যে একটি
অবিনশ্বর কাহিনী উপহার দিয়েছেন। তার Der arme Heinrich (Poor Henry)-এর কাহিনী অতি হলরগ্রাহী—নাইট হেনরীক কুটরোগাক্রান্ত, তার
রোগম্ক্রির জন্ত জানকা কুষকক্তা তার জীবন দান করতে প্রস্তুত কিছ তিনি ভা
গ্রহণ করেননি। তার এই ত্যাগের জন্ত অলোকক উপায়ে তিনি রোগম্ক্র হন
এবং ক্রকক্তাকে বিবাহ করেন। এর উৎস কোন পৌরাণিক কাহিনী কিছে এর
বর্ণনা ও পরিবেশন জার্মান সাহিত্যে স্থায়ী আসন নিয়েছে।

⁽³³³⁾ The Outline of World Literature.—John Drinkwater.

বিশ-১•

Wolfram Von Eschenbach-এর Parzival এবং Gottfried Von Strassburg-এর Tristan কাহিনী ছুইটি ১৩শ শতকের ফরাসী কাহিনীর অফুকরণে লিখিত। কিন্ধ অজ্ঞাত কবির লেখা জার্মান মহাকাব্য Nibelungenlied (১২০০ খৃ:) সত্যিকারের জার্মান আদর্শে রচিত মৌলিক জার্মান সাহিত্যকীতি। এর বীরত্ব কাহিনী জার্মান জাতির উন্মাদনা ও বিষয়তার দ্বারা বিচিত্র। নায়িকা Kriemhild তার প্রিয় Siegfried-এর হত্যার প্রতিশোধে উন্মাদ ধ্বংসের স্বোভ প্রবাহিত করেছে।

অন্তাদিকে জার্মান প্রেমগীতি কবিতাগুলি (lyric) ফরাসীদের থেকে সম্পূর্ণ স্বতন্ত্র—স্বাভাবিক, স্থাই ও স্থার । Vogelweide ও Morungen-এর এই গীতিকবিতাগুলি জার্মান জাতিস্থাভ উন্তাদনায় বেগবান ও মহাকাব্যস্থাভ নৈস্গিক বর্ণনায় হাদয়স্পর্শী। এই চুই কবির পরে গীতিকবিতাগুল হ'য়ে যায়। ১৩শ থেকে ১৭শ শতক পর্যস্ত জার্মান সাহিত্য কেবলমাত্র Sprüche (সংক্ষিপ্ত প্রবচন জাতীয় কবিতা) সংগ্রহ ও সংকলন ব্যতীত কোন মূল্যবান সাহিত্য স্পষ্ট করতে পারেনি। গীতিকবিতা যা স্পষ্ট হয়েছে তার মূল্যও উত্তর যুগ দেয়ন।

এই সময়ে স্পেন ও প্রুগালে গ্যালিসীয় ভাষায় কিছু কাব্যসাহিত্য লিখিত হয়। রাজা Alfanso ও তাঁর আতৃপুত্র পতুর্গালরাজ King Dinis পুরাতন লোকগাণা অবলম্বনে কিছু কাব্য লেখেন, সেগুলি গীত হত এবং গান ক্লপেই লেখা। তখন এই হুই দেশে সামস্তরাজ্য গ'ড়ে ওঠেনি এবং আঁটান ধর্মের প্রভাবও পৌছায়নি, সেইজক্ত ফ্রান্সের মত রাজ্বীয় প্রেমকাহিনীরূপে এগুলি রূপায়িত হয়নি। এগুলি জনচিত বিনোদনের জন্ম লিখিত। এই কাহিনীগুলির ৰধ্যে Gonzalo De Berco বচিত Miracle of our Lady, Cid কাব্যের অমুরূপ হলেও. এর অলোকিক ঘটনা দৈববাণীর আতিশ্যোর মধ্যেও একটা প্রচন্ত্র বান্তবতা রুষে গেছে এবং স্পেনের হৃন্দর নিসর্গ বর্ণনায় এর প্রতিটি অধ্যায় রঙিন। ১২শ ও ১৩শ শতকের গীতিকাব্য ও কাহিনীগুলি স্ট হয়েছিল সন্ধীত ও নৃত্যে জনচিত্ত বিনোদনের জন্ম-পাঠকও তথন ছিল না, পড়াবার জন্তেও এগুলি রচিত হয়নি। এর মধ্যে প্রচ্ছরভাবে জড়িয়ে আছে খ্রীষ্টায় নীতিবাদপ্রচার—ধেষন ক'রে মঞ্চল কাবোর মাধামে আমাদের চিত্তে স্থান পেয়েছে পৌরাণিক দেবদেবী এবং ভক্তির নীতিবাদ। কিছ Aucassin ও Nicolette-র রোমান্টিক গল্পে এনে সাহিত্য প্রথম ধর্মীর অফুশাসন মুক্ত হ'রে স্বাধীন গতিপথ লাভ করে। মধ্যযুগীর ধর্মশিক্ষা ও এটার অমুশাসন (dogma) মুক্ত হ'বে এ কাহিনী যে স্বাধীনতা লাভ করেছে তা ষান্ব-মনের খাধীন চিন্তাধারাপ্রস্ত তথা ভবিত্তং যুগের ব্যক্তিখাভন্ত্যের পূর্বাভাবে নুতন্তর।

ইতালী। ইতালীতে ১১শ ও ১২শ শতকে পোপ ও সম্রাটগণের বিরোধের কলে ইতালীর নিজস্ব ভাষা গ'ড়ে উঠতে দেরি হয়। রাজনৈতিক অশান্তি ভাষা ও সাহিত্যের উন্নতির পথে অন্তরার হ'বে দাঁড়ায়—এই সময়ে অবশ্র সর্বজনগ্রাঞ্ছ কোন ইতালীয় ভাষাও স্ট হয়নি। তথন বে ভাষায় কবিতা লেখা হত তা Provinçal —বিশেষ কোন প্রদেশের ভাষা এবং শিক্ষিত ব্যক্তিগণ এই কথ্য ভাষাকে একরকম অগ্রাহাই করতেন। প্রাসিদ্ধ গীতিকার Mantuan, যিনি ইংরাজ কবি Browning-এর খুব প্রিয় ছিলেন তিনিও এই কথ্যভাষায় কবিতা লেখেন। উদ্ভব ইতালীতে তথন ফরাসী ও ভেনিসীয় ভাষার সংমিশ্রণে কবিতাদি লেখা হত এবং এই ভাষাই ১৪শ শতক পর্যন্ত সাহিত্য-স্ষ্টের মাধ্যম হয়েছিল। প্রকৃত ইতালীয় সাহিত্য গ'ড়ে ওঠে হাদুর দক্ষিণের সিসিলিতে। পূর্বে সিসিলি নর্মানদের দারা অধিকৃত হয়। তারা এই গীতিকারগণকে রাজনরবারে পোষণ করতেন। তার পূর্বে সিসিলি কিছুদিন আরব অধিকৃত ছিল, এবং তাদের সংস্কৃতির প্রভাব সেধানে বর্তমান ছিল। যথন ইতালীয় কবিতার জন্ম হয় তথন রাজধানী Palermo-র রাজা ছিলেন জার্মান Frederick II. नाट्य এই मुखाउँटक यह नज़टक द्यान निरंग्रहन । এই मुखाउँ कविका প্রথম সন্দীত থেকে বিচ্ছিন্ন হ'য়ে স্বকীয়তা লাভ করে—তথন থেকে যে Chanson বা Canzone বচিত হল তা নৃত্যগীত সহযোগে গীত হবার জন্ম এবং এই क्षिक्न निनिनिवानी नय। छात्रा यश इंछानीत ভाষাय এই প্রণয়কাহিনীগুলি লিখতেন। এই নৃতন কাব্যধারার মুখ্য কবি Jacopo Da Lentini (১১৯৫-১২৬০), তাঁর কাব্যের ভাব ও ভাষার সংক্ষিপ্ততা ও ব্যঞ্জনা নৃতন যুগের পথপ্রদর্শক। তিনিই প্রথম সনেট লেখক—তার লেখা ২৫টি সনেট পাওয়া যায়। তিনশ' বছর পরে লেখা Sir Thomas W.yatt-এর লেখা ইংরাজী সনেট অপেক্ষা লেনটিনির স্বর্গত প্রেয়সীর উদ্দেশ্তে লেখা সনেটগুলি আনেক উন্নত ও ফুলর। স্থলরী নারীর প্রতি লেখা এই কবিতাগুলি শীঘ্রই তার বৈশিষ্ট্য হারাল। দ্বিতীয় ফ্রেডিকের মৃত্যুর পর ১২৬৫তে তাঁর রাজদরবারও ভেলে গেল,—কবিরাও রাজপুষ্ঠপোষকতা হারিয়ে কালস্রোতে ডুবে গেলেন।

ধীরে ধীরে উত্তর ইতালী সাহিত্য-কেন্দ্র হ'য়ে উঠল। Lombardyতে Po Valley-র ভাষাকে গ্রহণ ক'রে ধর্মীয় নীতিমূলক কবিতা লেখা হচ্ছিল। তার প্রধান উপজীব্য বিষয় ছিল পল্লীগাথা। এই সময়ে লাটিনেও বহু প্রার্থনা-সন্দীত ও মনীবী-জীবনী লিখিত হয়। উত্তর ইতালার প্রখ্যাত কবি Jacopone Da Todi (১২৩০-১৩০৩) আরব-প্রত্যাগত একজন আম্যমাণ ধর্মধাজক (Friar)। ইনি ইতালীয় ভাষায় জনেক প্রার্থনা-সন্দীত রচনা করেন। তার কবিতায় একটা নাটকীয় ক্ষততা আছে, সম্ভবত: এগুলি সাধারণ্যে আর্ভি করা হত ব'লে। ইতালীয় এই নতুন কবিতা ধর্মীয় নয় বরং দার্শনিক, অহুভৃতিপ্রবণ নয়, যুক্তি ও বৃদ্ধি প্রধান—সম্ভবত: তখন ধর্মীয় প্রভাব সাধারণ মনে ভিমিত হ'য়ে এসেছে ব'লে। এই কবিতায় ধারাও ধীরে ধীরে নি:শেষিত হ'য়ে গেল।

Tuscan-এর প্রসিদ্ধ নগর ক্লোরেন্সে তথন নতুন নাগরিক সভ্যতা গ'ড়ে উঠেছে। এই নগরী তথন ইতালীর শিল্প ও ব্যবসা-কেন্দ্র। চিত্রকরগণ সীর্জার ছবি একে খ্যাতি লাভ করেছেন, Bolong নগরে বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। সেধানে আইন, দর্শন, ব্যাকরণ প্রভৃতির অধ্যাপনা চলে। এই নগরীকে কেন্দ্র ক'রে ধে সাহিত্য গ'ড়ে ওঠে তা প্রথমে সিসিলির ধারাকে গ্রহণ করে এবং পরে মন্তিক ও বৃদ্ধিযুক্ত ক'রে লাটিনের সম্পদকে আহরণ ক'রে পুষ্ট হয়। তথন রোম লাটিন-চর্চার প্রধান কেন্দ্র, তাই রোম থেকে ইতালীয় সাহিত্য গ'ড়ে ওঠেনি।

এই যুগের প্রথম কবি Guido Guinizelli (১২৩০-৭৬)-কে দান্তে
সাহিত্যক্ষেত্রে গুরু ও পিতৃস্থানীয় মনে করতেন। ইনি প্রথম Gentilezza বা
সম্বান্তবংশীয় প্রণয়কাহিনী নিয়ে কাব্যকথা লেখেন। তাঁর কাব্যে এবং এই সময়ের
সমাজের পরিপ্রেক্ষিতে প্রেম কেবলমাত্র ভাবালুতা ছিল না, তা মানব-হৃদয়ের
একটা আত্মিকবোধ (spirit) রূপে বিবেচিত হ'ত। এই সময়ের প্রণয়বোধের মাঝে
একটা প্রেটোনিক ভাব এবং আরবী দর্শনের প্রভাবে আধ্যাত্মিকতা ও অতীক্রিয়তা
দেখা দিয়েছিল। এই কবির কাব্যে নারীপ্রেম একটা অতীক্রিয়তা লাভ করে।

ক্লোরেশের Guido Cavalcanti (১২৬০-১৩০০) এই টাসকান কবিতাকে আরও হস্পর ও মধুর ক'রে তোলেন। লিখনশৈলী ও ভাবের গভীরতা ও বিমৃত্তায় তাঁর কবিতা সত্যকার উচ্চাসন লাভ করে। এই বিমৃত্তিরে প্রভাবে তাঁর কবিতায় একটা তুঃথবাদ দেখা দিয়েছে—এ তুঃথবাদ কেবলমাত্র জাগতিক তুঃথবাদ নয়, বরং তা হৃদয়ের পরিশুদ্ধিদায়ক। তাঁর কতকগুলি কবিতা এ যুগেও প্রশংসার দাবী রাথে—

Within a copse I met a shepherd maid

More fair, I said, than any star to see...Pastorella. (२००)

এই তুই Guido-র পরে যিনি সনেটকে বান্তবতা দিয়ে বান্তবজীবনের সঙ্গে কল্পনা ও কবিতার যোগস্ত স্থাপন করেছেন তাঁর স্মরণীয় নাম Cecco Angioleri (১২৬০-১৩১২)। তাঁর সনেটগুলি তাঁর ব্যক্তিগত জীবনের,—পিতার অ্যায়ের প্রতি, তাঁর স্ত্রীগণ ও প্রণয়িনীর বিহুদ্ধে এবং কবি দান্তের বিহুদ্ধেও—কারণ দাস্ত্রে তাঁর কবিতার বিষয়বস্তুর সামাক্তাকে নিন্দা করেছিলেন। তিনি বান্তবজীবনের এই ভাবের স্মতিব্যক্তিতে যতই সামাক্ত হন তিনিই প্রসিদ্ধ Boccaccio-র প্রত্বিহুদ্ধের Pivina Commediac মধ্যবিত্ত জীবনের যে বান্তবতা পাওয়া যায় তারও প্রথম পরিচিতি।

পরবর্তী যুগের শ্রেষ্ঠ কবি Dante Alighieri (১২৬৫-১৬২১), দাস্তে কেবল ইতালীর কবি নয়, তার প্রভাব সমগ্র ইউরোপীয় সাহিত্যকে সমৃদ্ধ ও প্রভাবিত করেছিল। এমন কি আধুনিক যুগের ব্যালজাকও তাঁর ঘারা প্রভাবিত। দাস্তে ক্লোরেন্সের অধিবাসী, সেধানে রাজনীতিতে জড়িয়ে পড়েন এবং নির্বাসিতও হতে হয়। শেষ জীবন তাঁর বোলোনে অভিবাহিত হয়। দাস্তের সময়ে সম্লান্তবংশীয় প্রেমকাহিনী, নীতিকথামূলক রূপক স্প্রী হয়েছে এবং Cavalcanti-র মাধ্যমে

প্রেটোনিক ভাবধারার সন্থেও তাঁর পরিচয় হয়েছিল। এই তিনটি উপাদান নিয়েই তাঁর বিরাট কাব্যসাহিত্য গ'ড়ে উঠেছে। যথন তিনি তাঁর Vita Nuova লেখেন তখন তাঁর বয়স মাত্র ছাবিশে তখন তিনি ফ্লারেন্সের রাজনীতিতে অভিত্য, কিছু চারণ কবিতা লিখে খ্যাতিও পেয়েছেন এবং শহরের জ্ঞানীগুণীদের সঙ্গে তাঁর পরিচয় গ'ড়ে উঠেছে। Beatrice-এর প্রতি তাঁর প্রেম সত্যই হোক আর মিধ্যাই হোক তাঁর Vita Nuova-তে যে প্রেমের কথা তিনি রূপায়িত করেছেন তা কৈবপ্রম (Sexual love) থেকে অনেক উপ্রেশ এক অতীক্রিয় জগতে গিয়ে পৌছেছে। প্রথম সনেটে তিনি কবি Cavalcanti-কে তাঁর স্বপ্নের (vision) কথা ব্যাখ্যা করতে বলেছেন—প্রেম তাঁর স্বলয়কে তৃলে নিয়ে প্রণয়িনীকে খেতে দিয়েছে, এর অর্থ কি? কবিবয়ু তার একটি প্লেটোনিক ব্যাখ্যা দিলেন কিছু দাস্তের যে ব্যাখ্যা তা আধ্যাত্মিক,—প্রেম তাঁর ক্রৈবদেহকে বিনাশ ক'রে আরও উয়ত স্তরে নিয়ে গেছে, যেখানে স্বর্গের আনন্দ উপভোগ করা যায়,—যেখানে মানবপ্রেম ভগবংপ্রেমে পৌছেছে।

এর পরে তিনি লাটনে ছু'খানি গ্রন্থ প্রণয়ন করেন, প্রথম De Vulgari Eloquentia। এই গ্রন্থ তিনি সাহিত্য ও ভাষার ইতিহাস আলোচনা ক'রে ইতালীর (Tuscan) ভাষাকে কবিতা রচনার উৎকৃষ্টতর ভাষা ব'লে প্রতিপন্ন করেন। তাঁর মতে তিনটি বিষয়ে কবিতা রচনা হতে পারে,—যুদ্ধ, প্রেম ও ব্যক্তি-মনের বিকাশ (Rectitudo বা derection of the will)। তিনি নিজেকে এই ব্যক্তিমন বিকাশ বা বিকলনের কবি বলেছেন। দিতীয় গ্রন্থ De Monarchia-তে তিনি রাজা, রাজার কর্তব্য সম্বন্ধে লেখেন; তাঁর আশা ছিল লুক্ষেমবূর্ণের রাজা ইতালীতে স্থায়ী শান্তি প্রতিষ্ঠা করতে পারবেন। অস্তান্ত কিছু কবিতা লেখার পর তাঁর অক্তম কাব্য Convivio (Banquet) রচিত হয়। এখানে বিয়াট্রিসের স্থানে Lady Philosophy এসে স্থান দখল করে। Lady Philosophy-কে তিনি বলেছেন, "You, who by understanding move the third heaven." এখানে বৃদ্ধিগত কিছু কল্পনার সঙ্গে রক্তমাংসের প্রেমের একটা সংমিশ্রণ হন্ন এবং তিনি এই কাব্যে Pictra-কে উদ্দেশ্ত ক'রে কবিতা রচনা করেন। এই বিয়াট্রিস ও Convivio-র দর্শন তাঁর Divina Commedia-তে এসে পরিপূর্ণতা লাভ করেছে।

তাঁর শ্রেষ্ঠ সৃষ্টি Divina Commedia স্থাঠিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত, স্থাপিত কানত কানা ও বর্ণনা-ব্যঞ্জনায় সম্পূর্ণ সঞ্চতিপূর্ণ। কথিত আছে, ১৯০০ খুটাক্ষের শুডক্রাইভের রাত্তে তিনি মৃত্যুর অতীত জীবনের একটা অতীন্দ্রিয় অহুভূতি লাভ করেন—তথন তাঁর বয়স ৩৫। তাঁর এই প্রথাত কাব্য ইহলোকিক ও পারলোকিক জীবন ও স্থা, Hell, Purgatory এবং Paradise-এর রূপক চিত্র। লাভে পণ্ডিত ব্যক্তি এবং জীবনে বহু পড়াগুনা ক'রে কৃতি হয়েছিলেন। স্থাণ নরক প্রভৃতি

সম্বন্ধে তাঁর কল্পনা তদানীন্তন শাস্ত্র থেকেই তিনি গ্রহণ করেছিলেন, মুসলমান ও আইরিশ শাস্ত্রের সন্ধেও তাঁর পরিচয় ছিল। তাঁর বর্ণনার উপাদান প্রধানতঃ Aquinas, Ibn-Arabi এবং Tundal the Irishman থেকে সংগৃহীত হলেও তাঁর বেগবান কল্পনা সে-ধাতুকে গলিয়ে নতুন স্ঠি করেছে। তাঁর এই বিরাট কাব্য কেবল রূপক এবং আবেগ বা কল্পনা নয়, এটা তাঁর জীবনকাহিনীও বটে।

কমেডিয়ার পরিকল্পনার সঙ্গে ভার্জিলের কল্পনার অনেক সাদৃশ্র বর্তমান। লাটিন কবি Æneas-এর নরক গমনের সঙ্গেও যথেষ্ট সাদৃশ্র আছে, এবং মাহ্রর যে বৃদ্ধিও বিবেক সাধনায় স্থর্গের পথে অভীন্তিয় জগতের অফুভ্তি লাভ করতে পারে ভাও দাস্তের অপরিজ্ঞাত নয়। এথানে মানব-প্রেম ও অতীন্তিয়বাদ এসে অপূর্বতা লাভ করেছে। Purgatory-তে তিনি যে বিভিন্ন ব্যক্তিও সমান্তকে দেখিয়েছেন তা মানব-মনের বিভিন্ন দিকের প্রতীক। ক্লিওপেটা, হেলেন, প্যারিস, ট্রিন্টান এবং ক্লানসেস্কো-কে তিনি ব্যভিচারের জন্ম দোষারোপ করেননি, করেছেন তাদের ক্লৈপ্রেমের উন্মাদনায় ভগবৎ-কর্তব্যের প্রতি উদাসীনভার জন্ম। এই প্রণয়কে তিনটি স্তরে তিনি দেখিয়েছেন,—কৈব জীবনের উচ্চনীচ শ্রেণীর প্রণয়, যার আরম্ভ বিয়াট্রিসের প্রতি কৈবপ্রেমে এবং যার শেষ স্বর্গীয় বিয়াট্রিসের প্রতি ক্লব্যেমে এবং যার শেষ স্বর্গীয় বিয়াট্রিসের প্রতি ক্লব্যেমে এবং যার প্রতি প্রেম। এখানে তিনি যে শিল্পীও সাহিত্যিককে স্থান দিয়েছেন তারাও প্রণয়ীদের মত পার্থিব থেকে অপার্থিবের প্রিক কিন্তু ইহজীবনের খ্যাতির মোহকে ত্যাগ করতে পারেনি।

ষর্গরাজ্যে তিনি দেখেছিলেন Judas Maccabaeus, Charlemagne, Roland, William of Orange, Crusader Godfrey এবং Robert Guiscard (যিনি সিসিলিকে আরবের হাত থেকে কেড়ে নিয়েছিলেন) প্রভৃতি নিঃম্বার্থ কর্মীকে কারণ তাঁরা নিক্ষামভাবে প্রীটানরাজ্যের জন্ম আত্যাগ করেছেন। এঁরা স্থান পেয়েছেন নিমন্তরের ম্বর্গে এবং আরও উচ্চন্তরে স্থান পেয়েছেন মনীবীরা, বাঁদের প্রত্যেকের চরিত্রেই রূপকাকারে এক একটি মহন্তর গুণ প্রতিষ্ঠা লাভ করেছে। Inferno-র মধ্যে তথনকার ইতালীর সামাজিক ঘৃণা-বিদেব, ধনের ম্পর্ধা, দারিত্র্য, চালিয়াতি, প্রবঞ্চনা, পাপ ও যৌন-ত্নীতি অভিব্যক্ত হয়েছে—এক মহাপুরুষের আবির্ভাবে হয়ত এ সকল দুরীভৃত হ'য়ে পৃথিবী পবিত্র হবে।

দান্তের এই মহকাব্য ইতালীয় ভাষায় সাহিত্য রচনার একটা আদর্শ স্কটি ক'রে দিয়েছিল সন্দেহ নেই; অক্সান্ত করিরা হয়ত তাঁর সমকক বা উন্নততর রচনাও করতে পারতেন কিন্তু তা সম্ভব হয়নি। কমেডিয়ার প্রভাব ইতালীয় সাহিত্যে এসেছে অনেক পরে, কারণ দান্তের পরেও প্রায় একশ বছর ল্যাটিনেই সাহিত্য-স্টি হয়েছে। তবে তিনি প্রমাণ ক'রে দিয়েছিলেন যে তখনকার Tuscan ভাষায়ও উচ্চাব্দের সাহিত্য-স্টি সম্ভব।

দান্তের পথের পরবর্তী কবি Fazio Degli Uberti (১৩০৫-৬৮), তিনি ভাঁর আত্মজীবনীকে রূপকাকারে প্রকাশ করেছেন। লিরিক কবি Cavalcanti-র পথের পরবর্তী কবি, আইনব্যবসায়ী Cino da Pistoia (১২৭০-১৩৩৬) বন্ত কবিতা ও কাব্য রচনা করেন। কিন্তু পরবর্তী যুগে যে কবির কাব্য সমস্ত ইউরোপীয় সাহিত্যে প্রভাব বিন্তার করেছিল তিনিই প্রখ্যাত Francisco Petrarca (Petrarch) (১৩-৪-१৪)। यहाँ हिमाद आण्यविशास्त्र अधिकाती हिलन ভিনি এবং দেজন্ত তাঁর আত্মাভিমানও চিল যথেট। তাঁর মৌলিকভা তাঁর আথ্যানভাগ বা বিষয়বস্তুতে প্রকাশ পায়নি। চারণকবিগণের যুগ থেকে ইউরোপীয় কবিতার মূল স্ত্র ছিল প্রেম, দর্শনের দিক থেকেও তিনি নৃতন কোন কিছু দান করেননি, অমুভূতি ও আবেগের দিক থেকেও তা প্রাচীনপন্ধী—অনেকটা প্লেটোনিক, যদিও প্লেটোর দর্শনের সঙ্গে তাঁর পরিচয় ছিল না। তাঁর নৃতন্ত তাঁর প্রকাশ-ভঙ্গিতে। তাঁর Conzoniere কাব্যে Laura-র প্রতি যে প্রেম তা পুরাতন কবিদের মত অতিরঞ্জন ও প্রাক্তরতায় সাধারণ হলেও তাঁর প্রেম এই কাব্যে আত্মুধ (subjective) থেকে বিষয়মুধ (objective) হয়েছে। প্রেমের আলোক ভিতর থেকে বাইরে যায়নি, বাহির থেকে ভিতরে এসেছে। তাঁর প্রেম আনন্দহীন হঃথবাদী, আবেগময় বান্তবতা, কিছু তাকে তিনি গ্রহণ করতে পারেননি যতক্ষণ-না লরা তাঁর স্বপ্নে পবিত্র স্থপ্রময়ী হ'য়ে প্রতিভাত হয়েছে। তাঁর প্রেমিকা দুখ্যমান প্রকৃতি, পৃথিবীর নিদর্গ দুখ্যের মাঝে আয়নায় প্রতিবিধিত ছবির মত। প্রকৃতপক্ষে প্রণয়িনী তাঁর বান্তব থেকে বেশী স্বপ্লের, করনার, যদিও লরা পার্ধিব রক্তমাংসের নারী। তাঁর মধ্যে এক সময়ে একটা ধর্মীয় সন্ধট এসেছিল কিন্তু তিনি এটায় বিহারে স্থান না নিয়ে, প্লেগে লরার মৃত্যুসংবাদের পরে ভাবজগতের মামুষ হ'রে পডেন। তিনি জগতকে আয়নার ছবিতে দেখেছেন আর সেই জগতের মাঝে লরাকে প্রত্যক্ষ করেছেন।

Petrarch-এর প্রভাব ইউরোপীয় সাহিত্যে দাস্তের থেকে বেশী ফ্রন্ড বিস্তার লাভ করেছিল। প্রথমত: তিনি সত্যকার কবিতা রচনার ভাষা স্কটি করেন, এবং এই ভাষাই ইতালীয় কবিগণ ১৯শ শতক পর্যস্ত অমুকরণ ও অবলম্বন করেছেন। শুধু তাই নয়, তাঁর ভাব ও ভাষার অভিব্যক্তি ইংরাজ ও ফরাসী কবিগণের লিখন-শৈলীকেও যথেষ্ট প্রভাবিত করে। লাটিন সাহিত্যে প্রগাঢ় পাণ্ডিত্য তাঁকে দেশীয় ভাষার এই নবরপ দানে যথেষ্ট সাহায্য করেছিল—ভিনি পণ্ডিত ব্যক্তি, পুরাতন লাটিন পুঁথি সংগ্রহ করতে বিহারে বিহারে বছদিন ঘুরে বেড়িয়েছেন। মধ্যকৃষির লাটিনের প্রতিছম্বার্ত্রপেই ইতালীয় ভাষা সমৃদ্ধি লাভ করে। তাঁর দেশপ্রেম তাঁর নাাটিনের প্রতিছম্বার্ত্রপেই ইতালীয় ভাষা সমৃদ্ধি লাভ করে। তাঁর দেশপ্রেম তাঁর শাস্ত্রে পরিণত করা নয়, আর্টে পরিণত করা এবং এইটিই ইতালীয় পরবর্তী রুলের আদর্শ হ'য়ে ওঠে। তাঁর এই মানবতা ও দিতীয়তঃ তাঁর 'passion and his art' সমগ্র ইউরোপের অমুকরণীয় হয় এবং তিনিই প্রকৃতপক্ষে বর্তমান যুগের প্রথম কবি। তাঁর কবিতাতেই প্রথম কাব্যসাহিত্য থেকে খ্রীয়ান ধর্মীয় শাস্ত্রপ্রশাসন ও দর্শন

নির্বাদিত হয়—দেজক্ত মাঝে মাঝে কবির মনে সংশয় হয়েছে এবং তিনি ভীতও হয়েছেন। এই ভয় হেতুই প্রখ্যাত Decameron-এর লেখক Boccaccio তাঁর গ্রাছের পাণ্ড্রিপি পুড়িয়ে ফেলতে গিয়েছিলেন।

Boccaccio (১৩১৩—৭৫) প্রথমে Ovid ও Chrétien de Troyes-এর অফুকরণে কাব্য-কাহিনী রচনা করেন। Petrarch বিশাস করতেন আর্টই আর্টের সার্থকতা (Art is its own justification) কিন্তু বোকাসিও সে বিশাস রাথতে পারেননি। তাই তিনি পরে লাটিনেই লেখেন। তথনকার দিনে শিক্ষিত মাত্রেই বোলন বিশ্ববিভালয়ের ছাত্র ছিলেন কিন্তু ইনি ব্যবসায় শিক্ষা করেন। ভার্জিলের শতিভাত দেখে প্রথম তাঁর মনে হয়, সাহিত্যই তাঁর জীবনধর্ম। তথনকাব Naples-এর রাজা King Robert of Anion-র ক্যার প্রতি তিনি আরুট্ট হন এবং তাঁর চলতি রাজকীয় প্রেম-কাব্যের মাধ্যমে তাঁকে Fiametta রূপে চিত্তিত করেন। দাস্তের প্রেমের গভীরতাকে তিনি বুঝতে পারেননি, এবং ফরাসী রোমান্সের প্রতি বেশী আরুট হ'য়ে সেই পথেই তাঁর অমুভৃতি প্রকাশ করেছেন। তাঁর প্রথম গছা রচনা Filocolo; এ গ্রন্থ তখনকার লাটিন ক্ষচি ও রীতি অফুসারে পৌরাণিক কাহিনীতে ভারাক্রান্ত হ'য়ে পড়ে। এটি প্রেম-কাহিনী, স্পেনের অ-এটান পটভূমিতে স্বাধীন কাহিনী হলেও Floire এবং Blancheflor-এর প্রেম বর্ণনা বাকিরণগত অলম্বারের ভাবে খণ্ডিত। তাঁর পরবর্তী কাবা Teseida-কে ইংরাজ কবি চসার তাঁর Knight's Tale-এ সংক্ষিপ্ত ভাবে বর্ণনা করেছেন। এই কাব্যে গল্লকার বোক্তাসিওর বাস্তবতা ও প্রত্যক্ষ বর্ণনার পরিচয় আছে কিন্ধ তা স্বাভাবিক ও জীবনগত হয়নি। তাঁর Filostrato কাবাই চুলারের Troilus and Criseyde-র উৎস। ট্রয় নগরীর প্রণয়কাহিনী এর বিষয়বস্ত, এ কাহিনীতে প্রাচীন সিভালরি বা দার্শনিক তত্ত্ব নেই, বরং নেপেলস্-এর রাজদরবারের যৌন প্রেমের প্রতিচ্ছবি ফুটে উঠেছে। আদর্শপ্রেম, প্লেটোনিক প্রেম এখানে বান্তব-জীবনের রক্তমাংসের জৈব প্রেরণায় পরিণত হয়েছে। তাঁর Amorosa Visione প্রকৃতপকে কমেডিয়ার ব্যঙ্গকবিতা, এবং এখানে দান্তের সমন্ত মৃল্যবোধকে বিপরীত ক্রমে উপস্থিত করা হয়েছে। মনন্তাত্তিক রোমান্স, পল্লীপ্রণয়গাধা, নারীর প্রতি শ্লেষ সবই এই গ্রন্থে বর্ণিত হয়েছে কিছু অলভারভারে সবই বিভম্বিত।

তাঁর সর্বাপেকা প্রসিদ্ধ রচনা Decameron। এটি বৃদ্ধিমান ব্যক্তির জগতের প্রতি কঠিনতম ব্যঙ্গ ও শ্লেষ—বান্তব জগতের একজন লোকের চোধে-দেখা প্রত্যক্ষ জগত, ত্নীতি ও কুকচিপূর্ণ কিন্ত হয়ত সে জগত ভালও হতে পারত এমনি একটা জগতের ছবি। প্রেগ থেকে নিম্কৃতি পাওয়ার আশায় কতকগুলি অবস্থাপর সম্লাস্ত লোক কোন গ্রামে উপস্থিত হলেন এবং সেখানে তাঁরা নানা গল্প করেন। এই গল্পগুলিই ডেকামেরনের শতগল্প। এ গল্পগুলি সবই তাঁর আবিষ্ণার বা উদ্ভাবন নয়। দুর্শন ও উচ্চাঙ্গের কবিভার সঙ্গে ধনীদের আমোদের জন্ম অনেক গল্প ও সাহিত্য পূর্বেই স্তাই হয়েছিল, তিনি সেগুলি সংগ্রহ ক'রে, নিজের কিছু

দিয়ে নতুন ক'রে নতুন ভাবে বলেছেন। নীতিহীন ভণ্ড ষাজ্বক, ভণ্ড তপন্থী, সাহসী ছাত্র, প্রভাৱিত স্থামী, প্রেমোয়াদিনী রোমাণ্টিক মহিলা যিনি সর্বদাই যে-কোন স্থান্দর তরুণকে রাত্রির সন্ধী করতে প্রস্তুত—এমনি সব চরিত্র নিয়ে ছোট গল্প—বাদ শ্লেষ বিজ্ঞাপে জীবস্তু। গল্পগুলি ছোট ছোট এবং গল্লের শেষটাই এর বৈচিত্রা—চরিত্র স্থার বা বক্তব্যের প্রয়াস এর মধ্যে নেই। চরিত্রগুলি জনেক সমন্ন অবান্তব, লেখকের ইচ্ছান্ন অপ্রাক্তত হ'রে উঠেছে। যখন চরিত্রগুলি সিরিমাস তখন প্রগাল্ড, যখন বান্তব তখন অনেকটা হাস্থাকর। কতকগুলি গল্প রোমাণ্টিক, কতকগুলি চমৎকার ও বান্তব। যাই হোক তিনিই গল্প-সাহিত্যের পথিকং, এবং বিষয়-বৈচিত্রো, বর্ণনায় ও বান্তবতার স্পর্শে শ্বরণীয় (২০১)।

পেড়ার্ক ও বোকাসিও বর্তমান যুগের স্রন্থী—কবি, নব্যযুগের কবিভার পর্যপ্রদর্শক, কথাশিলী, গছা ও গল্প রচনায় পথিকং। এঁরাই রেনেসাঁর গর্বিত ও স্পর্ধিত যুগের আদি শিল্পী। এঁরা সাহিত্যস্প্রিকে ধর্ম-দর্শনের নীতিবাদ থেকে মুক্তি দিয়ে তাকে স্বাধীন, স্বভন্তর, ব্যক্তিকেন্দ্রিক ও বান্তব ক'বে ভোলেন। ব্যক্তিস্বাভন্তেরে বিশাস নিয়ে মন্তিঙ্কগত ভাবে তাঁরা সাহিত্যকে যে স্বাধীনতা দিয়েছেন সে স্বাধীনতা আজও সাহিত্যক্রগত নিঃসংশয়ে ভোগ ক'বে চলেছে। সাহিত্য ব্যক্তিগত, বৃদ্ধিগত প্রেরণা লোকশ্রেয় ও লোকহিতৈবণার উপ্পর্ব জনচিত্ত বিনোদনের উদ্দেশ্রে মানবতাধর্মী নাম নিয়ে আত্মপ্রকাশ করল এই যুগ থেকে—সেই মানবতা বা humanismই আক্তকের যুগেও সাহিত্য-ধর্মের একটি মাপকাঠি হ'য়ে আছে। ১২শ ও ১৩শ শতকে মধ্যযুগীয় কবিতার পরিপূর্ণ বিকাশ হয়েছিল—পাপড়ির পর পাপড়ি মেলে বর্ণে-গদ্ধে রমণীয় হ'য়ে ফুটে উঠেছিল। ডিভাইনা ক্ষেভিয়াকে ঘিরে ক্ষৈপ্রেম, আদর্শ প্রেম, সমাজ সমালোচনা একে একে জ্লীভূত হয়েছিল জনপ্রিয় সাহিত্যের মধ্যে, কিছ্ক ভার পরে মুন্থায়ে আবিষ্কার (১৪৫৪ ৫৫) এবং কলম্বসের সমৃত্র্যাত্রা (১৯৯২) পর্যন্ত রাজনৈতিক ও সামাজিক কারণে কোন উল্লেখযোগ্য সাহিত্য গ'ড়ে উঠেনি।

তথন সমগ্র ইউরোপ ছিন্ন ভিন্ন। পোপের রাজত্ব একদিন রোম সাম্রাজ্যের ভিত্তি নাড়িয়ে দিয়েছিল, সেই পোপ তথন রোম থেকে নির্বাসিত। পোপ ও তাঁর বিরুদ্ধ দলের সংগ্রাম, Hohenstaufen রাজবংশের উচ্ছেদ, ফ্রান্স ও ইংলণ্ডের শতবর্ষব্যাপী যুদ্ধ, সমস্ত উত্তর ইউরোপকে তথন নিঃস্ব ক'রে দিয়েছে। অফ্রাদকে Albigensian যুদ্ধ দক্ষিণকে ধ্বংস করেছে। ব্ল্যাক-ডেথের মহামারীর স্রোত বয়ে গেছে। ইতালীর বিভিন্ন নগরীর মধ্যে বিরোধ ও বাণিজ্যিক সংগ্রাম চলেছে। এই সব একত্র মিলে সাহিত্য ও কাব্যকে নিম্নগামী ক'রে দিয়েছে। তথন চিস্তাশীলতা

⁽२०১) Much more humanistic is Boccaccio the first great master of narrative prose and as many critics think, the still unrivalled master of the short story...His Decameron—collection of hundred tales...The range of the stories is extraordinary, from buffoonery to the most delicate pathos.

The Story of World Literature—John Macy—p. 205.

ও উচ্চাঙ্গের ভাবধারা নির্বাদিত, কেবল মাত্র বর্তমান বাংলা সাহিত্যের মত আদিক (technique) ও বাক্যবিনাদের ছটায় আত্মসম্ভই। প্রীষ্টান বাজকগণের প্রভাব ধীরে ধীরে কমে এসেছে,—দব লেথকই ধর্মের গোঁড়ামিও অফুশাসনের বিক্লমতা ক'রে জনচিত্তকে ধর্মবিমুখ ক'রে তুলেছেন। কিন্তু এই বিরোধের মাঝেও প্রীষ্টান মিন্টিনিজমের অভ্যুদয় সম্ভব হ'য়ে উঠেছিল। ১২শ শতকে প্যারির নিকটে St. Victor বিহারেই সম্ভবতঃ এই অতীক্রিয়বাদের জন্ম। জার্মান Hugh এবং স্কট Richard সমস্ত বিল্লা জ্ঞান ও সাহিত্যকে তগবৎ অহভ্তির অধীনস্থ ক'রে দিলেন। তাঁরা ল্যাটনেই লিখেছিলেন—তাঁদের এবং আরবীয় হফী মতবাদ তথন কিছুদিন ইউরোণে বেশ প্রভাব বিন্তার করেছিল। দাস্তের সমসাময়িক Roman Lull কেবল আরবী পণ্ডিতই ছিলেন না, তিনি আরবীতে কবিতাদি লিখেছিলেন।

Alfanso X of Castile (১২২১-৪৯) নিজে Blessed Virgin সমঙ্কে চারশত পৌরাণিক গাথা Galician ভাষায় লিখেচিলেন। দেশীয় ভাষায় প্রথম অতীক্রিবাদী কবি Mechtild Von Magdeburg (১২১২-১২৮০) জার্মান ভাষায় লেখেন। এই সময়ে জার্মানী ও ফ্লাণ্ডার্দের খ্রীষ্টীয় চৈতা ও বিহারে এই জাতীয় অতীক্রিয়বাদী কবিতার চর্চা বেশ ব্যাপক হ'য়ে উঠেছিল। তথনকার উল্লেখবোগ্য কবি Meister Eckhart (১২৬০-১৩২৮), তিনি Cologne-এর ছাত্র। এই বিভাকেন্দ্রে প্রদিদ্ধ গ্রীক-মারবীয় সাহিত্য-দর্শন-বিজ্ঞানে পণ্ডিত Albertus Magnus এবং Thomas Aquinus अधानना कद्राजन। উভয়েই जीकशी পণ্ডিত। Eckhart সমন্ত রচনাতেই মানবের অন্তরতম প্রকৃতি সম্বন্ধে আলোচনা করেছেন। তাঁদের বিশাস ছিল মানবাত্মা ভগবানের প্রদীপ্ত অংশ এবং যিশুকে ঐতিহাসিক ব্যক্তি হিসাবে তাঁরা দেখেননি, দেখেছেন মানব-অস্তরের অমুভৃতির বস্তু হিসাবে। একার্টের দর্শন অত্যন্ত সরল এবং সেইছ্রএই তা জনচিত্তে আবেদন এনেছিল। তাঁর এই নৃতনতম চিন্তাধারার জন্ম তাঁকে অবিখাদী ব'লে অভিযুক্ত করা হয়, কিন্তু বিচার সমাপ্তির পূর্বেই তাঁর মৃত্যু হয়। জীবাত্মা ও পরমাত্মার নিকট ও নিগৃঢ় সম্পর্ক ভিত্তি ক'রেই তাঁর রচনা এবং তাঁর দর্শন তথনকার সমস্ত বিরোধের মিলনক্ষেত্র।

তাঁর শিশ্ব Heinrich Seuse (Suso) (১২৯৫-১৯৬৬) গুরুর:মতের বাথার্থ্য নিয়ে Little Book of Truth, এবং Little Book of Eternal Wisdom লাটিন ভাষায় লেখেন। ত্যাগ ও ছংখের মধ্যেই মানবাত্মা বিকাশলাভ করে—এই ছিল তাঁর বক্তব্য। তার পরে তিনি কুচ্ছুসাধনের পথ ত্যাগ ক'রে The Life of a Servant লেখেন—ঘটনাবিত্যাস ও বক্তব্যে এটি হুন্দর মধুর। Johannes Tauler (১৯০০-৭২) ও একার্টের শিশ্ব এবং ভোমিনিকান সম্প্রদায়ভূক। তিনি মানবাত্মাকে ভগবানের অংশ ব'লে চিস্তা করেননি বরং ভগবানের আসন ব'লে কল্পনা করেছেন। এই সময়ে সম্ভাতিকও ধর্মচ্যত (excommunicate) করা

হয়েছে,—প্লেগে দেশ জনহীন, সাধারণের মধ্যে তুর্নীতির প্রবল স্রোভ প্রবহমান। ইনি অতি সাধারণভাবে সাধারণ ঘটনা ও তুলনার মাধ্যমে দৈবায়ুভূতির কথা প্রকাশ করায় তথনকার ত্নীতিপূর্ণ সমাজের অনেকে সংজীবনের প্রতি আরুট হয়েছিলেন—এমনকি একশত বংসর পরে মার্টিন লুথারের উপরেও এ প্রভাব গিয়ে প্রভিচন।

এই শ্রেণীর পরবর্তী লেখক Jan Van Ruysbroeck (১২৯৬-১৬৮১) ওাঁর Adornment of the Spiritual Life-এর মধ্যে মানবের আত্মসাধনার তিনটি স্থারের বর্ণনা করেছেন—তাঁর বর্ণনা মনস্তত্ব ও বাস্তবতাভিত্তিক হওয়ায় তাঁর বছল প্রচলন ও অহ্বাদ হয়েছিল। এই সময়ে লাটনে রচিত Theologia Germanicaও অধ্যাত্মবাদের প্রচারে যথেষ্ট সাহায্য করেছিল।

যথন রাইন নদীর তীরে সমাজের তুর্নীতি ও চুকুতির বিরুদ্ধে পণ্ডিত সমাজের মধ্যে একটা ধর্মভিত্তিক বলিষ্ঠ প্রতিবাদ গ'ডে উঠেছিল তথন বিময় ও মরিয়া ভাবাপন্ন ক্রান্সে কেবলমাত্র সৌন্দর্যা সৃষ্টির প্রেরণা জেগে উঠেছিল। ফ্রান্সের বিশ্ববিত্যালয়ে জ্ঞান-বিজ্ঞানের চর্চা সীমাবদ্ধ চয়েছিল; কিন্তু সামস্ত রাজগণের অফুকম্পা ও পৃষ্ঠপোষকভাষ Roman de la Rose-এর অফুকরণে নানা জাভীয় গাধা, গীতি-ক্ৰিডা (Ballade, Rondeaux, Chant Royal, Virelai) গ'ড়ে উঠেছিল। এই ধারার প্রথম উল্লেখযোগ্য কবি Guillaume de Machaut (১৩০০-११)। ইনি ধর্মঘুদ্ধকালীন লুথানিয়ার বক্ত প্রকৃতির মধ্যে দিন কাটিয়েছেন, অ-খ্রীষ্টান লোকদের হাত থেকে Breslau উদ্ধারের সময়ে উপস্থিত ছিলেন। তিনি একাধারে কবি, গায়ক ও স্থরশিল্পী। তিনি একই বিষয় নিয়ে বছভাবে বছ জনপ্রিয় কাহিনী লিখেছেন, তাঁর ভাষা ও বর্ণনা ফুন্দর। তাঁর শিক্সশ্রেণীভূক Eustache Des-(১৬৪৬-১৪০৬) প্রচর রচনা করেছেন—১১৭৫টি গাথাকবিতা (Ballade) এবং ১৭১টি rondeaux। বিষয়বৈচিত্রো এগুলি স্বভন্ত। বিক্তে বচিত তাঁব গাথাকবিতাঞ্লি যথেষ্ট কাৰ্যক্ৰী হয়েছিল। তাঁব বাল্ডবতা ও অলভারসমন্ত ভাষা যথেষ্ট জনপ্রিয়ত। অর্জন করেছিল। তিনি ইংরাজ কবি চ্পারের নিকট তাঁর বছ কবিতা পাঠিফেছেন এবং চ্পার Machaut ও Deschamps-धन कविडा 8 Roman de la Rose थ्याक छान कविडा नहना आनुष करबन। (२०२) এই উভয় কবিই Roman de la Rose-এর ঘিতীয় খণ্ডের নারী-চরিত্র নিয়ে যথেষ্ট বাদামুবাদ সৃষ্টি করেছিলেন এবং নারীজাতির প্রতি যথেষ্ট শ্লেৰ-ৰিজ্ৰণ ও কটজি নিক্ষেণ করেছিলেন। তার উত্তরে মহিলাক্বি Christine de Pisan (১৩৬৫-১৪২৯) ফুলর ফুললিত ভাষায় বছ কবিতা রচনা করেন। এই ষ্টিলাক্বি স্থাট Charles V-এর ইতালীয় জ্যোতিষের ক্রা। ইনি রাজার

⁽২০২) Deschamps sent many of his poems to Chaucer who looted him, Machaut and Roman de la Rose for the stuff and materials of his own early Poetry. Hist. of Western. Lit.—Cohen—p. 70

এক সেক্টোরীকে বিবাহ করেন এবং তাঁর মৃত্যুর পরে কবিতা লিখে ও নিজে স্থান কি বিবাহ করেন। তাঁর বৈধব্যের নিঃসক্ষা, রাজার জীবনী ও জোয়ান জফ আর্কের জীবনী নিয়ে লেখা কাহিনীগুলি স্থাসিদ্ধ। এই যুগের জন্তুতম প্রসিদ্ধ গাধাকবিতা লেখক Alain Chartier (১৬৮৫-১৪২৯), জোয়ানের ভক্ত ছিলেন। ফ্রান্সের পরাজ্যে হুংখে অভিভূত হু'য়ে বছ কবিতা লেখেন। তাঁর রচিত ছুইটি প্রেমিকের সংলাপ La Belle Dame Sans Merci পরে ইংরাজ কবি কীট্সের মধ্যে যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল।

শতবর্ষব্যাপী যুদ্ধের অক্সতম শহিদ Charles D' Orleans (১৯৯৪-১৪৬৫) রাজকীয় আখ্যানবস্তু নিয়ে কিছু নৃতনতর কাহিনী রচনা করেন। তিনি ক্রান্ধ ও ইংলণ্ডের মিলনের চেষ্টা করেন এবং ২৫ বংসর ইংলণ্ডে বন্দীজীবন যাপন করেন। এই সময়ে তিনি কিছু কবিতা ইংরাজীতেও লেখেন। তাঁর রচনায় আর্ড মানুষের ছংখ-বেদনা মূর্ত হ'য়ে উঠেছে, যদিও সমালোচকগণ তাঁকে Forest of Tedious Sadness ব'লে উপেক্ষা করেছেন।

Jean Froissart (১৩৩৭—১৪০৫) এই মধাযুগীয় আদর্শগত অবক্ষয় যুগের একজন উল্লেখযোগ্য কবি। তিনি আর্থারীয় রোমান্স ও সিভালরীর কাহিনী রচনা করেন। তিনি সে যুগেও ব্যতে পারেননি বা চাননি যে যুদ্ধটা কেবল বীরের জন্মই নয়। শুধু সামস্তরাজই ধনী ব্যক্তি নন, পশম বাবসা ও অস্তান্ত বাবসায়ে যে আর একটা ধনী সমাজ গ'ড়ে উঠেছে সেকথা তিনি উপেকা করেছেন। যুগের পরিবর্তনকে তিনি স্বীকার করতে চাননি। তাঁর রচিত ইতিহাস গল্পের থাতিরে অতিরঞ্জিত হ'লে পড়েছে। এই সময়ের খাঁটি ঐতিহাসিক লেখক Philippe de Commynes (১৪৪৭-১৫১১)। এই সময়ে মধ্যযুগীয় সভ্যতা ও আদর্শবাদের অবক্ষয় শুরু হয়েছে, তথাপি যুগের সৈনিক-জীবন ও আদর্শবাদের স্কন্সান্ত ছবি এঁদের রচনায় বিধৃত হ'য়ে আছে।

ক্রান্সের এই যুগের শেষ কবি François Villon (১৪৩১-১৪৬৩), তাঁর কবিতা সম্পূর্ণ বিষয়ম্থী—তাঁর নিজের এবং যুগের প্রতি। তিনি প্যারির নিম্নতর সমাজের লোক, ব্যক্তিগত জীবনে অন্ততঃ একটি খুন, একটি ভাকাতি এবং একটি হাজামার সঙ্গে জড়িত ছিলেন। তাঁর মৃত্যুদণ্ড হয়েছিল কিন্তু পরে তা নির্বাসন দণ্ডে পরিণত হয়। তাঁর জীবনের বেলীর ভাগ কেটেছে কারাগারের অন্তর্যালে। তাঁর জীবনের নিঃসক্তা তাঁর কাব্যে ধ্বনিত হয়েছে নানাভাবে। বিগত যুগের সম্রান্ত ব্যক্তিদের সম্বন্ধে যে ব্যালাভগুলি লিখেছেন তা কথন ছংখে বেদনাম্ম, কথনও আনন্দে উজ্জ্ব। তাঁর ছই-একটি গাথাকবিতা যথা Ballade of the Hanged ও একটি বৃদ্ধা বেশ্বার কাহিনী কঠিন বাত্তবতা ও প্রবল অমুভ্তিপূষ্ট। প্রকৃতপক্ষে জীবনের সাধারণ বস্তু থেকেই তিনি অসাধারণ ও স্ক্ষার কবিতা স্পষ্ট করেছেন।

এই সময়ে বছ ধনী ও সন্ত্ৰান্ত ব্যক্তি অনেক গাণা কৰিতা রচনা করেছিলেন, তার মধ্যে Catherine de Amboise-এর 'Chant Royal of the most beautiful woman ever born into the world' শ্বরণীয় হ'য়ে আছে। বছ অক্সাত কবির লেখা স্থলর কবিতাও এই যুগের পুরাতন সংগ্রহে পাওয়া যায়।

শেশনের কাব্যবিকাশ ও বিবর্তনের ইতিহাস ভিন্ন। পুরাতন গ্যালিসীয় ভাষায় লেখা কবিতা ও সাহিত্যের একটা ক্ষীণ প্রভাব Castile ও Aragon-এর কবিদের মধ্যে এনে পৌছেছিল। অগুদিকে দীর্ঘদিন মূর রাজত্ব ও সংস্কৃতির প্রভাবে আরবী ভাষায় প্রাচ্য বর্ণনা-পারিপাট্য স্থানীয় কবিগণের ভাষা ও ভাবকে আংশিক ভাবে অলম্বারবহুল মন্থর ও শ্বথগতি ক'রে তুলেছিল। এই প্রাচ্য প্রভাব, বিশেষতঃ মূর আমীরগণের উৎসাহে Cantar del Cid-এর অজ্ঞাত কবির স্থাভাবিক সারল্যকে কৃত্রিম ক'রে তুলেছিল। পক্ষান্তরে ফরাসী কবিগণের লেখা ট্রয় ও আলেকজাণ্ডারের কাহিনীগুলিও একে একে এদেশে এসে পৌছেছিল। খ্রীষ্টান ধর্মের গোঁড়ামি ও অফুশাসনও খ্রীষ্টান বিহার মারফতে থ্ব বেশী প্রভাব বিস্তার করতে পারেন।

Hita-র আর্কপ্রিস্ট Juan Ruiz (—১৩৫০) স্পেনের প্রথম মহাকবি। তিনি ধর্মাজক, তিনি ফরাসী কবি Villon-এর মত সাধারণ জীবন ও পরিবেশ নিয়ে তাঁর কৰিতা রচনা করেন। তিনি তাঁর আত্মজীবনী লিখেছিলেন এবং তাঁর অভিজ্ঞতা দিয়ে সাধারণ লোককে বুঝিয়ে দিতে চেয়েছিলেন, জৈবপ্রেমের সঙ্গে ও বিপদ অনিবার্য ভাবে মিশ্রিভ, অতএব ভগবানকে ভালবাস। তাঁর El libro de buen amor (The Book of True Love) সাধারণ প্রেমপ্রীতির কাহিনী। এর কাহিনীগুলি কাল্পনিক এবং ১২শ শতকের ক্ষুক্ত লাটিন কমেছি থেকে গৃহীত। তিনি বিফল প্রণয়ের কাহিনীকে যথেষ্ট বান্তবভাবে বর্ণনা করেছেন। এই গাথাগুলি যথেষ্ট সমবেদনার সঙ্গে লেখা হলেও প্রায়শঃ অশালীন, কিছু এর চরিত্রগুলি উপস্থাসের চরিত্রের মত বান্তব এবং চরিত্রাহিত্রণ নিপুণ। তাঁর ছন্মবেশী জীবন-কাহিনীর মধ্যে তৎকালীন জীবনযুজের একটা স্থল্যর চিত্র ফুটে উঠেছে। তিনি একাধারে ব্যক্ষলেখক, উপস্থাসিক এবং হিতকথাকার। তাঁর এই বান্তবভা ও শ্লেষ্ট La Celestina ও কারভেনটিদের অগ্রান্ত।

১৪শ শতকের স্পেনের রাজদরবার সংগৃহীত নানা কবিতার একটি সংগ্রহ পাওয়া যায়। এই সংগ্রহটি Cancionero de Baena (১৪৪৫)—এতে Ruiz-এর কোন প্রভাব দেখা যায় না। অত্যন্ত সন্ত্রান্তবংশীয় পণ্ডিতগণের লেখা এই কবিতাগুলি প্রধানত: আবৃত্তি করা হত, এবং সঙ্গাত থেকে কবিতা এই সময়েই প্রথম পৃথকভাবে প্রতিষ্ঠা লাভ করে। কাহিনীগুলি চারণ গীতিকারগণের লেখা কাহিনী এবং ফরাসী পদ্মীগীতি (Pastourelles) থেকে চয়ন করা হয়। পাহাড়ের মধ্যে cow-girl প্রসঙ্গে কচিহীন চিত্তবিকার অথবা মূর কুমারীদের নিয়ে লেখা পদ্মীকবিতা। তথনকার প্রখ্যাত কবি Alfanso Alvarez de Villasandino (১৩৪৫—১৪২৫)

পেশাদার কবি ছিলেন—উৎসবের জন্ম বা গায়কদের জন্ম অর্থ নিয়ে কবিঙা লিখতেন। রোমাণ্টিক প্রেমকাহিনী তথন ধীরে ধীরে জনপ্রিয়তা হারিয়েছে এবং সমাজের প্রতি নিষ্ঠুর বান্ধ ও সমালোচনা জনপ্রিয় হ'য়ে উঠেছে এবং ক্রান্ধে চলিত সব রকম কবিতাই অল্পবিশ্বর রচিত হয়েছে কিন্তু উভয় দেশের মধ্যে একটা ক্রচি ও নীতিগত পার্থকা ছিল। স্পোনে মূর ও ইছদীদিগের প্রভাব কবিতা ও সাহিত্যের উপর যথেই প্রতিক্রিয়া স্টে করেছিল। গ্যালিসীয় চারণকবিগণের প্রভাব ইতন্তত: দেখা যায়, দান্তে ও পেটার্ক-এর প্রভাবও এসেছিল। ইতালীয় সংস্কৃতিবাহক কবি Francisco Imperial জেনোয়ার অধিবাসী কিন্তু Seville-এ বাস করতেন। তিনি দান্তের অন্তকরণে Address to the Seven Virtues লিখেছিলেন। তাঁর ল্যাটিন ছন্দের স্পোনীয় ভাষায় কোন কাব্যন্ত্রী ফুটে ওঠেনি কিন্তু এই প্রভাবের ফলেস্পোন প্রতীক্তা (Symbolism) দেখা যায় এবং তা যথেই আকর্ষণীয়ও হ'য়ে ওঠে।

রূপক ও প্রতীকতা Juan de Mena (১৪১১-৫৬)-র:মধ্যে এসে পৃষ্টিলাভ করে। তার El Laberinto de la Fortuna (The Labyrinth of Fortune) ঐতিহাসিক চরিত্র নিয়ে লেখা কাহিনী—বর্ণনাপ্রধান, লাটিন প্রভাবিত। লাস্তের প্রভাবে প্রভাবান্থিত কিন্তু লাস্তের গভীরতা ও কল্পনা তার মধ্যে ফুটে ওঠেনি। Marquis de Santillana (১৯৯৪-১৪৫৮) ইতালীর ছন্দাহকরণে কেতকগুলি সনেট লেখেন। তবে চারণকবি ও গ্যালিসীয় গাথার অহুকরণে বে কয়েকটি কবিতা তিনি লেখেন সেই কয়েকটি কবিতাই শ্বরণীয় হ'য়ে আছে। তিনি শেষজীবনে লাটিন, ফরাসী ও ইতালীয় কবিতা সংকলন করেন। তাঁর সময়ে কতকগুলি প্রাচীনপন্থী পল্লীগীতি রচিত হ্যেছিল, সেগুলিকে তিনি নিন্দা করেছিলেন কিন্তু সেগুলি এখনও উচ্চাঙ্কের কবিতা বলে আদৃত।

এই মধ্যযুগের শেষ কবি Jorge Manrique (১৪৪০-৭৯) গৃহযুদ্ধে নিহত হন। তাঁর লেখা কতকগুলি বিচিত্র কবিতা ও Copla (মধ্যযুগীয় কাহিনীকাব্য) আজও বেঁচে আছে। তাঁর পিতার মৃত্যুর প্রতি তাঁর এলিজি আজ জগতবিখ্যাত —তথনকার দিনে দেহ ও আত্মার পূথক অন্তিত্বোধটা প্রথর হ'য়ে উঠেছিল এবং দেই ভাবধারা তাঁর এলিজিকে শ্বরণীয় ক'রে রেখেছে। কথিত ভাষার বিবর্তিত ধ্বনি সহযোগে এই এলিজিটি মনোমুশ্ধকর। (২০৩)

এই সময়ে চারণ কবিতা ও রাজনরবারী কবিতার পাশে পাশে পলীগীতি

(२.0) What has become of the King.

Don John?

And the princes of Aragon

Where are they now?

Where is that host of gallant men

The feats of arms that they did them?

Where are they now?.....

Cohen—Ibid—p. 78.

ও গাথারও (folk songs and ballads) যথেষ্ট উন্নতি হয়েছিল। বাংলার পরীতে যেমন অজ্ঞাত অথ্যাত এমনকি নিরক্ষর স্থভাবকবির লেখা অনব্য বারমাসী ও ভাটিয়ালী গানের মধ্যে মানব-মনের শাখত অফুভৃতি কবিতা ও হুরে প্রকাশ পেয়েছিল কিন্তু তা কেউ পুঁথির অক্ষরে ধরে রাথেনি, তেমনি স্পোনের পরীকবি-লিখিত এইরকম কবিতা বহুদিন থেকেই প্রচলিক ছিল। তবে পার্থক্য এই—১৪শ শতকে এগুলি আদৃত হ'য়ে রক্ষিত হয়েছে। এই কবিতাগুলির সংক্ষিপ্রতাও মানব-মনের অকৃত্রিম অফুভৃতির আশুর্ব সর্বরতা পাঠক বা শ্রোতার হুদয়কে অপূর্ব সংবেদনশীলতায় আর্ছ ক'য়ে দেয়। একটি কুমারী তার প্রণমীর জন্যে প্রতীক্ষারতা—এমনি সাধারণ কাহিনী সরলভাবে হয়ত একটি লতার বা পাথীর প্রতীক সাহায়্যে বর্ণনা করা হয়েছে; এই বর্ণনাভক্ষিই পরবর্তী যুগে গীতিকবিতায় (Lyric) গৃহীত হয়। এ জাতীয় কবিতা হয়ত ফ্রান্সে বা অক্যান্ত দেশেও ছিল কিন্তু তা এত উন্নত ছিল না। ১৬শ শতকের স্পোনীয় সংগ্রাহকের চেটায় এগুলি বেঁচে আছে কিন্তু অন্তর্ত নেই—এগুলি রাজদরবারেও গীটার সহযোগে গীত হত।

রোমান্দের সৃষ্টি সম্ভবতঃ চারণ কবিগণের কাহিনী ও গীত থেকেই। তথনকার গৃহযুদ্ধ বা মৃরদের সঙ্গে সীমান্ত যুদ্ধের ঘটনাকে কেন্দ্র ক'রেই এই কাহিনীগুলির বিষয়বস্ত আছত হয়। কোন কোন রাজা, যেমন Pedro the Cruel, তাঁর যুদ্ধ-জয়ের আরকরপে একটি রোমান্দ্র রচনা করতে ও দেশে দেশে গান করতে আদেশ দেন। এগুলি সংক্ষিপ্ত এবং প্রথম সারির যোদ্ধার মুথের কাহিনীর মত প্রতাক্ষ। জয়ী ও বিজিতের প্রতি সমভাবে কবির কঞ্পণা বর্ষিত হয়েছে। এ কাহিনী ব্যতীতও পৌরাণিক, ঐতিহাসিক ও মহাকাব্যের অংশবিশেষ নিয়ে এই রোমান্দাগুলি রচিত হয়। চালিম্যাগ্নি, ট্রিস্টান, লান্দান্ট প্রভৃতির গল্প-কাহিনীকেও কাব্য-কাহিনীতে পরিবর্তিত করা হয়। যেগুলি সংক্ষিপ্ত সেগুলি সাধারণ গ্রাম্য লোকেও গান করত, যেগুলি বড় সেগুলি পেশাদার গায়করা দেশে দেশে গেয়ে বেড়াত। এই কাহিনীকাবাগুলি চলতি অলম্বারভারমৃক্ত সরল সহজ ভাষায় লেখা এবং একটা নাটকীয় গতিসম্পন্ন, মাঝে মাঝে অত্যস্ত উচ্চান্দের অতীক্রিয় ভাবায়ভৃতিতে সমৃদ্ধ ও চিত্তজয়ী।

পতু গালের কবিতাও স্পেনের কবিতার পথে বিকাশলাভ করেছিল কিছ
পতু গালের কবিতা কোন ক্ষেত্রেই স্প্যানিশ কবিতার সমকক্ষ হ'রে ওঠেন। ১৪শ
শতকের মধ্যে গ্যালিসীয় প্রেম-কবিতার মত কিছু কবিতা রচিত হয়েছিল কিছ
পরে ভারও অবনতি হয়। পতু গীজ ভাষায় কোন মহাকাব্য রচিত হয়নি, কারণ
ভার নিজম্ব জাতীয় সংস্কৃতি কিছু ছিল না। মহাকাব্য না থাকায় তালের গাথা
কবিতার বিষয়বন্ধ কিছুটা মতক্র—স্পেনের সঙ্গে তালের জাতীয় চরিত্রেও মতক্র।
পতু গীজ গাথাকবিতা সাধারণতঃ তৃঃথবাদী ও বিষাদপূর্ণ, স্পেনের জ্বততা ও সরল
গতিবেগ ভাতে নেই। এই সময়ের উল্লেখযোগ্য কবি Gracia de Resende
(১৪৭০-১৫৩৬), তিনি গভে ইতিহাস রচনা করেন এবং বছ গান ও কবিভার

সংকলন করেন। তাঁর Cancionero Geral থেকে ইচ্ছাকুডভাবে প্রীপীতি বাদ দেওয়া হয়েছে। সংগ্রহে বছ প্রচলিত কাহিনী, পীতিকবিতা ও বাদকবিতা স্থান পেয়েছে। তার মধ্যে তাঁর নিজের রচিত অনেক কবিতাও রয়েছে। তাঁর রচিত ও সংগৃহীত পীতিকাহিনী গুলিকে Trovas বলা হত, সেগুলি স্প্যানিশ কবি মানরিকের Coplas-এর অফকরণ। এগুলি কারুণা ও বেদনাযুভ্তিতে স্পেনের কবিতা থেকে উচ্চাঙ্গের কিন্তু বর্ণনার দিক থেকে গতিহীন ও মছর। Catalan প্রদেশের ভাষায় বাঁরা লিখেছেন তার মধ্যে Auzias March (১০৯৭-১৪৫৮) প্রসিদ্ধ কিন্তু Castile-এর চাণে Catalan কবিতা বাড়তে পারেননি। ইনিই শেষ চারণ কবি বলা যায়। ইতালীর বাইরে ইনিই একমাত্র কবি বিনি ইতালীর কবিতার অফুরূপ আত্মজীবন ও অভিজ্ঞতাপ্রস্তে ভাবধারাকে কবিতায় প্রকাশ করেছেন। তার বিষয়বিত্ত যৌনপ্রেম ও আদর্শপ্রেম—এই ছন্তের ফলে তাঁর জীবনে একটা আত্মিক বিরোধ স্কিই হয়েছিল এবং জীবনে তিনি খ্বই অহ্নথী হয়েছিলেন। কিন্তু তাঁর দৃষ্টি ছিল সম্মুখে, তাই তাঁর কবিতা পরে স্প্যানিশে অন্দিত হয়।

মধ্যযুগীয় স্প্যানিশ গান্ত সাহিত্য প্রধানতঃ ইতিহাসকারগণের স্বৃষ্টি। এই সকল ইতিহাস অবশ্র ঠিক ইতিহাস নয়, পুরাতন কাহিনী, কল্পনা ও কিংবদন্তীর সমন্বরে গল্পে পর্যবিসিত হয়েছে। বর্ণনা ও রচনার মধ্যে ফরাসী লেথক Froissart-এর গতিবেগ নেই বা Commynes-এর সততাও নেই। স্পেনের এই যুগের গল্প-লেখকগণের মধ্যে উল্লেখযোগ্য নাম Juan Manuel (১২৮২—১৬৪৯), ডেকামেরন রচনার সমসামন্ত্রিক। তাঁর লেখা বোক্কাসিওর রচনারীতি ও আন্ধিকের সমকক্ষ নয়। তাঁর রচিত El Conde Lucanor একটি গল্প-সংগ্রহ। এই গল্পন্ত একজন স্টুরার্ড তাঁর প্রভূপুত্তের আনন্দার্থে বলেছেন। প্রতিটি গল্পই উপদেশম্লক, ঘটনা বাস্তব ও ব্যলামন্ত্রিত। এই গল্পের অনেকগুলি আরবী খেকে গৃহীত। বোক্কাসিওর চাত্রকল্প মধিত। এই গল্পের অনেকগুলি আরবী খেকে গৃহীত। বোক্কাসিওর চাত্রকল্প মধিকাত Martinez de Toledo, টালাভেরার আর্কবিশপ ছিলেন। তিনি অনেকগুলি স্থপাঠ্য ব্যক্কবিতা লেখেন, তাঁর ব্যক্ষের লক্ষ্য ছিল স্পেনের ভংকালীন নিমন্তরের জীবন এবং স্পেনের প্রবচনমালা। এগুলির মধ্যে অনেকগুলি সাক্ষোপাঞ্চা পরে উদ্ধৃত করেছিলেন—বেমন Women prefer a bird in the hand to a vulture on the wing অথবা The fool is wiser in his own house than a sane man in another's.

ইনিই প্রক্বতপক্ষে বোকাসিও, কারতেনটিস্ ও La Celestina-র মধ্যে যোগহত্ত । এই যুগের আর একখানি উল্লেখযোগ্য গল্পগ্রহ Amadis de Gaula, ক্রান্স, ইংলও, ইতালী থেকে সঙ্কলিত। এই আর্থার-রোমান্স পড়েই ডনকুইকজোটের মাথা ঘুরে গিয়েছিল। এর নামকের বীরত্ব ও নামিকার প্রবল সভীত্বাধের আভিশয় এ গল্পগ্রহকে অপ্রাকৃত ক'রে তুলেছিল।

স্পেনের মধ্যযুগ থেকে রেনেসাঁ পর্যন্ত সাহিত্যের বিকাশ বাধাহীন ও সাবলীল গতিতে হয়েছিল, কারণ সেথানে সামস্তরাজ্য তথন স্থপ্রতিষ্ঠিত, নৈতিক অধংপতন্ত খুব শুক্তর আকার ধারণ করেনি। শতবর্ধের যুদ্ধ বা ব্লাক-ভেথের মত ভয়াবছ অবস্থার মধ্যেও স্পেনকে সংগ্রাম করতে হয়নি। এথানে সামস্তরাজ ও জনসাধারণের পারস্পরিক সাংস্কৃতিক প্রভাবে সাহিত্য সমগতিতে এগিয়ে চলেছিল। ধর্মবিপ্লব বা জাতীয় জীবনে ছর্ষোগ ঘনীভূত হয়নি বলেই সম্ভবতঃ জাতী প্রিয়বাদী কাব্যসাহিত্য এবং বাস্তববাদী সৃষ্টি তথন সম্ভব হয়নি এবং সাহিত্যের আজিক ও রচনারীতির চাতুর্বও খুব প্রথর হয়নি।

ইউরোপের এই যুগের সাহিত্য বিশ্লেষণ করলে যেটি প্রথম প্রতিভাত হয় সোট মান্থবের বৃদ্ধিবাদের প্রাধান্ত। সাহিত্য ধর্ম, নীতিবাদ, নীতিশিক্ষা থেকে ধীরে ধীরে মৃক্ত হ'য়ে স্থাধীন সন্থা লাভ করেছিল। সমাজজীবনের মঞ্চল ও হিতকথা থেকে সরে পিয়ে ব্যক্তিজীবনে কেন্দ্রীভূত হয়েছিল। ব্যক্তিজীবনের, মর্থাৎ স্বতম্ম ব্যক্তিজ্ববোধের ভিত্তিতে মানব-চিন্ত ব্যক্তিগত ব্যথা-বেদমার জ্ঞতিব্যক্তি গুলেছিল সাহিত্যে। সাহিত্য শিক্ষা ও নীতি থেকে সরে পিয়ে আনন্দানের (entertainment) উপলক্ষ হ'য়ে উঠেছিল। ব্যক্তিজীবনের সংঘাতজ্ঞনিভ মণটি সাহিত্যে রূপায়িত হয়েছিল। এ যুগের সাহিত্য নীতিবাদের ভিত্তি থেকে দরে পিয়ে জীবনকে ভিত্তি করেছে—সমাজজীবন থেকে ব্যক্তিজ্ঞীবনে পৌছেছে।

নাটক। প্রীয় পঞ্চম শতকে ধর্মবাজকগণ অর্থাৎ চার্চই অবক্ষয়ী প্রাচীন নাটকের অভিনয় বন্ধ ক'বে দিয়েছিল এবং অভিনেতা ও অভিনেত্রীদের পভিত ক'রে দিয়েছিল। ওঠ শতকে সর্বত্র থিয়েটার ও অভিনয় বন্ধ হ'য়ে যায়। কিন্তু ভাগ্যের এমনি পরিহাদ যে, যে-সম্রাট জান্টিসিয়ান আশালীন ও কুচিহীন মাইম (mime) অভিনয় বন্ধ ক'বে দিয়েছিলেন তিনিই একজন অভিনেত্রীকে বিবাহ ক'বে ভাকে সম্রজ্ঞীর আসনে বসিয়েছিলেন। এই সময় থেকে অভিনয় একেবারেই বন্ধ হ'বে গিয়েছিল একথাও বলা যায় না। ইউরোপের অন্ধকার যুগে প্রাম্যমাণ অভিনেত্রক্ষ সার্ভ প্রাটের আদেশ উপেক্ষা ক'বে উদরান্তের জক্ত গ্রামে গ্রামে ছোট ছোট প্রহান ও নাটিকা অভিনয় ক'বে বেড়াত না, একথা বলা যায় না। যে সমস্ত চারণ কবি গান গেয়ে বেড়াত ভারা হয়ত এই অভিনেতাদেরই বংশধর বা শিক্ত। অন্ধকার যুগের বর্বর আক্রমণ, উথান্থ জনগণ, রাজায়-রাজায় অবিরাম যুদ্ধ এবং ধর্মীয় বিরোধের মাঝে সভ্যকার নাট্য-প্রয়াস সম্ভব ছিল না। ।

ন্তনভাবে যে নাটক স্ঠে হল তা চার্চের দান। এগুলিকে মিস্ট্রি নাটক বলা হত। অশিক্ষিত ও সাধারণ জনচিত্তে ধর্মবোধ জাগ্রত করা এবং ধর্মপ্রচারের জক্তই এই নাটকের স্টে। তথনকার দিনে ইন্টারের দিন সকালে গণসঙ্গীত হত, সেই গণসঙ্গীত ধীরে ধীরে নাটকে রূপান্তরিত হয়। এই সময়ে ধর্মীয় উপদেশ (Gospel) অনেক ক্ষেত্রে লাটিন শক্ষসন্তারে পুষ্ট হ'য়ে সামান্ত নাটকরূপে বিভিন্ন কণ্ঠে অভিনীত

। ১১শ শতকে এই সদীতই পরে পৃথক নাটকরপে আত্মপ্রকাশ করে। ধীরে ধীরে অভিনয়ের উৎকর্ষ হল, এবং বিভিন্ন দৃশ্য নানা পরিবেশে, যথা বাগান-বাটিভে, দোকানে, হলবরে অভিনীত হত। বাংলা নাটকেও প্রথম এমনিভাবে বিভিন্ন পরিবেশে বিভিন্ন দৃষ্ট অভিনীত হয়েছে এবং দর্শকগণকে স্থান পরিবর্তন করতে হয়েছে।

ইন্টার পর্বের অমুদ্ধপ এইমাস পর্বেও অভিনয় শুরু হল। একটি নক্ষত্রের পথনির্দেশে ভিনজন মেষপালকের যিশু ও তাঁর মাতাকে দেখতে আসা প্রভৃতি
ৰাইবেলের কাহিনী নাটকাকারে জনগণের সামনে উপস্থাপিত করা হত। ক্রমে
ক্রমে মেসিয়া (Messiah), ওল্ড টেন্টামেন্টের কাহিনী ও প্রীইজীবনী নিয়ে নাটিকা
রচিত ও অভিনীত হল।

এইরূপ নাটকের উন্নতি তথন একই সময়ে সমগ্র ইউরোপে--পশ্চিম ইউরোপে উত্তর ফ্রান্সে, এবং Anglo-Normans-দের মধ্যেও হয়েছিল। \ Jongleur-দের গান কতকগুলি শিক্ষিত ও সম্ভান্ত লোককে আনন্দ দিত, তার প্রভাবও তাই नीमावष छिन। किंख वाहेदवरनत नर्वजनद्वाधा काहिनी छनि यसन नार्वकाकादत আত্মপ্রকাশ করল তথন তা শিক্ষিত-অশিক্ষিত নির্বিশেষে স্কল্কেই আনন্দ্রান ৰরল এবং দেখতে দেখতে জনপ্রিয়তা লাভ করল। এই যুগের প্রথম নাটক Adam-এর দৃশ্র বিভিন্ন স্থানে সংস্থাপন ক'রে অভিনয় করা হয়। এই নাটকের বিষয়বস্তু আদমের অভিশাপ ও মর্ত্যে আগমন-কাহিনী। ইভের আদমকে প্রালুদ্ধ করার দৃষ্টটি অতি স্থন্দর। এগুলি সবই এইটান পাত্রীগণ অভিনয় করতেন কিছ খীরে ধীরে নাটকের ক্ষেত্র বৃহত্তর হল। তথন সাধারণ থেকে অভিনেতা এসে জড়ো হল, ভারণরে ধর্মকভ্যের বাহনত্ব ভ্যাগ ক'রে নাটক সাধারণের বন্ধ হ'য়ে উঠল। ইংলও, ফ্রান্স ও ইতালীতে নাটক অভিনয় শুক্ল হল। সাধারণে নাটক লিখতে আরম্ভ করল, Arras-এর নাট্যকারগণ ব্যঙ্গনাটিকা ও প্রহসনও লিখে অভিনয় করলেন। ১৩শ শতকে এসে নাটক রীতিমত জনপ্রিয় হল এবং বিভিন্ন সেন্টদের জীৰনী নিয়ে বৃহত্তর পূর্ণাঙ্গ নাটকও লেখা হল। Arras থেকে উভূত সেণ্টদের कौरनी निरम त्नथा Miracle नांग्रेटकत क्षथम नांग्रेक, Jean Bodel निश्च Le Jeu de Saint Nicholas (১২০০) कुरमाण्ड काहिनी निष्य लाथा स्वामान्डिक्पर्यो নাটক এবং Rutebeuf বচিত Le Miracle de Théophile (১২৮৪)। বিভীয় নাটকে এক ব্যক্তি তার আত্মাকে ডেভিলের নিকট বিক্রম করেছিল। পরে ভার্জিন মেরী তাকে উদ্ধার করেন। এই মিস্ট্রিনাটক কেবলমাত্র ঞ্জীষ্টায় শাস্ত্রামূশাসন প্রচারকরে রচিত হরেছিল সত্য কিছ তাও ধীরে ধীরে বৃহত্তর হ'য়ে নানা দৃশ্র ও আছে বিভক্ত হল। প্রত্যেক দৃশ্যের জন্ত বিভিন্ন মঞ্চের প্রয়োজন হল। ১২শ শতকের Conversion de l'Apôtre Paul-এর বিভিন্ন দুশু কয়েকদিন ধ'রে বিভিন্ন নঞ্ আভিনীত হয়েছিল। ফ্রান্সে ও দক্ষিণ ইউরোপে এই মঞ্চ কোন পার্কে নির্দিষ্ট থাকত কিন্ত ইংলণ্ডে ও দ্লাণ্ডাদে বিড় বড় গাড়ীতে (wagon) ক'রে দুর্গু সাজানো হত এবং দেখানে অভিনয় চলত। গাড়ীগুলি নগর্ময় ঘোরানো হত, শহরের কোন নির্দিষ্ট স্থানে দাড়ালে, পরপর দুভগুলির অভিনয় তথা সমগ্র নাটকের অভিনয় দেখা বেভ।

নাটকের পরিপূর্ণ বিকাশ হতে ঠিক তিনটি শতকের সাধনা লেগেছে। এই দীর্ঘ সময়ের মধ্যে নাটক ধর্মীয় আখ্যানবন্ধ ছেড়ে চলতি সাহিত্যের বিষয়বন্ধ আশ্রয় করল—অবশ্র এই বিষয়বন্ধর সঙ্গে একটা শিক্ষণীয় নীতি অবশ্রই থাকত। এইগুলিকে Morality নাটক বলা হত, পাণ-পূণ্য, সততা, অসততা প্রভৃতি নীতিগত ধারণা বিষয়ীভূত ক'রে এ নাটকগুলি লেখা হত এবং তাতে প্রচুর পরিমাণে প্রতীকতা আরোপ করা হত (বেমন যাত্রাগানে বিবেক, ভাগ্য প্রভৃতি চরিত্র থাকে)। ডেনমার্কের Everyman নাটক প্রথম ব্যতিক্রম; এতে প্রতীকতা ভ্যাগ ক'রে সাধারণ মামুষকে নাটকের বিষয়ীভূত করা হয়েছে। Devil এবং Vice এতে আছে শুরু হাস্তরস পরিবেশন করতে। এই মিস্ট্রি, মিরাক্ল ও মরালিটি নাটক থেকেই বর্তমান যুগের নাটকের স্কৃত্তি। এই বিশ্বুতি ও বিবর্তন শক্তিশালী হ'রে নাটককে নবতর রূপ দিল ১৫শ শতকে।

ক্রান্সের ব্যালাড লেথকগণ এই সব ধর্মীয় নাটকের গণ্ডি অভিক্রম ক'রে সাধারণ জীবনের ঘটনা ও বাস্তব চরিত্র নিয়ে গত্ম-পত্তের মিপ্রণে নাটক লিখতে 🐯 করলেন। বছ জনের প্রচেষ্টায় লিখিত Mystére du Vieux Testament এবং Arnoul Griban রচিত Mystere de la Passion (চারদিনে অভিনীত) नांहें क् वाहेरवरनत्र काहिनीहे नुखन ऋप थाय। व्यव्यन्दरम् थर् व्यवपानकरम्त्र मृत्यं नवनील कविला, এवर क्लांग ও जिन्तावादात्र मत्या धर्मात्नाचना धूवह नवन ६ হন্দর। এই নবতর নাট্যপ্রচেষ্টা পৃষ্টিলাভ করবার পূর্বেই এর অবক্ষয় আরম্ভ হয়। এই অবক্ষাের প্রকৃত কারণ নির্ণয় করা কঠিন তবে সাধারণভাবে মাছৰ তথন ধর্ম-বিখাসের প্রতি অদ্ধা হারিয়েছে, ব্যক্তি-সচেতনতা লাভ করেছে এবং ভোগধর্মকে গ্রহণ করতে छिन्त्रथ হয়েছে-এই সব কারণেই সম্ভবত: সাধারণ মামুষ ধর্মের কথা শুনতে আর প্রস্তুত ছিল না-ধেষন বর্তমান বাংলায় পৌরাণিক নাটক অচল হয়েছে। ১৬শ শতকে এদে দেখা যায় নাট্যকার হিসাবেই নাটক লেখকের সাবিভাব হয়েছে। এই নাটকগুলি ধর্মের বাঁধন ছিঁড়ে মুক্ত হয়েছে, মাহবকে মানন্দ দিতে। এইগুলি প্রধানতঃ প্রহুসন, কতকগুলি নির্বোধের (fools) সমাবেশে হান্তরস সৃষ্টি ক'রে সম্রাপ্ত নাগরিকগণকে ব্যঙ্গবিজ্ঞাপ করা হত। षार्थानी ও श्रुद्रतन्त्रर्ग Shrovetide नाउँ कि रहा। এ षाछीय नाउँ कि লেখক Hans Sachs (১৪৯৪—১৫৭৬), তাঁর নাটকের আখ্যানভাগ পুরাতন fabliaux-এর অমুরূপ। ঘটনাগুলিও বথেষ্ট হাস্তকর, বেমন একজন ছাত্র কোন গৃঁহখামিনীকে এসে বলে যে তাঁর খামীর সদে খর্গে তার দেখা হরেছে জিনি ফিরে আসছেন কিছু তাঁর কাগড়-ভাষা নেই, সে সব পেলেই ফিরে আসতে পারতেন। এই সব বলে তাঁর মৃত স্বামীর জাষা-কাপড় নিমে চম্পট দিব। ব্দবা এক ঘোড়া-চোর ধরা পড়েছিল কুষকদের হাতে। তারা ঠিক করলে ভাকে কাঁসি দেবে। কিন্তু কাঁসি দেখতে লোকে ভিড় করবে এবং ডাভে শশু নট হতে शास्त्र धरेक्छ कांत्रित हिन शिक्टित हिन। कांत्र दनल, स्-क'हिन कांत्रि ना हत সে-ক'দিন তাকে আরামে রাথতে হবে; এবং সে তথন হরদম চুরি ক'রে ক্ষকদের মানেই দালা বাধিয়ে দিল।

নেদারল্যাণ্ডেও অফুরূপ নাটক সৃষ্টি হল। সেধানকার মধ্যবিত্ত নাটারিসিক্পণ (Rederijker)-ও Eyeryman-এর মত স্কল্ব মরালিটি নাটক সৃষ্টি করল। তারা নাটক ও সাহিত্য সৃষ্টির জল্প প্রতিযোগিতারও ব্যবস্থা করত। এতদিনে ক্রান্স ও ইংলণ্ডেও এইরূপ প্রহুসনজাতীয় নাটক সৃষ্টি হয়েছে এবং ব্যবসার্দ্ধিসম্পন্ন অভিনেতারা দল গঠন ক'রে অভিনয় করতে শুকু করেছে। John Heywood ইংলণ্ডে এই জাতীয় নাটকের প্রষ্টা। ক্রান্সে অজ্ঞাত লেখকের লেখা Maêtre Pierre Pathelin এতথানি জনপ্রিয় হয়েছিল যে পঞ্চাশ বছর পরেও নাটকের প্রবঞ্চক উকিলের চরিত্র Rebelais-এর Pentagruel-এ এনে প্রবচনীয় চরিত্র হ'য়ে দাড়ায়। Pathelin দর্জিকে ঠকিয়ে কাপড় নিম্নেছিল এবং দে এই ঠগবৃত্তি শিক্ষা দিয়েই রোজগার করত, এবং পরে এক কৃষক শিল্প ছারা নিজেই ঠকে বায়। এই নাটকটি (১৪৬৪) এই সময়ের প্রহুসন ও ১৭শ শতকের কমেডির মধ্যবর্তী। এর হাজ্মর এত সরস ও স্কল্ব, নাটকীয় পরিস্থিতি এমন স্বচ্তুর এবং সংলাপ এত মধুর যে মলিয়েই স্পূর্বে এমন নাটক কেউ রচনা করতে পারেননি। এই নাটক থেকেই "But let us return to our muttons" প্রবচনটি ইউরোপে চলিত হয়।

এই ধরনের নাটক রচনার পিছনে মাহবের একটা ব্যবসাবৃদ্ধি ছিল,—দল গঠন ক'রে দেশে দেশে সাধারণ মাহবকে আনন্দ দান করাই এই ধরনের নাটকের উদ্দেশ্য ছিল এবং সেই সঙ্গে অভিনেতাদেরও জীবিকা অর্জন হত। মরালিটি ও মিরাক্ল্ নাটকের পিছনে একটা লোকশিকা ও নীতিবাদ প্রচারের প্রেরণা ছিল, যা সামাজিক জীবনকে রক্ষা করতে সহায়তা করত কিছু এই প্রহ্মন নাটকে এসে আনন্দদানই প্রধানতম লক্ষ্য হ'য়ে দাঁড়াল। আনন্দদানের পরিবর্তে মুনাফা লাভও চলল।

শেশন ও পার্কু গাল পূর্বতন মিরাক্ল ও মরালিটি নাটকের কেন্দ্রন্থল হয়েই ছিল। পরে ধীরে ধীরে স্বাভাবিক নাটকের স্বাষ্টি হয়। Juan de Encina (১৪৬৯—১৫২৯) প্রধানত: পল্লীগাধা নিয়ে গীতিনাট্য রচনা করেন। তাঁর মেষপালক Grisostomo ও নিষ্ঠ্র Marcela-র কাহিনী তন কুইকজোটের প্রথম ধণ্ডে পাওয়া যায়। তার মধ্যে জৈবপ্রেম ও নীতিবাদের মধ্যে একটা সংগ্রাম দেখা যায়, এবং তাঁর St. Antony চরিত্রে এই ছম্ম স্থম্মরভাবে প্রক্ষৃতিত। তাঁর প্রেমের কবিতা, গ্রাম্য পরিহাস, গ্রাম্য গীতি, ব্যক্ষবিতা এবং ধর্মধাক্ষকপ্রের বিরোধিতা Duke of Alba-র মনোরশ্বন করত সম্মেহ নেই, কিছু দেশীয় নাটক রচনায় তা বিশেষ সাহায়্য করেনি। তিনি মনে করতেন জগতে সাধু যাক্ষক থেকে অনেক বেনী সাধু মেষপালক আছে।

Torres Naharro (১৪৮০-১৫৩২) যদিও Medici-র পোপের পৃষ্ঠপোষকভা পেরেছিলেন তথাপি তিনি এনসিনার চেমেও যাক্তক-বিরোধী ছিলেন। তাঁর কাছে রোম শন্নতানের আড়া ছিল। তাঁর নাটকগুলি স্থান্থৰ ও সংক্ষিপ্ত হওয়ায় সভাকার নাটকীয়। তাঁর রচিত Himenca পরে Lope de Vega-র হাডে পূর্ণাল্য নাটকে পরিণত হয়। তথনকার দিনে নাটকে নাটকত্ব অপেকা কাব্যগুণই বেশী থাকত, এবং কবিতার মাধ্যমে ব্যক্ষ ও শ্লেষ এ নাটককে যথেষ্ট জনপ্রিয় করেছিল।

প্রাকৃত নাটকের উৎপত্তির পূর্বে অর্থাৎ শেক্সপীয়রের যুগের পূর্বে একমাত্র প্রু গালের Gil Vicenté-ই (১৭৬৫-১৫৩৯) একমাত্র সত্যকার নাট্যকার। তার জীবন সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না—তিনি যথন রচনা আরম্ভ করেন তথন পর্তু গীজ ভাষার অবক্ষয়ের যুগ। প্রথমে তিনি স্পেনের এনসিনার অফুকরণে লিখতে শুরু করেন কিন্তু এই অন্তক্ততির মধ্যেও তাঁর স্বকীয়তা স্থান্ত । তাঁর নাটকের কৃষক, তথাকথিত সন্ত্রাস্ত ব্যক্তি, জজ, ভ্রাম্যমাণ যাজক প্রভৃতি চরিত্র বান্তবামুগ। তিনি প্রহসন, কমেডি, ট্যাঞ্জি-কমেডি, গীতিনাট্য, বান্ধনাটকা এবং মিস্ট্রি ও মরালিটি নাটকও লিখেছিলেন। তাঁর নাটকে স্প্যানিশ ও পতু গীজ উভয় ভাষাই ব্যবহৃত হয়েছে, ভদ্র চরিত্রে স্প্যানিশ এবং নিয়ন্ত্রণীর মূথে পড় গীক ভাষা। তাঁর শ্রেষ্ঠ নাটক, Four Seasons এবং Sebila Cassanda। গ্রাম্য বালিকা Cassanda ভার প্রণয়ী Solomon, পিতৃব্য Abraham, Isaiah এবং Moses-এর অমুরোধেও বিবাহ করতে রাজি নয়। প্রথমে সে বিবাহিত জীবনের অশেষ হুংথের काहिनी वर्गना क'तत्र शत्त्र बत्न त्य, ज्यवान त्कान क्यात्रीत शत्क खन्न शहर कत्रत्वन এবং তিনিই সেই কুমারী। यनिও এটি গ্রামাকাহিনী নিয়ে লেখা তথাপি এর নামগুলির পরিপ্রেক্ষিতে এটি ষিশুর জীবনের আখ্যানরূপে রূপায়িত হয়েছে। তাতে দেখানো হল তথনকার সমাজে জায় ও স্ততা মর্বাদা হারিয়েছে, ধর্ম নির্বাসিত, চার্চ লোভের দাস, দরিত্র নিপীড়িত, লব্দা ও যুক্তি আচ্চন্ন এবং তার জন্তই দেবলিও জনগ্রহণ করলেন। গ্রামা Cassanda-র কাহিনী ভার্জিনের গল্পে রূপান্তরিত इरव्रष्ट् । जांत्र मतानिष्टि नार्टेक Dance of Death, এবং গীতিরূপক Winter's Triump নৃত্যগীত, শ্লেষবাদ এবং হাল্ডরদে সম্পুক্ত হ'য়ে পরবর্তী যুগের Masque-এর অমুরূপ হয়েছিল। তিনি প্রথমতঃ কবি এবং দ্বিতীয়তঃ নাট্যকার, সেইজক্সই তাঁর লেখা কাব্যধর্মী। তাঁর হুইটি রোমাণ্টিক নাটক Dom Duardos এবং Amadis de Gaula यमित शहरान जाजीय ज्यांत्रि कांत्र हतिव्यक्ति करत्रकि রেখায় প্রাণবস্ত বাস্তব চরিত্র হ'রে ফুটে উঠেছে। তাঁর রচিত ৪৪খানি নাটক প্রহ্মন পাওয়া যায়। Lope de Vega-র পূর্বে এত বড় প্রতিভাধর দেখক আর জন্মগ্রহণ করেননি—তাঁর মৌলিকতা, চিস্তাশীলতা ও বৈশিষ্ট্য যুগান্তকারী বলা যায়। মধ্যধূৰীয় সাহিত্য ও রেনেসাঁর সাহিত্যের মধ্যের সেতু এই ভিসেনটি।

ইভালীর নবজাগরণ (Renaissance)। পেটার্ক ও বোকাসিওর পরে প্রায় ৫০ বংসর ইভালী পুরাতন লাটিন ও গ্রীক সাহিত্যের অস্থালন নিয়ে ব্যন্ত ছিল, Cicero-র ভাষার অস্থারণ লাটিনে কিছু সাহিত্য স্থাইর প্রচেষ্টা হলেও ইভালীয়

ভাষার (Latino Volgari) কিছু লেখা হয়্নি। এই সময়ে ফ্লোরেন্স ও বোলোনের প্রতিযোগীরূপে রোম, নেপ্লস্, ফেরারা ও পাছ্রান্ডে বিদ্যামুলীলন কেন্দ্র প'ড়ে উঠেছে। যদিও টাস্কান্ কবিগঁণের খ্যাতিও প্রভৃত ছিল এবং তাঁদের ভাষাও সর্বজনগ্রাহ্ন হ'য়ে উঠেছে তথাপি দেশীয় ভাষায় কোন বিশেষ সাহিত্য গ'ড়ে ওঠেনি। এই সময়ের উল্লেখযোগ্য ইতালীয় লেখক Franco Sacchetti (১৬৬০-১৪০০) বোকাসিওর মত Trecento Novelle (300 Tales) গল্প সংগ্রহ করেন এবং বহু গীতি-কবিতা রচনা করেন। তাঁর এই গীতি-কবিতাগুলি গায়কগণ স্থ্য সহযোগে ফ্লোরেন্সে গাইত।

পরবর্তী শতকে ফ্লোরেন্সকে ঘিরে এক নতুন সংস্কৃতি কেন্দ্র গ'ড়ে ওঠে। এই ' সংস্কৃতি এবং চিস্তাধারা সমগ্র ইউরোপকে প্রভাবাম্বিত করে। এই নবতম দার্শনিক **ठिस्ठाटे त्रात्नमा** वा नवकाशवर्ग नात्म थाछ। ১৪०৮ थः व्यादम वाहेकानहाहत्तव সমাট দেখলেন তাঁর সামাজ্য শীঘ্র তৃকীদের দারা অধিকৃত হতে পারে। এই সম্ভাবনা দেখা দেওয়ায় দেশীয় সংস্কৃতি রক্ষার উদ্দেশ্তে তিনি একদল গ্রীক যাজককে देखानीत माहाया नात्वत क्या भाषान। शत वरमतत स्मात्ततम इटे চार्टत मिनन ঘোষণা করা হয়,—এতে সাম্রাজ্য রক্ষা না হলেও সংস্কৃতি রক্ষা হতে পারে। এই মিলন সম্ভব হয়নি, ৰাইজানটাইন সাম্রাজ্যও রক্ষা করা যায়নি : কিন্তু এই গ্রীক্ষাজকগণ স্বায়ীভাবে ইতালীতে থাকায় বাইজানটাইন সংস্কৃতি পাকাপাকি ভাবে हेणानीरण ज्ञान क'रत निन। Cosimo de Medeci नारम এक धनीवाकि বাইজানটাইন পণ্ডিত George Gemistus Plethon-এর মুখে প্লেটোর দর্শনের ব্যাখ্যা ওনে মুগ্ধ হন এবং ক্লোরেন্সে একটা একাডেমি স্থাপন করেন। প্লেখন পেটার্কের মানবভাবাদী শিক্ষার থেকে গ্রীদের আদর্শবাদী শিক্ষায় পুনরায় ফিরে বেতে চেমেছিলেন। Cosimo Marsilio Ficino (১৪৫৫-১৯) প্লেটোর विचारमीनन दक्क भागन करतन। किष्ट्रमिन शरत क्यार्त्रत्म (शरी ७ आदिकेंग्रेसन्त ভক্তগণের মধ্যে বিরোধ স্পষ্ট হ'য়ে, ক্লোরেন্সের বিভাকেন্দ্র ভেন্দে যায় এবং বৃদ্ধিজীবী অপতে ধীরে ধীরে Ficino-র প্রভাব বিস্তার লাভ করে। তাঁর প্লেটোনিক দর্শন প্রাচ্য প্রভাবে নতুন আকারে দেখা দের এবং তার ব্যাখ্যার সঙ্গে প্রীয়ান শাস্ত্রের পार्थका वहनांश्य करम यात्र। कारत्रश्रीत्र अहे विश्वारकस अधु धीकनर्यन ও नारखत कावगारनावनावहे भर्वतिष्ठ व्यक्ति, विकिश्नाविषा, ख्याजिब, श्रक्तिविकान नवहे धर्यात हर्त। इन । अञ्चरकार्ड च भारती त्यत्व भिकार्योशन धरम धर्यात विश्वास्मीनन করত। এই বিভাকেক্সের ছাত্রগণই পরবর্তী যুগের প্রসিদ্ধ খ্যাতনামা গ্রন্থকার ও নেতা। এখানকার ছাত্র Pico Della Mirandola (১৪৬৩-৯৪) কিসিনোর মত দর্শন ও ধর্মের মিলন ঘটাতে গিয়ে নির্বাদিত হন এবং পরে তাঁকে বিষপ্রয়োগে হত্যা क्ता रुत्र : Angelo Poliziano এक्জन উল্লেখযোগ্য नाहिन ও ইতানীয় কৰি, পরে क्लारबन के जिल्हा चराक हन, जबर Cosimo-ब नांजि Lorenzo de Medici

লোরেলের শাসক হুন, ভিনি নিজেও কবি এবং মাইকেল এজেলোর খ্যাতনামা পূঠপোষক।

এই একাডেমি পরে ভেলে বার, যুদ্ধবিগ্রহ এবং এর সভাগণের মৃত্যুও
বিশৃন্ধলাই অবপ্ত ভার কারণ। এই সলে ফোরেলের গোরবের যুগও শেষ হ'রে যায়।
এই যুগেই ইতালীর বিখ্যাত চিত্রকর, ভাস্কর, কবি, ইভিহাসকার এই ফোরেলকে
গোরবোজ্ঞল ক'রে রেখেছিলেন। Botticelli, Gozzoli, এবং Pollaiuolo-র
যুগের অবসান হয়। প্লেটোর দর্শন ও প্রীটান ধর্মের বিরোধ পুনরায় জেগে ওঠে,
পোপের রাজদরবার রিরংসা, ব্যসন ও জুনীভিত্তে ভরে যায় এবং তারা বলেন,
"Plato teaches arrogance and Aristotle godlessness." (২০৪)

এই বিষ্ণাবেন্দ্র ভেক্ষে গেলেও এর প্রভাব উত্তরে আল্পন্ন পর্বত পেরিয়ে পরবর্তী শতকে মার্টিন ল্থারের মধ্যে দেখা দেয় এবং ইতালীতেও ফল্পধারার মত এর প্রভাব প্রবাহিত হ'য়ে কবি Tommaso Campanella (১৫৬৮-১৬৬৯)-র মধ্যে প্রকাশ পায়। তাঁর কবিতার মধ্যে একটা রমণীয় আদর্শবাদ ফ্টে ওঠে এবং Giordano Bruno (১৫৪৮-১৬০০) মধ্যযুগীয় দর্শনের প্রধানতম শত্রু হিসাবে আ্লপ্রকাশ করেন। জীবনের বেশীর ভাগই তিনি নির্বাসনে কাটিয়েছেন। ইংলঙে থাকাকালে তিনি সার ফিলিপ সিড্নির বন্ধুত্ব লাভ করেছিলেন। ইতালীতে ফিরবার পথে ধরা পড়ে নয় বছর জেলে থাকবার পর তাঁকে আগুনে পুড়িয়ে মারা হয়।(২০৫)

এই সময়ে দান্তের কাব্য জনপ্রিয়ত। লাভ করে, টাস্কান ভাষা ইতালীর ভাষার রূপান্তরিত হয় এবং পেটার্কের বিষয়ম্থীতা নবযুগের স্থচনা করে। এই নৃতন যুগের প্রথম কবি Ángelo Poliziano (১৪৫৪-৯৪) মৌলিক প্রষ্টা। তিনি ইতালীয়, লাটিন ও গ্রীক তিন ভাষাতেই লিখতেন। তিনি নৃতন প্রেমগীতি কবিতার প্রবর্তক। তিনি Orpheus-এর কাহিনী অবলম্বনে যে কাহিনীকার্য লেখেন তার মধ্যেই রেনেসাঁরে বাণী "Divine inspiration of art" ধ্বনিত হয়েছে। ইতালীর এই প্রেমগীতিম্থর যুগের সমহেই বাংলায় বড়ু চণ্ডীদাস তাঁর শ্রীকৃষ্ণকীর্তনে শ্রীরাধার প্রেমকে কাব্যাথা হিসাবে বচনা করেন।

পূর্বে গণিক যুগে আর্ট ভাগবতশান্ত্রের (Theology) দাসত্ত্বে নিযুক্ত ছিল।
চিত্রকর-ছণতি-ভাস্কর-গায়ক-কবি সবই ধর্মের প্রয়োজনে নিযুক্ত হত কিন্তু এই যুগে
আর্ট ভগবৎ প্রেরণা হিসাবে দেখা দিল। ক্লোরেন্সের মাথার মণি Leo Battista
Alberti বললেন, "When I investigate and when I discover that the

^(2.8) Cohen-Ibid-p. 98.

⁽२०६) জিনি কোপারনিকাসের ধারণাকে ব্যাব্যা ক'রে খ্রীষ্টানদের স্কটির প্রাণকে ধ্নিদাৎ ক'বে নেন। জিনি বলেন, "Matter is cosa Divina".—History of Modern Philosophy. W. K. Wright.—p. 28.

forces of the heavens and the planets are within ourselves then truly I seem to be living amongst the gods." (২০৬) এডদিন অগড ছিল ভগবানের স্ট, এখন মান্ত্র এনে এই স্টীর কেন্দ্রন্থলে দাঁড়াল আপন গৌরবে।

পলিজিয়ানোর এই যুগের কবিতার মধ্যেই ভবিয়ৎ যুগের স্থাপির ইন্দিত রয়ে গেছে। তাঁর স্থানর নির্মান পরিচ্ছন্ন ভাষা পরবর্তী যুগের আদর্শ, তাঁর নাটকই পরবর্তী যুগের লোকায়ত (Secular) নাটকের পথিকং। তাঁর কবিতার ভাবধারা মাঝে মাছে স্থামি সৌন্দর্ধে অস্তর পূর্ণ করে দেয়। তাঁর পৃষ্ঠপোষক ও একাডেমির-কর্ণবার Lorenzo de Medici (১৪৪৯-৯২) তাঁর মত উচ্চাঙ্গের অন্তা। না হলেও তাঁর লেখা দাস্তে ও পেটার্কের প্যারতি এবং নৈস্গিক কবিজা মথেই জনপ্রিয় হয়েছিল। তিনি একখানি পৌরাণিক নাটক লিখে নিজের প্রাসাদে অভিনয় করিয়েছিলেন এবং বহু ভোটগল্পও লিখেছিলেন। কিন্তু তাঁর প্রতিভা প্রকৃতভাবে প্রকাশ পেয়েছে তাঁর প্রমাণীতি কবিতায়। পেটার্কের অন্ত্রসরণে তাঁর পার্বিব প্রেম প্রকৃতির সৌন্দর্থ স্থামান্ত তাঁর মধ্যে প্রাধান্ত পেরেছিল কিন্তু হালক সাহিত্য এবং নিস্বর্গ সৌন্দর্থের প্রতিভ তাঁর মধ্যে প্রাধান্ত পেয়েছিল কিন্তু হালক সাহিত্য এবং নিস্বর্গ সৌন্দর্থের প্রতিভ তাঁর আকর্ষণ বেশী ছিল।

পেড়ার্কের ভাবধারা সত্যকার রূপ পেয়েছিল Petro Bembo (১৪৭০-১৫৪৭)-এর রচনায়। তিনিও ফিসিনোর একাডেমির ছাত্র এবং জনৈক একাডেমি সভার পুত্র। তিনি লাটনের বিরুদ্ধে টাস্কান ভাষায় লেখার পক্ষপাতী ছিলেন। পেটার্কের ছন্দ্র, ভাষা ও নিসর্গপ্রেমই তাঁর আদর্শ ছিল। তিনি নব-জাগরণ যুগের উচ্চশিক্ষিত রুচিসম্পন্ন সমানিত ব্যক্তি। তাঁরও বিখাস ছিল আট ভগবৎ প্রেরণা প্রস্ত। (২০৭)

Luigi Pulci (১৪৩২-৮৪) উক্ত একাডেমির প্রতি বিরূপ ছিলেন এবং তাঁর এপিক কাব্য Morganteতে তিনি একাডেমিকে ব্যঙ্গ করেছেন। তিনি চার্লিম্যান্নির গল্প প্নরাম বোক্কাসিওর ভঙ্গিতে রচনা করেন। তাঁর চরিত্রগুলি ক্ষিক এবং মধ্যমুগীয় সিভালরির ঠাট্টা। সাধারণের চলতি গল্পই ডিনি ব্যঙ্গাবিদ্ধেশে হুখপাঠ্য ক'রে তুললেন। ফ্লোরন্সে তখন মেডিসি পরিবার সর্বেস্বা কিছু সাধারণ ব্যবসাদার, কারিগর এবং জনসাধারণে তাঁর রচনা আদৃত হল। প্লেটোর ভাবধারা স্থানীয় জনসাহিত্যের অক্টাভৃত হ'য়ে একটা নতুন সাহিত্য স্টি করেছিল।

এই সময়ে আরও তিনজন কবির অবদান ইতালীয় সাহিত্যকে সমৃদ্ধ করেছিল। Mettio Maria Boiardo (১৪৪১-৯৪), Ludorico Ariosto (১৪৭৪-১৫৩৩) এবং Jacopo Sannazaro (১৪৫৭-১৫৩০) Boiardo অর্লাণ্ডোর

⁽२0%) Cohen-Ibid-p. 99.

^(?**) Poliziano, Lorenzo de Medici and Bembo were agreed as Tosso, Spencer and Milton after them in their belief in divine inspiration of art. Cohen—Ibid—p. 101.

গল্পেরই একটা অনবছ কাব্য রচনা করেন। ভাষা ও রচনাশৈলীর দিক থেকে ভা ইভালীর সাহিত্যে নতুন সম্পদ। এই সময়ে স্পেন ও ফ্রান্স ইভালীকে যুদ্ধক্ষেত্রে পরিণত করেছিল এবং ভার ফলে গ্রামাজীবনের নিশ্চিস্তভা ও পল্লীর নিস্প আভাবিকভাবে অফ্রাগের বস্ত হ'য়ে উঠেছিল। Jacopo এই অফ্রাগ নিয়েই তাঁর Arcadia লেখেন। তাঁর এই কাব্যের প্রভাব পরবর্তী শতকে সমগ্র ইউরোপ ছেয়ে গিয়েছিল এবং বহু পল্লীগাথা তাঁর অফ্করণে লিখিত হয় এবং ইংরাজ কবি পোপের মধ্যেও যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল। শহর, যুদ্ধক্ষেত্র ও জীবনসংগ্রাম থেকে দুরে গ্রামাজীবন, মেষপালকদের প্রেমপ্রীতি, শাস্ত সহজ্ব জীবন তাঁর হাতে ক্ষের্ভর হয়েছিল।

এই তিনজনের মধ্যে শ্রেষ্ঠ কবি Ariosto, তিনি Boiardoর অসমাপ্ত
অর্লাণ্ডো কাহিনীকে তাঁর Orlando Furioso কাব্যে সমাপ্ত করেন। তাঁর এই
কাহিনী রোমান্দ থেকে ব্যন্তে, এবং চিন্তচমৎকারী ঘটনা ও চরিত্র স্বাচাবিকভায়
পৌছেচে। তাঁর চরিত্রস্থিও ঘটনা সংস্থাপন, (যেমন Isabella ও Zebrinoর
প্রণয় কাহিনীতে) আধুনিক যুগের উপস্থাসের মত প্রাক্তত ও স্বাভাবিক। তাঁর
চরিত্রস্থিপরবর্তী যুগের সাহিত্যে স্থায়ী স্বাক্ষর রেখে গেছে। তিনি যুগের দাবী
মানতে ধর্ম-দর্শনের অন্থ্যাসন ও নীতিবাদকে উপেক্ষা ক'রে শিল্পস্থির জন্মেই স্থাষ্টি
করেছেন। এই যুগে এটা প্রকাশ্য বিল্লোহের অন্থর্মণ বলে গণ্য ছিল। তিনি দাস্তেও
ও Tossoর মধ্যবর্তী সময়ের শ্রেষ্ঠ কবি।

এরিওন্টোর সময়ে উপর্যুপরি ক্লান্স ও স্পোনের আক্রমণে ইভানী বিধ্বন্ত, অর্থনৈতিক দিক থেকে হীনতর। সামস্তরাজগণ হয় ফ্রান্স না হয় স্পেনের ক্রীড়নক হ'রে পড়েছেন। ইতালীর এই হঃসময়ে হুইজন গল্পেক জাতীয় ঐতিহ ও স্বাজাত্যভিমানে সাধারণকে সচেতন করতে চেয়েছিলেন। তাঁলের জাতীয়তাবাদ ইতালীকে রাজনৈতিক জীবনে সচেতন ক'রে তুলেছিল। তাঁদের মধ্যে প্রধানতর Niccolo Machiavelli (১৪৬৯-১৫২৭) প্রত্যক জড়বাদী, নির্লক্ষ জড়বাদী। তাঁর Il Principece তিনি নৃতনতর ও উন্নতভর সরকারী ব্যবহার কথা লিখেছেন। ক্লোরেন্সকে তিনি ভাড়াটে সৈন্তের আক্রমণ ও মেডিসি পরিবারের হাত থেকে মৃক্ত করতে চেয়েছিলেন। আদর্শবাদকে ও নীতিবাদকে ত্যাগ ক'রে প্রত্যক্ষ জড়জগতের মৃল্যায়ন অভিজ্ঞতা ও বৃদ্ধি বারাই নির্ণয় করতে হবে, এই ছিল তাঁর মত। এই জড়বাদী উক্তি মধ্যযুগীর আদর্শবাদ ও দর্শন এবং রেনেসাঁর অধ্যাত্মবোধ থেকে সম্পূর্ণ পূথক এবং বিরোধী। এই সময়ে অবশ্র একাডেমির প্ৰভাৰও ফুরিয়ে এসে সন্তা Art for Art's sake-এর হালকা স্ষ্টতে এসে পৌছেছে। তিনি প্রথম রাজনীতি শাস্ত্রের প্রষ্টা এবং দেশের কল্যাণে যাই করা হোক তাই নৈতিক সত্য, এই ভয়াবহ তুল তথ্য তিনি প্রচার করলেও তা সেই সময়ে যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল, কারণ, জনসাধারণ তথন নীতি ও দর্শনের বাঁধন ছিড়ে অহংপূর্ণ ব্যক্তিস্বাভয়্রোর জন্ত প্রস্তুত হয়েছে এবং এই মভাবলমী

বিসমার্ক ও ট্যালিরিও পরে দেশের জন্ত সমন্ত নীতি বিসর্জন দিয়ে দেশকে গঠিত করেছিলেন। (২০৮)

এই ভাবধারাকে কেন্দ্র ক'রে **সামুষ্ট স্প্তির কেন্দ্রে** এনে দাঁড়িয়েছে এবং তার সদে এল ইতালীর জাতীয়তাবাদ। মেকিয়াভেলি লিখলেন স্নোরেন্দের ইতিহাস এবং Francesco Guiciardini (১৪৮৩-১৫৪০) তথন স্পোনে স্নোরেন্দের রাজদৃত, তিনি তথনকার ইতালীর ইতিহাস লিখলেন। আদর্শবাদ ত্যাগে এবং জড়বাদে তিনি মেকিয়াভেলি থেকেও উগ্রভর।

জড়বাদী এই হুই দিকপালের নীতিহীন জাতীয়তাবাদ ও রাজনৈতিক অসততার কুপ্রভাবের বিরুদ্ধে আর একটা স্প্রভাব এসে দেখা দিল Baldassare Castiglione (১৪৭৮-১৫২৯)-এর মধ্যে। তিনি রেনেসার ভদ্রনোকের সংজ্ঞানির্গয় করলেন; ভদ্রলোক হবেন বিষান স্থ্যভাব, তার মধ্যে থাকবে সিভলরি, রাজকীয় প্রেমের উদারতা, এবং দশের প্রিয়। তিনি বললেন, "Man is no longer seen as created in the image of God but he is encouraged to exercise the highest human qualities." (২০৯) তিনি মাহ্যকে মানবীয় গুণাবলীতে ভ্ষিত করতে চাইলেন—যে আদর্শে সার ফিলিপ সিড্নি অম্প্রাণিত হ'য়ে মানব সমাজে পূজা হ'য়ে আছেন।

এই তুই ভাবধারার মধ্যেও বছ ইতালীয় কবি ও মহিলা কবি পেটার্ক ও বেখার আদর্শে বছ কবিতা ও কাহিনীকাব্য রচনা করেন। এই শ্রেণীর কবিদের মধ্যে Michelangelo (১৪৭৫-১৫৬৪) র সনেট, Vittoria Colonna (১৪৯২-১৫২৫) এবং Gaspara Stampa (১৫২৩-৫৪)-র কবিতা পুরাতন ঐতিহ্নকে রক্ষা ক'রে চলেছিল। ব্যক্তিগত জীবনের কইলর অভিজ্ঞতা কেমন ক'রে হন্দরের স্পষ্ট করতে পারে তা তাঁদের কবিতায় স্ক্লাইভাবে রূপায়িত হ'য়ে আছে।

অক্সনিকে ডেকামেরন-এর অহক্ততি হিসাবে বছ গল্ল প্রকাশিত হয়েছিল। ঘটনাবৈচিত্রো, আক্ষিক ভাগ্যপরিবর্তন, অলৌকিক উপায়ে ধনার্জন, কামিনীকাঞ্চন লাভের কোতৃক ও কৌশলপূর্ণ বিষয় অথবা স্ত্রীজাতির প্রভাব প্রভৃতি নিয়ে বিচিত্র ও হুথপাঠ্য বছ গল্প রচিত হয়েছিল। এগুলি কেবল জনপ্রিয় গল্প হিসাবেই প্রচলিত হয়েছিল ভাই নয়, এগুলি পরবর্তীকালে এলিজাবেণ-যুগের নাট্যকারগণকে বছ কাহিনী জোগান দিয়েছে। এমনকি ১১শ শতকের শেষে করাসী নাট্যকার Moliéreও এগুলি থেকে বছ কাহিনী অবলম্বন করেছেন।

⁽२०४) He (Machiavelli) thought that a Prince would be morally justified in seeking to accomplish this by any means, whatsoever. This unabashed realism shocked his contemporaries...Machiavelli is superficial in supposing it possible to interpret human conduct without taking into account the human conscience with its ideals and scruples.—Hist. of Modern Philosophy—W. K. Wright.—p. 26.

^{(* *).} Hist. of West. Litt.—Cohen—p. 105.

এই বুসের সাহিত্যের ধারা থেকেই বেশ অফুমান করা যায় ইতালীর নাটক কোন ধারায় প্রবাহিত হয়েছিল। তখনকার যুগ মধাযুগীয় ভাবধারা থেকে বিচ্ছিন্ন, এবং সাহিত্য স্বাধীন ও স্বতন্ত্ৰ হ'বে দেখা দিয়েছে। অবশ্ৰ ইতালীয় নাটক এই যগে খব উচ্চাঙ্গের কিছু স্ষ্টি করতে পারেনি সত্য কিছু তার প্রভাবে ফ্রান্স, স্পেন ও ইংলতে নাটক ও সন্দীতের প্রভৃত উন্নতি হয়। এই নাটক সৃষ্টির প্রথম যুগে প্রাচীন সাহিত্যের প্রতি একটা গভীর আমুগত্যবশতঃ নাটকের উন্নতি ব্যাহত হয়েছিল। তথন তাঁরা আদর্শ হিসাবে কমেডির জন্ম Plautus এবং Terence এবং ট্রাছেডির জস্ত Sencea-র মৃখাপেক্ষী। এবং এ্যারিস্টটলের Poetics-এর ঘটনা সময় ও স্থানের একীকরণের আইন দার শৃঞ্জিত। এই সময়ের থিয়েটার, court theatre हिन वर्षाए कान चरत्र मर्पा करत्रकक्षन महास मर्नक्त कन অভিনীত হত, অবশ্র এই সময়ে প্রথম আলোকপাতের প্রচলন হয়। এই কোর্ট কমেডিগুলির গলাংশ মামূলী, ষমজভাই, পুরুষের ছল্মবেশে নারী, বঞ্চিত স্বামী, কুটনী, জুয়াচোর, রূপণ প্রভৃতি চরিত্র নিয়ে হাক্সরসের সৃষ্টি করা হত, বৃদ্ধি পুরাতন রোমান কমেডির তুলনায় সেগুলি অধিকতর বৈচিত্রাপূর্ণ ও সরস। এই লেখকগণ পুরাতন লাটিন আদিককে বাদ দিয়ে বোক্তাসিওর চরিত্রসৃষ্টি, বর্ণনা ও वहनारेमनौरक शहर करविहासन ।

এই নাটকগুলির মধ্যে এরিওস্টোর লেখা Il Negromante (The Necromancer), Volpone, এবং La Scolastica (The Academic Comedy) খুবই জনপ্রিয়তা লাভ করেছিল। মেকিয়াভেলির La Mandrogola (The Mandrake) অত্যন্ত পরবিশাসী এক স্বামীর চরিত্রে বিচিত্র। জনৈক স্বামী তাঁর ভ্রষ্টনীতি স্ত্রীর পরপুক্ষ গ্রহণকে সমর্থন করেছেন কেবলমাত্র এই বিশাসে বে তাঁর স্ত্রীর বন্ধ্যাত্ব দুরীকরণার্থে যে Mandrake প্রথম খাওয়ানো হয় তার কুপ্রভাষ কেটে যাবে। এই সমস্ত নাটকের যথেষ্ট প্রভাব ইংরাজ নাট্যকার Johnson-এর উপরে পড়ে এবং এই জাতীয় গরা থেকেই শেক্সপীয়র তাঁর Comedy of Errors, The Taming of the Shrew, Much Ado About Nothing নাটক রচনা করেন। অবশ্ব শেক্সপীয়রের যুগে থিয়েটার ও রক্ষক্ষের অনেক উম্নতি হয়েছিল এবং দর্শকসংখ্যাও বহুশ্রেণীর লোক থেকে এসে জড় হয়েছিল।

ইউরোপীয় সাহিত্যে ইতালীয় সাহিত্যের প্রকৃত দান তার পলীকাহিনী ও বীতিকার্যপূর্ট নাটক। ১৬শ শতকের শেষে Tasso-র Aminta, এবং Guarini-র Pastor Fido (Faithful Shepherd) ইউরোপীয় নাটকে হতন হরের আমদানী করে। তার পরে Claudio Monte Verde-র হ্বর ও গান সহযোগে নাটক অপেরার পরিণত হয়। তথন মেবপালকের গান, পলীর পটভূমিতে (Arcadian) নাটকীয় ঘটনা, নাটকীয় সংলাপ ও গানের হুরের চেয়ে বেশী আদরণীয় হ'য়ে পড়ে। ১৬শ শতকের শেষে Commidia dell' Arte নামে একটি থিয়েটার হাপিড হয় এবং পেশাদার অভিনেতাদের থিয়েটার ব্যবসা শুক্ত হ'য়ে যায়।

ইতালীর সাংস্কৃতিক প্রভাবেই ক্রান্সের নবজাগরণ এবং জার্মানীর ধর্মসংক্ষার সম্ভব হয়। ইতালী যথন ফ্রান্স ও স্পেনের যুদ্ধভূমি সেই সময়ে সৈন্তবাহিনীর সঙ্গে অনেক পণ্ডিত ব্যক্তিও ইতালীতে গিয়েছিলেন। তাঁরা ইতালীর সংস্কৃতিকে বহন ক'রে এনে তাঁলের শক্তিশালী দেশে উন্নততর ক'রে তোলেন। ইতালীর রাজনৈতিক পতনের ফলে ফ্রান্স ও স্পোন সাহিত্য জগতে নেতৃত্ব লাভ করে। ইতালীর জমি দখল ফ্রান্সের পক্ষে স্থায়ী না হলেও, এই পরিচয়ই ফ্রান্সের গোরবের মূল,—ভেনিস্ নগরের মূলাযন্ত্র ও পুন্তকব্যবসায় হন্তগত করা, মিলান অধিকার বা পোপের সঙ্গে সন্ধি হতে অধিক গোরবেময়।

মূলাযন্ত্র জার্মানীর আবিষ্কার, কিন্তু জার্মানীতে মূলণশিল্প উন্নতি লাভ করেনি। তথন হস্তাক্ষরের অফুকরণে ব্লক নির্মাণ ক'রে পুস্তক ছাপা হত।—
ভাতে ছাপার থরচ বেশী হত এবং মূল্রিত পুস্তকের দামও বেশী হত। সাধারণে
মূল্রিত পুস্তক অপেক্ষা হাতে-লেখা পুস্তকের পক্ষপাতী ছিল। এইসব কারণে
জার্মানীতে মূলণশিল্প লাভজনক ছিল না। ভেনিস শহরে Manutius নামে এক
ভল্রলোক উত্তরাধিকার স্থ্রে একটা ছাপাখানা পান, তিনিই প্রথম টাইপ অক্ষর
ব্যবহার এবং ৮পৃষ্ঠার ফর্মায় (৪০০) পুস্তক মূলণ করায় তা খুব জনপ্রিয় হয় এবং
সন্তাও হয়। তিনি ১৫১৫ খুটান্কে মারা যান এবং মূলণশিল্পের স্থবিধাটা আর
বিলানে সীমাবদ্ধ থাকে না। এর পর থেকে মূলণশিল্পের নেতৃত্ব এসে যায়
প্যারি এবং লিয়াতে এবং এই তুইটি শহরই পুস্তক ব্যবসায়ের কেন্দ্র হ'য়ে দাঁড়ায়।

পাারি ও লিয় তৈ চাপাধানা স্থাপনের সঙ্গে সঙ্গে পুরাদমে প্রাচীন সাহিত্য, नांग्नि ও গ্রীক কাব্য, নাটক গল্পগ্রহ ছাপা শুরু হয়। ঠিক এই সময়ের কাছাকাছি ক্লভিবাস বাংলায় রামায়ণ রচনা করেন এবং সংস্কৃত সাহিত্য ভাগুারকে দেশীয় ভাষায় সর্বন্ধনবোধ্য করবার প্রচেষ্টাও চলছিল। প্রসিদ্ধ কাব্যগ্রন্থ Roman de la Rose প্রভৃতি দেশীয় ভাষায় রচিত পুত্তকও মৃদ্রিত হয়। দাদশ লুই এই পুত্তক ব্যবসায়কে করমুক্ত করেন, এবং তাঁর ভগ্নী Marguerite of Navarre এই মুক্তণশিল্পকে বিশেষভাবে সাহায্য করেন। পূর্বে লেখকগণ সামস্তবাজ, জমিদার ও ধনী ব্যক্তিদের পৃষ্ঠপোষকভায় লিখতেন, (যেমন বাংলার কবিগণও কোনও না কোনও রাজার সভাকবি হিসাবে লিখবার স্থযোগ পেয়েছেন) কিন্তু সামস্তরাজ্য ভেকে বধন সাম্রাক্ষ্য প্রতিষ্ঠা হল তখন রাজা স্বয়ং সাহিত্যের পুষ্ঠপোষক হলেন। Francis I ইতালীর বৃদ্ধে ব্যাপ্ত ছিলেন এবং তিনিও ইতালীর সাহিত্যধারাকে খ্রম করতেন। মূলাবল্লের আবিষারে যেমন সাহিত্য সাধারণের কাছে সহজ্ঞলভ্য হল ডেমনি সেই সজে অহংবাদী ভোগলিপা মামুষের লোভপ্রস্ত একটা ব্যবসা-বৃদ্ধিও সাহিত্যকে ব্যবসার সামগ্রী ক'রে তুলল এবং এই ব্যবসাবৃদ্ধির ফলে পরবর্তী যুগে সাহিত্যের বনস্পতির সঙ্গে প্রভৃত স্বর্মেয়াদী আসাছাও সাধারণ মাহবের চারিত্রিক তুর্বলভাকে আত্রর ক'রে জন্মগ্রহণ করল। আত্তকের যুপেও এই भागाहात भागानर तभी हनहा धरा वावनावृद्धित कार श्रवण माहिला भाष বাসকছ। Arthur Symond তাঁর Studies in Prose and Verse প্রের ভূষিকায় বড় ছাথে বলেছেন, "The invention of printing helped to destory literature." এবং "What had once been an art for the few became a trade for many."

১৬শ শতকের প্রথমে ফ্রান্সের নবজাগরণের যুগে, তিনটি ধারা এসে মিশেছিল, —জীবনের দৃষ্টিভঙ্গির দিক থেকে মানবতা, পেটার্কের রচনাশৈলী ও আদিক এবং প্লেটোর দর্শন। কিন্তু এই সময়ে জার্মানীতে কোন সর্বজনগ্রাহ্ব ভাষা ছিল না, এবং চার্চ বা সামস্তরাজ কেউই বিশেষ প্রবল ছিল না, এই কারণে জার্মানীতে এসে পৌছল কেবলমাত্র মানবভার বাণী। এই মানবভাবাদ সঙ্গে সঙ্গে এই মানবভাবাদ সঙ্গে প্রায় ধর্মান্ত-শাসন ও বিধিনিষেধ সম্বন্ধে প্রশ্ন তুলল। Desiderius Erasmus (১৪৬৯-১৫০৬) ছাতিতে দিনেমার. প্রথম গ্রীক থেকে লাটিনে New Testament অম্বাদ क्यरनन এবং তাঁর অফুবাদই প্রামাণ্য বলে গৃহীত হ'ল এবং Vulgate-এর অমবাদের প্রতি ভার্মানগণ বিরূপ হ'য়ে উঠল। বাসনাসক্ত ছুনীভিপরায়ণ চার্চের বিক্রমে মানবতার নামে একটা বিজ্ঞাহ দেখা দিল। এই বিজ্ঞোহের নেতা Martin Luther. यनि अ धर्मनः साद्यत कर्षधात, किन्द्र वांश्लाय त्यमन तामत्माहत्तत्र যুগে ধর্ম-কলহের মধ্যেই বাংলা গভের পৃষ্টি ও বৃদ্ধি হয়েছিল তেমনি জার্মানীতে ও এই ধর্ম-বিরোধকে কেন্দ্র ক'রে জার্মান ভাষা ও সাহিত্য প্রীবৃদ্ধি লাভ করল। ধৰ্মীয় বাদাহবাদে তাঁর যুক্তি এবং তাঁর রচিত প্রার্থনাস্থীত (hymns) সাহিত্যকে সমুদ্ধ করল এবং পুষ্ট শক্তিশালী তাঁর ভাষা আগ্রয় ক'রে কাব্যসাহিত্যও গ'ড়ে উঠন। গেটের পূর্ব পর্যন্ত জার্মানভাষ। ইউরোপে অপাংক্রেয় হয়েই ছিল, ষা কিছু স্ষ্টি হয়েছে তার সবই লাটিনে, এবং প্রসিদ্ধ জার্মান গ্রন্থও প্রসিদ্ধি লাভ করেছে তার লাটিন অমুবাদে। এই রকম একথানি বাদকাব্যগ্রন্থ Sebastian Brant-এর লেখা Narrenschiff (Ship of fools) (১৪৯৪) লাটিনের মাধ্যমেই যথেষ্ট খ্যাডি-লাভ করেছিল। একথানি জাহাজে একল'টি নির্বোধ Narragoniaতে যাত্রা করে; এই একশ' ব্যক্তি তৎকালীন একশতটি সামাজিক নির্বান্ধতার প্রতীক। এর মধ্যে জার্মানক্ষলভ নিম্নশ্রেণীর হাত্মরস বা ভাড়ামি এবং মধ্যযুগীয় ঘটনা ও বৰ্ণনাভিদ্ থাকা সত্ত্বেও এটি সর্বসাধারণে খুব আদৃত হয়েছিল। মধ্যযুগীয় বছ গল ও কাহিনীও এই সময়ে জার্মানীতে প্রকাশিত হয়।

জার্মানী মৃখ্যতঃ ধর্ম-দর্শনের দেশ এবং ক্রান্স সাহিত্য ও চাক্কলার দেশ। সেই হেডুই নৃতনত্ব এই ভাবধারার প্রধান ফল জার্মানীতে হল ধর্মসংস্কার এবং ক্রান্সে হল সাহিত্য এবং কাব্যে নবজাগরণ। ১৬শ শতকের মাঝামাঝি ক্রান্সে এমন করেকটি প্রতিভাধর দেখা দিলেন বাদের স্বষ্ট ইতালীর সাহিত্যকেও মান ক'রে দিল। Jean Lemaire de Belges (১৪৭০-১৫২৪) এই যুগের প্রথম কবি, ভাষার ও ছন্দে তিনি বর্ণাচ্য এবং অলম্বার প্রয়োগে বিচিত্র। ইতালীয় কবিতার অস্পামী হলেও তাঁর ভাষাও বর্ণনারীতি করানী ভাষায় নৃতন সম্পাদ হল, এবং ভাবেও

স্কারতর হল। তাঁর গছ গ্রন্থ Illustration de Gaule et Singularitês de Troie-এ তিনি ফরাসী জাতিকে ট্রোজানদের বংশধর ব'লে বর্ণনা করলেন এবং ফ্রান্সকে দিলেন জাতীয়তাবাদে দীক্ষা। তাঁর এই গ্রন্থ ক্রান্স একটা জাতীয় সম্রম স্পষ্ট করল। এত বৈচিত্র্যে সন্ধেও তিনি মধ্যযুগীয় প্রভাবমৃক্ত হতে পারেননি। তাঁরই এই কাহিনী নিয়ে পরে Ronsard তাঁর La Franciade মহাকাব্য রচনা করেন।

এই যুগদদ্ধিকণের অক্সতম কবি Clément Marot (১৪৯৬-১৫৪৪) এই পরিবর্তনের অগ্রদৃত। তিনিই ফ্রান্সের প্রথম সনেট-লেথক-এই সনেটগুলি **এकाछ जाद जांत कोरानत अवाम, এवः जांत मर्साह कावा ७ वाकिकोरानत अधम** मिनन इश्व। त्राञ्चात উদ্দেশ্যে कातामुक्तित ज्ञा चार्तिनमञ्ज कविका (epistle), তাঁর ভৃত্যের প্রতারণা প্রভৃতি বিষয় নিয়ে তাঁর ক্ষুদ্র ক্বিতার মধ্যে তাঁর শক্তি ও রসবোধের পূর্ণপ্রকাশ হয়েছে। কোনও সম্রান্তবংশীয় মহিলার প্রতি তাঁর প্রেমকে কেন্দ্র ক'রে যে কবিতা তিনি লেখেন তা অহুভূতির গভারতায় বাদ্ময়। **তাঁর** Blason du beautétin (Blazon of the fair breast) পরবর্তী কবিগণের অফুকরণীয় হ'বে দাড়ায়। তাঁরা নারীদেহের বিভিন্ন অঞ্চ, যথা নাক, স্বর, হাঁটু, মুখ এমন কি গোপনীয় অভ সম্বন্ধেও বহু অশালীন কৰিতা লিখেছিলেন। তাঁর লিখিত ধর্মীয় কবিতা (Psalms)-গুলির মধ্যে যথেষ্ট মৌলিকতা থাকলেও তা অনেকটা প্রোটেন্টানগন্ধী হওয়ায় তাঁকে নির্বাসিত হতে হয়। এই কারণেই তিনি কারাক্তম হয়েছেন এবং নাভারের রাজভগ্নী Marguerite-এর কুপায় মুক্তিও পেয়েছেন। এই মহিলা বোকাদিওর অমুকরণে তাঁর Heptameron লিখেছিলেন। মেরট পরে ক্যালভিন গোষ্ঠীর সহযোগী 'হওয়ায় নির্বাসিত হন, ক্ষমাপ্রাপ্তির আশায় অনেক কবিতাও লিখেছিলেন কিন্তু ক্ষমা আর পাননি এবং তুরিনে শেষ নি:খাস ত্যাগ কবেন।

এইরপ আর একটি অভাগ্য লেখক François Rebelais (১৪৮৩-১৫৫৩)
ধর্মকলহের মধ্যে জড়িত হ'য়ে জীবনে অশেষ হৃঃথকট পেয়েছেন। ফ্রান্সের
নবযুগের সভ্যকার অগ্রন্ত এবং আধুনিক যুগের প্রবর্তক। শিক্ষায় ও কার্ষে
নানবভাবাদী, বাস্তব যুক্তিবাদী, ধর্মীয় অফুশাসন ও ধর্মশাস্ত্র তাঁর কাছে অর্থহীন।
জীবনে কারও আহুগভ্য তিনি স্বীকার করেননি, কাউকে শ্রুমার সন্দে উল্লেখ
করেননি, কেবলমাত্র Erusmus ব্যতীত। এঁরই যুক্তিবাদ ও বাস্তবাস্থরাগ থেকেই
আধুনিক যুগের বাস্তববাদের স্টি। ধর্মীয় শিক্ষা, আধ্যাত্মিক শিক্ষা এবং নীতিবাদের
অফ্রশাসন থেকে মান্তবের জীবনকে ছিনিয়ে এনে বর্তমান ভোগগত জৈবজীবন ও
ব্যক্তিবাভয়্রে আত্মকেন্দ্রিক জীবনকে পৃথিবীর মুক্ত অন্ধনে ছেড়ে দিয়েছেন।
তাঁরই শক্তিশালী ভাষা ও নিরন্থশ বাস্তববাদ আত্মকের জড়বাদী মনকে স্টি
করেছে। রেবেলাস্ রহস্ত ও বিরোধ স্টিতে নিপুশ—অসভ্যকেও ভাষার যাত্তে
সভা বলে প্রভীয়মান ক'রে তুলতে পারভেন। তিনি ভার Gargantua-র পঞ্চম

অধ্যায়ে বদ ও বোতলের বহিষা কীর্তন করেছেন। প্রীয়ান সাধুসন্তদের মাতাল, তুর্নীতিপরায়ণ এবং সাধু প্রতারক বলে ব্যক্ত করেছেন, আবার তাঁরই একটি চরিজ এমনি সন্মাসী Brother John—তিনি একদিকে জাতীয় রাজতয়ের প্রচারক এবং অক্সরাজ্য আক্রমণবিরোধী। তাঁর Pentangruel এবং Gargantua-তে সমালোচনা ও ব্যক্তের স্বাধীনতা, সাহিত্য ও কল্পনার স্বাধীনতাকে দৃঢ়ভাবে সমর্থন করেছেন। মানবতাবাদে বিশাসী লেখক সর্বত্র পুরাতন ধর্মীয় শিক্ষাকে নিচুর বাল করেছেন, মধ্যযুগীয় সিভালরি-কাহিনীকে ঠাট্টা করেছেন এবং পরে কারছেনটিস্-এর জন কুইকজোটে এই ঠাট্টাই মর্মান্তিক সত্য হ'য়ে, স্বরণীয় সাহিত্যরূপে ফুটে উঠেছে। তাঁর Humanist Education-এর শেষ পর্বায়ে তিনি নারীপুরুবের একটা কল্পনারাজ্য (Utopian Scheme) চেয়েছেন, যেখানে সকলের জীবননীতি হবে "Do as you will." এমন কি বিখ্যাত নাবিক Jacques Cartier-এর সমুত্রযাত্রার কাহিনীগুলিকেই তিনি বাল করেছেন,—কারণ সেগুলি গ্রীক লেখক Lucian-এর The True History-র অক্সরণ।

রেবেলাস ভাষার যাত্ত্বর, জেমস্ জয়েসের মত তিনি ভাষার কারিগর এবং ক্রুত পটপরির্জনের সঙ্গে ভাষাকে মানিয়ে নিতে ওস্তাদ। তাঁর ভাষার প্রভাব সমস্ত ফরাসী সাহিত্যে স্কুলাই, ভাষাকে আশ্রেয় ক'রে তাঁর ভাষারা প্র মতবাদের প্রভাবও লক্ষণীয়। জীবনে তিনি মেরতের মত বঞ্চিত। তিনি প্রটেস্টান্ট মতবাদী ছিলেন বলা যায় না, তবে তাদের প্রতি ক্যাথলিকদের নিগ্রহ তাঁর মানবতাকে উদ্বুদ্ধ করেছিল ব'লে হয়ত তিনি তাদের প্রতি সহায়ভূতিসম্পর ছিলেন এবং তথনকার ব্যসন-ত্নীতি-ক্রেদান্জ চার্চকে নির্মন্ডাবে সমালোচনা করেছেন। তাঁর প্রভাব ক্রান্সকে ধর্মীয় শিক্ষা থেকে বঞ্চিত ক'রে ব্যক্তিবাদের অহমিকায় এই ক'রে দিয়েছিল, যদিও সেই যুগে সেই ব্যক্তিয়াধীনতার বালীকে সকলে জয়ধবনি দিয়ে বরণ ক'রে নিয়েছিল; কিছু আছে জগতের ইতিহাস তার মন্ত্রকর ভবিশ্বতের সাক্ষ্য দেয় না।

ষ্ঠার একজন যুক্তিবাদী, এবং নান্তিক তথা নিরীশ্বরাদী (Hedonist)
Bonaventure de Périers (১৫১০-৪৪) বার বার Queen of Navarre-র
করণায় নিষ্ঠুর শান্তি থেকে বেঁচে গেছেন। তিনি প্রটেন্টান্টদের বাইবেল
মহ্বাদকদের অন্ততম এবং প্রেটোর Lysis-এর অন্তবাদক। কতকগুলি পৌরাশিক
সংলাপের মাধ্যমে তিনি খ্রীষ্টান Revelation-এর প্রতি ব্যক্ষ কটাক্ষ করেছেন তাঁর
Cymbalum Mundi-তে। তাঁর ছোটগল্প সংকলন Nouvelles récréations
et Joyeux devis স্বচত্র ভাষা ও ঘটনা বিস্থানের পরিচয়। কবিতায় তিনি
ম্বেন্তের অন্ত্রামী।

করাসী গভসাহিত্যের অন্ততম দিকপাল Michel de Montaigne (১৫৩৫-৯২) এবং তাঁর সমসাময়িক E'tienne de la Boétic (১৫৩০-৬৬) উভয়েই গভসাহিত্যের প্রভৃত উন্নতি সাধন করেন। এঁরাও যুক্তিবাদী, মানবতাবাদী

धवर नित्रीयत्रवाती। Montaigne चारेनचीवी हिल्लन, जिनि जांत्र नित्वत्र चीवत्नत्र শিকা ও অভিজ্ঞতাকে প্রবন্ধাকারে লিখেছেন এবং এই লিখন-রীতিও তাঁর নিজম। তার বন্ধ Boétic-এর মৃত্যু তার জীবনে গভীর আঘাত করায় তার মনে গ্রীক क्षांहेकरमत यजह श्रम जारा, यासूय की क'रत मचारनत मरक कीवन धातन कतरक পারে ? তথন ইউরোপে ব্যক্তিস্বাতন্ত্র্যের যুগ এসে গেছে, তাই সেনেকার মত ভিনিও মনে করেন, "Man must cultivate will and reason". তথন কোপারনিকাদের আবিভার হয়েছে, প্লিনি বলেছেন মামুষ মূলত: পশুই। তাঁর প্রশ্ন, মানুষ কী জানে ? এক যুগে এক দেশে যা সত্য ব'লে স্বীকৃত, অক্ত দেশে তা মিখ্যা,—অতএব সবই আপেক্ষিক সত্য, স্থতরাং মাসুষ যুক্তি ও বুদ্ধির ঘারা সত্যকে জানতে পারে না,—তাঁর Apology-তে এই কথাই তিনি বলেছেন। তিনি নিজেকে জানতে চেয়েছেন, নানা দেশ ভ্রমণ ক'রে, তুলনামূলকভাবে নিরীক্ষা করেছেন নিজেকে, এবং তাঁর সুলক্থা Moderation। তাই তিনি সতা থেকে क्रमद्भारक दिनी जानदित्रहिन, युक्ति ও दिश्वान छे जयदि प्रशामा निरम्भहिन। छात्र নিজম্ব কোন জীবনদর্শন তিনি প্রচার করেননি—যা দেখেছেন, যা শিথেছেন তাই লিখেছেন এবং তার মধ্যে ফুটে উঠেছে সভ্য জগতের একটি মামুষের ছবি, একটি ব্যক্তির ছবি এবং এই ছবিই পরবর্তী করেক শতান্দী ধ'রে ফরাদীদের আদর্শ ব্যক্তি হয়েছিল। এই ব্যক্তিত্বের মধ্যে অহং নেই, ধর্ম কর্তব্যমাত্র, জীবনের শিক্ষায় মহৎ, উদার তার আকর্ষণ তার স্বাভাবিকতা। তাঁর সরল ও স্বাভাবিক রচনাভঙ্গি ফরাসী পাঠককে মুগ্ধ করেছিল। রেবেলাদের ভাষা ছিল ক্লব্রিম এবং স্পর্ধিত, কিন্তু তাঁর ভাষার স্বাভাবিক গতি ও ভাবের সরলতা মাহুষের মনকে তব্দ্রাচ্ছন্ন ক'রে দেয়।

এই মুগে গছাসাহিত্য প্রভৃত উন্নতি করলেও এ মুগ প্রকৃতপক্ষে কবিতার মুগ। লিম্ন কবিগণ ইতালীয় কবিতার অফুকারী। Maurice Scéve (১৫০০-৬০) পেটার্কের প্রবল ভক্ত। তাঁর মত তিনিও পাওয়ার অতীত প্রেমিকার উদ্দেশ্তে কবিতা রচনা করেন। বাস্তবে এই প্রণম্বিনী ছিলেন মহিলা কবি Pernette du Guillet, এবং ভাবের দিক থেকে তা প্লেটোর আইভিয়ার মত এক দার্শনিক রহস্ত। দশ লাইনের সনেটে তাঁর ৪৪০টি কবিতায় তিনি অতীক্রিয় জগতের ভাবধারার বিভিন্ন স্তরের কথা বর্ণনা করেছেন—প্রণম্বিনী Diana, Hecate ও Selene প্রভৃতি নামে ব্যক্ত হয়েছে। কবির ব্যক্তিগত জীবনের চিন্তা-ভাবনা, কর্বা-ছৃংখ, সততা, প্রেমের স্বৃতি একই সঙ্গে স্থান পেয়েছে এই গীতি-কবিতায়—যাকে বলা যায় ক্রির জীবন-সমীক্ষা। তাঁর অক্তম্ম কবিতা পুন্তক Microcosme দার্শনিক ভাবসমুদ্ধ কবিতা, মানবাত্মার অগ্রগতির বিভিন্ন স্তরের একটা দার্শনিক ভাবধারা।

প্রণয়িনী Pernette du Guilletও তাঁর প্রণয়ীর মত হালক। তুঃখবাদী গীতি-কবিতার কবি! অন্ততমা কবি Louise Labé (১৫২৪-৬৫) তাঁর ব্যক্তিগত জীবনের বিফল প্রেমের বেদনাকেই কবিতার কেন্দ্র করেছেন। তিনি এক সম্লাম্ভ বয়র্ক লিয় বাদীকে বিবাহ করেন, কিছু ব্যক্তিগত জীবনে তিনি উচ্ছুখন যৌন প্রেমের অন্ত তিরস্থাত হন, এবং সেজফ কিছুমাত্র লক্ষিত রা শবিত না হয়ে তাঁর এই বৌনপ্রেমকে কবিতায় স্বীকৃতি দিয়েছেন। তাঁর মধ্যে উচ্চতর কোন ভার্ধারা নেই, তথাপি তাঁর সনেটগুলি স্বীকৃতি পেয়েছিল।

वाबगां खित्र व्यक्षिवामी कवि Pontus de Tyard (১६२১-১৬-७)-त्क वना চয় লিয় ও প্যারির বোগস্তা। কথিত আছে, তিনি তাঁর Erreurs Amoureuses ন্ত্ৰীকবি Louise-এর উদ্দেশ্তে লেখেন। তিনি প্রথমে Scéve-এর বন্ধ এবং পেটার্ক-এর সনেটের অহবাগী ছিলেন এবং পরে Ronsard-এর অহবাগী হন। Tvard निशंत ভावशात्रारक भातिरा निरंश शान । भातिरा कावा-कारा व के নত্ন ভাবধারা বাঁদের স্ষ্টতে পুষ্ট ও প্রখ্যাত হল তাঁরা হলেন Jean Dorat. Pierre Ronsard (1428-64), 313 35 Jean-Antoine de Baif (১৫৩২-৮৯) এবং Joachim du Bellay (১৫২২-৬০)। তারা সকলেই প্রেটো পেটার্ক, ভার্দ্ধিল ও হোরেদের ভক্ত। তাঁরা নতুন কবিতা লেখার পূর্বে একটা প্রচারপত্ত প্রকাশ করেছিলেন (Deffence et illustration de la langue françoise) বে. প্রাচীন ভাষার অমুকরণে দেশীয় ভাষা ফরাসী এখন প্রাচীন ভাষার সমপ্রায়ভুক্ত হ্বার উপ্যোগী হয়েছে। তাঁদের এই আদর্শ নতুন নয় তবে তাঁদের স্ট কবিতা নতুন। Scéve এবং Morat-এর ব্যক্তিগত অমুভূতির প্রকাশ Labé-র মত তালেরও জনম জয় করল এবং তাঁরা পেটার্ক-এর ভাবধারা থেকে ধীরে ধীরে সরে গিয়ে নতুন পথ ধরলেন। Ronsard-এর প্রথম কবিতা-পুস্তক Amours, Cassandre-त প্রতি লেখা প্রেম-ক্বিতা, সংক্ষিপ্ত, অন্দর করনার স্থাবিলাস ও অমুভূতির গভীরতায় হাদ্যজয়ী। Bellay-র XIII Sonnets à honneste amour তাঁর বার্ধপ্রেমের গভীর অমুভূতির অনবত প্রকাশ। Ronsard প্রাচীন সাহিত্যের অমুকরণে ওড় জাতীয় কবিতাও লিখেছিলেন কিছ তাঁর বাজিদভার প্রকাশ হয়েছে প্রেম কবিতায়। বিরাট রোমের ধ্বংসভুপ, ভার অধিবাদিগণের পতন ও ছুনীতি তাঁকে ব্যথিত করেছিল। তারই অভিব্যক্তি তাঁর Les Antiquitez de Rome ও Les Regrets। তার যৌবন কেটেছিল Loire-এর পল্লীপ্রকৃতির মধ্যে, সেই ছিল তাঁর স্বপ্ন এবং তারই স্বপ্ন তাঁর কবিতাকে শক্তিশালী करतरह। Ronsard वर् वर् शास हाकूती करतरहर थवः वर वर वर वर वर वर्ष वर्ष वर्ष निया कावा बहुना करबरहन. La Francide-এ छिनि कवानी छाछिरक छैरबन वरमध्य व'तम वर्गना क'त्र अभिक्कावा प्रकृता कत्त्रह्म कि छात्र अहे छेका छिनाबी কবিতা ও কাব্য সফল হয়নি। তাঁর ব্যক্তিগত জীবনালিত প্রেম-কবিতাই সার্থক ও স্বরণীর হ'রে আছে। এই-তুই কবিই ফরাসী ভাষার ফরাসী কবিতাকে প্রতিষ্ঠা দান করেন। তাঁদের পূর্ববর্তী কবিগণ ভাষার জটিলতা নিয়ে কাল করেছেন, এঁরা করলেন যনের জটিলভা নিয়ে।

আশ্চর্ণ মিল এই বে, যে যুগে ইতালীর এই গীতি-কবিডা থেকে জাব্দে গীতি-কবিডা ধীরে ধীরে প্রতিষ্ঠা লাভ করছিল ঠিক সেই যুগেই বাংলার পদ্ধীতে বৈষ্ণৰ পদাবলীর গীতি-কবিতাও আপনার ঐশর্য নিয়ে আত্মপ্রশান করেছিল। পার্থকা শুধু এই যে ইউরোপে কবিতা ব্যক্তিদ্ধীবনকে আশ্রম ক'রে গীতিম্থর ও ভাবামুভূতিপুট হয়েছিল এবং বাংলায় হয়েছিল পরমাত্মা প্রেমের সার্বজনীন ও শাশ্বত প্রেমকে কেন্দ্র ক'রে—এথানে ব্যক্তিপ্রেম বিশ্বজাগতিক প্রেমে পর্যবিগত হয়েছিল। ধর্মাশ্রিত ভারতে ব্যক্তিপ্রেম ভগবংপ্রেমে আত্মপ্রকাশ করেছিল।

রেনেসার মৃগের করাসী নাটকও ইতালীর প্রদর্শিত পথে এগিয়েছিল।
পুরাতন লৌকিক ধারা থেকে বিচ্ছিন্ন হ'য়ে প্রাচীন সাহিত্যকে আশ্রম ক'রেই নাটক
আত্মপ্রকাশ করল। ক্লাসিক আদর্শে রচিত এই নাটকগুলি গ্রীক্ষণ্ড লাটিনের
অক্সকৃতি এবং পরিষ্ণীয় নাটক (court drama)। রাজপরিবার এবং পারিষ্ণগণই
এর শ্রোতা, কথন কথনও বিশ্ববিষ্ণালয়গুলিতেও অভিনয় হত। বর্তমান অর্থে
এগুলিকে থিয়েটার বলা চলে না। Lazare de Baif সফোক্লিসের Electra-র
একটা লাটিন অন্থবাদ এবং বাইবেলের ঘটনা নিয়ে Japtha বঁর্দোর বিশ্ববিদ্যালয়ে
অভিনীত হয় (১৫৬৭)। মধায়ুরে ক্রান্সে বা স্পোনে যে ব্যঙ্গ নাটিকা প্রভৃতির
অভিনয় হত, ক্রান্স তা গ্রহণ না ক'রে নাটক রচনায় গ্রীকপন্থী ও Academic
হ'য়ে উঠল। এই ধর্ম-কলহের যুরে Francis I ধর্মাদর্শ নিয়ে ব্যঙ্গনাটক অভিনয়
নিষিদ্ধ করেন এবং তার ফলে তথনকার লাম্যমাণ থিয়েটারের দলগুলি ব্যবসা
ছেড়ে দিতে বাধ্য হয়। অবশ্র এদের নাটক চাকরবাকরদের জন্মই অভিনীত হত,
এমনি একটা উন্নাসিকতা তথন শিক্ষিত সমাজে দেখা দিয়েছিল।

ইতোষধ্যে প্রোটেন্টান্টগণ কিছু ধর্মীয় নাটক রচনা করেছিলেন। এগুলি বিস্ট্রি প্রে ও পরবর্তী ধর্মনুকক নাটক ষথা Corneille-র Polyeucte-এর মধ্যবর্তী। প্রোটেন্টান্টদের প্রচারক এবং ক্যালভিনের জীবনীকার Théodore de Béze (১৫১৯—১৬০৫) বাইবেলের ঘটনাবলম্বনে Abraham Sacrifiant নামক বে ট্রাজেডি লেখেন তা মধ্যযুগীয় নাটকের অন্থগামী হলেও নৃতন্যুগের পথপ্রদর্শক।

প্রথম ফরাসী নাট্যকার E'tienne Jodelle (১৫৩২-৭৩)-ই প্রথম ফরাসী ট্রাজেডি-লেথক। তিনি সেনেকার অন্তকরণে তাঁর পঞ্চমার, কোরাসগান-সমন্বিত Cleopetra Captive লেখেন। এই থেকেই পঞ্চার নাটকের সৃষ্টি। তিনিও শেকস্পীয়রের মত প্র্টার্ক থেকেই গল্লাংশ গ্রহণ করেছেন। তাঁর নাটক এাণ্টনির মরণোত্তর কালের ঘটনা, কম্বী রাণীর ভাগ্য নিয়ে চার অন্ধ চলেছে, চতুর্থ ও পঞ্চমান্কের মাঝে নেপথ্যে রাণীর আত্মহত্যার ঘটনা সন্ধিবেশিত হরেছে।

Robert Garnier (১৫৪৫-৯০) বাইবেলের আখ্যান নিয়ে একখানি এবং রোমান টাজেডি নিয়ে ছ'বানি নাটক লেখেন। তিনি আইন-ব্যবসায়ী ছিলেন, সম্বতঃ সেইজন্তই তাঁর নাটকে নাটকীয় ঘটনার চেয়ে যুক্তিই প্রাধান্ত পেয়েছে। তথ্য ক্ষেডি জনপ্রিয় ছিল না, শিক্ষিত লোক টাজেডি বা ট্যাজি-ক্ষেডির পক্ষপাতী ছিলেন। অতএব ইতালীয় নাট্যকার Plautus, Terence ও Ariosto-র অম্বাদ আরম্ভ হল। প্রথম মৌলিক রচনা Jodelle-র Eugéne প্রাচীন কমেডির মধ্যযুগীর প্রহদনের একটি সমন্বয়।

Pierre Larivey (১৫৪০—১৬১৯) নামে এক ইতালীয়ান ফরাসী ভাষার ইতালীয় নাটক অবলম্বনে কতকগুলি নাটক লেখেন, সেগুলি অনেকটা অভিনয়ের উপযোগী হয়।

তথন সাধারণ প্রেক্ষাগৃহ বলতে প্যারিতে Hotel de Bourgogne মাজ ছিল—এইথানেই পূর্বে মিস্ট্রি নাটক অভিনয় হত। এই থিয়েটারটি ইতালীর, ইংলণ্ডের বা দেশীয় আমামাণ প্রহসন অভিনেতাদের অভিনয়ের জন্ত ছেড়ে দেওয়া হত। ১৭শ শতকের প্রথমে একটা নাট্যসংস্থা স্পষ্ট হল এবং ১৬২৯ সালে তারা রাজাদেশে একটা একচেটিয়া অধিকার লাভ করল। তারা একজন কবিকে মাহিনা ক'রে নাটক রচনায় নিযুক্ত করল। এই পেশাদার নাট্যকার Alexandre Hardy (১৫৭০—১৬৩২) রোমান্টিক মেলোড়ামা লিখতে শুক্ত করলেন। তিনি নিবিচারে স্প্যানিশ, ইতালীয় নাটক ও গ্রীক, রোমান ইতিহাস থেকে ঘটনা নিয়ে জনসাধারণের চাহিদামত অনেক নাটক লিখলেন, তার সাহিত্যমূল্য বিশেষ কিছু নেই কিছু তিনিই প্রথম কোরালের নৃতনভাবে ব্যবহার ক'রে তার প্রয়োজনীয়তাকে অনেকটা থর্ব ক'রে দিলেন।

এই সময়ে প্রচুর কবিতাও লেখা হয়েছিল এবং বৃহদাকার কাব্য সৃষ্টিরও প্রচেটা দেখা দিয়েছিল। Guillaume du Bartas (১৫৪৪-৯০)-এর Semaines এবং Agrippa D' Aubigne (১৫৫১—১৬৬০)-এর লেখা Les Tagiques ত্ইখানি স্ববৃহৎ কাব্যগ্রন্থ, কিন্তু তাঁরা জনপ্রিয়তা লাভ করতে পারেননি। তখন ফাল মধ্যযুগ থেকে বর্তমান যুগে পা দিয়েছে, স্বাধীন চিন্তাধারা দেখা দিয়েছে— সেই যুগে মধ্যযুগীয় ধারাকে তাঁরা পুনঃপ্রবর্তন করতে গিয়ে ব্যর্থ হয়েছেন। D' Aubigne Ronsard-এর অন্তকরণে কিছু সনেট এবং প্রোটেন্টান্ট ধর্মের ইতিহাস রূপে Historié Universelle লেখেন। ১৬শ ও ১৭শ শতকে ক্যাথলিক ওপ্রোটেন্টান্ট উভয় ধর্মাবলম্বী লেখকগণই যথেষ্ট কাব্যসাহিত্য স্কট করেন তবে তা আদরণীয় হয়নি। Philleppe Desportes (১৫৪৬—১৬০৬) সনেটে কিছু হালকা সৌন্দর্ব স্কৃষ্টির প্রচেটা করেন। Jean de Sponde (১৫৫৭-৯৫)-র মৃত্যুর উপরে কতকগুলি কবিতা এবং ধর্মীয় কবিতা Meditations Sur les Pseaulmes কিছুটা জনপ্রিয়তা অর্জন করে। Jean de la Ceppéde (১৫৫০-১৬২২) তিন শতাধিক সনেট লিখেছেন তবে বাইবেলের বিভিন্ন ঘটনা নিয়ে তিনি প্রতীক্তাশম্ব্য যে কবিতাগুলি লিখেছেন তবে বাইবেলের বিভিন্ন ঘটনা নিয়ে তিনি প্রতীক্তাশম্ব্য যে কবিতাগুলি লিখেছেন সেগুলি ভারগন্তীর ও স্ক্রের।

এই সময়ে স্বাধীন চিস্তা ও ব্যক্তমেবের পক্ষণাতী কয়েকজন কবি কিছু নৃতনত্ব এনেছিলেন এবং তথনকার পিউরিটান ভাবধারার বিক্তমে বোহিমিয়ান জীবনধারাকে প্রবাস করেছিলেন। এ দের মধ্যে Mathurin Régnier (১৫৭৩-১৬১৩) ও Seigneur de Saint Amant (১৫৯৪-১৬৬১) তাঁদের ব্যক্কবিতা ও বোহিমিয়ান ফ্রের জন্ম সভন্ন হ'রে আছেন।

ইতালীর এই নবযুগের সাহিত্যধারা ফ্রান্সের ভিতর দিয়ে ধীরে ধীরে শেপুনে গিয়ে পৌছল। এই সাহিত্যধারা ফ্রান্সে মধ্যযুগীয় সংস্কৃতি ও ঐতিক্ষে ধ্বংস করেছিল কিন্তু স্পোনে এসে মধ্যযুগীয় ভাবধারার সন্দে মিশে গেল। ফ্রান্সের সামাজ্য যখন একই রাজার অধীন তথন রাজদূতগণ দেশবিদেশে যেতেন এবং সে দেশের সাহিত্য ও চলতি ফ্যাশানে মৃশ্ধ হ'য়ে তা নিজের দেশে চালু করতে চাইতেন। সেই জ্যুই তাঁরা চেয়েছিলেন, ফরাসী কবিতা ইতালীয় কবিতার অম্বর্কণ হোক এবং তারই ফলে মধ্যযুগের ভাবধারা নষ্ট হ'য়ে যায়। কিন্তু স্পোনে তথন ফার্ডিনাও ও ইসাবেলার রাজয়, সেথানে জাতীয় মর্যাদা ক্ষুত্র হয়ন এবং তারা সরাসরি অম্বরণও করেনি। বিশেষতঃ স্পোনে তথন পূর্ণ ক্যাথালক রাজস্ব, তারা নৃতন মুগের এই মানবতার বাণীকে গ্রহণ করেনি, পেটার্কের কাব্যরীতিকে স্থর-সংস্কৃতি ও স্থানীয় Andalusian কৃষ্টির সঙ্গে মিশ্রণ ক'রে গ্রহণ করেছে। নবজাগরণের মুগে পুরাতন রোমাজ পলীগাথা ও চারণ কাছিনী লেখা বন্ধ হলেও তার স্থর কন্তুধারার মত ১৭শ শতক পর্যন্ত চলতে থাকে।

এই নৃতন যুগের প্রথম বিশায় খ্রীষ্টধর্মাবলমী ইছদী Fernando De Rojas (১৪৬৫-১৫৪১)-এর La Celestina. ১৪ অছের এই নাটক নৃতন ও পুরাতন যুগের সন্ধিত্ত । এটি অভিনয়ের জন্ম লেখা হয়নি, পড়বার জন্মে লেখা হয়েছিল। এটি রেবেলাসের Gargantua-র মত নভেল-নাটক মিখ্রণে এক নতুন স্ঞ কিন্তু পুরাতনকে একেবারে ত্যাগ করেনি। নায়ক নায়িকা প্রেমিকযুগল Calisto এবং Melibea, इट्टी शार्थिव नजनाजी-धारमज देखवादगदक दक्क क'रत अन्न हति ख श्री ধীরে ধীরে নাটকে আশ্রয় নিয়েছে। এই নাটকের প্রধান বৈশিষ্ট্য এর চরিত্র ঘটনা रुष्टि करत्रहा, घर्षेनाथात्रा हति ब रुष्टि करत्रनि এवः मास्त्रत्र वर्श-नत्रक्थ रुष्टि करत्रनि । মেলিবিয়া তার সবুজ চোথ রক্তাধর ও অপূর্ব সৌন্দর্য নিয়ে পৃথিবীর নারী, তার প্রণন্নী ক্যানিকো উচ্চমন মধুবাক্ হঠকারী। প্রণন্ধিনীর অভিসারে যাওয়ার সময়ে নিহত হয় এবং সেই নিরাশা-অধীর প্রণয়িনী আত্মহত্যা করে। বে-দৃতী Celestina তাদের মিলন ঘটিয়েছিল সে উন্নাদ হ'য়ে ক্যালিস্টোর দেওয়া অর্থ নিয়ে ঝগড়া ক'রে নিহত হয় এবং অক্স সকলে পুলিসে গ্রেপ্তার হয়। সেনেকার ট্যাজিভির মত স্টেজে चात्र (क्षे चविनेहें बारक ना। वहें बुर्ल व नांहें के बुशास्त्र को है देश (एवं) पिरहिन, তার প্রধান হেতু এর চরিত্রগুলি খাভাবিক অতি নিকট-পরিচিত পৃথিবীর এবং ভারাই চরিত্র-বৈশিষ্ট্যে ঘটনা স্ষ্টি ক'রে আপন ভাগ্য ভৈরী করেছে। ঘটনার বান্তবতা ও লাটন দেশীয় ভাষার মিশ্রণের উচ্ছলতা সাহিত্যে একে স্থায়ী স্থাসন দিয়েছে। কিছ লেখক জগতের কুংসিত দিকটাই দেখেছিলেন, তাই তাঁর সৃষ্টি इ:थवानी, **फिनि जाना करतिहालन माञ्च क्वतन महस्र ना**छ क'रतहे निकृषि পেডে পারে। এই নৃতন পটভূমি আধুনিক যুগের নভেলের স্রষ্টা। ব্যালভাক ও ভিকেলের

পূর্বে এমন বাস্তব, স্থষ্ঠ ও স্বাভাবিক, দৃঢ় ও স্থাঠিত চরিত্র কেউ স্থষ্ট করছে পারেননি।

পরবর্তী মানবতাবাদী সাহিত্য অনেকটা পরীক্ষামূলক। Juan Luis Vives (১৪৯২—১৫৪০), Erasmus এবং Thomas Moore-এর বন্ধু, অক্সফোর্ড Corpus Christi-র সভ্য, ৮ম হেনরীর বিবাহ বিচ্ছেদের পরে ইংলও থেকে দেশে ফিরে আসতে বাধ্য হন। তিনি লাটিনে শ্রীশিক্ষা সম্বন্ধে যে নিবন্ধ লেখেন তা বহুপঠিত। তাঁর City of God পোপের অন্থমোদন লাভ করে। Juan De Valdes (১৪৯০—১৫৪১) কিছু অন্থবাদ করেন এবং তাঁর দেশীয় ভাষার পক্ষেলিখিত Dialogo de la Lengua-য় লাটিন ব্যবহারের নিন্দা করেন।

১৬শ শতকের মাঝামাঝি সময়ে Cristòbal de Villalòn-এর লেখা The Timbrel (El Cròtalon) এবং The Turkey Voyage (Viaje de Turquia) লা সেলে শিলা ও জন কুইকজোটের মধ্যবর্জী সময়ে লেখা উল্লেখযোগ্য গ্রন্থ। এক মোরাগ ও এক মুচির মধ্যে কথোপকখন রূপে আরম্ভ হ'রে—লেখক এক দার্শনিক প্রকল্পে গোঁছেছেন। তাঁর এই দার্শনিক তথ্য গ্রীক লুসিয়ান ও ইতালীয় এ্যারিওস্টোর দ্বারা প্রভাবিত; এবং ব্যক্তলের সমৃদ্ধ, অভিযানমূলক ধর্মান্ধতাবিরোধী রচনা। এই প্রকল্পে তিনি স্বর্গে ভগবান সকাশে এবং নীচে পৃথিবীর কেন্দ্রে পোঁছে তাঁর দার্শনিক তথ্য ব্যাখ্যা করেছেন। তাঁর তুর্কীজ্মণ কাহিনীতে কনস্টান্টিনোপলের-দৈনন্দিন জীবনের স্থন্মর পরিচয় রয়ে গেছে। এই ব্যক্তল্পেবপূর্ণ অভিযান কাহিনীটি রেবেলাসের সমসাময়িক। এই তুইটি গ্রন্থেরই ভাষ। মনোরম ও স্থন্মর, লেখকের কল্পনাচাতুর্য্য ও তাঁর শক্তির স্থাক্ষর—হয়ত এই গ্রন্থ জন কুইকজোটের পথিকৎ।

যাহোক্, স্পেনের স্বর্গ্য ভার গছ সাহিত্য থেকে আরম্ভ হয়নি, আরম্ভ হয়েছে কবিতা ও পছ সাহিত্য থেকে। ১৫৪০ সালে তৃইজন মৃত কবির একটি সংকলন প্রকাশিত হয়—ভাঁরা Juan Boscan (১৪৯০-১৫৪২) এবং Garcilaso de la Vega (১৫০৬-৬৬)। করাসী কবি Ronsard-এর Amours প্রকাশের নয় বংসর পূর্বেই এই কাব্যগ্রন্থে দেখা যায়, ইভালীয় লিখনশৈলী স্প্যানিশ ভাষায় অভি স্পার ও স্বষ্ঠভাবে গৃহীত হয়েছে। Boscan শহরের এক ভক্রলোক। মাজিদে অবস্থিত ভেনিসের রাজদুতের আদেশে ইভালীয় ধারায় কবিতা লেখেন কিন্তু কবিতা লেখার মত ভাবাবেগ তাঁর ছিল না। তিনি বয়ং গছলেখক কিন্তু Garcilaso তাঁর তেজিশ বংসবের জীবনের শেষ তিন বংসবের স্টিতে স্পেনের স্বর্গ্য্গের স্টে ক'রে গিয়েছেন। তাঁর জীবন তৃঃখময়, প্রণয়ে এবং জীবনে অস্থী। তার ফিলিপ সিভ্নির মত মহৎ যোঁজা, চমৎকার ভক্রলোক,—ভিনি Dona Isabel Freire নামে জনৈক পর্তুগীজ মহিলাকে ভালবেসেছিলেন, কিন্তু জীবনের এই প্রেমের জন্তু তিনি তৃইবার আঘাত পান, একবার মহিলার অক্তর বিবাহে, বিতীয়বার সন্তানপ্রসাবে তার মৃত্যুতে। জনৈক বনুর প্রণয় ব্যাপারের সঙ্গে হঠকারিতার

জন্ম জড়িয়ে পড়ে নিৰ্বাসিত হন এবং নেপ্লস্-এ কিছুকাল বাস করার পর সামান্ত এক যুদ্ধে যোগদান ক'রে নিহত হন। এই তাঁর ৩৩ বৎসরের জীবন। শেষ ভিনবংসরে তাঁর লেখা পূর্ণতা লাভ করে, পেটার্কের রচনাশৈলীর সঙ্গে ভার্ত্তিল হোরেদের ভাবগম্ভীরতা একদকে মিশে তাঁর ভাষাকে ব্যঞ্জনাময় ক'রে দিয়েছিল। তাঁর ভাষার কাঞ্চকার্য ও স্থাম ব্যঞ্জনাবৃত্তি তাঁর ভাষাকে প্রাচীন রোম, ফ্লোরেন্স ও নেপ্লস্-এর পরিশ্রুত ভাষার সমকক ক'রে তুলেছিল। তাঁর প্রথম রচনা একটি কাব্যকথা (Eclogue)—হইটি মেষপালকের সংলাপের মাঝে একটি বার্থ প্রেমের काहिनी कृत्वे উঠেছে—मেটা তাঁর ব্যক্তিগত জীবনে ডোনা ইসাবেলের প্রতি গভীর ভালবাসার অভিব্যক্তি। Sannazaro-র আর্কেডিয়া হয়ত তাঁকে গ্রাম্য পরিবেশের মাধুর্ঘ দিয়ে থাকবে, অথরা Poliziano-র Orfeo হয়ত তাঁকে পৌরাণিক পরিবেশ পরিবেশন করে থাকবে কিন্তু তাঁর প্রণয়ের গভীর অভিব্যক্তি ও শক্তিশালী সীমিত ভাষার ব্যঞ্জনা তাঁকে যুগস্রইা ক'রে তুলেছিল। তাঁর ছন্দচঞ্চল কবিতায় मनी एव मूर्क्ना, এवर भूष्णित (भनवर्णा। जात्र वन, त्मात्नत्र वीष्ठ ध छार्व धक्, उात ठात्रणकृषि, ठाशाम ७ मानिউद्यत एठकृषि, छात मध्या व्यामोकिक भत्री ७ পৌরাণিক দেবদেবীর আবির্ভাব হলেও তা মানব-জীবনের কাহিনী, মানৰ-অন্তরের কথা। জীবনের শেষ তিন বংসরে তিনি স্পেনের নতুন যুগের সৃষ্টি ক'রে গেছেন। প্রাচীনপন্থী বিরোধী দল তাঁর ভাষা ও লিখনশৈলীর নিন্দায় মুখর হ'যে মুচে গেছেন, কিন্তু তাঁর কাব্য-সাহিত্য জ্বুমী হ'য়ে স্পেনের বিরাট সাহিত্য গ'ড়ে তুলেছে Lope, Góngora ও Quevedo-त्र मःशा।

এই তইটি দেশের কবিগণ পরবর্তী সময়ে Garcilaso-র ছন্দ ও ভাষার অফুকরণে আরও গভীর এবং দার্শনিক কবিতা লিথেছিলেন। এঁদের মধ্যে পৃতু'গীজ কবি Lui's De Camoes তাঁর এপিককাব্য Os Lusiadas-এর জন্মই প্রসিদ্ধ কিছ গীতিকবিতাহও তিনি রেনেসাঁর শ্রেষ্ঠ কবিগণের অন্ততম। তাঁর গীতিকবিতায় Garcilaso-র ব্যঞ্জনাবৃত্তি নেই। তাঁর মত সংক্ষিপ্ত ও স্থগঠিত নয় কিছ জীবনের ব্যর্থতা ও ফোইকস্থলভ একটা দার্শনিকতা তাঁর কবিতাকে মধুর करत्रहा जाँत अभिक्कावा क्वनमाज युक्त ७ वार्थत्थ्रायत मधा निरम्न वास्कि-জীবনকে কেন্দ্র করেনি, ট্যানো ও ভার্জিলের মত একটা সামগ্রিক জাডীয় জীবন ফুটিয়ে তুলেছে। গোয়াও মাকাও-এর যুদ্ধে তিনি বোগ দিয়ে অত্যন্ত চুঃধরয় कीयन यानन करत्रहित्नन किन्न ज्यानि जाँत कार्या कार्योग्रजावात्तव अजियानिक । তাঁর গীতিকবিতার মধ্যে ব্যর্থপ্রেম একটা অতিকাগতিক সৌন্দর্যের প্রয়াসী—তাঁর মানবভার যাত্রা ভাষ্কোভাগামার ভারত আগমনের মত এক আবিষার-যাত্রা। তাঁর Babel ও Siao (Babylon and Zion) কাব্য হিদাবে অতুলনীয়। তাঁর পূর্বেও পর্ভুগালে গীভিকবিতা এবং কাব্যকথা লেখা হয়েছিল; লেখকদের মধ্যে Francisco de Sà de Miranda (১৯৯٠-১৫৫৮), তার অভ্যাসী Antonio Ferreira (১৫২৮-৬৯) এবং Diogo Bernardez (১৫৩-১৬০০) উল্লেখ- ষোগ্য। পর্ত্গালের এই জাগৃতি স্বরায়। তার শেষ রাজা Don Sebastiao মৃরদের সঙ্গে এক যুদ্ধে ১৫৮০ সালে নিহত হন এবং পর্ত্গাল স্পেনের সঙ্গে যুক্ত হয়। তথন স্বাভাবিক কারণেই স্বতগৌরব পর্ত্ গীজ ভাষা স্থনাদৃত প্রাদেশিক ভাষায় পরিণত হয়।

Camoes-এর সমসাময়িক স্প্যানিশ কবি Luis de León (১৫২৭-৯১) মানবভাবাদী কবি। তিনি প্রথম ভলগেটের সং অফ্ সংস্-এর প্রথম স্প্যানিশ অফ্রাদক। সালামারা বিশ্ববিভালয়ের এই পণ্ডিত অধ্যাপক তাঁর প্রোটেস্টান্ট ধর্ম-বিশ্বাদের জন্ম কারাক্ষর হন এবং পাঁচ বছর পরে জেল থেকে বেরিয়ে এসে প্রথম দিন ক্লাসে 'As I was saying the other day…" ব'লে তাঁর বক্তৃতা ভক্ করেন। তথনকার রেনেসাঁ যুগে শহরের বিলাসব্যসন ও চাকচিক্য ত্যাগ ক'রে অদ্র প্রাম্যাশান্ত পরিবেশে ফিরে যাবার আকাজ্ফা চলতি আখ্যানবস্ত হ'য়ে দাঁড়িয়েছিল। কিছ তাঁর লেখার মধ্যে একটা আধ্যাত্মিক ভাব ও পার্থিব জগতের হন্দ্র দেখা যায়। তিনি মিস্টিক কিন্ত হলয় দিয়ে নয়, বৃদ্ধি দিয়ে। প্রেটোর অফ্রাগী এবং প্রীগান হিসাবে তিনি সংযমী, তাই কামনার দীপ্তি সেখানে নাই, কিছ সদীতের মাধুর্য আছে। কবি হিসাবে তিনি ভাজিল ও হোরেসের অফ্রামী এবং Garcilaso-র ছন্দ্র সৌকুমার্থের উত্তরাধিকারী।

Fernando De. Herrera (১৫০৪-৯৭) স্পোনের এই স্বর্গ্রের কবিতাকে মিলটনের মত আভিজাত্য দিয়ে উজ্জ্লতর করেছেন। তিনি সারাজীবন Seville-এর এক গ্রামে কাটিয়েছেন, জীবন তাঁর দারিত্রাপীড়িত কিছু তিনি সেভাইলের সাহিত্য-কেন্দ্রের অষ্টা। প্রেম সম্বন্ধে একটা প্রেটোনিক ভাব নিয়ে জীবন কাটিয়েছেন। প্রাচীনপন্থী ব'লে তাঁর রচনা অলম্বার ও ছন্দভারে পীড়িত কিছু পরের যুগে তাঁর কবিতাই আদর্শ হ'য়ে দাঁড়ায়। কবি St. John of the Cross (১৫৪৫-৯১) সামান্তই লিখেছেন কিছু লেখার মধ্যে মানবাত্মার 'সমাধি' ভাব তথা বৈক্ষব কবির ভাবসম্পেলনের মত একটা কমনীয় আধ্যাত্মিক অমুভূতিতে পৰিত্র। তিনি মনে-প্রাণে সন্মাসী ও সংয্মী হওয়ায় তাঁর বিলাসব্যসনপ্রিয় সহযোগীলের যড়য়ত্রে তাঁকে কারাবরণ করতে হয় এবং শেষজীবনে Andalusia-তে নির্বাস্তি জীবনহাপন করতে হয়।

খৰ্ণমূগের এই কবিগণের অনেকের লেখাই তাঁলের জীবদশার প্রকাশিত হয়নি। কেবলমাত্র Herrera-র কবিতাই তাঁর জীবনকালে প্রকাশিত হয়েছিল। এই মৃগে কবিতা বা কাব্যসাহিত্য থেকে গছসাহিত্যই অধিকতর উন্নতি করেছিল। তখন প্রোটেস্টাণ্ট ধর্ম স্পেনে প্রবেশ করেছে, তার প্রভাব থেকে দেশকে মৃক্ত করতে ধর্মসংস্কার করা হয় এবং ধর্মের প্রক্রখান ঘটে। St. John-এর Dark night of the Soul প্রভৃতি আধ্যাত্মিক অহন্ত্তিমূলক ধর্মীয় সাহিত্য ধর্মের আসনকে প্রংপ্রতিষ্ঠা করে, এবং ধর্মমূলক সাহিত্যের প্রসার ঘটে। Garcilaso নবমুগের কবিতার স্রষ্টা, এবং Luis de León গছ-সাহিত্যের স্রষ্টা। তাঁর Perfecta

Casada (The perfect bride) স্ত্রী-চরিত্র সম্বন্ধে পুরাতন তত্ত্ব হলেও তাঁর সংযমী জীবনের দৃষ্টিভলিতে পুরাতন তত্ত্ব মানবতাসমৃদ্ধ হ'বে গভীর অন্থভ্তিসম্পন্ন ও দ্বদ্যম্পর্শী হরেছে। কারাগারের অস্তর্গালে বসে তিনি De los nombres de Cristo লেখেন এবং নিউ টেস্টামেন্টের যিশু চরিত্র এই রচনায় অনবস্থা সৌনদর্য নিয়ে ফুটে উঠেছে। তিনিই একমাত্র লেখক যিনি খ্রীষ্টান হয়েও অ-খ্রীষ্টান ইছদীদের প্রতি সহায়ভ্তিশীল ছিলেন। পক্ষাস্তরে Santa Teresa (১৫১৫-৮২) নানা নগর অমণ ক'রে ইছদীদের প্রতি অকথ্য অত্যাচার প্রত্যক্ষ করেছিলেন কিন্তু মানবদরদী লেখিকার লেখায় তার স্পর্শ মেলেনি। এই লেখিকা প্রকৃত্ত রচনাশক্তির অধিকারিণী। তাঁর ভূইখানি গ্রন্থের মধ্যে একখানি তাঁর ধর্মজীবনের কথা আর একখানি তাঁর জীবনী। তাঁর ধর্মজীবনের আধ্যাত্মিকতা রহস্ত্যন মধুরতার আধার এবং তাঁর জীবনী বিষয়ম্থী ও ব্যক্ষে শ্লেষে আজও স্থপাঠ্য। তাঁর ভাষাও ছিল খুব স্থাভাবিক, শক্তিশালী চলতি ভাষা।

এই স্বাভাবিক লিখনশৈলী এবং বান্তবতা এনে পূর্ণতা লাভ করে স্পেনের শ্রেষ্ঠ লেখক, নবযুগের উপক্যাস সাহিত্যের আদি লেখক Miguel de Cervantes (১৫৪৭—১৬১৬)-এর মাঝে। তাঁর প্রথম উপকাস (নভেল) La Galatea গ্রামাজীবন মেষপালক-পালিকাদের জীবন নিয়ে লেখা কাহিনী। এ সময়েও তিনি মধাযুগীয় কাহিনীর প্রতি আন্থাহীন হ'য়ে ওঠেননি। তাঁর Tale of Foolish Curiosity ইতালীর ভেকামেরনের অমুকৃতি হিসাবে লেখা ব্যদাত্মক বৃহৎ গল্প। কারভেনটিসের জীবন Camoes-এর জীবনের মতই নি:স্ব—তবে তা স্বদয়ের দিক থেকে তভটা নয় বরং অর্থের দিক থেকে। চলতি নাটক লিখে এবং সামাক্স চাকুরী ক'রে তাঁর দারিত্রা ঘোচেনি। সম্ভবতঃ তহবিল তছরপের দায়ে কারাবাসও ঘটেছিল তাঁর জীবনে। তথন রোমাণ্টিক প্রেম ও সিভলরির প্রতি একটা বিরূপতা গ'ড়ে উঠেছিল এবং দেই বিৰূপতা তাঁর মধ্যে কেন্দ্রীভূত হ'য়ে তাঁকে পৃথিবীর স্মরণীয় এবং বরণীয় শ্রষ্টায় পরিণত করেছিল। তাঁর প্রসিদ্ধ রচনা El ingenioso hidalgo Don Quixote de la Mancha-ই এই কেন্দ্রীভূত বিদ্ধাতার ব্যক্ষোক্তি। তাঁর এই রচনার সাফল্য, খ্যাতি ও জনপ্রিয়তা দেখতে দেখতে তাঁকে প্রথ্যাত করেছিল। তাঁর এই লেখার উদ্দেশ্যকেও ছাড়িয়ে গেল তাঁর দ্বিতীয় থণ্ডে সাক্ষা পাঞ্চার অভিযানের মধ্যে। তথন এই প্রকল্পিত অভিযান আইডিয়া জগতের অভিযান হ'বে দাঁড়াল। ডনের বিশাস এবং সালোর অবিশাস ছই-ই সম্ভাব্য ব'লে পরিগণিত হল। উইও মিল, গ্রাম্য নাপিত, গ্যালী ক্রীতদাস, ছাগল দলের সঙ্গে কেবল যুদ্ধই হল না, তাদের অভিযান রোমাণ্টিক প্রেমকে নৃতন ভাবে বিচার করল, নৃতন চোথে দেখল। ডন যদি Dulcinea-কে রাজকন্তা মনে ক'রে থাকে তবে সেই সতা, বাশুবে সে কৃষককলা হলে কিছু ক্ষতিবৃদ্ধি নেই। এমন कि यमि প্রেমিকা কেবল কল্পনারই হয় তাতেও কিছু আসে যায় না যদি প্রণয়ী তাকে সভ্য ৰ'লে গ্রহণ করে, তার অন্তিত্বকে বিশাস করে। শিক্ষায় চিস্তাধারায় ও মনে তিনি

নতুন যুগের যুক্তিবাদী, তাই তিনি তথন গাধা-কাহিনী, রোমাণিক প্রেম ও সিভলরিকে মর্মান্তিক ঠাট্টা করলেন। ১৬শ শতকের প্রথম পাদ পর্যন্ত সভ্যকার জীবন্ত চরিত্র স্পষ্ট হয়নি বলা যায়,—মধাযুগে মাহ্বকে ব্যক্তি হিসাবে দেখা হয়নি, দেখা হয়েছে বিশ্বজগতের একটা মানবিক রূপ হিসাবে। শেক্সপীয়র যথন লেডি ম্যাকবেথ, হামলেট, ফলস্টাফ প্রভৃতি চরিত্র স্পষ্ট করেছিলেন তথন কারভেনটিশ্ তাঁর এই হই চরিত্রে প্রাণপ্রতিষ্ঠা করেছেন। La Celestina থেকে এ পর্যন্ত স্বাস্থল্য পাঁচ-ছয়টির বেশী চরিত্র ব্যক্তিশাভয়্রো উচ্জল ও শুভেম্ব নয় কিছ তাঁর কুইকজোট ও সাক্ষো পাঞ্চা তুইটি সভ্যকার চরিত্র। জরলাণ্ডো বা চার্লিম্যাগ্রির ভঙ্গুর চরিত্রের থেকে এই তুইটি চরিত্র অধিকতর স্পষ্ট, শ্বাভাবিক এবং যুক্তিগ্রাহ্ণ।

এই বাজ-কাহিনীর সাফল্যের পরে লেখক ছোটগল্প লিখতে আরম্ভ করেন। এবং বোকাসিওর পরে তিনিই প্রথম ছোটগল্প লেখক। তাঁর Exemplary Novels-এর মধ্যে তাঁর বিদ্ধপাত্মক গল্পগুলি শ্রেষ্ঠ। তাঁর La Tia fingida (The Feigned Aunt), চোরের রালাঘর, এবং একটি ছাত্র যে তাকে কাঁচের তৈরী মনে করত তার অতিকল্পিত কাহিনী, জিপ্সী মেরের গল্প (El Licenciado Vidriera), সৈনিকদের বাজ (The Colloquy of the Dogs) গল্পগুলি যেমন বাস্তব তেমনি প্রথর বচনভঙ্গিতে অনবছ। ভন কুইকজোটের ছিতীয় খণ্ড প্রথরতার চিন্তাশক্তি ও লিখনশৈলীর পরিপক্তার প্রমাণ—কল্পনা তার দৃঢ়তর, পাঠকের সমস্ত সহায়ভূতি তার নাইটের প্রতি কেন্দ্রভূত হ'য়ে পড়ে। ডনের পৃথিবী বাস্তবের থেকে ফ্লের, বাস্তব পৃথিবী অধিকতর নাটকীয়—তার অভিযান Aristo-র অভিযান থেকে বেশী সভাকার।

তাঁর ভাষা Santa Teresa-এর ভাষার মত কথিত ভাষা, হন্দয়ের স্বাভাবিক ভাষা, সম্রান্ত সামস্ত আর তালের পারিষদের নয়। তাঁর Tale of Foolish Curiosity যেন সাধারণের জন্ত সাধারণ গল্প বলা হয়েছে। তাঁর ভাষা প্রভাক্ষ, স্বাভাবিক, প্রাক্কভ, তাই হান্দয়স্পর্শী। কিন্ত তুর্ভাগ্য তাঁর যে, এই ভাষাকে গ্রহণ ক'রে সাফল্য লাভ করবার মত কোন প্রভিভা তথন স্পেনে জন্মায়নি, কিন্ত ফরাসী প্রভিভা René Lesage এবং ইংরাজ উপন্যাসিক Fielding ও Dickens তাঁর ভাষাকেই গ্রহণ করেন এবং তাঁদের সৃষ্টি কারভেন্টিসেরই ধারার অমুস্তি।

ভন কুইকজোট প্রকৃত উপক্সাস হয়ত নয়, বরং বলা যায় ব্যঙ্গাত্মক এপিক। ঘটনার দিক থেকে তার নায়ক ও অন্ত চরিত্র হয়ত স্বাভাবিক ও বাত্তব নয় কিছ ভত্ত ও তথ্যের ক্ষেত্রে তা স্বাভাবিক। তাঁর এই স্কটির কাছে পুরাতন দৈত্য ও বামনের গল্প, বীর ও দফ্যর অভিযান, সম্রাক্তবংশীয় রোমান্টিক প্রেম একেবারে হাস্তকর প্রতিপন্ন হ'য়ে গেল এবং তাঁরই স্টির মধ্যে ভবিস্তত্তের বাত্তব চরিত্রের ইন্তিত স্কলাই হ'য়ে উঠল। অবশ্র কারভেন্টিসের শিক্ষা জগত গ্রহণ করেনি এবং তা ব্যর্থ হয়েছে,—ধর্মভিত্তিক মননশক্তি এবং মন্তিক্ষাত মানবতা উভয়ই নিজিয়

হ'রে গেছে। পৃথিবীর নানা কেত্রে, সামাজ্য গঠনে, আইন প্রণয়নে, সম্পদ আহরণে আজও কুইকজোটিক মনোবৃত্তিই প্রাধান্ত পেরেছে, কারণ মান্ত্র তার বৃদ্ধিবৃত্তি দিয়ে জীবনের মুল্যায়নে সঠিক পথ পায়নি। পশু-মানবের ধৃত মন্তিকবৃত্তি ধর্মীয় শিক্ষা ও মানবতার বাণী উভয়কেই নস্তাৎ ক'রে দিয়েছে।

स्नानवजात यूश

১২শ থেকে ১৬শ শতক পর্যস্ত বাংলা সাহিত্য বা ভারতীয় সাহিত্য ছিল ধর্ম ও নীতি আপ্রিত। তার মধ্যে ব্যক্তিখাতত্ত্ব বা ব্যক্তিখাধীনতার কোন প্রমাণ নেই কিছে চরিত্রস্থান্টর দিক থেকে মঙ্গল-কবিগণ ও মহাভারত-রামায়ণের অন্ত্রাদকগণ বথেই শক্তির পরিচয় দিয়েছেন সন্দেহ নেই,—বেছলা, কালকেতু, ফুল্লরা, ভাঁড় দত্ত, বণিক প্রভৃতি চরিত্র সাহিত্যে অমর হ'য়ে আছে, কিছ এদের মধ্যে ব্যক্তিকে আত্মবিশ্লেশ বা ব্যক্তিবাদের কোন চিহ্ন নেই। এই ধর্মনীতি-আপ্রিত সাহিত্য ১৮শ শতক পর্যন্ত চলে এসেছিল নির্বিবাদে। অবশ্য মৈমনসিংহ গীতিকায় মানব-হাদয়ের স্বতঃস্কৃত্ত প্রকাশ না আছে এমন নয় কিছ সে কাহিনীও ধর্ম ও নীতিকে উপেকা করেনি।

ইউরোপের এই কয়েক শতকের সাহিত্যের মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য পরিবর্জন ঘটেছে। এই পরিবর্জনের পিছনে মানব-চিত্তের বিকাশ ও বিবর্জনের প্রভাব ছিল, একথা নিশ্চয় ক'রেই বলা যায়। বর্তমান যুগের দর্শন বলতে বা বোঝা যায় তার আরম্ভও ১৩শ শতকে এবং ইতালীর নবজাগরণের যুগে এসে সেই নব-দর্শনের আলো সমগ্র ইউরোপকে আলোকিত ক'রে দেয়। এই আলোকে মাহ্ম আলনাকে ঘিরে তার চিত্তকে বিচার শুক্র করে,—ধর্মনীতির অহুশাসনের বন্ধন ছিঁড়ে সে পৃথিবীর কেন্দ্রে এসে দাঁড়ায়। কতকগুলি বৈজ্ঞানিক জিজ্ঞাসা ও আবিদ্ধার, মাহ্মবের বৃদ্ধির্ভিও বিচারবৃদ্ধিকে জাগ্রত ক'রে দেয়। মাহ্মব চায় ব্যক্তিশ্যামা জগত ও পরমার্থকে জীবন থেকে দ্রীভৃত ক'রে দেয়। মাহ্মব চায় ব্যক্তিশ্যামানতা, স্বাধিকার ও স্বাতন্ত্রা,—এই স্বাধীনতা ও স্বাধিকারের ইচ্ছাই সাহিত্যকে নৃতন রূপ দেয়। এ যুগের দর্শন বিচারের মধ্যে মানব-চিত্তের এই পরিবর্জন লক্ষণীয়।

এই বুগের সাহিত্য ধর্ম-নীতির আশ্রাধে তার জীবন আরম্ভ করেছিল সন্দেহ নেই কিন্ত ১৩শ শতকের গীতিকবিতায় এবং ফরাসী কবি Muset-এর মধ্যে এসে আমরা ব্যক্তির স্বাভন্তা প্রভাক্ষ করেছি। Aucassin এবং Nicolette-র কাহিনীতে প্রথম এইটার নীতিবাদ উপেক্ষা ক'রে নবনারীর স্বাভাবিক প্রেমকে স্বীকৃতি দেওরা হয়েছে, Rose কাব্যের মধ্যেও মাহ্য ধর্ম-নীতি থেকে এসে স্বভন্তভাবে দাঁড়িয়েছে। ইতালীয় কবি Jacopone-এর মধ্যে দার্শনিকতার সঙ্গে বৃদ্ধিবৃত্তি এসে দেখা দের এবং পেট্রার্কের মধ্যে এসে প্রথম মানবতা দানা বাঁধে, এবং বােদ্ধানিওতে এসে তা বান্তবতা লাভ করে। বৃদ্ধিবাদ ধারে ধারে মাধা চাড়া দিরে উঠেছে সাহিত্যে। সমাজ-জাবন থেকে মাহ্মর বেরিয়ে এসে তার জাবনকে কেন্দ্রাভূত করেছিল ব্যক্তিতে। অর্থাৎ লোকশ্রেয় ও লোকস্থিতির আদর্শ থেকে স'রে এসে ব্যক্তিস্ববাধের ভিত্তিতে মানবতা অর্জনে প্রয়ামী হয়েছে। মাহ্মর আশা করেছিল, এবং পরবর্তী অনেক দার্শনিকও আশা করেছিলেন মাহ্মর বৃদ্ধিবলে তার জড় জগতের হঃথকে দ্র ক'রে মানবীয় গুণে ভূষিত হ'য়ে মাহ্মর সত্যকার মাহ্মর হবে। পঞ্চেন্দ্রের প্রভাবিত, অজ্ঞান মন চালিত তথা অবিভাপ্রস্ত জ্ঞান হারা মাহ্মর মানবত্ব লাভ করবে এ আশা আজ ২০শ শতকের শম দশকে এসেও সফল হয়নি, একথা নিসংশয়ে বলা যায়। মাহ্মের বৃদ্ধিবৃত্তি বেড়েচে কিন্তু হারছে।

এই বৃদ্ধি ও ব্যক্তিবাদের সন্ধীরণে সাহিত্যের অক্সতম উদ্দেশ্য হ'য়ে দাঁড়াল আনন্দদান (entertainment) সে আনন্দ ইন্দ্রিয়গতই হোক আর স্থনরের সৃষ্টিই হোক। বৃদ্ধিমান মাহুষ, ব্যক্তিকেন্দ্রিক মাহুষ, বৃদ্ধি দিয়ে ধীয়ে ধীয়ে গাহিত্যকে ক'য়ে তুলল তার ব্যবসায়ের সামগ্রী, এবং এই ব্যবসায়-বৃদ্ধি তার প্রথমতর হল ১৮শ শতকের শেষে যথন ইংলও ও ইউরোপে বিজ্ঞানের দানে শিল্পবিপ্রর শুক্ত হল। মরালিটি নাটক থেকে এল প্রাহসন, জড়বাদী রেবেলাস কৈবজীবনের ভোগবাদকে ছেড়ে দিলেন পৃথিবীর মৃক্ত অন্ধনে—ব্যক্তিশাধীনতার বাণীকে লোকে জয়ধ্বনি দিয়ে বরণ ক'য়ে নিল। এই ব্যক্তিবাদপ্রস্ত ভোগবাদের স্থপক্ষে যত বৃক্তিই থাক, তা যে জগতকে স্থী করেনি, মাহুষকে স্থী করেনি একথা নিঃসংশয়ে বলা যায়। 'হিংসায় উন্মন্ত পৃথী'য় দিকে তাকালে, সেকথা স্থাপ্তই ভাবে আজ্ম বোঝা যায়। পৃথিবীয় কৈবজীবনই সত্যকার জীবন, তা-ই চয়ম মৃল্যা, একথা বিশাস কয়তে শুক্ষ করলে স্থাপম্বন্তি সৃষ্ক্চিত হ'য়ে ব্যক্তিতে সীমাবদ্ধ হবে, এটা এমন আশ্বর্ষ কয়ের মানবতার বাণী নিয়ে যে রেনেসাঁ। ইতালীতে আত্মপ্রকাশ কয়েছিল, সে মানবতা, অর্থাৎ বৃদ্ধিবলে জ্ঞানবলে মাত্রবন্ধ লাভ যে মাহুষ করেনি তা পৃথিবীয় ইতিহাসই সপ্রমাণ করেছে।

সাহিত্যের এই নবরূপায়ণের পিছনে মানব-চিন্তের যে দার্শনিক চিস্তাধারা স্ক্রিয়ভাবে সাহায্য করেছে তা বিশ্লেষণ করলে এই রূপায়ণের তাৎপর্য পরিক্ট হবে।

জন্ধকার যুগোন্তর দর্শনের কয়েকটি বৈশিষ্ট্য বিশেষভাবে লক্ষণীর। প্রথমতঃ তা বৈজ্ঞানিক যুক্তিভিত্তিক,—পুরাতন দর্শন ছিল কান্ত (aesthetic) এবং মধ্যযুগে ভগবংশাল্পকেন্দ্রিক। বর্তমান দর্শন ক্ষমরকে চেয়েছে যুক্তি দিয়ে, ধর্মশাল্পের ব্যাখ্যাকে গ্রহণ করেনি। মানবের ব্যক্তিগত সন্থার বিকাশ ও সামাজিক স্তামবিচার চেয়েছে। বিতীয়তঃ নব্যদর্শন ব্যক্তিকেন্দ্রিক কিন্তু পুরাতন দর্শন ছিল প্রতিষ্ঠানগত (Institutiona!)। অন্ত কোন মনীবী বলেছেন বলেই তা অবশ্র গ্রহণীয় — এ যুক্তি তাঁরা মানেননি, তাঁরা যুক্তি চেয়েছেন। তৃতীয়তঃ পুরাতন দর্শন ছিল জাতীয়

এবং বর্তমান দর্শন আন্তর্জাতীয়। মাহ্য যথন শান্তীয় অন্থশাসনকে (Dogma) গ্রহণ না ক'বে তাকে বৃদ্ধি দিয়ে বৃষ্ঠে চাইল তথন থেকেই নব্যদর্শনের শুক্র। Roger Bacon (১২১৪-১২৯৪) প্রথম এই প্রশ্ন উথাপন করেন এবং ১৪৫৬ সালে বাইজানট।ইন সামাজ্যের পতনের পর যথন গ্রীক দার্শনিকগণ ইতালীতে আশ্রম নিলেন দেই সময় থেকেই যে নতুন চিন্তাধারা দেখা দিল তাই আজ রেনেসা নামে অভিহিত। তাঁরা বললেন,—বিশ্বজগত নয়, মাহ্যুষ্ঠ স্কৃষ্টির কেল্পে এবং মানবই বিচার্ঘ বিষয়। পুরাতন সংস্কারকে ভেল্পে দিলেন এবং বৈজ্ঞানিকভাবে বিবর্তনবাদ (Theory of Evolution) গৃহীত হওয়ায় মাহ্যুষ্ঠ স্কৃষ্টির শান্তীয় ব্যাখ্যাকে নস্থাৎ ক'রে স্বাধিকারপ্রমন্ত হ'য়ে উঠল—যার ফলে ১৬৮৮-তে ইংলণ্ডে এবং ১৭৭৬ সালে আমেরিকায়, ১৮৮৯ সালে ফ্রান্সে ব্যক্তিস্বাধীনতার জন্ত বিজ্ঞোহ দেখা দিল।

এই নব্য-দর্শনকে যুগ হিসাবে পণ্ডিতগণ নানাভাগে ভাগ করেছেন:

- (১) মানবভার যুগ (১৪৫৩-১৬০٠) -Bruno প্রভৃতি
- (২) প্রকৃতিদর্শন (Natural Science) মূগ (১৬০০-১৬৯০)—Bacon, Hobbes, Descartes, Spinoza, Leibniz.
- (৩) নবালোকের যুগ (Enlightenment) (১৬৯০-১৭৬১)—Locke, Berkeley, Hume.
 - (8) ज्यानर्नेवारमञ यूत्र (১ १৮১-১৮৩১) Kant, Fichte, Hegel.
- (৫) সাম্প্রতিক যুগ (১৮৩১ থেকে)—সোফেনহাওয়ার, কোঁতে, মিল, স্পেদার নিট্জে, রয়েস্, জেমস্ ডিউই, বারসেঁ। প্রভৃতি।

ইউরোপে অন্ধকার যুগের শেষে এটান সন্ন্যাসীগণ পুরাতন পুঁথি সংরক্ষণ করেছিলেন এবং তাঁরাই এটিয় দর্শন ও ভগবংশাস্ত্র স্ফ করেছিলেন। এই Scholastic দর্শন এবে পূর্ণতা পায় St. Thomas Aquinas (১২২৫-৭৪)-এম মধ্যে। তিনি এগারিস্টলের অমুগামী দার্শনিক, তবে এগারিস্টল বিখাস করতেন, জগত নিমন্তর থেকে বিবর্তনের মধ্যে উচ্চন্তরে পৌছেছে, কিন্তু সেণ্ট টমাস্ বিখাস করতেন, ভগবান একবারেই এই বিশ্ব স্পষ্ট করেছেন। তাঁর মতে জ্ঞান, সাহস, সহনশীলতা, স্থায়বিচার এবং এটিয় ভগবংবিখাস, মৃক্তির আশা ও দানধর্মই শ্রেষ্ঠ নীতি ও ধর্ম। তাঁর এই মতবাদ নিয়ে ১৪শা১৫শ শতকে বিরোধ স্কট হল, William of Occam (মৃ:—১৩৩২) বললেন, তাঁর ধারণ। বান্তবাহুগ নয় এবং এই প্রতিবাদে সেণ্ট টমাসের দর্শন আর বিখাস্যোগ্য রইল না।

মধ্যযুগীর দর্শন এই Scholastic দর্শন থেকে দূরে সরে এল, তার প্রধান কারণ তাঁরা দেখলেন, বৃদ্ধি ও যুক্তি ছারা চার্চের doctrine-কে অন্ত্রমাদন করা চলে না। তাঁরা অন্তর এই বান্তব জগত ও তত্ত্বকে খুঁজতে চাইলেন। তাঁরা গ্রীক পদার্ধবিদ্ধা, ইছদীদের প্রকৃতিদর্শন, আরবীয় দর্শন, নবাবিদ্ধৃত অন্ধণান্ত্র এবং রসায়ন শাল্র চর্চা ক'রে বৃঝলেন যে প্রাকৃতিক সত্য Scholastic দর্শন ব্যাখ্যা করতে পারেনি।

বৈজ্ঞানিক বিচার ও পরীকা দারা সে সভ্যকে বোঝা হেতে পারে কিছ শান্তীয় ব্যাখ্যা দারা বোঝা যায় না।

ন্তন ক'রে জ্ঞান-বিজ্ঞান চর্চা তথন আরম্ভ হয়েছে, দাস্তে পেট্রার্ক ও বোকাদিও লোকায়ত সাহিত্যকে জনপ্রিয় করেছেন, এবং ক্লোরেন্স থেকে প্রীকদর্শনের মানবতাম্লক সংস্কৃতির প্রতি পণ্ডিতগণ আরুষ্ট হয়েছেন। ফলে, এটীয় শাস্ত্রাস্থাসন ও ভগবংশাত্র অর্থহীন হ'য়ে পড়ল এবং তাকে কুসংস্কার আখ্যা দিয়ে তাকে নির্বাদিত করল। মাহ্য তথন চায় নৃতন আবিদার নৃতন তত্ত্ব, নৃতন দর্শন।

বস্তুজগতে তথন নাবিকদের কিম্পাস আবিষ্কৃত হয়েছে, আমেরিকা ও ভারতের সমৃত্রপথ এবং বাফদ আবিষ্কৃত হয়েছে। নগরের পত্তন হয়েছে—নগরবাসী মধ্যযুগীয় প্রাসাদবাসী নাইটের সমতৃল্য। ছাপাথানা স্বষ্টি হয়েছে (১৪৫৪), বই ছাপা চলছে, লোকে বাইবেল পড়ে ব্যুতে শিথেছে—যার ফলেই লুথারের ধর্মসংস্কার সফল হয়েছে। রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক পরিবর্তন হয়েছে, ভার ফলে মানব-চিত্তের তত্ত্ব ও ভথাের প্রয়াসী হয়েছে। মানব-চিত্তের এই নৃতন প্রকাশই এই যুগের দর্শন।

Nicholas of Cusa (১৪০১-৬৪) বিশ্বাস করেন, পৃথিবী ত্র্যের চারিপাশে ঘারে এবং বিশ্বজগত অনস্ত। তিনি কাণ্টের মত জ্ঞানের ন্তরভেদে বিশ্বাসী এবং হেগেলের মত বিশ্বাস করতেন, ইন্দ্রিগত জ্ঞানের বিশ্বজ্বতা উচ্চতম শুরে গিয়ে মিলিত হয়। তাঁর মধ্যে Spinoza ও Leibniz-এর চিস্তাধারার অক্রও দেখা যায়। স্ইজারল্যাণ্ডের Paracelsus (১৪৯৩-১৫৪১) বছ দেশ ভ্রমণ ক'রে বছ বিষয়ে জ্ঞান অর্জন করেছিলেন এবং রসায়ন ও চিকিৎসা বিজ্ঞানে নৃতন আবিকারও করেছিলেন। তাঁর বিশ্বাস ছিল বিজ্ঞানবলে মাহুষের আয়ু বাড়ানো যায়। তাঁর ধারণা ছিল, মাহুষের তিনটি দিক আছে, রক্তমাংসের দেহ, (astral spirit) অধ্যাত্ম অস্কৃতি ও আত্মা, এই তিনটির যদি থাত্য, শিক্ষা ও ভগবানে বিশ্বাস্থারা সম্যক্ পৃষ্টিসাধন করা যায় তবে মাহুষ কালজ্যী হতে পারে।

এই যুগের সর্বাপেক্ষা প্রভাবশালী দার্শনিক Niccolo Machiavelli (১৪৬৯-১৫২৭) নিরস্থা জুড়বালী। প্রত্যক্ষ বাস্তব জগত ব্যতীত তিনি সমস্ত কল্পনা জগতকে অস্থাকার করেছেন। তাঁর Prince আগাতদৃষ্টিতে ব্যঙ্গ সাহিত্য মনে হবে কিন্তু তিনি এই গ্রন্থই রাজাকে উপহার দিয়েছিলেন। তাঁর আকাজ্জা ছিল ইতালী ঐক্যবদ্ধ হয়ে মহান হবে। তিনিই বর্তমান রাষ্ট্রবিজ্ঞানের প্রতিষ্ঠাতা। তাঁর মতে দেশের কল্যাণে ক্যায়-অক্সায় নির্বিশেষে সমস্ত কিছু করা যায়, তা ছ্নীতি নয়। (২১০) অর্থাৎ জাতীয় স্বার্থে তিনি নীতিবাদের মূলে প্রবল ক্ঠারাঘাত

⁽২১.) He thought that a Prince would be morally justified in seeking to accomplish this by any means whatsoever. This unabashed realism shocked his contemporaries.

History of Modern Philosophy—W. K. Wright—p. 26.

করলেন যা প্রবর্তী উপনিবেশিক রাজস্কালে ভয়াবহ হ'য়ে দেখা দিয়েছিল। বিবেক, আদর্শ, এবং নীতি ব্যতীতও মানবচরিত্রে বিশ্লেষণ করা যায় অর্থাৎ বাস্তব জড়জগতের পরিপ্রেক্ষিতেও মানবচরিত্রের সর্বথানি ব্যাখ্যা করা যায় এ বিশ্বাসও তাঁর ছিল। তাঁর এই বিশ্বাস ভূল হলেও আত্মকেন্দ্রিক মাহ্যবের উপর যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল। বিস্মার্কও এই বিশ্বাসের বশবর্তী হয়ে জাতির জন্ম নীতি বিসর্জন দিতে কৃষ্ঠিত হননি।

Giordano Bruno (১৫৪৮-১৬০০) নেপ্ল্স-এর নিকটবর্তী Nola-র অধিবাসী। তিনি প্রীষ্টান সন্ধ্যাসী হবার জন্ম শিক্ষালাভ করেন কিছু শিক্ষাস্তে ধর্মবিরোধী হ'য়ে পড়েন। জীবনের ১৬ বংসর তিনি নির্বাসনে কাটিয়েছেন এবং শেষ পর্যস্ত দেশে আসার পরে তাকে আগুনে পুড়িয়ে মারা হয়। ১৫৪৬ সালে কোপারনিকাসের মৃত্যুর পরে তিনি তাঁর বিশ্বজগতের তদ্ধ ব্যাখ্যা করেন এবং প্রকাশ করেন বে পৃথিবী ক্রের চারিপাশে ঘ্রছে এবং এই ভাবেই নক্ষত্ত-জগতের ব্যাখ্যা করা সোজা। এই বিশ্বে পৃথিবীর মত বহু গ্রহ-উপগ্রহ এবং ক্রের মন্ত বহু নক্ষত্ত আছে। এই বৈজ্ঞানিক-ব্যাখ্যা প্রীষ্টায় স্প্রষ্টিতন্তের বিরোধী ব'লে তাঁকে নির্বাসিত করা হয়। পৃথিবী ভগবানের স্বৃষ্টি এবং ভগবানের আসন উপরে এবং পাতালে শয়ভানের রাজত্ব-প্রভৃতি ধর্মীয় বিশ্বাসকে তিনি প্রবল আঘাত করেন। তিনি প্রথম বর্তমান নক্ষত্ত-জগতের গঠন ও প্রকৃতি অন্থমান করেন।

তিনি বলেন, আমাদের ইন্দ্রিয়াসূভৃতি আপেক্ষিক, তাকে বৃদ্ধি দারা সংশোধন করা যায় এবং করতে হয়। তাঁর মতে ভগবান স্ষ্টের কারণ হলেও জড়জগতই ভগবানের (Matter is casa divina) স্বরূপ। এই বিশাস তাঁর Struggle of Human Soul-এর মধ্যে দেখা যায়।

১৬০০ সালের পরের দার্শনিক যুগকে প্রকৃতি-বিজ্ঞানের বা দর্শনের যুগ বলা হয়। এই সময়ে জার্মানীর রিজরমেশন ভাবধারার বিকন্ধতা বেশ বেগবান হ'য়ে উঠেছে এবং এই বিক্রমতা ইতালীতে স্বাধীন চিস্তাধারাকে ব্যাহত করল। জার্মানীতেও এই দার্শনিক চিস্তা কোনগ্রণ উৎসাহ পায়নি। ইংলগু, হল্যাণ্ড ও জ্ঞান্সে তথন স্বাধীন চিস্তার মত পরিবেশ ছিল এবং তারই ফলে এই দেশেই প্রকৃতি দর্শন জন্মগ্রহণ করল।

তত্ববিচারের প্রথম পথ নির্ণয় করেন ইংলণ্ডে বেকন এবং ফ্রান্সে ডেকার্টিস্। পরবর্তী যুগে পথনির্দেশক হলেন হবস্, স্পিনোজা এবং লিবনিংস্। Francis Bacon (১৫৬১-১৬২৬) রাজা প্রথম জেমস্-এর লর্ড চ্যান্সেলর এবং দর্শন ও বিজ্ঞান শিক্ষার বিশেষ পৃষ্ঠপোষক ছিলেন। সাধারণে তিনি প্রবন্ধকার হিসাবেই খ্যাত কিছু তাঁর দার্শনিক নিবন্ধ Advancement of Learning and Proper Method of Investigation by Inductive Logic (Novum Organum)-এ তাঁর ভদ্ববিচারের প্রণালী বিবৃত করেছেন। তিনি প্রধানত যুক্তিবাদী, বিশ্বাস করতেন বে ইন্দ্রিয়ণত অন্তর্ভুতি থেকেই আমরা জ্ঞান আহরণ করি এবং সমীক্ষা ও পরীক্ষা

ঘারা এই জ্ঞানকে আমরা প্রসারিত ও পুষ্ট করতে পারি। (২১১) তাঁর মতে চারটি বস্তু মানবের জ্ঞান আহরণের অন্তরায়; প্রথমতঃ অতীক্রিয়তায় বিশাস যেমন শুভান্তভ লক্ষণ, স্বপ্ন, জ্যোতির এবং সংস্কার। দিকীয়তঃ ব্যক্তিগত চরিত্রের হ্র্বলতা ও চিন্তবিকার,—এগুলি সাধারণতঃ বংশধারা, শিক্ষা, অভ্যাস ও অবস্থাগত। তৃতীয়তঃ মাহ্মবের কতকগুলি অপ্রাকৃত ম্ল্যায়ন যেগুলি অতীত থেকে মানব-সমাজে চলে এসেছে, যেমন অনৃষ্ট প্রভৃতি। চতুর্যতঃ যে সমন্ত বিশাস মাহ্মবের মনে বাসা বেঁধছে—সাধারণতঃ ধর্মীয় দার্শনিক তন্ত থেকে অবচ হেগুলি সভ্য ব'লে গ্রহণ করা বা প্রমাণ করা হয়নি। অর্থাৎ বেকন কেবলমাত্র যুক্তিগ্রান্থকে সভ্য বলে স্থীকার করতে চাইলেন, ধর্ম, নীতি, অতীক্রিয়তা আধ্যাত্মিকতাকে যুক্তিগ্রান্থ নয় ব'লে ত্যাগ করেন। কিন্তু যে যুক্তিকে তিনি সভ্য দর্শন ব'লে মনে করলেন ভা যে অবিদ্বাপ্রস্ত বিকারগ্রন্থ মানব-চিন্তের যুক্তি সেকথা তিনি ভাবলেন না।

Thomas Hobbes (১৫৮৮-১৬৭৯) প্রধানতঃ গণিতবিদ এবং তাঁর চিন্তাধারার অনেকথানিই জ্যামিতিক। হবস্ জড়বাদী, রাষ্ট্রবিজ্ঞানের প্রথম চিন্তানায়ক। ১৬৪০ সালে সংক্ষিপ্ত পার্লিয়ামেণ্টের সময় তিনি রাজা ও তাঁর আভিজ্ঞাত্য সম্বন্ধে একথানি পুন্তিক। প্রণয়ন করেন এবং বলেন, রাজার যুদ্ধ করবার, সিদ্ধি করবার অধিকার আছে, কর ধার্য করা এবং আদায় করার অধিকারও তাঁরই। পার্লিয়ামেণ্ট থেকে তাঁকে গ্রেপ্তার করতে পারে এই ভয়ে তিনি ফ্রান্সে পালিয়ে যান এবং ১৬৫১ সাল পর্যন্ত সেধানে থাকেন। তখন প্যারিতে Gassendi এবং Descartes-এর সন্ধে তাঁর পরিচয় হয়। তিনি নির্বাধ রাজতল্প্তার (Absolute Monarchy) পক্ষপাতী ছিলেন—তিনি এই যুগের প্রেষ্ঠ জড়বাদী দার্শনিক, তাঁর মতে বস্তুই স্পষ্ট এবং যা পরিবর্তনশীল তাই গতি।

তাঁর নীতিবাদও জড়বাদী ব্যক্তিবাদ। মাহুবের আদিমজীবনে যখন রাজ্য এবং রাষ্ট্র হারি তথন মাহুষ চাইত আত্ম সংরক্ষণ (self preservation.) এবং সে তার জীবনে চেয়েছে স্থুখ, লাভ ও গৌরবের ভৃপ্তি। তথন কোন নীতি ছিল না, নিজের জন্ত ছলে-বলে-কৌশলে আনন্দ আহরণ করাই ছিল নীতি এবং সেই জন্ত সকলেই ছিল যুদ্ধরত। সেই আদিম যুগে সকলেই ভন্ন ছংখ ও দারিক্রো জীবন কাটাত।

তুই রাষ্ট্রের মধ্যে এই রেষারেষি ও আত্মরক্ষা ও স্বাধিকার রক্ষার জন্ত যুদ্ধ অনিবার্য ও স্বাভাবিক। অতএব ছলে-বলে-কৌশলে সেই অধিকার রক্ষাই নীতি।(২১২) এই জ্বাতীয়তাবাদে তিনি ম্যাকিয়াভেলীর অহুগামী। তাঁর শিক্ষা

⁽२১) Bacon as an empirist, believed that human knowledge begins with sense experience and can be enlarged by careful observation and experiments.

—Ibid—p. 43

⁽२১२) Force and fraud are the cardinal virtues in relations between states, at least in time of war, on this point Hobbes seems to agree with Machiavelli.

—Ibid—p. 64.

ইংলও আঞ্চও ভূলে যার নি। শান্তি ও আত্মরক্ষার জন্ত মাহ্য সমাজ ও সামগ্রিক রাষ্ট্র স্বাভাবিক ভাবেই স্বাষ্ট্র করেছে, বেমন অভিজাততন্ত্র, রাজতন্ত্র প্রভৃতি। তার মধ্যে ইংলওে তিনি রাজতন্ত্রকেই সমর্থন করেছেন। তিনিই বলেছেন, "King can do no wrong." রাজা মাহুবের কাছে তাঁর কাজের জন্ত দায়ী নয়, দায়ী একমাত্র ভগবানের কাছে।

নীতির দিক থেকে মান্থবের পক্ষে কতকগুলি আইন নিজের স্বার্থেই মানা দরকার। মান্থব বৃদ্ধি ঘারাই দেখেছে সকলের পক্ষে এবং ব্যক্তির পক্ষে কতকগুলি নীতি মেনে চলা সকলেরই স্বার্থরক্ষার সহায়ক, অতএব তা মানা তার কর্তব্য। এখানে তিনি স্বার্থ (interest) এবং নৈতিক কর্তব্যকে (moral obligation) এক ক'রে ফেলেছেন। এই আইনগুলি স্বাভাবিক—মান্থব শাস্তি চায়, অতএব শাস্তির পথই সে খুঁজবে। যতক্ষণ অক্স ব্যক্তিও শাস্তি চায় ততক্ষণ নিজের রক্ষার জক্মই সে শাস্তি কামনা করবে। অক্সকে সে যতখানি স্বাধীনতা দিত্তে প্রস্তুত ততথানি স্বাধীনতা নিয়েই সে স্বথী থাকবে।

তিনি মানব-জীবনের উদ্দেশ্য ও স্বাভাবিক পরিণতি ও স্থাকাজ্য। বিচার করেই এই নীতির কথা উল্লেখ করেছেন। মাহ্রৰ স্বার্থপর এবং জড়জীবনের স্বধ্যাগই প্রকৃত স্থধ, এই চ্টিকে সত্য ব'লে ধ'রে নিয়েই তিনি তাঁর নীতিবাদ ধাড়া করেছেন। কিন্তু মাহ্রৰ সর্বদাই স্বার্থপর একথা সত্য নয়, তার মধ্যেও সামাজিক স্বস্কৃতি ও মানব-প্রেম আছে। তার নিরীশ্বরবাদও সত্য নয়, কারণ মাহ্রবের জীবনে জাগতিক স্বধভোগ ছাড়াও চাইবার অনেক কিছু আছে। অবশ্য তিনি ব্যক্তিবাদকে নিরীশ্বরবাদের থেকেও বেশী মৃশ্য দিয়েছেন। তাঁর সমস্ত নীতিবাদই এই তুইটি মস্তিকগত নির্শক্ষ অহংবাদের উপর প্রতিষ্ঠিত। (২১৩)

ফ্রান্সে তাঁর সমসাময়িক René Descartes (১৫৯৬-১৬৫০) জড়বাদী হলেও নিরীশ্ববাদী নয়। রেনেসাঁর ভাবধারায় তাঁর প্রভাব গভীরতর এবং তাঁকেই বর্তমান যুগের দর্শনের পথিকং বলা হয়। বড়লোকের ঘরে তাঁর জন্ম, ছাত্রহিসাবেও খুব মেধাবী ছিলেন কিন্তু স্বাস্থ্য তাঁর কোনকালেই ভাল ছিল না। সারাজীবনই পড়েছেন অনস্ত জিজ্ঞাসা নিয়ে। ১৬১৪ সালে পড়া শেষ ক'রে প্যারির বাব্জীবন কাটাতে যান কিন্তু তা তাঁর ভাল লাগে না। জুয়া ভাল খেললেও তাতে তাঁর আনন্দ ছিল না। অহুলাত্মে স্পণ্ডিত এবং ধৈর্যশীল ব'লে বিদেশে সামরিক বিভাগে কিছুদিন কাজ করেন। এই সময়ে তাঁর দর্শনের প্রণালী (Method) আবিজ্ঞার করেন। ১৬২১ সালে সামরিক বিভাগ খেকে অবসর নিয়ে, নিজের জ্মিদারী বিক্রিক ক'রে মজুত অর্থে জীবন বাপন করতে আরম্ভ করেন। তথনই তিনি প্রথম্ম লিখতে আরম্ভ করেন। ১৬২১ পর্বন্ত প্যারি এবং পরে নিফ্রপক্রব জীবনযাপনের

⁽২>৩) Hobbes' ethical and political philosophy is based on egoism and hedonism. Men do and should act only in accordance with their own interest.

—Ibid—p. 65

জন্ত হল্যাপ্তে যান। ১৬৪৯ সালে স্ইডেনের রাণী ক্রিন্টিনাকে দর্শন পড়াডে গিরে ঠাণ্ডা লেগে অস্ত্র হন এবং ১৬৫০ সালে মারা যান।

তিনি প্রাতন গ্রাক দর্শনেরই অহগামী, গ্রীক আদর্শবাদ ঠিক যুক্তির উপর প্রতিষ্ঠিত ছিল না, তাই তিনি সেই আদর্শবাদকে তর্কশাস্ত্রের ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে চেটা করেন। (২১৪) তিনি জ্যামিতিক পদ্ধতিতে দার্শনিক বিচার করেছেন—প্রথমে কিছুকেই সত্য বলে গ্রহণ করেবে না যতক্ষণ না তা সত্য বলে প্রমাণিত হবে। দিতীয়তঃ, প্রত্যেকটি বস্তু পরীক্ষা করতে হবে; তৃতীয়তঃ, সরল থেকে জটিলে যেতে হবে; চতুর্পতঃ, সব দিক থেকে বিচার করতে হবে যাতে কিছুবাদ না পড়ে, তার পরে তাকে সভ্য বলে গ্রহণ করতে হবে।

তাঁর Cogito Ergo Sum (I think therefore I am) Dubito Ergo Sum (I doubt therefore I am)-এর মৃত্তি বিশ্লেষণ তিনি করেছেন এইভাবে—যদি আমি সন্দেহ করি আমার অন্তিষ, তবেঁ আমার সন্দেহ নিশ্চিত হ'য়ে প্রমাণ করে আমার অন্তিষ। তিনি দেখেছিলেন ইন্দ্রিগত বৃদ্ধি সর্বত্ত নির্ভর্যোগ্য নয়, পদার্থবিক্তা, জ্যোতিবিজ্ঞান, ভেষজ বিজ্ঞান এরা ইন্দ্রিগত বৃদ্ধিপ্রস্ত এবং সেই জক্তই এর সত্য সন্দেহাতীত নয়।

তিনি ভগবানে বিশাস করতেন এবং তাঁর যুক্তি জ্যামিতিক। আমি পরমপুক্ষ ধারণা করতে পারি না, কারণ আমি সসীম ও অসম্পূর্ণ কিন্তু কারণ ব্যতীত কার্য নেই। অতএব পরমপুক্ষ না থাকলে আমি সসীম ও অসম্পূর্ণ এ ধারণা করতে পারতাম না, অতএব পরমপুক্ষ আমি ধারণা করতে পারি।

আমি কী? আমার স্বরূপ কী? আমি সন্দেহ করি, সত্য বলে গ্রহণ করি, অস্বীকার করি, ইচ্ছা করি, করনা করি, অহুভব করি, এ সবই আমার গুণ। অতএব আমার মধ্যে একটা আধ্যাত্মিক সন্ধা বা আত্মা আছে। কিন্তু এই সবা সসীম ও অসম্পূর্ণ, অতএব অসীম ও পূর্ণ পুরুষ আছেন যিনি সর্বজ্ঞা, সর্বশক্তিমান ইত্যাদি। আমি আছি বিশাস করলেই আমার স্রষ্টা নিশ্চয়ই আছেন একথাও স্বীকার করতে হয়। এথানে তিনি বৃদ্ধিগত অধ্যাত্মবাদী।

তিনিই প্রথম দার্শনিক যিনি দেহ ও মনের সম্পর্কের জটিলতার সমস্তাকে প্রত্যক্ষ করেছেন। দেহ থেকে মনে উত্তেজনা আদে, মন থেকে দেহে উত্তেজনা আদে, অতএব এই সম্পর্ক বিচার হ্রহ। তাঁর শেষ পুস্তক The Passions of the Soul-এ তিনি এই সমস্তার সম্মুখীন হয়েছেন।

রেনেসার যুগে তাঁর লেখা গভীর প্রভাব বিন্তার করেছিল তার একটি কার**ণ** তাঁর ভাষা স্থন্দর স্থগঠিত ও বেগবান। তাঁর রচনা রোমে ও ফ্রান্সে নিষিদ্ধ ^{হয়ে}ছিল। তাঁর দেহ মনের সম্পর্ক বিচারে তিনি হবস্-এর যত জীবনের একটা

^{(&}lt;>>s) In fact Descartes was championing the cause of the old idealistic philosophy. The idealism of ancient Greeks lacked any definite method. History of Western Phil.—N. V. Joshi—p. 70

যান্ত্রিক ব্যাখ্যায় বিশাসী ছিলেন (২১৫) অর্থাৎ যে তত্ত্ব কেবল অন্নভূতির বারা অবগত হওয়া যায়, সেই তত্ত্বে হবস্পু ডেকাটিস্ উভয়েই জ্যামিতিক বিচার ও বুদ্ধি দিয়ে বুঝতে চেয়েছেন।

Spinoza (১७७२-১७११) द्यानमात्र न्याप्यका উत्त्रश्रामा नार्मिक । জীবদ্দশায় তাঁর দর্শন অপাংক্রেয় হয়েই ছিল কিছু ১৮শ শতকের শেষে তাঁর দর্শন আদৃত হয়। তিনি ইছদী, আরবীয় ও এীষ্টার দর্শন এবং ক্রনো ও হবস্-এর দর্শনের সভে পরিচিত ছিলেন। জাতিতে ইছদী ব'লে স্পেন ও পর্তুগাল থেকে তাড়িত হ'য়ে আমস্টারডামে আদেন এবং ব্যবসায়ে অবস্থাপন্ন হন। এখানেই তাঁর পূর্বপুরুষ বাস করতেন। বাল্যকালে ভাল শিক্ষা লাভ করেন কিন্তু বাইবেলের শিক্ষাকে সম্পূর্ণভাবে গ্রহণ করতে পারেন না। তিনি সৃষ্টি ও অষ্টাকে এক ব'লে মনে করায় (অবৈতবাদী ?) এটান ও ইছদী উভয়েই তাঁকে ত্যাগ করে। তাঁর ভন্নীও পৈতৃক সম্পত্তি থেকে তাঁকে বঞ্চিত করতে তাঁকে নান্তিক ব'লে প্রচার করেন এবং তিনি ইছদী সমাজ থেকেও তাডিত হন। তিনি নামের প্রথম অংশ Benidict নাম নিয়ে প্রীষ্টানদের মধ্যে বাস করেন এবং চশমার কাচ তৈরী ক'রে জীবিকা নির্বাহ করেন। লগুন থেকে রয়াল সোসাইটির লোকও তার সঙ্গে দেখা করতে যেতেন। Heidelburg বিশ্ববিভালয়ের অধ্যাপকের পদ তিনি প্রত্যাখ্যান করেন, এবং এমন কি রাজা যোড়শ লুইএর অমুরোধ ও পুরস্কারের লোভেও তিনি তাঁর নামে বই উৎসর্গ করেননি। দারিত্র্য ও কাচের ধুলার থেকে যক্ষারোগাক্রান্ত হ'যে মারা যান। তিনি ডেকাটিসের জ্যামিতিক পদ্ধতি অবলম্বন করেন এবং তাঁর তম্বও ব্যাখ্যা করেন।

তিনি প্রকৃত মদল খুঁজেছেন। ধন খ্যাতি ও ভোগ বা নশ্ব বস্তুর প্রীতিমমতা থেকে মানব-মদল হয় না, যদি শাশত এমন কোন কিছু থাকে যা মানব-মন
থেকে নশ্বর পৃথিবীর এই ভোগাকাজ্ফাকে দূর করতে পারে তবে তাই কাম্য। এই
শাশত মদলের মূলই ভগবান এবং তাঁর প্রেমই অবিনশ্বর আনন্দের পথ। ভগবান
সম্পূর্ণ এবং সর্বময়, অতএব তাঁর মাহ্যবের মত আবেগ নেই, অহভৃতি নেই, বৃদ্ধির্তি
নেই। ভগবান সম্বন্ধে এই ধারণাকে খ্রীষ্টানগণ নাত্তিকতা মনে করেছেন, কারণ
তিনি ভগবানকে দেবতা মনে করেননি—যে দেবতা মাহ্যবের মদল-অম্কল বিধান
করেন, বাঁর কাছে যাহ্যব প্রার্থনা ক'বে সাহায্য চায়, সাম্বনা চায়।

তাঁর সর্বাপেক্ষা মূল্যবান গ্রন্থ Ethics-এ তিনি জ্যামিতিক পদ্ধতিতে মাহুবের জ্ঞানের বিচার করেছেন। তার তিনটি স্তর, (১) মতবাদ (২) যুক্তি (৩) স্বজ্ঞা, (Intuition)।

⁽২)4) He shares with Hobbes the credit for bringing to attention the mechanistic theory of life and the distinction between the primary and secondary qualites. History of Modern Philosophy—W. K. Wright—p. 84-85

মন্তবাদ বলতে ইব্রিয়গত জ্ঞান, ঐতিজ্ ইতিহাসগত অভিজ্ঞতা, অর্থাৎ তিনি লাগতিক জ্ঞান, ধারণা, স্বতি, কথা, প্রতীক প্রভৃতিকে বুঝেছেন এবং সেপ্তলি লাস্তিকর ব'লে মনে করেছেন। যুক্তি বলতে তিনি বুঝেছেন বে, মাছুবের মধ্যে কতকগুলি সাধারণ আইডিয়া আছে, কারণ সকলেরই দেহ ও মন আছে এবং সাধারণ প্রণ আছে। এবং সেই সাধারণত্ব থেকে আমরা কার্যকারণ সম্ভ্র নির্ণয় করতে পারি এবং তা লাস্তিকর নাও হতে পারে। স্বক্ষা আসে ভগবানের অন্তিত্বোধের থেকে এবং এই অন্তিত্বোধেই বস্তুজ্ঞাতের অন্তিত্ত্তান দান করে।

মানবের প্রকৃত খাধীনতা কী? মান্ত্র হতক্ষণ অসীম জাগতিক জীবনের নখর বস্তুর মোহে আচ্ছর ততক্ষণই সে পরাধীন, তারা জাগতিক ঘটনা স্রোতের তৃণ; মান্ত্র তার জৈবাবেগ ও ইন্সিয়ের দাস। কিন্তু জাগতিক ঘটনা কার্য ও কারণকে যদি অনস্ত শক্তি ভগবানের প্রকাশ ব'লে গ্রাহণ করা যায় তবেই মান্ত্র খাধীন হতে পারে।

কিন্তু সমাজ-দর্শনে এসে স্পিনোজা প্রকৃতিবাদ (Naturalism) এবং অহংবাদের পৃষ্টপোষক; ষদিও তা শেষ পর্যন্ত একটা অধ্যাত্মবাদ আশ্রেষ করেছে। তিনি আদিম মাহুবের অহংবাদকে স্বাভাবিক বললেও তিনি মাহুবকে তার মদল-চিন্তা করতে বলেছেন এবং যৌক্তিকভাবে এবং সংভাবে (Virtuously) তার পাওনাকে গ্রহণ করতে উপদেশ দিয়েছেন। এদনি ক'রে মাহুব যদি তার পাওনাকে সংভাবে এবং প্রকৃত মদলকামী যুক্তি দারা বিচার করে তবে সমাজ সামগ্রিকভাবে একমন হ'য়ে সুখী হতে পারে। অন্ত দিকে তিনি হবস্-এর মত বিশ্বাস করতেন যে, প্রকৃতি-জগতে মাহুবের পক্ষে কমতাবলে পারিপার্থিক থেকে সবকিছু আহরণ করার অধিকার তার আছে, এবং এই অহংবাদের সংগ্রাম থেকেই ভয় ও স্কট দেখা দেওয়ায় মাহুম স্বেচ্ছায় একজিত হ'য়ে রাষ্ট্র গঠন করেছে। স্পিনোজা কিন্তু হবসের মত রাজভল্পরের পক্ষপাতী ছিলেন না। তিনি সাধারণভল্পের পক্ষপাতী ছিলেন, কারণ তাঁর মতে সাধারণভল্পেই মাহুম স্বাধীনতা ভোগ করতে পারে। ছই রাষ্ট্রের বন্ধুত্ব ততক্ষণই স্বামী যতক্ষণ পর্যন্ত সে বন্ধুত্ব উভয়েরই স্বার্থের অহুকৃল। কোন রাষ্ট্রনায়কই তাঁর রাজ্যের স্বার্থের থেকে নিজের প্রতিজ্ঞা বা কথাকে বেনী ম্ল্যবান মনে করতে পারেন না।

আদর্শবাদের দিক থেকে তিনি জেকার্টের অহুগামী এবং ভগবান ও ধর্মীর তব্বের দিক থেকেও তিনি তাঁর পথের পথিক, কিন্তু নীতিবাদের দিক থেকে তিনি যুক্তিবাদী এবং দার্শনিক সমস্তার বিচারের দিক থেকে তাঁর প্রচেষ্টা সার্থক হয়ন। (২১৬)

Leibnitz (১৬৪৬-১৭১৬) রেনেশার শেষ দার্শনিক। এর পরেই

⁽২১%) But when we turn to Spinoza's solution of the philosophical problem we find that his attempts are as futile as those of his predecessor, Descartes. Ibid—Joshi—p. 84.

নবালোকের যুগ। তাঁর New Essays on Human Understanding ১৭৬৫ সালে প্রকাশিত হওয়ার পরে দার্শনিক চিস্তাক্তগতে একটা বিপ্লবের স্ষষ্টি হয় এবং এর অসুস্তি দেখা যার, Kant-এর মধ্যে। তাঁর Space এবং time এর আপেক্ষিকতার ধারণা বিংশ শতকের ধারণার অস্কুল।

তাঁর বাবা লিপজিগ্ বিশ্বিভালরের নীতি-দর্শনের অধ্যাপক ছিলেন। অবস্থা তাঁদের ভালই ছিল। তাঁকে কোন জীবিকা গ্রহণ করতে হয়নি। পিতার বিরাট গ্রহাগার তিনি পেয়েছিলেন, বাল্যকালে গ্রীক-লাটিন ভাষা শিক্ষা করেন। চৌদ্বংসর বয়সে লিপজিগ্ বিশ্বিভালয়ে ভর্তি হ'য়ে ২০ বংসর বয়সে তিনি Doctor of Law (Juris Doctor)-এর উপযুক্ত হলেও ক্ষ বয়সের জক্ত তাঁকে উপাধি দেওয়া হয় না। Altdorf বিশ্বিভালয় থেকে ডক্টর উপাধি দেওয়া হয় এবং অধ্যাপকপদ গ্রহণের জক্ত আহ্বান করা হয়, কিন্তু তিনি তা নিতে রাজী হন না।

তাঁর দানে তর্কশাস্ত্র, পদার্থবিক্যা, গণিত, আইন এবং ধর্মশাস্ত্র সমৃদ্ধ হয়েছিল। তিনিই প্রথম যোগ-বিয়োগ-গুণ-ভাগ ও বর্গমূল নির্ণয়ের জক্ত যন্ত্র আবিদ্ধার করেন। ১৬৭০ সালে তিনি হানোভারের Brunswick বংশের চাকুরী গ্রহণ করেন এবং শেব জীবন পর্যন্ত চাকুরী করেন কিন্তু প্রায়ই বাহিরে এসে থাকতেন। এই সম্ভান্ত বংশের বংশতালিকা নির্মাণ, ইতিহাস রচনাও গ্রন্থাগার রক্ষাই তাঁর কাজ ছিল। তাঁর রচিত এই ইতিহাসের প্রামাণ্যে প্রথম জর্জ ইংলণ্ডের রাজা হন। তিনিই প্রথম Integral এবং Differential Calculus খাধীনভাবে আবিদ্ধার করেন এবং গণিতজ্ঞ মহলে নিউটন (১৬৪২—১৭২৭) থেকেও তাঁর আবিদ্ধারকে বেশী আকর্ষণীয় করেছিলেন। প্রকৃতিদর্শন, ইতিহাস, ভাষাতত্ব, আইন এবং ধর্মশাস্ত্রও তাঁর দানে সমৃদ্ধ হয়।

Hobbes জাগতিক জীবনের যান্ত্রিক ব্যাখ্যা করেছেন। Descartes বছজগতে এই যান্ত্রিক ব্যাখ্যাকে কেন্দ্রীভূত করেছেন এবং বস্তু ও মনকে তিনি ভগবানের স্বষ্টি মনে করেছেন। Spinoza মনে করেছেন, ভগবানই স্বৃষ্টির হেতুভূত, কিন্তু তিনি বৈচিত্র্যময় জগতের ব্যাখ্যা করেননি। এই দার্শনিকগণের তত্ত্বের মধ্যে লিবনিংজ সম্পূর্ণতা পাননি। তিনি গণিতচর্চা থেকে 'Idea of Continuity' ধারণা করেন। তিনি দেখলেন বিশ্বপ্রকৃতি সর্বজ্জেরে চির-প্রগতিশীল (continuous)। তিনি দেখলেন বস্তু ও বেগ শক্তিতে পরিণত হতে পারে এবং এই যে জনস্তু শক্তি—এর হেতুভূত ভগবান। তিনি বললেন, 'ভগবানই শক্তি', স্বৃষ্টির হেতু, তিনি প্রজ্ঞা, তিনিই ইচ্ছা। তাঁর শক্তি ও ইচ্ছাতেই সর্বোৎকৃত্ত জগবান। তিনি বললেন, 'ভগবানই শক্তি', ব্যায়িত হবে যেহেতু প্রকৃতিরাজ্যে একটা অপূর্ব সম্বন্ধ্য আছে। নবালোকের মুগে মাছ্যবের ক্রমবর্ধ্যান জ্ঞান ও প্রগতির উপর বিশাস গ'ড়ে উঠবার মূলে লিবনিংজ-এর দান অসামান্ত্র। বর্ত্যান মূগের (২০ শতক) Whitehead-এর Actual Entities তত্ত্ব এবং Bertrand Russel-এর 'Perspectives' তত্ত্ব তারই দর্শনের অস্কুস্তি।

তিনি বলেছেন অধ্যাত্ম শক্তির মূল হচ্ছে 'Nomad'—লিবনিংজের "বিশক্তগৎ Nomad স্ট" এই তত্ত্বের অর্থ এই সংক্ষা বারা পরিক্ষ্ট হয়। বিশক্ষণতে একটা সামগ্রন্থ বিভ্যান, এ বিশাস তিনি করতেন এবং Descartes-এর যুক্তিবাদী তত্ত্বেও বিশাস করতেন। দেহ-মনের বৈতরূপ পূর্বতন দার্শনিকদের নিকট বিরাট সমস্তা হ'য়েই ছিল কিন্তু তিনি বললেন দেহ ও মন একই শক্তির বিশেষ বিশেষ প্রকাশ। (২১৭)

যাই হোক, তাঁর এই আদর্শবাদী ব্যাথ্যা বিশ্ব-জীবনের যান্ত্রিক ব্যাথ্যা থেকেও অস্পাই। (২১৮) কিন্তু বর্তমান যুগের দর্শনের যে ধারা, যে উদ্দেশ্রবাদী স্পাইর ব্যাখ্যা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি থেকেও যুক্তিযুক্ত মনে হয় তা লিবনিংজের চিন্তাধারার উন্নতত্ব রূপ। (২১৯)

এই রেনেসাঁ বা নবজাগরণের যুগ সহজে পণ্ডিতগণ একমত নয়। সভ্যতার এই নবতম যুগে যে চেতনা, বৃদ্ধিরন্তি ও বাক্তিবাদ দেখা দিয়েছিল, মাহ্মমের চিত্তরন্তি যে সত্তেজ আশাও আনন্দ নিয়ে এগিয়ে চলেছিল তা সমগ্র জগতের পক্ষে সম্পূর্ণ মঙ্গলকর হয়েছে, এ কথা অনেকেই স্বীকার করেন না। এই নবজাগরণ প্রকৃতপক্ষে তংর্গীয় ধর্মীয় অফুশাসন, তার সংকীর্ণতা অজ্ঞতা ও প্রাধায়ের বিরুদ্ধে বিদ্যোহ। (২২০) মাহ্মম ধর্মীয় শাসনমৃক্ত হ'রে ব্যক্তিস্বাতজ্ঞা চেয়েছিল এবং ভেবেছিল বৃদ্ধিরন্তির বারা জড়জগতকে তারা বশ্র ক'রে আনন্দ ভোগ করবে এবং বৃদ্ধি বারা বিচার ক'রে এবং প্রাচুর্ধির আনন্দে মাহ্মযের হাদয়র্গত্তি প্রসারিত হবে। মাহ্মম মাহ্মমকে প্রসারিত হবে। মাহ্মম বাহ্মমকে প্রসারিত হবে। একদল পণ্ডিত মনে করেন এই মানবতায় বিশাসই ছিল তাদের প্রগতির মূল্ধন। একদল পণ্ডিত মনে করেন এই সময় থেকেই মাহ্মম তার শক্তির প্রতি আত্মপ্রতায় নিয়ে, শক্তির স্বাধীন ব্যবহারের প্রতিশ্রুতি নিয়ে নৃতন জীবনের

⁽२১٩) Ibid-Wright-p. 139.

⁽२३४) Body and mind, according to Leibnitz, are expressions of one and the same spiritual force at different degrees of intensity. Ibid—Joshi—p. 90-91.

⁽२३৮) Instead of idealistic interpretations, which only remains a lable, Leibnitz's doctrine is a confusion worse confounded than even the mechanical interpretation of the universe. Ibid—p. 92.

^{(%&}gt;) Many, perhaps, most philosophers of the present time believe that the world is teleological, and that some kind of modified Theism (which means, God exists distinct from the world although he is present in it. He reveals himself to mankind. Men can come into contact with Him in prayer) is compatible with a scientific view of the world. All who look at philosophy in the way and who believe that it is possible to defend a view that accepts science implicitly and unqualifiedly and yet make room for individuality and freedom and human initiative and activity, accord an important place in the development of modern thought of Leibnitz. Ibid—Wright—p. 134-35.

⁽२२) The Renaissance was, in a sense, a rebellion against the domination of a narrow ignorant monastical tyranny.—The Outline of Literature—John Drinkwater—p. 192.

আশা নিয়ে এগিছেছিল—অভীত অজ্ঞতাও ধর্মান্ধতার বন্ধন ছিন্ন ক'রে। (২২১)
আরও অনেকে মনে করেন বে, নবজাগরণ ধর্মশান্ত্রকারের প্রতি অন্ধবিশাস থেকে
মৃক্তি দিতে গিয়ে তারা ইতিহাস ও বৃদ্ধিবৃত্তির উপর অন্ধ বিশাস এনে দিয়েছেন,
এবং জীবনের স্বাভাবিক ও সমীচীন স্ত্তকে হারিয়ে ফেলেছেন। (২২২)

প্রথর বৃদ্ধিবৃত্তির প্রয়োগে মাহ্ম অধ্যাত্মজগতের বিশাস হারিয়ে ফেলল—পাপ-পূণ্য মিধ্যা হ'বে গেল। বৈজ্ঞানিক আবিদ্ধার ও পরীক্ষা-নিরীক্ষার ঘারা যথন ভগবানের অন্তিষ, পরলোক প্রভৃতির প্রমাণ করা যায় না তথন এসব যুক্তিহীন এবং গ্রহণীয় নয়। মাহ্ম প্রাচুর্য ও বৃদ্ধিবৃত্তি ঘারা জীবনে হুখী হবে, মাহ্ম মহুদ্রত্ব অর্জন ক'রে পৃথিবীকে ভালবাসবে এ আশা সফল হয়নি—পৃথিবীর ইতিহাসই তার প্রমাণ। কেন হয়নি তার কারণ বিশ্লেষণ করলে প্রথমেই মনে হয়—যে বৃদ্ধিবৃত্তির উপর মাহ্ম বিশ্লাস করেছিল সে বৃদ্ধিবৃত্তিই তাকে প্রতারণা করেছে। বড়রিপু পক্ষেক্রিয় ও নির্জ্ঞান মনের বিকার পরিচালিত মাহ্মষের বৃদ্ধি জড়জগতকে পরমার্থ সত্য বলে মনে ক'রে মাহ্মষকে ক'রে তুলেছে আত্মকেন্দ্রিক, অহংপূর্ণ, ইন্দ্রিয়সেবী এবং শোষক। মহুদ্রত্ব অঞ্জিত হয়নি। অধ্যাত্মজগতে বিশ্লাস ও জীবনাতীত, ইন্দ্রিয়াতীত, বিশ্বজনীন অহভৃতি ব্যতীত মানবতা অর্জন স্বাভাবিক নয়—অন্ততঃ সাধারণের পক্ষে।

ব্যক্তি-স্বাধীনতার অমৃত পান করতে গিয়ে মাহ্য পান করল অহংপূর্ণ আত্মকেন্দ্রিক ব্যক্তিবাদের হলাহল। বৃদ্ধির ঘারা, ব্যক্তিগত কৌশন ও ধীশক্তি ঘারা তারা চাইল জগতের স্থপজাগকে আয়ত্ত করতে। ধর্মীয় নীতিবাদভিত্তিক ক্ষমর্ত্তি সঙ্কৃতিত হল, পাপ-পূণ্যের ভয় বৃচে গেল। হ্বদয়র্ত্তির প্রসারতা, অহুভৃতি ও প্রেমের প্রকাশকেই যদি সভ্যতার মাপকাঠি ধরা যায় তবে দেখা যায় বৃদ্ধির অহমিকায় মাহ্যের হ্রদয়র্ত্তি তিমিত হ'য়ে পড়ল। অর্থাৎ এই যুগে এসে মাহ্য হ্রদয়রকে ত্যাগ ক'রে মত্তিককে আপ্রয় করল—সঙ্গে দেখা গেল তার ব্যবসাবৃদ্ধি,—মাহ্যকে ঠকিয়ে, তার হর্বলতার স্থোগ নিয়ে সম্পান বৃদ্ধিই হল ব্যবসাবৃদ্ধির মূল উপাদান। সাহিত্য ছিল মাহ্যেরে কান্তিবোধ ও ক্রদয়র্ত্তির বিকাশ, সেটা ধীরে ধীরে হল ব্যবসার সামগ্রী, মাহ্যেরে ইন্দ্রিয়গত আনন্দলানের সামগ্রী এবং ব্যবসায়ী সাহিত্যকে ক'রে তুলল তার পণ্য। শিল্পায়নের পরে সমাজ-পরিবার যথন ভেক্তে মাহ্যকে করল ছল্লচাড়া তথন ব্রাক্ষনা হলেন বারাক্ষনা। ইন্দ্রিয়সেবী মাহ্যের হ্র্বলতার স্থোগ নিয়ে স্থার্থপত্তক-ব্যবসায় আরম্ভ করল।

⁽२२১) The metaphor of Renaissance may signify the entrance of the European nations upon a fresh stage of vital energy in general implying a fuller consciousness and a freer exercise of faculties than had belonged to the mediaval period.—John Addington Symonds. Quoted from Story of World Literature—John Macy.—p. 203.

⁽१२२) As for the claim that Renaissance delivered men from that blind reliance upon authority which was typical of mediaval thought, that is a fallacy cherished by those who themselves rely upon the authority of historians, blind to the most ordinary process of thought—James. T. Shotwell. Ibid—p. 203.

মাহ্বৰ পৃথিবীতে নেমে এল, জড়জীবনে বেড়ে চলল ভার লাহ্বনা, জটিলভা, সলে দলে চিন্তবিকার ব্যাধিতে পরিণত হল। ব্যাধিগ্রন্থ মাহ্বৰ ভাই আজও পৃথিবীতে হাহাকার করছে জীবনের বেদনায়। অবিভার আগ্রেম্বে জগত আহরণ করল বিষ, নিজ্ঞান মনের প্রাচীর ভেলে সভ্যকে সে আর ব্রুভে চাইল না। এই যুগের সাহিত্যেও এল ভার প্রভাব,—ভারা গ্রহণ করল হবস্ ভেকার্টিন ও ম্যাকিয়াভেলির জীবন-দর্শন। ব্যক্তিয়াভন্ত্রা চাইল, চাইল সাধারণভন্ত্র, কিন্তু এই চাহিদার সলে হলবের সংযোগ নেই, আর্টেরও সংযোগ নেই। মাহ্ব চাইল আনন্দ, চাইল ভোগ করতে, নীতির বন্ধন ছেড়ে সে হল উচ্চুন্ধল। এই আনন্দের ভিড় ও ভোগ থেকে প্রকৃত শিল্পা সরে দাঁড়াল—ভার সাহিত্য পড়ে রইল অক্সাত অধ্যাত হ'য়ে। জগতের কোন বড় শিল্পাই জগতে জীবন্ধশায় জনপ্রিয় হয়নি। (২২৬)

যদিও রেনেসাঁয় একটা স্বাধীন অধ্যাত্মবাদের স্থ্য ধ্বনিত হয়েছিল কিছু মেকিয়াভেলি প্রভৃতির নির্লজ্ঞ বাস্তবতা ও জড়বাদই সাধারণের ম্থরোচক জীবনদর্শন হল, ত্রহ আধ্যাত্মিকতাকে তারা এড়িয়ে গেল ভোগবাদের প্রেরণায়। রেনেসাঁর এই চিস্তাধারা চিন্তবৃত্তি ধীরে ধীরে ইংলণ্ডে উপস্থিত হল এবং উনবিংশ শতকে এই চিন্তবৃত্তি, বৃদ্ধিগত জীবন-দর্শন এসে পৌছল বাংলার মাটিতে। ইংরেছ নাবিকের পণ্যের সঙ্গে, তুলাদণ্ডের পালায় এবং রাজদণ্ডের প্রভাবে।

ইউরোপের নবজাগরণের সমস্ত বৈশিষ্ট্যই ইংলণ্ডে এসে দেখা দিল। ধর্মশাস্ত্র, শাস্ত্রীয় অফুশাসনের বিরুদ্ধে বিজ্ঞান প্রকট হ'য়ে উঠল। তারা আকাশ ও মৃত্তিকার দিকে চাইল নতুন দৃষ্টি নিয়ে,—বৈজ্ঞানিকের বিচার ও দৃষ্টিভিন্দি নিয়ে। ইংলণ্ডে নবজাগরণের সামান্ত একটু ব্যতিক্রম অবশ্য ছিল, সব দেশেই কিছু কিছু ছিল, তবে ইংলণ্ডে এসে সেটা জাতীয়তাবাদের সন্দে মিশে গেল: এবং এই জাতীয়তাবাদের প্রভাবে ইতালীয় বা ফরাসী মানবতা ইংলণ্ডে গৃহীত হল অত্যন্ত ধীরে ধীরে। এই মানবতাবাদ প্রথম ইংলণ্ডে আত্মপ্রকাশ ক'রে Sir Thomas Moore-এর Utopia (১৫১৬) এবং Bacon-এর Instauratio Magna (১৬২০)-এর মধ্যে, কিন্তু এই তুইটি গ্রন্থই লাটনে লেখা। ইংরাজীতে নবজাগরণের স্ক্রেপাত হয় ইতালীর সাহিত্যের অবক্ষয় শুকু হবার পরে এবং ফ্রান্সের Rebelais ও Ronsard-এর পরে।

⁽२२७) That is why no great writer has ever been immediately popular. The books that pass away are the books that have too easily too feverishly interested a generation.—Studies in Prose & Verse.—Arthur Symonds.—p. 106.

⁽२२७) The world is becoming more and more democratic and with democracy art has nothing to do. What is written for the crowd goes to the crowd, it lives its bustling day there and is forgotten like to-day's newspaper to-morrow. ... For the first time in the history of the world as Mr Collins points out, the crowd has found for itself a loud multitudinous voice. It has thrown off its chains, the chains of good taste, it has won liberty, the liberty to misbehave.... Books multiply, praise is tossed about; but the artist stands aside...because there are no longer any judges, or their voice is drowned by the gabble of the jurymen, as they disagree amongst themselves, and refer in verdict to the bystanders.—Ibid—p. 191.

প্রোটেন্টাণ্ট ধর্মের প্রভাবে ইংলও মধ্যযুগের ভাবধারা থেকে ভাড়াভাড়ি মৃক্তি পায় কিছু তার সাহিত্য মধ্যযুগীয় হয়েই ছিল। নৃতন সাহিত্য যা এসে পৌছল তার সবই ফরাসী সাহিত্যের অস্থবাদ, এবং এই অস্থবাদের সঙ্গে ফরাসী চিস্তাধারাও ইংলওে বাসা বাঁধল।

১৪৯০ থেকে ১৫২০-র মধ্যে যখন ধর্মবিপ্লব গুৰুতর হ'য়ে উঠল তখন কয়েকজন ইংরাজ সত্যকার গ্রীক-দর্শন ও মানবতাবাদের সন্ধানে ফ্লোরেন্স, বোলন, ভেনিস ও রোমে এলেন। Thomas Lencare (১৪৬০-১৫২৪), William Grocyn (১৪৪৬-১৫১৯), এই তৃজন ইতালী থেকে গ্রীক অধ্যয়ন ক'রে এবং নবজাগরণের মানবতাবাদে দীক্ষা নিয়ে অক্সফোর্ডে ফিরে গিয়েগ্রীক শিক্ষা দিতে শুরু করেন। ১৫০৪ সালে St. Paul's School স্থাপিত হয় এবং সেখানে ইতালীতে শিক্ষাপ্রাপ্ত John Colet (১৪৬৭-১৫১৯) গ্রীক ও লাটিন ভাষার মাধ্যমে নৃতন শিক্ষাধারার প্রবর্তন করেন। এই কয়েকজন অধ্যবসায়ী বিজ্ঞোৎসাহীর চেন্তায় ও গ্রীক লাটিন শিক্ষার প্রভাবে ইউরোপীয় নবজাগরণের ভাবধার। ইংলণ্ডে স্থায়ীভাবে প্রভাব বিস্তার করেল। (২২৪)

Moore-এর Utopia ১৫৫১ সালে ইংরাজিতে অন্দিত হয়। এই গ্রন্থে তিনি বেগৰান ভাষায় অতীত ভাৰধারা ও যুক্তিহীন সংস্কারের প্রতিবাদ করেন এবং যুক্তির ছারা নতন চিন্তাধারাকে সমর্থন করেন। পত্নীজ ও স্প্রানিশদের নতন নতন দেশ আবিষার ও Amerigo Vespucci-র নানা গল্পে তিনি অমুপ্রাণিত ছয়েছিলেন। অক্সলিকে তাঁর ইউটোপিয়া প্লেটোর রিপাবলিকের আদর্শ রাষ্ট্রের উপর প্রতিষ্ঠিত। পুরাতন জীর্ণ সমাজ ও বছ শতকের পুরাতন বিশাসকে ভেক্ দিতে তিনি কঠিন যুক্তির আশ্রয় নিয়েছেন। তিনি Scholastic দর্শনকে বাঙ্গ করেন এবং গ্রীক-দর্শন যে লাটিন-দর্শন (সেনেকা ও সিসেরো ব্যতীত) থেকে শ্রেষ্ঠ এ কথ। সপ্রমাণ করেন। তাঁর প্রস্থে মানবভার বাণী ধ্বনিত হয়েছে সন্দেহ নেই। তিনি যুদ্ধকে অসভ্যতা বলেছেন, সিভালরিকে বাদ করেছেন, সৈনিককে হত্যাকারী वालाहन, किन्ह जा नायु अध्याकनायाय युक्त वार युक्तकायत क्रम अजातेशा अ গুপ্তচরবৃদ্ধিকে সমর্থন করেছেন।(২২৫) স্বার্থপর জাতীয়তাবাদের প্রভাবে তিনি অজ্ঞাতে মেকিয়াভেলির নির্লক্ষ জড়বাদকে গ্রহণ করেছেন। মানব-জীবনের একটা আদর্শবাদ তাঁর ছিল সত্য কিছ তিনি ত্যাগবাদ, এবং সংযত আনন্দের বিরোধিতা ক'রে জগতে স্থথভোগই কাষ্য ব'লে প্রচার করেছেন। তিনি মাহুষকে ভাল ব'লে বিশাস ক'রে নিয়েই এই ভোগবাদের কথা বলেছেন কিন্তু মাত্র্য ভাল নয়, তাই তাঁর রচনা মান্থবের অসংযমকে বাড়িরে তুলেছে। তাঁর নিজম জীবন ও তাঁর গ্রন্থ

⁽२२8) A History of English Literature—Legouis and Cazamian.—p. 207-9.

⁽२२६) War was, according to Moore, justifiable only as a last resort and should be waged in a purely utilitarian sprit, using the tricks of espionage and treachery. Unintelligently he was taking up the same ground as Machiavelli.... Ibid—p. 210.

জনেক প্রভেদ, তিনি বৃদ্ধি দিয়ে বিচার করেছেন বিৰেক দিয়ে বিচার করেননি। (২২৬)

Sir Thomas Elyot (১৪৯০-১৫৪৬) শিক্ষা ও নৈতিক দর্শন সহছে ইতালীর লেখক Pontano এবং Patrizzi-র অমুকরণে শাসকদের নীতি ও কর্তব্য প্রসঙ্গে তাঁর Governor গ্রন্থ লেখেন। রোমের নাগরিকতাবোধ ও আইনামুবর্ডিভা নীতিবোধের মাপকাঠিতে পরিণত হয়েছে।

এমনি ক'রে ফ্রান্স ও ইতালীর নবজাগরণের মন্তিকবৃত্তি ধীরে ধীরে ইংলণ্ডেও উপন্থিত হল, ধলিও ইংলণ্ডের মাটিতে ফলপ্রস্থ হতে তার একটু বিলম্ব হয়েছিল। ধীরে ধীরে এলিজাবেথীয় ধ্গে এসে তা পরিক্ষৃতি হল। আদর্য যে, একই ভাবধারা একই মানবতার বাণী সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়লেও সমগ্র ইউরোপ কিছু একতাবদ্ধ হ'য়ে একই পথ গ্রহণ করেনি। দেশে দেশে এই নবজাগরণের মন্তিকবৃত্তি ভিন্ন জিন্ন কপ নিয়েছে এবং তার ফলে যুগ্র্গ ধ'রে চলেছে হানাহানি, শোষণের প্রতিযোগিতা। ইউটোপিয়ায় যে পার্থিব স্থভোগের আদর্শ প্রচারিত হয়েছে তা ইংলণ্ডে অন্ততঃ রুথা হয়নি, কারণ তার পিছনে বিবেকবৃদ্ধি ছিল না,—স্কার ছিল না। বৃদ্ধিরতি বেড়ে গেল কিছু স্থায়ের প্রসারতা এল না,—শৃত্যান্স্ জাগ্রত অহংবাদ পৃথিবীর মৃক্ত অঙ্গনে হানাহানি শুরু করল। রেনেসাঁ মান্থবের মনকে ধর্মীয় সংস্কার ও যুক্তিহীন অন্ধ্যাসনের শৃত্যান্য্ক ক'রে তাকে দিল মন্তিকবাদ, বিবেকহীন বৃদ্ধিরতি, ভোগধর্মী অহংবাদের অর্ণশৃত্যাল।

পক্ষান্তরে একথাও অবশ্ব স্বীকার্য যে, মাহ্র্য তার যুক্তি বৃদ্ধি ও শিক্ষার সম্পদে সমাজচেতনা ও মানবতা অর্জন করতে পারত,—হাদ্যরন্তিকেও প্রদারিত করতে পারত। অথবা মানবের হাদ্যরন্তি একেবারেই প্রসারিত হয়নি একথাও বলা যায় না। তবে সাধারণভাবে মাহ্র্য যথন অধ্যাত্মবাদের উপর আস্থা হারিয়ে ফেলে তথন পাথিব জীবনের স্থভাগই জীবনের পরমার্থ হ'য়ে ওঠে। ইন্দ্রিয়েখ্যান্থতা ভাগর্ত্তি তাকে ক'রে তোলে উদ্ধাম আত্মকেন্দ্রিক এবং সঙ্গে হাদ্য সন্ধৃতিত হ'রে তাকে অহংপূর্ণ ক'রে তোলে—পরার্থবাদ তার কাছে নির্ম্বক ব'লে মনে হয়। না হলে কান্ট ও হেগেলের আদর্শবাদ মাহ্যুয়কে মানবতার শিক্ষায় দীক্ষা দিতে পারত কিছু তা সম্ভব হয়নি। যেমন, আজ ভারত ত্যাগবাদ ও অধ্যাত্মবাদের ভিত্তিকে ধ্বংস ক'রে মন্তিহ্বগত নতুন শিক্ষার প্রভাবে সমন্ত নীতি ও মানবতা বিসর্জন দিয়েছে এবং স্বর্ণাহরণই হয়েছে তার পরমার্থ—ঘুম, কালোবাজার, ম্নাফাবাজী কোনটাই আর হ্নীতি ব'লে ব্যক্তিজীবনে গৃহীত হয় না। তাই অশিক্ষিত তথাকবিত্ত পাণ-পূণ্য, পরলোকের বিশ্বাদে সংস্কারান্ধ ভারতে, ৩০ বংসর পূর্বেও একটু থাটি ঘি ও হুধ মিলত কিছু শিক্ষিত প্রগতিনীল ভারতে আজ থাটি

⁽२२७) The contrast between his Utopia and his own life betrays a principle of unreality. The ideas of his book were on a level with his intelligence rather than deeply rooted in his conscience.—Ibid—p. 211.

শ্বত ও তৃগ্ধ বাবের তৃধের থেকেও তৃত্থাপ্য। ধর্মীয় কুসংস্কারে যা সম্ভব ছিল আছ মন্তিষ্ণত অর্থকরী শিক্ষায় তা আর সম্ভব নেই।

ইতালীয় নবজাগরণের উৎস এ্যারিসটিল। তিনি ট্যাঙ্গেডিকেই শ্রেষ্ঠছ দিয়েছিলেন কিন্তু এই নবজাগরণ যুগের ক্লাসিক লেখকগণ মহাকাব্যকেই সর্বোপরি স্থান দিয়েছেন, তাঁরা ভার্জিলকে শ্রেষ্ঠ মহাকাব্যের কবি ব'লে অভিহিত করেন। এ যুগের একটি বৈশিষ্ট্য জাতীয়তাবাদ। ভার্জিল তাঁর Ænied কাব্যে লাটিন জনগণকে ট্রের বংশধর ব'লে বর্ণনা করেছেন, তারা ভগবানের বিশেষ প্রিয়, বীরজাতি, মানবসমাজে শ্রেষ্ঠ। এই আত্মশ্লাঘার জন্মেই সম্ভবতঃ ভার্জিল শ্রেষ্ঠ কবি ব'লে সম্মানলাভ করেন। এতদিন পর্যন্ত লাটিনে কাব্য লেখাই সম্মানের ও আভিজাত্যের লক্ষণ ছিল। পেট্রার্কের Africa কে এই সময়ে খুবই মূল্য দেওয়া হল কারণ তার মধ্যে রোমানদের কার্থেজ বিজয় এবং অ-প্রীষ্টানদের বিক্ষে প্রীষ্টানদের যুদ্ধের বর্ণনা জাতীয়তাবাদের ইন্ধন জ্গিয়েছে।

নবজাগরণের প্রথম মহাকাব্য Ariosto-র Orlando Furiosocক তথন মানবতাবাদী সমালোচকর্ন্দ বাতিল ক'রে দিলেন ঘেহেতু তা Ænied বা Chanson de Roland-এর শ্রেণীভূক্ত নয়—বরং ১৬শ শতকের রোমান্দের মত। তাঁর উদ্দেশ্য ছিল আনন্দদান এবং ভার্জিলের উদ্দেশ্য ছিল নৈতিক মান উন্নয়ন। Pope Leo X অন্থত্ত করেছিলেন ভাব ও ভাষার গান্ধীর্থ ব্যতীত মহাকাব্য সম্ভব নয়, তিনিAriosto-র কবিতা প্রকাশের তিন বৎসর পূর্বে Marco Girolamo Vida (1480-1566) নামক এক ইতালীয় যাজককে লাটিনে Christiad লিখতে আদেশ দেন। তিনি নিউ টেন্টামেন্টের কাহিনীকে ভাজিলের মত স্থলর ও মন্থণ ভাষায় কাব্যরূপ দেন। তাঁর বর্ণনা বান্তব ও অসাধারণ সন্ধতিপূর্ণ হলেও তা পরবর্তী লেখকগণকে অন্থপ্রাণিত করেনি। মিন্টন ও পোপের ভিতর তাঁর কিছুটা প্রভাব দেখা যায়। কিন্তু Vidaর এপিক সম্বন্ধে সংজ্ঞাও তত্ত্ব পরবর্তী কবিগণকে প্রভাবিত করেছিল।

প্রভূ গীজ Luis de Camões ভার্জিদের সত্যকার অনুগামী। তিনি দেশ থেকে নির্বাসিত হ'য়ে ভারত ও চীনে এসেছিলেন এবং প্রাচ্য সভ্যতাকে থর্ব ক'রে লাটন সংস্কৃতি প্রচারের জন্ম অনেক দিন ছিলেন। তিনি ভাস্কোডাগামার ভারতযাত্রাকে কেন্দ্র ক'রে Os Lusiadas (The Sons of Lusus) কাব্যে সমস্ত পর্তুগালের ইতিহাস সরিবেশিত করেছেন—একটি জাতি তার নায়ক এবং সমস্ত দেবদেবী এই জাতির ভাগ্যের সক্ষে জড়িত। অ-খ্রীষ্টানদের বিরুদ্ধে জেহাদের উত্তেজিত হার আগাগোড়া ধ্বনিত হয়েছে। তিনি নিজে ভাস্কোডাগামার সক্ষেতারত অভিযানে ছিলেন, ঝড়ের বিপর্যর, শক্রু আক্রমণ, বন্দরের বৈশিষ্ট্য সবই তিনি প্রত্যক্ষ করেছিলেন, এই অজ্ঞিক্ততা এবং তার সক্ষেত্রার লাটিন সাহিত্যে পাণ্ডিত্য ভার্জিনের দক্ষতাকে তাঁর পক্ষে হুগম ক'রে দিয়েছিল এবং তাঁর অভিক্রতাপ্রস্ত এই কাব্য বাস্তবাহুগ হ'য়ে উঠেছিল। পুরাতন মহাকাব্যের অলক্ষার

জতিকল্পনা, বৈচিত্ত্যা, দেবদেবীর আবির্ভাব প্রভৃতিকে তিনি ব্যবহার করেছেন জাতীয় গৌরবকে অক্ষয় করবার জন্ম। ক্ষুত্র পতুর্গালের এই লাটিন ঐতিহ্ন রোম জয়ের মত বিরাট কিন্ধ তার এই জাতীয় গৌরব স্পোনর হাতে Don Sebastiao-র প্রাজয়ে ভেকে পড়ে। পতুর্গালের এই শোচনীয় প্রাজয় Seville-এর স্পানিশ কবির হাতে মহাকাব্যে পরিণত হয়।

মোনের Alonso De Ercilla (১৫৩৩-৯৪) তাঁদের চিলি দখলের অভিযানে সক্রিয়ভাবে যোগদান করেন। La Araucana কাব্যে এই বিজয়-অভিযান বর্ণিত হয়েছে। স্পেন তথন আটলান্টিকের ওপারে বছরাজ্যের অধীশর। কিন্ত Os Lusiadas থেকে তাঁর মহাকাব্য অনেকাংশে অসংবদ্ধ, দৃষ্ঠ ও ঘটনা নিবিড ঐক্যে সামগ্রিকতা লাভ করেনি। তিনি Araucanian ইণ্ডিয়ানদের মধ্যে বহু মানবীয় গুণাবলীর আরোপ করেছেন, যার থেকেই noble savageএর আইডিয়া ইউরোপে দেখা দেয়। স্পানিশ যোদ্ধাগণের শৌর্য-বীর্য-অনস্তা প্রভৃতির বাস্তব বর্ণনার সঙ্গে ইণ্ডিয়ানদের অসহায় নিক্ষল যুদ্ধের বেদনা অত্যন্ত সংবেদনশীল হ'য়ে ফুটেছে। বর্বর রেড ইণ্ডিয়ান নায়ক Caupolican ৩০ বংসর যুদ্ধের পরে স্প্রানিশদের হাতে নিহত হন। কবি সহামুভতির সঙ্গে বলেছেন তিনি যাদ ম্পেনের রাজা হতেন তবে এই হত্যা হতে দিতেন না। এই সঙ্গেই তিনি স্পেনরাজ দ্বিতীয় ফিলিপের ন্যায়বিচার ও খ্রীষ্টধর্মের মহত্বও প্রচার করেছেন। কাহিনী বান্তব হওয়া সন্ত্তে এ কাহিনী ইতালীর ভার্জিলের অহুগামী, তিনি Ariosto-র রোমাণ্টিকতাকে বর্জন করেছেন। প্রথমেই তিনি বলেছেন,— "I sing not of ladies or love and chivalrous deeds of love-lorn Knights"। তাঁর কাব্যের গতি নীতি প্রচারের ভারে মাঝে মাঝে ভারাকান্ত কিন্তু তুলনা, বর্ণনা ও কাহিনী বান্তব ও প্রত্যক্ষ। তাঁর জগত El cid-এর মত বিষয়মুখী,—তাতে Tassoর জীবনস্পন্দন আছে কিন্তু তাঁর জীবনম্বপ্ল নেই, জীবনের জটিলভাও নেই।

ইতালীতে এই জাতীয় মহাকাব্য খুব সফল হয়নি। Giangiorgio Trissino (১৪ ৭৮-১৫৩০) ইতালীর বিশ বৎসর যাবৎ যুদ্ধে গথদের হাত থেকে রোম উদ্ধার ও জান্টিনিয়ানের বিজয়-অভিযান কাহিনী নিয়ে মহাকাব্য লেখেন কিন্তু তা Ariosto-র কাব্যের নিকট তুচ্ছ। Torquato Tasso (১৫৪৪-৯৫) এরিওন্টোর মত ফেরারা কোর্টের সঙ্গে যুক্ত ছিলেন, তিনি রোমান্স ও মহাকাব্যের একটা সমন্বয় করতে চেয়েছিলেন। তিনি কুসেডের ঘটনা নিয়ে Rinaldo কাব্য লেখেন। আর্কেডিয়ার অমুকরণে তাার Aminta কাব্য। তাার শ্রেষ্ঠ কাব্য Gerusalemme Liberta, কুসেডের কাহিনী নিয়ে লেখা, যদিও তা Lusiadas (ম্প্যানিশ)-এর মত ঐতিহাসিক নয়। মহাকাব্যস্থলত বিম্ময়, অভাবনীয় ভাবে জীবনরক্ষা, শহীদ-মৃত্যু, বীরত্বপূর্ণ যুদ্ধ, দেবদৃত, অলোকিকতা সবই স্থান পেয়েছে; এবং প্রধানতঃ 'অসম্মান থেকে মৃত্যু শ্রেষ্ঠ এই নীতিই তিনি গ্রহণ করেছেন।

পদ্ধীকাব্য ও এই এপিককাব্য তাঁকে সাময়িক খ্যাতি দিয়েছিল কিছ অপ্রিয় ভারণের জন্ম পরে ৭ বংসর কারাবাস হয়। কারাগারে তিনি Torrismonda নামে একথানি ট্রাজেডি লেখেন, কিছ তথন তাঁর অহপ্রেরণা নির্বাপিত প্রায়। তার পর ৬ বংসর তিনি পোপের পক্ষপুটে বাস করেন।

১৬শ শতকে ইতালীয় সাহিত্যে তাঁর শ্রেষ্ঠ দান তাঁর কবিতা। তাঁর বিষয়মুখী কবিতার মধ্যে ভবিয়তের রোমাণ্টিক ভাবের বীজ নিহিত ছিল। তথন প্রতি-বিপ্লবের ফলে ব্যক্তিস্বাধীনতা লুপ্ত, ইতালীয় ছই দার্শনিক Bruno ও Cumpavella অগ্নিতে ও কারাগারে জীবন দিয়েছেন। রেনেসার মাকুর স্বাধীন ব্যক্তি হিসাবে বাঁচতে চেয়েছিল কিন্তু তখন ইতালী বা স্পেনে স্বাধীনতার কোন গদ্ধ ছিল না। অতএব থারা লিথতেন তাঁদের কর্তার ইচ্ছামত লিথতে হত। খাধীন চিন্তায় জীবনবৈচিত্র্য নিয়ে লিখতে চাইলে তাঁকে কারাগারের অন্তরালেই জীবন কাটাতে হত। এমনি কারণে Tasso শেষ জীবনে উন্নাদ হ'য়ে যান এবং আরও অনেককে তাঁর ভাগ্যামুবর্তী হতে হয়। ১৬শ শতকের ইতালীয় কবিতা প্রধানত: গীতিকবিতা। Tasso তাঁর গীতিকবিতাতেই শ্রেষ্ঠ প্রতিভার পরিচয় Tassoর স্থারে কবিতা লিখেছিলেন গীতিকবি Giambattista Marino (১৫৬৯-১৬২৫) এবং তাঁর থেকেই কবিতার নৃতন শৈলী Marinism নাম নিয়ে সমগ্র ইতালী ও ভূমধ্যসাগরতীরবর্তী দেশে অত্মকত হয়। তাঁর কবিতা ও লিখনভঙ্গি পাঠককে বিশ্বিত করে, হুম্ভিত করে কিন্তু তার অমুভূতিকে জাগ্রত করে না। তাঁর শ্রেষ্ঠ কাব্য Adone, দেহগত প্রেমবর্ণনায় ভারাক্রান্ত এবং তাঁর বর্ণনা বছবিকীর্ণ ও ভুচ্ছতম বর্ণনার আধিক্যে সামগ্রিক রূপকে আচ্ছন্ন করেছে। তাঁর এই রীতি ফ্রান্সে ও স্পেনে কবিতার স্বত:কুর্ততার অধঃপতন ঘটায় এবং এর ঢেউ ইংলওেও পৌচেছিল।

Marinoর সমসাময়িক কবি ছুর্ভাগ্য Tommaso Campanella তাঁর ধর্মমতের জক্ত ৩০ বংসর কারাবাসে জীবন কাটান। তাঁর কবিতা মারিনোর মত স্থগঠিত স্থলর না হলেও একটা একাস্ত আন্তরিক অমুভূতিতে সমুজ্জন। Gabriello Chiabrera (১৫৫২—১৬৬৮) গীতিকবিতাকার ও সন্ধীতকার; এবং Fulrio Testi (১৫৯৩—১৬৪৬) জাতীয়তাবাদী কথা ও ব্যব্দের জক্ত খ্যাতিলাভ করেন কিন্তু এঁলের প্রতিভা কালজ্যী নয়। এঁদের পরেই সাহিত্যক্ষেত্রে ইতালীর নেতৃত্ব নিপ্রান্ত হ'য়ে আসে।

এই সময়ে স্পেনে লাটিন শৈলী (Cultismo) এবং ব্যাপক উপমা ব্যবহার (Conceptismo) খুব প্রচলিত হ'য়ে স্পেনের স্বাভাবিক কবিতাকেও অধংপতিত করে। পূর্বে স্পেনের কবিতা দক্ষিণাঞ্চলে প্রীর্দ্ধি লাভ করেছিল এখন উত্তরাঞ্চল Saragossaতে নৃতন রূপ নিল। Lupercid Leonardo de Argensola (১৫৫৯-১৬১০) এবং তাঁর ভাই Bartolomé (১৫৬১-১৬০১) Luis de Leonএর আদর্শে বাস্তববাদী কবিতা লিখতে আরম্ভ করেন। তাঁরা উভয়েই

ইতিহাসকার এবং হোরেসের ভাবাস্থ্যারী গ্রাম্য শাস্ত পরিবেশের মধুরতা নিম্নের কবিতা লেখেন। ধর্মীয় তত্ত্ব ও মতবাদ সম্বন্ধেও তাঁরা ষ্থেষ্ট চিস্তাশীলতার পরিচয় রেখে গেছেন।

Lope de Vega Carpio (১৫৬২-১৬৩৫) এই যুগের একজন শ্রেষ্ঠ লেখক। তিনি সামার বংশের ছেলে এবং তাঁর রচনাও সাধারণের জল্ম। সময়েই ম্যান্তিদে প্রথম রহমঞ্চ স্থাপিত হয়। তাঁর বাল্যকালে তিনি দেখতেন ইতালী থেকে আমামান থিয়েটার আসত। তার পূর্বে Encina ও Naharroর লেখা ক্ষেক্থানি পৌরাণিক ও পল্লীকাহিনীভিত্তিক নাটক মাত্র ছিল। Guiton's Needle প্রভৃতি কয়েকথানি ছোট প্রহসন রচিত হয়েছিল এবং তা প্রখ্যাত অভিনেতা Lope de Rueda (১৫০৫-১৫৬৫) অভিনয়ও করেছিলেন। তিনি ও কারভেন্টিদ পূর্ণ নাটক লিখতে চেষ্টা করেছিলেন কিন্তু কারভেনটিসেক রোমান নাটকের ধরনে লেখা Numancia ব্যতীত কোনটিই নাটক আখ্যা পাওয়ার উপযুক্ত নয়। লোপ নাটক লিখতে আরম্ভ করলেন, কিন্তু তথন পাছশালার অঙ্কন বাতীত অভিনয়ের স্থান ছিল না। ১৫৮৫ সালে মাজিলে তিনটি রক্ষমঞ্চ স্থাপিত হয়। লোপ্ শেকস্পীয়র থেকে ছ'বছরের বড় এবং ৭৩ বৎসর বেঁচেছিলেন। তিনি প্রচুর লিখেছেন, কবিতা, এপিককাব্য ব্যতীতও ১৭০০ থানি নাটক লিখেছিলেন, তার মধ্যে ৪৭০ খানা আজও জীবিত। বিভিন্ন ভাবামুযায়ী বিভিন্ন ছলে লেখা তাঁর নাটক-ইংলণ্ডের মত অমিত্রাক্ষর ছল তথনও স্পেনে ছিল না। তার লেখা সর্বক্ষেত্রেই বিস্তার লাভ করেছিল,—ঐতিহাসিক, মেলোড়ামা, ধর্মমূলক সব রকম নাটকই তিনি লিথেছেন কিন্তু সবই ঘটনাপ্রধান, চরিত্রের কোন প্রাধান্ত নেই—সবই বাইরের ঘটনা, অন্তরের প্রেরণা ও অমুভৃতি নেই। তিনি জানতেন তাঁকে বাধ্য হ'বে সাধারণের জক্ত প্রাচীন নাটক থেকে নিয়খেণীর নাটক লিখতে रायह ; त्रक्य जिनि नाधावन नर्मकरक निन्ता करवहन। जिनि धाविक्ठें रेनव নাটকবিধি লব্দন ক'রে, ইংলণ্ডের নাটকের মত আখ্যান ও উপআখ্যানের উপরই নাট্যরস বিক্রাস করেছেন। যথন সম্রান্ত প্রভুরা, প্রেম, রাজার প্রতি আফুগত্য, বিরোধিতা, আত্মসমান প্রভৃতি নিয়ে নাটকের ঘটনা স্বষ্ট করেছেন তথন তাঁদেরই চাকর ঝি মিলে তাঁলের এই ঘটনাকে ব্যঙ্গ করেছে। The Gracia বা কৃষক ভাঁড়ের চরিত্র পূর্ণ চরিত্র—এই চরিত্রটির অফুক্তি স্প্যানিশ ও ইংরাজী সাহিত্যে পাওয়া যায়। লোপ নিজে দরিদ্রবংশজাত, সম্ভবত: সেই কারণেই তাঁর নাটকে প্রথম শ্বেণীসংগ্রামের ছবি পাওয়া যায়। শ্বেণীসংগ্রামকে ভিত্তি ক'রেই তাঁর প্রধান তিনখানি নাটক, Peribanez, Fuenteovejuna এবং El mayor alcalda el Rey (The Fairest Judge is the King) লেখা। সামস্তগণের বিক্রমে কুষক বিজ্ঞোছ पदः त्राजात चात्रा त्महे वित्वाह नित्रमन हरम्राह—त्मथक वित्वाहरक मर्थन करतननि. বাজার গৌরব বর্ণনা করেছেন কারণ তথন রাজা সামস্তগণের প্রভুত্ব ধর্ব ক'রে ক্ষকদের অধিকারদানের পক্ষপাতী। এই ভিনটি নাটকে কোন নায়ক নেই. কৃষকেরা সমবেতভাবেই নায়ক। অবশ্র তাঁর কোন নাটকেই নায়ক নেই, এবং স্থান পাত্র ও সময়ের সমন্বয় নেই। তাঁর লেখা ভাল নাটকগুলি শেক্ষপীয়রের Love's Labour Lost ও All's Well That Ends Well নাটককে শ্বরণ করিয়ে দেয়। ট্রাজেভিকে তিনি এড়িয়ে গেছেন, কেবলমাত্র একথানি নাটক (The Knight of Olmedo) ট্রাজেভি এবং তা মাত্র একবার অভিনীত হয়েছিল।

তাঁর স্থান বর্ণনা, গ্রাম্য সঙ্গীত ও ছন্দ স্থাভাবিক ও বাত্তব। আখ্যানবস্তুর জন্ম তিনি ইতিহাস, ইতালীয় গল্প বিশেষতঃ Bandello-র গল্প গ্রেছেন। (এই Bandello-র গল্প শেক্সপীয়রও গ্রহণ করেছেন) তাঁর আখ্যানভাগ বিস্থাস, সংগঠন সবই প্রত্যক্ষ এবং বাত্তব।

এই সময়ে নাটকলেখার রীতি সম্বন্ধে তাঁর The New Art of Play writing in these times (Art nuevo de bacer comedians en este tiempo) কাব্য প্রবন্ধে বলেছেন, "In the first act outline the case, in the second connect the action in such a way that, half way through the third, scarcely any one can guess how things will end." (২২૧) এই সংজ্ঞা তাঁর নাটকেই বার্থ হত যদি না তাঁর গীতি-কবিভার শক্তি, ভাষার প্রত্যক্ষতা ও ঘটনার সাবলীলতা তাঁর নাটককে কথিত অপেরায় (spoken opera) পর্যবিত্ত না করত। তাঁর নাটকে বৈচিত্র্য আছে কিন্তু গভীরতা নেই,—কোতৃহল ও আনন্দ আছে কিন্তু করণা-ভয়-উৎসাহ প্রভৃতি অনুভূতির বিকাশ নেই।

তাঁর সর্বাক্ষ্মনর সাহিত্য-কীতি তাঁর গীতি-কবিত।। লোপ স্বভাব অস্থায়ী কৰি। তাঁর লেখা প্রেমের সনেট, কডকগুলি ধর্মীয় কবিতা এবং একটি পবিত্র মান্ধ-নাটক (The Bethelhem Shepherds) তার শ্রেষ্ঠ দান। এমনি স্থন্দর কবিতা, ভাবাবেগসমৃদ্ধ অস্তৃতি Luis de Leon-এর পরে রেনেসাঁর আর কোন কবি লিখেছেন কিনা সন্দেহ।

জীবনে তিনি সাধারণের মত স্থায়েষী মান্ত্র, প্রণয়ের কৃটিলতা থেকে মৃক্তি পেতেই সম্ভবতঃ ধর্মকে আশ্রয় করেছিলেন। জীবনের ব্যর্থপ্রেম ও ছঃখকে ভ্লতেই বিবেকের তাড়নায় ধর্মের শরণ নিমেছিলেন। অসম্ভব শ্রমে সারা জীবন লিখেছেন, তাঁর পল্লীকাহিনী Arcadia-ই ছিল তাঁর অস্তরের আশ্রয়্ছল। তাঁর The Battle of the Cats (La Gatomaquia) আজও স্থপাঠা। তাঁর শেষ নাটক Dorotea, La Celestina-র অন্তকরণে লেখা তাঁর বাল্য প্রণয়কাহিনী। তাঁর নায়িকা তাঁর প্রতি এবং তার স্থামীর প্রতি সমান প্রয়ঞ্জনা ক'রে গেছে। এই গছ্য নাটকে নানা আলোচনার মধ্যে রেনেসাঁর শ্রেষ্ঠ গছ্যীতির নিদর্শন রয়ে গেছে।

Lope-এর নাটকগুলি মঞে সাফল্য লাভ করায় তখন বহু নাটক সৃষ্টি হতে

লাগল। কোন নাটকই তথন ৪।৫ বারের বেশী অভিনীত হত না ব'লে নাটকের বক্তা বরে গেল। ইতিহাস, ইতালীয় গল্প, পুরাতন রোমান্স মন্থন ক'রে স্বল্পীবী নাটক স্পষ্টি চলল। তার মধ্যে Guillén de Castro (১৫৬৯-১৬৩১) Cid-এর গল্প নিয়ে যে ত্'ধানি স্মরণীয় নাটক লেখেন, তার মধ্যে রোমান্সের সৌন্দর্য ও গতি সার্থকতা লাভ করেছিল।

Lope-এর পরে নাট্যকারগণের মধ্যে Gabriel Téllez (১৫৭১-১৬৪৮) সাহিত্য-ইতিহাসে বিশিষ্ট স্থান নিয়ে আছেন। তিনি Tirso de Molina এই বেনামে লিখডেন। ইনি Don Juan-এর বছখ্যাত কাহিনীকারদ্ধণে প্রসিদ্ধ। ঠার The Practical Joker of Seville (Burlador de Sevilla)-এর এই চরিত্র পরবর্তী বছ নাটকের নায়করণে অহুকৃত হয়। Lope কবি কিছ ইনি গছলেথক এবং ইতিহাসকার। কবিতায় তিনি চালু ছন্দের আশ্রম নিয়েছেন মাত্র। তার বিষয়বস্তু ধর্ম মূলক কিন্তু তিনি শাস্ত্র অপেক্ষা চরিত্র সৃষ্টি ও ঘটনা সংস্থাপনকে বেশী প্রাধান্ত দিয়েছেন। তেজবিনী নারী চরিত্র স্টিতে তার বিশেষ প্রীতি এবং তার নারীচরিত্র অনেক সময়েই শেক্সপীয়রের নারীচরিত্রের মত পুরুষ বেশে উপস্থিত हाराइ। धीं। त्म्भारन श्वाचाविक हिन ना, कांत्रग हेश्नए नात्रीहतिख वानरक অভিনয় করলেও স্পেনে অভিনেত্রীরাই করতেন। তাঁর নারীচরিত্রের মধ্যে Prudence in Women (La Prudencia et la Mujer)-এর নারীচরিত্রই প্রধান। তাঁর Shy Man at Court নাটকে একটি চতুর মেয়ে স্থকৌশলে তার লাজুক প্রেমিককে প্রস্তাব করতে বাধ্য করেছে এবং Mari Hernandez এক ক্লবক-क्या. हमकश्रम ७ मत्नामधकत कोमल धक्कन मञ्जास वाक्तिक विवाद करतहा। তার ঘটনাবিকাস কৌশল ও সংলাপ জন্মর। নাটকের হাতারস প্রায়শ:ই ব্যখ-শ্লেষে পরিণত হয়েছে। তিনি নিচ্ছে এক সম্ভ্রান্ত ব্যক্তির জারজ সম্খান; সেই-জন্তই সম্ভবতঃ সমাজের প্রতি তাঁর একটা নিদারুণ বিষেষ ছিল। এই তুর্ভাগ্যের কলমকে তিনি সারা জীবনেও ভূলতে পারেননি। তার বিশ্ববিখ্যাত হুর্ধর্য প্রণয়বীর Don Juan চরিঅটি তারই সং-ভাই—তার পিতার বৈধ সম্ভান—সম্ভাম্ভ তরুণের চরিত্র। ডন জোয়ান চরিত্র অবশ্র ভার চেয়েও অনেক বেশী করিতকর্মা, তিনি পরবর্তী যুগের রেনেসার অবতার। (২২৮) তাঁর প্রতিটি প্রণয় অভিযান যেন এক-একটি যুদ্ধজয়। তাঁর valet Catalinon-এর সঙ্গে Sanchoর অনেকটা তুলনা করা যায়। এই চরিত্রটি ডনের কার্যের সমালোচনা ক'রে গেছে। ভার ব্যভিচার একটা পরীক্ষা, তার এই পাপের শেষ হয়েছে যখন সম্ভ্রাস্থ ব্যক্তির মৃতি তাকে শালিখন ক'রে হত্যা করেছে। স্পেনের নীতিবাদ চরিত্রের শেষ বিচার করেছে— ক্যাথলিক দেশের নীতির মানকে উপেক্ষা করেনি। তাঁর ব্যঙ্গ ও বান্তবতা

⁽२२) But Don Juan stands for much more than this. He incarnates the Renaissance as seen by the generations that followed it.—Ibid—p. 157.

ধর্মগুরুদের ক্ষোভের কারণ হয়েছে ব'লে তাঁকে শান্তিও ভোগ করতে হয়েছে কিন্তু তিনি যুগের পাপ ও ক্লেদকে মঞ্চে প্রকাশ ক'রে দিয়েছেন নির্ভীকভাবে। কিন্তু নানা কারণে তাঁকে লেখনী সংবৃত করতে হয় এবং তাঁকে নীতিমূলক নাটক লিখতে হয়। তিনিই প্রথম নাটকীয় চরিজের স্রষ্টা—যে চরিজ ঘটনাপ্রবাহে স্ট নয়, বরং যে চরিজ ঘটনাকে স্টি করেছে। তিনি As You Like It-এর মত লিখেছিলেন এবং Hamlet এর মতও হয়ত লিখতে পারতেন, কিন্তু স্পেন ট্রাজেভির দেশ নয়, তাই দে প্রচেষ্টা হয়নি।

তারপর ধর্মবাজক Mira De Amescua (১৫৭৪-১৬৪৪) তাঁর ধর্ম্পৃক্
The Devil's Servant প্রভৃতি নাটক লেখেন। Valez De Guevara
(১৫৭৯-১৬৪৪) পর্তু গালের জাতীয় নায়িকা Inés de Castro চরিত্র নিয়ে
নাটক লেখেন এবং সেটা প্রায় ট্র্যাজেডি পর্যায়ভূক্ত। Juan de Ruiz de Alarcón
(১৫৮১-১৬৩৯) কতকগুলি কমেডি রচনা করেন, পরবর্তী যুগে এই নাটকই
ক্রান্দের নাটকের মডেল হ'য়ে দাঁড়ায়। তাঁর "The Suspicious Truth" এক
মিধ্যাবাদীর কাহিনী। এই নাটকের মিধ্যা গল্প ও পরিবেশের মাঝে প্রথর বৃদ্ধি,
কৌতৃক ও কৌতৃহলের উপাদান রয়েছে,—সেগুলি আনন্দদায়ক। কিন্তু শেষমৃত্তুর্তে যখন নায়ক সত্য কথা বলল, তখন তাকে আর কেউই বিশাস করলে না।
প্রখ্যাত ফরাসী নাট্যকার Corneille এই নাটককেই তাঁর Le Menteur নাটকের
উপাদান হিসাবে গ্রহণ করেছিলেন।

Pedro Calderòn de La Barca (১৬০০-৮১) উচ্চাঙ্গের নাট্যকার কিছে যথেষ্ট প্রতিভার অধিকারী নয়। লোপের পরিশ্রত রপার তুলনায় তাঁর নাটক অপরিশ্রত সোনা। তাঁর গল্প, ভাষা, গীতিকবিতা, প্রণয়ের মনন্তব সবই স্থামঞ্জন ও স্থানয়ন্তিত। তিনি ধর্মজীবনের অন্তক্ত্ব শিক্ষা পেয়েও মঞ্চের জীবনকে গ্রহণ করেছিলেন। লোপের মৃত্যুর কয়েক বংসর পূর্বেই তিনি মঞ্চের সঙ্গে জড়িত হন। তথন জনগণের মনোরঞ্জনের জন্ম প্রথমে চলতি জনপ্রিয় নাটকই লিখতে জন্ম করেন। কিছু পরে মানবীয় গুণাবলীর বান্তব প্রকাশ তাঁর নাটকে দেখা যায়। শেষের দিকে ধর্মীয় নাটকে এনে তাঁর প্রতিশ্রতি শেষ হয়। তাঁর জীবন ছিল উচ্ছুঙ্খল, প্রণয়-প্রেম-প্রীতি-হিংসা প্রভৃতির জ্ঞান তাঁর অভিজ্ঞতাপ্রস্ত ব'লেই হয়ত বান্তব। তাঁর ঘটনাপ্রবাহ যুক্তি বারা বর্ণিত হলেও একটা অজ্ঞাত জীবনবিল্যাহ তাঁর চরিত্রগুলিকে যেন অভিরঞ্জিত ক'রে তুলেছে। ভিনি নীতিগতভাবে প্রতিবিপ্রবের শাল্লাহ্মশাসনকে উপেক্ষা করেছিলেন বলেই হয়ত Shelley এবং জার্মান রোমান্টিকরা তাঁকে যথেষ্ট মূল্য দিয়েছেন।

তাঁর অনেকগুলি চরিত্তের মধ্যে রোমাণ্টিকতা না আছে এমন নয়। তাঁর El Principe Constante ৰন্দীরূপে মৃত্যুবরণ করেছে কিন্তু মৃরদের কাছে একটি ছুর্গ সমর্পণ ক'রে স্থাধীনতা ক্রন্ন করেনি। এটি কেবলমাত্র বীর্ত্ত নর, মানব-চরিত্তের একটা উচ্চল দিক প্রতিভাত হ'লে উঠেছে। তাঁর The Enchanted Lady

(La Dama duende) সাধারণ প্রণয়কাহিনী ব'লেই মনে হয় কিছ অভিজাগতিক শক্তির প্রভাবে প্রণয়ী অভিসারিকা প্রণয়নীকে চিনতে পারেনি এবং অপ্ন ও বাত্তব এখানে মিশে গেছে। তাঁর For a Secret Affront Secret Revenge-এর মধ্যে আমী তার স্ত্রীকে হত্যা করেছে শুধু এই ভেবেই যে স্ত্রী তাকে একদিন প্রতারণা করতে পারে। এই চরিত্র ও তার মুক্তি এক অভ্ত জগতের—একটা বিলোহী হিংসায় ফেটে পড়েছে যেন; তিনি যদি ওথেলো লিখতেন তবে হয়ত ম্রের পক্ষে দেস্দেমনাকে হত্যা সমর্থন করতেন, কারণ সেখানেই তাঁর হিংসা চরিতার্থ হত—তাঁর মতে ভল্রলোকের পক্ষে হিংসার জ্বালা সন্থ করা উচিত নয়। তাঁর নাটকে যুগের সামরিক বীরত্বের গৌরব ক্র হয়েছে, সামরিক বীরত্ব আদর্শহীন ঘটনায় পর্যবিদ্যত হয়েছে।

Calderon-এর ध्यष्ट नार्टक Life is a Dream (La Vida es Sueno) জীবনে স্বপ্ন ও সত্যের মধ্যে একটা সমাধান যেন তিনি করতে চেয়েছেন, কিছ কোন দার্শনিক তত্ত্ব নেই, একটা কাব্যময় তত্ত্বের মধ্যে ঘুরেছে। অক্সতম শ্রেষ্ঠ নাটক The Prodigious Magician (El Magico Prodigiose) - এর নায়ক কোন থীয়ান কুমারীর প্রণয়ের জক্ত শয়তানের কাছে তার আত্মা বিক্রয় করে, কিন্তু কোন ফল হয় না, তার পরে নায়ক খাঁটান হয় এবং তারা উভয়ে অগ্লিদম্ম হ'য়ে মারা যায়। এর কাব্যকীর্তি এত মনোমুগ্ধকর যে Shelley এই নাটকের আংশিক অরুবাদ করেছিলেন। তাঁর নাটক সৃষ্টি কিছুকালের জন্ম ব্যাহত হয়। Catalan-এর যুদ্ধ এবং পর্তুগালের বিল্লোহের জন্ম কিছুকাল থিয়েটার বন্ধ ছিল—তথন স্পেনের সামাজ্য বিচ্ছিরপ্রায়, তিনি তখন দৈনিক হিসাবে যুদ্ধে যোগদান করেন। এই অভিজ্ঞতা তিনি সমাজ-সমালোচনার কাজে লাগিয়েছেন তাঁর The Mayor of Zalamea নাটকে। বিষয়বস্তু মানুষের আত্মসমান। একজন ক্যাপ্টেন এক কৃষকক্তাকে অপ্তরণ করে এবং কৃষক তার সমানরকার্থে সংগ্রাম ক'রে জয়ী হয়। এই নাটকেই তিনি আত্মসমানকে সম্ভান্তদের আহুগত্য থেকে উচ্চে স্থান দিয়ে সমাজ-চেতনার পরিচয় দেন। এই দিক থেকে তাঁর Alcalde নাটক আরও স্বাংবদ্ধ ও কাহিনী অধিকতর উন্নত ও স্থারহাহী। জীবনের বাকি ৩০ বংসর তিনি অমুরোধে ধর্মীয় মেলোডামা, পৌরাণিক নাটক ও গীতিকাব্য রচনা করেন-এগুলি সাধারণতঃ সম্ভান্ত ব্যক্তির গৃহে ও দরবারে অভিনীত হত, এগুলির নাম ছিল Zarzuelas। जिनि क्राथिनिक धर्मायनशे ছिल्नि। जिनि श्राप्तिक नव किছुरे লিখেছিলেন কিন্তু কেন খেন বাস্তব ও ব্যঙ্গ নাটককে ত্যাগ করেছিলেন। সেই অভাব পূর্ণ করেন Francisco De Rojas Zorilla (১৬০१-৪৮)।

এই গৌরবমর যুগের শেষে তিনজন দেখক গীতিকাব্য ও পদ্মদেখক হিসাবে খ্যাতি লাভ করেছিলেন। Luis de Góngora (১৫৬১-১৬২৭) ইনি Vegaর চেয়ে এক বছরের বড়। তাঁর দৃষ্টিভিদ্ধি ছিল লোকায়ত। Romance, Villancico এবং Letrilla-কে তথন আর কেউ গ্রাম্য ও জনগণের সাহিত্য ব'লে হেয় মনে করত না। এই জাতীয় কাহিনীকে তাঁয়া শালীন ও স্থন্দর ক'রে নৃতন রূপ দিলেন এবং রাজদরবারে প্রবেশাধিকার লাভের আশায় তা ধীরে ধীরে লাটিন-প্রভাবিত হ'য়ে উঠল। Góngora সনেট থেকে রোমান্দ লিখতে শুরু করেন। ম্রুদের সহিত সংগ্রামের কাহিনীর আশ্রেমে নৃত্যগীত প্রভৃতির আরোপ করেন। তিনি পুরাণ ও আর্কেডিয়ার গ্রাম্য পরিবেশে ইতালীয় কাব্যধারা ও রোমান্দের সমাবেশ ক'রে নৃতনত্বের সৃষ্টি করেন। তাঁর Fable of Polyphemus and Gelatea এবং Solitudes এই সমন্বয়ের সৃষ্টি। তাঁর লিখনশৈলী শক্তিশালী ও রহস্রায়ৃত হলেও তথ্ন ম্থেষ্ট জনপ্রিয় হয়েছিল কিন্তু পরে তার কৃত্রিমতার জন্ম পরিত্যক্ত হয়।

তাঁর অমুকারী কবি Pedro Soto de Rojas (১৫৮৫-১৬৫৮) তাঁর আনাভায় উত্থান বর্ণনায় কৃতিত্ব দেখিয়েছেন, Gabriel Bocangel (১৬-৮-৫৮) তাঁর কথা-কাব্যে কল্পনা শক্তির পরিচয় রেখে গেছেন। Góngoraর বিক্তম মভাবলমী হলেও Lope-এর মধ্যে তাঁর প্রভাব যথেই এবং বিক্তমতা সন্তেও Juan De Jauregui (১৫৮১-১৬৪১)-র Orfeo কাব্য Gongoraর Polyphemus-এর রচনাশৈলীকেই অজ্ঞাতে আশ্রয় করেছে। বিচ্ছিন্নভাবে আপন আপন মৌলিকতা নিয়ে Jose de Valdivielso (১৫৬০-১৬৬৮) Pedro Espinosa (১৫৭৮-১৬৫০) Juan de Tasis প্রভৃতি কবিগণও এই সময়ে জনপ্রিয়তা লাভ করেছিলেন।

স্পোনের এই অবক্ষরের যুগে আর একজন বিখ্যাত লেখক আজও সমুন্নতশিরে দাঁড়িয়ে আছেন। তিনি Francisco De Quevedo Y Villegas (১৫৮০-১৬৪৫)। তিনি প্রধানত: ব্যক্ষ কবিতার কবি। তাঁর প্রথম জীবনের প্রেম-কবিতা বান্তব। তিনি ভাষার নিরীক্ষায় কথ্য ভাষা এবং গ্রাম্য আশালীন কথারও ব্যবহার করেছেন। তাঁর নির্দ্ধলা বান্তবতা পরে ফ্রান্সে অহক্ষত হয় কিন্তু স্পোনে Góngora ও Calderòn-এর ভাষার আর সংস্কার হয় না।

Quevedo পণ্ডিত ব্যক্তি এবং প্রচুর লিখেছেন। তার মধ্যে সর্বাপেকাণ প্রাস্থিক তাঁর Picaresque novel—The Sharper's Life (La Vida del Buscòn) এবং The Visions (Los Suenos)। তিনি স্পেনের ছর্দিনকে লক্ষ্য করেছিলেন—প্রত্যক্ষ করেছিলেন এবং তার নারকীয় দৃশ্যে উকিল নাপিত দর্জি জল্প কবি নাট্যকার সম্ভান্ত নারীদের উপর যে বীভংস আশালীন অত্যাচার হয়েছে তা লেখকের ছ্থেবাদী বিকারগ্রন্ত মনের ছবি। তাঁর আশা ছিল Count of Olivares দেশকে উদ্ধার করবেন, তার উদ্দেশ্যে তিনি তাঁর বিখ্যাত Satirical and Admonitory Letters লিখেছিলেন; কিন্তু তিনি দেশকে আরও ছুর্দশার মধ্যে টেনে নিয়ে গেলেন হল্যাণ্ডের সন্দে যুদ্ধ বাধিয়ে। লেখক মানবভাবাদী, ব্যক্ষেষে পারদর্শী এবং জীবনে ত্যান্থী (Stoic) ছিলেন—জীবনের ছ্থেকে নিম্পৃষ্ট ভাবে গ্রহণ করেছিলেন। তাঁর এই জীবন-ছ্থে তাঁর কৰিতার "I felt my sword

subdued by age and could find nothing to rest my eyes upon that was not a reminder of death!" (২২৯) পংক্তির মধ্যে ফুটে উঠেছে।

তাঁর এই প্রথম শ্লেষ ও ব্যক্ষের ধারা পরবর্তী কবি Antonio Euri quez Gómez (1602-60) এবং Miguel De Barrios (১৬২৫-১৭০১)-র মধ্যে দঞ্চারিত হয় এবং তাঁরাই স্পোনের রজত যুগের শেষ কবি। এ দৈর একজন সৈনিক এ অক্সন সরকারী চাকুরে, উভয়েই হল্যাতে মারা যান। Inquisition-এর বে বুলি আরম্ভ হয়েছিল Luis de León থেকে তার শেষ হল এসে এই চুই অভাগ্য কবিতে। Miguel de Molinos (১৬২৭-৯৬)-এর মত ধার্মিক ও সাধককেও তার শান্তিকামী দর্শনের জন্ম জীবনের শেষ নয় বংসর কারাগারে কাটাতে হয় এবং আর একজন লেথক Baltasar Gracian (১৬০১-৫৮)-কেও অশেষ দুর্গতি ও অসমানে জীবন শেষ করতে হয়েছে। তিনি অধ্যাপক এবং পণ্ডিত ব্যক্তি। তাঁর খেষ্ঠ রচনা El Criticòn (The Criticaster) বেনামে প্রকাশিত হলেও কর্তপক তাকে কারাক্রদ্ধ করেন এবং দেখানেই তাঁর জীবনের শেষ হয়। তাঁর পুস্তকের ততীয় ভাগের জন্মই এই শান্তি। এই অধ্যায়ে একজন চিন্তাশীল ব্যক্তি ও একজন বর্বরের এক নির্জন দ্বীপে দেখা হয়, তাঁরা পৃথিবী ভ্রমণে বেরিয়ে পড়েন। তাঁরা হুর্ভাগ্যের মধ্যে অমরতা লাভ করতে চান কিন্তু তাঁরা দেখলেন পৃথিবীতে অমরতা नाउ करत रकरनमां वीतरपादा, कवि ७ मिल्लीता। এই तहना क्वांस्न ७ हेश्नए थुवहे আন্ত হয় কারণ তার মধ্যে বাস্তবজীবনের মানবিক দর্শনের পরিচয় ছিল কিন্তু ধর্মাছ ম্পেন তাকে অবহেলা করেছে। ১৭শ শতকে এনে ধর্মবিরোধ ক্যাথলিক দেশে রেনেসার যুক্তিবাদ ও ভাবাবেগকে নির্মমভাবে নিস্পিষ্ট করে এবং স্বাধীন চিস্তা ও मज्वाम होार छक ह'रत्र यात्र कि द्व राथात्न এहे व्यवस्ताध वाधीन विखास बाहरू করেনি সেখানে এই মননশীলতার স্বাধীন ভাবধারা যথেষ্ট ফলপ্রস্থ হ'য়ে দেখা দেয়।

হল্যান্তে বছদিন বাবৎ মধ্যযুগীয় নাটক ও থিয়েটারই জনপ্রিয় ছিল, তাই পুরাতন থেকে এই নৃতনকে গ্রহণ করতে তার সময় লেগেছে। কয়েকজন কবির বাক্তিগত প্রভাবে হল্যাতে নবজাগরণের বাণী এসে পৌছায়। Pieter Cornelisz Hooft (১৫৮১-১৬৪৭) এবং Gerbrand Brederode (১৫৮৫-১৬১৮) নবজাগরণের প্রভাবে কিছু গীতি-কবিতা লেখেন, তার মধ্যে পুরাতন নীতিবাদের প্রভাব এবং দেশীয় ভাবধারার প্রভাব ছিল। Terence-এর অফ্করণে কিছু কমেডিও লেখা হয়। তথনকার লাটিন নাটক হল্যাতের শ্রেষ্ঠ কবিপ্রতিভাও টাট্যকার Joost Van Den Vondel (১৫৮৭-১৬৭৯)কে যথেষ্ঠ প্রভাবিত করেছিল। তিনি ধর্মবিরোধে জড়িয়ে প'ড়ে প্রোটেন্টাণ্ট থেকে ক্যাথলিক হন। তাঁর প্রথম নাটক বাইবেলের ছায়ায় লিখিত। তার পরে প্রাচীন লাটিন ও গ্রীক থেকে তিনি আদর্শ শিষ্ঠান চয়ন ক'রে তাঁর Jephta (ট্যাজেডি) রচনা করেন। তাঁর শ্রেষ্ঠ কীতি

⁽२२a) Ibid.—p. 167.

Lucifer, এট সফোক্লিসের একটি নাটকের অন্থকরণে নিখিত কিছ তাঁর গীত ও লোকগাথাগুলি ভাচ সাহিত্যের অনৰত স্পষ্ট। কথিত আছে, তাঁর Lucifer-এর রীতি Miltonকে প্রভাবিত করেছিল। তথনকার ভাচ সাহিত্য জার্মান সাহিত্যকেও যথেষ্ট প্রভাবিত করেছিল।

ত্রিশ বছরের যুদ্ধে তথন জার্মানী বিধ্বন্ত এবং সাংস্কৃতিক জগতে জনেক পিছনে। Silesiacত কোন বিশ্ববিদ্যালয় না থাকায় তারা হল্যাণ্ডে পড়তে আসত। এই সাইলেসীয় ছাত্রগণই প্রথম জার্মান কবিতার অষ্টা। Martin Opitz (১৫৯৭-১৬০৯) হল্যাণ্ডের ছাত্র, তিনিই প্রথম দেখান, রোমান্সের ছন্দ ও শৈলী কিভাবে জার্মান ভাষায় গ্রহণ করা যায়। তিনি রোমান সাম্রাজ্য থেকে বছ্দ্রে শ্লাভজাতির প্রথম কবি। Jacob Boehme (১৫৭৫-১৬৩৯) একজন প্রোটেন্টান্ট মৃচি। স্বইস লেখক Paracelsus (১৪৯৩-১৫৪১)-এর অম্বকরণে দার্শনিক তত্ত্বকে কাব্যে তিনি প্রথম রচনা করেন। স্বইস কবির "Dialogue between a scholar and his master concerning the super-sensual life"-এর ভাবধারার গভীরতর রহস্যাম্ভৃতিই তার কবিতার আশ্রয়। তার মূলতত্ব ক্যাথলিক ধর্মবিরোধী—ভগবান সকল স্প্রের মূল, ভালমন্দ তারই প্রকাশ, এই ভাবধারা থেকেই জার্মান কবিতার নৃতন যুগের স্প্রী। তথু তাই নয়, এই ভাবধারা Blake ও Goethe পর্যন্ত পৌছেছিল। তার কবিতাই প্রথম পাশ্চান্ত্যে কবিতার মাধ্যমে আধ্যাত্মিক বাণী ধর্মাম্বান্সন ও বিশ্বাসকে উপেক্ষা ক'রে মানব-হৃদ্যে পৌছে দেয়।

জার্মানীর সংস্কৃতি লুথারের অহুগামী ধর্মীয় কবিতায় প্রকট হলেও সর্বাপেকা গতিশীল ও বেগবান নীতিমূলক কবিতা লেখেন একজন ক্যাথলিক কবি। Angelus Silesius (১৯২৪-৭৭) তার সংগৃহীত The Cherabic Wonderer (Der Cherabinischer Wandersmann) কবিতাসংগ্ৰহে ধৰ্মীয় ও নীতিমূলক কবিতা ও প্রার্থনাসন্থীত নৃতন হুরে নৃতনভাবে দেখা দেয়। ক্যাথলিক নাট্যকার ও কৰি Andreas Gryphius (১৬১৬-৬৪)-এর সঙ্গে Vondel-এর তুলনা করা চলে। তাঁর কতকগুলি নাটক ধর্মীয়, কতকগুলি গ্রাম্য কাহিনীভিত্তিক। তার मर्पा (मञ्जूणीयदात क्षेत्राव तिथा यात्र, कांत्रण ज्यन जात्रामाण अन्तिनामा है रहा की নাটক অভিনয় করতে জার্মানীতে আসত। তাঁর গীতিকবিতাগুলি তাঁর খে অবদান। যুদ্ধবিদ্ধন্ত জার্মানীতে তাঁর অতীক্রির অফুভূতিকে তিনি জনমানগে পৌছে দিয়েছিলেন। তাঁরই অহুগামী কবি Paul Fleming (১৬০৯-৪০) একজন প্রেমের কবি, তিনি মানবিক প্রেমকে এবং মানব-সেবার আদর্শকে অকপটে বাজ করেছেন। Hofmann Von Hofmannswaldau (১৬১৭-৭৯) অক্সত্য পার্থিব জগতের কবি (Sensualist), তিনি Ovid ও Marino-র অনুসর্গে हेखेरताशीय केविजात चर्थमरक धारण करतन धवर माहेरनमीय कविजात चरााखानामूक হ'দ্বে তাঁর অন্তরের বাণীকে কবিভায় প্রকাশ করেন। তিনি তাঁর চতুর প্রণয়িনীকে ভিরস্কার করেছেন—"মৃত্যু এসে ভার কঠিন বুকে একদিন আঘাত হানবে"। এই

সময়ে অনেক কবি লাটিনেই কবিতা লিখতেন কিন্তু পরবর্তী শতকে এসে জার্মানী তার আত্মবিশাস ফিরে পায় এবং তিরিশ বংসরের যুদ্ধ ও রিফরমেশনের বিরোধের পরে জার্মানীর পুনক্ষান ঘটে।

১৭শ শতকের শেষে ইতালী, স্পেন ও ফ্রান্সের অগ্রগতি মন্দীভূত হ'য়ে পড়ে।
এই শতকের প্রথমে বহু লেখক 'Unity of Construction' স্ত্রকে ভঙ্গ ক'রে নতুন
পথে স্বাধীনভাবে এগিয়েছিলেন কিন্তু পুনরায় সেই সাহিত্যের ব্যাকরণের প্রাচীরে
আবদ্ধ হ'য়ে মানব-চিত্তপ্রস্ত বিধাদন্দময় অন্তভ্তির প্রকাশ সাময়িকভাবে স্থপিত
হ'য়ে রইল। সাহিত্য তথন সমাজের প্রতি আকৃষ্ট হল, এবং ব্যক্তির জীবনের
অন্তভ্তি ও প্রকাশ ন্তিমিত হ'য়ে পড়ল।

ক্লোরেন্সের একাডেমি থেকে যে ব্যক্তিবাদ ও যুক্তিবাদভিত্তিক নবজাগরণের আলোক ইউরোপকে আলোকিত করেছিল তা তার সীমার বাইরে এসে ফিকে হ'য়ে গেল। প্রাচীন সাহিত্য ও ঐতিহ্ এবং তারই অভিব্যক্তি জাতীয় গোরব ও জাতীয় নীতিবাদে পরিণত হল, তাই হল তখনকার গৌরবময় আর্ট।

নবালোকের যুগ (Enlightenment)

দার্শনিকগণ "Locke-এর Essay on Human Understanding" (১৬৯٠) থেকে Kant-এর Critique of Pure Reason (১৭৮১) পর্যন্ত সময়কে নবালোকের যুগ ব'লে অভিহিত করেছেন। নবজাগরণের যুগে মাহুষ তত্ত্বে পৌছবার জন্ত তার জিজ্ঞাসা নিয়ে অনেকদূর এগিয়ে যায়। কতক যুক্তিখারা (Rationalistic) কতক ইন্দ্রিয়গত অভিজ্ঞতা (Empirical) দারা তত্ত্তানের সন্ধান করেছিলেন এবং ভগবান, মাতুষ ও বিশ্বপ্রকৃতির একটা আপাতঃ সম্বন্ধ স্থাপিত হয়েছিল। তথ্যের কতকগুলি এখনও সম্মানিত হয় কিন্তু কোনটিই সর্বজনগ্রাহ্থ নয়। নবালোকের যুগে এদে মালুষ কাছের জিনিসকে ভাল ক'রে জানতে চাইল। यानव-छात्नत शतिषि ও विश्वविद्धत नौया नित्य छाता नयीका एक कन्नतन-धरः এই-ই পরে Epistemology ব'লে পরিচিত হল। এই সময়ে মাছষের বিচার এগিয়ে চলল সাধারণতঃ মনন্তম্ব ও শারীরবৃত্তের (Physiology) প্রভাক জানকে निर्धत क'रत । ই खिद्याय कृषि थरक है बायूय खान चाहतन करत, कि ब धरे खानरक ৰ্ক্তিৰারা বিশ্লেষণ ক'রে বিচার ক'রে গ্রহণ করতে হবে। মাহুষের বিশাস ও চরিত্তের উপর ধর্ম (চার্চ) ও রাষ্ট্রের সর্বময় কর্তৃত্বকে তথন সব দার্শনিকই নিন্দনীয় মনে করেন। সে যুগের কাষ্য ছিল চিন্তা বাক্য ও প্রকাশের স্বাধীনতা লাভ। ^{५३} त्राधीनका नात्त्रत्र हेम्हाई हेश्नत्थ ১७५৮ मान, बारमतिकात्र ১७१**७ मान** ^{६ वर} आप्य ১१৮२ नाल विभव चंडोय। धेर नवालात्वत्र यूग (परक्रे नाधात्रन মাহ্ব রাষ্ট্রীয় স্বাধীনতা, আর্থিক, ধর্মীয়, এবং মানবীয় স্বাধীনতা দাবী করে এবং শিক্ষার প্রদারের সঙ্গে দকে যে সামাজিক অগ্রগতি হবে এই আশা সোচ্চার হ'য়ে ওঠে। নবজাগরণের যুগে চিস্তা-জগতে বিভ্রম ও ভ্রান্তির রহস্ত স্পষ্টি হয়েছিল কিন্তু নবালোকের যুগে সে ভ্রান্তি দ্র হ'য়ে গেল (?) বৈজ্ঞানিক পরীক্ষা ও যুক্তির আলোকে। তাই এ যুগের জার্মান নাম Aufktarung (Clearing up)-এর যথেষ্ট সার্থকতা আছে।

Locke, Spinozaর জন্ম-বংসর ১৬৩২ সালেই জন্মগ্রহণ করেন। যন্ধানেরাগগ্রন্থ পরিবারের ক্ষীণ স্বাস্থ্য নিমে তাঁর জন্ম। আইনজীবী পিউরিটান পিতারাজা বিতীয় চার্লসের বিরুদ্ধতা ক'রে সম্পত্তি হারান। লক্ও পিউরিটান এবং ক্রমওয়েলের সময়ের অক্সফোর্ডের ছাত্র। ছাত্রাবস্থায়ই হবস্ ও ডেক্টের রচনা পাঠ করেন। সেই সঙ্গে পদার্থবিক্যা, রসায়ন, হাওয়া বিক্যাও চিকিৎসাবিক্যা অধ্যয়ন করেন এবং পরে চিকিৎসা ব্যবসা আরম্ভ করেন। তথন লর্ড এ্যাস্লির অক্ষে এক অক্ষোপচার ক'রে তাঁর জীবন রক্ষা করেন, এবং তাঁর স্বেহভাজন হন। তাঁর চেষ্টায় বড় চাকুরীও করেন কিন্তু এই লর্ড এ্যাস্লিই ১৬৮৮র বিপ্লবের পথ স্থগম করেন। ফলে লক্ অক্সফোর্ড থেকে বিতাড়িত হন এবং বিতীয় চার্লস-এর আদেশে ইউরোপে বাস করেতে হয়। বেশীর ভাগ সময়ই তিনি হল্যাণ্ডে বাস করেন, এবং তাঁর প্রখ্যাত নিবন্ধ Essay on Human Understanding-এর জন্ম প্রস্থাত হন। ১৬৮৮ বিপ্লবের পর ইংলণ্ডে ফিরে এনে প্নরায় ভাল চাকুরী লাভ ক'রে তাঁর নিবন্ধ প্রকাশ করেন।

লকের সময়ে ইংলণ্ডে Stoicদের কিছু প্রভাব ছিল, এবং তাঁদের সহজাত ধারণাকে (innate idea) তিনি প্রথমেই অস্বীকার করেন। তিনি হবস্-এর মত প্রকৃতিদর্শনে বিশাসী ছিলেন না; বরং ভগবান, নীতি এবং বিজ্ঞান তিনকেই বিশাস করতেন। তিনি একদিকে বলেছেন ইন্দ্রিয়াম্বভৃতি ছাড়া কোন জ্ঞান আহরণ করা যায় না। আবার ভগবানের অন্তিত্ব সম্বন্ধে বলতে গিয়ে তিনি অ্ঞার (intuitive knowledge) উপর নির্ভর করেছেন। এখানে লকের যুক্তি পরস্পরবিক্ষর হ'য়ে পড়েছে। (২০০) তিনি নিজে প্রীয়ান ধর্মে বিশাসী ছিলেন এবং তিনি প্রীয়ান ধর্মকে প্রতিষ্ঠা করতে চেষ্টা করেছেন। রাষ্ট্রবিজ্ঞানে তিনি হবস্-এর অম্বর্তী হ'লেও তিনি বিশাস করতেন যে, আদিম প্রকৃতির সমাজে উচ্ছুম্বলতা ছিল না বরং ভারা জানত কারও পক্ষেই অন্তকে ক্তিগ্রন্ত করা, তার স্বায়্য স্বাধীনতা ও সম্পদকে ক্ষ্ম করা অন্তচিত। তিনি ভ্রমণকারীদের বর্ণনা থেকে তা প্রমাণও করেন। প্রকৃতিরাজ্যে কোন সরকার নেই, কাজেই আ্যারকা করা বা জ্ঞান্তের শান্তি ব্যক্তিগত কর্তব্য, কিন্ধ যেখানে রাষ্ট্র গ'ড়ে উঠেছে সেটা রাষ্ট্রের

⁽२७०) Locke is inconsistent with his own general position...to establish the existence of God, whom he believes to exist not merely as an idea...but as an independent being in external reality.—History of Modern Philosophy.—W. K. Wright—p. 161.

কর্তব্য। ব্যক্তি উচ্ছ্রখন ও অত্যাচারী হতে পারে, এই জন্ম ব্যক্তির ক্ষমতা সমষ্টিতে ক্সন্ত হরেছে—(হবস্ এই ক্ষমতা রাজার হত্তে দিরেছেন)। তিনি ব্যক্তিগত সম্পদ ও ব্যবসায়কে স্বাধীনতা দিতে চেয়েছিলেন এবং বলেছিলেন, এই স্বাধীনতা হারানর বিক্লমে বিপ্লব সমর্থনযোগ্য। তাঁর এই মতবাদ ১৭৮৭ সালে আমেরিকান সংবিধানের উপর যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল। তিনিই প্রথম বলেন বে, মৃলধন প্রমেরই উৎপাদন এবং তাঁর এই যুক্তি থেকেই ১৯শ শতকে সমাজতান্ত্রিক তম্ব গণ্ডে হঠে।

তাঁর Education পুস্তকে তিনি নীতিবাদ সম্বন্ধে কিছু আলোচনা করেছেন। তিনি বলেন, শিক্ষার মূল উদ্দেশ্য জ্ঞান ও সংগুণাবলী আহরণ। সংগুণাবলী (Virtue) বলতে ভগবংভক্তি, প্রার্থনা, সত্যবাদিতা, এবং জ্ঞান বলতে তিনি নিজে প্রণিধান ক'রে সত্য উপলব্ধিকে বুঝেছেন এবং শিক্ষা বলতে বুঝেছেন ঠিকভাবে চিন্তা করা। মাহ্ম সংস্কারবশে তার মতামত ঠিক করে এবং সেইজ্ঞানিজেরই ইচ্ছা, কল্পনা ও সত্যের মধ্যে পার্থক্য বুঝতে পারে না। ঠিকভাবে চিন্তা করতে পারলে, সংস্কারমূক্ত চিন্তে বিচার করতে পারলে আমরা সত্যকে ভানতে পারি। লক্ ব্যক্তিমাধীনতার পৃষ্ঠপোষক হলেও ধর্ম ও নীতিকে হবস্ এর মত উপেক্ষা করেননি। তিনি ডেকাটের অন্থগামী এবং বস্তুকে, Material, Spiritual এবং God তিনভাগে ভাগ ক'রে তাদের জটিল সম্বন্ধ নির্ণয় করতে চেয়েছেন। এবং সেই সম্পর্কের মধ্যে কার্যকারণ, একীভবন ও বিভিন্নভাই প্রধান। (২০১)

George Berkeley (1685-1753) জাতিতে আইরিশ। ছাত্র হিসাবে তিনি তীক্ষ্মী ছিলেন এবং তাঁর ছাত্রজাবনেই তাঁর পাণ্ডিত্য থ্যাতি লাভ করে। তিনি Trinity কলেজে অধ্যাপনা করেন এবং প্রোটেন্টান্ট ধর্মের অমুরাগী হন। এই সময়ে Locke, Descartes এবং Molebranche-র দর্শন ও নিউটনের বৈজ্ঞানিক আবিদ্ধার ট্রিনিটি কলেজে বেশ আলোড়ন স্বাষ্ট করে। Tolard নামে একজন আইরিশ এই সময়ে ধর্ম থেকে যুক্তি-বিজ্ঞানের বলে অলৌকিকতাকে বাদ দিতে বলেন কিন্তু বার্কলে গ্রীষ্টধর্মের পূষ্ঠপোষক ছিলেন—তিনি প্রতিবাদ করেন।

তাঁর Treatise on Principles of Human Knowledge ১৭১০ সালে প্রকাশিত হয় এবং ১৭১৩ সালে Three Dialogues between Hylas and Philonous প্রকাশিত হয়। ১৭১৩ সালে তিনি লগুনে আসেন এবং ইংরাজ লেখক Swift, Steele, Addison এবং Pope-এর উপরে বেশ প্রভাব বিস্তার করেন। পরে বংশরাধিক ভ্রমণ ক'রে পৃথিবীর তথা নবতম সভ্যতার উজ্জ্বল তবিয়াতের প্রতি আহ্বাবান হ'য়ে ওঠেন। মানবতার দিক থেকে ১৫০০ পাউপ্রের

⁽২৩) According to Locke, more important of such relations are those of cause and effect, identity and diversity.—History of Western Philosophy—Joshi—p. 102.

চাকুরী ছেড়ে ১০০ পাউণ্ডের চাকুরী নিয়ে বারম্ভায় যান ইণ্ডিয়ানদের শিক্ষা দেওয়ার আদর্শ নিয়ে। কিন্তু সে কলেজ প্রতিষ্ঠিত না হওয়ায় ভয়মনে ফিরে আসেন। ইনি ইণ্ডিয়ানদের ব্যবস্তৃত Tar water-এর কথা লেখেন এবং Henry Fielding এই ওয়্ধ ব্যবহার ক'রে আরোগ্য লাভ করেন।

তাঁর Principles of Human Knowledge-এ তিনি Locke-এর অভিজ্ঞতাবাদকে (Empiricism) আরও এগিয়ে নিমে যান। লক সহজাত জ্ঞানকে অত্বীকার করেছিলেন, তিনি অরপ ধারণাকে (abstract idea) অত্বীকার করলেন। তিনি বলেন, জ্ঞান ইন্দ্রিয়াত্বভূতিপ্রস্ত, স্বতরাং অরপ ধারণা একটা নাম মাত্র। বস্তুজগত অভিজ্ঞতাপ্রস্বত, অতএব দৃশুমান জগত আমরা ইন্দ্রিয় ঘারা ধারণা করি অথবা আমাদের মনের ঘারা অহভব করি। অতএব বস্তু ব'লে কিছু নেই,—সবই আমাদের অহভ্তিপ্রস্ত ধারণা। একে অনেকে Empirical idealism বলেন, এবং Mentalism নামেও একে অভিহিত করা হয়।

যাই হোক, শেষ পর্যন্ত তিনি ভগবৎবিশ্বাসে উপস্থিত হন। তিনি বলেন, এই অমুভৃতি ও অভিজ্ঞতার মূল যে শক্তি ডাই ভগবান। আমাদের মন আর ভগবানে পার্থক্য এই যে, মন সসীম এবং ভগবান অসীম। অতএব আ্যার অবিনশ্বর তাঁর দর্শনের অমুত্ম পরিণতি। (২৩২)

David Hume (1716-1776)-এর বাবার এভিনবার্গের নিকটে ছোট ছামিলারী ছিল। তাঁর বিধবা বা ছুই ছেলে ও মেয়েকে মাহুষ করেন। ডেভিড ছোট ছেলে, তিনি উত্তরাধিকারী হবেন না জানতেন। এভিনবার্গ বিশ্ববিদ্যালয়ে পড়াওনা করার সময়েই বংশগত ধর্মীয় বিশ্বাস ত্যাগ করেন। কিছুকাল আইন অধ্যয়ন করেন, ব্যবসায়েরও চেষ্টা করেন। ২৩ বংসর বয়সেই ভবিক্তং জীবন সম্বন্ধে একটা সঠিক পরিকল্পনা গ্রহণ করেন। খুব মিতব্যমী হ'য়ে ফ্রান্সে La Fléche (বেখানে Descartes পড়তেন)-তে তিন বংসর পড়াওনা করেন। এখানেই তিনি প্রথম তাঁর Treatise on Human Nature লেখেন এবং সমালোচকগণ একে নতুন লেখকের প্রশংসনীয় প্রচেষ্টা ব'লে অবহেলা করলে তিনি অত্যন্ত ব্যথিত চিত্তে ইংলত্তে ফিরে আসেন। ইংলত্তে এসে সাধারণের বোধগম্য ভাবে তাঁর Enquiry Concerning Human Understanding এবং Enquiry Concerning the Principles of Morals লেখেন এবং খ্যাতি অর্জন করেন। ফরাসী সমালোচকগণ ব্রুতে পারেননি, হিউমের দর্শন এই যুগের অগ্যতম শ্রেষ্ঠ দার্শনিক অবদান। হিউম

⁽২৩২) Finally he believes:—
"The other and more powerful spirit who is the cause of ideas of sense is nothing but God. The only difference between our mind and God is that the former is finite while the latter is infinite and almighty." History of Western Philosophy—N. V. Joshi—p. 107,

⁽२०२) The natural immortality of the soul is another consequence of Berkeley's Philosophy. History of Modern Philosophy—W. K. Wright—p. 189-

ব্যক্তি ও বছকে মনন্তত্ত্বের দিক থেকে বিচার করেন এবং বর্তমান সমান্তবিভা, ইতিহাসবিচার, অর্থনীতি ও রাষ্ট্রনীতি তাঁরই স্তা অবলম্বনে পুষ্টিলাভ করেছে।

তিনি শাখত নীতি ব'লে বিছু খীকার করেননি। তিনি অভিজ্ঞতাজাত নীতিবাদে বিশাসী। মায়বের হ্রথ-ছ্:ধ অফুভৃতি প্রধান, তার থেকেই আসে আবেগ ও আকাজ্ঞা। কতকগুলি প্রত্যক্ষ আকাজ্ঞা,—আশা, বিরূপতা, ছ্:ধ, আনন্দ, ভয়, হতাশা ও আত্মরক্ষার আকাজ্ঞা এবং কতকগুলি পরোক্ষ আকাজ্ঞা—
এগুলি জটিন, অক্সান্ত আবেগ ও অফুভৃতির মিশ্রণে উৎপন্ন হয়; য়থা, গর্ব, বিনয়, উচ্চাকাজ্ঞা, আভিজাত্য, খ্বণা, ঈর্বা, দয়া, উদারতা প্রভৃতি। অবশ্র হিউম মনস্তত্বের দিক থেকে অনেক নতুন তথ্য দিয়েছেন। আমাদের কর্মপ্রেরণা আমাদের আবেগ ও আকাজ্ঞাপ্রস্ত, এবং যুক্তি এই আবেগ ও আকাজ্ঞার দান।

মাহ্ব তৃই রকমে ভূল করে, প্রথমতঃ যা নেই তাকে বিশাস ক'রে, দিতীয়তঃ কার্যকারণ সম্বন্ধকে সম্পূর্ণভাবে বিচার করতে না পেরে। মাহ্ব তার প্রকৃতিজ ধারণা (impulse) থেকে কাজ করে। সমাজ-বৃদ্ধি থেকেই মাহ্ব স্টিক ব্যবহার করতে পারে, সমাজবৃদ্ধিহীন ব্যক্তিই ভূল ব্যবহার করে। মাহ্ব নিজেকে স্বচেয়ে বেশী ভালবাসে, তাই সে তার হুখ-তুঃখকে বড় ক'রে দেখে কিছা সে যদি মন দিয়ে অল্ফের হুখ-তুঃখ চিন্তা করে তবে সে তা অহুভব করতে পারে এবং এই অহুভৃতিকেই সহাহত্তি বলা যায় এবং সহাহ্নভৃতি থেকেই মাহ্ব সামগ্রিক কলাণ কামনা করে।

হিউম সময়ে একেবারে নিরীশ্ববাদী এবং ভালমন্দকে হ্রথ-ছংথের সমার্থক ক'রে দেখেছেন, যদিও তিনি Hobbes-এর মত অহংবাদী নিরীশ্ববাদে বিশাস করেননি। অর্থাৎ অভিজ্ঞতাবাদের বিচারে হিউম আধ্যাত্মিকতা ও সচ্চিদানন্দ বা সত্যম্শিবমৃহন্দরম্কে পরিত্যাগ ক'রে দর্শনকে সমাজবিছা ও অর্থনীতির বাস্তবে নামিয়ে দিয়েছেন এবং তাঁর হ্রথ-ছংথ ইত্যাদির বিচার জাগতিক ভীবনকে থিরে।

যা নিজের ও অন্তের স্থানায়ক তাই সং (Virtue) এবং তারই উপযোগিতা (utility) আছে। অতএব সংই কল্যাণময় কারণ তার উপযোগিতা আছে এবং তা সমষ্টির স্থানায়ক। কতকগুলি সং প্রকৃতিজ যেমন পিতৃমাতৃত্বেহ, কতকগুলি কৃতিম ধেমন লায়প্রায়ণতা।

ভার এই নীতিবাদ ও নৈতিক বিচার পরে তৃতীয় Earl of Shaftesbury এবং Francis Hutcheson-এ গিয়ে পূর্ণতা লাভ করে।

তাঁর মতে রাষ্ট্র ক্রম-পরিণতির ফল, তা ইচ্ছাক্বত সামাজিক প্রতিষ্ঠান নয়; সামাজিক রীতি,—যথা ব্যক্তিসম্পদ, সৌজ্ঞ, প্রতিশ্রুতি রক্ষা তগুলি প্রয়োজন থেকে উদ্ভূত এবং বৃদ্ধিগত চিস্তার দান। তিনি লক্-এর শ্রম ও ধনের মতবাদ শানেননি।

তাঁর Natural History of Religion-এ তিনি বলেছেন, ধর্ম দর্শন থেকে

আাদেনি, মাহবের প্রবোজনে, নিজেকে রক্ষার জন্ম, মাহ্যর অজ্ঞাত শক্তিকে তুই করতে চাইত এবং এই ধারণাই পরে মাহবের মনে বন্ধন্দ হ'য়ে যায়। তার থেকেই Polythesim এবং পরে সকল দেবতা মিলে এক বৃহত্তর দেবতার অঙ্গীভৃত হয়, বেমন গ্রীকদের Zeus এবং হিব্রুদের Jehovah.

Kant তাঁর এই মনস্তত্তীর সন্দেহবাদের যুক্তর ভীষণতায় ব্যথিত হ'য়ে তাঁর প্রতিবাদ করেন এবং অন্তদিকে Comte এবং J. S. Mill তাঁর এই অভিজ্ঞতাবাদ থেকেই তাঁদের হিতবাদ (Positivism)-এ এসে পৌছান। অর্থাৎ হিউমের দর্শন পুরাপুরি সন্দেহবাদে এসে দাঁড়ায় এবং তাঁর অভিজ্ঞতাবাদ দর্শনকে সমাজবিচ্ছা বা অর্থনীতিতে পর্যবসিত করে। (২৩৩)

এর পরবর্তী যুগে বৃটিশ Moralist-দের দর্শন প্রাধান্ত লাভ করে। লকের দর্শন হিউম ও বার্কলে ধারা পরিপুষ্ট লাভ করে কিন্তু লক নীতিবাদ সম্বন্ধ প্রায় নীরব, তিনি ভগবানকেই সমস্ত নীতির মূল ব'লে ধ'রে নিয়েছিলেন। লকের এই অহমান সন্দেহবাদী ও নান্তিকগণের পকে গ্রহণীয় হয়নি, তাঁরা মানব-চরিত্রেই নীতিবাদের স্থান নির্ণয় করেন। মাহ্যের নৈতিক চরিত্র স্থাভাবিক, যুক্তি ও অভিজ্ঞতায় সেই নীতি রক্ষিত হয় এবং সেটা ধর্মনিরপেক্ষ। বিগত তৃই শতকের দার্শনিকগণের অনেকেই ধর্মবিখাস ত্যাগ করেছিলেন কিন্তু নৈতিক জীবনের কথা অথবা মাহ্যেরে নৈতিক দায়িত্বের কথা অথীকার করেননি। তথন এই Moralist-দের মতবাদ প্রভাব বিন্তার না করলে ধর্মবিখাসহীন সমাজ ভেক্কে পড়ত।

ভৃতীয় Earl of Shaftesbury (১৬৭১-১৭১৩) লকেরই ছাত্র। তিনি লকের অভিজ্ঞতাবাদ থেকেই তাঁর নীতিবাদ প্রতিষ্ঠা করেন। মাহ্ম সভাবত:ই নিজেকে ভালবাসে, কাজেই ব্যক্তিয়ার্থ দেখে এবং তাঁর স্বভাবজ স্বেহও আছে, দেই হেডুই মাহ্ম সামাজিক জীব। সেই সঙ্গে অম্বাভাবিক কতকগুলি মনোর্ডিও আছে, যথা ঈর্বা, অস্থা প্রভৃতি। মাহ্ম যদি ভাগ ক'রে ভোগ করে এবং সাধারণের মন্ধল চিস্তা করে তবেই মাহ্ম স্থী হ'তে পারে। তিনি ধর্মনিরপেক্ষ ভাবেই তাঁর নৈতিক মত্তবাদকে প্রতিষ্ঠা করতে চেষ্টা করেন। Francis Hutcheson (১৬৯৪-১৭৪৭)-ও এরই মতাবলম্বী। Joseph Butler (১৬৯২-১৭৫২) নীতিধর্মকে বিচারবৃদ্ধিসাপেক ব'লে মনে করেন। ভগবান মাহ্মমকে বিবেক দিয়েছেন, মাহ্ম বিবেক ঘারাই সং-অসং বিচার করতে পারে অতএব বিবেকবৃদ্ধির উপর নির্ভর করাই সহজ্বম পন্থা। হিউমের বন্ধু Adam Smith তাঁর "Theory of Moral Sentiment"-এ বলেছেন মাহ্ম নিরপেক দৃষ্টি দিয়ে দেখলে সত্য দেখতে পারে, নিরপেক দৃষ্টিই বিবেক, বিবেকের সঙ্গে ভগবানের কোন সম্পর্ক নেই। অবশ্র এই Moralist-গণের সকলেই নীতিধর্মকে ধর্মনিরপেক ভাবে দেখেছেন

⁽२७७) Hume's philosophy thus lands us in absolute scepticism. But Hume is not to blame for this. For, to Hume goes the credit of showing that scepticism inevitably follows in the wake of empirical epistomologism as such.—Joshi—p. 118.

কিছ চিন্তবিকারগ্রন্ত ব্যক্তির পক্ষে নিরপেক্ষ দৃষ্টি বা সত্যকার বিবেকর্ছিকে চেনা

এবং বিবেক দারা চালিত হওয়া যে সম্ভব নয় সেকথা ভাবেননি। শুচি-বিবেক ও

নিরপেক্ষ দৃষ্টি লাভ মানব-জীবনে সাধনা-সাপেক্ষ। Herbert Cherbury (১৫৮৫১৬৪৮), Anthony Collins, Mathew Tindal, Thomas Chubb প্রভৃতি
সকলেই যুক্তির বাইরে ধর্মীয় নীতিবাদকে অস্বীকার করেন।

Locke তাঁর Essay on Human Understanding-এ বলেছিলেন, "It is possible that all matter has the power of thinking" এই আৰু শিক প্রস্তাব থেকেই নৃতন চিম্তাধারার প্রবর্তন হয়। এই চিম্তাধারাকে Materialistic Psychology বলা হয়। David Hurtly (১৭-১৭৫৭) চিকিৎসক ও त्रमायनिक छित्नन এবং जिनि वत्नन, मिखल्डत कम्मन थ्यत्कर मास्यतं िक साधाता আদে—অর্থাৎ মনটা মন্তিকের কার্য। Joseph Priestly (১৭৩০-১৮০৪) তাঁর Theory of Human Mind-এ এই মন ও মন্তিমকে বৈজ্ঞানিক ভাবে একীভূত করতে চেষ্টা করেন। এই যুগে বুটেনে সাধারণভাবে চার্চ ও রাষ্ট্রের প্রতি বিরূপতা ছিল না। ১৬৮৮-র বিপ্লবের পরে সাধারণ মাত্রষ হৃথে স্বচ্ছন্দেই ছিল। মরালিন্টরা ধর্মনিরপেক্ষ নীতিবাদ প্রতিষ্ঠা করেন এবং মনস্তাত্তিকগণ মন্তিষ্ঠ ও মনের সম্বন্ধ স্থাপন করেন। কিছ কেউই সরাসরি ধর্মকে আক্রমণ করেননি, তাঁরা চলতি ধর্মকে যুক্তিপূর্ণ করতে চেয়েছিলেন। বুদ্ধিমান ব্যক্তি ধর্মের অনেক কিছু বিশ্বাস না করতে शादान किन्न नाषात्रागत शत्क धर्मविश्वान मश्कार्यत छेश्म अवर इःस्थत नाचना, অতএব তাঁরা ধর্মকে উপেক্ষা করেননি। বিশেষতঃ ১৭শ শতকে বিভিন্ন ধর্ম-मध्यमारम्य विवास हत्राम উঠেছिन वर्ताहे हम् ७ ४৮ गण्डल वृत्हित्तत स्नामन विका শান্ত ধর্মভাব গ্রহণ করতে উন্মুথ হয়েছিল। ১৭শ শতকের এই বিবদমান সময়ে চার্চের কর্তৃপক্ষ অত্যন্ত বিলাদপ্রিয় হ'য়ে সাধারণকে উপেক্ষা করেছিলেন। তার পরে অক্স্ফোর্ড-এর Wesley-দের প্রবল প্রভাবে ধর্ম ব্যক্তিগত অমুভৃতি পর্যায়**ভূক্ত** হয়। তাঁরাধর্মকে মনের গভীর অত্বভৃতি ব'লে গ্রহণ করলেন এবং সর্ব ধর্মমতের প্রতিই শ্রদা ও সহনশীলতা দেখা দিল। দর্শন মানব-মনের অন্তভৃতির উপরেই বেশী জোর দিল। এই ঘুগের এই ভাবধারাকে অনেকে Deism আখ্যা দেন। Deism ভগবানের অন্তিত্ব অস্বীকার করেনি, তবে অলৌকিকত্বকে অস্বীকার করে।

क्वामी नवारलाक

षाम्म नृहे अत्र त्राक्ष चार हम् ১१১६ माला। उथन आका मर्वविषय छन्न इ. কেবল দর্শন সম্বন্ধে (Technical Philosophy) একটু পিছিয়ে ছিল। ফরাসীরা ভাবতেই পারত না বে, জগতে অন্তের কাছে কিছু শিক্ষণীয় থাকতে পারে। ইংরাজরা তথন ফরাসীদেরই অমুকরণ করত, কাজেই ইংরাজের কাছে কিছ শিথবার আছে একথা তারা ভাবত না। এই উন্নাসিকতার প্রথম পরিবর্তন হল ভল্টেমার থেকে। Frangois Maric Arouet (১৬৯৪-১৭৭৮) Voltaire নামে निथर्जन। जिनि ১৭२७-১৭२२ পर्यन्त देशनर् वाम करत्रिहानन। जीनक कतांत्री অভিজাত ব্যক্তির বিরাগভাজন হওয়ায় জেল হওয়ার সম্ভাবনা ছিল[া]ব'লে তিনি ইংলণ্ডে পালিয়ে আসেন। ফ্রান্সে ফিরে তিনি Letters Philosophiques Sur les Anglais প্রকাশ করেন। ইংলও বাসকালে তিনি লকের অভিজ্ঞতাবাদ: Tolard-এর Deism এবং নিউটনের বৈজ্ঞানিক আবিষ্কার দারা যথেষ্ট প্রভাবিত হন। ইংরাজের নবালোকের বাণী তিনিই প্রথম ফ্রান্সেও পরে ফরাসীভাষী দেশে প্রচার করেন। এমন কি প্রাশিয়ার ফ্রেড়িক দি গ্রেট ও রাশিয়ার ক্যাথারিন দি গ্রেটও তার অমুরাগী ছিলেন। ইংরাজ দর্শনের সঙ্গে ফরাসী Bayle-র দর্শনের মিশ্রণে অনুস্করণীয় ভাষায় তিনি দার্শনিক তত্ত্ব পরিবেশন করেন এবং নাটক, নভেল এবং প্রবন্ধে তাঁর এই নব্যদর্শন প্রচার করেন। তিনি দর্শন-অভিধানও সংকলন করেছিলেন। কিন্তু তাঁর লেখা সরকারী আদেশে নিষিদ্ধ হওয়ায় সাধারণে বেশী ক'রে পড়তে শুরু করে এবং ফরাসী জাতীয় জীবনে তিনিই কুসংস্কার ও অন্ধবিখাসের বিরোধিতার সঙ্গে স্বাধীনতা-প্রীতির স্কৃষ্টি করেন। বিপ্লবের পরে ইংরাজরা যে স্বাধীনতা ভোগ করত তিনি সেইরূপ স্বাধীনতা চেয়েছিলেন কিছ क्राप्म এই নবালোক ध्वरमकती र'रत्र উঠেছিল বেহেতু দেশে তথন রাষ্ট্রব্যবস্থা कर्छात्रजत छित्र। এই नजून नर्गत्नत निका ताका वा ठाई श्रद्धन कत्रलन ना वतः শাসন ও শোষণে জটিলতর অবস্থার সৃষ্টি করলেন, তারই ফলে ১৭৮৯ সালে বিপ্লব (सथा किन ।

Denis Diderot (১৭১৩-১৭৮৪) প্রথম এনসাইক্লোপেডিয়া সংকলন করেন। তথনকার জ্ঞান-বিজ্ঞান সাধারণে প্রচারার্থেই এই সংকলনের প্রকাশ। এই নৃতন জ্ঞানের প্রচার বারা সাধারণ মাছ্রের মধ্যে যুক্তিবাদ ও বৈজ্ঞানিক প্রগতির প্রতি আস্থা এনেছিল-এবং শিক্ষার প্রসারের সঙ্গে সঙ্গে ধর্মীয় সংস্থারের প্রতি অবিখাসের সঙ্গি হ'ল। Etienne Bonnet de Condellac (১৭১৫-১৭৮০) তার Traite de Sensations-এ লকের অভিক্রতাবাদী মনস্তত্ত্বকে আরও এগিয়ে নিয়ে গেলেন এবং মানবের উচ্চতর চিস্তাশক্তিও মন্তিম্বপ্রত অমুভূতি ব'লে স্থির করলেন। Helvétius (১৭১৫-১৭৭১) এই তত্ত্বকে আরও উন্নত করলেন। কিন্তু তাঁর লেখা সরকার ও চার্চের বিরাগভাজন হওয়ায় লেখককে দেশত্যাগ

করতে বাধ্য করা হয়। তিনি প্রকৃতপক্ষে অহংবাদী ও নিরীশ্বরাদী। জন্মে স্ব মাহ্ব সমান এবং অবস্থাভেদে পার্থক্য হয়, অভএব শিক্ষাই মাহ্যের প্রথম প্রয়োজন। শিক্ষাঘারা সকলেই সমতা লাভ করতে পারে এই ছিল তাঁর বক্তব্য।

Diedrich Von Holbach (১৭২৩-১৭৮৯) জড়বাদী দার্শনিক। তিনি একজন অভিজাত শ্রেণীর জার্মান, ফান্দে স্থায়ীভাবে বাস করেন। তাঁর Systéme de la Nature (১৭৭০)-এ তিনি জড়বাদের পক্ষে নানা যুক্তির অবতারণা করেন। মাহ্যন্ত জাগতিক জীব, তার মানসিকতা মন্তিজের বিশেষ ক্রিয়া ছাড়া আর কিছুই নয়। প্রকৃতি বেমন কতকগুলি নিয়মে যৃদ্ধের মত চলে, মাহ্যন্ত তেমনি প্রাকৃতিক যায়। আত্মা ব'লে পৃথক কিছু নেই, দেহেরই বিশিষ্ট কতকগুলি প্রক্রিয়াকে আত্মা বলা হয়।

তাঁর মতে, আদিম মাহ্য প্রকৃতির কারণ নির্ণয়ে অসমর্থ ছিল ব'লে আত্মার কল্পনা করেছিল এবং আধ্যাত্মিকতা বৈজ্ঞানিক অগ্রগতির পরিপন্থী এবং সমাজের উন্ধতির অন্তরায়, ধর্মথাজকগণ সাধারণ মাহ্যকে শোষণ (exploit) করার উদ্দেশ্যেই ধর্মীয় সংস্কার সাধারণের মনে বন্ধমূল ক'রে দিয়েছে। তিনি অবশ্য ভগবানে সম্পূর্ণ অবিখাস করেননি—মাহ্যের মধ্যে স্বাভাবিক নীতিবোধ বর্তমান ছিল এবং সভ্যতার ঘারাই তা নই হয়েছে ব'লে তাঁর বিশাস ছিল। বিশ বংসর পরে বিপ্লবের সময়ে অনেক দার্শনিক মনে করতেন যে, রাষ্ট্রব্যবহা ও ধর্মীয় ব্যবস্থার বিলোপ হলেই মাহ্য তার স্বাভাবিক নীতিবোধ ফিরে পাবে। এই মতবাদও প্রকৃতপক্ষে হলবচেরই। কিন্তু ইতিহাসে দেখা যায় তা হয়নি, বরং নীতিবোধ ভেন্ধে গিয়ে গুনীতির স্বোত প্রবল্বেগে বইতে থাকে।

Jean Jacques Rousseau (১৭১৭-১৭৭৮) জেনেভার লোক, ফ্রান্সের অধিবাসী এবং প্রোটেন্টান্ট বংশের ছেলে। জীবনে অসংযত ও অভিযানী হওয়ার সারাজীবনই তৃংধকটে কাটিয়েছেন; এবং নিজের বিবেকের তাড়নায় শেষ বয়সে উন্নাদপ্রায় হ'য়ে গিয়েছিলেন। তাঁর অসংযত ব্যক্তিগত জীবনে কোন নীতি বা আদর্শও ছিল না। তাঁর দার্শনিক মতবাদ নবালোকের যুগ থেকে পৃথক নয়, কিছ তাঁর দর্শনের মর্মবাণী (spirit) এবং দৃষ্টিভিছি এতই স্বতম্ব যে তিনি স্বতম্ব হ'য়ে পড়েছেন। তাঁকে বরং ১৯শ শতকের রোমান্টিকদের অগ্রদৃত বলা যায়। গরীবের ঘরে তাঁর জয়, তৃংখ কাকে বলে তা তিনি জানতেন। সাহিত্য ও সমাজবিভায় নৃতন ধারার প্রবর্তক ফশো ফরাসী বিপ্লবের হিংপ্রতা ও উচ্ছুম্বলভার জয়ে দায়ী ব'লে অনেকে অভিযোগ করেন, কিছ তিনি ক্রন্তিম সভ্যতার বিরোধী। Bacon থেকে সকলেই প্রক্ষোভ (emotion) অপেকা যুক্তিকে বড় মনে করেছেন এবং বিজ্ঞান ও চাক্রকলার উন্নতিতে জগত স্থবী হবে এই বিশ্বাস করতেন কিছ ফশো ক্রিমতার বিরোধী ছিলেন। তাঁর Discours Sur les Sciences et les Arts (১৭৫০) প্রভৃতি প্রবন্ধে বলেন, ব্যক্তিগত সম্পদ স্থি এবং সমাজ ও রাষ্ট্রব্রহার পূর্বে আদিম মাছুহের সমাজে সাম্য অনেক বেনী ছিল এবং ব্যসনপূর্ণ জলস জীবনের

কৃত্রিম সভ্যতাতেই মাহ্মর ঘূর্নীতিপরায়ণ হয়েছে। তথনকার ফ্রান্সে একথা ভাববার স্থাগে ছিল এবং তাঁর এই বাণী জনসাধারণ সাগ্রহে গ্রহণ করল। তিনি বিশাস করতেন মাহ্মর শভাবত:ই ভাল। আত্মরকা ও অন্তের প্রতি সহাস্থৃতির শভাব-প্রকৃতি মাহ্মরকে স্থা করতে পারত কিন্তু সভ্যতার মানি তা করতে দেয়নি। সভ্যতার অগ্রগতি অবশ্র অনেকর্লে মঙ্গলও করেছে কিন্তু অমঙ্গলকে তথা সামাজিক অকল্যাণকে বাদ দিয়ে নয়। সমাজের উন্নতির জন্মে তাঁর মনে প্রবল আকাজ্যা ছিল সন্দেহ নেই, কিন্তু তিনি কোন সঠিক পথ দেখাতে পারেননি কেবল জনগণের মনে অসন্তোর ও বিল্লোহের বীজ ছড়িয়েছেন।

তাঁর Social Contract (১৭১২)-এ তিনি রাষ্ট্রবিজ্ঞান বা দর্শনের জন্তে প্রেটো এ্যারিস্টটলের মতই শ্বরণীয়। তাঁর এই দর্শন ফ্রান্সেও আমেরিকার যুক্তরাষ্ট্রে গণতন্ত্রীয় ভাবধারাকে প্রবলভর ক'রে দেয়। তিনিই প্রথম সমন্ত নাগরিকের নাগরিক ও রাষ্ট্রিক অধিকারকে (Civil এবং Political rights) সমর্থন করেন। তিনি প্রথম তৃঃস্থ জনগণের কথা তাঁর রাষ্ট্রবিজ্ঞানে স্থান দেন। তাঁর পূর্বে মধ্যবিত্ত ও অভিজ্ঞাতদের নিয়েই ছিল রাষ্ট্রীয় দর্শন। Helvétius-এর মত ফ্রান্সের ক্রেল যুগের প্রয়োজন প্রকৃত শিক্ষা, তাঁর E'mile (১৭৬২)-তে তিনি শিক্ষার স্বরূপ সমন্ত শিক্ষাবিদ বথা, Basedow (১৭২৩-৯০) Meinrich Pestalozzi (১৭৪৬-১৮২৩) এবং Froebel (১৭৮২-১৮২২) ঝণী।

ধর্ম বিষয়ে তিনি ছিলেন Deist। মানুষ বেহেত্ তার নিজের স্বস্তিত্ব ও অল্পের অবস্থিতি ব্রুতে পারে, এবং ব্রুতে পারে যে সে কর্মঠ বুদ্ধিবৃত্তি সম্পন্ন স্বাধীন চিন্তালীল জীব, সেই হেত্ই অন্থমান করা যায়, এর পিছনে একটা জাগতিক গতি আছে, কারণ জড়বস্তু গতিহীন এবং জগত গতিশীল; অতএব গতির অন্তিত্ব স্বীকার করতেই হয় এবং এই সর্বজাগতিক গতিই ভগবান। তিনি অক্সান্ত Deist থেকে ভিন্ন, তিনি ধর্মকে ব্যক্তিগত অন্তভ্তি ও অভিজ্ঞতার উপর স্থাপন করেন। ফরাসী ক্যাথলিক বা প্রোটেন্টান্ট কেউই তাঁর এই দর্শনকে ব্রুতে চাননি, তারা তাঁর বই পুড়িয়ে, তাঁর চারিত্রিক অলন-পতনকে প্রচার করেছিলেন কিন্তু তাঁর এই উলার ভাবধারাকে অন্তভ্ত করেননি। তিনি তাঁর La Nonvelle Héloise (১৭৬১) রোমান্টিক উপন্তাসে ১৮শ শতকের মানুষকে প্রাকৃতিক সৌন্দর্য-প্রেমজনিত অস্তরের আনন্দকে চিনতে শেখান এবং তাঁর এই নিস্গপ্রেম থেকেই বায়রন, শেলী, কীট্স, ওয়ার্ডস্ওয়ার্থ, গ্যেটে, প্রভৃতির রোমান্টিসিজম-এর উৎপত্তি।

कामानीत नवारलाक

জার্মানীর নবালোক ঘ্ণের প্রধান দার্শনিক Christian Wolff (১৬৭৯—১০৫৪)। তিনি লিবনিংজের দর্শনকে সহজ ও সরল করে নৃতনভাবে লেখেন। এই সময়ে জার্মানীতে Pietism ব'লে একটা আন্দোলন সমগ্র দেশে প্রবল আকার ধারণ করেছিল। এই আন্দোলনের ফলে ধর্মভাবের পুনঃ প্রবর্তন ঘটে এবং সরল সহজ নৈতিক জীবনের আদর্শ প্রোটেন্টান্ট জার্মানী গ্রহণ করে।

Spinoza ও ইংরাজী অভিজ্ঞতাবাদের প্রভাবে Gotthold ¡Ephraim Lessing (১৭২৯-১৭৮১) ইতিহাসের দার্শনিক ব্যাখ্যা করেন। তিনি বিশাস করতেন ধে, ভগৰান মাহাধকে ক্রমশঃ শিক্ষা দিয়ে এগিয়ে নিমে চলেছেন—এই শিক্ষা আরম্ভ হয়েছিল বর্বর যুগে এবং ক্রমশঃ প্রাচ্য ধর্মত ও প্রীপ্তধর্ম সেই শিক্ষার উন্নতি হয়েছে। কোন একটি ধর্মেই সর্বসভ্য নেই, সকলকে তুলনামূলক ভাবে দেখতে হবে। Johan Gottfried Herder (১৭৪৪-১৮০০) লোকগাথা ও আদিম মাহাধের গানের অক্রক্ত ছিলেন। তিনি ক্লোর মত বিশাস করতেন, মাহাধের সংজ বৃদ্ধি, অক্সভৃতি ও ধর্মীয়-শিক্ষার মধ্যেই প্রকৃত জ্ঞান রয়েছে, কৃত্রিম সভ্যতার যুক্তিবাদের মধ্যে সেই জ্ঞান বিকৃত হয়েছে মাত্র।

Immanuel Kant (১৭২৪-১৮০৪) লিবনিংজ ও ক্রিন্টিয়ান উল্ফ-এর
হারা প্রথম প্রভাবিত হন। হিউমের যুক্তিবাদ প'ড়ে বিশাস হারান এবং ইংরাজী
অভিজ্ঞতাবাদকেও বিশাস করেন না এবং আফ্টস্বেরী প্রভৃতির মধ্যেও কোন
সমাধান যখন পেলেন না তথন ১৭৭০ থেকে তিনি তাঁর নিজের তত্ত্ব নিয়ে গবেষণা
করতে থাকেন। ১৭৮১ সালে তাঁর Critique of Pure Reason দর্শনে নৃতন
ংগের প্রবর্তন করে।

क्रोलगाक्षत पर्मन ३ नवारलाक

লকের অভিজ্ঞতাবাদ ও হিউমের সন্দেহবাদ-এর বিরুদ্ধে ষটল্যাওে একটা বিরুপ প্রতিক্রিয়া হয়েছিল। Thomas Reid (১৭১০-১৭৯৬) Adam Smith-এর গরে মাসগোতে অধ্যাপক হন। এডিনবরার অধ্যাপক Dugald Stewart ১৮৫৩-১৮২৮) এবং Thomas Brown (১৭৭৮-১৮২০) লকের অভিজ্ঞতাবাদকে শাধারণ জ্ঞানভিত্তিক বান্তবতা (common sense realism) ঘারা ভূল প্রতিপর করেন। এই সাধারণ জ্ঞানভিত্তিক দর্শন স্কটল্যাও, বিপ্লবোত্তর ক্রান্স ও জার্মানীতে থেওঁ প্রভাবন্ধীবিস্তার করেছিল।

व्याधितकात ्अताष्ट्र नवारणाक

नवालात्कत यूरात पार्मिकार्यत यामा ७ ভावधाता ১११७ এর পরবর্তী व्यास्मित्रकां अथन भूर्व हत । युक्तद्राद्धेत मः विधानत मध्य जात्मत जावधात्र व्यवकार রুপ গ্রহণ করল। আমেরিকায় বিপ্লব ও লকের স্বাভাবিক অধিকার (Natural Rights)-এর প্রত্যক্ষ ফর। Thomas Jefferson এবং Andrew Jackson উভয়েই ক্লোর চিন্তাধারার সমর্থক ছিলেন। এই সময়ের প্রসিদ্ধ দার্শনিক Samuel Johnson (১৬৯৬ ১৭৭২) বার্কলের শিক্সকল, এবং ভিনি Stratford গীর্জার রেকটর ছিলেন। তিনি তর্কশাস্ত্র, নীতিবিভা, এবং অধিবিভা (Metaphysics) সম্বন্ধে লিখেছিলেন। বার্কলের আমেরিকা প্রবাসকালে তিনি তাঁর সংল পরিচিত হন। অনেকে মনে করেন, তিনি বুটিশ অভিজ্ঞতাবাদের ক্রটি বিমোচন করেন এবং चारमतिकानता मत्न करतन, जिनिहे Kant & Hegel-এत िष्ठांशातात चानि छेरत। এই সময়ে Deism আমেরিকায় জনপ্রিয় হ'য়ে ওঠে—Benjamin Franklin Jefferson, John Adams প্রভৃতি ফরাসী দর্শন হারা প্রভাবিত হন। তারা চিরাচরিত থীটান ধর্মের অফুশাসনকে অস্বীকার করেন। যদিও তাঁরা ভগবানে বিখাস করতেন তথাপি যিশুকে অবতার ব'লে মনে না ক'রে তাঁকে শিক্ষক ও প্রচারক হিসাবেই শ্রদ্ধা করতেন। তাঁরা অধিবিভাকে বাদ দিয়ে নীতিবাদকে প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন।

এই সময়ে কয়েকজন:জড়বাদী দার্শনিকও আবিভূতি হন। Cadwalladar Colden (১৬৮৮-১৭২৬), Joseph Buchanan :(১৭৮৫-১৮১২), Joseph Priestly প্রভৃতি মননক্রিয়াকে স্নায়্মগুলীর ক্রিয়া হিসাবে প্রমাণিত করতে চেট্টত হন। আমেরিকানরা সাধারণত:ই বান্তববাদী, তার পর এই সময়ে অনেক স্কট ও আইরিশ নৃতন উপনিবেশে এসে বাসা বাঁধে। সেই সঙ্গে সাধারণ জ্ঞানভিত্তিক দর্শনেরও আবিভাবে হয় এবং তা জনপ্রিয় হ'য় ওঠে।

व्यापनं वारमञ्जू

এই আদর্শবাদের যুগ Kant-এর Critique of Pure Reason (১৭৮১) থেকে আরম্ভ। কোপারনিকাদ যেমন জ্যোতির্বিজ্ঞানের ধারাকে একেবারে উটে দেন, কাণ্টও দার্শনিক ভাবধারাকে তেমন ক'রে নৃতন রপ দেন। কাণ্টের পূর্ববর্তী দার্শনিকগণ সকলেই এই অয়্মানের উপর নির্ভর করেছিলেন যে, মানব-মনের অয়্ভৃতি বাছ্জগত থেকে আদে; কিছু কাণ্টই প্রথম বললেন, আমাদের মনের রূপের সঙ্গে একীভৃত হয়েই বাছ্জগত আমাদের বোধগম্য হয়। অর্থাৎ পূর্বে য়া ছিল বাছ্জগতের রূপ, কাণ্টের দর্শনে তাই হল মনের

রুপ। তিনি বলেন,—বিশেষ অর্থে আমাদের মনই আমাদের চারিপাশের বাফ্জগত স্টি করে। যদিও তিনি বিশাস করেননি যে, মাহ্য জগতে প্রকৃত তত্তকে জানতে পারে, তব্ও বলেছেন, আমরা আশা করতে পারি, আমাদের ইচ্ছায় আমরা আধীন, আমাদের আলা অবিনশ্বর এবং আমরা ভগবানকেও উপলব্ধি করতে পারি। প্রকৃতপক্ষে তিনি জড়বাদের জ্ঞান-বিজ্ঞান এবং নান্তিকতাকে বিনষ্ট ক'রে ধ্র্যবিশাসকে পুনঃপ্রতিষ্ঠিত করেন।

কান্টই পরবর্তী আদর্শবাদীগণের পথিকং। Fichte মনে করতেন, সর্বজাগতিক অসীম ইচ্ছাশক্তি (অহং বা Ego) এই জগতকে স্টে করেছে, তার মধ্যে সসীম ইচ্ছাশক্তি পরে জড়জগতে তার কর্তব্য ও কর্ম ক'রে যায়। Schelling মনে করতেন, এই পৃথিবী এক পরমাত্মার (spirit) প্রকাশ, এই পরমাত্মা স্টের মধ্যে আপনার চাক্ষ স্ক্রনীশক্তিকে প্রকাশ করেছেন। ইলংগু ও জার্মানীর রোমান্টিক কবিগণ এইভাবে উদ্বন্ধ হন এবং Hegel এই রোমান্টিক আন্দোলনকে পরিপূর্ণ ক'রে বলেন, প্রকৃতির এই পরিবর্তন ও স্টের ধারাবাহিকতা পরমপুরুষেরই প্রকাশ।

Kant-এর বাড়ী পূর্ব প্রাশিষার Königsburg নামক এক ক্ষুল শহরে। তাঁর বাবা বোড়ার জিন তৈরী করতেন এবং বোনেরা ঝি-বৃত্তি করতেন। তাঁর বাবা ও মা Pietist ছিলেন এবং কাণ্ট পরিবারের শুচি ধর্মবিশাসের মধ্যে মাহব। ছাত্রহিসাবে তিনি অত্যস্ত মেধাবী ও তীক্ষ্ণী ছিলেন। তিনি প্রথমে বিশ্ববিভালয়ে টিউটর ও পরে অধ্যাপক হন। ১৭৮১ সালে তাঁর Critique of Pure Reason প্রকাশিত হয়। তিনি লক ও হিউমের মত প্রকৃত জ্ঞানের উৎস অফুসন্থান করেন। লক ও হিউম ইন্রিয়গত অফুভৃতি ও মনতত্ব ঘারা ideaকে ব্যাখ্যা করতে চেয়েছিলেন কিছ তিনি দেখেন এই অফুভৃতি ও মনতত্ব ঘারা প্রকৃত জ্ঞান লাভ হয় না, এমন কি অহশান্ত বা পদার্থবিদ্ধায়ও প্রজ্ঞা (absolute knowledge) ইন্রিয় জ্ঞানঘারা পাওয়া সম্ভব নয়। তাই তিনি বললেন, মাহুষের চিন্তাধারার তিনটি মৌলক ধর্ম আছে,—মনন (knowing), ইচ্ছাশক্তি (willing) এবং অফুভৃতি (feeling),—এই তিনটি ধর্মকে তিনি তাঁর তিনটি Critique-এ ব্যাখ্যা করেন।

তাঁর নীতিবাদের মূল তত্ত্ব, মাহ্যুষ কী করে তাই বিচার্থ নয়, মাহ্যুষের কী করণীয় তাই বিচার্থ। অতএব যা করণীয় তার উপরেই নীতিবাদের নির্জ্ঞর এই অবশ্র-করণীয়কে তিনি বলেন Categorical Importance। এই বিচারে তিনি যুক্তিবাদ ও অভিজ্ঞতাবাদের যুক্তিকে আদৌ গ্রাহ্যু করেননি। যুক্তিবাদী মাহুষ যদি সং হয় তবে সে অবশ্রই এই করণীয়কে মেনে চলবে।

আমাদের করণীয় তাই, যা আমরা আশা করব বা ইচ্ছা করব জগতের অন্ত সকলেই করক। যথা: একটি লোক আত্মহত্যা করল, সে অক্সায় করল বিবা সে চায় না যে জগতের সব লোকই আত্মহত্যা করক। যদি তাই হয় ভবে শীঘ্রই আত্মহত্যা করবার লোক অবশিষ্ট থাকবে না। অথবা একজন মিধ্যা কথা ব'লে টাকা ধার নিল—যদি সকলেই মিথ্যা ঘারা টাকা ধার নেয় তবে জগতে আর কেউ টাকা ধার দেবে না। যদি কেউ অলস জীবন যাপন করে এবং নিজের গুল ও শক্তির উন্নতি করতে চেষ্টা না করে তবে জগতে সকলেই অলস হ'য়ে জগতকে অচল ক'রে দেবে। অক্তকে সাহায্য করতে কেউ অখীকার করল, তার অর্থ, সে যেদিন সাহায্য চাইবে সেদিন জগতে কেউ সাহায্য করবে না।

বিতীয়ত: নিজেকে ও অন্তকে নিরপেক্ষ দৃষ্টি দিয়ে শ্রেদ্ধা করবে এবং কাউকে শোষণ বা পেষণ করবে না। আমরা যদি স্থের জন্ত কর্তব্যে অবহেলা করি তবে তা যুক্তিগ্রাহ্ম স্বাধীনতা হবে না। আমরা তথনই স্বাধীন যথন আমরা যুক্তিপূর্ণভাবে আপনার কর্তব্য করি। কর্তব্য থেকে স্থেকে অধিক মূল্য দেওয়া অন্তায় কিছু বেখানে স্থ্য কর্তব্যকে ব্যাহত করে না দেখানে স্থভাগ অন্তায় নয়।

তৃতীয়তঃ মাহ্মৰ এমনভাবে কাজ করবে যেন এক আদর্শ রাজ্যের রাজাও সে এবং প্রজাও সে। তাঁর শেষজীবনে রাষ্ট্রনৈতিক দর্শনেও তিনি এই নীতিবাদ অহুসরণ করেছিলেন। সাধারণ মর জগতে এবং নশ্বর মানব-জীবনে মাহুষের সম্পূর্ণ স্বাধীনতা ভোগ করা, সর্বভোভাবে পুণ্যময় হওয়া এবং পূর্ণ স্থুখী হওয়া সম্ভব নয়, তব্ও তার এই তিনটিই হওয়া উচিত। এই উচিত্যকে বিশ্লেষণ করতে তিনি স্বাধীন মনন, আত্মার অবিনশ্বরত্ব ও ভগবানের অন্তিত্বকে স্বভাসিদ্ধ ব'লেই গ্রহণ করেছেন। প্রকৃতিরাজ্যের অপরূপ সৌন্দর্য ও মহানতা এবং কৈবজীবনের পরিণতিপ্রিয়তা থেকেই ধ'রে নেওয়া যায় যে, এই স্বাষ্ট এক অসীম প্রায়ার স্বাহী, ব্যার অসীম প্রতিভা মাহুষের সসীম প্রতিভার স্বাহীর মতই স্ক্রনধর্মী।

Fichte (১৭৬২-১৮১৪) Saxonyর এক তাঁতির ঘরের ছেলে। একদিন এক ধনী ব্যক্তি চার্চে প্রার্থনার সময়ে আসেন। তথন একব্যক্তি Fichteকে দেখিয়ে বলেন—এই ছেলেটি প্রার্থনার সারাংশ ঠিক ঠিক বলতে পারে। Fichte ঠিক ঠিক পুনুকুক্তি করায় ধনী ব্যক্তি তাঁর লেখাপড়ার ব্যয়ভার বহন করতে ছীকার করেন কিন্তু অল্পদিন পরে তিনি মারা যান। দার্শনিক তথন ছাত্র পড়িয়ে কোনমতে পড়ান্ডনা চালান। পরে Zurich-এ Johanna Rahn নামে এক মহিলাকে বিবাহ করে অতিকষ্টে দিনাতিপাত করতেন।

Spinozaর প্রভাবে তিনি দর্শন শাস্ত্রের প্রতি আরুষ্ট হন এবং তথন কাণ্টের ক্রিটিক পড়েন এবং তাঁর নিকট শিক্ষা পেতে চান। ওয়ারশ থেকে ফিরবার পথে কোনিংসবার্গে কাণ্টের সঙ্গে দেখা করেন কিন্তু কাণ্ট তাঁকে অনেকটা অবহেলাই করেন। Fichte এতে ক্র হ'য়ে তাঁর এই অনাদরের প্রত্যুত্তর দিতে বন্ধপরিকর হন। এখানেই তিনি একটা প্রবন্ধ লেখেন এবং কাণ্ট তা দেখে খুলী হ'য়ে প্রবন্ধটি চাপাবার ব্যবহা করেন কিন্তু ত্লক্রমে নামটা ছাপা হয় না—পাঠকগণ মনে করেন, এ লেখাটি কাণ্টের। কাণ্ট লেখকের নাম প্রকাশ করতেই Fichte প্রাসন্ধি ও থ্যাতি লাভ করেন। এই প্রবন্ধে তিনি কাণ্টের ধর্ম সহত্বে অপূর্ণ নিবন্ধকে পূর্ণতা দেন। তার পরে ১৭৯৪ সালে তিনি Jena বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

নিষ্ক হন। নিকটছ, Weiman শহরে তথন Goethe ও Schiller থাকতেন, ঠারা তাকে কাণ্ট-দর্শনের সর্বোত্তম টীকাকার চিসাবে গ্রহণ করেন। নানা চুঠকারিতার জন্ত তাঁকে Jena ত্যাগ করতে হয় এবং বছ তুঃখকট ভোগ ক'রে অবশেষে ১৮১০ সালে বার্লিন বিশ্ববিদ্যালয়ে এসে অধ্যাপক হন।

তাঁর Vocation of Man (১৭৯৯) খ্ব জনপ্রিয় গ্রন্থ এবং তাঁর দর্শনের মূল তথ্য। তাঁর The Nature of Scholar, The Way to Blessed Life এবং The Characteristics of the Present Age তাঁর গভীর বিশ্লেষনী চিন্তাধারার ফল। ১৮০৭-১৮০৮ সালে তাঁর Addresses to the German Nation জার্মানীকে জাতীয়তাবাদে উব্দ ক'রে ফরাসী আধিপত্য থেকে মৃক্ত করে এবং পরে ১৮১৪ সালে জার্মানী থেকে ফরাসীদের তাড়িয়ে দেওয়া হয়। এই মুদ্ধে তাঁর স্ত্রী আহত সৈনিকগণকে দেখতে গিয়ে এক প্রকার জরে আক্রান্ত হন, এবং স্ত্রীর নিকট থেকে তিনিও এই জরে আক্রান্ত হন। স্ত্রী আরোগ্য লাভ করেন কিছ Fichte বারা যান।

১৮শ শতকের শেষের দিকের জার্মান দার্শনিকগণ Spinoza-রই ছাত্র। ঠারা ফ্রশোর লিবার্টিরও পক্ষপাতী ছিলেন কিন্তু ফ্রাসী বিপ্লবের ভ্রাবহ হিংম্রতা দেখে ঠারা ভীত হন এবং তাঁরা তথন বলেন, স্বাধীনতা কাম্য কিন্তু স্বাধীনতা অবশ্রুই যুক্তি ও কর্তব্যপরায়ণতার হারা নিয়ন্ত্রিত হওয়া দরকার।

Fichte প্রকৃতপক্ষে Kant-এর দর্শনের অপূর্ণতা দ্র ক'রে তাকে পূর্ণতা দেন। কান্টের অসংবদ্ধ যুক্তি ও চিস্তাধারাকে অসংবদ্ধ করেন। Fichte ও Kant-এর দর্শনের পার্থক্য এই যে, কান্টের নীতিবাদের প্রারম্ভ হিসাবে কভকগুলি অসমানকে সভ্য বলে ধ'রে নেওয়া হয়েছে, যেন আমরা প্রকৃতির নিয়মাধীন, যেন আমাদের ইচ্ছাশক্তি স্বাধীন, যেন আহ্বা অবিনশ্বর, যেন ভগবান আছেনই; কিছা Fichte-র দর্শনে তিনি এই 'যেন'-কে দ্র ক'রে তাকে প্রভিত্তিত করেন। কান্টের অসমান Fichte-র মধ্যে এসে সিদ্ধন্যত্যে পরিণত হয়। Fichte-র দর্শনে অসীম ইচ্ছাশক্তি মান্থবের মধ্যে সসীম আকারে প্রকাশ পেয়েছে।

তাঁর নীতিবাদে মাহ্যবের নৈতিক জীবনকে, মাহ্যবের স্বাভাবিক আত্মরক্ষার ও হথেচ্ছা এবং তৎসহ নীতির সঙ্গে সন্ধতি রেখে সাধীনতাভোগের ইচ্ছার সংঘাত ব'লে মনে করা হয়েছে। এই ত্ই ইচ্ছাকে সন্মিলিত ক'রে মাহ্যব দি দ্গ্রাহ্য স্বাধীনতা ভোগ করে এবং তার কর্তব্য ও কার্যকরে তবেই সে তার নতিক জীবন রক্ষা করতে পারে।

প্রত্যেক স্বাস্থ্যই পৃথিবীতে একটা দৃঢ় কর্ম নিয়ে এসেছে এবং সেটা ব্যক্তিকেই

শিশাস করতে হয়। জগতে তার এই নৈতিক দায়িত্ব আছে এবং তার এই নৈতিক

শিশান ভাকে রক্ষা করতেই হবে। নেতৃত্বের বারা অন্তের মধ্যে এই সম্বস্থ শীধকে বিনি জাপ্রত করতে পারেন ভিনিই হিরো। কার্লাইলের Hero and

TO Worship-এর মৃদ তত্ব Fichte-রই নৈতিক বাণী। প্রত্যেক জাতির এমনি একটা কর্ম আছে। তেমনি জার্মানীরও জাতীয় কর্জব্য আছে—এই মন্তবাদ থেকেই জার্মানীর জাতীয়তাবাদ প্রবন্ধ ও তীব্র হ'রে ওঠে। তার এই কর্মগন্ত জাতীয়তাবাদ পরে বিসমার্ক ও হিটলারের মধ্যে প্রকট হ'বে ওঠে। মাহুবের নিয়তি তাকে পার্থিব জগতের অতীত জীবনে মিশে যেতে হয়, কিন্তু ব্যক্তি ও জাতি তার দৃঢ় কর্মের জারা ভগবানের সঙ্গে মিলিত হতে পারে এবং সং ও সাধু কর্মী এই জগতেই ভগবানের সঙ্গে মিলিত হতে পারে। Fichte-র এই কর্মবোগ জার্মানীর জাতীয় জীবনকে গ'ড়ে তুলতে সহায়তা করেছিল এবং আজও জার্মান জাতি ইউরোপীয় জ্যান্য জাতি থেকে মনন জগতে স্বতম্ন।

त्वाद्याधिक व्याल्मालन

এই সময়ে সমগ্র ইউরোপে যে রোমাণ্টিক আন্দোলন শুরু হয় তার উৎস্ রুদ্দো, স্পিনোজা, কাণ্ট ও ফিক্টে। রুশো প্রাচীন সংস্থারকে ভেছে দিলেন, এবং উদান্ত কঠে ঘোষণা করলেন, জীবনের অভিজ্ঞতাপ্রস্ত যুক্তির চেয়ে হাদয়ের অহুভৃতিই জীবনের বড় দিগ্দর্শন এবং কবি সাহিত্যিকগণকে পৃথিবীর নিসর্গ সৌন্দর্মের মহিমার প্রতি আরুষ্ট করলেন এবং মাহ্যমকে যুক্তি মুক্ত হ'য়ে হাদয়রুত্তির উয়তি করতে আহ্বান করলেন। Spinoza-র Pantheism (অবৈতবাদ)-এ প্রকৃতি ও মাহ্যম ভগবানে লীন। মাহ্যম আত্মোয়তি করতে পারে, শান্তি ও হৃথ ভোগ করতে পারে যদি সে বিশ্ব ও বিশ্বপিতার সঙ্গে একীভৃত হতে পারে। কাণ্ট তার Critique-এ বললেন, বহির্জগত আমাদের অস্তরের স্কৃতি, অতএব মানবাত্মা জগত থেকে বড়। Critique of Judgement-এ বললেন, মাহ্যমের মধ্যে যে হুন্দরম্-এর অহুভৃতি রয়েছে এবং প্রকৃতিজগত যে এক মহৎ উদ্দেশ্য নিমে চলেছে পূর্ণতার দিকে, এর পিছনে আছে পরমত্রন্মের স্কৃতির মহিমা,—মাহ্যমের প্রতিভা যেন্দ সৌন্দর্ম স্কৃতি করে তেমনি এক অনস্ক প্রতিভা বিশ্বের স্কৃতির মাঝে সত্যম্ শিক্ষ স্ক্রেম্ব্র স্কৃতির প্রধাসী। ফিক্টে বললেন, জগত এক অসীম ইচ্ছাশক্তির প্রবাশ যে প্রকাশকে মাহ্যম তার অস্তরে জানতে পারে।

এই ভাবধারার প্রথম প্রকাশ Goethe ও Schiller-এর সাহিত্যে। তাঁদের সন্দে ছিলেন তরুণ Schlegel ভাতৃষয়, Ludwig Tieck Friedrich Von Handenberg এবং ছজন মহিলা সাহিত্যিক Caroline Schegel এবং Dorothea Veit। সেই সন্দে ক্ষাবের পূজার অর্থ্য দিল বিটোক্ষেনের স্থীত ইংরাজ কবি ওয়ার্ডসভয়ার্থ, স্কট, কোলেরিজ, বামরন, শেলী, কীট্স্ এবং পরবর্তী রোমান্টিক লেখকগণ ফিক্টের এই "ইচ্ছাশক্তি" (Ego)-র অভিরঞ্জন। তাঁরা ফিক্টে তাগের অন্ত অংশট্রু ত্যাগ করনেন। বিশ্বপ্রকৃতির অন্তিম্ব বে মান্তবের কর্ত্বন

Vocation) করবার জন্তই, এ-ভাবধারাকে তাঁরা ত্যাগ করলেন। তাঁরা কান্টের 'The world is the product of an artist"—এইটাকেই বড় ক'রে গ্রহণ চরলেন। সমাজের দিক থেকে এটা ফরাসী বিপ্লবের পরিণতি এবং প্রতিক্রিয়া। চরাসী বিপ্লব ব্যক্তিস্বাধীনতা ও তার অধিকারকেই বড় ক'রে দেখেছিল তাই সেবপ্লব ধ্বংসকরী ও বিপথগামী হয়েছিল। এই বিপ্লবোত্তর উচ্ছুখলতা নেপোলিয়নের একনায়কজের প্রভাবে ও শাসনে মন্দীভূত হ'য়ে শৃখলার স্পষ্ট হয়েছিল এবং দার্মানীর সামস্তত্ত্রকে ধ্বংস ক'রে তাকে পরাধীন ক'রে দিয়েছিল। তখন রোমান্টিকগণ দেখলেন, অতীতকে বাদ দিয়ে জীবন চলে না। বিপ্লবের থেকেই টারা এই শিক্ষা পেয়েছিলেন। তাঁরা তখন মধ্যযুগীয় কাহিনীকে নৃতন রূপ দিছে টাইলেন। জার্মানীর ঐতিহাসিক ও দার্শনিকগণ তখন অনেক নতুন তত্ত্ব আবিজ্ঞার করলেন, জীববিভাবিদ্গণ নতুন তথ্য পরিবেশন করলেন। ইউরোপে বৈজ্ঞানিক চাবধারা ধীরে ধীরে প্রভাব বিস্তার করল এবং জার্মান সাহিত্যের স্বর্গ্রেরও মবসান ঘটল।

বোমান্টিক যুগের শ্রেষ্ঠ দার্শনিক ও ব্যাখ্যাকার Friedrich Wilhelm Joseph Von Schelling (১৭৭৫-১৮৫৪) ফিক্টে ও হেগেলের যোগস্তা। তাঁরা উভরেই ধর্মীর দর্শনের শিক্ষার্থী ছিলেন, বিজ্ঞানের শিক্ষা তাঁরা গ্রহণ করেননি। জেনাতে ফিক্টের ছাত্র হিসাবে তিনি তাঁর দর্শনের উল্লেখযোগ্য নিবন্ধ লেথেন। তাঁর Philosophy of Nature-এ তিনি বলেন, স্পষ্ট উদ্দেশ্যমূলকভাবে ক্রমশঃ প্র্তার দিকে চলেছে। পূর্বে Lamark বিবর্তনবাদের কথা বলেছিলেন এবং পরে Darwin তা বৈজ্ঞানিকভাবে প্রমাণ করেন। পরে তিনিই কান্টের মত বলেছিলেন, ক্ষড় ও মনের উৎস একই। (২৩৪) কান্টের অহুসরণেই রোমান্টিসিজ্বের ব্যাখ্যা তিনি করলেন—"Art is the highest of the three (Theoretical Philosophy, Practical Philosophy and Philosophy of Art) because in the intuition of the Artist the Ego beholds itself and the teleology that hitherto had been hidden becomes revealed to the Ego."—History of Modern Philosophy—W. K. Wright.—p. 313.

তাঁর যুক্তি খুব স্থগংবদ্ধ ও সন্ধতিপূর্ণ নয়। পরে মিউনিকে থাকাকালে ১৮০৯ ালে Jacob Bachme-র প্রভাবে তিনি বিশাস করতেন ভগবানই প্রকৃত সভ্য ও রিমবন্ধ।

Georg Wilhelm Freidrich Hegel (১৭৭০-১৮৩০) Schelling-এর াংগাঠী। তিনি Tübingen বিশ্ববিদ্যালয়ে প্রাইভেট টিউটবের কাজও করতেন।

⁽¹⁰⁸⁾ For according to Fichte, the purpose of nature or the non-ego is nply to serve as the necessary limit of the finite ego; or as an arena for the lortal athlete. Thus for Fichte, this ego with its practical activity is all in all, while nature has only a negative significance.—History of Western Philosophy Joshi—p. 145.

নে সময়ে Schelling যথেষ্ট প্রেনিছি লাভ করেছেন। ১৮০১ সালে তিনি Jenatভ শিক্ষকরূপে আসেন, উভয়ে তথন পরস্পরকে সাহায়্য করেন। Schelling ১৮০৩ সালে Würzberg-এ চলে যান, হেগেল জেনাভেই থেকে যান। এই সময়ে তিনি তাঁর Phenomenology of Mind-এ Schelling-এর তত্তকে বিজ্ঞাপ করেন এবং এই নিবন্ধ ১৮০৬ সালে জেনার যুদ্ধের পূর্বে প্রকাশিত হয়। যুদ্ধের পরে জার্মানীর শিক্ষাকেন্দ্রগুলি ছিন্নভিন্ন হ'য়ে যায়, হেগেলও তাঁর অধ্যাপকতা থেকে বিচ্যুত হন। ছুই বংসর কাগজের সম্পাদকতা করেন, এবং ৬ বংসর স্থলের শিক্ষকতা করেন এবং এই সময়েই তিনি তাঁর Science of Logic লেখেন। ১৮১৬ সালে তিনি Heidelburg-এ অধ্যাপকরূপে যান এবং পরে বার্লিন বিশ্ববিদ্যালয় তাঁকে আমন্ত্রণ করে নিয়ে যায়। ১৮৩১ সালে কলেরা মহামারীতে দেহরক্ষা করেন।

হেগেল শেলিং ও ফিকটের সঙ্গে একমত যে সন্তা তথা বিশ্বস্তাত (Reality.) এক পরম অন্তর (Absolute Mind)। এই পরম মর্ম ক্রমে ক্রমে পরিণতি ও পূর্ণতা লাভ করছে বিশ্বজগতের মধ্যে। কিন্তু এই 'পরম' অনন্ত, অসীম, সর্বময় এবং সমংসম্পূর্ণ। তাঁর যুক্তি সর্বদাই বাস্তব। "Real is the rational" এবং "The rational is the real." হেগেলের মূলীভূত তত্ত্বংশ ও সমগ্রের মধ্য সম্পর্ক নির্ণয়। জগতের প্রত্যেক প্রাণীই প্রাণী, কারণ সে সমগ্র প্রাণের অংশ। তার এই অংশ ও সমগ্রের সম্পর্কই তাঁর সমগ্র সত্য ও তত্ত্বের মূল যুক্তি। জীব উদ্ধি সর্বজগতেই এই সমগ্র জীবনের প্রমাণ। একখানি ছবির রংএর রাসায়নিক বিল্লেখ ৰারা ছবিকে বোঝা যায় না। যদিও দেইটিই ছবির মূল উপাদান। ছবিতে ह সমগ্রতা আসে সেইটাই তার প্রকৃত রূপ। প্রত্যেকটি অংশ নিমেই ছবিটির সমগ্রতা। শিল্পীর মনের স্ষ্টির অংশই সমগ্রতা পেত্রে সফল হয়েছে। তেমনি সতা ও পরম এক অথও সামগ্রী, বস্তুজগতই অংশরূপে সমগ্রের সার্থকতা জীবনের প্রতিটি মুহুর্ত ও তার অভিজ্ঞতা নিয়েই সমগ্র জীবন, সমগ্র জীবন সমাজ-সাপেক্ষ, সমাজ পৃথিবীর অবস্থাপ্রস্ত। পৃথিবী সমগ্র বিশের অংশ। এই সাধারণ সত্য সকলেই বুঝতে পারে। কিন্তু এর বিপরীত ক্রমে বলা যায়—'পর্ম' ভার সামগ্রিক চেতনায় অংশরূপে স্তায় প্রকট। এই 'পর্ম' স্থান-কাল-নির্পেক व्यथ्य व्यवस्य मर्ववाभी।

হেগেল যুক্তিভিত্তিক অবৈতবাদী। পরম তার অসংখ্য অংশে জগতে প্রকটিত,—জগতের স্রষ্টা নয়। তিনি অবৈতবাদী হলেও এই কথাটাকে প্রক্রিকরভেন না, কারণ হিন্দুদর্শনের মায়াবাদের সঙ্গে অবৈতবাদের সম্পর্কটাকে ভিনি গ্রহণ করেননি এবং জগতকে মায়া বলেননি বরং তাকে সত্য ব'লে গ্রহণ করেছেন। (২০০)

⁽tee) This is purely Pantheism, although Hegel disliked the word, which in his days was usually employed to designate the reputedly crude pantheism of India which regard the world as Maya, illusion, to which they oppose the absolute....For Hegel the world is not Maya or illusion, it is real, although its various parts are dependent upon the unity of the whole.—History of Moder Philosophy—Wright.—p. 325.

ভার দার্শনিক তত্ত্বের সর্বোদ্ধম অংশ তাঁর "Objective Mind"-এর বিচার। তার মূল প্রথমত অধিকার, মাহুবের নিজের এবং পরস্পারের প্রতি। বিভীয়তঃ, বিবেক, বার বারা মাহুব নিজেকে দেখতে পায় এবং চিনতে পারে এবং তৃতীয়তঃ, নীতি, বা দিয়ে সে বিবেক, রাষ্ট্র, সমাজ, পরিবার সম্বন্ধে সচেতন বিবেক-বৃদ্ধি লাভ করে।

আর্টিকে তিনি 'পরমের' ইন্দ্রিয়গ্রাহ্ম জগতের মাধ্যমে স্থলরের প্রকাশ বলেছেন। প্রত্যক্ষভাবে সে স্থলর প্রকাশ পেতে পারে, ষেমন ভাষরের মৃতির মধ্যে, বা একটা প্রাসাদ বা অট্টালিকার মধ্যে বা সন্ধীতের ধারার মধ্যে জথবা কবিভায় ইন্দ্রিয়গত কল্পনা-বিলাসের মধ্যে।

নীতির দিক থেকে তিনি কার্য থেকেও তাঁর উদ্দেশ্যের উপর বেশী গুরুত্ব আরোপ করেছেন। যে চোর জীবনরকার্থে চুরি করে তাকে তিনি বড় পাশী মনে করেননি, কারণ জীবনের চেয়ে সম্পদের মূল্য বেশী নয় এবং কাউকে ক্ষতিগ্রন্থ করবার উদ্দেশ্য নিয়ে সে চুরি করেনি।

তাঁর মতে দর্শন ও আর্টের মাঝখানে ধর্ম। প্রীষ্টানধর্মকে তিনি চিরসত্য পরম ধর্ম (Absolute Religion) ব'লে বিখাস করতেন। হেগেলের মৃত্যুর পরে তাঁর শিশুগণের মধ্যে বিরোধ উপস্থিত হয়। যিশুই অবতার কিনা তথা ভগবান কিনা? তিনিই সর্বভৃতে অবস্থিত কিনা? মাহুষ নশ্বর এবং 'পর্র্বাই অবিনশ্বর ও অনস্থ কিনা এই নিয়ে যুক্তির যুদ্ধ আরম্ভ হয়। যাঁরা প্রাচীনপত্তী তাঁরা বললেন, হেগেলের দর্শন প্রীষ্টানধর্মের সঙ্গে এক্ষত; যাঁরা প্রগতিবাদী তাঁরা বললেন, মাহুষ প্রকৃতির সৃষ্টি এবং তাঁরা জড়বাদ ও নান্তিকভার অমুরক্ত হ'য়ে উঠলেন।

David Friedrich Strausi (১৮০৮-১৮৭৪) তাঁর "Life of Jesus" (বিশুর জীবনী)-তে বর্ণিত ইতিহাস ও গল্পকে কল্পনা ও অজ্ঞান-মনপ্রস্ত কবিতা ব'লে আখ্যা দিলেন। Ludwig Feuerbach (১৮০৪-৭২) আরও একটু এগিয়ে গেলেন এবং ধর্ম ও ধর্মীয় অফুশাসনকে মাহুবের আশা, ভর ও আকাজ্জা-জনিত মনস্তাত্ত্বিক ক্রিয়া ব'লে প্রমাণিত করতে চাইলেন। ভগবান মাহুবের আশা ও কল্পনার সৌন্দর্শমন্ন সৃষ্টি ব'লে তিনি বেন বাঙ্গই করলেন। তাঁর থেকেই জড়বাদ শক্তিশালী হ'য়ে এগিয়ে চলল যদিও তিনি মাহুবকে একান্তই প্রকৃতির সৃষ্টি ব'লে বিশ্বাস করেননি।

তার পরেই এলেন Karl Marx (১৮১৮-১৮৮৩)। তিনি Feuerbach-এর তত্ত্বর সাধ্যমেই হেগেলের দর্শনকে পড়েছিলেন এবং আর্থান আদর্শবাদের অন্তিমশব্যা রচনা ক'রে জড়বাদের ধ্বজাকে উত্তুদ ক'রে সরাসরি রাম দিলেন, ধর্ম ব্যক্তির ও সমাজের পক্ষে অনিটকর এবং ধর্মকে নস্তাৎ ক'রে দিলেন। তাঁর ইতিহাসের জড়বাদী ব্যাখ্যা ও শ্রেণীসংগ্রামের তত্ত্বের উপরে নির্ভর ক'রেই গড়ে উঠল ভার শ্রেণীহীন সমাজের করনা।

হেগেলের দর্শন ক্লপান্তরিত হ'মে নৃতন হেগেলতত্ব বৃটেন ও আমেরিকাতে Absolute Idealism নাম নিয়ে দেখা দিল। ১৯শ শতকের অর্থক থেকে ২০শ শতকের বিতীয় দশক পর্যন্ত এই আদর্শবাদ চলে আসে। তার পরে নব বান্তবাদ, প্রয়োগবাদ (Pragmatism) নব হিতবাদ প্রভৃতি আন্দোলন দেখা দেয়। কিন্তু তব্ও অন্তঃশলিলা হ'মে হেগেলের শিক্ষা, বৃটেনে Edward ও John Caird, Thomas Hill Green, Francis Herbert Bradley প্রভৃতি এবং আমেরিকায় W. T. Harris, George Sylvester Morris, Josiah Royce, G. H. Palmer প্রভৃতির মধ্যে রয়ে যায়।

• হেগেলের পরবর্তী যুগে জড়বাদের প্রভাবই অধিকতর হ'য়ে দেখা যায়।
তথন বিজ্ঞান তার শক্তি নিয়ে মাহ্মবের অস্তরকে বিভ্রান্ত ক'রে তুলেছে, শিল্পবিপ্লবের
ফলে অর্থনীতি নৃতন রূপ নিয়েছে; সমাজের রূপ বদলেছে এবং ব্যক্তিকেন্দ্রিক
শিল্পনগরী স্পষ্ট হ'য়ে ভোগের বক্তা প্রবাহিত করেছে। তথন সাধারণ মাহ্মব
জড়জগতের ভোগবিলাদে আত্মবিশ্বত হ'য়ে হৃদয়র্ভিকে উপেক্ষা করতে শুরু
করেছে;—এই পরিবেশে ভোগকেন্দ্রিক জড়বাদ য়ে শক্তিশালী হ'য়ে উঠবে
এ তো স্বাভাবিক। Hobbes ও·Machiavelli-তে য়ে নিরীশ্বরবাদ ও ব্যক্তিশ্বাধীনতার নামে অহংকেন্দ্রিক ব্যক্তিবাদ গ'ড়ে উঠেছিল, জার্মান আদর্শবাদ
ভাকে সাময়িক ভাবে ন্তিমিত ক'য়ে দিলেও, বৈজ্ঞানিক আবিদ্ধার ও শিল্পবিপ্লবের
আলোকে ও উদ্ভাপে তা আবার শক্তিশালী হ'য়ে উঠল। মাহ্মর সমাজ ছেড়ে
একক হল, জীবনে এল ভার একাকীয়। ভার অবশুভাবী প্রতিক্রিয়া রূপে
সাহিত্যশিল্পও মন্তিকগত ও বিশ্লেষণমূলক হ'য়ে উঠল, হাদয়বৃত্তির অহ্নশীলন ও
মানব-মনের অহ্নভৃতিপ্রবণতা হাতমূল্য ও ন্তিমিত হ'য়ে এল। মাহ্মর মন্তিক দিয়ে
হলয় দেখতে চাইল, তাই হলয় ধীরে ধীরে সক্ষ্বিত হ'য়ে নির্বাপিতপ্রায় হ'য়ে গেল।

হেগেলের জন্মবৎসর ১৭৭০ সাল থেকেই ইংলণ্ডে শিল্পবিপ্লব যুগের আরম্ভ। এই শিল্পবিপ্লবের ফলে ইউরোপের অর্থনীতি, সমাজব্যবন্থা, জীবনের দৃষ্টিভঙ্গি, রাষ্ট্রনীতি ও ব্যক্তিজীবনের আমৃল পরিবর্তন হয়। গণিত, পদার্থবিত্যা, রসায়ন ও জীববিত্যার ক্ষেত্রে বহুতর নৃতন আবিদ্ধার হয় এবং সঠিক বৈজ্ঞানিক তথ্য পরিবেশন করে। দর্শন এই বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে কী ক'রে সামঞ্জ্য করতে পারে এ নিয়ে দর্শনিকগণ নানাভাবে চিস্তা করেন কিছু তাঁরা একমত হলেন না। বিজ্ঞান তথ্য দেয় কিছু চরম সত্য সহছে কোন সঠিক মতামত দিতে পারে না। আদর্শবাদীরা বলেন, বিজ্ঞান তার নিজের ক্ষেত্রে সত্য তথ্য দিতে পারে সংলহ নেই কিছু পরম সন্তা ও সত্য বিজ্ঞানের অতীত। তাঁরা পুরাতন তত্ত্বে যুগোপযোগী করতে প্রয়াসী হলেন। অক্তদিকে প্রত্যক্ষবাদীগণ (Positivists) প্রয়োগবাদীগণ (Pragmatists) এবং বান্তববাদীগণ (Realists) বললেন, বৈজ্ঞানিক বীক্ষণ ব্যতীত কোন সত্য নেই। অধিবিত্যা (Metaphysics) ঘারা সত্য জানা সম্ভব নয়।

১৯শ শতকে বৈজ্ঞানিক অগ্রগতির ফলে সামাজিক অর্থ নৈতিক যে পরিবর্তন

হয় তাতে দার্শনিকগণ ভেবেছিলেন এবং আশা করেছিলেন যে, সাধারণ মাম্বরের

ভীবনধারার উন্নতি হবে, কিন্তু তা হল না। এখন এই সাধারণের উন্নতিকলে

সমাজ-সমস্তা দ্রীকরণের জন্ত ন্তন শাল্প,—যথা রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিদ্যা,

মনস্তব্ব ও শিক্ষা ও শিক্ষণবিদ্যার জন্ম হল এবং এই সব বিদ্যাধীরে ধীরে দর্শন
শাল্পের অক ছেড়ে স্বাধীন হল। এই পরিবর্তনের মুখে সভ্যতার নৃতন নৃতন

সমস্তা দেখা দিল, তারই সমাধানকরে জার্মানীতে সোপেনহাওয়ার, নিট্জে,

ক্রান্সে কোঁতে ও বারশোঁ, ইংলতে মিল, স্পেনসার, আলেকজাণ্ডার এবং

আমেরিকায় রয়েস্, জেমস্ ডিউই নৃতন ভাবে নৃতন তত্ত্ব পরিবেশন করলেন।

Arthur Schopenhauer (১৭৮৮-১৮৬০) ভানজিগের এক ধনী ব্যাহারের পুত্র। এই স্বাধীন নগরী ১৭৯৩ সালে প্রাশিয়া কর্তৃক অধিকৃত হলে তারা হামবুর্গে চলে যান। তিনি শিক্ষান্তে ইংলও ফ্রান্স ভ্রমণ ক'রে সেই সব দেশের ভাষা শিক্ষা করেন। ১৮০৯ সালে তাঁর পিতার মৃত্যু হয় এবং তিনি অধ্যয়ন-অধ্যাপনায় জীবন-যাপন করবেন স্থির করেন। গ্রীক, লাটিন ও ইতালীয় ভাষা निका करत्रन विरमयण्डः कांन्छे ७ প्र्यातीत त्रहनावनी शार्ठ करत्रन এवः अञ्चलास्त्र মাধ্যমে ভারতীয় দর্শনও পড়েন। ১৮১৮ সালে তাঁর বিখ্যাত পুত্তক "The World as Will and Idea" প্রকাশিত হয়। ১৮২০ সালে বার্লিন বিশ্ববিভালয়ে অধ্যাপকতা গ্রহণ করেন কিন্তু অধ্যাপনায় ছাত্রগণকে আকৃষ্ট করতে পারেননি। ১৮৩১ সালের কলেরা মহামারীতে (হেগেল এই মহামারীতে মারা যান) ভীত হ'য়ে ক্রাস্কফুর্টে যান এবং বাকি জীবন সেখানেই কাটান। ১৮৪৮ সালের জার্মান বিপ্লবের অসাফলোর পরে তাঁর ছঃথবাদী দর্শনের তত্ত্ব অনেকটা জনপ্রিয় হয়। শেষ-জীবনে তিনি থ্যাতি ও গৌরব লাভ ক'রে ইউরোপে বিখ্যাত হন। তাঁর মাতা নভেদ ও প্রবন্ধ-লেখিকা ছিলেন। তিনি রোমাণ্টিক লেখিকা ছিলেন। ফরাসী সম্রাস্ত মহিলাদের মত একটা সাহিত্য আলোচনার সেলুন রক্ষা ক'রে নিজের থেকে বয়সে ভোট ভক্রণ স্থাবক নিয়ে দিন কাটাভেন। এই ঘটনাকে কেন্দ্র ক'রে মাতাপুত্রের ঝগড়া হয় এবং তাঁর মাতার জীবনের শেষ ২৪ বংসর তিনি जांत्र मरक (मथा छ करतनि । छीवान जिनि উচ্ছचन, शामारश्वानी এवः घटः अर्ग हिल्लन। এक महिला प्रस्तिक स्मारत वह ठीका व्यर्थम् अस्ता। स्थोन कीवरन ভিনি ছিলেন অসংযত, একটির পর একটি প্রণয় তাঁর চলত, তিনি লচ্ছিতও হতেন কিছ নিজেকে সংষত করতে পারতেন না। এই জগু কোন ভত্তমহিলার সঙ্গে তাঁর বিবাহ সম্ভব হয়নি।

সোণেন্হাওয়ার তাঁর ছ্:থবাদের জন্মই সমধিক প্রাসিদ্ধ কিন্তু প্রকৃতপক্ষে তাঁর প্রাধান্ত তাঁর আদর্শবাদের নবতম ব্যাখ্যায়। তাঁর Will তাঁর 'Sufficient Reason' এবং প্রেটোর আদর্শগত চাক্ষকলার ব্যাখ্যা এবং সহায়ভূতি, স্থায় ও দোভতার নীতিবাদের জন্মই তিনি জগতে আদৃত ও খ্যাত হয়েছেন। বার্কলের

মত তিনিও অস্বীকার করেন যে বস্তু আমাদের তত্ত্বের কারণ। তিনি বলেন আমাদের মানব-মন ব্যতীত কোন বস্তুর অভিত নেই, এই মন বুরতে পারে বলেই বস্তুর অন্তিত্ব আছে। কাণ্টের মত তিনি বলেন, ইক্সিয়গত অমুভৃতির ফলেট श्रामवा शावना कति अवर श्रामात्मत मननदे अहे देखिश्रन श्रम् छित दर्ष । कार्छ এই ধারণার পিছনে 'পরম' এবং ফিকটে অহংকে কল্পনা করেছেন, সোপেন-হাওয়ার এর হেতুকে Sufficient reason বলেছেন যার মূল ৪টি,—১। কার্য-কারণ (cause and effect) ২। কেত্র ও ফল (ground and consequence) ৩। দেশ ও কাল (space and time) ৪। উদ্দেশ্য ও কর্ম (motive and action)। তিনি কাণ্টের মতই বললেন, বৈজ্ঞানিক বীক্ষণ দেশ ও কালের ছারা সীমিত এবং তা পরমতত্ত্বের সন্ধান দিতে পারে না। মাত্রুষ স্বজ্ঞাঘারা অতীক্রিয় অমুভৃতি লাভ করে কিন্তু তার মূলে তার will বা ইচ্চাশক্তি। এই ইচ্ছাশক্তি बाता जिनि दक्वन मुख्यान मरनत कियारक सरतनि, अरहजन-अवरवजन मन, প্রেরণা, ইচ্ছা প্রভৃতির একটি সমগ্রতাকে বুঝেছেন, যে সমগ্রতা প্রকৃতির শক্তি। मानव-कौवत्नत्र ममख काक धरे रेक्ट्रमिक बार्बा ठानिए। धरे रेक्ट्रामिकिरे ८५०न-অচেতন-অবচেতন ক্রিয়ার মূলীভূত সভা এবং পরম তত্ত্ব বা জীব ও জড়ের মধ্যে সমভাবে রয়েছে। তাই বাহজগত আমাদের মননক্রিয়ার ও ইচ্ছাশক্তির স্প্রি। বিশ্বজাগতিক ইচ্ছাশক্তিই ব্যক্তি বস্তু ও বিশ্বে প্রকাশ। (২৩৬)

স্থ অর্থাৎ তৃ:থের নিবৃত্তির ইচ্ছা থেকেই মানুষের কর্মেচ্ছা, এবং কর্মের দারা তৃ:থ দুর হলেও মানব-জীবনের তৃ:থ কমে না। তৃ:থ আছে ব'লেই মানুষ কর্ম করে, তৃ:থ-নিরাশা না হ'লে জগত বাঁচত না, মানুষের মনুষ্যুত্বেরও বিকাশ হত না—এইটি তাঁর তৃ:থবাদের মূলকথা।

তাঁর নীতিবাদ তাঁর Basis of Morality and The World as Will and Idea পুস্তকে লিপিবদ্ধ হয়েছে। মাহ্য যথন দর্মা বা আত্মহথের জন্ম কোন কাজ করে তথনই দে দুনীতিপরায়ণ আর যথন দে আত্মকেন্দ্রিকতাকে ভূলে সহায়-ভূতির সঙ্গে, ছংখীর ছংথের সঙ্গে একীভূত হ'য়ে কাজ করে তথনই সে স্থনীতিপরায়ণ। অন্তের অধিকার ও পাওনার পক্ষপাতিত্হীন বিচারই স্থায়, এবং বৌদ্ধ বা এইধর্মের প্রেম, যে প্রেম দারা আমরা মন্দকে ভাল দারা জয় করি তাই মহামূভবতা। এই মহামূভবতা ও ক্যামপরায়ণতা-প্রণোদিত পরার্থবাদ আমাদের জীবনের ছংথকে প্রশমিত করে মাত্র, কিছ্ক তাতে জীবনের সমস্থার সমাধান হয়্য না। জীবন তার নৈরাশ্প ও ছংখ নিয়ে চলতে থাকে। যেহেত্ ছংখই জীবনের চলার পথে একমাত্র প্রেরণা।

⁽২৩৬) This universal will is not, of course, that of you and me as separate individuals. The universal will has individuated or differentiated itself into you and me and the other separate persons and things of our phenomenal world in accordance with the principles of sufficient reason.—Wright—p. 362.

তার এই ত্থেবাদকে অনেকে স্বীকার করেন না, আনন্দ নেতিবাচক নয় স্থাৎ ত্থের স্প্রস্থিতিই আনন্দ নয়, আনন্দ হাঁ-বাচক, জীবনের স্বতঃস্কৃত প্রকাশ। তবে তৃথে বা জীবনসংগ্রাম প্রয়োজন জীবনের উন্নতির জন্ম। মাহুব আকাজ্জিত বস্তু পেলেও স্থী হবে না সোপেনহাওয়ারের একথা স্বীকার। মাহুব বছরের পর বছর, যুগের পর যুগ এগিয়ে চলেছে পরিণতি ও পূর্ণতার দিকে। ধারণা-নিরপেক্ষ ভাবেই বাহুজগভ প্রত্যক্ষ, এই তত্তই পাশ্চান্তা দর্শনে বেশী প্রাধান্ত পেয়েছে, ভাই পাশ্চান্তা তাঁর তৃথেবাদ গ্রহণীয় হয়নি এবং পাশ্চান্তা নির্বাণলাভের যুক্তিকে স্বীকার করেনি। (২৩৭)

Friedrich Wilhelm Nietzche (১৮৪৪-১০০০) একাধারে কবি, সঙ্গীতজ্ঞ, প্রবন্ধকার ও দার্শনিক। তাঁর ভাষা যেমন মনোমুগ্ধকর তেমনি শক্তিশালী, অর্ধসত্য ও অর্ধমিথাাকেও ভাষার যাত্মেয়ে সত্য ব'লে প্রতিপন্ধ করার শক্তি তাঁর অসাধারণ। পোলিশ সম্রান্ত ঘরে তাঁর জন্ম, তাঁর পিতা Saxony-র Rocken-এ ধর্মাজক (Pastor) ছিলেন। তিনি গুণবান ও চরিত্রবান ব্যক্তি কিন্তু নীটজের চার বংসর বয়:ক্রমকালে মারা যান। নীটজে স্ত্রীলোকের মধ্যেই মান্ত্রহ হন। চার্চে যোগদান করতে অস্থীকার করেন, প্রীইধর্মকেও তিনি মানতেন না এবং শেষ পর্যন্ত নাত্তিক হন। বন বিশ্ববিভালয়ে থাকালীন মন্ত্রপান, ধ্মপান, মন্ত্রহ্ লড়বার জন্ম অখ্যাতি লাভ করেন এবং একরাত্রির অভিযানে উপদংশ রোগটি সংগ্রহ করেন এবং এই রোগ থেকেই তিনি জীবনে স্বান্থাহীন হ'য়ে পড়েন। কিন্তু তিনি পণ্ডিত ব্যক্তি, ছাত্র হিসাবেও অত্যন্ত মেধাবী। স্ইজারল্যাণ্ডের বেসেল বিশ্ববিভালয়ে 'Classical Philology'-র অধ্যাপক নিযুক্ত হন।

অবিয়া ও প্রাশিয়ার যুদ্ধের সময় তিনি লিপজিক বিশ্ববিভালয়ের ছাত্র ছিলেন এবং গোলন্দাজ বাহিনীতে যোগদান করেন। এই যুদ্ধের অভিক্ষতার পরে তিনি যুদ্ধের প্রতি বীতশ্রদ্ধ হন। তিনি একদিন ঘোড়া থেকে পড়ে গিয়ে গুরুতর ভাবে আহত হন এবং চাকুরী ছেড়ে দেন। ১৮৭০ সালের ফ্রান্স ও প্রাশিয়ার যুদ্ধে তিনি যোগদান করতে যান কিছু তিনি স্থইন্ নাগরিক হওয়ায় যোগ দিতে পারেন না, কিছু থাাসুলেন্দে যোগদান করেন। সেই সময়ে আমাশায়, ভিপথেরিয়া প্রভৃতি রোগে ভূগে একেবারে ভার্মায়ায় হন। শেষ জীবনে রোগশয়ায় তিনি তাঁর দর্শন রচনা করেন।

ভিনি যা সত্য বা ঠিক বলে মনে করতেন ভাকেই ভিনি অন্থসরণ করেছেন। ভংকালীন সভ্যতা, সংস্কৃতি ও গণভাত্মিক নীভিবোধকে দ্রীভূত ক'রে প্রাভন থীক আভিজাত্যের আদর্শ জীবনকেই ভিনি গ্রহণীয় আদর্শ ব'লে মনে করতেন। প্রথমে ভিনি The Birth of Tragedy (১৮৭২)-তে গ্রীক জীবন ও সাহিত্যকে ব্যাখ্যা করেন। সোপেনহাওয়ারের 'Will to live'-কে ভিনি আনক্ষময় সহজ্প প্রবৃত্তিজ্ঞাত ইচ্ছা ব'লে বর্ণনা করেন—যে ইচ্ছাশক্তি Dionysus-এ প্রকাশ,

⁽२०१) An eternity of unceasing effort and struggle rather than oblivion of Nirvana is the ideal of blessedness most convincing to the majority of occidental minds.—Wright—p. 382.

ষক্ত দিকে ধীর শান্ত সম্বত চিন্তার প্রতীক Apollo. যথন এই Apollo-র গুণাবলী প্রীক-জীবনে প্রকট হল তথন তারা বেশী বিমূর্ত চিন্তায় আক্রন্ত হল। সক্রেটিসের সময়ে এদে তারা দর্শনোমন্ত হ'য়ে উঠল এবং দেশে কর্মসাধনা লোপ পেল ব'লেই সাহিত্যের অবক্ষয় শুরু হল।

তিনি সোপেনহাওয়ারের দর্শনের কিছুটা গ্রহণ করেন এবং বাকিটা ত্যাগ করেন। World as Will-টাই প্রথম এবং World as Idea-টা বিতীয়। আট সম্বন্ধে তিনি সোপেনহাওয়ার ও Schelling প্রভৃতির রোমান্টিকতার পক্ষণাতী ছিলেন এবং তিনি "The Will to Power"-এর মধ্যেইে জীবনের প্রকাশ ব'লে মনে করেন। অবশ্র এই সময়ে তিনি এই কর্মযোগকে সাধারণভাবে সাহিত্য ও শিল্পস্টির মধ্যেই সীমাবদ্ধ রেখেছিলেন। প্রীষ্টধর্ম সম্বন্ধে তিনি নীরব, তবে ধর্মশিক্ষা বে জীবনের (will to live) পরিপদ্ধী একথা তিনি অত্যন্ত বেগবান ভাষায় বলেন। তিনি সে মুগের মাম্বেকে গ্রীক-জীবনের ইচ্ছাশক্তিতে উদ্বন্ধ হতে বলেন।

নীতিবাদের দিক থেকে তিনি বলেন, কোন ব্যক্তির পক্ষে কোন যুগে যা সত্য তা হয়ত অক্স যুগে অক্স ব্যক্তির পক্ষে সত্য নয়। নীতির কোন চিরন্তন সংজ্ঞানেই। মানব স্বাধীন সন্তা, দেশ-কাল, নীতি ও সংস্কার দ্বারা তার স্বাধীনতা খণ্ডিত হওয়া উচিত নয়। নিজের ক্যায়বিচারের দ্বারা নিজের মঙ্গল করবার স্বাধীনতা তার থাকা প্রয়োজন। তবুও তিনি সকলের পক্ষে একটা নৈতিক আদর্শের পক্ষপাতী। তিনি গ্রীক আভিজ্ঞাত্যের গুণাবলী,—নিজের ও বন্ধুর প্রতি সত্তা, শক্রর বিরুদ্ধে সাহস, পরাজিতের প্রতি মহামুভবতা এবং সকলের প্রতি সৌজ্ঞাকে নীতির আদর্শ ব'লে মনে করেন।

প্রীষ্টধর্মের প্রতি তিনি আস্থাবান নয় তার কারণ,—ভগবান নাই, ভগবানের প্রতি বিশ্বাদ জগতে মৃতপ্রায়। প্রার্থনা কথাটা অর্থহীন ও উদ্দেশ্যহীন। বিশ্ব যে ধর্মশিক্ষা দিয়েছিলেন তা মন্ধলকর নয়; তিনি প্রেম-দয়া-দহামৃভৃতির উপর অতি বেশী জোর দিয়েছেন এবং তার জন্তেই গ্রীক আদর্শ ও গুণাবলীর অবক্ষয় হয়েছে। বর্তবান যুগের স্বাধীন সন্ধাসম্পন্ন আত্মনির্ভরশীল ও গতিশীল মানুষের পক্ষে পাপ-পুণ্যের ভয় বা বিচার অগ্রগতির পরিপন্থী।

তাঁর 'Thus Spake Zarathrustra' পৃস্তকেই তিনি তাঁর দর্শনের মূল স্থা ব্যাখ্যা করেছেন। ভারউইন ও স্পোলারের জৈববিবর্তনের (Biological Evolution) তম্ব পড়ে তিনি বিশাস করেছিলেন কিছু তার ব্যাখ্যা অক্সরণ। ভারউইনের জীবনযুদ্ধের তম্ব এবং Survival of the fittest-এর তম্বকে তিনি যুক্তিহীন বলেছেন। তিনি বলেন, Will to power-ই প্রকৃতির মূল কথা এবং এক্ষেত্রে তিনি সোণেনহাওয়ার ও ফরাসী দার্শনিক Lamark-এর নিকটবর্তী।

'Will to power', এই শক্তি অর্জনের সং সংকল্প, কারণ এই সংকল্প থেকেই

• উচ্চতর মানব, অতিমানব বা উচ্চতর জীবনের বিবর্তন হওরা সম্ভব। এই সংকল্প
থেকেই গ্রীদের অর্ণযুগে দেহে ও মনে ফুলর শক্তিশালী মানুষ স্কটি হয়েছিল।

তৃ'হাজার বছর পৃথিবী যদি ভূল পথে না চলত তবে গ্রীক অভিন্ধাতশ্রেণীর মত মহৎ স্থলর ব্যক্তি স্থান্ট হত। এই বিবর্তনই অগ্রগতির চিহ্ন। সোপেনহাওয়ারের তৃঃখবাদ জীবনে অবশ্রভাবী নয়, প্রগতিই সম্ভব এবং তদ্ধারাই অভিমানব স্থান্ট হওয়া সম্ভব। তিনি হেরাক্লিটাল ও পিথাগোরালের মত বিবর্তনচক্রে বিশালী ছিলেন। সময় দেশ ও জড় স্লীম,—সময় অসীম অতএব খুবই সম্ভব যে জড় ও শক্তি, ক্ষেত্র ও স্ময়ে বারবার একজিত হবে।

প্রীক অভিন্ধাত শ্রেণী, আর্য ভারত বিজয়ী, প্রাচীন রোমান, গণ, ভাইকিং, আরব, জার্মান বা জাপানের সন্ধান্ত শ্রেণীকে তিনি সং (good) মনে করতেন—তারা স্থলর, সাহসী, ধনী, মহৎ, শাসক, সন্ধান্ত, সত্যবাদী, সৎ, নীচুশ্রেণীর সঙ্গে মিশতে অনিচ্ছুক। তাদের কাছে অসং (bad) পরাজিত, অশ্বেতকার, কুশ্রী, নির্বোধ, ভীক, মিথ্যাবাদী, প্রবঞ্চক সাধারণ জনশ্রেণী। তারা ক্রীতদাসত্বেই উপযোগী, তারা শ্রম করবে, উৎপাদন করবে, এই অভিজাত অভিমানবের জীবনকে স্বাধীন ও সংরক্ষিত করতে। এই জনশ্রেণীর পক্ষে সংকার্য হবে দরিল, নির্বীর্য, ভারমান্ত্যা, বিনয়ী, সরল মন ও নীচুহ'যে থাকা এবং তাদের পক্ষে অসৎকার্য হবে অভিলাতদের মত হওয়ার প্রচেষ্টা, লোভী, ব্যসনপ্রিয়, নিষ্ঠুর, শক্তিশালী ও শক্তিপ্রিয় হওয়া। এমনকি নিক্নই শ্রেণীর পক্ষে জীবস্টিও তিনি অক্রায় মনে করতেন। প্রীইধর্মের দয়া, বিনয়, প্রেম, সহাস্থভ্তি, অহিংসা প্রভৃতি তথাকথিত গুণাবলীর অন্থশীলন এই সব মহৎ ব্যক্তিকে কাপুক্ষে পরিণত করেছে মাত্র। ইছদীরাই প্রীইধর্মের আদি, কিছ তারা বিজিত হ'য়ে জয়ীদের ম্বুণা করত, তাই তারা বিজয়ীকে প্রীইধর্মের ফাঁদে ফেলেছে কিছ্ক নিজের। এধর্ম গ্রহণ করেনি।

অতীতে বা বর্তমানে শিল্প-সাহিত্য যা কিছু গড়ে উঠেছে, যা কিছু সাংস্কৃতিক প্রগতি দেখা দিয়েছে তার সবই এই ধনী অভিজাতশ্রোর পৃষ্ঠপোষকতায়। বর্তমানের চলচ্চিত্র, সন্ধীত, রেডিও, যা কিছু প্রকাশিত হয়েছে তা সাধারণের আনন্দ বিধানের জন্ম এবং গণতল্পের অভ্যুদয় এখনও প্রমাণ করতে পারেনি যে, গণতান্ত্রিক শিল্পও উচ্চান্দের হতে পারে। শিক্ষা ও শিল্পস্টি সংখ্যার ঘারা বিচার হয় না, উৎকর্ষতার ঘারা বিচার হয়। আজকাল গণতত্ত্বে কত লোক শিক্ষিত হয়েছে সেইটেই গর্বের বিষয় কিছু কতটুকু বিভাও জ্ঞান অর্জন করেছে তা প্রায়শাই উপ্শক্ষিত হয়। (২৩৮)

affording aesthetic enjoyment to the masses, have not yet proved that democracies are capable of producing or appreciating art of the highest order. We in America are proud of the fact that larger numbers of young people in must be admitted that the quality of learning acquired in our educational institutions has had to be debased...in order to bring it within the interest and intellectual grasp of the multitudes that crowd our schools. There is a certain truth in the notion "an aristocracy of brain" which many of our educational institutions have overlooked."—Wright—p. 394.

নীটজের এই "will to power"-এর তত্ত্ব জার্মান জাতিকে উদ্বুদ্ধ ক'রে ইউরোপের ইতিহাসে বিশিষ্ট ক'রে তুলেছিল, যার ফলে বিসমার্ক ও পরে হিটলার জার্মানজাতিকে শ্রেষ্ঠতের অধিকারী করতে চেয়েছিলেন।

বর্তমান যুগের অক্সান্ত জার্মান দার্শনিক, Friedrich Herbert (১৭৭৬-১৮৪১) অধ্যাপক হিসাবে কাণ্টের স্থলাভিষিক্ত হন। Eduard Von Hartmann (১৮৪২-১৯০৬) প্রথম চেতন-অচেতন-অবচেতন মনের ধারণা করেন। তিনি বলেন, অচেতন মন থেকেই চেতন মনের ক্রিয়া। Rudolf Hermann Lotze (১৮১৭-১৮৮১), Wilhelm Wundt (১৮৩২-১৯০৮) সক্রিয় ঐচ্ছিক আদর্শবাদ প্রচার করেন। Rudolf Eucken (১৮১৬-১৯২৬)-এর অবৈতবাদী আদর্শ প্রভৃতি জার্মানীর পরবর্তী দর্শন।

১৯শ শতকের ফরাসী দার্শনিকগণ নবালোকের উচ্চুম্বলতা ও ঔদ্বত্যকে (Reckless audacity of the men of the enlightenment) প্রহণ করতে পার্বেন না। নবালোকের দার্শনিকগণ ভেবেছিলেন রাষ্ট্র ও ধর্মাফুশাসন থেকে মুক্তি পেলেই মামুষ জ্ঞানার্জন ক'রে সং মহৎ ও ফ্রায়পরায়ণ হবে। বিভাবৃদ্ধির बुक्तियान जाता विरावहक हरत वार राम, जाजि । नमार्कत छेन्नजि कतारा। वह विश्वान निरम्ब Condorcet शिरनाण्डिन প्रांग निरम्बिहानन, किन अ भाना नकन হল না। মাত্রৰ বাঁধনছাড়া হ'য়ে উচ্ছুখল ও অত্যাচারী হ'য়ে উঠল এবং তারই প্রতিক্রিয়া হিসাবে নেপোলিয়নের অত্যাচার ও ধ্বংসকরী সমরপ্রিয়তা দেখা দিল। যাদের দর্শনে এই বিপ্লব হয়েছিল তাঁরা যে ভুল তত্ত্ব পরিবেশন করেছিলেন তা প্রমাণিত হল এবং ১৯শ শতকের দর্শনের উপর এই ভুল তত্ত্বের সংশোধনের ভার পড়ল। তথন Joseph d Maistre (১৭৫৪-১৮২১) বললেন, লক্, ভল্তেয়ার রুশো এঁরা মান্ত্রকে ভূল পথ দেখিয়েছেন। ব্যক্তিস্বাধীনতা, ও বাক্সাধীনতা বিশুখলার স্ষ্ট করবে মাত্র। বিজ্ঞান অনেক তথ্য আবিদ্ধার করলেও প্রকৃত সত্যকে জানতে পারে না, সমাজ বা ধর্মের উপরেও তার কোন প্রভাব নেই। অতএব পোপকে যেনে চলাই খেয়। কিন্তু সঙ্গে সাজ Pierre George Cabanis (১৭৫৭-১৮০৮) Condillac-এর মনস্তত্ত্বের ক্তে অবলম্বন ক'রে বললেন, মারুষের চিন্তা মন্তিক (Brain) থেকেই আবে। Main de Biran (১৭৬৬-১৮২৪), त्गालनशक्तात ७ निवनिश्ष्वत जव्दक मयवत कत्राज का करत्न। Comte de Saint Simon (১ १७०- ১৮২৫) कतांत्री ' खारबिकान विद्वारहत चिक्क विश्ववी। ভিনি সমান্তকে নৃতনভাবে গড়বার প্রস্তাব দিলেন। সমান্ত হবে এমন যাতে প্রমিক ও সাধারণের জীবন, শিক্ষা ও অর্থনীতি জগতে ক্রমশঃ উন্নতি লাভ করতে পারে। রাষ্ট্রব্যবন্থা ও ধর্মব্যবন্থার স্থাসমন্ত্র করতে হবে। রাষ্ট্রব্যবন্থা অভিছাত ও সামরিক শক্তির হাত থেকে শিল্পতি ও উৎপাদকের হাতে আসবে এবং ধর্মব্যবস্থা শিল্পী ও दिकानिकरतत हार्फ जामरव। ज्रवीर ১৯म मछरकत कतानी नार्मनिकर्ग ज्यन ন্বালোকের ভুল পথকে বুরতে পেরে সঠিক পথের সন্ধানে আত্মনিয়োগ করেছিলেন। Auguste Comte (১৭৯৮-১৮৫৭) রাজভক্ত ক্যাথলিক ছিলেন। তাঁর পিতা Montpellier-এর নায়েবী অফিলের কেরানী ছিলেন। স্থলের প্রথম ছাত্র, কোনদিন বিভীয় হননি। তিনি ১৫ বছর বয়সেই প্যারির পলিটেকনিকে পড়বার ছাত্র নির্বাচিত হন। সেখানে গণিত, রসায়ন ও পদার্থবিছা শিক্ষা করেন। এই স্থলের একজন শিক্ষক টেবিলে পা তুলে দিয়ে পড়াতেন; তাঁরা তার প্রতিবাদ করেন এবং একদিন পড়া বলবার সময় ওই রকম পা তুলে দিলেন। তাঁকে প্রশ্ন করায় বিভাসাগরের মতই তিনি বলেছিলেন য়ে, এইটিই তিনি সৌজ্য ব'লে মনে করেছেন। তখন সরকারী কর্তৃপক্ষ পলিটেকনিককে রিপাবলিকানদের কর্মকেন্দ্র ব'লে মনে করতেন,—স্থলের শৃত্যুলা রক্ষার নামে তাঁরা সকল ছাত্রকে বহিদার করনেন। তার পরে দার্শনিকের জীবনে আসে অসহ্ দারিদ্রা। প্রাইভেট পড়িয়ে কোনমতে দিন কাটে। তিনি এই সময়ে Saint Simon-এর শিশ্ব হলেন এবং তাঁর হ'য়ে লিখতেনও। কিন্তু পরে মতবিরোধ হয় এবং তিনি "A plan for the scientific work necessary to reorganise the society" নামে একটি প্রবন্ধ লেখেন। তখনকার ক্ষামখ্যাত পণ্ডিত Jefferson Monroe-র দৃষ্টি এই প্রবন্ধে আক্রই হয় এবং কোঁতে প্রসিজ্ব হন।

তথন প্যারিতে যুবক-যুবতীরা অবাধে মেলামেশা করত। তিনি Caroline Massin নামে সীবনজীবী এক মহিলার প্রণয়ী হন। এই মহিলার চরিত্র সম্বন্ধে সংস্কার খুব প্রবল ছিল না এবং তাঁর সক্ষেই তিনি থাকতেন। উভয়ের বিবাহও হয়। মহিলাটি তার নৈতিকবোধ অহুসারে স্বামীর অহুরক্তও ছিলেন বলা যায়। কোঁতে যাতে তাঁর লেখা নিয়েই থাকতে পারেন সেজস্ত চেষ্টাও করতেন কিছু দারিত্র্য তথন প্রবল। দারিত্র্য ত্থে দ্ব করতে তথন মহিলাটি পরপুক্ষ সংসর্গ দারা অর্থার্জন করতে চান কিছু কোঁতে রাজি হন না এবং উভয়ে বিচ্ছিন্ন হন, তথাপি এই মহিলা সারাজীবন তাঁকে সাহায্য করেছেন।

১৮৩০-১৮৪২-এর মধ্যে তিনি তাঁর Positive Philosophy (Cours de Philosophie Positive) প্রকাশ করেন। তথন তিনি পলিটেকনিকে টিউটরের পদ লাভ করেন কিছু অধ্যাপকের পদ দেওয়া হয় না। কোন একটি লেখায় তিনি গণিতের প্রয়োজনীয়তা বা গুরুত্ব অখীকার করায় চাকুরী যায় এবং ভয়াবছ দারিক্রের মধ্যে তাঁকে জীবন কাটাতে হয়। এই সময়ে ইংলগ্রের দার্শনিক John Stuart Mill এবং আরও কয়েকজন বয়ু টালা ক'রে তাঁর ভরণপোষণ করেন।

১৮৪৪ সালে Madame Clotilde নামে এক অভিছাত মহিলার সঙ্গে তাঁর পরিচয় হয়। তাঁর স্বামী প্রবঞ্চনার জন্ত অভিযুক্ত হওয়ার ভয়ে দেশভাগে করেছিলেন। কোঁতে সর্বাক্তকরণে তাঁকে ভালবেসেছিলেন কিছ তিনি পুণাবভী মহিলা। কোঁতের লেখার প্রতি তাঁর আছা ছিল এইমাতা। তিনি ম্মা রোগে বারা বান কিছ কোঁতে তাঁকে ক্রেক্টেক্টের পুছা করেছেন। তাঁর এই প্রেম তাঁর

দর্শনকে বিশেষভাবে প্রভাবিত করেছে—তাঁর The Positive Polity (১৮৫১-৫৪)
গ্রন্থে তা স্কলাষ্ট। শেষজীবনে এক বদায়া মহিলার আত্মরে দিনাতিপাত করেন।

কোঁতের দর্শন ঠিক দর্শন নয়, বরং সমাজবিজ্ঞান। তিনিও সমাজবিজ্ঞানী।
প্রথমে তিনি মনে করেছেন, বিজ্ঞানের উয়তি ও তার প্রয়োগ হবে কেবলমাত্র সমাজব্যবস্থার উয়তিকয়ে, এবং এই বৈজ্ঞানিক প্রয়োগ বারাই সমাজের মঙ্গল সম্ভব ব'লে
তিনি মনে করেছেন। এইটাই তাঁর Positive Philosophy-র স্থ্রে। Positive
Polityতে তিনি তাঁর কয়িত হিতবাদী সমাজে ধর্ম ও নীতির প্রয়োগবিদি
আলোচনা করেছেন। Hume-এর মত তিনিও মনে করেছেন স্পষ্ট ও তার কারণ
জানা সম্ভব নয়, বিজ্ঞান বারা আমরা কেবলমাত্র কোন নৈস্গিক বা প্রাকৃতিক
ঘটনার রীতি ও নিয়ম জানতে পারি। সেই জ্ঞান বারা আমরা অদ্র ভবিশ্বতকে
হয়ত কিছুটা জানতে পারি এবং ঘটনার হেতৃকেও হয়ত সাময়িক পরিবর্তন করতে
পারি স্থতরাং এই জ্ঞান মানব-সমাজের কল্যাণ ও উয়তির জ্ঞা আয়ন্ত করা উচিত।

সমাজ-বিজ্ঞান বলতে তিনি সমাজ মনস্তত্ব, অর্থনীতি, রাষ্ট্র-বিজ্ঞান, নীতি, দর্শন-ইতিহাস একত্রে বৃক্তে চেষ্টা করেছেন এবং তাদের পারস্পরিক সম্পর্কও বিচার করেছেন। সমাজ-বিভার চর্চাদারা রীতি, নীতি, পারিপার্শিক সমাজ-ব্যবদ্ধা এবং তাদের পারস্পরিক সম্পর্ক জানা যায়।

সমাজ সম্বন্ধে তিনি হ্বস্এর মতবাদ গ্রহণ করেননি। সমাজটা মাহুষে বৃদ্ধিজাত কৃষ্টি, সমাজের কৃষ্টি সহামুভ্তি থেকে—তার থেকেই যৌন আকর্ষণ। সম্ভানম্বেহ থেকেই পরিবার, পরিবারই সমাজের একক—সমাজ পরিবার-সমষ্টি। পরিবারকে ঠিক একটি একীভূত প্রতিষ্ঠান করা সম্ভব হয় না সত্য কিন্তু মাহুষ একক হলেও তার কল্যাণ নির্ভর করে পারস্পরিক সহযোগিতার উপর।

তিনি মনে করেন, মাছবের জীবনের সমস্থা বৃদ্ধি ও নীতিগত। প্রতিষ্ঠিক বৃদ্ধিগতভাবে এইটুকু বৃঝানো যায় যে, ব্যক্তির কল্যাণের জন্মই সমষ্টির প্রয়োজন এবং এই কল্যাণের জন্মই সহযোগিতা প্রয়োজন তবে মাছ্যুই নৈতিক দিক থেকে সার্বজনীন মন্থলের জন্ম উবৃদ্ধ হবে। এই নৈতিকবোধ গ'ড়ে উঠলেই সমাজও স্পৃত্ধল হ'য়ে গ'ড়ে উঠলেই সমাজও স্পারা বৈজ্ঞানিক তথ্যও বোঝে না। অতথ্য একনায়কত্ব দরকার, বার কথায় কার্ছু হবে এবং সমাজের উন্নতি ক্রমশং তাকে স্বহিতভূত করবে। অবশ্র তার এই কল্পিত সমাজের ছবি অস্পষ্ট এবং মান্থ্য যে বৃদ্ধিজগতে অচেতন-মনপ্রস্ত চিক্তি বিকারগ্রন্থ একথা তিনি ভাবেননি।

দেশের শিল্প-বাণিজ্য ও কৃষি উৎপাদন বৃহত্তর মানবগোষ্ঠীর দারা পরিচালিত হবে এবং তাদের আদর্শ হবে সমাজের সকলের কল্যাণ। তারা সমাজের বিশ্বস্ত কর্মী হিসাবে কর্তব্য করবে এবং সকলের প্রয়োজনীয় স্তব্য, কর্ম ও শিক্ষার ব্য^{ব্যু}। করবে। নৈতিক ও মানসিক জগতের নেতৃত্ব গ্রহণ করবে বৈজ্ঞানিক, দার্শনিক, শিল্পী, সাহিত্যিক, পণ্ডিত ব্যক্তি ও হিত্তবাদধর্মী নেতৃমণ্ডলী। তাঁদের উপার্জন বেনী হবে না, কিছ তাঁরা হবেন সর্বাপেক্ষা সম্মানী (বর্ণাপ্রমে রাম্মণদের মৃত ?) তাঁদের গাণ্ডিত্য ও নৈতিক মানের জন্ত। তাঁদের প্রভাব এমন হবে যে, তাঁদের প্রভিবাদ
ইংপাদনকারী ধনিক ও প্রমিকদের অবশ্র পালনীয় হবে। নৈতিক ও ধর্মীয় প্রভাব বিস্তার করবে শিক্ষিতা সচ্চরিত্রা নারীগণ।

হিতবাদী সমাজের নীতি হবে সাধারণ ও সহজ, —মামুষ পরার্থপর হবে এবং কম্ম ও চিন্তায় সমস্ত মান্ব-সমাজের কল্যাণকামী হবে। কিছু মামুষ স্থভাবতঃই মহংপূর্ণ ও স্বার্থপর, তাকে সম্পূর্ণ পরিবর্তন করা সম্ভব নয়; বৃদ্ধিবৃত্তির ক্রমবর্ধমান টারের ও অফ্রভৃতির ব্যাপকতা মামুষকে পরার্থপর ও হিতবাদী সমাজের মৃত ক'রে লুড়ে ভুলতে পারবে।

কোঁতে অধিবিভাকে অত্বীকার করেছিলেন, তাই তাঁর পক্ষে সৃষ্টির পিছনে ভগবানের অতিত্ব মেনে নেওয়া সম্ভব হয়নি, কিন্তু মাহ্ম্ম ভগবান-নির্ভর জীব, তথা অতীক্সিয় শক্তির উপর অনেকথানি নির্ভরশীল, অতএব ভগবানের একটা বিকল্প কিছু তার জীবনে চাই। এই ভগবানের বিকল্প রূপকে তিনি বলেছেন "Humanity"—The Great Being (de Grand Etre)। তাঁর এই মানবতার ধর্ম ধর্মীয় নীতি ও মৃল্যায়ন অনেকথানিই মেনে নিয়েছে এবং সেটা নি:সন্দেহে নিরীশ্ববাদ থেকে শ্রেষ্থতর।

কোঁতে ও বারশোঁ। (Bergson)-এর মধ্যেও কয়েকজন বিশিষ্ট করাসী দার্শনিক আছেন বাঁদের চিন্তাশীলতা উল্লেখযোগ্য। Ernest Renan (১৮২৩-৯২) ধর্মের নৈতিক ও কান্তিমূল্যকে বড় ব'লে মনে করেন এবং ভগবানের অন্তিত্তকে দীকার করেছেন তাঁর সত্যম্ শিবম্ হল্পরমের অভিব্যক্তিকে মানব-জীবনে প্রতিভাত করার জন্ম। Heppolyte Taine (১৮২৮-৯৩)—তিনি বৃটিশ অভিজ্ঞতাবাদী ও Condellac-এর ইন্দ্রিয়বাদের অন্থগামী তথাপি তিনি Spinoza ও Hegelকে অদ্বীকার করেননি। তাঁর প্রভাবেই তথনকার ফরাসী সাহিত্যে অত্যম্ভ অভ্নতি বান্তবতা দেখা দিয়েছিল ব'লে তাঁকে অভিযুক্ত করা হ'য়ে থাকে। (২৩৯) Felix Ravaisson (১৮১৫-১৯০০) বলেন, পৃথিবী ও দৃশুজ্গত প্রকৃতি তথা ভগবানের স্ষ্টি। Clande Bernard (১৮২৭-১৯০৭), Theodore Rabot (১৮০৯-১৯১৬), Levy Bruhl (১৮৫৭-১৯০০) প্রভৃতি দার্শনিকগণ তথন এই ভিরম্থী তৃই চিন্তাধারার পৃষ্ঠপোষক হিসাবে দেখা দেন।

১৯শ শতকের প্রথমে দার্শনিক চিন্তাধারার নেতৃত্ব গ্রহণ করেন প্রগতিবাদী বা উপযোগবাদীগণ। তাঁরা প্রকৃতপক্ষে নবালোক যুগেরই বংশধর, অভিজ্ঞতাবাদী, বৈজ্ঞানিক স্থাবদানে সমাজের অগ্রগতিতে বিখাসী। বৈজ্ঞানিক দৃষ্টিভিদি নিমে তাঁরা নীতিবাদ, রাষ্ট্রবিজ্ঞান, আইন, মনস্তব্ব, যুক্তিবিছা, অর্থনীতি বিচার করেন এবং

⁽¹⁰²⁾ His influence is said to be partly responsible for the rise of rather tordid realistic tendencies in some of the fictions and acts of that time.—Wright p. 420.

এইদব শান্তকে সমৃদ্ধও করেন। তাঁরা ব্যক্তিবাদের পূজারী, এবং চিন্তা ও কার্ধে স্বাধীনতার পূষ্ঠপোষক। মাহ্ব তার নিজের কাজের বিচারক এবং সে স্বাধীন ভাবেই কাজ করার অধিকার লাভ করবে, অবশ্য যদি তার কাজ অন্তের পক্ষেক্ষতিকর বা পীড়াদায়ক না হয়। সকলেই শিক্ষালাভ করবে যাতে তারা সার্বজনীন মকলকে বৃথতে পারে। এই মকল অর্থে তাঁরা বৃথেছেন স্থ্,—জড়জগতের স্থ। তাঁরা হিউমের মত বিশ্বাস করতেন, যা আমাদের স্থ্পদায়ক তাই প্রয়োজনীয়—অর্থাৎ তারই সার্থকতা (utility) আছে। জগতে তাই তাঁদের নাম হয় Utilitarians (উপযোগবাদী)। এরা সকলেই নিরীশ্বরবাদী এবং জাগতিক জীবনকে জীবনের ব্যাপক অর্থে ব্যবহার করেছেন। তাঁদের চেটার বছ আইনের সংস্কার হয়, য্থা—ইংলণ্ডের Poor Law, Corn Law প্রভৃতি। তাঁদের মানবতা ও মানব-সেবার আদর্শে বান্তব জগতে অনেক পরিবর্তনও হয় কিন্তু ধর্মের দিক থেকে তাঁরা সন্দেহবাদী এবং হিতবাদী।

মহাপ্রাণ Jeremy Bentham (১৭৪৮-১৮৩২) এই নৃতন আন্দোলনের আদি দার্শনিক। তিনি হিউন্ থেকে আরও ফ্লার ও ফ্টারুভাবে এই উপযোগবাদের (utilitarianism) পরিকল্পনা ও ব্যাখ্যা করেন। মানুষ স্থাভাবত:ই স্থান্থেরী, ষা তু:খলায়ক তাকে এড়িয়ে যেতে চায়। মানুষ প্রকৃতিগত ভাবে আর্থার হলেও, নানা অবস্থায় ও কারণে তাকে অন্তের স্থার কথা ভাবতে হয় বা তার জন্ম কাজ করতে হয়। এই অবস্থা ও কারণকে তিনি Sanction বলেছেন। প্রথমত:, লৈহিক কারণ, আস্থোর জন্ম তাকে কাজ করতে হয় এবং সংঘত হতে হয়। বিতীয়ত:, রাষ্ট্রীয় কারণ, শান্তির ভয়ে তাকে কৃকাজ থেকে সংযুত হতে হয় এবং সাধারণের পক্ষে অহিতকর কাজ করা বদ্ধ করতে হয়। তৃথিত:, ধর্মীয় কারণ, পাপের ভয় এবং ভগবানের শান্তির ভয়ে তাকে অসং আচরণ ত্যাগ করতে হয়।

· সকলেই স্থ চায়, এই সার্বজনীন স্থ পাওয়ার কারণহেতুই মাহুষকে উদারভাবে চলতে হয়, স্বার্থনের ও বাত্তবাদী হলেও মাহুষকে পরার্থবাদী হতে হয়।

তাঁর মতে আইন খুব সহজ ও সরল হওয়া প্রয়োজন। তাঁর এই দার্শনিক চিস্তাধারার প্রভাবে তথন ইংলগু ও আমেরিকায় অনেক সংস্কার-স্চক রীতি ^{গু} নিয়ম প্রবৃত্তিত হয়। তাঁর Principles of Morals and Legislation ^{গুব} জনপ্রিয় ও অথপাঠ্য গ্রন্থ।

James Mill (১৭৭৭-১৮৩৬) বেছামের দারা যথেষ্ট প্রভাবিত হ'মে তাঁর চার্চের চাক্রী ছেড়ে স্বাধীন ভাবে জীবিকার্জন করেন। তাঁর "History of India" প্রাসদ্ধ গ্রন্থ। ইন্ট ইণ্ডিয়া কোম্পানীতে চাকুরী করতেন। তথনকার প্রগতিবাদী দার্শনিকদের মধ্যে Thomas Malthus (১৭৬০-১৮৩৪) এবং David Ricardo (১৭৭৭-২৮২৩) প্রধান।

John Stuart Mill (১৮০৬-১৮৭৬) উপবোগবাদীদের মধ্যে শ্রেষ্ঠ। তিনি ames Mill-এর জ্যেষ্ঠপুত্র। তিনি রবীক্রনাথের মত ঘরেতেই পিতার কাছে ক্রালাভ করেন। চৌদ্ধ বংসর বয়সে কিছুদিন ফ্রান্সে ছিলেন, তথন ফরাসী গ্রা শেখেন এবং তথন থেকেই তাঁর নিসর্গপ্রীতি দেখা বায়। পিতার গোরিশে ইস্ট ইগুয়া কোম্পানীতে চাকুরী পান এবং ১৮৫৮তে অবসর গ্রহণ রেন। স্কচরিত্রা ও মহাপ্রাণা Mrs Harriet Taylorকে তিনি নিশ্বাম্ব ভালবাসতেন এবং তাঁর সন্দে তাঁর দর্শন সম্বন্ধে আলোচনা করতেন। গার স্বামীর মৃত্যুর ত্'বছর পরে তাঁকে বিবাহ করেন। প্রক্রতপক্ষে এই গুণবতী ফ্রিলার সঙ্গে আলোচনায় তাঁর দর্শন পৃষ্টিলাভ ক'রে স্বষ্ঠতা লাভ করে। ফ্রান্স রমণকালে তাঁর পত্নীর মৃত্যু হয় এবং Angnon-এ তাঁর সমাধি দেওয়া হয়। মিল বাকি জীবন তাঁর পত্নীর সমাধির পাশেই কাটিয়েছেন।

অবসর গ্রহণ করার পরে তিনি, Liberty, Representative Government, এবং Utilitarianism এবং কোঁতের সঙ্গে ধর্ম সম্বন্ধে কতকগুলি নিবন্ধ লেখেন।

বেকন, লক্, হাটলি ও হিউমের মত মিলও অভিজ্ঞতাবাদী। ইন্দ্রিয়গত অভিজ্ঞতা থেকেই অমৃভৃতি এবং অমৃভৃতি থেকেই আমাদের জ্ঞান (Knowledge) হয়, বিশেষতঃ জড়জীবনের সম্বন্ধে। তিনি অভিজ্ঞতাবাদী তর্কশাল্পের যথেষ্ট উন্নতি করেন এবং তার প্রত্ম বিশ্লেষণ করতে গিয়ে তার লঘুত্বকে ব্যক্ত করতে বাধ্য হন। মানব-চরিত্রে যথন কতকগুলি পারিপার্থিক ও সাময়িক রীতি-নীতির ঘারা গঠিত হয় তথন এই রীতি-নীতিকে বৈজ্ঞানিক যুক্তিৰারা স্বাষ্ট করা সম্বন্ধ, যাতে মাম্প্রের চরিত্রকে উপযোগবাদী ক'রে গড়ে তোলা যায়। এই নবতম শাস্তবে তিনি নাম দিয়েছিলেন, 'Ethology'। শারীরবিছা ও মনোবিছার সাধারণ নিয়ম বারা মানব-চরিত্রের ব্যাখ্যা করা যেতে পারে এটা ধ'রে নিয়েই তিনি তার উপযোগবাদকে এগিয়ে নিয়ে যান।

ইতিহাস বলে যে, মান্থবের বৃদ্ধিবৃত্তির উন্নতির সন্দে সন্দে সমাজের পরিবর্তন হয়েছে। কোন যুগের চিস্তানায়কগণের প্রভাবে পরবর্তী যুগের সমাজেও জীবনে পরিবর্তন হয়েছে। জুলিয়াস সিজারের জন্মই রোমের গণতত্র সমরপ্রিয় ও শত্যাচারী হ'য়ে ওঠেনি। বর্তমানের দর্শনশাস্ত্র সম্ভব হত না, য়দি প্লেটো, সক্রেটিস্ ও এ্যারিস্টটল না জন্মাতেন। তেমনি যিওগ্রীই ও সেন্ট পল না হলে শীইধর্ম হত না। বৈজ্ঞানিক দৃষ্টি নিয়ে আমরা জানতে পারি কিরুপ অবস্থায় এই বিংয়ন্তব ব্যক্তিদের আবির্ভাব হয়েছিল এবং তাঁদের প্রভাবে মানব-সমাজে কী পরিবর্তন ঘটেছিল। অবশ্র কোন্ অবস্থায় এই অতিমানব জন্মগ্রহণ করতে পারে বিবরে তিনি নীরব।

বিলের Political Economy খ্ব ম্ল্যবান গ্রন্থ। প্রয়োজনেই উৎপাদন । এবং এই উৎপাদনের বিভাগ হবে সমাজের ছারা নিয়ন্তি।

নীতিবাদের দিক থেকে তাঁর মৃলক্থা—সকল মান্ত্রই স্থী হবে এই ছগতে।
স্থ ভাল, ছংখ মন্দ, সকলেই স্থ চায় এবং ছংখ এড়িয়ে বেতে চায়। তিনি অবস্থ
বেছামের মত মান্ত্রকে অহংবাদী ও স্বার্থপর ব'লে মনে করেননি। তিনি মনে
করেন সহাস্থভূতি, ও বদান্ততা মান্ত্রের আছে এবং তার জন্তুই মান্ত্র সার্বজনীন
স্থ চাইবে। এই দিক থেকে বহির্জগতের চতুর্বিধ Sanction ছাড়াও তিনি
অস্তরের একটি Sanction-এর কথা বলেছেন, সেটা বিবেকবৃদ্ধি (Good will)।
স্বান্ত্রান্ত উপযোগবাদীগণের সঙ্গেও তাঁর আর একটি কেতে মতানৈক্য আছে।
তিনি বলেন, স্থকে কেবল পরিমাণছারা বিচার করা যায়না, কতকগুলি স্থ
গুণান্ত্র্সারে উচ্চাঙ্গের। স্থী একটি নির্বোধ বা সম্বান্ত একটা স্করছানা অপেক্য
অস্থী সক্রেটিন্ও ভাল, কারণ সক্রেটিন্ জানেন এবং স্থ-ছংথের মূল্যায়ন করতে
পারেন কিন্তু এরা তা পারে না। (২৪০)

ভালই হোক আর মন্দই হোক উপযোগবাদীগণ অতীক্সির শক্তিতে বিশাদী নন। তাঁদের মতবাদ প্রীষ্টধর্মের শিক্ষাস্থরূপ এবং অন্থগামী কিন্তু তাঁরা অতীক্সিয়তার (Revelation) বিশাদী নয়, যুক্তি ও প্রয়োজনীয়তার বিশাদী।

প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তি স্বাধীন ভাবেই কাজ করতে পারে কিন্তু সে বিদ্ধান্তর পক্ষে ক্ষতিকারক কাজ করে তবে সমাজ তার প্রতিরোধ করতে পারে; কিন্তু সমাজ, তার ইচ্ছা বা তার পক্ষে বা মঙ্গল ব'লে সে বিবেচনা করে, তার অন্তরার হতে পারবে না। ধর্ম মাহ্মকে নৈতিক শিক্ষা দেওয়ার প্রধানতম অবলম্বন সন্দেহ নেই কিন্তু অতীক্রিয়বাদিতা ক্ষতিকারক। যদিও খ্রীষ্ট্রীয় শিক্ষা (gospel) খ্বই স্থলর কিন্তু তা পুরাতন, বর্তমান পরিপ্রেক্ষিতে সমাজের উপযোগী নয়। মাহ্ম শিক্ষালাভ ক'রে প্রগতিসম্পন্ন হয়েছে, ভাল মন্দ ব্যাবার জন্ম ধর্মের আর প্রয়োজনীয়তা নেই। মানব-মন ধর্মাজ্ঞতি, একটা ধর্মকে নির্ভর করতে চায় অতএব এই 'মানবতার ধর্ম'ই তার গ্রহণ করা কর্তব্য। এই ধর্মের স্থবিধা এই যে, মাহ্ম ধর্মবিশাসের দ্বারা পরজগতে স্থপের আশায় স্বার্থপর হয় না,—সে পরার্থপর হয়। জগতকে ভগবানের স্থিটি মনে করে না এবং তাকে অসম্পূর্ণও মনে করে না।

মিল প্রকৃতপক্ষে নিরীশরবাদী, তাঁর দৃষ্টিভিদ্ধি জড়বাদী। তাঁর পরবর্তী উপযোগবাদীগণের মধ্যে Alexander Bain (১৮১৮-১৯০৩) মিলের জীবনীকার হিসাবে প্রসিদ্ধ, Henry Sidquick (১৮০৮-১৯০০) কেম্ব্রিজের অধ্যাপক হিসাবে নীতিবাদ সম্বন্ধে নভুন তথ্য দান করেন। রবীক্রনাথ বিলাতে থাকাকালে ছাত্র-জীবনে মিলের উপযোগবাদের ঘারা অনেকথানি প্রভাবিত হয়েছিলেন। (জীবনম্বিতি)

Herbert Spencer (১৮২০-১৯০৩) বিভাসাগরের জন্মবৎসরেই জনগ্রগ করেন। শরৎচন্দ্র রেজুন থাকাকালে এই স্পেলারের দর্শন ও নীতিবাদ বিশেষভাবে

^{. (88.)} It is better to be a Socrates dissatisfied than to be a fool or a pig satisfied. Socrates knows and can evaluate the pleasure while they know nothin of this. —Wright—p. 446.

ত্তিছিলেন এবং তাঁর সাহিত্যে এঁর নীতিবাদের প্রভাবও দেখা বায়। স্পেদারই ধুখম বিবর্তনবাদকে দার্শনিক দৃষ্টি নিয়ে বিচার করেন এবং তখনকার বৈজ্ঞানিক দান ও তথ্যের সমবয় করেন।

Laplace ১৯ শ শতকের প্রারম্ভে Nabular Theory প্রকাশ করেন, গ্যাস ধকে বিবর্তন হয়েছে বর্তমান গ্রহজগতের—এটি জ্যোতিষিক বিবর্তন। Charles ,yell ১৮৩০-৪০-এর মধ্যে বলেন যে, বর্তমান পৃথিবীর ভূষক বহুষ্গের বিবর্তনের ।ল—এটি ভূতান্ত্রিক বিবর্তন। Lamark বলেন, বিভিন্ন গাছপালা, পশুপক্ষী, সরীস্থপ ।কই মূল থেকে উৎপন্ন, বিবর্তনের পথে বিভিন্ন রূপ নিয়েছে—এটা জৈব বিবর্তন।

Bair দেখালেন যে, এমবাইও একজাতীয়তা থেকে বিভিন্নতা লাভ ক'রে বিভিন্ন ইন্দ্রিয় নিমে জনায়। এইভাবে বিভিন্ন জীবের বিবর্তন হয়েছে। এই সমস্ত বৈর্তনের তথ্য বিশ্লেষণ ক'রে তিনি দেখালেন একটা সর্বজাগতিক বিবর্তন চলেছে। হে, পূর্ব, ভৃত্বক, উদ্ভিদ, প্রাণী, মানব-মন, সমাজ-মন, রাষ্ট্র, সরকার, অর্থনীতি, কিকলা, ভাষা, ধর্ম ও নীতি—সর্বজগতেই এই বিবর্তন চলেছে অনাদিকাল ধরে।

সালে ভারউইন তাঁর প্রখ্যাত বিবর্তনবাদের তথ্য প্রকাশ করেন কিছু তাঁর Jrigin of Species অপ্রত্যক্ষ (circumstantial) প্রমাণ-নির্ভর কিছু এমন দেশাতীতভাবে তিনি তা উপস্থাপিত করেছেন যে তা প্রায় সকল বিজ্ঞানীই গ্রহণ দরেন, যদিও অনেকে 'Natural Selection' সম্বন্ধে সংশয় প্রকাশ করেছিলেন। শলারও তাঁর তথাে বিশ্বাসী হলেন এবং বিজ্ঞান ও দর্শনকে একই ভিন্তিতে স্থাপন দরতে চেষ্টা করলেন। তিনি তাঁর Principles of Psychology পরিমার্জিড গরে তাকে তাঁর এই নৃতন গ্রন্থ Synthetic Philosophy-তে স্থান দিলেন।

তাঁর পিতা ছিলেন শিক্ষক এবং পিতৃব্য ছিলেন ধর্মধান্ধক। বাল্যে তিনি
ংকুই শিক্ষা লাভ করেন। ভাষার প্রতি তাঁর কোন আগ্রহ ছিল না কিছ্ক
ানের প্রতি ছিল অসীম আগ্রহ। তথন বিশ্ববিচ্ছালয়ে প্রাচীন ভাষা পড়ানো
ব'লে তিনি বিশ্ববিচ্ছালয়ে যান না। ১৮৬০-৯০ সাল পর্যন্ত তিনি তাঁর

ynthetic Philosophy'-কে পরিবর্ধিত করে ব্যাখ্যা করেন। এই সময়ে ধীরে
বি তিনি স্বাস্থ্যহীন ও আংশিক দৃষ্টিশক্তিহীন হ'য়ে পড়েন কিছে তাঁর শ্বরণশক্তি ছিল
শাধারণ। অর্থাভাবে তাঁর জীবনে বিবাহ করা হয়নি, যথন অর্থ এল তথন আর
ফের বয়স নেই।

তাঁর দর্শনে প্রথমেই তিনি বলেছেন 'পরম তব' জানা সম্ভব নয়। বৈজ্ঞানিক বিশাননিরীক্ষা, যুক্তি ও তথ্য বারা আমরা শুধু জানতে পারি প্রদন্ত একটি অবহার বিভাগে পারে,—বেমন রসায়ন বা পদার্থবিভায় আমরা জানি কিছ তা 'পরম তত্ব' Iltimate Reality)-কে জানতে পারে না—কেন ঘটে সেটা বিজ্ঞান বলতে বিনা। পদার্থ, গতি, দেশ, সময়, হেতু প্রভৃতি বিজ্ঞান-নিরীক্ষার অভীত। বিদের দৃষ্টিভঙ্কি দিয়ে আমরা কেবলমাত্র বস্তু ও ঘটনাকে পরীক্ষা করতে পারি, বিভাগ করতে পারি কিছ পরম সত্য নিরূপণ করতে পারি না। বেমন

বিশব্দগতের স্টির সহদে আমরা তিনটি অহমান করতে পারি, প্রথমত:—আত্মপ্রকট (Self-existent), বিতীয়ত:—আত্মস্ট (Self-created), তৃতীয়ত:—অশু কোন শক্তিস্ট। প্রথম অহমান সত্য নয়, তার কারণ সমন্ত বন্ধরই হেতৃ আছে, হেতৃহীন ঘটনা সন্তব নয়, আদিঅন্তহীন কোন বন্ধ বোধগম্য নয়। বিতীয়—নেবৃলা থেকে গ্রহ-উপগ্রহ স্ট আমরা বিবর্তনবাদে পাই কিন্তু কেন হয় তার উত্তর মিলে না। তৃতীয় সিদ্ধান্ত অশ্ব কোন শক্তির স্ট এ অহ্মানও সিদ্ধান্ত প্রমাণে সাহায় করে না।

স্পেন্দার এখানে অজ্ঞানবাদী (Agnostic)। আমরা যা জানতে পারি তা সসীম, তা আমাদের অধীত তথ্য বা জ্ঞানের নিয়মাধীন কিন্তু তার মূল তত্তকে তা বাধ্যা করতে পারে না, অতএব মাহ্য চিরকালই পরম সত্য সম্বদ্ধে আজ্ঞ। অতএব এই 'পরম'-কে জানা ধর্মের বিচার। বৈজ্ঞানিক বহু সত্যু জেনেও আমরা এই প্রেক্কতিজ্ঞগতের মূলকে জানতে পারি না। অতএব ধর্ম এ নিয়ে আলোচনা করতে পারে, সেটা ধর্মীয় বিচার। এইভাবে তিনি ধর্ম ও বিজ্ঞানের একটা সমন্বয় করতে চেটা করেন।

পরে তিনি সমাজ-প্রসন্ধ বিচারে ধর্মীয় শিক্ষার প্রয়োজনীয়তার বিষয় উল্লেখ করেন। সমাজ জীবনের স্থায়িত্ব, নৈতিক মান রক্ষা, সমাজের উন্নতিসাধন ও সমাজ-সংস্থার রক্ষায় ধর্মের দানকে যথেষ্ট মূল্য দিয়েছেন এবং তিনি মৃক্তকণ্ঠে বলেছেন, ধর্মের যে-কোন ভাবে বা নামে বেঁচে থাকা সমাজের পক্ষেই প্রয়োজন। স্পোনারের দর্শন যুক্তিভিত্তিক ও জড়বাদী,—আদর্শবাদী নয়। তিনি বৈজ্ঞানিক যুক্তির উপরেই সর্বদা নির্ভর করেছেন, উদ্দেশ্রবাদী (Teleological) যুক্তি বা ব্যাখ্যাকে গ্রহণ করেননি।

তাঁর মতে বিবর্তনের নিয়ম সর্বত্ত চলেছে—বল্ধ ও গতির প্রভাবে এই বিবর্তন বন্ধও মনোজগতে চলেছে। তাঁর প্রথম নিয়ম—বল্ধ গতির সাহায্যে মিলিত হচ্ছে, যেমন বালি থেকে বালিয়াড়ি, নেবুলা থেকে সৌরজগত। গলিত পদার্থ জমে পৃথিবীর্র ভূত্বক হয়েছে। জীব ও উদ্ভিদ জলবায়ু গ্রহণ ক'রে স্পষ্ট হয়েছে। একটা রক্তকণিকা থেকে চার ঘরের হাদপিও হয়েছে, হাড় শক্ত হ'রে জোড়া লাগছে। একজাতীয় জীবের মধ্যে এই মিলন ক্রমশঃ দৃচ্তর হয়েছে, তারা দলবক হ'য়ে বাস করে, একজন নায়কের আদেশ পালন করে। ভিন্ন জাতীয় জীবের মধ্যেও নির্ভরতা আছে। সমাজবিত্তায় দেখা যায়—অসভ্য সমাজে য়ায়াবর পরিবারগোলী নিয়েই তাদের সম্প্রদায়, ত্র্বল সম্প্রদায় নিয়ে সবল সম্প্রদায় গ'ড়েওটে। এমনি ক'রে রাজ্যে রাজ্যে, শিল্পে শিল্পে সংহতির স্পষ্ট হয়। ভাষার বেলায়ও একথা সত্য—এক সিলেব্ল থেকে বছ সিলেব্ল শব্দ, বিশেল্প ক্রিমা থেকে প্রত্যাদি যুক্ত হ'য়ে নতুন শব্দ হয়, ছোট ছোট স্বয় একসন্দে হ'য়ে মধুরতর সন্দীত স্পষ্ট হয়, বর্তমানের উপস্থাসও আদিম ছোট ছোট সল্পাল্পেক স্পষ্ট হয়েছে।

এই বন্ধ ও গতির সংহতির ফলে যৌগিক বিবর্তন চলেছে, একই সঙ্গে আবার সংহতি বা মিলন ও বিয়োগও রয়েছে। নেবুলা একটি পদার্থ ছিল, তার থেকে পূর্ব, গ্রহ প্রস্তৃতি বিভিন্ন হল। গ্যাস একটি বস্তু ছিল, তার থেকে পৃথিবীর জ্বলবায়, মাটি, পাহাড়, সমূদ্র হল। মিলনের মধ্যেও এই বিয়োগ ও বিভিন্নতা ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। সমাজের বেলায়ও একথা সত্য। প্রথম মাহুষে মাহুষে পার্বক্য ছিল কেবল স্ত্রী-পুরুষে, পুরুষ শিকার করত, মেয়েরা ঘর দেখত। তারপরে হল রাজা, ধর্মধাজক, এবং শ্রম বিভাগের সঙ্গে বহুভাগে মাহুষ ভাগ হ'য়ে গেল।

তাঁর বিবর্তনবাদের মূল স্ত্র—জগতে বন্ধ ও গতির ফলে জড়জগতে সংহৃতি আসতে কিন্তু সঙ্গে সংল্ কর্তান সংল্ গতি মহর হ'রে যাচেছ, যার ফলে বন্ধ একীভূত ও সংহৃত্ত হচ্ছে এবং তার থেকেই আবার বিভিন্ন হচ্ছে এবং তারাই আহ্বাদিক গতিও পরিবর্তন লাভ করছে। (২৪১) কোন বিবর্তনই চিরকাল চলে না, একটা সময়ে একটা স্থিতোবন্ধা আদে যেমন আমাদের সৌরজগতে এসেছে। বহুদিন এই অবস্থা চলবে কিন্তু একদিন এরও শেষ হবে। স্থাতার তেজ হারাবে, গ্রহে গ্রহে সংঘাত হ'যে আবার নেবুলা হবে। মানুষের দেহ-জগতে যেমন হয়,—বাড়ে, স্থিতি হয়, তারপর ধ্বংস হয়। যথন একটার ধ্বংস হবে তথন আর একটার স্পষ্ট হবে—এই ভালাগড়া অনস্থকাল চলবে। কিন্তু সমন্ত বিশ্বজগতেও এই বিবর্তন চলছে কিনা তা বলা যার না। অর্থাৎ আর্থনিধিবিগণের স্পেটিস্থিতিপ্রকার-কর্তা মহাকালের ধারণারই, একটা বৈজ্ঞানিক রূপ।

জীব-জীবন সম্বন্ধে তিনি মনে করেন, প্রথমে যথন পৃথিবী ঠাণ্ডা হ'য়ে আসছিল সেই সময়ে সেটা একটা অবয়বহীন বস্তুতে পরিণত হয় এবং পরে অফ্র বস্তু আহরণ ক'রে অবয়ব প্রাপ্ত হয়। এরই মধ্যে উপযুক্ত সময় হলে এককোষ প্রাণী সৃষ্টি হয় (এটা তাঁর অফুমান, তিনি প্রমাণ করেননি)। এই প্রাণী বহির্জগতের সঙ্গে নিজেকে মানিয়ে নিতে চারিদিক থেকে পৃষ্টি আহরণ করে, এবং অপ্রয়োজনীয় অংশ ত্যাগ করে। এইভাবে পারিপার্শ্বিক জগতের সঙ্গে সম্পর্ক রাখতেই জীবদেহের পরিবর্তন ঘটে এবং বিভিন্ন সচেতন দেহয়য় গঠিত হয়। ব্যবহার ও অব্যবহার হারা অঙ্কের (organ) বৃদ্ধি ও ক্ষয় হয়—একথা Lamark বলেছেন। কিন্তু স্প্রেলার বলেন, এটা পারিপার্শ্বিকতার প্রত্যক্ষ প্রভাবেই হয়। লামার্কের মত তিনি এই পরিবর্তনের পিছনে জীবনেছা (Vital impulse) আছে একথা স্থীকার করেন না। তিনি মনে করতেন, পূর্বপুরুষের অজিত জ্ঞান পরবর্তী বংশে সঞ্চারিত হয়। তাই তিনি বিশ্বাস করতেন, শিক্ষা ও অভ্যাস বংশপরম্পরায় চলতে থাকলে সমাজ ও মানব-মনের উয়তি হবে। একথা অবস্থা বর্তমান জীববিত্যাবিশারদ্যণ স্থীকার করেন না।

মনোবিভার দিকে তিনি তার জীববিভারই অনুগামী। জীবন অর্থে অস্তর ও বাহিরের সমন্বয়সাধন। এই সামঞ্জ সাধনের মধ্যেই মানুষের বুদ্ধিবৃত্তি গ'ড়ে

⁽२৪১) Evolution is an integration of matter and concommitant dissipation of motion, during which the matter passes from the relatively indefinite incoherent homogeneity to relatively definite coherent heterogeneity and during which the retained motion undergoes a parallel transformation.—Ibid—p. 666-67.

ওঠে। ইন্দ্রিগত অমুভূতির থেকেই চেডন-মনের সৃষ্টি, এবং চেডন-মনের প্রথম প্রকাশ অনৈচ্ছিক ক্রিয়া (Reflex action), তার থেকেই স্বভাবপ্রবৃত্তি (instinct)। স্বতিশক্তি ও যুক্তি পরে জটিল উপায়ে সৃষ্টি হয়েছে পারিপার্থিকের সঙ্গে সামঞ্জ বিধানের জক্তা। জীবনে বাঁচবার পক্ষে যা ভাল ভাই স্থমকর, যা জীবনের অন্তরায় তাই হুংখময়। কোন প্রাণীই পৃথিবীতে সৃষ্টি ও বংশ রক্ষা করজ না যদি তা হুংখময় হত। এই চেতন অমুভূতি থেকেই সমাজ ও মানবীয় সহামুভূতি গ'ড়ে উঠেছে। তিনি প্রথম অমুধাবন করেন যে, মানব-সমাজের পারস্পরিক সম্পর্কটা যুক্তির ঘারা গ'ড়ে ওঠেনি, এটা প্রাণীজগতের পুরাতন সমাজ-প্রীতির থেকেই গ'ড়ে উঠেছে। বর্তমানেও একটা শিশুর স্থায়বিচারের ক্ষমতা আছে যদিও হয়ত ভার যুক্তি নেই।

সমাজ সহত্বে তাঁর দৃষ্টিভঙ্গি বৈজ্ঞানিক এবং তাঁর বিবর্তনবাদেরই অন্থানী। গ্রহজগতের বিবর্তন জৈবজীবন ও মানসিক জীবনে দেখা গেছে এবং ব্যাখ্যাত হয়েছে, কিছু জৈবজীবনের উপ্লেপ্ত সমাজ-প্রীতি ও নীতিবাদের অন্তিত্ব রয়েছে। এই জৈবজীবনাতীত সমাজ-প্রীতি কীটপতঙ্গ-পশু-পাখীর মধ্যেও আছে—স্বজ্ঞাতি-প্রীতি (gregarious instinct) হ'য়ে। পশুদের মধ্যেও সমাজ আছে তবে মান্থবের সমাজই বিচার্য। সমাজ ভাঙ্গে গড়ে, তার মধ্যে দৃঢ়তর হ'য়ে ছিতি লাভ করে। অর্থাৎ তাঁর তথ্য অন্থায়ী Homogeneity থেকে Heterogeneity আনে এবং তার থেকে তা ছিতি লাভ করে।

জীব-জীবনের বিবর্তনের সঙ্গে সমাজ-বিবর্তনের তুলনা করা চলে। সমাজ গড়ে, তাকে তৈরী করা যায় না। সমাজের ব্যক্তি জীবনোষের মত জয়ে মরে, এবং নতুন এসে তার স্থান গ্রহণ করে। তেমনি ক'রে সমাজ বড় হয়, বহত্তর হয়। আদিম সমাজ ছিল সরল, কালক্রমে তা ভেঙ্গে নামা ভাগে ভাগ হ'য়ে যায়,—রাজনৈতিক, সামরিক, ধর্মীয়, প্রভৃতি। কখনও উৎপাদকগণ কখনও কারুশিল্লিগণ সমাজের নেতৃত্ব গ্রহণ করেছেন। আদিম সমাজে একই বাক্তি শিকারী, যোজা, গৃহ-নির্মাতা, অল্প-নির্মাতা প্রভৃতি, কিছু সে সমাজ ভেঙ্গে গোলে ব্যক্তিজীবন ক্ষতিগ্রস্থ হয় না, যেমন নীচ প্রাণীর কোষ ভিন্ন হলেও তারা বাঁচে। কিছু উন্নত সমাজে ব্যক্তির কর্ম ভিন্ন, তারা অত্যন্ত নির্ভরশীল। যেমন মহন্তদেহে পরিপাক, রক্তসঞ্চালন, শ্বাসপ্রশাস যল্প প্রভৃতি আছে,—তারা নির্ভরশীল। উন্নত সমাজেও তাই। রুষি ও শিল্প সমাজ রক্ষার্থে, যানবাহন চলাচল তার সঞ্চালনার্থে এবং তার নিয়ন্ত্রণার্থে সরকার, সামরিক বিভাগ প্রভৃতি।

কিন্ত এই তুলনার মধ্যে একটু কাঁক থেকে গেছে। জীবের চেতনা তার মন্তিকে কিন্তু সমাজের চেতনা প্রতিটি ব্যক্তির (কোবের) মধ্যে। তিনি কোঁতের সঙ্গে একমত যে, সমাজ তথন সামরিক কর্তৃত্ব থেকে শিল্প কর্তৃত্ব চলেছে। তিনি মনে করেছেন. শিগ্গিরই পৃথিবীতে শান্তি নেমে আসবে, শিল্পবাণিজ্য যুদ্ধের স্থান নেবে, এবং ব্যক্তি স্বাধীনতা ও অধিকার লাভ করবে, প্রমিকের জীবন স্থাকর হবে, খাধীনতা, সম্পত্তি, জীবন সবই রক্ষিত হবে। জত্যাচারী রাজার প্রয়োজন জার নেই, নির্বাচিত প্রতিনিধির শাসন তার স্থান নেবে। অবশ্র তৃংথের বিষয় স্পোলরের এই আশা ইতিহাস মিধ্যা প্রতিপন্ধ করেছে। স্থায়বিচার বলতে তিনি মনে করেছেন—মাছ্যের নিজের জম্ম খাধীনভাবে কাজ করবার অধিকার আছে, যতক্ষণ না সে অস্তের সমানাধিকারকে ক্র করে। কিন্তু এখানে প্রশ্ন আসে, মানব-জীবন একক নয়, মান্থকে জীবন-পথে চলতে গেলেই অন্থকে তৃংখ দিতে হয়। রবীক্রনাথের পোটমাটারে, পোটমাটারের গ্রাম ত্যাগ তার প্রয়োজন এবং অধিকার কিন্তু রতনের হতাশা তার ফলেই অনিবার্ধভাবে এসেছে যদিও তার অধিকারকে কেউ ক্র করেনি। অতএব মানব-জীবনকে এককভাবে এবং ব্যক্তিভাবে বিচার করলে সমাজকে সম্পূর্ণ বিচার করা হয় না।

স্পেন্দারের আদর্শ Laissez-faire—ব্যক্তিবাদ। তিনি সমাঞ্চল্লের পক্ষপাতী নয়, ব্যক্তিস্বাধীনতা এবং ব্যক্তিজীবনের উল্লেষের পৃষ্ঠপোষক; এবং সরকারের সর্বময় ক্ষমতার বিরোধী। দেশরক্ষা, শান্তিরক্ষা এবং অক্স কয়েকটি সামাক্ত বিষয় ব্যক্তীত সরকারের করণীয় কিছু নেই। কিন্তু বর্তমান মহাযুদ্ধোত্তর যুগেও একনায়কত্বে এবং গণতন্ত্রে ব্যবসা ও শিল্পরক্ষা সমস্তায় ব্যক্তিস্বাধীনতা বিপদ্ধ— অর্থাৎ স্পেন্দারের সার্বজ্ঞনীন শান্তি ও প্রগতির স্বধাশা স্কল হয়নি।

নীতিবাদের দিক থেকে তিনি উপযোগবাদীদেরই অনুগামী এবং তাঁর উপযোগবাদ তাঁর নিজম্ব বিবর্তনবাদের ঘারা ব্যাখ্যাত। যা ভবিস্ততে স্থাদায়ক তাই ভাল এবং সার্বজনীন স্থই শেষ আদর্শ। নীতিবাদ অর্থে তাঁর কাছে চরিত্র বিজ্ঞান (Science of conduct) এবং এই চরিত্র অর্থে আদর্শান্ত্রযায়ী চলার অভ্যাস এবং পারিপার্বিকের সঙ্গে দৃঢ়তর সামঞ্জ্ঞ রক্ষার কর্ম। আদিম সমাজ্য থেকে এই কাজ বিভিন্ন ও বহুতর, অভএব তার জটিলতাও বেলী। তিনি বলেন,—বিবর্তন মানে কেবল জীবনে বেঁচে থাকা বা জীবনকে প্রলম্বিত করাই নয়, বিবর্তন অর্থে জীবনের পূর্ণতা। এই চারিত্রিক পূর্ণতা লাভ কেবলমাত্র স্থিতিশীল শান্তিময় সমাজেই সম্ভব।

পরিণামে যা অথদায়ক তাই অ্কাজ এবং যা তৃথেদায়ক তাই ক্কাজ। পরিজ্ঞা, সততা, শুচিতা ভাল যেহেতু তা পরিণামে অথদায়ক। যদি কোনদিন সাহসিকতা তৃথে আহরণ করে এবং ভীকতা অথ আহরণ করে, ভাকাতি করাই যদি অথদায়ক হয়, যদি সতীঅবৃদ্ধি পরিবারের তৃংথের কারণ হয় এবং সভীঅবৃদ্ধিহীনতাই আনন্দদায়ক হয় তবে পাপ-পূণ্য ও অ্থ-তৃংথের অর্থ বর্তমানের অর্থের বিপরীত হবে। মানব-জীবন হচ্ছে অস্তরের সহিত বাহিরের সামঞ্জ্ঞতিধান—কাজেই যা অথদায়ক তাই জীবনের প্রতিপোষক, যা তৃংথদায়ক তাই ধ্বংসকরী। এই বিচার থেকেই তাঁর অ্থ-তৃংথের আপেক্ষিকতার অ্ত বিচার। জীবজগতে কেউ ঘাস থেয়ে আনন্দ পায়, কেউ মাংস থেয়ে আনন্দ পায়, থেলার পরিশ্রমে কেউ আনন্দ পায়, কারও সেই পরিশ্রম করতেই প্রাণান্ত। আদিম মানুষ অ্থ-তৃংথ সহছে

এমনি সচেতন ছিল না, সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে মাহুবের সচেতনতা পুলুতর হচ্ছে।

মনন্তক্ষের দিক থেকে দেখা যায়, বৃদ্ধিবৃত্তির উন্নতির সঙ্গে সঙ্গে মান্ত্য দৃরের ভবিক্সং দেখতে পায়। আদিম মান্ত্য যা পায় তাই খেয়ে ফেলে, পরের দিন উপবাস ক'রে কই পায় কিন্তু সভ্য মান্ত্য দ্রের কথা ভেবে সঞ্চয় করে। নৈতিক অমুভৃতি অর্থে আপাতঃ প্রাবৃত্তির সংকাচন ঘারা দ্র ভবিদ্যুতের চিন্তা করা। এই সংযম বা সংকাচন চতুর্বিধ কারণে হয়। যেমন চোরের চৌর্বৃত্তি সংযত হয় সরকারের শান্তির ভয়ে, মৃত্যুর পরে ধর্মবিচারে শান্তির ভয়ে, লোকলজ্জার ভয়ে কিন্তু যদি এই ক্পার্মনে করে যে, যার জিনিস সে চ্রি করবে সে হঃখ পাবে এবং সকলেই যদি চ্রি করে তবে সকলেইই হুংখ হবে, এবং এই ভাবনার ফলে যদি সংযত হয় তবে সেই সংযুক্ত বার নীতিজ্ঞান।

মানুষের ব্যক্তিগত কর্তব্য এবং সমাজের প্রতি তার কর্তব্যও হবে আপাতঃ স্থাধের ইচ্ছা ও আকাজ্জাকে ত্যাগ ক'রে দূর ভবিশ্বতের মদলকে বিবেচনা করা। বছকাল পরে মানব-চিত্তের বিবর্তনের ফলে এই কর্তব্যবোধ স্বভাবজ চরিত্রে পরিণজ হবে। এই সঙ্গে তিনি অহংবাদ ও পরার্থবাদেরও সামঞ্জ্ঞ সাধন করতে চেয়েছেন। আত্মরক্ষার জন্ম অহংবাদের প্রয়োজন সেইজন্ম বিভর্তনের ইতিহাসের প্রথম পর্যায়ে এটা বেশী প্রকট। স্বাস্থ্যরক্ষা, দেহরক্ষা প্রভৃতি ব্যাপারে অহংবাদ প্রয়োজন কিন্তু তার সীমা আছে। পরার্থবাদেরও একটা সীমা আছে, সেটা নিজেকে নিঃশেষ ক'রে নয়। ইতর প্রাণীর মধ্যে দেখা যায় তারা নিজের দেহকে ত্যাগ করে সন্তানের জন্ম, সন্তানের জন্ম পশুপক্ষী জীবন বিপন্ন করে। আদিম মানুষেরও আত্মরক্ষার জন্মই দলবদ্ধ হ'য়ে বাস করতে হয়েছিল এবং অহংকে ত্যাগ ক'রে দলীয় প্রয়োজনে পরার্থপর হতে হয়েছিল। পরে মানুষ চিরন্তন মন্থনের মূল্যায়ন করেছে—মানুষের মহত্ব ও বদান্মতা যে আনন্দ দেয় তা অর্থের মূল্যে বিচার করা যায় না। অন্তের স্থেব জন্ম কিছুটা ত্যাগ করা নিজেরই আনন্দের জন্মে। অত্যব সেই আনন্দলাভই ব্যক্তি ও সমাজের কাম্য।

পূর্ণ শিল্পায়নের ফলে যথন পরিপূর্ণ সমাজ গ'ড়ে উঠবে, সকলেরই সব প্রয়োজন মিটে যাবে তথন মাহুষের পক্ষে অক্সের সাহায্য দরকার হবে না। তথন সকলেই অক্সকে সাহায্যের আনন্দ পেতে চাইবে এবং তথন অহংবাদ ও পরার্থবাদের বিরোধ দ্বীভূত হবে।

স্পেন্সার ছিলেন আশাবাদী। তাঁর মৃত্যুর পরে শিল্পায়নের ক্রত উরতি হয়েছে কিন্তু ইতিহাস প্রমাণ করেছে যে তাঁর এ আশা একান্তই ভূল, এই আশা পূর্ণ হতে সামনের যুগ্যুগান্ত এখনও অপেক্ষমান। তাঁর পরের যুগে তাঁর অনেক তথ্যই ভূল বলে গণিত হয়েছে সত্য, তথাপি তাঁর সময়ে তাঁর এই সামঞ্চপূর্ণ তথ্য প্রশংসনীয়। তিনি ধর্ম ও অধিবিত্তা সম্বন্ধে নীরব কিন্তু তাঁর শিল্প John

Fiske তাঁর Cosmic Philosophy-তে ঈশর ও আত্মার অবিনশরত্বের অপক্ষে উল্লেখযোগ্য যুক্তি দিয়েছেন। গ্রহ স্থ বা জৈবজগতের বিবর্তনবাদের সঙ্গে সমাজ, ভাষা, শিল্প, সঙ্গীত ও বিজ্ঞানের তুলনা প্রযোজ্য নয়। অধিকন্ত শিল্পায়নের ফলে মান্থ্যের স্থের আশা সফল ত হয়ই নাই বরং তা বিষাক্ত সমাজ স্প্রী করেছে।

১৯শ শতকের শেষে ইংলণ্ডের ও আমেরিকার দার্শনিকর্গণ, হিতবাদ, অভিজ্ঞতাবাদ, অজ্ঞাবাদ (agnosticism) বা এই প্রাকৃতিক বিবর্তনবাদকে গ্রহণ করতে চাননি। তাঁরা বিশ্বজগতের তথা স্পষ্টর রহস্তকে খুঁজেছেন আধ্যাত্মিক ভাবধারার মধ্যে। মানব-জীবনের চেতনা যদি দেহের যন্ত্রের থেকে উত্তুত হয়েই থাকে তবে সেই শেষকথা নয়। জার্মান আদর্শবাদের ভাবধারা ধীরে ধীরে ইংলণ্ড ও আমেরিকায় এসেছিল—ইংলণ্ডে কবি ওয়ার্ডস্ওয়ার্থ, কীটস্, শেলী, কোলেরিজের মধ্যে এবং আমেরিকায় এমারসনের মধ্যে। ইংলণ্ডে Benjamin Jowett (১৮৩৭-১৮৯৬) এবং J. H. Sterling (১৮২০-১৯০৯) ইংলণ্ডের দার্শনিকদের জার্মান আদর্শবাদে উব্দুদ্ধ করেছিলেন। জড়বাদ ও সন্দেহবাদের প্রভূত্তকে থর্ব করা এবং মানব-মনে অধ্যাত্মচেতনা সঞ্চার করাই ছিল তাঁদের উদ্দেশ্য। তাঁদেরই অফুগামী Thomas Hill Green (১৮৩৬-১৮৮২), Edward Caird (১৮২৫-১৯০৮), Francis Herbert Bradley (১৮৪৬-১৯২৪), James Ward (১৮৪৫-১৯২৫) ইংলণ্ডের এই আদর্শবাদীগণ নিরীশ্বরাদকে অস্বীকার করলেন এবং বললেন আত্মোপলন্ধিই জীবনের সত্য এবং প্লেটো, এ্যারিস্টটল, কাণ্ট ও হেগেলের ভাবধারাকে পুনঃপ্রতিষ্ঠা করতে চেষ্টা করলেন।

Josiah Royce-এর বাবা-মা ইংরেজ। ১৮৪৯-এর স্থাহরণের ছজুগের সময় তাঁরা ক্যালিফোর্নিয়ায় আসেন এবং পরে সানক্রানিসিদ্ধাতে বসবাস করেন। তিনি জার্মানীতে শিক্ষালাভ ক'রে স্নাতক হন এবং পরে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হন। এই ত্র্ব্ স্থাহরণকারীদের মধ্যে তিনি মায়য়, তাই জার্মান আদর্শবাদের সায়িধ্যে এসে মৃশ্ধ হন। তিনি নেবুলার বিবর্তন বিশ্লেষণ ক'রে জড়বাদী ও প্রকৃতিবাদী দার্শনিকদের তথ্য ভূল প্রতিপন্ন করেন। তিনি বিশ্লাস করতেন এই বিশ্বজগত এবং দৃশ্রমান স্বষ্ট এক বৃহত্তর অন্তরের তথা Spirit-এর স্বষ্টি এবং সে-ই ভগবান। এই সর্বময় 'পরম'কে আময়া বৃশ্বতে পারি আত্মায়সন্ধান ও বিশ্লেষণ বারা। ব্যক্তিগতভাবে আ্মাদের জীবনের চিন্তাধারা সামাজিক, আময়া নিজের সঙ্গে তর্ক করি, প্রশংসা করি, নিন্দা করি—অর্থাৎ আ্মাদের অন্তর্জগতও একটি প্রকৃত সমাজ। কর্তব্যের প্রতি আ্রগ্রতাই জীবনের ধর্ম, প্রীষ্টধর্মের মূলশিক্ষা এই। এই তন্ধই তাঁর 'Philosophy of Liberty'।

William James (১৮3২-১৯১০) আমেরিকার সর্বাপেক্ষা জনপ্রিফ দার্শনিক, তাঁর পিতৃপুরুষ আইরিশ। নিউইয়র্কে বসবাস করেন এবং ব্যবসায়ে লাভবান হন। জেমস্ সম্পত্তির মালিক হ'রে জীবন কাটান—তিনি দার্শনিক পরিবেশে বায়ুষ। বহু দেশ ভ্রমণ করেছেন। প্রথমে বিজ্ঞান ও পরে চিকিৎসা বিস্থায় ছাত্র এবং পরে শারীরবৃত্ত ও মনস্তত্বের অধ্যাপক। তিনি মনকে creative মনে করেননি, selective বলে মনে করেন—অর্থাৎ বহির্জগতের প্রভাব মাস্থবের মনে বেমন প্রতিক্রিয়া সৃষ্টি করে মাস্থব তেমনিভাবেই কাজ করে। তাঁর প্রয়োগবাদ (Pragmatism)-এর মূলে তিনি অস্থমান করেছেন যে, মাস্থবের জীবন-দর্শন তার মানসিক গঠনের (Temperament) প্রকাশ। (২৪২) মাস্থব ত্'রকম—সরস-চিন্ত ও নিরস-চিন্ত। সরস-চিন্ত ব্যক্তি আদর্শবাদী, আশাবাদী; একতা, শৃত্রলা এবং ধর্মে বিশাসী। নিরস-চিন্ত ব্যক্তি অভিজ্ঞতাবাদী, জড়বাদী এবং ধর্মবিছেনী। Pragma কথাটির অর্থ কর্ম। কর্মবারাই সত্যাসত্য নির্ধারণের দার্শনিক তত্ত্বই প্রয়োগবাদ নামে ধ্যাত। অর্থাৎ কোন ধারণাকে (idea) প্রয়োগ দ্বারা বিচার ক'রে তবে সত্যাসত্য নির্ধারণ করতে হবে, বিজ্ঞানে যেমন পর পর নিরীক্ষার হারা তাকে সত্য ব'লে গ্রহণ করা হয়। নৈতিক বিশাসের কোন্টা সত্য ও কোন্টা অসত্য তার বিচার করা হবে তার প্রযোগ দ্বারা তার ফলাফল বিচার ক'রে। অবশ্ব নীতিবাদের দিক থেকে তার লেখা সামান্তই, তবে তিনি নৈতিক বিচারে উপযোগবাদী। সত্যাসত্য নির্ধারিত হবে ফলাফল দেখে, এই তাঁর তথ্য। তিনি নিরীশ্ববাদকে মুল্য দেননি, পক্ষান্তরে ধর্ম সহদ্ধে তিনি অনেকটা অস্পষ্ট।

ভগবান-বিশ্বাদের দ্বারা যদি কোন ব্যক্তি সাহস ও আত্মবিশ্বাস পায়, যদি মনে শাস্তি পায়, এবং সে সমাজের পকে উপযোগী হয় তবে ভগবানে বিশ্বাস করবার অধিকার তার নিশ্চয়ই আছে। তিনিও Royce-এর মত বৈজ্ঞানিক তত্ত্বকে চরম সভ্য ব'লে গ্রহণ করেননি।

ধর্মবিশ্বাদের দিক থেকে তাঁর যুক্তি—ধর্মবিশ্বাদ পৃথিবীতে আঁশা ও অগ্রগতিতে বিশ্বাদ আনে, জড়বাদ নৈরাশ্রখনাদের স্টেক্ট করে। ভগবানের অন্তিম্ব উপলব্ধি ব্যক্তিগত আত্মিক অভিজ্ঞতার উপরে নির্ভর করে। ঈশ্বরবাদ (Theism) অর্থাৎ ভগবান জগৎ থেকে পৃথক সন্তা এবং আমরা সাধনাঘারা তাঁর সায়িধ্য লাভ করি— এই ধারণা ও বিশ্বাদ আমাদের অন্তর্নিহিত শক্তিকে সঞ্জীবিত করে, এই জগতের সঙ্গে যিলিত হ'তে সাহায্য করে। ঈশ্বরবাদ আমাদের বিচারশক্তি ও আবেগায়ু-ভৃতিকে একটা প্রশাস্ত পরিভৃতিধ দের যা জড়বাদী বা অজ্ঞাবাদী তত্ত্ব দের না।

আমাদের চেতনা, বা চেতন-মানস কেবলমাত্র স্বায়্ ও মন্তিক্ষের ক্রিয়া না-ও হতে পারে, এই চেতনা হয়ত কোন অমর আ্মার বা চেতনার অংশ, বা মন্তিক্ষ ও সায়্র মাধ্যমে জগতের সঙ্গে আপনাকে সংযোজিত করে। এই তথ্যকেই পরে Henri Bergson তাঁর 'Matter and Memory' এবং McDougall তাঁর 'Body and Mind'-এ আরও বিশেষভাবে প্রতিষ্ঠিত করেন। এই চেতনা বা মন বহির্জগতের প্রভাবে প্রতিক্রিয়া সৃষ্টি করে এবং তাই আমাদের মানস।

⁽१६६) The various representatives of Pragmatism are at one in giving primacy to practical over theoretical aspect of our life. Cognitive function is sub-ordinate to practical activity, because the former has arisen in process of adaptation of organism to its environment.—Joshi—p. 163.

John Dewey (১৮৫৯-১৯৫০)—ভেরমণ্টের বার্লিংটনে তাঁর বাড়ী।
নিউ ইংলণ্ডের লোক বলেই তিনি পরিবার ও সম্প্রদায়ের জীবনকে প্রাক্ষা করতেন।
হপ্কিন বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং^{ন্}সেখানকারই ডক্টরেট (১৮৮৪)। মিচিগানের
মরিস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। হেগেল ও কাণ্টের দর্শন খুব ভালভাবেই অধিগত
করেন। তাঁর দার্শনিক তত্ব গ'ড়ে ওঠে ১৮৯৪-১৯০৪-এর মধ্যে, তথন তিনি
চিকাগো বিশ্ববিদ্যালয়ে দর্শনের প্রধান অধ্যাপক। তথন তিনি Neo-Hegelism
থেকে সরে গিয়ে তাঁর "Instrumentalism"-এর তত্ব লেখেন—এই কর্মবাদ
প্রয়োগবাদেরই একটা রূপান্তর। শিক্ষা ও শিক্ষণ সম্বন্ধে তাঁর ধারণা ও তত্ত্বকে
দেশবাসী শ্রদ্ধার সক্ষে গ্রহণ করেছিল।

তিনি যখন চিকাগোতে ছিলেন তখন সেধানকার রাজনৈতিক অর্থ নৈতিক ও সামাজিক জীবনের ক্রত পরিবর্তন ঘটছিল এবং সেটা ভালর দিকে নয়। বিভিন্ন ধরনের লোক তখন জমা হয়েছে, দরিক্র অসহায় অনির্বচনীয় হুঃখকট ভোগ করছে। ছাত্রগণের জীবনে কোন আদর্শবাদ ছিল না, তারা রোজগারের জক্ত কোনমতে একটা পাশের প্রমাণপত্র সংগ্রহ করতে চাইত। এই অবস্থাটাই তিনি তাঁর শিক্ষাতত্ত্বে বিচার করেছেন এবং সে বিচার তিনি করেছেন সমাজতত্ত্বের দিক থেকে।

যথন বিজ্ঞান, অর্থনীতি, ধর্ম ও কান্তিবোধ, প্রাচীন বিশাস ও সংস্কারের সঙ্গে সংঘাত স্থান্টি ক'রে জাতি ও সমাজকে বিপর্যন্ত ক'রে তোলে তথনই দার্শনিকের প্রয়োজন। দার্শনিকগণ বিভিন্ন দিক থেকে তাঁর নিজের সমাজ পরিবেশের ঘারা প্রভাবিত হয়ে সমাধান আবিজ্ঞার করেন এবং যদি এর কোন সমাধান যথেষ্ট প্রভাব বিন্তার করে তবে ব্রুতে হবে এই সমাধান তথনকার সমাজে সামঞ্জ্ঞ বিধানের একটা পথ দিয়েছে। ভিউই সর্বদাই তাঁর তত্তকে এই সামাজিক দিক থেকে প্রতিষ্ঠিত করতে চেষ্টা করেছেন।

তাঁর "How we think" গ্রন্থে তিনি মানব-মনের চিন্তাধারা ও যুক্তিকে বিশ্লেষণ করেছেন। প্রথমতঃ স্থপ্নে বা জাগরণে আমাদের মনে একটা ভাবশ্রোত চলতে থাকে, কখনও নির্দিষ্ট পথে কখনও অনির্দিষ্ট ভাবে। কিন্তু মানুষ যথন চিন্তা করে (reflective ভাবে) তখন তার ধারণা পরম্পর নির্ভরশীল হয়। একটি থেকে অক্সটি আদে এবং একটা নির্দিষ্ট উদ্দেশ্ত নিয়ে চলে, হয়ত কোন সমস্তা সমাধানের জন্তা। একটা গর্ভ বা খাল (ditch) পার হওয়ার উদাহরণ দিয়ে তিনি এটা ব্রিয়েছেন। যথা, প্রথম—Suggestion তারপরে ক্রমে intellectual, guiding ideas, hypothesis,—examination deductivity—experiment inductivity, এবং শেষ পর্যায়ে aesthetic.

তাঁর নীতিবাদ ও সমাজদর্শন বিচারের প্রধান গ্রন্থ "The Quest for Certainty"-তে তিনি নীতিকে সমাজ-মনতত্ব দিয়েই বিচার করেছেন। গ্রীক ও বর্ডমান দার্শনিকের অনেকেই পরম মূল্যকে, এবং চিরন্তন নীতিকে স্বীকার

করেন। প্রীয়ান ধর্মণান্ত্রও এই পরম সত্যের ও পরম মৃল্যের কর্বা ত্বীকার ক'রে বলেছেন, এ হ'চ্ছে ভগবানের অভিপ্রায়। ডিউই খুব জোরের সঙ্গে এই চরমমৃল্য ও চিরস্তন নীতিবাদকে অত্বীকার করেছেন এবং বলেছেন পরিবর্তনশীল জগতে ও সমাজে, নীতি ও মূল্যও পরিবর্তনশীল। অক্তদিকে তিনি অভিজ্ঞতাবাদীদের মূল্যায়নকেও ত্বীকার করেননি, কারণ তাঁরা কোনও এককালে মাহম যা আশা বা ইচ্ছা করে তারই মূল্যায়নকে তাঁরা প্রকৃত মূল্য ব'লে মনে করেছেন। এই অভিজ্ঞতাবাদীগণ মনে করেন যা আমরা ইচ্ছা করি তাই প্রকৃতপক্ষে ইচ্ছনীয়, যা অ্থদায়ক তাই আনন্দদায়ক, যা কিছু ভোগ করি তাই প্রকৃত ভোগ্য কিছু প্রয়োগবাদী ডিউই বলেন,—এই প্রকৃত মূল্য অর্থাৎ কী ইচ্ছনীয়, ভোগ্য ও আনন্দময় তা নিরূপিত হবে তার প্রয়োগবারা। যদি দেখা যায়, যতদ্র বোঝা যায় তাতে এইগুলি সকলের পক্ষেই মূল্যবান তবে তাই মহ্বল ও সত্য। তিনি এই সত্য ও মহ্বাকে অনেকটা হিতবাদীদের চোথে দেখেছেন কিছু তিনি অ্থটাকেই নীতিবাদের মূল্যত্ব বলে মানেননি এবং নিরীশ্বরাদকেও আমল দেননি।

তিনি অটিকে জীবনদর্শন ও জীবনের প্রকাশ বলেছেন, যে প্রকাশদারা জামরা জীবনকে বৃষতে পারি এবং জীবনকে সমাক্ভাবে ভোগ করতে পারি। কাস্ক-সৃষ্টি হবে একাধারে স্থলবের প্রকাশ এবং অন্তদিকে উদ্দেশ্যবাদী। যন্ত্র্যুগর বিপুল উৎপাদনের মধ্যে সৃষ্টির আনন্দ নেই, কেবলমাত্র নীরস প্রমই আছে, কিন্তু পূর্বে কারিগররা যে উৎপাদন করত তার মধ্যে সৃষ্টির আনন্দ ছিল। মানব-মনের চেতনা কেবলমাত্র জৈবজীবনগত ব'লে ধ'রে নিলে তা 'Natural Selection'- এর তত্ত্বের বিরোধী হ'রে পড়ে। (২৪৩)

প্রয়োগবাদীগণের আরও অনেকে কেবলমাত্র জড়জীবনের পাওনা-দেনাকেই চরম মৃল্য দেননি। কারণ, জীবনটা কেবলমাত্র কতকগুলি বৈজ্ঞানিক সভ্য ও তথ্যের সমন্বয় নয়, তা মাহুষের জীবনের চাহিদাকে সম্ভষ্ট করতে পারে না। (২৪৪)

Henry Bergson ১৮৫৯ সালে প্যারিতে জন্মগ্রহণ করেন। Lycée, Condorcel এবং E'cole Normals-এ পড়েন। বিজ্ঞান ও সাহিত্যেই তাঁর বিশেষ অফ্রাগ ছিল কিন্তু পরে দর্শনেই তাঁর প্রতিভার প্রকাশ। ১৮৮৯-১৮৯৭ তিনি Lycée Henry IV-এর অধ্যাপকরূপে প্রসিদ্ধ হন। ১৯২৮ সালে নোবেল

⁽২৪৩) Aliotta points out: Pragmatism which accepts blindfold and dogmatically the biological origin and meaning of mental life ends by contradicting its own postulate, when it denies the presupposition of all natural selection, that is to say the objective order. (from Idealistic Reaction Against Science.—p. 185) —Joshi—p. 166

⁽³⁸⁸⁾ Munsierberg says:—"Our time needs a new philosophy. The mere heaping up of facts no longer satisfies us, the world is tired of the pose of a triumphal march from discovery to discovery without ever asking what it all means. We have to feel that life is not more worthliving by the mere accumulation of collected facts. (Eternal values—p. 3) —Joshi—p. 169

পুরস্কার পান। প্রথম বিশ্বযুদ্ধের সময়ে স্পেনে ও আমেরিকার ছিলেন। তিনি
ভিউই ও জেমসের অন্তরাগী এবং তিনিই প্রথম জেমসের গ্রন্থাদি ফরাসীতে অন্ত্রাদ
করেন।

তিনি জেমস্ও ডিউইর মতই বিখাস করেন, স্থিতির থেকে পরিবর্তনই বেশী সত্য। তিনি মনে করেন, আমাদের মনন-বীক্ষণ প্রভৃতি মানসিক ক্রিয়া প্রকৃত্ত সত্যকে ব্রতে পারে না, বরং এই মনন ও বীক্ষণজনিত ধারণা আমাদের সামনে অনেক মিধ্যাকে সত্য বলে প্রতিপন্ন করে। এই জন্ত বারশোঁকে প্রয়োগবাদী বলা চলে না।

তাঁর মতে এই সৃষ্টি এক অনন্ত প্রাণপ্রবাহ (Vital Impulse), সৃষ্টি এবং বিবর্তন এক অন্ধ স্ঞ্জনীশক্তির প্রকাশ যা অনন্তকাল ধ'রে অবিচ্ছিন্ন ভাবে চলেছে। এই বিবর্তন কোন সর্বশক্তিমান স্র্যার সৃষ্টি নয় এবং তা কোন যান্ত্রিক নিয়মেও হয়নি। একটা (L'élan Vital) বা Vital Impulse or Vital Impetus অবিশান্ত গতিতে অবিচ্ছিন্নভাবে নিরবধি কাজ ক'রে চলেছে, তারই বছমুখী প্রকাশ এই সৃষ্টি এবং এই প্রাণপ্রবাহই ভগবান। তাঁর এই ভগবানের ধারণা পুরাতন সমন্ত শান্তকারদের ধারণা থেকে ভিন্ন।

Weismann-এর দারা ব্যাখ্যাত New Darwinism স্পেনসারের বিবর্তনবাদের বিপরীত। তিনি বলেন, germ-plasm-এর মধ্যে বিভিন্নতা আপনা থেকেই হয় এবং পরবর্তী পুরুষে সঞ্চারিত হয়। এই বিভিন্নতা ঘণন স্থবিধা পায় তথন যুদ্ধ ক'রে বেঁচে থাকে এবং বংশধরগণ তা পায়। Germ plasm-এর এই অবিরাম প্রবাহকে বারশোঁ মেনে নেন কিন্তু তা কেন হয় তারই উপরে তিনি প্রাণপ্রবাহের তত্ত্বে এসে পৌছান। এই প্রাণপ্রবাহ চলেছে আপন গতিতে, তার জন্ম ব্যক্তি বা বস্তুর কোন প্রচেষ্টারই প্রয়োজন হয় না।

তাঁর নীতিবাদ ও ধর্মদক্ষীয় মতবাদ এই প্রাণপ্রবাহ তত্ত্বের উপরে নির্ভর ক'রেই গড়ে উঠেছে। এই প্রাণপ্রবাহ জাগতিক জীবনের সর্বত্তই বর্তমান এবং সেই প্রবাহ মাছ্যবের মধ্যে সর্বাপেকা বেশী পূর্ণতা লাভ করেছে। মাছ্যবের মধ্যে স্বভাবপ্রবৃত্তি হিসাবেই সমাজবোধ ও পরার্থবাদ বর্তমান। এই প্রাণপ্রবাহ তথা ভগবান থেকে মাছ্যব যথন বৃদ্ধিরৃত্তি পেল তথন এই বৃদ্ধি থেকেই প্রবল বিপদ দেখা দিল—বৃদ্ধিরৃত্তি মাছ্যকে ভয়ানক স্বার্থপর ক'রে ভুলতে পারে এবং তা সমাজ ও পরিবেশের পক্ষে অভাবনীয় ক্ষতির কারণ হতে পারে। এমন কি প্রাণপ্রবাহেরই বিরোধী হতে পারে। এই বিশৃত্ত্যলা রোধ করতে প্রকৃতি মানব-মনে অমুভৃতি দিল এবং সমাজেভাকে (will of the society) বোঝাতে শিখাল—সমাজের ইচ্ছাশক্তিই হচ্ছে আমাদের সংস্কার, রীতি-নীতি, নিয়ম। অভএব ধর্মের প্রথম উদয় আদিম মাছ্যবের ব্যক্তিবাদকে ব্যাহত ক'রে তাকে সামাজিক ক'রে ভ্লল। এই সমাজেভাই তাকে উন্নত্তর বৃদ্ধিবৃদ্ধিসম্পন্ন ক'রে আর্থিক কল্যাণকে চিনতে শেখাল। এইটিই প্রথম নীতি ও ধর্মের মূল স্ত্ত্ত— স্বর্থিৎ প্রাতন প্রত্যয়

ও বিশাস মাহ্যবের নবতম বৃদ্ধিবৃদ্ধিকে ধাংসকরী হ'তে বাধা পাঁট করল। পারবর্জী মূগে এই পুরাতন সংস্কার ও প্রত্যয় এমনভাবে মাহ্যবেকে ভারগ্রন্থ ক'রে ভুলল যে তার ব্যক্তিয়াধীনতাই বিপন্ধ হ'য়ে উঠল এবং প্রগতির পথ ক্লম্ভল। এই বিপদ্দ থেকে মুক্ত করল মাহ্যবের আরও উন্নততর নীতিবাদ ও ধর্ম। এই উন্নততর নীতিবাদ থাবিকর ব্যক্তিগণের স্বজ্ঞাপ্রস্ত শিক্ষা,—প্রাণপ্রবাহের গভীরতর অহত্তি। তাঁরা সমাধির মাধ্যমে ভগবৎ-মিলন সম্ভব ক'রে মানবের কাছে অবভার রূপে পরিগণিত হলেন। তাঁদের প্রভাব ক্রায়, সত্য ও ধর্মকে রক্ষা করল।

এইসব ঋষি ও সন্ন্যাসীদের জীবনে দেখা যার তাঁদের গভীরতর অমুভৃতি ও ও আধ্যাত্মিক স্বজ্ঞার অধিকার; তাঁরা ভগবানের সহিত ভাবসমেলনে যা লাভ করেছেন তা সাধারণ জনগণ কোন সময়েই পায়নি এবং সেই জ্মুই তাঁরা নীতি-ধর্মের নেতৃত্ব গ্রহণ করেছেন। বারশোঁ বিখাস করেন, ধর্মনীতির ঘাঁরা প্রগতিশীল মাহুষের অগ্রগতি ক্রতত্ব হয় এবং হতে পারে। আমাদের প্রয়োজন আরও আধ্যাত্মিক শক্তিপূর্ণ এবং গণতন্ত্রীয় সমাজ—যে সমাজে ব্যক্তি-বিরোধ ও যুদ্ধ থাকবেনা, মাহুষ মানবতা অর্জন ক'রে পারস্পরিক প্রেমের রাজ্যে স্ব্থে বাস করতে পারবে।

Samuel Alexander (১৮৫৯-১৯৩৯)-এর 'Space, Time and Deity' বিংশ শতকে প্রকাশিত সমন্ত দার্শনিক গ্রন্থের মধ্যে একথানি শ্রেষ্ঠ গ্রন্থ বলা যায়। বিংশ শতকের তুইটি দার্শনিক চিস্তাধার। New Realism এবং Emergent Evolution-এর একটা সামঞ্জপূর্ণ ব্যাখ্যা তিনি করেছেন।

দিভ্নিতে তাঁর জন্ম, মেলবোর্নে শিক্ষিত এবং পরে অক্সফোর্ডে উচ্চতর শিক্ষা লাভ করেন। ১৮৯৩-১৯২৪ ম্যাঞ্চেটার ইনের অধ্যাপক। ছাত্ররা তথন বেশীর ভাগই Neo-Hegelian। আদর্শবাদী হিসাবেই তাঁর দর্শনের শুরু, পরে ডারউইন, স্পেন্সার, হাক্সলি-র ঘারা প্রভাবিত হন। তাঁর চিস্তাধারা New-Realism এবং আইনন্টাইনের আপেক্ষিকতার তত্ত্বের ঘারাও পরে প্রভাবিত ছ্য় এবং আরও পরে তা অধিবিভায় পর্যবিদিত হয়। ১৯১৬-১৮ সালের মধ্যে শ্লাসগো বিশ্ববিভালয়ের বক্তৃতায় তাঁর Space, Time and Deity-র তত্ত্ প্রকাশ করেন এবং ১৯২০ সালে গ্রন্থ প্রকাশিত হয়।

বিংশ শতকের প্রথমে ইংলণ্ডের G. E. Moore, Bertrand Russell এবং আমেরিকার E. B. Holt, W. T. Marvine এবং W. P. Montague প্রভৃতি এই নববান্তববাদের প্রচারক ও ধারক। নববান্তববাদের অন্ত নাম Existentialism। এই নবতম দর্শনের অন্তান্ত দার্শনিক জার্মানীর Kierke gaard (১৮১৫-১৮৫৫) Heidegger (১৮৮৯-) Karl Jaspers (১৮৮৯-) Jean Paul Sartre (১৯০৫-) Gabriel Marcel (১৮৮৯-)। ষ্টিও এঁদের তত্ত্ব ও তথ্য বিচারের মধ্যে অনেক পার্থক্য বর্তমান। এঁরা সকলেই বিজ্ঞান ও দর্শনের একটা সামঞ্জপূর্ণ ব্যাখ্যা করতে চেষ্টা করেছেন; পক্ষান্তরে বলা যায়, বিজ্ঞান-ভিত্তিক দর্শনের ইটা। তাঁরা বস্তকে চৈতক্তের পূর্ববর্তী ব'লে ধারণা করেন এবং

মানব মনের অমুভৃতিকেই সর্বাপেকা বেশী প্রাধান্ত দেন। আদর্শবাদের বিপক্ষে এঁরা অনেক যুক্তি দিয়েছেন কিন্তু আন্ত জ্ঞান ও সং ও সভ্য সম্বন্ধে কোন সর্বজনগ্রাহ্ছ ব্যাখ্যা দিতে পারেননি।

Alexander-এর মতে বেখানেই চৈতক্ত আছে সেধানেই জীব আছে এবং বন্ধ আছে। দেশ কাল ও গুণই (space, time and categories) প্রথম এবং তার থেকেই জগং। গুণ বলতে তিনি বলেছেন,—জগতে সবই পরিবর্তনশীল, গুণাহুলারে কোনটা ধীর কোনটা ক্রত পরিবর্তন লাভ করে, এই গুণ সর্বত্তই বিরাজমান এবং এই গুণকে তিনি categories নাম দিয়েছেন। এ ব্যতীতও প্রতিটি স্টে বস্তর্বও কিছু গুণ আছে যা আমরা দেশ-কাল-গুণ ঘারা ব্যাধ্যা করতে পারি না। সেগুলি কেবলমাত্র অভিজ্ঞতা ও বীক্ষণঘারা ব্যাতে পারি। বিবর্তনশীল জগতে স্প্রি পুরাতন গুণকে আঞার ক'রে নতুন গুণ অর্জন করছে।

শেষার জগতের জড়, জীব, মন, সমাজ প্রভৃতি সবকিছুকেই বিবর্তনের নিয়মাধীন করেছেন এবং বলেছেন সবই জড় ও গতির ক্রিয়া। কিছু আলেকজাণ্ডার এর প্রথম অংশ মেনে নিলেও শেষের অংশ স্থীকার করেননি। তার কারণ জীবনের এমন কতকণ্ডাল গুণ আছে, যাকে জড়ে কথনই পরিণত বা পরিবর্তন করা যায় না। যেখন পৃথিবীতে জীবন স্প্তির পূর্বে গ্রহান্তর থেকে যদি কোন বৈজ্ঞানিক বর্তমান পৃথিবীর সমন্ত জ্ঞান নিয়ে আগত তবে সে কিছুতেই বলতে পারত না ভার অধীত জ্ঞান থেকে, কি কি উপাদান কি ভাবে মিলিত হ'য়ে কিরপ জীবনোষ স্থি করবে এবং তার মধ্যে জীবন হিসাবে কি কি ধর্ম ও গুণ প্রকাশ পাবে বা যুগ্র্গান্ত পরে সেই প্রাণী কি আকার ও গুণ লাভ করবে। তবে জীবন স্প্তির পরে হয়ত সে বলতে পারত কি অণু-পরমাণ্ নিয়ে এই জীবন স্প্তি হয়েছে। ভবিশ্বতে কি হবে সে কথাও সে বলতে পারত না,—মাহুবের মত মননশীল প্রাণী জন্মাবে, সমাজবদ্ধ হ'য়ে বাস করবে, যুদ্ধ ও শান্তি আনবে, সাহিত্য শিল্প গ'ড়ে তুলবে, একথা সে কোন মতেই অন্থমান করতে পারত না। অতএব স্পোলারের জড় ও পতির তম্ব দিয়ে জীবনকে ব্যাখ্যা করা যায় না। জীবনের স্বধ্ম আছে, যা অব্যাখ্যাত রয়ে গেছে।

সভ্য ও তার মৃল্যায়ন সম্বন্ধে তাঁর মত প্রয়োগবাদীদের অহ্রপ সং বলতে তিনি কেবল নৈতিক সং বলেননি, তার অর্থ তাঁর কাছে ব্যাপকতর। সং দেশ কাল গুণাহ্মারে পরিবর্তনশীল। অসং কেবলমাত্র স্থানচ্যুত সং—বেমন ধূলা অসং ধ্বন সে তার স্থানচ্যুত হয়। স্থানর বলতে তিনি কান্তিবোধকে ব্রেছেন এবং সভ্য ও স্থানর বলতে বস্তু ও মনের মিলনকে ব্রেছেন।

স্বাধীনতা সম্বন্ধে তাঁর মত—প্রথমতঃ স্বাধীনতা অর্থে বাহিরের বাধ্যবাধকত।
পেকে মৃক্তি, বিতীয়তঃ ব্যক্তির পূর্ণ প্রকাশ। ভাল মন্দ সকলেই প্রথম অর্থে স্বাধীন
কিন্তু সং ব্যক্তি বিতীয় অর্থে স্বাধীন। ধর্ম সম্বন্ধে তিনি 'Deity'-র ব্যাধ্যা
করেছেন। দেবতা স্কটির পিছনে নয়, তিনি পৃথিবীর বিবর্তনকে চালিয়ে নিয়ে

বাচ্ছেন তাই নয়, তিনি ভবিশ্বতেরও—বেথানে মানবের বিবর্তন পূর্ণতা লাভ করবে। ভগবান অর্থে তিনি সমস্ত স্টেকে ধারণা করেছেন, যে ভগবান এই 'দেবতা' অভিমুখী। স্টে জগৎ ভগবানের রূপ, এবং এই ভগবান দেবত্বে পৌছতে ব্যাকুলভাবে চলেছেন।

ভগবান জগতের শ্রষ্টা নয়, তিনিই স্প্রের শেষ নয় এবং স্প্রের কারণ নয়। এই বিশ্বের বাহিরে বিশ্বের স্রেটা নেই। বিশ্বই চলার পথে স্প্রেটি ক'রে চলেছে। তাঁর ধর্মীয় মত অবৈতবাদী যদিও তা 'আপাতদৃষ্টিতে হৈতবাদী। পক্ষাস্তরে তিনি বিশ্বাস করেন, মাহুষের চৈতক্ত ভগবানের সঙ্গে ভাবসম্মেলন লাভ করতে পারে।

Kierkegaard (১৮১৩-১৮৫৫) সক্রেটিস্কে স্বাপেক্ষা প্রাচীন 'existentialist' ব'লে আখ্যা দিয়েছেন। তিনিই সত্যিকার ধর্মপ্রাণ ব্যক্তি বেহেত্ তিনি বাইরের মতামত অগ্রাফ্ড ক'রে আপনার বিবেক ও চৈতন্তাম্বায়ী চলেছেন এবং সেইটেই তাঁর ব্যক্তিত্বের পূর্ণতা। এই ধর্মপ্রাণতার তিনটি শুর আছে, প্রথম—কাস্ত (স্বন্দর) আনন্দময়, বিতীয়—নৈতিক শুরে সংগ্রাম ও জয় এবং তৃতীয় শুরে ধর্মীয় জীবনে ত্যাগ ও হৃংখ। তাঁর মতে মাহ্য হৃংখের মধ্য দিয়েই ভগবানের সঙ্গে একীভূত হতে পারে।

Heidegger (১৮৮৯-) স্ষ্টিকে তুইটি সন্তায় ভাগ করেছেন Seiende ভ্রম্বাৎ আমাদের পারিপার্থিক বস্তুজগৎ, বন্ধ, ভাব প্রভৃতি সবই। তারা সবই রিজিনীল এবং পরস্পর সংঘাতপ্রবণ, এবং এই সন্তাটি বৈজ্ঞানিক বীক্ষণ সামগ্রী। Sein-কে কথনই বন্ধ হিসাবে গ্রহণ করা যায় না, যা এই Seiende-এর লক্ষান্থল।

মাত্রম একক বস্তু নয়, সে পৃথিবীর মাত্রম—এবং এই পৃথিবীর জীব (Das In-der Welt Sein) কেবলমাত্র একটা ঐতিহাসিক পটভূমিকায়ই প্রকৃত অর্থপূর্ণ হয়। তিনি ঐতিহাসিক আপেক্ষিকভায় জীবনকে বিচার করেছেন।

জ্ঞান-বিজ্ঞান ও মাকুষের উন্নতি সন্ত্বেও বর্তমান যুগের তৃ:খ-কটের মূলে তিনি দেখেছেন যুক্তিহীনতা, এই আমাদের পৃথিবীতেই আমরা প্রবাসী। এই পৃথিবী ষা ছিল ভাই আছে, তার কোন ক্রটি হয়নি, জগতকে তৃ:খমর করেছে মাকুষ। জগৎ আমাদের কাছে ভয়াবহ ভীষণ হ'য়ে উঠেছে, আমরা সর্বদা ভয়ে অস্থির হ'য়ে রয়েছি। আমরা মাকুষের বৃদ্ধির্ভির মূল্যায়নকে সভ্য ব'লে মনে করেছি ব'লেই এই তৃ:খ,—বৃদ্ধির্ভি আমাদের বিশ্বিত করে, মৃশ্ব করে কিন্তু শান্তিও ভৃথি দেয় না। প্রকৃত্ত সভ্যকে যতিক বারা জানা যায় না,—একমাত্র স্বজ্ঞা বারাই জানা সম্ভব। স্থান্থকে বাদ দিয়ের মাকুষ মন্তিক্ষকে আশ্রম করেছে ব'লেই তার এই তৃ:খ।

Karl Jaspers (১৮৮৩-) কিন্তেরকেগার্ডেরই অমুগামী। তিনি মিচ্চিক Plotinus-এর মধ্যেই জীবনরহস্তকে দেখেছেন। ভগবান এই পৃথিবীর ধারক এবং সাধনার মাধ্যমে এই ভগবং অমুভূতি আসে। কি ক'রে প্রকৃত ধর্ম ও ধর্মবিশ্বাস মাম্বের জীবনে আসতে পারে? পৃথিবীর বাইরে থেকে, বহির্জ্বগত থেকে আসে না, মানাবাত্মা প্রকৃত স্বাধীনতা লাভ করলেই তার ধর্মবিশ্বাস আসে। এই স্বাধীনতাকে যে চিনতে পারে সে-ই ভগবানের স্বরূপ উপলব্ধি করে। Jean Paul Sartre (১৯০৫-) এই স্বাধীনতা অর্থে এই জগতে গ্রাম্য বস্তু লাভকেই বোঝেননি, কারণ তাঁর মতে এই কাম্য লাভ মানব-চৈতন্তের ক্ষেপ্ত নাও হতে পারে, কারণ মানব-চৈতন্ত অত্যন্ত জটিলতার মধ্য দিয়ে কাজ দিরে যায়। মানব-চৈতন্ত কোন সময়েই সত্যম্পিবম্ স্থলরমের সঙ্গে একীভূত হয়।, তব্ও জীবনের জন্তেই মানব-চৈতন্তের এই সংগ্রাম তার জীবনভার চলে
—শিবস্থলরের মিলনের আশায়।

Gabriel Marcel (১৮৮৯-) বলেন, মান্ত্র যখন নিজের জীবনে ক্রমে চিচ্তে উঠতে থাকে, এবং পরিবর্তিত ব্যক্তি-রূপ গ্রহণ করে তখন তার কাছে গ্রাতন মূল্যায়ন চলে গিয়ে নৃতনভাবে জীবনের মূল্যায়ন হয়। ধর্মীয় জীবনেও এই রিবর্তন আসে, পার্থক্য এই যে ধর্মজগতে মান্ত্র মূল্যায়ন করে তার চৈতক্তময় বিবেক দিয়ে, এবং এই মূল্যায়নই চরম ও পরম মূল্যায়ন।

रूथ ७ भाष्ठिकामौ मानव-िष्ठ প্রাচীন যুগ থেকেই প্রকৃত সং ও সত্যকে ুঁজেছে কিছু আজও তা তার ধারণার অতীত। সার্বজনীন, পরম নীতি কী তাও ার্শনিকগণ বিচার করতে চেয়েছেন কিন্তু তা আঞ্জও আমাদের জ্ঞানের অভীত। এই সত্য ও সংকে খুঁজতে খুঁজতে মামুষ আজ বিংশ শতকের মধ্যধানে এসেছে, বিজ্ঞানের ঘারা সে আজ গ্রহান্তর জয় করতে চলেছে তবুও শান্তিকামী মানব-চিত্ত শান্তি পায়নি, স্থী হতে চেটা ক'রে সে জীবন ও জগতকে তুংখময় ক'রে তুলেছে। নবজাগরণের যুগে যখন মাতুষ ধর্মসংস্কারকে উলাস্ত ক'রে ব্যক্তিবাদের প্রতিষ্ঠা করল তথন তারা ভেবেছিল মাহুষ ধর্মবন্ধনমুক্ত হলেই স্থী হবে, জগৎ শাস্তি লাভ क्तरत। किन्छ वृक्तिकाण এই व्यक्तिवान जारक षहःवानी ७ উচ্চूधन क'रत जूनन, সে স্বার্থপর আত্মকেন্দ্রিক হ'য়ে উঠল। তথন শুরু হল অহংবাদী অশান্ত মানব-চিত্তকে যুক্তিজাত নীতির শৃঙ্খল দিয়ে সংযত করা, কিছু ভোগবাদী অহং সে শৃঙ্খল ছি ড়ে বেরিয়ে এল অসংযত পৃথিবীতে—বিজ্ঞান তার শক্তি ও দম্ভ নিয়ে এসিয়ে চলল, মাত্রষ শক্তিশালী হল, তার অহংও উগ্রতর হল। ভাববাদ ও আদর্শবাদ উদান্ত ভগবানকে পুন:প্রতিষ্ঠার চেষ্টা করল কিন্তু ধর্মবিশাসহীন মানব-চিত্ত তা গ্রহণ করল না। ভোগাকাজকাই প্রবলতর হল এবং আছও ভোগের স্রোতই প্রবহমান-এবং এই তীব্র স্রোতে মামুষের হৃদয় ভেসে গেছে। মামুষের মন্তিছ कृत्न दंकर छेर्द्रिष्ठ किन्छ अनम् नक्ष्ठिछ द'रम विनीन द'रम व्याप्ठ वरमाष्ट्र। विरामयतः भाषाखा प्रम्त कानप्तिक श्री शासक हिन ना, कारक है जो करनक्रमार्थ विषय हरम् हिन এবং थाकन, मायूरवत कीवत्न छात्र व्याव्यत्र मिनन ना। धमनिक मार्मनिकश्य ভাঁদের ব্যক্তিগত জীবনেও যে তাঁদের দর্শনকে গ্রহণ করেননি তা সোপেনহাওয়ার, নীটকে প্রভৃতি দার্শনিকের জীবনীতেই প্রমাণ। অতএব জনজীবনে তার প্রভাব গাভাবিক নয়, সেধানে শিল্পবিপ্লবের লোভ ও স্বর্ণাকাজ্ঞাই প্রবলতর হ'য়ে ব্যক্তি ও শ্মাজজীবনকে নিয়ন্ত্ৰিত করেছে—মাত্মৰ পরার্থবাদকে ভ্যাগ ক'রে নিষ্ঠুর ভোগেছা নিয়ে ছুটে চলেছে। ভারতের দর্শন প্রয়োগজ, তা দার্শনিকের সাধনাপ্রস্ত । সেই হেতৃই নিষ্ঠুর ভোগেচ্ছা ও অহংবাদ ভারতের প্রাচীন সমাজজীবনে দেখা দেয়নি।
ধর্মান্রিত সমাজ অহংবাদকে মাথা তৃলতে দেয়নি—তাই ভারতের সাহিত্যও
ধর্মান্রী হয়েছিল। পাশ্চান্তোর সাহিত্য নবজাগরণের যুগ থেকেই ব্যক্তিকেন্দ্রিক।
ব্যক্তিবাদ ও ব্যক্তিস্বাধীনভার বাণী নিয়ে গ'ড়ে উঠেছে, সার্বিক নীতি ও ধর্মকে
অস্বীকার করেছে, এবং তথাকথিত মানবভার বাণী ব্যর্থ হ'য়ে গেছে। সমাজদর্শনের
স্থাশাও সফল হয়নি।

क्यास्मत सर्वयूग

১৭শ শতকের মধ্যভাগেই ইউরোপীয় সাহিত্যের নেতৃত্ব স্পেন থেকে ক্রান্সে এসে পৌছেছিল। নবজাগরণের সমালোচকগণ প্রাচীন সাহিত্য থেকে ৰে গুণাৰলী (virtues) ৰথা balance, order, proportion এবং unities-ৰে সাহিত্যের অবশ্য গ্রহণীয় ব্যাকরণ ক'রে দিয়েছিলেন তা পরবর্তী যুগে গ্রহণীয় হল না। এই বাঁধা ছকের মধ্যে মানব-মনের অমুভৃতি ক্ষম হ'য়ে ছিল, স্বাধীনভাবে প্রকাশিত হয়নি। ফ্রান্সে Pascal এবং Racine এই ছক্তে অস্বীকার ক'রে অমুভূতির সাবলীল প্রকাশকেই অগ্রাধিকার দিয়েছেন। এই অগ্রাধিকার দেওয়ার মূৰে আছে René Descartes (১৫৯৬-১৬৫ •)-এর Rational Universe-এর তন্ত্ব। এই তন্ত্রটি তাঁর স্বজ্ঞাস্ট ব'লে কথিত। তিনি জগতের স্টেরহস্তের একটা সমাধান খুঁজেছিলেন, যে সমাধান সমন্ত প্রশ্নের জবাব দেবে। তাঁর জীবনে বিচ্ছুরিত বিহ্যাতের মত সহসা এই সমাধান তিনি পান—সব জ্ঞানই এক আধারভত। স্বই এক প্রম প্রাণের প্রকাশ। এই তত্তকে অমুসরণ ক'রে তিনি বললেন, মাহুষের বৃদ্ধি ও যুক্তিই ভগবান, মাহুষের বৃদ্ধি ও বিশ্বপ্রকৃতিই ভগবানের चक्रण। छाँत এই ভগবান বাইবেলের ভগবান নয়,---छाँत मछ्छ প্রমাণ ঘার। ষা সিদ্ধানয় তা গ্ৰহণীয় নয়। তাঁর ব্যক্তিগত জীবনে এই তম্ব ছিল অতীক্রিয় অমুভূতি কিন্তু তথনকার ইউরোপের জাগ্রত ব্যক্তিবাদ তাকে নিরক্ষুশ বুদ্ধিবাদে পরিণত করল। তাঁর লিখিত গ্রন্থের সবই লাটন ভাষায়। ফরানী ভাষায় মাত্র একথানি গ্রন্থ কনো করেন,—Discourse upon Method (Discours de la Methode) i

ঠিক এই সময়ে এটানদের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিরোধ চলছিল। প্রোটেস্টাণ্টরা তথন পরাজিত, বিরোধ ছিল জেফুইট ও জেনসেনিস্টাদের মধ্যে। Abbey of Ports Royal-এর উপর জেনসেনিস্টাদের প্রভাব ছিল, সেখানকার শাশ্রম, বিভালয় ও প্রচারকেক্স জেফুইটদের বিরুদ্ধে লিখতে শুক্ক করলেন। Pascal খ্ব বিশাসী ছিলেন এমন নয়, তবুও তিনি তাদের হয়ে লিগতে শুক্ক করেন। তাঁর প্রথম লেখা Provincial Letters, জেনসেনিস্ট নেডা Antoine Arnauld-এর স্বপক্ষে লেখা ১৮ খানি পুল্ডিকার সংকলন। এই পুল্ডিকায় তিনি জেফ্টটদের বিলাস-বাসন, ছনীতি ও ধর্মশাস্ত্রকে তীব্র আক্রমণ করেন। Pascai (১৬২৩-৬২) ডেকার্টের মৃতই যুক্তিবাদী। তাঁর শুর্দ্ধ গ্রন্থ Les Pensèes (thoughts) তাঁর শেষজীবনে নোটের আকারে লেখা। ডেকার্টের সৃত্রক্ষে তিনি বললেন, ডেকার্ট ভগবানকে স্বাষ্ট্রর কারণ বলেই ক্ষান্ত হয়েছেন, কিছু ভগবানই সমস্ত অসামঞ্জল্রের নির্ত্তি। যুক্তিবাদ সম্বন্ধ তিনি বলেন, —আমাদের যুক্তি—আরত অভ্যাস ও চিস্তাধারা ছাড়া আর কিছুই নয়, এবং এই অভ্যাসই আমাদের আদিম প্রকৃতিকে নয় ক'রে দিয়েছে। ডেকার্ট যুক্তিবাদের প্রতি আফুগত্য রাখতে ভগবান থেকে সরে এনেছিলেন কিছু Pascal দেখলেন জাগতিক জীবনের যুক্তির সামঞ্জল্য নেই, তাই তিনি ভগবানেই স্বাশ্রম কয়না করলেন। তিনি তথাক্থিত মানবতা, প্রকৃতি দর্শনের তথ্য ও বান্তবজ্ঞানের আশাবাদকে বিশাস করেননি।

বাংলা সাহিত্যের আধুনিক যুগে ধর্মবিরোধকে কেন্দ্র ক'রে রামমোহনের লেখনী বেমন বাংলা গল্প সাহিত্যকে সমৃদ্ধ করেছে তেমনি তথনকার ফ্রান্দ্রে ধর্ম-বিরোধকে কেন্দ্র ক'রে ফরাসী সাহিত্য পুষ্ট হয়। ডেকার্ট ও পাসকালের ভাষা ফরাসী ভাষাকে স্থানর ও সমর্থ ক'রে তুলল। এই সময়ে Jacques Benign Bossuelt (১৬২৭-১৭০৪) এই তুই ধর্মতের সামঞ্জ্য করতে চেয়েছিলেন। তাঁর লেখা প্রথম চার্লসপত্নী হেনবিয়েটা ও ঘাদশ লুই-এর পত্নী থেরেসার উদ্দেশ্যে লেখা Funeral Orations-এর মধ্যে এঁদের চরিত্র অপূর্ব ভাষায় বর্ণিত হয়েছে; এবং তথনকার ম্ল্যবান সাহিত্যস্প্টতে পরিণত হয়েছে।

কেবলমাত্র ধর্মবিরোধ ও দার্শনিক তত্ত্বকে কেন্দ্র করাসী সাহিত্য পৃষ্টলাভ করেছিল তাই নয়, সেই সময়ে ধনী ও সম্রান্ত মহিলাগণের পৃষ্ঠপোষকভার সাহিত্য নৃতন নৃতন দিকেও প্রসারিত হচ্ছিল। তখনকার এই মহিলাদের বৈঠকে (salon) সাহিত্য-শিল্প সম্বন্ধে আলোচনা হত, নৃতন শিল্পী-সাহিত্যিকরা রচনা প্রতিযোগিতা করতেন। স্পেনে সাহিত্য স্ফুট্ট হয়েছিল সম্রান্ত ব্যক্তিদের দরবারে, Salamanca বিশ্ববিভালয়ে, প্রানাভা ও সেভাইল শহর থেকে। ইতালীতে কতকগুলি রাজা, জমিদার ও ধনী ব্যক্তি পৃষ্ঠপোষকতা ক'রে সাহিত্যকে গৃষ্ট করেছিলেন, বেষন বাংলার সমস্ত কবিই প্রায় কোন-না-কোন রাজার সভাকবি ছিলেন এবং তাঁদের পৃষ্ঠপোষকভাতেই তাঁরা কাব্য লিখেছেন। কিন্তু ক্রান্তে গাহিত্য গ'ড়ে উঠেছিল রাজনীতি থেকে দ্বে সম্রান্ত ব্যক্তি ও মহিলাদের বিঠকে। তারপরে দেশের একনায়ক (Richelieu) যখন বৃষতে পারলেন শাহিত্য শক্তিশালী একটি প্রচার-যন্ত্র তথন তিনি সাহিত্যকে রাজনীতির অদীভূত ক'রে পৃষ্ঠপোষকরূপে দেখা দিলেন।

এই সময়ে Marquise de Rambouillet তাঁর নীলম্বরে (Blue Room)

সাহিত্য বৈঠকের ব্যবস্থা করেন। স্পেন ও ইতালীয় সাহিত্যে পণ্ডিত ব্যক্তিগণ ও লেখকগণ সেখানে আডা দিতেন, জোর খানদান চলত। সেখানে একটি কবিতা সংকলনে পুরাতন সাহিত্য প্রকাশিত হয়। পুরাতন ধরনের rondeau এবং Vers marotique জাতীয় কবিতাও কিছু রচিত হয়। এই বৈঠকটি প্রায় ও বংসর যাবং ফ্রান্সের কবিতার ফ্যাশন পরিচালনা করেছে। ১৬৫০ সাল খেকে Madeliene de Scudéry-র বৈঠকই নেতৃত্ব গ্রহণ করে। এখানকার আলোচনাটা হত একটু হালকা ধরনের—ভালবাসার বিভিন্ন রূপ ও রীতি নিয়ে Map of the Country of the Affection নামে একথানি গ্রন্থ রচিত হয়। এই গ্রন্থই Scudéry-র Clélie উপক্যাসের স্ত্র।

এই সময়ের ক্লান্সের ভাগ্যবিধাতারূপে Richelieu-র আবির্ভাব হয়।
সাহিত্যের পৃষ্ঠপোষক হিসাবে তিনি Salon-এর প্রতিযোগীরূপে Académie
প্রতিষ্ঠা করেন এবং আ্যাকাডেমির আদেশ ও আদর্শ অবশুপালনীয় হ'রে দাঁড়ায়।
রিসেল্যু নিজে সাহিত্য ও আর্টের ভক্ত ছিলেন এবং তার উন্নতিকল্পেই তিনি
কাতীয় জীবনের অ্যান্স দিকের মত সাহিত্যকেও সরকারের অধীন সংস্থায়
পর্ষবসিত করলেন। তিনি তাঁর প্রাসাদপ্রান্ধণে প্যারির প্রেক্ষাগৃহের মত একটি
প্রেক্ষাগৃহ নির্মাণ করান। Quevedo আশা করেছিলেন স্পোনের মন্ত্রী
Olivares স্পোনের স্থানিন আনবেন কিন্তু তাঁর হঠকারিতা স্পোনকে অনাকাজ্জিত
যুদ্ধে লিপ্ত ক'রে স্প্যানিশ সাহিত্যের অবক্ষয়ের কারণ হয়েছিল। কিন্তু ক্রানে
রিসেল্যু সাহিত্যকে প্রগতিসম্পন্ন করলেন।

Academie Française ১৮২৬ সালে বেসরকারী সংস্থারূপে প্রথম স্ট ছয়। তাদের কাজ ছিল ভাষার প্রকৃত ব্যাকরণ নির্ণয়, ভাষাকে সাহিত্য বিজ্ঞানের তথ্যাদিকে প্রকাশ করবার উপযুক্ত করা। সেই কারণে, অভিধান, ব্যাকরণ, চন্দ-অলম্বারশাস্ত্র প্রভৃতি পুস্তক প্রকাশিত হয় এবং এই সংস্থা থেকেই Corneille-Le Cid কাব্য সম্পাদিত হ'য়ে প্রকাশিত হয়।

এই সময়ে ফ্রান্সের নাটক ও রক্ষমঞ্চ রাণী এলিজাবেথের ইংলও ও স্পেনথেকে অনেক পিছিয়ে ছিল ব'লে একাডেমি প্রথম নাটকের দিকে দৃষ্টি দিল। নভেল ও কবিতা কিছুটা অনাদৃত হ'য়ে রইল। ফ্রান্সের নাটক তথন Alexandra Hardy-র মধ্যে মেলোড্রামাতে পরিণত হয়েছে। ত্'জন কবি তথন নাটকের প্রতি আক্কট হলেন। Théophile de Vian-র Pyrame et Thisbé নাটক প্রথম অভিনীত হয়। এটি কয়েকটি বিচ্ছিন্ন দৃশ্রের সমষ্টি, কতকগুলি চরিত্র মঞ্চে একে তাদের কথা বলে চলে গেছে—কিন্তু তা হলেও ভাষার দিক থেকে নাটক স্প্রের পক্ষে এটি একটি অম্ল্য অবদান।

Honorat de Bueil-এর Les Bergeries একটি গ্রাম্য-প্রেমকাহিনী নাট্যরূপ, টালোর Aminta-র অফুকরণে লিখিত। এই নাটকে স্বীতিকবিতা সামাজিক কমেডির চমংকার মিল্লণ হয়েছিল। এটি বেশ জনপ্রিয় হয়েছিল তখন পেশালার নাট্যকার Jean Mairet (১৬০৪-৮৬) গ্রাম্যকাহিনী নিরে নাটক লিখতে শুকু করেন। চলতি কোরাসগানকে তিনি বাদ দিলেন এবং খাটি প্রামা লোকই এর নায়করপে চিত্তিত হল। ১৬৩১ সালে Andre Mareschal তাঁর ট্যাজি-কমিভির জন্ত খুব জনপ্রিয় হ'য়ে ওঠেন। তাঁর নাটক সবই স্যানিশ নাটক বা নভেল থেকে গৃহীত। তাঁর নাটকেও এারিস্টটলের দেশকাল প্রভৃতির সমতা ছিল না। প্যারির লোকেরা তথন মনে করত স্পেনের মেয়েরা বেৰী জৈবাবেগদাল (passionate) এবং ম্পোনর প্রেমের মধ্যেও ছটিলতা বেলী। এই ধারণার ফলে প্রায় ১৫ বছর ক্রান্সে স্প্যানিস কাহিনীই রাজত্ব করল। ইতিমধ্যে এর বিক্ষতা করলেন, কিছ Mariet নিজেই তার স্বীকৃতি দিলেন। Pierre Corneille (১৬০৬-৮৪) Clitandre নাটকে প্রথমে এই সমতার প্রয়োগ করলেন এবং তার তিনবংসর পরে ট্রাঙ্গি-কমেডির স্থানে প্রকৃত ট্রাঙ্গেডির স্টি হল। তখনকার প্রথম টাজেডি Hercule Mourant (The dying Hercules) Jean Rotrou-এর রচনা। এবং তার পরে Mariet তার টাছেডি Sophonisbe निथरनन। ज्थन भावित कनमाधात्र थिरश्चीत्रम्थी हरश्रह अवः নাটকও জনপ্রিয় হয়েছে। প্যারির মাত্র একটি থিয়েটার, একটিমাত্র নাট্যসম্প্রদার ছিল তার কর্ণধার। নাটকের চাহিদার ফলে ভ্রামামাণ নাট্যসম্প্রদায় গ'ড়ে উঠল, তারা দেশ-বিদেশে অভিনয় ক'রে বেড়াত। তাদের রক্ষক ছিল সাধারণ, कान टिनिम-कार्षे वा बार्छत अकितक बक्ष. अन्न जिनिमा कर्मकरमत श्वान.-প্রায় দেশীয় যাত্রার মত। মঞ্চে কয়েকটি ঘরের ব্যবস্থা থাকত তাতে ভিতরের मुक्त (मथारना रूफ, वाहेरद এको। विनातन यक किছू थाकछ। किन्न करनेनीत नाहिरक স্থানকালের একত্ব থাকায় তার দরকার হত না। মঞ্চের দিক থেকে ক্রান্স তথন স্পেন থেকে অনেক পিছনে কিন্তু ভাষার দিক থেকে গগুণছমিল্রিত একটা নাটকোচিত ভাষা গ'ডে উঠেছিল। এই ভাষার প্রকাশ ক্ষতা স্পেন ও ইংলুখের অমিত্রাক্ষর চন্দ থেকে অনেক বেশী ছিল।

তখনকার ইংলণ্ডে নাটক ছিল চরিত্রপ্রধান, স্পেনের নাটক ক্ষিতপ্রধান এবং কর্নেলী ও রেসিনের (Racine)-এর যুগের নাটক ছিল উদ্দেশ্রপ্রধান।

Corneille ছিলেন বিফলেন্ উকিল, রিয়ঁতে তাঁর দেশ। তাঁর প্রথম কমেডিই বেশ সাফল্য অর্জন করে। পর পর অনেকগুলি সাধারণ নাটক লিখে তিনি নাট্যরসিকগণের চাহিদা মেটালেন। তিনি ডেকার্টের জগতের লোক। তাঁর ব্যক্তিবাদ ও স্বাধীনতার পৃষ্ঠপোষক। তাঁর ষষ্ঠ নাটক La Place Royale-তে তিনি প্রথম একটি স্বতন্ত্র ব্যক্তিচরিত্র স্প্তী করলেন—সে চাম্ব স্থানতা, স্বাধীনতা রক্ষা করতে বন্ধপরিকর। তাঁর চরিত্রগুলি সাধারণতঃ যুক্তিগ্রাহ্ সমাধান চেয়েছে, ইচ্ছা ও অহ্নভৃতি দ্বারা চালিত হয়েছে। তাঁর নাটকের দৃশ্য রোমের কিছ্ক তিনি রিসেল্যুর সময়ের সমস্তার কথাই ক্লপারিত

করেছেন। তাঁর নাটক La Cid, Castro-র স্পাানিশ গল্প থেকেই গৃহীত কিছ ভখনকার নায়ক রিসেল্য-ঘটিত সমস্তার কথাই বিচার করেছেন। সমস্তা—প্রেম বড় না কর্তব্য বড়, এবং ব্যক্তিবাদের প্রভাবে তিনি প্রেমকেই বড় ক'রে তুলেছেন। La Cid-এর চরিত্রগুলি মাঝে যাঝে নৈতিক সমস্তার সম্মুখীন হয়েছে। Rodrique-কে তার প্রণয়িনীর পিতার সঙ্গে যুদ্ধ করতে হল কিছ তার প্রণয়িনী Chiméne মনে মনে তারই মৃত্যু কামনা করেছে। ফ্রান্সের নাটক স্পেনের থেকে ধার করা হলেও স্পেনের নাটক ছিল প্রণয়-প্রতারণারই কারবার, এবং তাতে কোন চরিত্র ছিল না,—ছিল টাইপ, কিছু ফ্রান্সে এসে সেই কাহিনীই হল বাত্তব ও সমস্তাম্লক।

এই প্রখাত নাটক La Cid কিছ জনগণের অভার্থনা পায়নি। রিসেল্য প্রথম ছই-এক বংসর তাঁর পৃষ্ঠপোষক ছিলেন মাত্র। অ্যাকাডেমিতেও তাঁর শক্ত हिन, ठाँता धरे टार्क नार्विक्थानिक निमा करतन, त्नथक छाँत्मत्र विकृत्व जिल्ला চালান। পরে রিসেল্যুর মধ্যস্থতায় তা প্রশমিত হয়। ১৬৪০ সালে ডিনি একথানি রোমান ট্রাজেডি লিথে রিসেল্যুকে উৎসর্গ করেন—এই নাটকে রিসেল্যুর মন মত একটা নীতিবাদ খাড়া করেন। এই Horace নাটকের সমস্তা—স্বদেশপ্রেম না নারীপ্রেম বড় ? অবশ্র তিনি স্বদেশপ্রেমকেই বড় ক'রে দেখিয়েছেন। পরবর্তী নাটক Cinna-তে এই নীতিই আর একটু এগিয়ে গেছে। Polyeucte-এতে ধর্মের क्रम महिमच्रा विक कता हाम्रहा कर्ननी थीरत थीरत खरिशायांनी हाम ७१६न এবং Totalitarian-দের দিকে ঝুঁকে পড়েন। La Bruyére বলেন-Corneille painted men as they ought to be ৷ তাঁর চরিত্তপ্তলি সাধারণ লোক থেকে কর্মে ও চরিত্রে বড কিন্তু তাদের মনস্তাত্তিক বিশ্লেষণ তিনি করেননি যাতে ভারা স্ত্যিই বড় হ'য়ে উঠতে পারে। তারা সেই যুগের লোক যে যুগে কেবল রাজার থেয়ালেই তিরিশ বৎসর যুদ্ধ চলতে পারে এবং অযাচিত আক্রমণে অবারিত হত্যা চলতে পারে। রিসেলার সহচর Pére Joseph নিষ্ঠর আত্মপ্রসাদে এই হত্যাকাণ্ড চালিয়েছিলেনও। তাঁর নাটকের প্রধান শক্তি তার দৃঢ় গঠন ও ভাষার সারলা। উপআখ্যানকে বাদ দিয়ে তাঁর ভাষা শক্তিপ্রধান আখ্যানকেই প্রকাশ করেছে। এ্যারিস্টলের স্থানকালের একত্বকে বাদ দিয়ে বিভিন্ন দৃশ্য পরিকল্পনা করলেও তাঁর নাটক একম্থী হ'য়ে প্রধান আখ্যানকে পুষ্ট করেছে। তাঁর অনেকগুলি মেলোড্রামাও আছে, তার মধ্যে কয়েকটি চরিত্র চিত্রণে ও রূপায়ণে হুন্দর। তাঁর শেষ ট্রান্সেডি Pomepy's Death (La Mort de Pompée) প্রকারান্তরে রিদেল্যর মৃত্য। এই থেকেই তাঁর খ্যাতি নিয়মুখী হতে শুক করে।

পতনোমুথ কর্নেলীর স্থান দখল করেন নাট্যকার Racine। কর্নেলীর সময়ে তিনি, Thomas (১৬২৫-১৭০৯), Jean Rotrou (১৬০৯-৫০) এবং Tristan L'Hermite (১৬০১-৫৫) ও বথেই জনপ্রিয় নাট্যকার ছিলেন। Hermite-এর নাবীচরিত্রগুলি কর্নেলীর নারীচরিত্র থেকেও উচ্ছলে ও স্থাভাবিক। এই সময়ে

কৰেভি কিছুট। জনপ্ৰিয়তা হারিয়ে কেলেছিল কিছু ল্যাটিন ও স্পানিশ কমেডি, বিশেষ করে Plautus ও Lope-এর থেকে গৃহীত কয়েকটি কমেডি কিছু যথেষ্ট সমালর লাভ করে। বিশেষতঃ স্পানিশ কমেডি The Liar (Le Meuteur) থেকে রচিত নাটকটি যথেষ্ট জনপ্রিয় হয়েছিল।

রিসেল্যর মৃত্যুর পরে প্রাচীন সাহিত্যধারা পুনরায় সবল হ'বে ওঠে এবং স্থলর ভাষার চাহিদ। আরও বেড়ে যায়। সেই সময়ে এল ফ্রান্সের সামরিক সাফল্য এবং সেই বিজয়-পতাকার সঙ্গে এই রুচি স্পেন, ইতালী, জার্মানী এবং Dryden ও Congrene-এর ইংলণ্ডেও এসে উপস্থিত হল। যদিও এই সব নাটকে রোমান বীরত্ব ও বীরপ্জাই প্রাধান্ত পেয়েছে তথাপি এর সঙ্গে ব্যক্তিবাদ ও ব্যক্তিশ্বাধীনতাও খ্ব সম্পষ্টভাবে প্রতিফলিত হয়েছিল—সাহিত্য ছিল মৌলিকতার পক্ষপাতী, ব্যক্তিবাদে বিশ্বাসী এবং সমাজ বিধানের হিংপ্র সমালোচক।

Jean de La Fontaine (১৬২১-৯৫) ভার্পাই-এর সমাজ সমালোচনার মধ্যেই মানব-চরিত্রের সমালোচনা করেছেন। অল্পভাষী লাজুক প্রকৃতির এই লেখকটি চতুর্দশ লুইএর রাজাহুগ্রহ পাননি কিন্তু এক খনাট্য ব্যক্তির স্ত্রীর পুটপোষকতায় সাহিত্যচর্চা শুরু করেন। প্রথমে তিনি এ্যাডোনিসের কাহিনীকে কাব্যাকারে প্রকাশ করেন এবং তার পরে পত্তে কাব্যাকারে নানা গল্প লিথতে আরম্ভ করেন। এই গল্পের সবগুলিই প্রায় রেবেলাস ও বোকাসিওর গল্প, তার পরে সে উৎস নিঃশেষ ক'রে নীতিকথা (fabliau) লেখেন,—এইগুলি সম্ভান্ত ও শিক্ষিত ব্যক্তিদের অভিনন্দন লাভ করে। কথিত আছে, রাজপুত্র Dauphin-এর নীতিশিক্ষার জন্ম বিষ্ণশর্মার পঞ্চতন্ত্রের মত নীতিকথাগুলি লিখেছিলেন। Æsop, Phædrus থেকে তিনি কথাগুলি সংগ্রহ করেন। সবগুলি গল্পই বৃদ্ধিদীপ্ত, সংক্ষিপ্ততায় স্থলার এবং মানবতা-প্রয়াসী হওয়ায় সর্বদমাজে আদৃত হয়। এই নীতিকথার মধ্যে মানব-সমাজের প্রতি সহামুভূতিপূর্ণ কটাক্ষগুলি অতি হৃদ্দর ও প্রবচনীয় সংক্ষিপ্রতায় ভাবসমৃদ্ধ। শেষ খণ্ডে তিনি বডদের জন্ম নীতিকথা লেখেন, লোকে তা পড়ে আনন্দ পেল কিছ তাঁর নীতিকে কেউই গ্রহণ করেনি। তিনি চিত্তবৃত্তির দিক থেকে এপিকিউরিয়ান এবং তাঁর Je difinis la cour' (I am drawing the Court)-এ জন্ত, দার্শনিক, মন্ত্রীর মতভেদকে কেন্দ্র ক'রে ডেকার্টের Rational Universe-এর তত্তকে ব্যক্ করেছেন। তাঁর জগতে মামুষের চুইটি শ্রেণী,--একশ্রেণী সংখ্যায় অল্প, চতুর ও ক্ষতাশালী, তারা খায় এবং সংখ্যাগরিষ্ঠ শ্রেণী তাদেরই খাছ হয়।

পাশ্চান্ত্যের গল্পংগ্রহ শেষ হলে তিনি চীন, ভারত, মধ্যপ্রাচ্যের গল্প সংগ্রহ করেন। লেখার সঙ্গে তার রচনারীতি উন্নতি লাভ করেছিল, এবং এই শেষ সংগ্রহ তাই প্রক্লতপক্ষে বড়দেরই উপভোগ্য হয়েছিল। তুই-একথানি নাটক রচনার চেষ্টাও তিনি করেছিলেন কিন্তু তার প্রায় সবই অসমাপ্ত।

তথনকার সমাজ ও পরিবেশের বড় সমালোচক, নাট্যকার Jean Baptiste Poquelin (১৬২২-৭৩)। তাঁর ছন্মনাম Moliére। তিনি গিরিশচক্রের মত প্রথম অভিনেতা এবং পরে নাট্যকার। তিনি বালককাল থেকেই আম্যান্থিয়েটারে যোগ দেন। এই দলটি প্যারিতে স্থবিধা করতে না পেরে দক্ষিণ ক্রান্সের গ্রাম ও শহর অঞ্চলে অভিনয় করে বেড়াত। তথনও ফ্রান্সের নাটকে ও প্রহসনে নবজাগরণের ছোঁয়া লাগেনি। তাঁরা সেকালের প্রহসনই অভিনয় ক'রে বেড়াতেন, তার সাহিত্যমূল্য বিশেষ কিছু ছিল না। ১৬৫৮ সালে তাঁর নেতৃত্বে দলটি প্যারিতে আসে এবং কর্নেলীর নাটকই অভিনয় করে কিছু সে অভিনয় বিশেষ সফল হয় না। তার পরে তাঁর Nicomide নাটকের সঙ্গে একার প্রহসন La Docteur amoureux (The Doctor in Love) অভিনয় করেন। এই প্রহসনধানি অক্সাৎ প্যারির দর্শকচিত্তকে জয় করে। তথন নাট্যকার ত্থানিপ্রেম্বটিত ক্ষেত্তি অভিনয় করেন এবং তাতে স্বয়ং প্রধান ক্ষিক পার্ট অভিনয় করেন। তাঁর সাফল্যে মৃশ্ব হ'য়ে রাজা তাঁদের দলকে রাজদরবারে অভিনয় করতে আমন্ত্রণ করেন।

তাঁর প্রথম ছ'টি নাটক L' E'tourdi (The Blunderer) এবং La Dépit amoureux (Lovers' spite) পুরাতন ইতালীয় কমেডির মত কবিতায় লেখা প্রেমকাহিনী কিন্তু ভার মধ্যে তু'একটি চরিত্র বেমন L' E'tourdi নাটকের চাকরের চরিত্রটি অসাধারণ। কাহিনীর মৌলিকতা না থাকলেও তাঁর রচনা স্থলর ও হৃদয়প্রাহী। তৃতীয় নাটক Les Precieuses Ridicules (The Ridiculous Blue Stockings)-এর ব্যক্ষের স্থর প্যারিবাসীর হাদয় জয় করল। এই গভা নাটকে Blue Stockings একটি কুদ্র শহরে সমাজের প্রতিরূপ কিন্তু প্যারিবাসী এটাকে Salon-এর প্রতিরূপ ধরে নিল। তার ফলে Salon-এর পৃষ্ঠপোষকগণ তাদের পুনরায় প্রাদেশে পাঠিয়ে দিতে ষড়যন্ত্র করতে শুরু করল কিন্তু রাজা স্বয়ং তাদের রাজ-প্রাসাদের মঞ্চে অভিনয়ের ব্যবস্থা ক'রে দিলেন। তাঁর পরবর্তী নাটক একটি ছোট কমেডি অভিনীত হল। তার মধ্যে কমেডির হিরো Sganarelle-র চরিত্র তিনি নিজে অভিনয় করেন। সে বিদূষক, জগতকে জানে না, কথায় বেকুব এবং করুণভাবে অসহায়। এই চরিত্রেরই উন্নততর ও অন্দরতর পরিণতি তাঁর Le Misanthrop নাটকের Alceste চরিত্র। এই চরিত্র সম্পূর্ণ হয় তাঁর L' E'cole des maris (The School for Husband) নাটকে। এক হাস্তকর অসহায় করুণ প্রেমিক ও এক স্বন্দরী তরুণী নায়িকা নিয়ে এর কাহিনী। স্বন্দরী স্ত্রী ক্রমাগত তার স্বামীকে ছলনা করেছে। এরই পরিপুরক নাটক L' E'cole des femmes (The School for Wives)। নায়ক তার স্ত্রীকে আদর্শ নারীব্রপে শিক্ষা দিতে চাইলেন কিছ त्म अक जक्रगतक जानदान जात्करे विवाह करत। मनियात क्रांच क्रांच क्रांची কমেডিকে সম্পূর্ণ ও ফুলর ক'রে তুললেন; এবং এই হালকা আনন্দলায়ক নাটকের প্রভাবে প্যারির পুরাতন গম্ভীর ও বক্তব্যম্থর নাটক জনপ্রিয়তা হারাল। সঙ্গে সঙ্গে नक e रुष्टि इन এवर भिरवत नांगेरक अजीनाजात अथवान निरंत्र जाँरक नृत श्रामिक শহরে পাঠাবার ষড়যন্ত্র চলতে লাগল। তিনি তাঁর Critique নাটকে তার যোগ্য উত্তর দিলেন এবং Le Tartuffe নাটকে তাঁর শক্র ভণ্ড ধর্মধন্তীদের আক্রমণ করলেন। এই নাটকের প্রতিটি চরিত্র ব্যক্তিস্বাতয়্রে উজ্জ্ল কিছু এটির বিরুদ্ধে এমনভাবে প্রতিবাদের ঝড় উঠল যে তিনি তিন বছরের মধ্যেও কোন নাটক অভিনয়ের অস্থমতি পেলেন না। তিনি নাটকের অনেক পরিবর্তন করতে বাধ্য হলেন। কিছু তাঁর মৃত্যুর পরে এই নিয়ে শক্ররা প্রচুর অখ্যাতি রটনা করেছেন। পরবর্তী নাটক Don Juan-এর কাহিনী, কিছু এটা Tasso-র নাটকের অস্থস্কতি নয়। ভনের জীবনের শেষ ২৪ ঘণ্টার কাহিনী এটি—এতে তার বছবিধ বেপরোয়া প্রেমের স্থােগ নেই, সেনাপতি হত্যারও স্থােগ হয়নি। তার ডন অস্থ্য রক্ষের স্টিল্ক নান্তিক, সাহসী, বেপরােয়া স্কলর এবং তৃইএ-তৃইএ চার-এর বেশী আইন তার নেই। এই চরিত্র তথনকার স্বাধীনচেতা সম্বান্ত করার চরিত্রের অস্থম্প। তার চাকরের পার্ট অভিনয় করেন নাট্যকার নিজে এবং এই চাকরের চরিত্রটি এক অনবন্ধ স্তিটি।

তিনি সম্পাম্থিক সমাজের নিষ্ঠ্য সমালোচক—তথনকার খাকা উন্নাদিক সমাজের প্রতি অত্যন্ত অসহিষ্ণুও কুদ্ধ। অসহিষ্ণুতার জগ্ন কোন কোন চরিত্র হয়ত সম্ভাব্যতাকে অতিক্রম করেছে তথাপি সে স্টি বিরাট ও স্থলর। অগ্যতম নাটক Georges Dandin একটি কমেডি। মধ্যবিত্ত ঘরের এক ব্যভিচারিণী তরুণী স্ত্রীর কাহিনী। L' Avare (The Miser) ধনীদের জীবনের প্রতি নিষ্ঠ্র ব্যঙ্গ। এই সময়ে তাঁর জনপ্রিয়তা কিছুটা হ্রাসপ্রাপ্ত হয় কিন্তু তাঁর ব্যঙ্গ নাটক Le Bourgeois এবং Les Femmes Savantes (The Learned Ladies) এ তাঁর ক্রধার ব্যঙ্গ ও প্লেষ স্থলর ও প্রাণম্পালী। La Malade imaginaire (The Hypochondriac) এক কল্পিত ব্যাধিপীড়িত ভাস্কারের কাহিনী। ব্যাধিগ্রন্থ ভাক্তার অগ্যকে চিকিৎসা ক'রে বেশ রোজগার করে।

মলিয়ের নিজে প্রাচীন স্কলাস্টিক দর্শনের বিরোধী ছিলেন এবং তথনকার বৈজ্ঞানিক আবিদ্ধার ও যুক্তিবাদে বিশাসী ছিলেন এবং তাঁর রচনায় নবালোক যুগের ব্যক্তিবাদ ও বিজ্ঞানের জয়ধাত্রায় বিশাস প্রতিফলিত হয়েছে কিন্তু এই ব্যক্তিবাদ ও অগ্রগতিতে বিশাস কিন্তু পরবর্তী যুগে কল্যাণময় হয়নি।

• তাঁর সময়ে কমেডি সাহিত্যে অপাংক্তের ছিল, ট্রাজেডি ও ট্রাজি-কমেডিই সাহিত্যের সম্মান লাভ করত, কিন্ধ তাঁর ব্যক্তারেশন সম্ভ্রন প্রহসন রূপ কমেডিতে বে চরিত্র সৃষ্টি ও ঘটনা-সংঘাত, চতুর বৃদ্ধিদীপ্ত হাক্তরসের যে পরিচ্ছন্ন প্রকাশ দেখা যার তাই শেকস্পীয়র ও বেন জনসনোত্তর যুগে ইউরোপে সত্যকার কমেডি নাটক সৃষ্টি করে।

ইউরোপে প্রথম স্ক্র ও সরস ব্যক্তের অন্থা Nicolos Boileau। তিনিই Despréaux (১৬৩৬-১৭১১) নামে খ্যাত। তখন প্রাচীনপদ্ধী ও প্রগতিপদ্ধীদের ক্রে বেশ সাকার রূপ গ্রহণ করেছে। তিনি প্রাচীনপদ্ধীদের পক্ষ সমর্থন করেন। তিনি মধ্যবিত্ত প্রোণীর লোক, তীক্ষ সাধারণ জ্ঞানই তাঁর মূলধন। মলিয়েরের উচ্চ-ক্রনা তাঁর ছিল না কিছু তাঁর বর্ণনা বিশেষতঃ প্যারির শক্ষবৈচিত্তা Gay এবং

Swift-এর লেথার মত স্থন্দর। তাঁর Le Lutrin একটি স্থন্দর কাব্য এবং তাঁর লেথাই Pope-এর Rape of the Lock-এর পধিকং। তাঁর মস্থ অভিজাত ভাষা, স্থান্থ পরিহাস ও ব্যঙ্গ ইউরোপীয় সাহিত্যে ভাবের গভীরতা ও স্থাতা সংযোজন করে।

Port Royal-এর আভিত নাট্যকার Jean Racine (১৬৩৯-৯৯) এই যুগের অক্ততম শ্রেষ্ঠ প্রতিভাধর নাট্যকার। তিনিই প্রথম ঘটনা ও চরিত্রপ্রধান নাটককে মনস্তত্ব বিশ্লেষণ-মূলক নাটকে পরিণত করেন। ভেকার্টের যুক্তিবাদ অমৃভৃতি তথা স্বন্ধবৃত্তিকে প্রাধান্ত দেয়নি, কর্নেনীও মৃক্তিবাদের মোহে অমুভৃতিকে প্রশ্রম দেননি। নবজাগরণের পরে প্রথম রেদিনের রচনায় যুক্তিকে ত্যাগ ক'রে অমুভূতিকে প্রাধান্ত দেওয়া হয়। তুঃধবাদী, অন্তর্মুখী, আতাবিল্লেষণধর্মী রেসিন ব্যক্তি-বিবেকের বিশ্লেষণ করেছেন এবং চরিত্র-চিত্রণে অমুভৃতিরই প্রাধান্ত দিয়েছেন। তাঁর প্রথম নাটক La Thébiade (The Tale of Thebes) ১৬৬৪ সালে মলিয়ের ঘারাই অভিনীত হয়। এর কাহিনী ইডিপাসের রক্তমাত भ्यकोरन। পরবর্তী নাটক Alexandre-পল্লীর প্রেমকাহিনী, এবং তথনকার নভেলের কাহিনীর অমুরপ। কর্নেলী এই নাটক ভনে প্রীত হননি এবং অযোগ্যই বলেছিলেন, কিন্তু এই নৃতনতম প্রচেষ্টার মধ্যেই রেসিনের ভবিশ্বৎ সাফল্য লুকিয়ে ছিল। এই সফলতা তিনি লাভ করেন তাঁর Andromaque নাটকে। এ যাবং নভেলেও মানব-মনের অহভৃতি ও ভাবপ্রবণতা স্বষ্ঠ ও সঙ্গতভাবে প্রকাশ পায়নি কিছ রেসিনের নাটকে এসে এই চরিত্র বিশ্লেষণের ধারা চমংকার ভাবে রূপায়িত হল। পূর্বের নাটকে (কর্ণেলী ও মলিয়েরের) চরিত্রকে চিত্রিত করা হয়েছে বাইরে থেকে, ঘটনার সংঘাতে, এবং রেসিনের নাটকে চরিত্রকে রূপায়িত করা হয়েছে, অস্তর থেকে দিধাবিভক্ত শ্বস্তারের সংঘাত থেকে। অমুভূতির বিশ্লেষণে ইউরোপীয় সাহিত্যে এই প্রথম সমর্থ পদক্ষেপ। যদিও এই বিশ্লেষণমূলক চরিত্র স্ষ্টির প্রথম অই। Pascal, তাঁর নাটকের বিষয়বন্ধ passion of love। তাঁর প্রেমিক-প্রেমিকার পিচনে রয়েছে অক্ত প্রেমিক-প্রেমিকা-তারা সমস্তাকে জটিলতর করেছে। এই রীতিকে The grand chain বলা হয়। রেদিন দেখেছিলেন তথনকার খ্রীষ্টীয় সমাজে, ফরাসী পরিষদে (court) সম্মান-গৌরব-প্রতিভার মুল্য নেই, কোন নৈতিক বা ধর্মীয় অনুশাসনও নেই, কেবল কামনার পদ্বিলম্রোত অপ্রতিহত গতিতে চলেছে। গ্রীক ইতিহাসের মাঝে প্রচল্প ক'রে তিনি এই সমাজকে আঘাত করেছেন,—পক্ষান্তরে বলা যায়, তথনকার সমাজই তাঁকে এই চরিত্র সৃষ্টির উপাদান জুগিয়েছে। Andromaque-র মধ্যে এই Grand Chain পূর্ণতা লাভ করে। রেসিনের Oreste ভালবাসে Hermioneকে, সে ভালবাসে Pyrrhus क वर त भावात जानवात Andromaque क कि नामिका मृज হেক্টরের প্রতি অমুগত ও শ্রদ্ধানীল। এই নাটক সফলতা লাভ করে কিছু কর্নেলী একে অনৈতিহাসিক ব'লে দোষারোপ করেন এবং এই নাটকীয় পরিবেশ যেন

ভাসে লাইএর পরিবেশ। অন্ত অনেকে অবশ্র বলেন ইংলণ্ডের Charles-এর পত্নী Henrietta Maria-র চরিত্তের আদর্শে তিনি এই নায়িকার চরিত্ত সৃষ্টি করেন।

এই সাফল্যের পরে তিনি নিরোর সময়ের এক রোমান কাহিনী সম্রাট Britannicus-এর জীবনী নিয়ে এক নাটক রচনা করেন। এই নাটকের ষেরাজনৈতিক ইতিহাসে রয়েছে তা সর্বকালের, এর নীতিবাদ সর্বযুগের এবং এর মনস্তব্ধ বিশ্লেষণ ইতিহাসের চেয়েও সত্য। এই ঐতিহাসিক নাটকের পরে তাঁর বাদ নৃত্তন ক'রে Les Plaideurs (The Pleaders)-এ প্রকাশ পায়। এই নাটকে তিনি উকীল ও আইনজীবীদিগের ত্নীতি ও অসততাকে আক্রমণ করেছেন। জ্যারিস্টটলের 'এক্ব' পূর্বে নাট্যকারগণের স্পত্তির বাধা হয়েছিল, কিছু রেসিনের পক্ষে হয়নি এবং এই 'এক্ব'কে কেন্দ্র করেই তাঁর নাটক সফল হয়েছে। কর্নেলীর নাটকে প্রেম ও কর্তব্যের দল্ব চলেছে, রেসিনের জনপ্রিয়তার জক্ত রয়েছে মন্বিশ্লেষণ। তার পরে Bérénic নাটকের অসাফল্যের পরে তিনি স্থলতানের হারেমকে ঘটনাছল করে Bayazet মেলোড্রামা লেখেন। পরবর্তী নাটক Mithridate প্র্টার্ক থেকে নেওয়া কাহিনী—এবং এই নাটক তথনকার দর্শকপণের চাহিদা মিটিয়ে সফল হয়েছিল। এটি আংশিক টাজেডি,—অত্যাচারী বৃদ্ধ রাজা মৃত্যুকালে প্রেমিক মুগল Xipharés এবং Monimecক মিলিভ ক'রে বান।

বেসিনের Iphegénic নাটকে রমণীর পল্পীপরিবেশ ফুটে উঠেছে। এর কাহিনী ইউরিপিডিস্ থেকে নেওয়। এই নাটকে বাঁরোচিত গ্রীক পরিবেশের পরিবর্তে নভেলোচিত স্থন্দর স্থাধুর পল্পীপরিবেশ রূপায়িত হয়েছে। পরবর্তী নাটক Phédre নাটককে সমালোচকগণ নিষ্ঠ্রভাবে আক্রমণ করেছিলেন কিন্তু বর্তমানে একে পূর্ব ও পরিপুষ্ট নাটক ব'লে অভিহিত করা হয়। এখানেও প্রেমকাহিনীই প্রধান,—নাটকে গ্রীপের ইভিহাস ও তৎকালীন সমাজ-পরিবেশ স্থন্দরভাবে মিশের রেছে। সংপুত্র Hippolyte-র প্রতি Phédre-র উন্মাদ ভালবাসা ও যৌনাবেগ এর বিষয়বন্তু কিন্তু এখানে বিমাতার চরিত্র ফরাসা হলেও সংপুত্রের চরিত্র ফরাসী নয়, তাঁর বিমাতার প্রতি কোন ঘ্র্বলতা নেই এবং বিমাতার চরিত্রেও যৌনাবেগের প্রকাশ ভয়াবহ নয়। যে দেবতা এই প্রণয় নিয়ে ভাবিত তিনিও ক্যাথলিক দেবতা নয়।

এই নাটকের বিষয়বস্ত কেন্দ্র ক'রে যে সহজাত এবং বংশজাত উদ্দাম যৌনাবেগ এবং গ্রীক তৃংসাহসিকতা প্রকট হয়েছে তাই ভবিশ্রং Ibsen-এর সম্ভাবনা পূর্ব। (২৪৫) প্রকৃতপক্ষে Phédre চরিত্রের মধ্যে রেসিনের সমন্ত শক্তি ও স্টির আবেগ পরিপূর্ব সমন্বয়ে অনবস্ত হ'রে উঠেছে।

⁽³²⁴⁾ Only Pascal might have understood the true emotional change in this master piece, which is truely Greek in its remorselessness and looks forward to Ibsen in its summoning up of ghosts that no cartesian reason can lay.—Cohen.—p, 193.

এই নাটকের বিরুদ্ধতার জন্ত বা তীব্র সমালোচনার জন্তই ঠিক নয়, বরং তদানীস্তন সমাজের পলবগ্রাহীতায় বীতপ্রদ্ধ হ'য়ে তিনি নাট্যজগত থেকে সরে যান এবং রাজাদেশে ইতিহাস-লেথকের চাকুরী গ্রহণ ক'রে চ'লে যান। পরবর্তী ১২ বৎসর তিনি চাকুরী ও সংসার প্রতিপালন করেছেন। শেষজীবনে মেয়েদের স্থলে অভিনয়ের জন্ত ত্থানি নাটক রচনা করেন—Esther এবং Athalie। এ ছইটি নাটক সহজ সরল ব'লে মনে হলেও এর মধ্যে একটি চমংকার নীতিবাদ ফুটে উঠেছে।

সাধারণত: Shakespeare এবং Racine-এর তুলনা করা হয় কিছু তাঁরা ভিন্নমূখী,—ভাষায়, চরিত্র-চিত্রণে ও ঘটনা-সংস্থাপনে তাঁরা মূলত: ভিন্ন। লেভিশ্যাকবেথের চরিত্র রক্ষমঞ্চের ইতিহাসের অহুগামী কিছু Phédre এবং Iphigénie এমন হ'টি চরিত্র, এমন স্বষ্টি যে, কোন অভিনেত্রীই এর অভিনয়ের উপযোগী নম্ন এ হ'টি হালয়ের নাটক, এবং মঞ্চের নাটকও বটে।

রেসিনের সময় থেকেই ফরাসী নাটকের অবক্ষয় শুরু হয়—স্পেনেও ঠিক এমনি হয়েছিল, বাংলায়ও দিজেব্রুলালের পরে হয়েছে। এর পরবর্তী যুগে গীতিনাট্য জনপ্রিয়তা লাভ করে। Philippe Quinault (১৬৩৫-৮৮) মধুর ঐতিহাসিক ও রোমান্টিক নাটক লেখেন কিন্তু ১৬৭১ সাল থেকে তিনি অপেরা নাটক লেখেন এবং পরে ধর্মবিশাসের জন্ম থিয়েটার ত্যাগ করেন। কর্নেলীর ভ্রাতা Thomasও ক্ষেক্থানি নাটক লিখেছিলেন কিন্তু তিনি পরে অ্যাকাডেমীতে খোগ দিরে গবেবণামূলক লেখায় আত্মনিয়োগ করেন।

মলিয়েরের হাশ্ররসাত্মক নাটকের পথ অম্পরণ ক'রে কিছু ব্যঙ্গ নাটক লেখেন Florent Carton Dancourt (১৬৬১-১৭২৫)। তিনিও মলিয়েরের মন্ড অভিনেতা ও তাঁর রক্তেও থিয়েটারের নেশা। নাট্যকার Jean François Regnard (১৬৫৫-১৭০৯)-এর আখ্যানভাগ হৃচত্র কিন্তু তাঁর চরিত্র তুর্বল। উপগ্রাসিক Lesage তাঁর Turcaret ব্যঙ্গ নাটিকায় মলিয়েরের প্রতিভার স্বাক্ষর রেখে গেছেন।

Pierre Marivaux (১৬৮৮-১৭৬৩)-তে এসে ফরাসী কমেডি অতি ক্ষমগ্রাহী ভাবপ্রবণ ও বৃদ্ধিদীপ্ত হ'ষে ওঠে। তাঁর নাটকে ছদ্মবেশ ও ভালবাসার কাহিনী বেশ মধ্র পরিবেশ স্বষ্টি করেছে। মারিভোঁর চরিত্রগুলি সবই পারিষদ, তারা কল্পনার প্রেমরাজ্যে বাস করেন, সেখানে প্রেম একটা ভাবপ্রবণতা মাত্র। এই ভাবপ্রবণতা (sentiment) পরবর্তী শতকে বহু অশ্রুপূর্ণ কমেডির স্বষ্টি করেছিল।

এই সময়ের গন্ধ-সাহিত্য Mme De Sévigné (১৬২৬-১৬)-র লেখা ১৫০০ পারিবারিক পজাবলী, François, Duc De La Rochefoucauld (১৬১৬-৮০)-এর নীতিশিক্ষামূলক নিবন্ধ, Jean De La Bruyére (১৬৪৫-১৬)-এর Les Caractéres এবং Perroult-এর Cinderella, Red Riding Hood এবং Blue Beard প্রভৃতি গল্প যথেষ্ট খ্যাতি অর্জন করে এবং এদের ভাষা ও প্রভাব পরবর্তী যুগে উপন্যাস স্ষ্টের যথেষ্ট সহায়ক হয়।

সামরিক পরাজ্যের সঙ্গে সঙ্গে ফরাসী স্বর্ণহুগ ধীরে ধীরে অবক্ষয়ের পথে এগিয়ে চলল, ফরাসী জাতি ব্যসন্বিলাসে মেতে উঠল। রোমান আদর্শ রিসেল্যুর থেকেই নেমে এসেছিল, এখন তার পতন পূর্ণ হল। স্পেনেও এমনি ক'রে সাহিত্যের অবক্ষয় এসেছিল পঞ্চাশ বৎসর পূর্বে। ফ্রান্সে সাহিত্য মরেনি, কারণ সেখানে সমালোচনার স্বাধীনতা ছিল। ডেকার্ট থেকে যে যুক্তিবাদ স্কষ্ট হয়েছিল তার সঙ্গে রেসিন-যুগের ভাবপ্রবণতা ও স্বদমর্ভি যুক্ত হ'য়ে ভবিশ্বৎ কশোর যুগের সম্ভাবনা হ'য়ে রইল এবং ফরাসী বিপ্লবের পথ সরকারের অপরিণত দৃষ্টির সামনে ধীরে ধীরে তৈরী হ'মে চলল।

এই যুগ থেকেই রন্ধমঞ্চকে বিরে ব্যবসাবৃদ্ধি ও সাহিত্য-স্টির মারে একটা থার্থকৈন্দ্রিক কুটুদ্ভা গ'ড়ে ওঠে, য়ার ফলে রেসিনকে রন্ধমঞ্চ থেকে সরে পিরে ইতিহাসকার হ'তে হল।

खेे भवाात्र

আদিম যুগের মাহ্য শিকারাস্তে আগুনের চারিধারে বসে তাদের কল্পনা ও বাত্তবের গল শুনেছে। গল্পের মধ্যে তাদের আশাবাদী কল্পনা এবং জীবন-সংগ্রামের হংথ যুগে যুগে নানা মাধ্যমে ব্যক্ত হয়েছে। সাহিত্যের নানা রূপের ভিতর মাহ্যমের মনের রূপ প্রকাশিত হয়েছে—মহাকাব্যে, কাব্যে, নাটকে, কবিতায়, কবিতাকাহিনীতে, অপেরায়, কথকতায়। মাহ্য তথন শুনত, দেখত, যেহেতু পড়া তথনও আরম্ভ হয়নি। সাক্ষর লোকের সংখ্যা তথন নগণ্য; শিক্ষা তুর্গভ এবং গ্রন্থ ছাপ্যা। যথন পাঠকের আবির্ভাব হল তথনই প্রথম উপস্থাসের প্রয়েজন দেখা দিল, তার সঙ্গে প্রয়েজন হল মূল্লায়েয়ের। বিতীয়তঃ মধ্যযুগীয় ধর্মাহ্যশাসনের গণ্ডি অভিক্রম ক'রে মাহ্যম যথন রেনেসাঁর পরে ব্যক্তি ও পরিবেশ সম্বন্ধে সচেতন হল,—চাইল ব্যক্তিস্থাধীনতা তথন থেকেই প্রকৃত উপস্থাসের আরম্ভ। ব্যক্তিবাদের উত্থানের সঙ্গে মাহ্যম তার চারিপাশের মাহ্যের জীবন, ব্যক্তিজীবন, ভাগ্য, পরিবেশ সম্বন্ধে সচেতন হল এবং কাহিনীও বাত্তবতা ও সম্ভাব্যতার সীমারেধায় বন্দী হল। এই বাত্তবতা ও সম্ভাব্যতা হারা সীমিত ব্যক্তিজীবনের কাহিনী থেকেই প্রথম উপস্থাসের আরম্ভ এবং বর্তমান যুগে উপস্থাস বলতে আমরা সাধারণতঃ এই বৃধি।

এই জন্মই Rebelais-এর সাহিত্যকীর্তি, Don Quixote, Pilgrim's Progress বা Gulliver's Travel-কে উপন্সাস বলা সম্বত নয়। এই সকল কাহিনীতে ব্যক্তিচরিত্র ফুটে ওঠেনি এবং তা সম্ভাব্যতা ও বান্তবভার গঙি

অতিক্রম ক'রে গেছে। মরালিটি ও মিস্ট্রি নাটকের কাহিনীও তাই উপস্থাস নয়। ১৬শ শতকের Arcadia কাহিনীগুলি যদিও Pilgrim's Progress-এর মত স্বর্গরাজ্য থোঁজেনি বা গালিভারের মত অসম্ভব দ্বীপেও পৌছায়নি, তথাপি তা যেন কল্পনার কাহিনী, এবং অলোকিকভার আতিশয়ে বাস্তবও নয়।

De Rojas-এর লেখা Celestina যদিও নাটকাকারে লেখা তথাপি তার কাহিনী উপস্থাদের—কথোপকথনের মধ্যে উপস্থাদ বলা যায়। এই কাহিনীতে চরিত্র আছে এবং পরিণতিও আছে। এই রীতি অবলম্বনে পার্কুগালের Jorge Ferreira De Vasconcelos (১৫১৫-৬৬) তাঁর ভুইটি প্রণয়কাহিনী Comèdia Eufrosina এবং Comèdia Ulysippo লেখেন এবং Francisco Delgado গছ দৃশ্যকাব্যের মত উজ্জ্বল ও স্থন্দর ভাষায়, রোমের বেশ্খালয়ের পটভূমিকায় তাঁর La Lozana Analuza (The Gay Andalusian) লেখেন। এই লিখনরীতি Lope de Vega-র La Dorotea (১৬৩২)-তে পূর্ণতা লাভ করে। কিন্তু তথন এটা বেশ স্থন্দাই হ'য়ে ওঠে যে গছা-কাহিনীতে এই বর্ণনাই যথেষ্ট নয় তার সঙ্গে পাঠকগণ চায় চরিত্র, স্কু বাস্তব বর্ণনা, চিস্তা-যুক্তি এবং বাস্তবতা।

অতএব ইউরোপীয় সাহিত্যে যাকে প্রথম উপন্থাস বলা যায়, সেটি একটি ক্লোনের মথ্যাত কাহিনী এবং আত্মজীবনীমূলক। একটি গরীব লোক চাকররপে সমাজের বিভিন্ন শুর—অন্ধ ভিথারী, ধর্মঘাজক, সাধারণ ভদ্মলোক প্রভৃতির কাছে চাকুরী ক'রে তাঁর অভিজ্ঞভা ব্যঙ্গ ও হাস্তরসের সমন্বয়ে বর্ণনা করেন। এই কাহিনী Life of Lazarillo de Tormis, (১৫৫৪) সনাতন ধর্মের প্রতি বহু কটাক্ষ করেছে। অনেকের ধারণা এ কাহিনী Cristóbal de Villalón-এর লেখা, অবশু এটা প্রমাণসাপেক। কিন্তু যদি তাই হয় তবে তিনি ১৬শ শতকের একজন শ্রেষ্ঠ ঔপন্থাসিক একথা নিঃসন্দেহ।

Mateo Almàn (১৫৪৭-১৬১৩)-এর Guzmàn de Alfarache উপন্থাস কাহিনী পরবর্তী যুগে যথেষ্ট জনপ্রিয়তা লাভ করে। এর কাহিনী বৃহৎ, ভাষাও উথান-পতনে স্থন্দর। Lazarillo-র মত পতিতদের জীবন-কাহিনীর সঙ্গে কিছু নীতিকথা যুক্ত ক'রে দেওয়া হয়। লেথক জাতিতে ইছদী, দারিস্রা কারাগার এবং দ্রদেশ (Maxico) ভ্রমণের যথেষ্ট অভিজ্ঞতা তাঁর ছিল। তিনি Rojas-এর মত ভ্রংথবাদী, ক্ষ্ট চরিজের মুখে তিনি নিজের জীবনের অভিজ্ঞতা ও মন্তব্য প্রকাশ করেছেন। এইটিই প্রথম picaresque নভেল।

লামানাণ ভত্য প্রভ্থেকে প্রভ্তে হন্তান্তরিত হয়েছে, জীবনকে দেখেছে
নীচের দিক থেকে, তাই তাকে পিকারো বলা হয়। প্রথমে পিকারো উপন্তাস বলতে
বোঝাতো দক্ষ্য-তন্তর প্রভৃতি পাপী লোকদের কাহিনী, তারা কথনও কখনও
হয়ত প্রায়শ্চিন্তের ভিতরে শেষজীবনে ক্ষমা লাভ করেছে। কিছু অক্ককালের মধ্যেই
এই ক্-কাহিনী নীতিকথাকে এড়িয়ে চল্তে শুক্ক করে। পরের যুগের এই
পিকারো লেখক Defoe, Lesage এবং Fielding কেউই উাদের সষ্ট চরিত্রকে

ধর্মীর আওতার বা নীতিবাদের মধ্যে সীমিত করেননি। তাঁরা মাছ্যকে তার ভাগ্য ও পরিবেশের মাঝেই বিচার করেছেন।

স্পেনের ছতীয় উপস্থান একথানি কল্পিড জীবনকাহিনী। Vincenté Espinel-এর Life of the Squire Marcos de Obrégon। এর নায়ক একজন Squire, picaro নয় বরং এক ভ্রান্ত অভিযাত্তী। তাঁর জীবনপথে বছু লোকের সঙ্গে পরিচয় হ'য়েছে কিছু তারা Lazarillo-র দেখা লোকের হত নয়, তারা সবই স্বাভাবিক ও স্থয়। পাঠক প্রশ্ন করতে পারেন, এ-কাহিনীর সত্যতা কোথায়? তাই লেখক 'আমি'র মৃথে তাঁর কাহিনী বলেছেন, অথবা কোন মৃতব্যক্তির ডাইরী বইতে কাহিনী লেখা ছিল এমনি কোশলের সহায়তা নিয়েছেন। তথনকার পাঠক বাস্তব সত্য কাহিনীকেই প্রকৃত উপস্থান ব'লে গ্রহণ করত।

পিকারে। উপস্থাস সাধারণতঃ নায়কহীন, চরিত্রের অমুভূতি ও ভারধারা সাধারণ চ্ছুতকারীর চিন্তাধারার উধের্ব যায়নি। বেশীর ভাগ ক্ষেত্রেই তা ভাবাবেগহীন কাহিনী, cynical; যেমন কবি Quevedo-র লেখা The Sharper's Life (১৬২৬) Lazarillo-র অমুরূপ কাহিনী হলেও, ভার ভাষা ও বর্ণনা উচ্চাক্ষের। কাহিনীকার কবি মানবতা সম্বন্ধে উদাসীন এবং Swift-এর মত চলতি জগতের প্রতি বিরক্ত—মত্রাং তাঁর হাতে চরিত্রগুলি নিষ্ঠুর ব্যক্ষের ঘারা নিম্পিট। তাঁর অমুগামী লেখক নাট্যকার Luis Valez de Guevara-র The Lame Devil (El Diablo Cojuelo) ব্যক্ষপূর্ণ ঘূর্থক ভাষায় রচিত্ত কাহিনী। একটি ছাত্র শয়ভানকে বোতলের ছিপি খুলে মুক্ত ক'রে দেয় এবং সেই শয়ভান মান্তিদের বড় বড় বাড়ীগুলির ছাদ খুলে ছাত্রটিকে তার ভিতরের ব্যাপার দেখায়। এই কাহিনীটিকে ৬০ বৎসর পরে Rene Lesage তাঁর Le Diable boiteux-এ আরও ফুলর ও সমুদ্ধভাবে রূপ দেন। তারপরে স্পেনে আর এই ধরনের গভ-কাহিনীর অপ্রগতি হয়নি ক্ছে এই পিকারো সাহিত্যই ভিন্ন রূপে ফাম্মে এবে ভিন্ন নামে প্রকাশিত হল।

জার্মানী-তে এই সময়ে একথানি পিকারো কাহিনী লেখা হয়। Johan Von Grimmelshausin (১৬২২-৭৬)-এর The Adventurous Simplicissimus, Guzman de Alfarache-র নীতিশিক্ষা-মূলক কাহিনীরই একটি উচ্চতর রূপ। এর নায়ক ভোগী জীবন থেকে সন্মাস জীবন গ্রহণ করেছেন। এই পরিবর্তনের পথে বহু অভিজ্ঞতা লাভ করেছেন, স্বপ্নে স্থান্থ স্থান্নরক দেখেছেন, Jove-এর সঙ্গে কথা করেছেন, সৈক্ত-ব্যবসায়ী-ভত্তলোক সকলের জীবনের অভিজ্ঞতাকে প্রথ ক'রে যুগের সমন্ত ভাবধারাকে একসজে বর্ণনা করেছেন। যদিও এ কাহিনী Bunyan-এর Pilgrim's Progress-এর অক্তর্মণ কিন্তু এর ঘটনা চলেছে লীর্থ ৩০ বংশরের যুদ্ধনান জার্মানীর পটভূমিকার। ব্যক্তি Bunyan-এর মত হিতক্থান্ত্রক তথাপি বান্তব ঘটনাবৈচিত্রো সমৃদ্ধ। তাঁর লেখা পাঁচ থণ্ড এই কাহিনীর সঙ্গে পরে আরও অনেক অনামী লেখকের লেখা যুক্ত হয়েছে। লেখক ছিলেন

দৈনিক, তাঁর বাবা-মা প্রোটেন্টাণ্ট, তাঁরাও যুদ্ধেই মারা যান। তার পরে তিনি ক্যাথলিক হয়ে বছ অমিলারের অধীনে কাজ করেন। সৈনিক জীবনেই তিনি সাধারণ মাহ্যের জীবন নিয়ে গল্প লিখতে আরম্ভ করেন এবং এটি তাঁর ফরাসী সম্লান্তবংশীয়দের চলতি কাহিনীর সাহিত্যিক প্রতিবাদ। তারপরে তাঁর প্রতিভার পূর্ণ বিকাশ হয় তাঁর এই অভীন্তিয় পিকারোতে। আরপ্ত একথানি উপস্থাস Mother Courasche, তিনি লেখেন। এর নায়িকা পৃথিবীরই এক রমণী, কাহিনী তারই জীবনের সঞ্চিত অভিজ্ঞতা।

১৭শ শতকের ফরাসী উপতাস স্পেন বা জার্মানীর মত স্বাধীন ভাবে গ'ড়ে ওঠেনি। তথন ফ্রান্সে গৃহযুদ্ধ থেমেছে এবং দেশে শান্তি ফিরে এসেছে। পল্লীর শান্তিময় পরিবেশে শান্ত প্রকৃতির মাঝে স্লিগ্ধ প্রেমের কাহিনীক্রপে গ'ড়ে ওঠে ফ্রান্সের প্রথম উপতাস। L' Astrée পঞ্চ খণ্ডে ১৯০৭ থেকে ১৯২৭ এর মধ্যে প্রকাশিত হয়। রোন নদীর অববাহিকায় ৫ম শতকের ছুইডগণের নৈতিক শিক্ষায় শিক্ষিত Arden নামক ক্ষুদ্র পল্লীর ঘটনা নিয়েই এই উপতাস। দীর্ঘ দিন পরে পরে এর পঞ্চ খণ্ডের প্রকাশ হয়, তার কারণ এর মধ্যে প্রধান প্রেমকাহিনীটি লেখক Honore D' Urfe (১৫৯৭-১৯২৫)-এর নিজের জীবনকাহিনী এবং এই সত্য কাহিনীকে প্রছন্ম রাখতেই এই বিলম্ব। তিনি Savoy-র পরিষদের এক্ষন নোব্ল। লাত্বধ্র প্রেমে পড়েন এবং লাতার সক্ষে তার বিবাহ বিচ্ছেদের পরে তাকে বিবাহ করেন,—অবশু এ বিবাহবন্ধন বেশীদিন স্বায়ী হন্ননি। এই কাহিনীই তথনকার উপত্যাসের ফ্যাশন হয়ে দাঁড়াল এবং পরবর্তী বিধ্যাত উপত্যাস Clélie প্রকাশিত হওয়ার মধ্যে প্রায় ৬০০ এমনি উপত্যাস ভালবাসার ভালমন্দ বিচার নিয়ে আত্মপ্রকাশ করে।

Clélie উপস্থাস Madeleine De Scudéry (১৬০৭-১৭০১)-র লেখা একটি রোমান কাহিনী। তাঁর সহযোগী লেখক ছিলেন তাঁর ভ্রাতা নাট্যকার Gorges। এই মহিলা Marquise de Rambouillet-এর পরে প্যারির লেখক মহলে সর্বাপেক্ষা প্রভাবশালিনী ছিলেন। তাঁর Salon-এ প্রেমকে বৈজ্ঞানিক দৃষ্টিভিক্ষ নিমে বিচার করা হত এবং প্রেমের এই নানা ব্যাখ্যাই তাঁর উপস্থাসের উপজীব্য। তাঁর তিনথানি উপস্থাসে ঘটনা বা আখ্যান নাই থাক, তার মধ্যে তখনকার প্রসিদ্ধ ব্যক্তিগণ ও তাঁদের যৌনজীবনকে বেশ চিনে নেওরা যায়। কর্ষণ ও প্রেমের ক্রৈবাবেগপ্র্ণ প্রাচ্য কাহিনী নিমে লেখা তাঁর Ibrahim ou l'illustre Bassa, এবং পারসিক রাজাও মেডিয়া রাজকত্যার কাহিনী নিমে লেখা Artaméne ou le Grand Cyrus। তাঁর কাহিনীর বর্ণনা ও গ্রন্থন কর্নেগীর অন্ত্রণ,—বীর্জ, খ্যাতি, জয় এবং নীতিশিক্ষা এই ছিল তাঁদের কাহিনীর উপজীবা।

Mme De La Fayette (১৬০৪-১৬) প্রথম বৌবনের তীব্র প্রেমাবেগকে বাতবতার সক্ষে রূপায়িত করেন। তিনিও প্যারির একজন সম্ভান্ত মহিলা। অন্ত ভূতি বিশ্লেষণ তথন পল্লীকাহিনীগুলির মধ্যে যথেষ্টই ছিল কিছ একটি মাজ কাহিনীকে একছে সংক্ষেপে স্কল্পর ভাবে গ্রাথিত ক'রে তিনিই প্রথম প্রকৃত উপন্থাসের ভিত্তিছাপন করেন। তাঁর শ্রেষ্ঠ সৃষ্টি La Princesse de Cléves ঐতিহাসিক উপন্থাস, এবং দ্বিতীয় হেনরীর সময়ের কাহিনী। নায়িকা জানৈকা সম্লান্ত মারী এমন একজনকে বিবাহ করেছিলেন যাকে ভুধু শ্রন্ধা ও সন্মান করা যায়। তাই তিনি ভালবেসেছিলেন Due de Nemours-কে যিনি আবার রাজকন্তার ভাবী স্বামী। এথানেও কর্নেগীয় সমস্থা,—প্রেম ও কর্তব্যের কোনটি বড় ? এই চরিজের মধ্যে Phédre চরিজের মত একটি ধ্বংসকারী উপাদান ফুটে উঠেছে। যদিও এই কাহিনী রেসিনের কাহিনীর মত শক্তিশালী নয় তথাপি তার মধ্যে যুক্তকে অনেকটা ঢাকা দিয়ে রাথা হয়েছে। রাজকুমারী তাঁর ভালবাসার কথা স্বামীকে জানান। স্বামী তাঁর অবস্থা বুঝে নিজের উপর প্রতিশোধ নেন এবং মারা যান, তখন রাজকুমারী অনায়াসেই Nemours-কে বিবাহ করতে পারতেন কিছ করলেন না, শেষ জীবন কন্ভেন্টে কাটালেন। তিনি দেখাতে চেয়েছেন, মানব-জীবনে এই অহংএর বিজ্ঞাহ ভুধু ধর্ম নয়, সমাজেরও বিরুদ্ধে,—কামনার পরিণতি ধ্বংস, একমাত্র ভাগা দ্বাহাই মাহায় এবং সমাজকে রক্ষা করা যায়।

এই সময়ে সন্ত্রাস্ত নরনারীর কাহিনী নিয়ে যে সব উপস্থাস রচিত হল তা বেশ একটা স্থাঠিত রূপ গ্রহণ করেছিল এবং তার মধ্যে একটা নীতিশিক্ষার স্থাওছিল। অক্সদিকে মধ্যবিত্ত ঘরের কাহিনী স্পেনীয় সাহিত্যের আদর্শে অনেকথানি এগিয়ে গেল বান্তবতার দিকে। এর ঘটনা বান্তব কিছু মনন্তব্ব বা অমুভূতির দিক থেকে তত্টা ৰান্তব নয়। Don Quixote থেমন ক'রে মধ্যযুগীয় শিভালদ্বীকে ব্যক্ষ করেছিল তেমনি ক'রে L' Astrèe-র অমুকারীগণ পলীকাহিনীকে ব্যক্ষ করল।

Charles Sorel (১৬০০-१৪) প্যারির এক ধনী ব্যবসায়ীর পুত্রকে মেবপালক রপে সীন নদীর ভীরে কয় মেব চরাতে পাঠালেন। তাঁর পিকারো উপত্যাস The True and Comic Story of Francicon-এর নামক সমাজের সর্বন্ধরে যুরে তার কাহিনীর মাধ্যমে কথনও বান্তব কথনও কয়নার আতিশ্যে সমাজকে ব্যক্ত করেছে। এই সময়ে বর্তমান যুগের বিজ্ঞানভিত্তিক উপত্যাসের মত বিজ্ঞানকে অবলম্বন ক'রে Cyrano De Bergerac (১৬১৯-৫৫) একথানি উপত্যাস লেখেন। কোপারনিকাসের তত্ত্ব অবলম্বনে চন্দ্র স্থর্বে অমণকাহিনী লেখেন তাঁর Histoires Extraordinaires গ্রন্থে। চরিত্রের দিক থেকে তিনি খুব সং ছিলেন না। Pascal-এর Pensées-এর মধ্যে কিছুটা হয়ত তারই কাহিনী রয়ে গেছে। যাই হোক তিনিই প্রথম বৈজ্ঞানিক তথ্যকে সাহিত্যে ব্যবহার করেন এবং চার্চের বিরাগলভাজন হন। কিছু ফরাসী পিকারো ও বৈজ্ঞানিক তথ্যনির্ভর উপত্যাস শীঘ্রই স্পেনীয় হালকা অভিযান কাহিনীর প্রভাবে রাছগ্রন্থ হয়ে পড়ল। Paul Scarron-এর Roman Comique একদল আম্যান্য অভিনেতার কাহিনী। এতে ঘটনার পর ঘটনা অশালীন হাল্ডব্রের ব্যক্ত হয়েছে যাত্র।

Antoine Furetière (১৬১৯-৮৮) बनिद्यन्न दन्तिन धनः Boileau-न ৰদ্ধ। তিনি তথনকার আইনজীবী ও লেখকদের জীবনের পদ্ধিল দিকটার অভ্যস্ত ৰাত্তৰ বৰ্ণনা দিয়েছেন। এ কাহিনীও ঘটনাপ্ৰধান, এর মধ্যে চরিত্র ফুটে ওঠেনি। Alain Renè Lesage (১७৮৮-১٩৪٩)-এর Le Diable boiteux न्नामिन লেখক Guevara-র গল্পের অকুরুপ। তাঁর Gil Blas de Santillane বদিও স্পানিশ কাহিনী নয় তথাপি এর উপাদান স্বই স্পানিশ। নায়ক স্পেনের সালামানকাতে শিক্ষিত। প্রথমে দহাদলের হাতে পড়ে, সেথান থেকে পালায়, অনেক প্রভুর কাছে চাকুরী করে, ধনার্জন করে, সব হারিয়ে দরিত্র হয়, আবার व्युटनांक इम् : त्येष्ठीवत्न প्राप्टर्यत्र मत्या विनामवामतः पिन यामन करतन। निरमक त्मानरक रमर्थिक्शन वहे बात्रकर, त्मानरक ठाक्क रमर्थनित। किन्न धहे না দেখা স্পেনের চিত্র পরে রোমাণ্টিক লেথকদের পক্ষেক্ষতির কারণ হয়েছিল, কারণ তাঁরা মনে করতেন, জীবনের বৈচিত্তা ও প্রেম কেবল সীমান্তের ওপারেই আছে। লিসেজ স্প্রানিশ ধারায় আরও কতকগুলি উপক্রাস লেখেন, তাদের ঘটনা ও নায়ক সবই স্পেনীয়। তিনিই প্রথম পেশাদার লেখক, তিনি কারও পৃষ্টপোষকতায় নির্ভর না ক'রে লেখার উপার্জন থেকেই জীবিকা অর্জন করতেন। অর্থাৎ তাঁর সময় থেকেই সাহিত্য ব্যবসায়ের অঙ্গীতৃত হ'য়ে উঠল। তিনি Turcaret নাটক ও ষেলায় অভিনয়ের জন্ম কয়েকথানি প্রহসনও লিখেছিলেন। এটা হিসাবে তিনি চতুর কিন্তু মৌলিকতাহীন, তাঁর চরিত্রগুলি Scarron-এর চরিত্র থেকে বেশী সন্ধীব। कि खड़े। हिमाद जाँत नमकानीन नांग्रेजात Pierre Marivaux जाँत टाइ উচ্চাচ্ছের। তাঁর রচিত তথানা উপস্থানে নগর-জীবনের বাস্তবচিত্র বৃদ্ধিদীপ্ত সমবেদনা ও অমুভূতির সঙ্গে চিত্রিত হয়েছে। এই অমুভূতিই আমরা ইংলণ্ডের Samuel Richardson-এর মধ্যে অধিকতর বেগবানভাবে দেখতে পাই। মারিভোঁ মানুষের মনের দিকে, মানব-মনের দৃষ্টিভদি, প্রেম, আত্মবঞ্চনা এগুলির উপরেই বেশী আরুট হয়েছেন তাঁর কাহিনীতে। তার Marianne'একটি ককেটের আগুরুক বলা যায়,— अপूर्व वर्गनाङ्किएक भाठिकरक नर्वमा आकृष्टे क'रत रत्नरथरह । नर्वमार्टे मरन हम কোন ভক্তমহিলা হয়ত ভটা হলেন কিন্তু শেষ পর্যন্ত হলেন না,-একটা কৌতুহল কাহিনীকে অথপাঠ্য করেছে। Le Paysan parvenu (The Peasant who has risen in the world)- अ अञ्चल अकृषि काहिनी। त्नथक कथनहे घटनात क्षक्य त्मनिन, চরিত্রকে ফুটিয়ে ভুলেছেন ঘটনার মাধ্যমে, বিশেষতঃ ভার নারী-চরিত্রগুলি স্বাভাবিক ও স্থন্দর। তাঁর চরিত্র-চিত্রণের সাফল্য উপস্থাসের অগ্রগতির একটি বিশেষ পদক্ষেণ।

Abbé Prévost (১৬৯৭-১৭৬৩) প্রথম Richardson-এর অন্থবাদ করেন।
Manon Lescaut উপস্থাসের লেখক হিসাবেই তাঁর খ্যাভি। পাঠকগণ তাঁর
স্পষ্ট চরিত্রের প্রতি প্রথম থেকেই সহামুভূতিশীল হ'য়ে ওঠেন এইটিই তাঁর চরিত্রস্থির
বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্য মারিভোঁ বা লেভি লাফায়েটের মধ্যে ছিল না। তিনি

Monastery থেকে পালিয়ে ৰছকাল ইংলও ও হল্যাওে ছিলেন। ইংলণ্ডের ধ্যাতিমান লেখকদের সঙ্গে পরিচয়ের হ্রেগে তাঁর হয়েছিল কিছ তাঁর জীবনধারা খ্ব ভাল ছিল না। তিনি প্রভারণার দায়ে অভিযুক্ত হন, অসংয়ত জীবন রাপনের পরে পুনরায় ধর্মাশ্রম গ্রহণ করেন এবং ফ্রান্সের এক বিখ্যাত পরিবারের ধর্মযাজকরণে শেবজীবন অভিবাহিত করেন। তাঁর উপত্যাস Manon Lescaut রেসিনের নাটকের মত সংক্ষিপ্ত হ্রুগান্তিত স্কমর। এটি একটি হুর্বলচিত প্রেমিকের কাহিনী,—প্রেমিক সারাজীবন প্রেমের আগুনে আত্মাহতি দেওয়ার অহম্বারে নিজেকে গৌরবান্থিত করতে চেয়েছে। সে একটি অপদার্থ মেয়েকে ভালবাস্ত, মেয়েটি সর্বদাই তাকে বঞ্চনা করেছে। তথাপি সে মেয়েটির আমেরিকা নির্বাসনে সহচর হয়েছে এই আশায় য়ে, সে অন্তত্তঃ সেখানে তাকে প্রবঞ্চনা করেবে না। প্রেমিক প্রমনি একটা প্রেমের অহমারে নিজেকে, নিজেরে জীবনকে ভুচ্ছ করেছে। Menon-এর নারী-চরিজটি কুটে উঠেছে প্রেমিকের দৃষ্টিতে, তার আবেগ ও আকাজ্ঞার প্রতীক হ'য়ে। তিনি পেশাদার লেখক হিসাবে অনেক লিখেছিলেন, এবং জনপ্রিয়তাও অর্জন করেছিলেন কিছে তাঁর খ্যাতি এই একটি মাত্র উপত্যাসের জন্তা।

অভিজাতদের ত্নীতি ও যৌন আবেদনপূর্ণ প্রেমকাহিনী লিখে সমাজকে সচেতন করতে চেমেছিলেন Prosper De Crébillon (১৭০৭-৭৭); তাঁর এই ত্নীতি ও যৌন আবেদনপূর্ণ কাহিনী তথনকার অভিজাতদেরই আনন্দ বর্ধন করেছিল। তিনি নিজেও অভিজাত সম্প্রদায়ের লোক ছিলেন। তাদের এই সব কেছা-কাহিনী মধ্যবিত্ত সম্প্রদায়ের মধ্যেও ছড়িয়ে পড়েছিল। তাদের কাছে এই সব কাহিনী থেকে অভিযাত্তী, ব্যবসায়ী, বেখা ও অভিনেতাদের চরিত্র ওপ্রেম বেশী আকর্ষণীয় হয়ে উঠেছিল। অভিজাত শ্রেণীভূক্ত François de Fénelon (১৬৫১-১৭১৫)-ই ধ্বংসোমুথ অভিজাত শ্রেণীর স্বাপেকা কঠোর সমালোচনা করেছিলেন তাঁর উপস্থাসে। তিনি চতুর্দশ লুই-এর বংশধর ১০ বংসরের বালক Duc de Bourgogne-এর শিক্ষক ছিলেন। তার শিক্ষার জন্ম তিনি ওভিসির গল্পের উপসংহার রূপে Telémaque লিখেছিলেন এবং এই কাহিনী বারা তিনি ছাত্রটিকে শেখাতে চেয়েছিলেন যে "benevolent despotism was preferable to absolutism and that kings were not above the law। (২৪৬) এই রাজকুমার অল্পর্যুসে মারা যান এবং তাঁর মতামত সনাভন পন্থী না হওয়ায় তাঁকে কোর্ট থেকে বিদায় নিতে হয়।

১৮শ শতকের প্রথমে বহু বৈজ্ঞানিক আবিষ্কারের ফলে বিজ্ঞান জনপ্রিয় হ'রে উঠেছিল, মামুষও তথন বৈজ্ঞানিক দৃষ্টিতে জগতকে বিচার করতে শুরু করেছে। ডেকার্টের যুক্তিবাদ জনমনে প্রভাব বিস্তার করেছে, সর্বসাধারণ মনে মনে রাজভন্ত ও একনায়কত্বকে অস্বীকার করতে আরম্ভ করেছে। রাজা যে ভগবান-প্রেরিভ বিশেষ মানব এ-বিশাসও ভেঙে পড়েছে। গণতদ্বের আদর্শ তথনও দেখা দেয়নি ভবে তার ক্ষেত্র প্রস্তুত্ত হচ্ছিল। ইংলণ্ডে প্রজাতন্ত্র ও রাজতদ্বের সমন্বয় সেগণতান্ত্রিক ক্ষেত্রকে আরও উর্বর ক'রে তুলেছিল। তথনকার সমাজ ও রাষ্ট্রের বিরুদ্ধে জন-মানসে একটা প্রতিবাদ প্রবল হয়ে উঠেছে। এই প্রতিবাদ ধ্বনিত হয়েছিল Pierre Bayle (১৬৪৭-১৭০৬)-এর রচনায়। তিনি বছবার ধর্মমত বদলেছেন, প্রোটেন্টাণ্ট থেকে ক্যাথলিক আবার ক্যাথলিক থেকে প্রোটেন্টাণ্ট হয়েছেন। তিনি উপারপন্থী সমালোচক হয়েও কিছুটা ভীতু এবং রাজনীতিক্ষেত্রে প্রাচীনপন্থী ছিলেন, তথাপি তিনি চতুর্দশ লুই-এর Huguenots-দের প্রতি ছর্ব্যবহারকে প্রকাশ্রে সমালোচনা করেছিলেন, এবং ধর্ম ও নীতিকে পৃথকভাবে বিচার করেছিলেন। তাঁর কাছে মুক্তিভিত্তিক সহনশীলতাই মহত্তম ভব্ ছিল।

Balye-র দার্শনিক তত্তকে সাহিত্য রূপ দিয়ে জনপ্রিয় করেন কর্নেলীর লাতা Bernard de Fontenelle (১৬৫৭-১৭৫৭)। তিনি তদানীস্তন বৈজ্ঞানিক তথ্যকে জনপ্রিয় করেন। জ্যোতির্বিভা সম্বন্ধে তাঁর নিবন্ধই কোপারনিকাসের তথ্যকে জনপ্রিয় করে। তিনি চলতি কুদংস্কারের যুক্তিহীনতা প্রতিপন্ন ক'রে লোকসমকে তার অসারতা প্রমাণ করেন। তাঁর বৃদ্ধিদীপ্ত তীক্ষ রচনায় সাধারণ মনে ধর্মামুশাসনের প্রতি একটা অবিশ্বাস এসে দেখা দেয়। এই অবিশ্বাসকে প্রবশতর ক'রে তুললেন Charles Baron de Montesquieu (১৬৮৯-১৭৫৫) তাঁর Pensées গ্রন্থে। তিনি বোর্ণোর ম্যাজিস্টেট ছিলেন। চিকিৎসাশাল্ত সম্বন্ধে কতকগুলি নিবন্ধপুত্তিকা প্রকাশ করেন। একজন কল্লিত পারসিক ভ্রমণকারীর নামে তখনকার প্যারির জীবনধারাকে হিংম্র আক্রমণ করেন। তখন Arabian Nights-এর গল্প অনুদিত হয়েছে এবং প্রাচ্য গল্পকাহিনী যথেষ্ট জনপ্রিয়তা লাভ করেছে। এই জনপ্রিয়তার স্বযোগে তিনি পারসিক ভ্রমণকারীর বেনামে যথেষ্ট ব্যব হাস্তরসের সবে সমাজ সমালোচনা ক'রে গণতন্ত্রের অভ্যত্থানকে হুগম করে-ছिলেন। जिनि ১৭২১-२७ छूटे वरमत हैश्नए वाम क'रत हैश्नारक्त मारविधानिक রাজতল্পকেই যুগের রাষ্ট্রিক আদর্শ ব'লে প্রচারও করেছিলেন। তাঁর Spirit of the Laws (L' Esprit des lois) পুস্তকে তিনি আইনকে আপেক্ষিকভাবে বিচার করেছিলেন। ক্রীতদাসত্ত্বে বিক্তমে তেজোদ্দীপ্ত প্রতিবাদ এবং ১৭৪৫ সালে পতুর্গালে এক ইছদী নাট্যকারকে জীবস্ত দম্ধ করার বিরুদ্ধে তাঁর ভীত্র সমালোচনা তার স্বাধীনতাপ্রিয়তার প্রমাণ।

ভারপরে রাজভন্তের বৈরাচারের বিরুদ্ধে ঈর্বাপ্রণোদিত বিষবাষ্প ছড়িয়ে দেশে অসন্তোষ ও বিপ্লবের ক্ষেত্র রচনা করলেন ভলটেয়ার। François Marie Arouet (১৯৯৪-১৭৭৮) Voltaire ছল্মনামে লিখতেন। তিনি ১৮শ শতকের ভাবধারার সত্যকার প্রতিনিধি। তাঁর প্রভাব Regency থেকে বিপ্লব পর্যন্ত বিস্তৃত। তিনি জেন্ত্ইট সম্প্রদায়ভূক্ত এবং লেখাকেই পেশারূপে গ্রহণ করেন। লেখার জক্মই তাঁর ছইবার কারাবাস হয়। দ্বিতীয় কারাবাসের পরে তিনি তিন-

वरमज हरनए ছिल्मन, मिथान हरताची जावा म्यापन वदर Pope, Swift & Congreve- अत नत्न পति हिक हन ; किनि अहे नमत्त्र (मन्नभौत्रत्त्र तहनावनी अ পড়েন। ইংরাজের সঙ্গে পরিচয়ে তিনি তাদের রাজনৈতিক প্রতিষ্ঠানেরও সমর্থক ह'रत्र अर्टिन। क्वांत्म किरत अरम जिनि इटेरफरनत ताका बाम्म हर्नम-अत सीवनी লেখেন এবং সাধারণ ইংরাজী সাহিত্যকে ফরাসী পাঠকের সঙ্গে পরিচিত করেন। তিনি Racine-এর অমুগামী হ'য়ে অনেকগুলি নাটক লেখেন। এগুলির বেশীর ভাগই মেলোড্রামা। তাতে মনন্তত্ত্বের গভীরতা বা কাব্যক্ততি বিশেষ কিছু ছিল না. তবে অলম্বত ভাষা ব্যবহার করার তথনকার সাধারণের কাছে নাটকগুলি প্রিম্ন হয়েছিল। নাট্য সাহিত্যে তাঁর দান বিষয়-বৈচিত্তা,—তাঁর নাটকের পরিবেশ চীন থেকে পেরু পর্যন্ত বিষয়ের দিক থেকে রাজনীতি, সমাজনীতি ও স্বাধীনতা-প্রীতি সবই তিনি নাটকের অঙ্গীভত করেছেন। একটি তীক্ষ বান্ধ রচনার পরে তাঁকে পুনরায় Lorraine-এ নির্বাসিত হতে হয়, পরে Mme de Pompadour-এর আল্লয়ে প্যারিতে আসেন এবং এই মহিলার চেষ্টায় ফরাসী একাডেমিতে নির্বাচিত হন। ১৭৪৯ সালে প্রাশিয়ার রাজা দিতীয় ফ্রেডিকের আমন্ত্রণে বার্নিনে তিন বৎসর অভিবাহিত করেন। এখানেই তিনি তাঁর Age of Louis the XIV প্রকাশ করেন। এ খানি বিষয়মুখী একখানি প্রামাণিক ইতিহাস রূপে খ্যাত।

দর্শনে তাঁর জ্ঞান থুব গভীর নয়, চিন্তার গভীরতাও তাঁর স্বভাববিক্লন্ধ। প্রভাবের প্রধান কারণ তাঁর সরল ভাষা ও সহজ প্রত্যক্ষ উক্তি। তিনি অধিবিভাকে বান্ধ করলেও সাধারণের নৈতিক মান রক্ষার জন্মই ভগবানের অন্তিত স্বীকার প্রয়োজন ব'লে স্বীকার করেছেন এবং নান্তিকতাকে পাপ ব'লে গণ্য করেছেন। ভাবের গভীরতা জাঁর ছিল না ব'লেই ভিনি দর্শনকে সরল বিজ্ঞানে পরিণত করেছেন। তাঁর অন্তরের প্রতিক্রিয়া ছিল সাধারণ মনের এবং সেইজন্মই জনসাধারণ তাঁর রচনাকে সাগ্রহে গ্রহণ করেছিল। লিসবন ও লিমার ভয়াবহ ভুকম্পনের পরে তিনি ভগবানে বীতপ্রদ্ধ হ'রে Leibnitz-এর আশাবাদী দার্শনিক তত্তকে বান্ধ করেন। সেই সময়েই লেখা তাঁর প্রাসিদ্ধ উপক্যাস Candide on l' Optimisme,—এই উপক্যাসে নায়কের জীবনে এসেছে হুর্ভাগ্যের উপর হুর্ভাগ্য এবং জগতে কোথায়ও শাস্তি না পেয়ে এবং পৃথিবী ও তাঁর আশাবাদী আদর্শবাদে বীতপ্রদ্ধ হ'য়ে শেষজীবনে निष्कत वाशास्त हाय-बावान शुक्र करवन। ७० वरमत वयरमत लिथा Candide-हे তাঁর খ্যাতির অক্ষয় ভিত্তি, এবং আজও এইটিই তাঁর শ্রেষ্ঠ অবদান ব'লে সীক্তত। যদিও তাঁর মহাকাব্য Henriade এক সময়ে হোমর-ভাজিলের সঙ্গে তুলনীয় হ'ছে উঠেছিল। তার পরে তাঁর The Simpleton (L'Ingénu)-তে অসভ্য Fridayকে সম্ভাজগতে এনে সমাজের রূপকে দেখিয়েছেন এবং Zadig-এ প্রাচ্য রূপকের মাধ্যমে এकर कथा वरमाइन । Zadig-এর শেষে ছ:थवामी विखारी छनटियांत वरमाइन, "Men blessed Zadig, and Zadig blessed Heaven." (२८१) খাৰ্শনিক

⁽³⁸¹⁾ Cohen-212.

আশাৰাদণ্ড ষেমন তিনি সহজে গ্ৰহণ করেছিলেন, তেমনিভাবে নিরাশাবাদকেও অনায়াসে গ্রহণ করেছিলেন। তিনি ক্রোধ ও ক্ষোভের সঙ্গে মানবিক খাধীনতা চেয়েছিলেন সহজ সরল বৃক্তির ঘারা এবং সে যুগকে প্রভাবিতও করেছিলেন যথেষ্ট কিছ হালকা বৃক্তিবাদ তথন ক্ষীণায় হ'য়ে এসেছে।

Jean Jacques Rousseau (১৭১২-१৮) पतिल वानक हिनाद किছमिन প্রামামাণ পিকারো জীবন যাপন করেন। এই জীবনের অভিজ্ঞতা তাঁর Confession-এ লিপিবদ্ধ হয়েছে। এই বাস্তব অভিজ্ঞতার দানই তাঁর প্রধানতম সাহিত্যকীর্তি। প্যারিতে আস্বার পরে প্যারির অভিজ্ঞতা তাঁর মনের উপরে যে প্রতিক্রিয়া সৃষ্টি করে তাতেই তিনি আদিমযুগের স্বাধীন সরল সহজ জীবনের পক্ষপাতী হয়ে পড়েন। তিনি অতীতের অর্ণপুগের মাঝে মারুষের আনন্দময় শৈশবকে এবং শৈশবের মাঝেই স্বর্ণযুগকে ধেন প্রত্যক্ষ করেছিলেন। তাঁর আত্মজীবনীকে বিশ্বাস করলে বলতে হয়, তাঁর সাহিত্যকীতি তাঁর অভিজ্ঞাতা ও অহভৃতি-প্রস্ত। তিনি প্রথমে অ্যাকাডেমির এনসাইক্লোপেভিস্টদের প্রভাবে তাদের লক্ষে যোগ দিয়ে লিখতে আরম্ভ করেন এবং পরে মত বিরোধ হওয়ায় তা ভাাগ করেন। তাঁর জীবনে মন ও মন্তিকের অবিরাম বিরোধ চলেছিল। তাঁর প্রথম উল্লেখবোগ্য উপস্থাস The New Heloise (La Nouvelle Hèloise)। এটি তাঁর ব্যক্তিগত জীবনের এক ভাবগত (idealistic) প্রেমের কাহিনী। এই কাহিনীর আল্পন্ পর্বতের স্থচাক পটভূমি, কোমল-মধুর দৃষ্ঠ, গীতিময় আবেগ জনগণের চিত্ত জন্ন করে। মারিভোঁর সামাত্ত কাহিনী, প্রিভোস্টের সাধারণ কাহিনী, ক্রেবিলার অপুষ্ট হাস্তরদের পাঠকগণ অক্সাৎ নৃতন বস্তু পেয়ে তাকে লুফে निम->>२ •- त शरत D. H. Lowrence- (क र्यमन नारक माथाय क'रत নিষেছিল। এ কাহিনীর নায়ক এক গ্রাম্য পাঠশালার শিক্ষক। এই কাহিনীরই পরিপুরক তাঁর প্রাসদ্ধ Emile। এই এমিলির নীতিপূর্ণ কাহিনী বর্ডমান শিক্ষাতত্ত্বের উৎস। তাঁর নিজের শিক্ষা নানা কারণে ব্যাহত হয়েছিল, ভাই তিনি প্রকৃতির স্বাভাবিক শিক্ষাকে বড় শিক্ষারূপে গ্রহণ করেছেন। শিশুকে কডকগুলি নীতিবাক্য ও তথ্যের বাঁধা বুলিতে ভারাক্রান্ত না ক'রে তাকে খাধীন ও খচ্চনভাবে প'ড়ে উঠতে দেওয়াই প্রকৃত শিকা। তাঁর Contract Social-এ তিনি এই মন নিয়েই ইতিহাস বিচার করেছেন। বর্ণযুগের স্বাধীন মামুষ আপনাকে শক্ত ও ত্বৰ্জনের হাত থেকে রক্ষার জন্ত স্বাধীনতা বিক্রি করতে বাধ্য হয়েছে বটে কিছ জনগণই সর্বময় শক্তি। রাষ্ট্র যদি জনগণকে হুখী ও সমুদ্ধ করতে না পারে তবে রাষ্ট্রের আফুগত্য অস্থীকার করা অক্টার নয়। (২৪৮) এই তম্ব পরবর্তী দশকে বিপ্লবের প্রেরণা দিয়েছিল এবং গণভদ্কের প্রতি সাধারণের বিশ্বাস বাডিরে

⁽২৪৮) Confession-এর প্রথম লাইন—"Man is born free and eveywhere he is in chains."

ভুলেছিল। তাঁর Confession তাঁর আত্মনীবনী এবং এই জীবনীতে তাঁর প্রতিকৃতি সভা ও অন্দর হ'রে উঠেছে। মন্তিকগত যুক্তি দিয়ে যা পাওয়া যায়নি হদয়ের দরদী অহুভৃতি দিয়ে তিনি তা পেয়েছেন। এই দরদ জনচিত্তকে জয় করেছিল, এমন কি দার্শনিক হিউমও তাঁর হাদয়ের ছারা প্রভাবিত হয়েছিলেন। (ইংলতে হিউমের সঙ্গে কিছুকাল বাসও করেছিলেন)। Denis Diderot তাঁকে সাহিত্যজ্গতে প্রতিষ্ঠিত করতে যথেষ্ট সাহায্য করেছিলেন। এমন কি ক্লো য়য়্লন তাঁর লেখায় এঁদের ত্'জনকে মানসিক ব্যাধিগ্রন্ত বলেছেন তখনও তাঁরা তাঁর প্রতি শ্রমা হারাননি।

Denis Diderot (১৭১৩-৮৪) প্রথমে এনসাইক্লোপেডিন্ট হিসাবে লেখা ভক্ক করেন এবং এঁদের স্বধ্যে তিনি সর্বাপেকা তীক্ষ্মী ও পণ্ডিত ব্যক্তি। তাঁর লেখার মধ্যে তথ্যের অনেক পুস্প তিনি দিয়েছেন কিছু কোনটাই ফলপ্রস্থ হয়নি। মানব-জগতের অসাম্য নিয়ে তিনি প্রথম একটি প্রবন্ধ লেখেন এবং এই প্রবন্ধ থেকেই তিনি প্রথম প্রতিষ্ঠা অর্জন করেন। তিনি ক্লেশার মত দরিত্র ও কঠিন কঠোর পরিবেশে মাছ্ম। তাঁর চার্চে যোগ দেওয়ার কথা ছিল কিছু তিনি তা ছেড়ে ভবযুরে জীবন গ্রহণ করেন। শেষে এনসাইক্লোপিডিয়া লেখকরূপে সামায় কিছু রোজগার করতেন। তাঁর প্রবন্ধাদি সরকারের শুভদৃষ্টি লাভ করেনি কিছু পোছে তা ক্লান্সের বাইরে প্রকাশিত হয় এইজয়্প বাজেয়াপ্ত করাও হয়নি। তিনি Bayle-র ভত্তকেই আরও এগিয়ে দিয়েছেন। মাহুম যন্তেরই মত নীতি ও পারিপার্শিক চিন্তাধারা ও অবস্থার হারা নিয়ন্ত্রিত হয়—এই বান্তববাদ ১৯শ শতক পর্যন্ত চলে এবং মার্কস্বাদীগণ বলেন, তিনিই ঐতিহাসিক বস্তবাদের প্রথম চিন্তানায়ক। প্রকৃতপক্ষে Diderot ও ক্লোর তত্ত্ব ও তথ্যই পরবর্তী যুগের যান্ত্রিক উন্নতি, বির্বভ্রেন্যান, মানবতাবাদকে প্রতিষ্ঠিত করে এবং ধর্মের স্থানে শুক্ষ নীতিবাদের স্থান নির্বাচন করে।

Diderot নাট্যকার ও উপক্সাস-লেথক হিসাবেও প্রসিদ্ধ। তাঁর উপক্সাস La Religieuse (The Nun) একটি হিতকথামূলক কাহিনী। একটি দরিক্র বালিকার ইচ্ছার বিরুদ্ধে তাকে এই Nunery-তে যোগ দিতে বাধ্য করা হয়। এটি তারই বন্দীজীবন কাহিনী। এই উপক্সাসের বর্ণনাও গল্লাংশ স্থাভাবিক ও সভ্যাশ্রমী কিন্তু তথনকার দিনে এটা প্রকাশযোগ্য ছিল না, তাই তাঁর মৃত্যুর পরে প্রকাশিত কংলাপ উপক্সাস। এই সংলাপ রচনারীতি পরে একাশিত কংলাপ উপক্সাস। এই সংলাপ রচনারীতি পরে Landor প্রভৃতি গ্রহণ করেন এবং এখনও রেভিওতে ব্যবহৃত হয়। এই গ্রহে একটি প্রগতিবাদী যুবকের সঙ্গে পুরাতনপদী এক সিনিক সন্ধাতশিক্ষকের সংলাপের মধ্যে নৃতন ও পুরাতনের স্থাকে রূপ দিয়েছেন। তিনি নাটক সমালোচনাও করেছেন। তাঁর দৃষ্টি ছিল স্থানুপ্রপ্রসারী কিন্তু নিজের তত্ত্বকে প্রতিষ্ঠিত করবার শক্তি বা ইচ্ছা তাঁর ছিল না। তিনি বললেন, পুরাতন ইাজেডি

ক্ষেভির যুগ গভ, এখন বান্তবভার যুগ। চরিত্র ফুটে উঠবে সমাজের পরিপ্রেক্ষিতে কিছু ভার মধ্যে স্বষ্টু নীতিবাদ থাকার প্রয়োজন আছে। এটি তাঁর তত্ত্ব হলেও তাঁর নাটক এই তত্ত্বের সমান রক্ষা করেনি এবং তা যথেষ্ট সাফল্যও লাভ করেনি।

তার পরবর্তী যুগে Michel-Jean Sedaine-এর The Unconscious Philosopher মধ্যবিত্ত কাহিনী অবলম্বনে বন্ধবৃদ্ধের বিক্ষমে লেখা নাটক কিছুটা জনপ্রিয়তা লাভ করেছিল। Beaumarchais (১৭৩২-৯৯) কয়েকথানি হালকা নাটক লেখেন। Diderot-এর তথ্যাহ্যায়ী নীতিমূলক নাটক হলেও এগুলি প্রধানতঃ আনন্দদানের জন্তেই লেখা। তাঁর Le Barbier de Seville এবং Le Mariage de Figaro নাটক প্রসিদ্ধ।

রাজতন্ত্রের শেষ কয়েক বছরের মধ্যে যে কয়েকথানি উপন্তাস প্রকাশিত ছয়েছিল তার মধ্যে বৈজ্ঞানিক Bernardin de Saint-Pierre (১৭৯৭-১৮১৪)-এর লেখা Paul et Virginie প্রসিদ্ধ। এই উপক্যাসখানি ১৯শ শতকের মাঝামাঝি বাংলা ভার্নাকুলার সোদাইটি বারা রাজেক্রলাল মিত্রের সম্পাদনার 'পল ও বর্জিনিয়ার জীবনবুতাস্ত' নামে অনুদিত হয়। (২৪৯) Mauritius দ্বীপের इम्मद श्रकु जित्र मर्सा भन ७ डार्किनियात श्रामका हिनी तहनाय मरनामुक्षकत्र। শেষ সময়ে পলের চোথের সামনেই ভার্জিনিয়া জলে ভূবে মারা যায় এবং এই বিয়োগদশ্য পাঠকের চিত্তকে অভিভূত করে। Choderlos De Laclos (১৭৪১-১৮০৩)-এর লেখা Les Liaisons dangereuses আর একথানি প্রসিদ্ধ উপস্থাস, তথনকার অভিজাত ও মধ্যবিত্ত সম্প্রদায়ের চিন্তাধারার মধ্যে বিপ্লবপূর্ব যুগে যে পার্থক্য ও বিরোধিতা ঘনীভূত হ'য়ে উঠেছিল এটি তারই কাহিনী। এটি একটি ঘটনাপ্রধান নারীহরণের কাহিনী এবং কুশোর প্রকৃতিফুলর মানুষের বিপরীত ক্রমে মানবের হীন মনোবৃত্তির ছবি। লেখক সামরিক ব্যক্তি এবং এই কাহিনী বৌন আবেদন ও সামরিক তুর্বারত। নিয়েই ফুটে উঠেছে। তাঁর এই যৌন আবেদনমূলক কাহিনী বহুদিন পর্যন্ত প্রচুর জনপ্রিয়তা পেয়েছিল। চিত্তবিকারপ্রত Marquis de Sade (১৭৪০-১৮১৪)-এর লেখা কোন কোন উপক্রাস এই সময়ে প্রকাশিত হ'য়ে কতক পাঠকের মন জ্য় করেছিল। Andrè Chènier (১৭৬২-১৪) প্রথমে বিপ্লবকে মনে-প্রাণে গ্রহণ করেও পরে তার বিরুদ্ধতা করেন এবং জনগণের বিরাগভাজন হ'য়ে নিহত হন। তাঁর কবিতা প্রাচীন ধারার অফুকুতি, যদিও তা রোমাণ্টিকতা ও প্রতীকতাবর্জিত। কারাগারে তাঁর শেষ লেখা The Girl Prisoner কাব্যখানি অভুকৃতি ও আবেগের গভীরতায়, মানবভার মানে, ভীত মানব-মনের দরদী চিত্র।

रेठाली ३ जार्मानी

১৮শ শতকের ফরাসী সাহিত্য তথনকার ইংরাজী সাহিত্যের মত প্রচুর নয়, একথা সভ্য। ইংলতে তথন Richardson, Fielding, Pope, Sterme, Johnson, Gibbon এবং Cowper खत्म देश्त्राकी नाहित्छा नमृद्धि ও প্রাচুর্ব এনেছিলেন বটে কিছ ফরাসী সাহিত্যের ছই দিকপাল Diderot-ভবিশ্বৎ যুগের উপর যে প্রবল প্রভাব বিস্তার করেছিলেন এমন প্রভাব কেউই সৃষ্টি করতে পারেননি। মধ্যযুগীয় আর্ট ও সাহিত্যের যে আদর্শ টুকু তথনও বেঁচে ছিল তাঁরা उँटिक निः (भारत विकास करतन वर Diderot उँति देख्छानिक मृष्टि कि निष्य ফতেঁনেলের যুগের অবদান করেন। তিনিই বিংশ শতকের H. G. Wells প্রভৃতির বিজ্ঞানভিত্তিক সাহিত্যের পথিকং। ইউরোপের বাকি অংশে তথন কেবল নাটক ও নাট্যতত্ত্বর অফুশীলন হয়েছিল এবং ট্রাজেডি থেকে পূর্ণ কমেডিতে পৌছতে বছদিন কেটে গেছে। এই সময়ে লাটিন কমেডি থেকে নাটক অনেক উद्रिक्ति करत्रिक्त मत्म्बर निर्दे, कार्यं नाष्ट्री कार्यं मर्राप्तीय श्रहमन व्यटक নৃতনতর স্টির জন্ম সচেট হয়েছিলেন। মলিয়ের দেখিয়েছিলেন কমেডি কী ক'রে সভ্যকার নাটক ও শ্লেষে পরিণত হতে পারে এবং কী ক'রে একই সঙ্গে চরিত্র ও ঘটনার সমন্বয় হতে পারে। এই নৃতন নাটক প্রথমে বিন্তার্ক্ট লাভ করল ডেনমার্ক-এ। সেধানে তথনও নৃতন সাহিত্য কিছু গ'ড়ে ওঠেনি, বাইরের লাম্যমাণ অভিনেতারা মাঝে মাঝে এসে অভিনয় করতেন এই পর্যস্ত।

Ludwig Holberg (১৬৮৪-১৭৫৪) প্রথমে একটি ব্যঙ্কবিতায় খ্যাতি অর্জন করেন। পরে তিনি মলিয়েরের অন্তুসরণ করেন। লেখক ইংলও ও ফ্রান্স লমণ করেছিলেন এবং তালের সঙ্গে তুলনা ক'রে নিজের দেশের সাংস্কৃতিক হীন মানের কথা বেশ ব্যঙ্কের মাধ্যমে তাঁর দেশবাসীর সামনে উপস্থাপিত করতে চেয়েছিলেন। এই ব্যঙ্কে তিনি চামী জমিদার ধনী নির্ধন সকলকেই আক্রমণ করেছিলেন। তাঁর কল্পনা ছিল প্রথল কিন্তু নিজের বক্তব্যকে স্কুম্পটভাবে প্রকাশের ক্ষমতা তাঁর খুব বেশী ছিল না। তাঁর প্রট আবিদ্যারের ক্ষমতা ছিল অসাধারণ, তাঁর Hexerei (Witchcraft) নাটকে তিনি তাঁরই নাটকের পূর্বতন চরিত্রগুলিকে উপস্থিত ক'রে তালের মুথ দিয়ে তালের প্রতি অবিচারের কথা বলিয়েছেন। এই নাটকীয় বৈচিত্র্য পরে পিরাণ্ডেলোতে এসে পরিপুষ্ট হয়েছিল। কতকগুলি বান্তব চরিত্রও তাঁর Den Stundelse (Not a moment towaste) নাটকে স্থান পেয়েছে। নায়ক একসঙ্গে তিনটি কাজ করতে গিয়ে কোনটাই করতে পারেননি অথচ তাঁর অবসরও নেই। হলবার্গ খুব উচ্চাক্ষের নাট্যকার নয়, একথা সভ্য কিন্তু তিনি তাঁর দেশীয় সাহিত্যের জনক, একথা অবশ্রই স্বীকার্য।

পাশ্চান্ত্য দাহিত্য ধীরে ধীরে ডেনমার্কে প্রদারিত হওয়ার একশ' বছরের

মধ্যে তা আবার স্থাইডেন্স-এও গিয়ে পৌছেছিল। অক্সদিকে মলিয়েরের প্রভাব দক্ষিণে ইডালী-তেও এনে উপস্থিত হল। এই সময়ের প্রধান নাট্যকার Pietro Metastasio (১৯৯৮-১৭৮২) সাধারণতঃ অপেরার নাটকও গান লিখডেন এবং সেগুলি সবই কর্নেনী-রেসিনের প্রাচীন রীতিতে লিখিত হলেও ইউরোপে তাঁর এই গীতিনাট্যগুলি বেশ জনপ্রিয়তা লাভ করেছিল। ইডিমধ্যে ভেনিসে একটা থিয়েটার স্থাপিত হল এবং সক্ষে প্রতিভাশালী নাট্যকারগণ নৃতন নাটকের যুগ স্প্রতি করলেন। Tuscan ভাষা সাহিত্যের মর্যাদা নিয়ে উপস্থিত হল। মিলানের থিয়েটারে প্রধানতঃ প্রহুসন জাতীয় নাটকই তথন অভিনীত হত। কিছ ভেনিসের থিয়েটার নৃতন দৃষ্টিভিলি নিয়ে সত্যকার কমেডি স্পন্ত করল। Carlo Gozzi (১৭২০-১৮০৬) প্রথমে থিয়েটারে রূপকথার (fairy tales) প্রচলন করেন। তাঁর The Loves of the three Oranges, Turandot, The Magic Bird নাটকগুলি দার্শনিক হিতকথার (fables) নাটক, কথিত গছ ও পছে লিখিত। ভাষা কথনও Tuscan-এর অক্রমণ, বাহুবের বাল ও স্বপ্নের একটা মিশ্রণ। তিনি মনে-প্রাণ্ ছিলেন বাল লেথক এবং তাঁর ঘটনা এবং চরিত্র সবই বান্তবের সীমা লক্ষন ক'রে গেছে।

Carlo Goldoni (১৭০৬-১৩)-ও প্রথমে প্রহসন ও অপেরার গীতিনাট্য লিখতেন। উটিন মনে-প্রাণে অভিজ্ঞাত, ১৮শ শতকের বৈজ্ঞানিক যুক্তিবাদ তথা বৃদ্ধিগত চিন্তাধারার সমর্থক এবং অমুভূতির বাস্তবতায় বিশ্বাসী ছিলেন। তাঁর হাস্তরস সংযত ও শালীন এবং তিনি তথনকার ইতালীর স্টেক্সের ভাঁড়ামিকে তিরস্কার করেছেন। তিনিও মলিয়েরের রীতিকে গ্রহণ করেন। কল্পনা শক্তি ও গল্প আবিষ্কারে তিনি গুরুর সমকক্ষ কিন্তু বীক্ষণ শক্তি ও রস্ফটিতে তাঁর মত শক্তিশালী নন। Goldoni হলবার্গের মত চমংকার উদ্ভাবনী শক্তির অধিকারী। তাঁর মত তাঁরই পূর্বতন নাটকের চরিত্র পরবর্তী নাটকে মহলা দিয়েছে, এবং সেই সঙ্গে রক্ষাঞ্চের তুর্নীতি, ব্যক্তিগত বিরোধ, অশালীনতা ও নীতির অভাবকে ভীবভাবে বাস করেছে ৷ তাঁর La Locandiera (The Hostess of the Inn) চরিত্র অপেক্ষা সরাইখানা এবং La Bottega del Caffécos চরিত্র অপেকা কাফি-ঘর বেশী প্রাধান্ত পেয়েছে। তাঁর এই স্থান বর্ণনার মাঝে সমস্ত ভেনিসের ছবি ফুটে উঠেছে। Gozzi ও Goldoni উভয়েই প্রতিভাশালী নাট্যকার এবং হুইজনেই বুঝতে পারেন রঙ্গমঞ্চের ক্ষমতা সীমিত। Gozzi দার্শনিক তত্ত্ব নিয়ে লিখতেন কিন্তু তাকে ফুটিয়ে তুলবার মত অভিনেতা ছিল না। Goldoni-কেও অভিনেতা ও অপরিণত দর্শকের দিকে তাকিয়ে লিখতে হত, তাই সত্যকার নাটক ভিনি লিখতে পারেননি।

Metastasio-র কাল্পনিক অপ্নময় জগতকে ভেকে দিয়ে রোমান্টিকদের অগ্রদ্ত বিজ্ঞোহী নাট্যকার Vittorio Alfieri (১৭৪৯-১৮০০) গ্রীক প্রাণ অবলম্বনে ২২ থানা ট্রাজেডি লেখেন। ভার মধ্যে Filippo নাটকে বর্তমান রাজনৈতিক দৃষ্টি নিয়ে অতীত ইতিহাসকে ব্যাখ্যা করা হয়েছে। নাটকের নামক Don Carlos চরিত্রে অত্যাচারের বিরুদ্ধে একটা সংগ্রামের স্থর ধ্বনিত হয়েছে এবং নির্দোব ব্যক্তি অত্যাচারিত হ'য়ে শহিল হয়েছে। এই নাটকগুলির গণতাম্বিক চিস্তাখারা বিশেষভাবে লক্ষণীয়। তাঁর সর্বাপেক্ষা উল্লেখযোগ্য গ্রন্থ তাঁর আত্মচরিত। তিনি রাশিয়া এবং ইংলগু অমণ করেছিলেন। শেষ বয়সে জনৈকা তক্ষণী পরজীর সক্ষে জীবন যাপন করেন। মৃত্যুর পরে তাঁর আত্মজীবনী প্রকাশিন্ত হয় এবং এইটি তাঁর লেষ্ঠ স্থপাঠ্য রচনা। তাঁর শিশ্য Vincenzo Monti (১৭৫৪-১৮২৮) গুরুর মত সাফল্য অর্জন করতে পারেননি। তাঁর রাজনৈতিক মতবাদের কোন ছিরতা ছিল না, তিনি একবার নেপোলিয়ন এবং পরক্ষণেই অন্ট্রীয়ার রাজার গুণগান করেছেন। মিন্টন, লান্তে, প্রসিয়ান, শেক্ষপীয়ার পর্যায়ক্ষমে তাঁকে প্রভাবান্থিত করেছে। তাঁর অস্তর ছিল রোমান্টিক কিন্তু শিক্ষায় ছিলেন তার বিপরীত—এই ব্যাপারে তিনি নেপোলিয়ন মুগের প্রতিনিধি বলা যায়।

এই সময়ের কবি Giuseppe Parini (১৭২৯-৯৯) তাঁর কবিতায় তৎকালীন অভিজাতদের অশালীনতাকে ব্যঙ্গ ক'রে খ্যাতি অর্জন করেন। তিনি প্রাচীন সাহিত্য ও কবিতার অন্তরাগী ছিলেন। তাঁর বয়:কনিষ্ঠ Chénier এই যুগের অক্তব শ্রেষ্ঠ কবি না হলেও তাঁকেই যুগের উল্লেখযোগ্য কবি বলা যায়ু।

১৮শ শতকের স্প্রানিশ সাহিত্য ফরাসী সাহিত্যের অন্তর্কতি মাত্র। ফরাসী সাহিত্য প্রভাবিত অধ্যাত কবি যার। এই সময়ে লিথে কিছু প্রতিষ্ঠা লাভ করে-ছিলেন তাঁরা আর বেঁচে নেই। কেবলমাত্র Luis de Leon-এর লেখা কিছুটা যুগের স্বতিচিহ্নরপে রয়ে গেছে। একমাত্র কবি Nicolàs Fernàndez de Morati'n (১৭৩৭-৮০)-র লেখা বাঁড়ের যুদ্ধের উপর তুই-চরিটি কবিতা বিধ্যাত হ'রে আছে।

এই সময়ের ছইখানি গছ গ্রন্থ মাত্র আজও বৈঙে আছে। এ ছ'টিও পিকারো ধর্মী। মধ্যবিত্ত একটি ব্বকের জীবনের সংগ্রামই এর কাহিনী। প্রথমটি Diego de Torres Villaroel (১৬৯৬-১৭৭০)-এর আআজীবনী। এই তরুণ প্রথম ভেষজ ঔষধ বিক্রন্থ করত, কিছুদিন বুলফাইট করে, পরে সালামানকা বিশ্বিভালয়ে অঙ্কের অধ্যাপক হয়। তথন অঙ্কশাল্প ও জ্যোতির্বিজ্ঞান প্রায় সমার্থবাধক ছিল। তাঁর রচনায় শ্রেণী-সচেতনতা ও আক্রমণাত্মক রীতি নিয়েই নিজের কাহিনী লিখেছেন, দর্শনের দিক খেকে তিনি ক্লোর মতই। দিতীয়থানি History of the Famous Preacher, Brother Gerundio de Campazas José Francisco de Isla (১৭০৬-৮১)-র লেখা। এই গ্রন্থে তথনকার কনভেন্ট-এর জীবনের বাত্মব বর্ণনা ঐতিহাসিক হ'য়ে রয়েছে, এবং তার মধ্যে একজন সত্যকার ধর্মাজকের চরিত্র ফুটে উঠেছে। তিনি তথনকার কবিতায় ধর্মীয় বক্তৃতা করবার বীতিকে তীর ব্যক্ষ ক'রে কারভেনটিল মধ্যযুদীয় বীরস্ককে যেমন হাত্মকর করেছিলেন, ডেমনিই হাত্মকর ক'রে দিয়েছিলেন।

১৮শ শতকে স্পেনের শ্রেষ্ঠ নাট্যকার Leandro Fernandez de Morati'n (১৭৬০-১৮২৮)। ইনি প্রথম স্থামলেটের অত্বাদ করেন এবং মলিয়েরের অফুকরণে কতকগুলি নাটক লেখেন। বছ দেশ-ভ্রমণের অভিজ্ঞতা তাঁর ছিল এবং শেষ জীবনে বোঁৰ্দোতে নিৰ্বাদিত অবস্থায় দেহত্যাগ করেন। প্রথমে কবিতাও পরে গল্পে নাটক লেথেন। স্পেনের নাটকে গন্থ সংযোজন এই প্রথম। যৌবন ও বার্ধক্যের দৃষ্টিভঙ্কির সংঘাত তাঁর নাটকের উপজীব্য এবং এইটাই তাঁর সব লেখায় মান্দিক মূলাদোষের মত দেখা দিয়েছে। The Old Man and the Girl (El Viejo y là nina) নাটকে বুদ্ধের তরুণী ভার্বা এবং বুদ্ধকে ত্যাগ করার মধ্যে যে बन्द अवर El Si de las ninus (The Young girl's 'Yes') नाटिएक अक बुद्ध পিতৃব্য এবং তাঁর তরুণ ভাতৃপুত্তের একই তরুণীকে ভালবাসা এবং তরুণীর লাভুপুত্রকে গ্রহণ করার মধ্যে যে মনস্তত্ব রয়েছে তার সবই মলিয়েরের অহকৃতি, কিছ চরিত্র, ঘটনা-বিক্তাস ও মনস্তাত্ত্বিক বিশ্লেষণের মধ্যে তাঁর স্বকীয় প্রতিভার পরিচয় রয়ে গেছে। তাঁর El Barón নাটকে প্রতারক ব্যারন এবং প্রভূত্বপ্রিয় বিধবা Monica-র চরিত্র মলিয়েরের চরিত্রসৃষ্টি থেকে অনেক উচ্চাঙ্গের। তাঁর স্ষ্টের সঙ্গে গোল্ডশ্বিথ, সেরিডন, মারিভোঁ ও গোলাদনির (Goldoni Carlo) ভুলনা করা যায়। তাঁকে মলিয়েরের শিশ্ত না ব'লে বরং ইব্সেনের অগ্রদুত বলা ষায়। তিনি তুই পুরুষের মানসিকভার সংঘাত উপলবিই করেননি, তাকে মনস্তাত্ত্বিক বিশ্লেষণে স্থন্দরভাবে প্রকাশ করেছেন। ইংলও ব্যতীত অন্তান্ত দেশের নাটকের মত তিনি স্থান-কাল প্রভৃতির একত্ব মেনে চলেছিলেন। কিন্তু এই শৃঙ্খল থেকে ইউরোপকে সত্যকার মৃক্তি দেয় শেক্ষপীয়র-প্রভাবিত জার্মানী। Lessing এবং পরবর্তী Sturm und Drang (Storm and Stress) ধর্মী নাটক থেকেই ইউরোপীয় নাটক এই একত্বের কবল থেকে মৃক্ত হ'য়ে স্বাধীন হয়।

১৮শ শতকের প্রথম ভাগে ফরাসী সংস্কৃতি ও সাহিত্য পূর্ণমাত্রায় জার্মানীকে প্রভাবিত করেছিল। দেশীয় ভাষা তথন প্রকৃত সাহিত্য স্কৃষ্টর উপযোগী ছিল না। শিক্ষিত ব্যক্তি আলোচনা ও রচনা করতেন লাটিন ভাষায়। জার্মান ভাষায় প্রথম বিশ্ববিষ্ঠালয়ে বক্তৃতা দেওয়া হয় ১৬৮৭ সালে। Johann Christoph Gottsched (১৭০০-৬১) এই সময়ের শ্রেষ্ঠ সাহিত্যিক। তিনিই প্রথম জার্মান একাডেমি স্কৃষ্ট করেন এবং দেশবাসীকে মধ্যযুগীয় জার্মান সাহিত্য সম্বন্ধে সচেতন করেন। তার মাধ্যমেই ফরাসী প্রভাষ জার্মানীতে ভালভাবে প্রতিষ্ঠিত হয়। এই সময়ের Christian Fürchtegott Gellert (১৭১৫-৬৯)-এর লেখা হিত্কথা (fables) গুলি প্রকৃত সাহিত্যধর্মী ও স্কুখপাঠ্য। রিচার্ডসনের অমুকরণে একটি উপস্থান এবং পত্রপত্রিকায় কিছু কিছু ইংরাজী স্পেক্টেটর ও ট্যটলায়-এর অমুকরণে লিখেছিলেন।

Leibnitz থেকেই যুক্তিবাদী দর্শন ও চিন্তাধারা জার্মানীতে বেশ দানা বেঁথে উঠেছিল। তাঁর আশাবাদী দর্শনকে ফুলো তাঁর Candide-এ বাদ করেছিলেন। স্থান কৰেন। এবং মিন্টনকে কল্পনার প্রতিনিধি জ্ঞান ক'রে Paradise Lost অন্থবাদ করেন। এবং মিন্টনকে কল্পনার প্রতিনিধি জ্ঞান ক'রে Paradise Lost অন্থবাদ করেন। নবালোক (Aufklarung) যুগের প্রারম্ভেই জার্মানীতে বাধাপ্রাপ্ত হয়, বিশেষতঃ ইংরাজী ভক্তদের ঘারা। Herder এবং Goethe-র মধ্যেই এই জয় সম্পূর্ণ হয়। জার্মানীর প্রথম উল্লেখযোগ্য কবি Friedrich Gottlieb Klopstock (১৭২৪-১৮০৬) তিনি মিন্টনের অন্থকারী। তার এপিক কাব্য Der Messias-র মধ্যে জার্মান জাতির দেশপ্রেম এবং পূর্বপুক্ষের পোরুষ ও গৌরবকে জাতির সামনে আদর্শ হিসাবে প্রতিভাত করেন, যার প্রভাব পরে হিটলার যুগ পর্বস্ত পরিব্যাপ্ত। তাঁর কল্পনা ও ঘটনা-বিক্যাস অসমঞ্জস নম্ম এবং ভাষার দিক থেকেও তিনি সম্পূর্ণ নন। তাঁর সম্বন্ধে Lessing বলেন, "So full of feeling that the reader feels nothing at all." (২৫০) কিন্তু তাঁর জাতীয়তাবাদ ও স্বদেশপ্রেম জার্মান জাতিকে উদ্বন্ধ করেছিল।

পক্ষান্তরে Gottfried Ephraim Lessing (১৭২৯-৮১) সংযত এবং वृष्टिनीश क्रि अङ्गा नाग्रेगारवत क्रमा जाँव हिन ना। जिनि Leipzig विश्वविष्णानाय शार्र (भव क'रत वार्नितन मारवापिक हिमाद कीवन व्यात्रस करवन व्यवः কতকগুলি পত্তে জার্মানীর পল্লাগীতির দিকে সাধারণের দৃষ্টি আকর্ষণ করেন। তিনিই প্রথম শেক্সপীয়রকে আদর্শ নাট্যকার হিসাবে বর্ণনা করেন এবং কর্নেলীর নাটক থেকেও পুরাতন ভাষ্যমাণ দলের নাটক যে জার্মানীর বেশী নিকট আত্মীয় একথা প্রচার করেন। পরে একে একে ভলটেয়ার, ড্রাইডেন ও Diderot এর লেখার অমুরক্ত হন এবং তাঁর রচনায় এ দের জীবন-দর্শনের প্রভাব বিস্থার লাভ করে। তিনি কতকগুলি হালকা কমেডি অমুবাদ করেন। সাধারণ জীবনের বিফলতা নিয়ে George Lello's বিখ্যাত London Merchant এর অফুকরণে এবং Diderot-এর স্বাদর্শে Miss Sara Sampson নাটক লেখেন। একটি প্রিত্ত কুমারী কী ক'রে উচ্চুম্বল অসং একটি লোকের বারা নট হল তারই কাহিনী এই নাটক। এখানি যদিও উচ্চাদের নাটক নয় তবুও জার্মান জনসাধারণকে তাই মৃত্ कत्रन। शत्रवर्षी नार्षेक Minna Von Barnhelm। जरकानीन खार्यानीत এক দৈনিক নায়ক ও অন্দরী এক নায়িকার কাহিনী। তাদের তুই চাকরই এই নাটকের হাস্তরসের থোরাক। এই ভূত্য ছুইটির পরিহাস ও ব্যঙ্গ বাদ দিলে এটিকে চরিত্রপ্রধান নাটক বলা যায়। Diderot हालका প্রহসনকে মূল্য দেননি এবং Lessing-এর প্রিয় নাট্যকার তথন ছিল ইংরাজ নাট্যকার Farquhar; কিছ তা হলেও তাঁর Minna শত বংসরের যুদ্ধান্তে জার্মানীর প্রকৃত চিতা।

তাঁর স্বাপেক্ষা জনপ্রিয় ও প্রতিভাশালী স্বষ্ট Laokoon. এই গ্রন্থে তিনি বিভিন্ন পরিপ্রেক্ষিতে আর্টের সীমা নির্দেশ করেছেন। তিনি বলতে চেয়েছেন

^{(&}lt; • •) Ibid.—Cohen—p. 225.

কবিতার বর্ণনা থেকে ঘটনার প্রাধান্ত থাকাই উচিত। এই মতবাদ নবালোক বুগের কতিলাধন করলেও Sturm und Drang যুগের পথকে পরিষার ক'রে দের। তাঁর যুক্তি স্থন্দর কিন্তু মন্তব্য গ্রহণীয় নয়। প্রাশিষার রাজা তথন ভলতেয়ার ঘারা প্রভাবিত তাই লেসিং তাঁর কাছে কোন সমর্থন না পেয়ে হামবুর্গে চলে যান। সেথানে তিনি স্তাশনাল থিয়েটারে অভিনীত নাটকের সমালোচনা করেন। এই নাটক সমালোচনায় তাঁর আলোচ্য অ্যারিস্টটলেরই পুনরাবৃত্তি হ'য়ে দাড়ায়—নাটকীয় হংখের মধ্য দিয়ে যে অমুভৃতি দর্শকহাদয়ে উপস্থিত হয় তাই মানব-হাদয়কে বিকশিত করে এবং তাই আদর্শ। তিনি ফরাসী আদর্শকে (কর্নেলী থেকে ভলতেয়ার পর্যন্ত) নস্তাৎ ক'রে দেন এবং স্থান-কালাদির একত্বকেও অস্থীকার করেন।

তাঁর পরবর্তী নাটক Emilia Galotti-র মধ্যে নায়িকার জীবনে প্রেম ও সম্মানের ঘল্ব সৃষ্টি হয়েছে। নাটকীয় রীতি প্রাচীনধর্মী। লেসিং-এর বাকি জীবন মিরাক্ল সম্বন্ধে তথ্য সংগ্রহ ও রচনা নিয়েই কেটেছে। এদিক দিয়ে তিনি সম্পূর্ণ ক্রিবাদী কিন্তু তাঁর যুক্তিবাদ Duke of Burnswick-এর চেষ্টায় নির্ত্ত হয়, কারণ তিনি তাঁরই সভায় গ্রন্থাগারিক হিসাবে নিযুক্ত ছিলেন। তার পরেও তাঁকে নাটক লিখতে হয়। মহৎ একটি ইছদী চরিত্র (Nathan der Weise—Nathan the Wise) নিয়ে, প্রাচ্য পটভূমিকায়, ফরাসী রীতিতে এবং জার্মান ভাষায় প্রথম অমিত্রাক্ষর ছন্দে এই নাটক লিখিত হয়। নাটকটি দার্শনিক তত্ত্বের দিক থেকে মূল্যবান, এবং বিদেশী নাট্যকারদের প্রভাব বর্জিত। মানবভাধর্মী এই নাটক তাঁর প্রকৃত মৌলিক সৃষ্টি।

শেক্ষপীয়বের নাটক প্রথম জার্মান গতে অস্থ্যাদ করেন প্রতিভাধর লেখক Christoph Martin Wieland (১৭৩৩-১৮১৩)। তাঁর স্থন্দর শক্তিশালী ভাষা বছ যুগ ধ'রে জার্মানীর আদর্শ ভাষারপে গণ্য হয়েছে। তিনিই প্রথম Bildung-sroman উপন্তাস বা ভাববাদী (Novel of Ideas) উপন্তাসের প্রবর্তক। এই জাতীয় উপন্তাস আজও জার্মান সাহিত্যকে সমগ্র ইউরোপের সাহিত্য থেকে পৃথক ক'রে রেখেছে। Agathon উপন্তাস তাঁর নায়কের জীবনের শিক্ষায় শিক্ষালাভ করার কাহিনী। এর পউভূমি কল্লিভ এক গ্রাম এবং লিখনশৈলী ও রীতি Richardson-এর অস্কৃতি। পরে তিনি ফরাসী লেখক Sterne-এর ছারা প্রভাবিত হ'য়ে গ্রীক গল্পকে চরিত্র স্পৃষ্ট ও হান্তরসের মাধ্যমে বর্ণনা করেন। তাঁর Oberon কল্পনাবিলাসী এপিক, চসারের Merchant's Tale এবং Midsummer Night's Dream-এর সংমিশ্রণে রচিত এক অভিনব আদর্শবাদী প্রয়াস। মৌলিক স্পৃষ্টিই তাঁর প্রকৃত মূল্য নয়, তিনিই জার্মান সাহিত্যে প্রথম ইউরোপীয় সাহিত্যের সমন্বন্ধ করেন। সাংবাদিক হিসাবেও তিনি বিভিন্ন দেশের চিন্তাধারার সঙ্গে পরিচিত ক'রে কেন। তাঁর বর্ণনা ও ভাষার সৌন্ধর্ম অপূর্ব এবং এই জসাধারণত্বের জন্মই তাঁর

রচনা ইউরোপীয় অক্সান্ত ভাষায় অন্দিত হয় এবং তাঁর দানেই জার্যান সাহিত্য ইউরোপে পরিচিতি লাভ করে।

Göttingen-এর অধ্যাপক Georg Christoph Lichtenberg (১৭৪২-৯৯) স্টার্নের প্রভাবেই: লিখতে আরম্ভ করেন। কথিত আছে, ইনি ইংলণ্ডে
গিরেছিলেন জার্মান ভাষার লেখা শিখতে। তাঁর ভাষা তীক্ষ্ণ, ব্যঙ্গপূর্ণ, স্থলর, ভাষ
ও ভাষার সমতায় এবং শক্ষবিস্থাসে তিনি অনক্রসাধারণ। তিনি তথনকার
ইউরোপীয় বৃক্তিবাদের বিরোধী ছিলেন। তিনি Blake-এর অফুগামীরূপে নিজের
অফুভ্তিকেই লেখার মূলধন ব'লে গ্রহণ করেছিলেন। তাঁর He ran a little
darkness Shop-এ তথনকার মিস্ট্রি সন্ধানীদের মনোবৃত্তিকে তীত্র ব্যক্ষ করেন।

যাই হোক, নবালোকের যুগ বেশী দিন স্থায়ী হল না। ক্লোর খ্যাতি ভখন সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়েছে। ১৭৭০ সালে যখন Goethe এবং Herder ত্জনে Strasbourg-এ মিলিভ হলেন এবং Kant ও Köningsberg এসে অধ্যাপক হলেন তখন খেকেই লেসিং-এর Diderot স্থতি খেকে যে আন্দোলন মন্দীভূত হ'য়ে এসেছিল তার অবক্ষয় হল এবং জার্মান সাহিত্যে সভ্যকার মৌলিক স্ষ্টি আরম্ভ হল।

Johann Gottfried Herder (১৭৪৪-১৮০৩) প্রথম এই নৃতন হারকে বঙ্গত ক'রে তুললেন। তাঁর লেখা কোন সমাপ্ত গ্রন্থ নেই, তথাপি তাঁর প্রভাব পরবর্তী লেখক গণের মধ্যে প্রচর এবং প্রবল, বিশেষতঃ গ্যেটের মধ্যে । গ্যেটে প্রথমে তারই উপগ্রহরূপে অবস্থান করেছিলেন, পরে তাঁর খ্যাতি হরণ ক'রে সারা ইউরোপে খ্যাতিমান হ'মে ওঠেন। তিনি প্রোটেন্ট্যান্ট ছিলেন। তরুণ বয়সে তিনি যুক্তিবাদ विद्राधी अधानक Johann Georg Hamann (> १७०-৮৮) এর নিকট শিকা লাভ করেন এবং তাঁরই প্রেরণায় Jakob Boehme-এর মিন্টিক ভাবের সঙ্গে পরিচিত হন কিছ তিনি নিজে মিটিক ছিলেন না। বরং সেই সময়ের Diderot বলা যায়। তিনি মুল্যবান তত্ত্ব ও তথ্য প্রচার ক'রে অক্তকে তা সম্পূর্ণ করতে দিয়ে গিয়েছেন। লেসিং স্থান-কালাদির একছকে অস্বীকার করেছিলেন কিছ তিনি পুরাতন ও নতুনকে এক বিবর্তনবাদমূলক তত্ত্ব দিয়ে বেঁধে সকল তত্ত্বের সমন্তব করলেন। তিনি ফরাসী-বিরোধী ছিলেন, Diderot-এর মধ্যে কোন গুণ খুঁজে পাননি বরং শেক্ষপীয়রের অফুরাগী ছিলেন এবং তাঁর সম্বন্ধে লিখেছেনও প্রচুর। সব জাতির পুরানো পরীগীতি ও গীতি-काहिनीरक जिनि मः शह क'रत श्रकान करत्र हिलन। এই मः श्रह जिनि MacPherson-এর Ossian, হোমর ও শেক্সপীয়রের নির্বাচিত কবিভাকে স্থান দেন। ১৮শ শতকের প্রিয় ভার্জিল অপেকা তিনি হোমরকে বড় মনে করতেন। রূপোর প্রকৃতিপ্রীতিও তাঁকে মুগ্ধ করেছিল। প্রকৃতি অর্থে তিনি ব্রদ্যায়ভূতি বুরেছিলেন ব'লে ব্রন্থকেট সর্বোচ্চ আসন দিয়েছেন। কবিকে তিনি ভগবানপ্রেরিত ক্সন্তরের এটা ব'লে মনে করতেন, তাই বাফ প্রকাশের অন্তরালে তিনি কবির প্রকৃত শ্রষ্টা श्रीप्रत्म भू कार्यन । स्रामृतीय श्रेशावनीर हिन ठाँव कारह सर्व्युणिय पूत्र व्यवस्थित

ভাবে তিনি রোমাণ্টিসিজমের যুগের পথ উন্মুক্ত ক'রে দেন। অর্থাৎ যুক্তিভিত্তিক নীতিবাদ থেকে অহুভৃতিভিত্তিক নীতিবাদ যে বেশী সং ও সত্য এই বিশ্বাস থেকেই রোমাণ্টিসিজমের স্থচনা।

এই অস্কৃতি-প্রাধান্তের অব্যবহিত ফল হলো লিরিক কবিতার স্টি। বিশ্ববিদ্যালয় শহর Göttingen থেকে Musenalmanach (The Muses' Almanack) নামে একটি সামরিক পত্রিকা বেরুত। এ শহরটি হ্যানোভারে অবস্থিত ব'লে এখান থেকে ইংরাজী সাহিত্যের প্রভাব বিন্তার শুরু হয়। এই পত্রিকায় বহু লিরিক কবিতা প্রকাশিত হয়েছিল। তখনকার গীতি-কবি হিসাবে Johann Christian Günther (১৬৯২-১৭২৩) প্রখ্যাত। ইনি কবি হিসাবে শক্তিশালী কিছু তাঁর ব্যক্তিগত জীবনে বিফল প্রেমের হুংখবাদ তাঁর কবিতাকে অনেক স্থলেই পঙ্গু ক'রে রেখেছে। তাঁর জীবনও তিনি নানা হুংখে অতিবাহিত করেছেন। তাঁর কবিতার আরম্ভ অনেক ক্ষেত্রেই উত্তপ্ত, শক্তিময়, মাঝে মাঝে হুই চারিটি ছত্র ও শুবক উজ্জ্বল ও চমৎকার কিছু সমগ্র কবিতায় এই সাম্য রক্ষিত হয়নি।

এই সাম্মিক পজিকার কবিগোটার মধ্যে Günther-এর মত শক্তিশালী কবি কেউ ছিলেন না। তবে তাঁর মধ্যে Matthias Claudius (১৭৪০-১৮১৫) প্রাস্থান উত্তর সাম্রিত -কবিতাগুলি সেই যুগের কবি ও পরবভী যুগের baroque (ক্ষেছাচারী) কবিগণের সংযোগ করে। তাঁর Der Tod und das Madchen (Death and the Maiden) পরবর্তী প্রখ্যাত কবি Schubert-এর ভাষা জুগিয়েছিল। Ludwig Hölty (১৭৪৮-৭৬)-এর কবিতা আঙ্গিকের দিক থেকে ক্ষম্মর। Gottfried August Bürger (১৭৪৭-১৪) নাটকীয় গীতিকাব্য রচনা করেন। তাঁরই Lenore গীতিকাব্য স্কট ও পরে রসেটি ইংরাজীতে অনুবাদ করেছিলেন। তাঁর রচনার ঘারা উৎসাহিত হ'ষেই Robert Southey মধ্যযুগীয় প্রীপীতিকাহিনী রচনা করেন।

কশোর প্রভাবে, হার্ডারের তত্ত্বের আদর্শে এবং Diderot-এর অমুকরণে জার্মানীর নবালোকের যুগের অবক্ষয় শুরু হয় এবং Sturm und Drang-এর যুগ শুরু হয়। যে নাটক থেকে এই Sturm und Drang নামটির উৎপত্তি সেটি একটি অল্পথাত লেখকের লেখা। F. M. Von Klinger (১৭৫২-১৮৩১) নামে এক গ্যেটের অমুরক্ত দরিক্র তরুণ সামরিক জীবন গ্রহণ ক'রে রাশিয়ার সৈক্তদলে জীবন সমাপ্ত করেন। তাঁর নাটক Der Wirrwarr oder Sturm und Drang (The Shinedy or Storm and Stress) আতিশয়পূর্ণ অতির জভ উত্তেজনাপূর্ণ একথানি নাটক। এই গোষ্ঠাভুক্ত J. M. Lenz (১৭৫১-৯২) তাঁর থেকেও শক্তিশালী ও সাম্যভারহীন লেখক। গ্যেটে তাঁকে সাহিত্যক্ষেত্রে উত্তার সঙ্গে তুলনা করেছেন। তিনি ট্রাজেডি ও কমেডিকে শ্বিশিয়ে ছোট ছোট দৃশ্যে বর্তমান সিনেমার চিত্তনাট্য ভদিতে নাটক লিখেছিলেন। এই কাহিনী ও রচনা অনেকটা

উপক্তাসের কাছাকাছি। এই Sturm und Drang-এর যুগের নাটকই একটা অবদান নয়, কিন্তু এই অতি নাটকীয় নাটকের প্রভাৰই গ্যেটে ও শিলারের যুগের পথকে চিহ্নিত ক'রে রেখে গেছে।

Johann Wolfgang Von Goethe (১৭৪৯-১৮০২) প্রথম তথনকার ক্র প্যারি Liepzig-এ শিক্ষার্থে যান এবং নবালোকের চিন্তাধারার প্রভাবান্থিত হন। তাঁর প্রথম লেখার ব্যক্তিগত জীবনের ছারা তথনকার যুক্তিযুগের চাহিদার জক্ষম ব'লে প্রতিপন্ন হয়। একুশ বছর ব্যসে একটা বড় জন্ত্থ এবং তার সন্দেউডেজনাপূর্ণ এক নারী-ঘটিত ব্যাপারের পরে তিনি Strasbourg-এ যান। সেধানে তিনি প্রথম Herter বারা প্রভাবিত হন এবং পরে তাঁর হারা Klinger এবং Lenz প্রভাবিত হন। লিপজিগ থেকে দ্রাসবুর্গ যাওয়ার মধ্য সময়ে তিনি যুক্তিবাদী Boehme-এর সন্দেপরিচিত হয়েছিলেন। Boehme বিশাস করতেন বৈজ্ঞানিক প্রক্রিয়ার আত্মার পরিবর্তন সাধন সম্ভব। এই পরীক্ষা-নিরীক্ষার প্রভাব তাঁর জীবনে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি এনে দেয়। স্ট্রাসবুর্গে তিনি শেক্সপীয়র এবং গোল্ডস্মিথের Vicar of Wakefield-এর সন্দে পরিচিত হন এবং তাঁর কাছে মনে হয় এইই জার্মান সাহিত্যের প্রকৃত ভোতক। ১৭৭০ সালের পর তাঁর মনের এবং ধর্ম-বিশাসের পরিবর্তন ঘটে। তিনি তথন বিশ্বাস করেন স্ক্রেরের উপলব্ধি প্রতিভাব প্রক্রির অতীত, অম্ভূতি ও আবেগ যুক্তির থেকে বড়।

তাঁর কবিতার ভাব ও ভাষা অল্পদিনেই পূর্ণতা লাভ করল। তিনি তথন একথানি নতন নাটক লিখলেন—Gotz Von Berlichingen। এটি দ্যার্মছাং নাটক। নাটকের নায়ক এক বীর দহা; এই নাটকে তিনি সমাজের বিক্তম প্রতিভার সংগ্রামকে চিত্রিত করেন। এই নাটকের মাধ্যমে রুশোর সমাজ আক্রমণ ও উগ্র জাতীয়তাবাদ জার্মানীতে মূর্ত হ'য়ে ওঠে। তাঁর নাটক শেক্সপীয়রের ঐতিহাসিক নাটকের অমুকরণে ও আদর্শে লিথিত। শেক্সপীয়রের মত তিনিও জ্বত দশ্র পরিবর্তন করেছেন এবং তৃতীয় আছে উনিশটি দৃশ্র পরিবর্তন করেছেন। এই সময়েই তিনি Dr. Faust লিখতে আরম্ভ করেন। ফাউস্টের কাহিনী পুরাতন, Marlow থেকে Lessing পর্যন্ত এর কাহিনী নিয়ে লেখা হয়েছে কিন্তু গ্যেটের ফাউস্টে রক্তমাংসের জীবন ও আত্মিক জীবনের সংঘাতই তাকে পূর্ণতা দিয়েছে। গ্যেটের ধারণা ছিল ভালবাসা ও প্রবঞ্চনা সমার্থক, স্বরাম্মভৃতি ও আত্মার মিলনের সঙ্গে কোন সম্পর্ক নেই। এই বিশ্বাদের বশে তিনি একটির পর একটি নারীকে ভাষা করেছেন এবং পরক্ষণেই উপলব্ধি করেছেন তাকে তিনি জীবনে চামনি। কিন্তু এই জৈবাবেগের নেশায় মাছষ কেবল ছঃখই পায়, ছঃখ বড় ছ'য়ে ওঠে, অস্ততঃ य्गत्नत अक्षानत कीवतन। त्यमन धानमिनी Gretchen-अत कीवतन इत्यक्ति। আত্মজীবনীর এই অংশই ডিনি তাঁর বিশ্ববিধ্যাত উপস্থাস Werther-এ দেখিয়েছেন। এথানি তাঁরই জীবনের এক আবেগময় অধ্যায়। (২৫১) তাঁর

⁽২০১) সমারসেট মনের Point of Viewতে এর বিস্তৃত ও সুন্দর বিলেবণ পাওরা বার।

কোন বন্ধুর প্রণমিনী ও ভাবী স্ত্রী Charlotte Buff-এর প্রতি তাঁর অবৌজিক প্রেম এবং তার সঙ্গে মিশে আছে তারই অক্ত এক বন্ধুর ঘটনা। তাঁর এই বন্ধুটি এক বিবাহিতা মহিলার প্রতি প্রণমে ব্যর্থ হ'য়ে আত্মহত্যা করেন। রিচার্ডসন ও কশোর অন্ত্রকরণে প্রোলাপের রীভিতে লেখা তাঁর এই উপস্থাস। তার মধ্যে Charlotte-র লেখা ক্ষেক্থানি স্ত্যকার প্রত্যন্ত স্থান পেয়েছে।

Gotz নাটকের উগ্র জাতীয়তাবাদী কাহিনী তাকে জার্মানদের কাছে জনপ্রিয় করেছিল এবং তাঁর Werther তাঁকে সমস্ত ইউরোপে পরিচিত ও প্রথাত করে ছিল। কিছু মহাদেশের পাঠক তথন তাঁকে ঠিকভাবে গ্রহণ করেনি, তাঁর নায়কের कन्न ट्रांशित कन ट्रिलट्ड, এবং আত্মহত্যাকে क्रिवाद्यात्रत व्यवश्चावी এবং মহৎ পরিণতি ব'লে মনে করেছে। অহংপূর্ণ ব্যক্তিম্বাভম্ব্য এবং আত্মাহুরাগকে ইউরোপ ज्यन वन्ती मानवजात नाश्ना व'तन जून करत्रित धवर मिहरिटे ज्यन हन्छि धातना ছিল। কিন্তু তাঁর উপত্যাসের প্রকৃত মূল্য তাঁর মনোবিকলনে (Psycho-analysis)। মনের এই ভাবধারা ও মনস্তত্তকে পূর্বের কোন লেখক এমন ভাবে প্রকাশ করতে পারেননি এবং গেটে যে Werther-এর তুর্বলতাকে জৈবাবেগের শক্তি বলে মনে করেছেন এইটাই তাঁর নিজম্ব চরম তুর্বলতা। তাঁর পরবর্তী গ্রন্থ Clavigo একথানি নাটক। এও Werther বা ফামলেটের মত অম্বর্ডিত নায়ক নিমে লেখা, তার মধ্যে Gōtz-এর আবেগ ও উত্তেজনারও অভাব আছে। Egmont তাঁর বিকৃত্ব জীবনের শেষ নাটক। এই গ্রন্থের নায়ক তাঁরই মত নিজেকে প্রতিভাবান ব'লে মনে করেছেন, থ্যাতিও অর্জন করেছেন কিন্তু যুক্তি ও নীতিকে উপেকা ক'রে ধ্বংস হ'রে গেছেন। এই নাটকের একমাত্র বিশ্বরুকর সৃষ্টি Clarchen-এর চরিত্র। প্রাক্ত Egmont-এর চরিত্র একটি বাস্তব চরিত্র থেকে গৃহীত এবং এই ভব্রলোক এগারটি সস্তানের পিতা ছিলেন। এর ভাবালুতাই একমাত্র আনন্দ অক্সথায় নাটক অত্যন্ত হুৰ্বল।

১৭৭৫ সালে গ্যেটে আর একবার এক প্রেমের ব্যাপারে হতাশ হ'য়ে লেখক-জীবন ত্যাগ ক'রে Weimar-এর জমিদারীতে চাকুরী নিয়ে যান। তথন বয়স তাঁর ২৬; মাত্র একথানি উপস্থানের জস্ত ইউরোপখাত এবং কয়েকথানি শক্তিশালী অক্ষম নাটকের লেখক হিসাবে জার্মানীতে আদৃত। তাঁর শ্রেষ্ঠ স্টে তাঁর গীতি-কবিতা, এই কবিতার প্রকৃতি-প্রেম ও আত্মবিশাস একত্র মিশ্রিত হ'য়ে এক অনবত্য ক্সন্তব হয়েছে। কেহ কেহ বলেন, "Shakespeare crowned English Literature and Goethe founded German Literature." (২৫২)। তাঁর নাটক Egmont, Iphigenia in Tauris এবং Torquato Tosso নাটক হিসাবে জার্মান সাহিত্যকে যথেষ্ট অগ্রগতি দিলেও সম্পূর্ণ সফল নাটক বলা যায় না। তাঁর Dr. Faust-এর প্রথম অংশ ১৮০৬ এবং বিতীয় অংশ ১৮৩১ সালে প্রকাশিত হয়।

Sorrows of Werther ইউরোপে আলোড়ন সৃষ্টি করলেও তাঁর সভ্যকার শ্রেষ্ঠ গভ রচনা Wilhelm Miester. এটি Novel of purpose-এর প্রথম উপভাস এবং এই রচনাভেই তিনি কাহিনীকে নীতি ও সংস্কৃতি শিক্ষার উদ্দেশ্তে ব্যবহার করেছিলেন। সর্বোপরি চিরস্তন হ'রে রয়েছে তাঁর গীতি-কবিতা, মানব-অন্তরের শাশ্বত অমুভৃতিকে তিনি রূপায়ণ করেছেন তাঁর গ্রদয়ের কন্তরী-ম্বরভিতে।

গোটে তাঁর জীবন কাটিয়েছেন চঞ্চল শিশুর মত এবং স্কৃষ্ট করেছেন বিক্লব্ধ জীবনের সাহিত্য। কিন্তু এই বিক্ষোভমূলক সাহিত্য শুরু হওয়ার চার বৎসর পরে আর একটি যুবক এই ধারায় প্রভাবিত হ'য়ে জার্মান নাট্যজগতে আরও অনেক কিছ দান করেছেন। ইনি সামরিক চিকিৎসক প্রখ্যাত Friedrich Schiller (১৭৫৯-১৮০৫), বয়সে গ্যেটের দশ বছরের ছোট, এবং প্রথম জীবনে গ্যেটের অম্বরক্ত ख्का शोवत्म जाँव हेका हिन धर्मशाखक हत्वन। जाँव क्षेत्र नाउँक Die Rauber (The Robber) গোটের Gotz নাটকের অমুরূপ। তাঁর নাটকেও পীডক সমাজের বিরুদ্ধে বিলোহ ফুটে উঠেছে। নায়ক Karl Moor বিপ্লবী, তার মুখের বাণীই আজও স্বাধীনতাকামী মাহুষের আবৃত্তি করবার মত। অত্যাচারের বিরুদ্ধে সংগ্রামই এই নাটকের বিশেষত্ব নয় বরং শেষ পর্যন্ত নায়কের আদর্শ ত্যাগই বৃহত্তর আদর্শ। নায়ক ষ্থন দেখল, তার সংগ্রামের পদা নীতির দিক থেকে গ্রহণীয় নয় তথন সে বলল, "Two such men as I, would destroy the moral edifice of the world." (২৫৩) এই নাটক খুব সাফল্য লাভ করেছিল কিছ তাঁর পষ্ঠপোষক ধনিকগণ তাঁকে লেখা বন্ধ করতে বললেন। অতএৰ তাঁকে Mannheim-এ চলে যেতে হল। সেধানে স্থানীয় থিয়েটারের জন্ত নাটক লিথতে আরম্ভ कत्रतन । পরবর্তী নাটক Fiesco বিশেষ সফল হল না,-- যে ঐতিহাসিক রূপ তাঁর চরিত্রে তিনি দিলেন তা নায়কের চরিত্রের সঙ্গে ঠিক মানাল না। তাঁর ট্রাজেডি Kabale und Liebe (Intrigue and Love) তাঁর নিজের জীবনের এক প্রেম-कांटिनी। यथन जिनि Württemberg-এ ছिल्मन ज्थन এक मझान्छ महिनात्र প্রতি আরুই হন এবং ব্যর্থতা নিয়ে ফিরে আসেন। নাটকের ঘটনা স্বাভাবিক এবং বান্তব, চরিত্রসৃষ্টিও সুন্দর। কুশোর অমুভূতি, Diderot-এর তত্ব এবং লেসিং-এর লিখনরীতি এক সঙ্গে মিলিত হ'য়ে এই নাটকখানিকে সর্বাক্ষরনার ক'রে ভুলেছিল।

শিলার ধীরে ধীরে বিক্ষোভম্লক (Sturm and Drang) লেখার প্রভাব কাটিয়ে উঠলেন। তৃই বৎসর ধরে Don Carlos নাটকথানি লেখেন,—নাটকথানি অসলভিতৃষ্ট এবং প্রথমে গভেই লেখা হয় কিছু তথন ফরাসী রীতি হিসাবে নাটকে কাব্যরীতির ব্যবহারই শ্রোভাগণ পছন্দ করতেন ব'লে তিনি তাকে পুনরায় পঞ্চে পরিণত করেন। ব্যক্তিগত জীবনের একটা প্রেমকাহিনীর অহভৃতি থাকার সেটা কোনসভে উৎরে গেল। Don Carlos-এর বিষাভার প্রতি আসক্তি এবং Count

Posa-র সন্দে ভাবপ্রবণ বন্ধুত্ব এবং তাঁর মাজিদ থেকে চলে আসার ঘটনা সবই শিলারের Mannheim-এর ঘটনার প্রতিচ্ছবি। নাটক শেষ করার পূর্বেই তিনি লিপজিগে এলেন এবং উইমারে গ্যেটের সঙ্গে দেখা ক'রে Jenaতে এসে তাঁর অধ্যাপকের চাকুরীতে যোগ দিলেন।

গ্যেটে তথন উইমারে এক ডিউকের অধীনে চাকুরীরত এবং তাঁর থেকে বয়সে বড় Frau Von Stein নামে এক মহিলার প্রতি আসন্ধি নিয়ে বাস করেন। এই আসন্তিপ্রস্ত কয়েকটি স্থলর গীতিকবিতাই তথন গ্যেটের একমাত্র স্বষ্ট। काउँगे लिथा । चार्क वर्षात । चार्क वरमत भरत Wilhelm Meisters Theatralische Sendung (Wilhelm Meister's Theatrical Mission) উপস্থাস নিয়ে ব্যস্ত। এই উপস্থাসে মধ্যবিত্ত ধরা-বাঁধা জীবনের খণ্ডিত জীবন থেকে Wilhelm স্বাধীনভাবে অভিনেতার জীবন গ্রহণ করেছে। এই সময়ের ক্ষেক্টি লিরিক কবিতা খুৰই উচ্চাঙ্গের। মানবের সীমিত শক্তির সম্বন্ধে কবি যথন সচেতন হ'য়ে উঠেছেন তখন তিনি বললেন, মামুষ যেন ভগবানের সঙ্গে শক্তির পরিষাপ করতে না যায়—মামুষ যদি আকাশের তারার কপাল ছোঁয়াতে চায় তবে তার পা আর তাকে থাড়া ক'রে রাথতে পারবে না। (২৫৪) গ্যেটের জীবনে Werther-এর spirit তথন কয়য়য়ৄ। বৈজ্ঞানিক পরীকা-নিরীকায় মনোনিবেশ করেছেন। যৌবনের রোমাণ্টিকভাবের বিরুদ্ধে একটা যুক্তিবাদের প্রতি আরুষ্ট হয়েছেন। মনে বিবর্তনবাদের প্রতি একটা বিশাস গ'ড়ে উঠেছে, ভবে সেটা ভারউইনের বিবর্তনবাদ নয়। তাঁর বিবর্তনবাদ আত্মিক জীবনের, যৌবনবিক্ষর Werther তখন এক মহিমান্বিতা মহিলার প্রেমের আলোয় জ্ঞান আহরণ ক'রে উইমারের সমর্থ শাসক হ'য়ে উঠেছেন। কিন্তু তাঁর এই আত্মিক বিবর্তনবাদের আরও গভীর অমুভতির প্রয়োজন ছিল। ১৭৮৬ সালে তিনি হঠাৎ ইতালীতে চলে যান এবং ইতালীর অতীত ঐতিহকে প্রত্যক্ষ ক'রে অভিভূত হন। হই বংসর ইতালীতে থেকে তাঁর Egmont শেষ করেন এবং Faust-এর ছটি দুখ লেখেন। এই সমমেই তাঁর Iphigenie auf Tauris ইউরিপিডিসের নাটক অবলম্বনে ফরাসী রীতিতে লেখা শ্রেষ্ঠ নাটক। এটিও তাঁর ব্যক্তিগত জীবনের অভিজ্ঞতাপ্রস্ত। গ্রীক রাজককার চরিত্রের মাধ্যমে Frau Von Stein-এর প্রেম, ও মহিষময় নারীম্ব এবং Orestes চরিত্রের মধ্যে তাঁর নিজের অন্তর্মন্দ চিত্রিত হয়েছে। কাহিনী গ্রীক হলেও রচনা ও তত্ত্বভাবে তা সম্পূর্ণ নৃতন। নাটকের घंठेनाविद्यात्र अर्थ किन्ह এর কাব্যরদের আবেদন সম্পূর্ণ ভিন্ন।

গ্যেটে উইমারে ফিরে এলেন, কিন্তু তাঁর এই নৃতন স্প্ট সেধানে আদৃত হল না। এই সময়ে কবি প্রকাশুভাবে একটি ঝি-শ্রেণীর মেয়েকে রক্ষিতা রাখেন এবং পরে তাকেই বিবাহ করেন। এই সময়ে বৈজ্ঞানিক গবেষণার মধ্যে

⁽२¢8) Ibid-Cohen-p. 235.

Römische Elegien (Roman Elegies) লেখেন। এই কৰিভায় ভাঁর প্রাভনের প্রতি প্রকা ফুটে ওঠে। এ কবিভাও কিছুটা সন্ধৃতিহীন এবং অনেকটা সামঞ্জগীন। এই সময়েই তিনি Christian Vulpincক বিয়ে করেন। ভাঁর অভীক্রিয়তা ও প্রেম নেমে আসে পৃথিবীর বাস্তব বৃকে, তিনিও রুশোর মত পার্থিৰ হ'য়ে ওঠেন। রুশোর মত বিক্রুর বাস্তবতার মধ্যে যুক্তিবাদ বড় হ'য়ে ওঠে। রুশোর স্থাও একটি সাধারণ ঝি-মেয়ে। এই সময়ে তিনিই চেটা ক'রে শিলারকে জেনার অধ্যাপকতা দেন। জেনাতে এসে শিলার ত্থানি ঐতিহাসিক নাটক লেখেন। প্রথমটি নেদারল্যাণ্ডের বিজ্ঞাহের পটভূমিকায় এবং দিতীয়টি ৩০ বংসরের যুক্তের পরিপ্রেক্ষিতে। ইতিহাসকার হিসাবে শিলার নবালোক যুগের অনুগামী, তবে ভাঁর চরিত্রস্থি সম্পূর্ণ নৃতন, যদিও তিনি ঐতিহাসিক সত্যের মর্যাদা অনেক ক্ষেত্রেই রাখেননি।

এই সময়টি দার্শনিক Kant (১৭২৪-১৮০৪)-এর যুগ। শিলার কাণ্টের ভাববাদ ঘারা প্রভাবিত হ'য়ে উঠলেন। কাণ্টের থ্যাতি তথন সমস্ত ইউরোপে গ্যেটে-বিথোফেনের খ্যাতিকেও ছাড়িয়ে গেছে। তাঁর দর্শনে তিনি বান্তববাদ ও ভাববাদের একটা সামঞ্জুল করতে চেয়েছিলেন এবং "সত্য-জগতের প্রবেশের ঘার"কে নৈতিক চেতনা ব'লে প্রচার করেছিলেন। প্রকৃতপক্ষে কাণ্টের দর্শন প্রেটোরই অহুরূপ, কেবলমাত্র তিনি ধর্মীয় ভিত্তিকে বাদ দিয়েছিলেন। তব্ও তাঁর দর্শনে এমন একটা প্রেরণা ছিল যা ভবিস্তাতের রোমাণ্টিসিজ্বমের অগ্রাদ্ত ব'লে মনে করা যেতে পারে।

১ নি ৪ সালে বছ বিরোধিতার পরে তাঁরা প্রকৃত বন্ধুত্বত্তে আবদ্ধ হন এবং পরস্পরকে প্রভাবিত করতে থাকেন। এই সময়ের লেখার মধ্যে তাঁর ফরাসী বিপ্লবের প্রতি বিরাগ পরিক্ষ্ট হ'য়ে ওঠে। আভিজাত্যের প্রতি একটা সমীহ ও অফ্রাগ তাঁর ছিল, তাই বিপ্লবের ধারাকে তিনি ওয়ার্ডস্ওয়ার্থ বা কোলেরিজের মত অফ্রব করেননি। এই বিপ্লব যে ইতিহাসের আভাবিক পরিণতি হিসাবে এসেছিল এটাও তিনি বিশ্বাস করেননি।

কবিতার দিক থেকে গ্যেটে ও শিলার পরস্পারের পরিপ্রক। শিলার নিসর্গের দিকটা দেখেননি, কেবল অন্তর্গক দেখেছেন; গ্যেটে অন্তর্গক দেখেননি নিসর্গকেই দেখেছেন। শেষ দশবছর তাঁরা একটি সাময়িক পজিকা সম্পাদনা করেন, পজ ও সমালোচনায় উভয়ে উভয়ের শক্তি সম্বন্ধ সচেতন হ'য়ে ওঠেন। এই সময়ে উভয়েই অতীত গ্রীক ঐতিহ্য ও সংস্কৃতির অহ্বরাগী হ'য়ে ওঠেন, এই গ্রীক সংস্কৃতির মধ্যেই প্রকৃতি ও আর্ট একীভ্ত হ'য়ে গিয়েছিল। এই সময়ে গ্যেটের শেষ্ঠ সৃষ্টি Wilhelm Meister's Apprenticeship, পূর্ব রচনার অহ্বরুত্তি প্রকাশিত হয়। ১৭৯৭ সালে তাঁরা উভয়েই পুরাতন প্রীগাধার প্রতি (G. A. Bürger-এর মত) অহ্বরাগী হ'য়ে ওঠেন। এই প্রীগাধার মধ্যে শিলারের নীতিবাদ ও গ্যেটের মানব-চরিত্রে রহক্ত অভ্যন্ত জনপ্রিয় হ'য়ে ওঠে এবং ১৯শ শতকের

শেষ পর্যন্ত এই রচনাগুলি সমানভাবে আদৃত হয়েছে। তার মধ্যে শিলারের Song of the Bell এ মানবের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানব-জীবন গীতি-কবিতার স্থমায় মণ্ডিত হ'য়ে চিরস্তন হ'য়ে আছে এবং গ্যেটের Hermann und Dorothea-র মধ্যে রাইনল্যাণ্ডের এক ক্ষুত্র শহরে বিপ্লবী সৈনিকদের কীর্তিকলাপ অপূর্ব কাব্যারসমিঞ্চিত হ'য়ে রয়েছে। শিলার অতঃপর সৈনিক জীবনের বিয়োগান্ত কাহিনী নিমে Wallenstein নাটক লেখেন। এই নাটকখানি শেক্ষপীয়রের Henry IV-এর আদর্শে লেখা। কিছু সাময়িক বিষয় নিয়ে লেখা এই নাটকখানি সমন্ত জার্মানীকে নেপোলিয়নের বিরুদ্ধে বিক্ষুদ্ধ ক'য়ে তুলেছিল এবং ফরাসীদের বিতাড়নের জন্ম জাতি অধৈর্থ হ'য়ে উঠেছিল।

শিলার কিছুদিনেই তাঁর দেশপ্রেমের কাহিনী থেকে সরে গিয়ে,তাঁর Maria Stuart নাটক লিখলেন। স্কটল্যাণ্ডের এই রাণীর হংগময় জীবনকে কেন্দ্র ক'রে লেখকের নীতিবাদ বড় হ'য়ে উঠেছে। পরবর্তী নাটক Maid of Orleans-এ তিনি ইতিহাসকে অগ্রাহ্য ক'রে জোয়ান অব আর্ককে যুদ্ধক্ষেত্রেই নিহত করলেন কিছে তা সংগ্রন্থ নাটকথানি স্থগঠিত এবং স্থসংবদ্ধ। পরবর্তী নাটক Bride of Messina কর্নেলীর নাটকের অয়ুকৃতি। Wilhelm Tell তাঁর শেষ নাটক। এই নাটকে পুরাতন বীরত্ব, মহত্ব, দেশপ্রেম ও অধ্যাত্ম চেতনার আদর্শবাদই পুনরায় নৃতনভাবে লিখিত হয়েছে। এই আদর্শবাদ হয়ত আজ্বের জীবনে প্রথম নয়।

শিলারের প্রতিভা প্রচ্র মৌলিক স্প্রষ্টির দাবী করতে পারে না। শেক্সপীয়র, গ্যেটে, কান্ট, রুশোর সমবেত প্রভাবেই তাঁর স্প্রি সম্ভব হয়েছে। তাঁর মৃত্যুতে গ্যেটে একজন সত্যক্তই। বন্ধুকে হারালেন। এর পরে গ্যেটে ২৭ বছর বেঁচে ছিলেন কিন্তু তথন তাঁর প্রতিভা ক্ষয়িষ্টু। তাঁর উপকাস The Elective Affinities-তে তিনি চারটি চরিত্রের মন বিশ্লেষণ করেছেন এবং Poetry and Truth তাঁরই আত্ম-জীবনীর এক অধ্যায়।

গ্যেটে ষধন জন্মেছিলেন তথন জার্মান সাহিত্য ছিল না বললেই হয়, কিন্তু ষধন জিনি চলে গেলেন তথন জার্মান সাহিত্য উন্নত ও প্রথাত। ১৯শ শতকের সাহিত্যের Romanticism, Classicism এবং Drama of Psychological Conflict, এ সবেরই প্রথম স্চনা হয়েছিল মহাপ্রতিভাধর এই কবির রচনায়। ১৮৩২ সালের ২২শে মার্চ ৮২ বছর বয়সে গ্যেটে দেহত্যাগ করেন।

রোমাণ্টিক যুগ

১৭শ শতকের থেকেই যুক্তিবাদ অর্থাৎ মন্তিকগত যুক্তিভিত্তিক চিস্তাধারা প্রভাব বিস্তার করেছিল কিন্তু ১৮শ শতকে এনে এর বিরুদ্ধে একটা প্রতিবাদ গ'ড়ে উঠল। মন্তিক দিয়ে মাত্রৰ খুঁজল সত্যকে, শান্তি পেতে চাইল দেহ-মনে, কিছু তা বার্থ হল। তথন মাত্র্য ব্রাল, হাদয় ব্যতীত, হাদয়বৃত্তির বিকাশ ব্যতীত সভ্য ও স্থানার লাভ হয় না। হাদয় দিয়েই সতা লাভ করা সম্ভব। ডেকার্টের যুক্তিবাদ এর বিরুদ্ধে কাণ্টের সত্যামভূতির দর্শনই প্রবলতর হল। জার্মানীর এই ভারবাদ (Idealism) কাণ্ট থেকে হেগেল পর্যন্ত চলে এসেছে। ডেকার্টের শিক্সদের হাতে এসে তাঁর শিক্ষা ও ভত্ত নীরস যুক্তিভিত্তিক নীতিবাদে পৌছল এবং ভার প্রতিক্রিয়া শুক হল কাণ্টের ভাববাদের প্রভাবে। তাঁরা বললেন, স্বজ্ঞাই (intuition) মূল, এই আত্মারভৃতি মানব-জীবনে আদে নিদর্গ প্রেম ও হৌন প্রেমের ভিতর দিয়ে। এই মতাবলম্বীরাই রোমাণ্টিক নামে খ্যাত। ১৭শ শতকের বাস্তববাদের প্রতিক্রিয়ারপেই রোমান্টিসিজমের আবির্ভাব। ক্রশো প্রথম বললেন, Intuition and inspiration (স্বজ্ঞা এবং প্রেরণা)-ই সত্যের মূল। রুশোর এই মতবাদ জম্পষ্ট বলেই সম্ভবতঃ খুব বেশী প্রভাব বিস্তার করেনি। Spinoza (১৬৩২-৭৭)-র দর্শন থেকেই এই হাদয়বৃত্তি প্রাধায় লাভ ক'রে। তিনি বস্তুজগত ও আত্মিক-জগতকে একসঙ্গে বাধতে চাইলেন। অবৈতবাদী ম্পিনোজা ভগবানকে সমগ্র স্পন্তর মধ্যেই প্রকট দেখলেন, বললেন, ধর্মপালন বা ধর্মীয় ক্রিয়াকলাপের মধ্যে মুক্তি নেই, আত্মচেতনার মধ্যেই মানবের মুক্তি সম্ভব। কিন্তু ইউরোপীয় সমাজে হর্বোধ্য এই দর্শনের তত্ত থেকে রুশোর সহজবোধ্য সহজিয়া মতবাদই বেশী জনপ্রিয় হ'য়ে उद्धेहिन।

কিছ জার্মানীতে এই যুক্তিবাদ খুব প্রভাব বিস্তার করতে পারেনি। প্রোটেস্ট্যাণ্ট Jacob Boehme এবং Emanuel Swedenborg (১৯৮৮-১৭৭২) প্রভৃতির অতীন্দ্রিরবাদ যুক্তিবাদকে জার্মানীর সীমান্তেই প্রতিরোধ করেছিল। তা ছাড়াও Claude de Saint Martin (১৭৪৬-১৮০৬) এবং Fabred d' Oliver (১৭৬৮-১৮২৫) জার্মানীতে Diderot-এর ঠিক বিপরীত তত্ত্ব পরিবেশন করেছিলেন। Saint Martin বলেন, "Man is the tree, God is the sap... and when the live sap flows in him it transforms each of his branches into new trees." (২৫৫) কশোর মত তিনি মাহবের বিচার করেছেন হাদয় দিয়ে এবং তৃঃথ করেছেন বে এই হাদয় জাগতিক জীবনের মোহেনিয়গামী ও ত্বণিত হ'য়ে য়ায়। Fabre d' Oliver-ও বলেন, জড় ও জড়ের সময়য় থাকতে পারে না বা রূপাস্তরিত হ'তে পারে না, বদি-না তাঁর পিছনে জীবন

থাকে। স্পিনোন্তা থেকে আরম্ভ ক'রে জার্মানীর এই তন্ধ গুলিতে ভারতীয় দর্শনের প্রভাব স্ক্রপার। ব্রহ্মমর জগতের ওল্ব একমাত্র ভারতীয় দর্শনেই দিয়েছে। এই সময়ে এই দার্শনিক ও মিন্টিকগণ যে ভারতীয় সভ্যতা ও দর্শনের প্রতি আরুষ্ট হয়েছিলেন 'একথাও সত্য। (২৫৬) জার্মানীর এই স্কুদয়কেন্দ্রিক দর্শন ও তন্ধ থেকেই এবং জনজীবনে তার প্রভাব থেকেই প্রথম রোমান্টিক সাহিত্য গ'ড়ে ওঠে। একদিকে Boehme এবং Swedenborg-এর দার্শনিক তল্ব এবং অক্সদিকে রুপ্রোম সহজিয়া মানব-নিস্ক্র প্রথমের তল্ব থেকেই এই নবযুগের ক্ষষ্টি। অর্থাৎ মন্তিকপ্রস্ত যুক্তিবাদের প্রতিবাদে মাতুর আর একবার হৃদয়কে আশ্রম্ম করল।

প্রথমে যথন বিক্ষোভমূলক (Sturm und Drang) নাটক ও কাহিনী এই রোমাণ্টিকতাকে গ্রহণ করল তথন তা ছিল অবয়বহীন, অনেক ক্ষেত্রে অসংবদ্ধ, বেমন গ্যেটের Werther এবং Faust-এর মধ্যে প্রকৃতির মূলীভূত সত্যকে কেবল অব্যেবণই করা হয়েছে। বার্ধক্যে এসে গ্যেটে Classicism-কেই বেশী মূল্য দিয়েছিলেন এবং রোমাণ্টিকতাকে উন্মন্ততা ব'লে অগ্রাহ্ম করেছিলেন। কিন্তু এই ক্ষমস্বন্তির প্রাধান্তের জন্মই জার্মান-সাহিত্য আজও ইউরোপীয় সাহিত্য থেকে চরিত্রে পৃথক।

এই যুগের প্রথম পথপ্রদর্শক Friedrich Hölderlin (১৭৭০-১৮৪৩), তাঁর গীতি-কবিতা মাঝে মাঝে গ্যেটের সমকক হ'য়ে উঠেছে। তাঁর সঙ্গে ছিলেন Ludwig Tieck (১৭৭৩-১৮৫৩) এবং E. T. A. Hoffmann (১৭৭৬-১৮২২)। এঁরাই রোমাণ্টিক যুগের আদিকবি।

Hölderlin কবিতার মধ্যে গ্রীদের স্বর্ণযুগের স্বপ্ন দেখেছেন ক্লোর প্রেরণা নিয়ে। তাঁর দার্শনিক উপস্থান Hyperion ক্লোর রীতি অহ্যায়ী প্রাকারে বেগা এবং এই উপস্থানের বেগবান কল্পনা তৃঙ্গী হ'য়ে এক নৃতন সমাজের রূপ স্পষ্ট করেছে। তিনি উন্মাদ অবস্থায় মারা যান এবং তাঁর শ্রেষ্ঠ কবিতাগুলি এই উন্মাদ অবস্থায়ই রচিত ক্ষদরাবেগের প্রকাশ। তাঁর Hyperion এবং সফোক্লিসের ত্থানি নাটকের অহ্যাদ ব্যতীত স্বস্থা কোন গ্রন্থ তাঁর জীবদ্দশায় প্রকাশিত হয়নি। ছই মহাযুদ্ধের মধ্যবর্তী সময়ে তাঁর লেখা সত্যকার খ্যাতি লাভ করে, এমনকি গ্যেটের রচনাকেও তিমিত ক'রে দেয়।

জার্মানীর এই প্রথম রোমাণ্টিক যুগে গল্পকেরাই প্রধান। এই সময়ে Hypnotism, Occultism প্রভৃতির খুব প্রচলন হয় এবং Hoffman প্রথম আলৌকিক গল লিখতে শুফ করেন। তিনিই Edger Alen Poe-র পথিকং। তখনকার দর্শনের প্রভাবে তিনি বিখাস করতেন এক অজ্ঞাত শক্তি মানব-জীবন নিয়ন্ত্রিত করছে, তাই তাঁর চরিত্রগুলি এই অদুখ্য শক্তির দারা চালিত, কিছ তথাপি

⁽२६७) Here, once more, is the doctrine of inspiration and with it in Fabre d'Oliver and his circle, the interst in the civilizations of the East which fromed another strand of the Romantic skein.—Ibid.—p. 243.

তা ৰাম্ববাহুগ। তাঁর লেখা ভাল গল্পের সবই ছোটগল্প এবং প্রাসিদ্ধ ডেকামেরনের অন্তর্প রীতিতে লেখা।

Ludwig Tieck নানা ধরনের সাহিত্য লিখলেও তাঁর সর্বাপেক্ষা উল্লেখযোগ্য অবদান তাঁর রূপকথা (Fairy Tales)। তথন Grimm আতৃদ্য জার্মানীর রূপকথা সংগ্রহ ক'রে প্রকাশ করেছেন। রূপকথাকার হিসাবে Tieck জার্মানীর রোমাণ্টিক যুগের একজন প্রখ্যাত গল্পকার। তিনি নাটকও লিখেছিলেন কিছত তাতে নাটকীয় আন্দিক রক্ষিত হয়নি। A. W. Von Schlegel (১৭৬৭-১৮৪৫) শেক্ষপীয়র অন্থবাদকে সমাপ্ত করেন এবং রোমাণ্টিসিজ্বের দার্শনিক ব্যাখ্যাও করেন। গল্প কবিতায় এই সময়ে জার্মান ভাষা প্রকৃত সাহিত্য স্টের উপযোগী হ'য়ে ওঠে এবং ভাষাও পূর্বতা লাভ করে।

Clemens Von Brentano (১৭৭৮-১৮৪২) কবিতা ও নাটকে রোমান্টিক चानर्ने वात चात चात व्यान विश्व विश्व वात । जात "From the Diary of a Wandering Student" একটি বিখ্যাত গল্প। তাঁর সংগৃহীত পল্লীগীতি The Boys' Magic Horn-এর জন্মই তিনি সর্বাপেকা বেশী পরিচিত। Jean Paul (১৭৬৩-১৮২৫) জটিল গভে Sterne-এর অমুকরণে কয়েকথানি উপন্তাস লেখেন কিন্তু দেগুলি বেশ স্ক্লাঠিত নয়। জনপ্রিয় লেখক Friedrich De La Motte Fouque (১৭৭৭-১৮৪৩) তাঁর একটি মাত্র কাহিনী Undine-এর জন্ম স্মর্ণীয় হ'যে আছেন। এই Undine একটি জলক্কার মাত্রুষকে বিবাহ করার কল্পনামুধর রোমাণ্টিক প্রেমকাহিনী। Adalbert Von Chamisso (১৭৮১-১৮৬৮)-রও একটি গল্প অবিনশ্বর হ'য়ে আছে। এক ব্যক্তি ভার ছায়াকে বিক্রয় করেছিল, ভারই ছাথের কাহিনীর মাঝে এই দেশহীন উন্বাস্ত লেখকের জীবনকাহিনী জডিয়ে আছে। Friedrich Von Hardenberg (১৭৭২-১৮০১) Novalis ছন্ত্রনামে লিখতেন। তাঁর কতকগুলি মিন্টিক কবিতা ও Joseph Von Eichendroft (১৭৮৮-১৮৫৭)-এর কবিতা এখনও পাঠককে আনন্দ দান করে। তিনি From the Life of a Cheerful Idler নামে একথানি হালকা উপকাদ লেখেন, এই উপকাদখানি রোমাণ্টিক যুগের এক নৃতন স্বষ্ট। তিনি ক্যাথলিক ছিলেন এবং বাস্তবজীবনের হালকা সাধারণ আনন্দকে আরও আনন্দময় ক'রে রেথেছেন। তাঁর কবিতাও এই হালকা আনন্দের রুসে স্থপাঠা।

রোমাণ্টিক যুগের অক্সতম শ্রেষ্ঠ নাট্যকার Heinrich Von Kleist (১৭৭৭-১৮১১)। তাঁর নাটকে একটা প্রচ্ছের ছঃখবাদ ছিল ব'লে গ্যেটে তাঁকে উৎসাহ দেননি। তিনি তাঁর হালকা ধরনের idiosyncratic নাটকগুলিকে বারবার লিখে স্থানবন্ধর করেছিলেন, কিন্তু তার কোনটিই মঞ্চন্থ হয়নি। নাটকগুলিতে ঘটনার বিক্তাস, কৌতৃহল রক্ষার উপাদানথাকলেও তার মধ্যে ঘটনা-সংঘাতে একটা ব্যর্থতার বেদনা থাকার তা মঞ্চন্থ হয়নি। স্বাণেক্ষা নাটকীয় মৃত্তগুলিতেই তার চরিত্তগুলি ভেক্ত পড়েছে। তাঁর Prinz F. Von Homburg একথানি স্কল নাটক।

তাঁর The Brocken Jug বিতীয় মহাযুদ্ধের পরে মঞ্চ হয়েছে, এই নাটকের মনন্তত্ত্ব বিশ্লেষণের গভীরতা আজও বিশ্লেয়ের স্থাষ্ট করে। তাঁর গছ গলগুলি সংক্ষিপ্ত ও স্থানর ঘটনার সন্নিবেশে স্থপাঠ্য, যদিও সেগুলির পরিণতি অনেক সময়েই স্বাভাবিক ও স্থানর হয়নি।

জার্মানীর এই রোমাণিক সাহিত্যের তেউ এসে ফ্রান্সেও পৌছল। জার্মানীর সাহিত্যের সঙ্গে এই যোগাযোগ স্বষ্ট করেন Mme de Stael (১৭৬৬-১৮১৭)। তিনি ষোড়শ লুই-এর অর্থমন্ত্রীর কল্পা এবং পূর্বেই ক্লোর লেখার দারা প্রভাবিত হয়েছিলেন। বিপ্লবের পরে জার্মানীতে নির্বাসিত জীবন যাপনকালে তিনি জার্মান সাহিত্যের এই নৃতন ভাবধারার সঙ্গে পরিচিত হন এবং বিশেষ করে Schlegel আত্বযের রচনায় আক্রষ্ট হন। তাঁর On Germany গ্রন্থ তথনকার ফ্রান্সতে তার অবক্ষমী সাহিত্য সম্বন্ধে সচেতন ক'রে ভোলে। তথন ফ্রান্সে সংবাদ সাহিত্য, ভাষণ সাহিত্য এবং কিছু মেলোড্রামা ছাড়া আর কিছুই স্বষ্টি হয়নি। জার্মানীর এই নৃতন জ্ঞান ও চিস্তাধারা ফ্রান্সে লাটিন সাহিত্যধারাকে নৃতন পথে প্রবাহিত করেল। গ্যেটে, শিলার ও হফ্ম্যানের লেখা অন্দিত হল এবং ইংরাজ লেখক শ্বট ও বায়রনের লেখা আদৃত হল।

এই সময়ের প্রথম ফরাসী রোমান্টিক লেখক Vicomte De Chateaubriand (১৭৬৮-১৮৪৮) বিপ্লবের সময় দেশ ত্যাগ করেন এবং সাম্রাজ্য প্রতিষ্ঠার পরে ফিরে আদেন। তাঁর রচনায় জার্মানীর মত নিজের ব্যক্তিত্ব ও ব্যক্তিগত অভিজ্ঞতা প্রাধায় লাভ করেছে। তিনি আমেরিকা ও ইংলণ্ডে কিছুকাল বাস করেছিলেন; এবং বিভিন্ন গ্রন্থ অমুবাদ ক'রে জীবিকার্জন করতেন। তাঁর Genius of Christianity খ্রীইধর্মের দানকে পুনঃপ্রতিষ্ঠিত করে এবং তার ভাষা ও বর্ণনা সত্যকার সাহিত্য হ'য়ে উঠেছে। ছ'টি গল্প তাঁর বিখ্যাত-Atala এবং René। এই গল্প ছটির মধ্যে তার জীবনদর্শনকে তিনি প্রতিভাত ক'রে তুলেছেন। Paul et Verginie-त यक महस्त मतन सम्मत काहिनी। Atala গলে এकि ফরাদী কুমারীর প্রতি এক Noble Savage-এর প্রেমের কাহিনী এবং Renéতে গোটের Werther-এর মত এক তরুণের মর্মবেদনার কাহিনী। তাঁর ধারণা ছিল ইউরোপ অবক্ষয়ের পথে জ্রুত ছুটেছে, এবং স্বর্ণযুগীয় গুণাবলী কেবলমাত্র তথনকার রেড ইপ্রিয়ানদের মধ্যেই রয়ে গেছে। কশোর মত তিনিও কল্পনাবিলাসী ও নিসর্গ প্রেমিক কিন্তু তাঁর লিখনশৈলী মহণতর এবং স্পষ্টতর। তিনি আমেরিকা ও জেকজালেম ভ্রমণের একটি ফুলর বিষয়মুখী বর্ণনা রেখে গেছেন। এই ভ্রমণ-কাহিনী তথ্যপূর্ণ এবং স্থথপাঠ্য। তাঁর স্বাপেক্ষা প্রাসদ্ধ গ্রন্থ তাঁর জীবনকাহিনী Memoirs from Beyond the Tomb-কারণ তাঁর ইচ্ছা ছিল, এই কাহিনী তাঁর মৃত্যুর পরে প্রকাশিত হবে। এই জীবনীর মধ্যে ভাবের গভীরতা না থাকলেও, এটা তথনকার পৃথিবী ও মাহুবের একটি অতি অচ্ছ বর্ণনা স্থলরভাবে ব্যক্ত হয়েছে।

এই রোমান্টিকতা থেকেই ফ্রান্সে রোমান্টিক ইতিহাসকারের সৃষ্টি সম্ভব হয়েছিল। তাঁদের মধ্যে Jules Michelet (১৭৯৮-১৮৭৪)-এর History of France-এর বিপ্রব-কাহিনী স্মরণীয় হ'য়ে আছে। ভার সন্দে রোমান্টিক কবি Alphonse de Lamartine (১৭৯০-১৮৬৯)-এরও আবির্ভাব হল। তিনি Vellon-এর পরে প্রথম উক্তম প্রুমে তাঁর কবিতা বর্ণনা করেন। সরল সহজ্বভাষার ব্যক্তিগত জীবনের আবেগ স্মুভূতি ও পারিপার্দ্মিক জগৎ ও নিসর্গের বর্ণনা করেছেন। ক্লোর নিসর্গপ্রীতি, গীতিকবিতার মাধুর্য তাঁর কবিতার মিলিত হ'য়ে মাঝে মাঝে শেলীর কল্পনায় মুখর হ'য়ে উঠেছে। তিনি খ্রীষ্টায় এপিক লিখতে চেষ্টা করেছিলেন, তার মধ্যে Jocelyn একটি কোমল মধুর গল্প—প্রেম ও ত্যাগের মাধুর্যে স্কল্পর। Fall of the Angel একটি Angel-এর পার্থিব নারীর প্রতিপ্রেম কল্পনার রঙে রঙীন হ'য়ে উঠেছে। মিন্টনের শ্রুতানের মত সে কাহিনী অতিমানবীয় নয়, তার এজেলও ঠিক স্বর্গীয় নয় এবং নারীও প্রাম্থিব নয়। তাঁরই শিক্ষা Marceline Desbordes-Valmore (১৭৮৬-১৮৫৯) তার বাল্যস্থাতি, অস্থী বিবাহ ও এক পরপুক্ষের প্রতি প্রেম অপূর্ব বেদনাময় গীতিকবিতায় প্রকাশ করেছেন।

Alfred de Vigny (১৭৯৭-১৮৬৩) তৃঃখবাদী কবি। তাঁর কাছে ভগবানের অবিচারের বলি এই পৃথিবীর মাহ্য। The Wolf dies and does not complain. In this man must imitate the animals" (২৫৭) এই ছিল তাঁর মতবাদ। তাঁর কবিতা সংখ্যায় অল্প। তাঁর ত্থানি গল্পপুত্তক অরণীয়। তাঁর Slavery and Greatness of Military Life শাস্তির সময়ে তাঁর সামরিক জীবনের অভিজ্ঞতা। এই সৈনিক জীবনের এক্দেমেনী, দায়িত্বহীনতা, ত্যাগ, কর্তব্যনিষ্ঠা সবই চমংকার ভাবে বর্ণিত হয়েছে। অবশু সৈনিক জীবনে মহন্তব্য হওয়ার হযোগ আছে, এইই তাঁর বক্তব্য। সৈনিকদল একটি জাতির মধ্যে আরু একটা বিচ্ছিন্ন জাতি,—যারা পারিপার্থিক সমাজ থেকে পৃথক, এমনি একটা সামরিক জীবনের ছবি তাঁর কাহিনীতে ফুটে উঠেছে। অশুতম গল্প Stello—তিনি সৈনিক-জীবনে নিজেকে সমাজচ্যুত ব'লে মনে করতেন অথচ তার প্রয়োজন আছে এবং ভগবান তাকে একদিন সত্য তথ্য দিয়ে তাকে মুক্তি দেবেন এই বিশ্বাস নিরেই তিনি Stello লিখেছেন। তৃঃখবাদী হলেও Vigny-এর কবিতা অরণীয় স্বাক্ষর রেখে গেছে। তার পরিণতি ঘটেছে ভিক্টর হুগোতে।

বৌবনে Victor Hugo (১৮০২-৮৫)-র নিজস্ব কোন মতবাদ ছিল না। তিনি রোমাণ্টিক ধারাকে গ্রহণ ক'রে বিশাস করতেন কবি কেবল স্রষ্টা নয়, কবির কবিতাই ভগবানের বাণী। তাঁর কবিতা বিচিত্র, সংক্ষ্ম এবং রসসমৃদ্ধ। হুগো তাঁর ব্যক্তিগত প্রেম, তাঁর পরিবার, তাঁর রাজনৈতিক বিশাসকে কেন্দ্র ক'রে কবিতাঃ লিখেছেন। তাঁর কবিতায় La Marline-এর সারল্য ও গভীর অস্কৃতি ছিল না, Vigny-র তিক্ততা ও হংখবাদও ছিল না। তিনি ক্লয়কের উঠানে বাঁধা গরু দেখে তাকে সরল বর্ণনায় বিশ্বমাতা ক'রে তুলেছেন। তাঁর শ্রেষ্ঠ কবিতা Oceano nox, যে সব বীর নাবিক সমূহযাত্রা ক'রে ফিরে আসেননি তাঁদের উদ্দেশ্যে লেখা গ্রে'র এলিজির মত রোমান্টিক কবিতা।

রন্ধক্ষে হুগো নব্যুগের স্রন্ধা। তিনিই রোমাণ্টিক থিয়েটার স্থাই করেন এবং তাঁর সময়েই তার অবক্ষয় শুরু হয়। তিনি রোমাণ্টিক গীতি-কবিতায়ও নৃতন্ত্ব এনেছিলেন। তাঁর এক ক্যার মৃত্যু এবং একটা মানসিক পরিবর্তন তাঁকে কথনও গভীর, কথনও হালকা ক'রে দিয়েছে। এই তুইটি ঘটনার পরেই তাঁর মাঝে সত্যকার স্থার জন্ম। তিনি গণভন্তবাদী ছিলেন এবং Louis Bonaparteকে সমালোচনা করতে বিধাবোধ করেননি। তার ফলে তিনি Guernseyতে নির্বাসিত হন। এই সময়ে তিনি তাঁর মানবজাতির ইতিহাস লিখবেন মনে ক'রে তাঁর মহাকাব্য The Legend of the Centuries পারম্ভ করেন। বাইবেলের স্থা থেকে ভবিয়ং যুগ পর্যন্ত বর্ণনা করবার ইচ্ছা তাঁরে ছিল। মূলীভূত কোন দর্শন না থাকায় এই কাব্যের স্বথানি রক্ষিত হয়নি। কিছু এই কাব্যের অন্তর্গত Booz Asleep এবং Le Marriage de Roland এ হুগোর যথেষ্ট ক্রতিত্ব রয়ে গেছে। তিনি অতীতকে স্থলর দেখেছিলেন, বর্তমানকে ব্যঙ্গ করেছিলেন কিছু তার মধ্যে তাঁর প্রতন গীতিকবিতার সৌলর্ম ও গভীরতা ফিরে এসেছিল।

Alfred de Musset (১৮১০-৫৭) Hugo ও La Martine-এর মতই পরবর্তী যুগে অনাদৃত হয়েছিলেন। মহিল উপক্যাদিক George Sand-এর প্রতি তাঁর প্রেমই তাঁর কবিতার মূল উৎস। Byron-এর মত উদ্বাপ্ত তাঁর প্রেম এবং তাঁরই মত অদেশের চেয়ে বিদেশে বেশী খ্যাত। এই সব কবিই জাগতিক প্রেমের মধ্যেই সত্য ও হন্দরকে খুঁজেছেন, আনন্দকে খুঁজেছেন কিন্তু তাঁদের পূর্ববর্তী কবিগণ এই আনন্দ খুঁজেছেন ভগবৎ প্রেমের মধ্যে। প্রেটার্ক-এর উচ্চাদর্শ তথন ভেকে গেছে এবং ব্যক্তিকেন্দ্রিক যৌন প্রেমের হংখ-আনন্দই তথন কবিতার উপজীব্য হয়েছে। মাহুবের হৃদয় ব্যাপকতা হারিয়ে নিজের মধ্যে সৃষ্কৃতিত হ'য়ে পড়েছে।

রোমাণ্টিক কবিভার মধ্যে আরও ত্'একজন কবি উল্লেখযোগ্য। C. A. Sainte Beuve (১৮০৪-৬৯) সমালোচক হলেও উ'র প্রধান কৃতিত্ব Ronsard-এর পুন:প্রতিষ্ঠা। তিনি কবির জীবনের মধ্যেই কাবাকে বিচার করেছেন, ধর্মের প্রতি কবির ভাব, প্রকৃতির প্রভাব, মারী ও অর্থের মোহ এই কংটিকে ভিত্তি ক'রে ভিনি সমালোচনা করেছেন। Aloysius Bertrand (১৮০৭-৪১) গছা কবিভার প্রবর্তন করেন। তাঁর Gaspard de la Nuit তাঁর জন্মশহর Dijon-এর এক

মধ্যযুগীয় কাহিনী। কবিপ্রতিভা হিসাবে তিনি যথেষ্ট খ্যাত না হলেও তাঁর এই জারজ ছন্দের জন্ম তিনি খ্যাত। Petrus Borel (১৮০৯-৫৯) সমাজবিজাহী কবি, Gérard de Nerval (১৮০৮-৫৫)-এর কবিতা , অসংবদ্ধ হলেও তিনি খ্যাতি লাভ করেছিলেন।

এই যুগের রোমাণ্টিক কবিগণ গীতি-কবিতার পুন:প্রতিষ্ঠা করলেও, প্রক্তপক্ষেরোমাণ্টিকতার সাফল্য দেখা দেয় নাটকে। ফ্রান্সের এই নাট্যকারগণ জার্মানদের মত শেক্সপীয়রের দ্বারাই অন্তপ্রাণিত হয়েছিলেন।

১৮২ ৭-২৮ সালে এক ইংরাজ অভিনেতা দল প্যারীতে শেক্সপীয়রের প্রধান চারটি ট্যাব্রেডি অভিনয় করেন। এই অভিনয় দেখে Alexander Dumas বলেছিলেন যে, শেক্সপীয়র "was the greatest creator after God himself." (২৫৮) তথন হুগোর বয়স মাত্র ২৫ বৎসর। তিনি এই নাটকের প্রভাবে Cromwell নাটক লেখেন। তার ভূমিকায় তিনি বলেন, নাটক জীবনের প্রতিচ্ছবি, যার মধ্যে জীবনের সমস্ত বৈচিত্র্য প্রতিফলিত হবে। দ্বিতীয় নাটক Hermani মেলোড্রামা। হত্যা বিষ ছোরা প্রভৃতি জর্জরিত হলেও তা বিপ্লবের বংসর ১৮৩০ সালে একশত রাত্রি অভিনীত হ'য়ে বিপ্লবের মতই মাত্র্যের হানয়কে উদ্বেল ক'রে তুলেছিল। তাঁর অক্সাক্ত নাটকও এমনি হিংস্র ঘটনার প্রবাহ কিছ তার মধ্যে Diderot-এর বাস্তবতার স্পর্শ তাকে নৃতনত্ব দিয়েছিল। পক্ষাস্তরে শিলারের মত নীতিশিক্ষার প্রতি তাঁর কোন আগ্রহই ছিল না। Alexander Dumas (১৮০২-৭০) ঐতিহাসিক এই নাটকে সম্ভট না হ'য়ে ১৮৩১ সালে তাঁর বান্তব মেলোড্রামা Antony লেখেন। যদিও অভিনয়ের দিকে সফল নয় তথাপি Vigny-র Othello নাটক স্ষ্টের ও ভাবের দিক থেকে নৃতন। তিনি এই নাটককে 'Drama of Thought' বলেছেন, এবং চরিজের মনোগত প্রতিকিয়া প্রকাশ হবে বাস্তব ঘটনায়, এই ছিল তাঁর নাটকের স্থত। তিনি এই সংজ্ঞা অফুসারেই নাটক রচনা করেছিলেন। তাঁর এই আদর্শই পরে Ibsen থেকে Pirandello পর্যন্ত চলে এসেচে।

এই সময়ের সর্বাপেক্ষা শক্তিশালী নাট্যকার Musset। George Sandএর প্রতি একটা থর-আসন্তির পূর্বে তাঁর ১৮শ শতক স্থলত ভাষধারা তাঁকে
মারিভোঁর প্রতিভার কাছাকাছি নিয়ে এসেছিল। আপাতঃ হাল্ডরসের অন্তরালে
একটা কোমলস্থলর কারুণ্যের প্রকাশই তাঁর নাটকের বৈশিষ্ট্য। তাঁর প্রথম ঐতিহাসিক নাটক Marianne's Whims-এর পরে তাঁর কর্মনার বৈচিত্তা অস্থাস্থ নাটকে সঞ্চারিত হ'য়ে দর্শকগণকে মৃষ্ট করেছিল। তার গল্লাংশ মৌলিক, ভাষা তাঁক্ল, ক্রধার, বৃদ্ধিলীপ্ত। তাঁর No Trifling with Love এবং A Door must be opened or closed নাটক তুথানি চির আদৃত। বিতীয় নাটকে এক ভল্লোক

⁽Rev) Ibid .- p. 255.

এক সম্ভ্রান্ত মহিলার সঙ্গে সামাজিক কারণে দেখা করতে গিয়ে তাঁকে বিবাহের প্রান্ত করেন। কৌতুক ও কারুণ্যে নাটকথানি স্থন্দর।

প্যারির রন্ধমঞ্চের সাফল্যের পরে সমস্ত ইউরোপ রোমান্টিক নাটকে ছেয়ে যায়। স্পেনে José Zorrilla-কৃত Don Juan Tenorio এবং Duque de Rivas-এর লেখা Hermani মাজিদ রন্ধমঞ্চে বিপ্লব স্থাষ্ট করে। Verdi-র Don Alvaro এবং Juan Eugenio Hartzenbusch-এর The Lovers Teruel নাটক ছ্থানি আজও মঞ্চন্থ করা চলে।

ইতালী-তেও এই রোমাণ্টিক ভাবধারা এসে পৌছল কিন্তু সেধানে কোন উল্লেখযোগ্য নাটক স্পষ্ট হয়নি এবং ১৯শ শতক পর্যন্ত এই ভাবধারাই ইতালীর সাহিত্যকে পুট করেছে। রাশিয়া, পোলাও এবং বলকানের রাজ্যসমূহে এই একই ভাবধারা প্রসার লাভ করে এবং সেথানকার প্রথম সাহিত্য রোমান্দধর্মী হ'য়েই আত্মপ্রকাশ করে। (বাংলা সাহিত্যেও প্রথম নাটকলেথক দীনবন্ধু, গিরিশচন্দ্র রোমাণ্টিক লেথক)। একমাত্র ইংলণ্ডে এই রোমাণ্টিক মেলোড্রামা প্রভাব বিন্তার করতে পারেনি। Tennyson, Browning অভিনয়ের জন্ম নাটক লিখতে চেটা করেন কিন্তু তা সফল হয়নি। Edward, Bulwer, Lytton প্রভৃতি তুই একজন কিছুটা সাফল্য লাভ করলেও তা স্থায়ী হয়নি। শেক্ষপীয়রের নাটক তথনও ইংলণ্ডে সমানে চলছিল, তার মধ্যে এই মেলোড্রামা স্থান ক'রে নিতে পারেনি।

নাটক না হলেও রোমাণ্টিক গীতি-কবিতার ধারা সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়ল কিছ তা দীর্ঘয়ী হয়নি। স্পেনের Jose de Espronceda (১৮০৮-৪২)-র কবিতা ভাষার কারুকার্যে এবং ছন্দদোলায় স্থন্দর কিন্তু ভাবের দৈয় তাকে উচ্চাঙ্গের কবিতা হতে দেয়নি। যৌবনের উদ্দাম দিনে তিনি ব্যক্তি-স্বাধীনতার মোহে প্রমন্ত দিন যাপন ক'রে শেষ জীবনে হতাশার তৃ:থে কাটিয়েছেন। এই ছঃখের দিনে তিনি Canto a Teresa লেখেন; এই কবিতাটি তাঁর মৃতা প্রণয়িনীর উদ্দেশ্যে রচিত কিছ তাঁর Canción del Piratà (Pirate's Song) কবিতায় বালকবেশী নাবিকরণে জাহাজের পিছনের পুপে বসে জগতের বিরুদ্ধে বিজোহ ঘোষণা করেছেন। কবিতাটি শক্তিশালী হলেও ভাবের দৈয়ে শিথিল। ইভালীতে Ugo Foscolo (১৭৭৮-১৮২৭) নৃতন ক্লাসিকাল বীতিতে লিখতেন, তিনি ক্লো ও গোটের Werther দারা এমন প্রভাবিত হয়েছিলেন যে তাঁর খ্যাতি ইতালীর সীমার ৰাইরে প্রদা পায়নি। তাঁর From the Tomb রোমাণ্টিক কবিতা না হলেও উজ্জ্বল ও অভিকাত Lucretius-এর দর্শনবাদে সমৃদ্ধ। কবিতার মধ্যে থে আশা ও ত্যাগের বাণী ফুটে উঠেছে তা মানব-মনকে আকর্ষণ করে। তাঁর উপত্যাস The Last Letters of Jacapo Ortis-এ Werther-এর বিপরীত একটা ত্ৰংথবাদ ও হতাশা ফুটে উঠেছে এবং আত্মহত্যায় কাহিনীর শেষ হয়েছে।

বলিও রচনার ক্লাসিক কিন্ত ভাবে রোমান্টিক লেখক Alessandro Manzoni (১৭৮২-১৮৭৩)-র একথানি মাত্র উপস্থাস The Betrothed (I promessi sposi) ওয়ান্টার ষ্কট থেকে গৃহীত একথানি ঐতিহাসিক উপক্সাস কিন্তু ঘটনাবিস্থাসে, চিন্তান নীলতার ঐশর্ষে, ব্যন্ধকৌতুকে এ-উপস্থাসথানি স্থটের থেকেও উচ্চান্দের এবং তাঁর এই উপস্থাসের ভাব ও উপস্থাপন Balzac-এর রচনাকে শ্বরণ করিয়ে দেয়। তাঁর কাব্যপ্রস্থ দেশপ্রেমমূলক। নাট্য সাহিত্যে তাঁর Adelchi এবং Il Conte de Carmagnola উল্লেখযোগ্য অবদান। প্রথম নাটকে রাজনৈতিক বড়বত্তে একজন মহৎ বীর সেনানায়কের জীবনাবসান এবং দিতীয় নাটকে খ্রীষ্টান ধর্ম ও পৌত্তলিকভার বিরোধ রপায়িত হয়েছে।

১৯শ শতকের ইতালীর শ্রেষ্ঠ কবি Giacomo Leopardi (১৭৯৮-১৮৬৭) ক্লাসিক ও রোমাণ্টিক কোন পথই গ্রহণ করেননি। তিনি ব্যক্তিস্বাতজ্ঞাবাদী, হংথবাদী কবি, তাঁর কাছে অবোধ শৈশবই মানব-জীবনের শ্রেষ্ঠ ও স্থনর যুগ। জগতে প্রকৃত স্থুথ নেই, সভ্যতার এই অগ্রগতি—এ সবই মরীচিকা মাত্র। তাঁর গীতিকবিতায় এই হংথবাদী ভাব অত্যন্ত আবেগময় হ'য়ে প্রকাশিত হয়েছে। পেটার্ক-এর পরে এতবড় শক্তিশালী কবির আর আবির্ভাব হয়নি। তাঁর Canti কাব্যগ্রন্থ সমসাময়িক ইংরাজীর শ্রেষ্ঠ কাব্যযুগের সমকক্ষ। তাঁর Night Song of a Wandering Asiatic Shepherd-এ তিনি শেলীর সমগোত্রীয়া ও সমকক্ষ। নিসর্গ প্রীতিতে তিনি ওয়ার্ডসওয়ার্থ ও কীট্সের সমধর্মী।

এই সময়ে ব্লাশিয়ার কবিতাও ইউরোপীয় ভাবধারার সঙ্গে যুদ্ধ হয়। তথনকার রাশিয়ার কাব্যসাহিত্য ইতালীয় ভাবধারার সঙ্গে ঘনিষ্ঠ, ইংরাজী কাব্যধারারও স্পর্ন পেয়েছে কিন্তু ফরাসী ভাবধারার থেকে অনেক দ্রে। এতদিন পর্যন্ত রাশিয়ার ভাষায় কেবলমাত্র গ্রাম্য গাথা লেখা হয়েছিল এবং কথনও কথনও কিছু ইতিহাস লিপিবন্ধ হয়েছিল এইমাত্র। কবিতার উপযুক্ত বাক্যরীতিও শব্দসন্তার তথনও গ'ড়ে ওঠেন। ১৮শ শতকের মাঝামাঝি প্রথম রাশিয়ান ভাষায় ব্যাকরণ লেখা হয়়। D. I. Fonvizin (১৭৪৫-১২) দিতীয় ক্যাথ রিন-এর প্রাসাদে রাজপরিবারের আনন্দ দানের জন্ত হ'চারখানা কমেডি লিথেছিলেন, সেগুলি সবই মলিয়ের ও হলবার্গের থেকে গৃহীত। G. R. Derzhavin (১৭৪৩-১৮১৬) কতকগুলি শ্রুভিন্মধূর স্কর্পর অতি কল্পনাপ্রমী শোকগাথা লিথেছিলেন। V. A. Zukovosky জার্মান রোমান্টিকগণের রচনা, বায়রন, হোমর ও গ্রে'র কবিতা অন্থবাদ করেন। হিতকথামূলক গল্পকেক I. A. Krylov (১৭৬৮-১৮৪৪) La Fontainé-এর অন্থবাদ করেন। এই অন্থবাদ সংক্ষিপ্ত বৃদ্ধিদাপ্ত ও স্কন্পর। তিনি প্রকৃতপক্ষে Fablesকে আধুনিক রূপ দিয়েছেন এবং এই হিতকথার মধ্যেই ধনিক ও অত্যাচারী অভিজাতদের তীর বাল করেছেন।

অবশ্য রাশিয়ার সাহিত্য ইউরোপের সাহিত্য থেকে ভাবে ও রসে পৃথক। রাশিয়ান সাহিত্যের আবির্ভাব আকল্মিক এবং বেগবান। সে দেশের ইতিহাসও বেমন বিপ্লবম্থর, তার সাহিত্যও তেমনি ক্রত শক্তিশালী হয়েছে। রেনেসাঁর প্রতিধনি রাশিয়ায় পৌছায় নি। তার সাহিত্য বাস্তব, কারণ ১৯শ শতকে বধন

সমস্ত ইউরোপ সাহিত্যে বান্তবতা নিয়ে পরীক্ষা করছিল 'তথনই হঠাৎ রাশিয়ার সাহিত্য প্রবল গতি ও শক্তি নিয়ে আভি 'ত হয়। (২৫৯)

वांश्नाव रयमन बामरबाहन, विश्वामानव, भावीकांत, कानीश्रमन, माहरकन. রামনারায়ণ বন্ধিমের আবির্ভাবের কেত্র প্রস্তুত করেছিলেন এ রাও তেমনি অন্ত্র-সাধারণ প্রতিভা Alexander Sergeyebich Pushkin (১৭৯৯-:৮৩৭)-এর প্রতিভা ক্ষরণের জন্ম উর্বর ভূমি রচনা করেছিলেন। গ্যেটের মত অন্তত প্রতিভার অধিকারী এই পুশ কিন, তাই ক্লাসিকতা রোমান্টিকতার গণ্ডির মধ্যে তাঁর প্রতিভা আবদ্ধ হয়নি। তাঁর জীবনও ঝড়ঝঞ্চায় বিক্ষুর। ৩৮ বংসরের স্বল্পজীবনে তিনি জার-নিগ্রীহিত হ'য়ে নির্বাসিত হয়েছেন, পুনরায় অপ্রত্যাশিত ক্ষমা পেয়ে অমুগ্রীত হয়েছেন, সে অমুগ্রহকে প্রসমমনে গ্রহণ করেননি। পারিষদ হিসাবে অপ্রীতিকর পরিবেশে কঠোর পরিশ্রম করেছেন, দান্তিক স্বার্থপর পত্নীর বিলাস-ৰ্যুসনের থরচ যুগিয়ে নিজেকে নিঃম্ব করেছেন এবং পরিশেষে তাঁরই পত্নীর ফরাসী প্রণয়ীর সঙ্গে ঘন্দুযুদ্ধে নিহত হয়েছেন। তাঁর দেহে রাশিয়ান ও আফ্রিকান রক্তের মিশ্রণ ঘটেছিল এবং অন্তরেও ছিল বিঘ্তাব। একদিকে প্রবল হিংস্র জৈবাবেগ অন্তদিকে স্নিগ্ধ শালীনতাবোধ। বাড়ীতে তাঁদের চলত ফরাসী ভাষা কিছ তিনি রাশিয়ান শিথেছিলেন বাড়ীর ভত্যদের কাছে। তিনি Moliére, La Fontaine এবং Voltaire, Byron, Shakespeare, Scott-এর রচনা পড়েছিলেন কিন্তু কারও দারা এতটুকু প্রভাবিত হননি। তার প্রথম উল্লেখযোগ্য কবিতা Ruslan and Ludmila (১৮২০) একটি ব্যঞ্জনাময় রোমাণ্টিক রূপকথা। কাহিনীর উপস্থাপনা, বজোজি ও বাঙ্গ চমৎকার কিন্তু আখ্যানের চমৎকারিত কিছু তেমন নেই। তাঁর Ode to Freedom-এর জন্ম রাজকোপে নির্বাসিত হন। পরবর্তী রচনা The Prisoner of the Caucasus, ককেশানের নির্বাসিত জীবনে তিনি বায়রনের দারা কিছুটা প্রভাবিত হয়েছিলেন কিন্তু এর মধ্যে Child Harold-এর প্রভাব বড় নয়, বড় হ'য়ে উঠেছে ককেসাসের নিসর্গ সৌন্দর্য। তার প্রথম অসমাপ্ত উপস্থাস Evgeny Onegin-এ Jane Austin-এর বর্ণনার স্ক্রতা, Byron-এর শক্তি ও বেগ এবং Cowper-এর নিসর্গ বর্ণনা একসঙ্গে স্থান পেষেছে। কবিতা সংলাপে তাঁর Conversation between a Bookseller and a Poet. Prophet এবং Crucifix-এর মধ্যে ক্লাসিকতা ও রোমান্টিকতার উধ্বে একটা অপূর্ব বৈশিষ্ট্য নৃতনত্বের স্বাদ দেয়। কবিতায় তাঁর অসাধারণত

⁽२६३) Russian literature differs in certain fundamental respects from others of western Europe. Its development is more sudden and violent. It gives the impression of leaping rather than growing, just as the history itself of the country—An Introduction to Russian Literature—Helen Muchnic—p. 6.

⁽२६৯) The echo of Renaissance was faint in Russia. That it is realistic is partly due, of course to the fact that it came into its own in the 19th century when all European art was experimenting with realism.—Ibid—p. 9.

অম্বীকার করা যায় না কিছু নাটকে তাঁর এই প্রতিভা ফুটে ওঠেনি। তাঁর নাটক Boris Godunov-এ বহু দৃষ্ঠ এবং অমিত্রাক্ষর ছন্দে বহু সংলাপ নাটককে আকর্ষণীয় করতে পারেনি। তাঁর ছোট ছোট চারধানি ট্যাজেডি কয়েকটি পৃষ্ঠায় আবদ্ধ কিন্তু তার মধ্যে পূর্ণান্স চারথানি নাটকের উপাদান রয়েছে, কিন্তু তাঁর প্রতিভা তাকে কয়েক পৃষ্ঠায় স্বন্দরভাবে ব্যক্ত করেছে। প্রধানত: তিনি কবি কিছু উপস্থাসও তিনি লিখেছেন। তাঁর Captain's Daughter ऋটের উপস্থাসের আদর্শে লেখা হলেও তা Manzoni-র I Promessi Sposi-র মত সম্পূর্ণ ও পৃথক। হফ্ স্যানের আদর্শে লেখা তাঁর Queen of Spade, কিন্তু তা তাঁর সম্পূর্ণ নিজম্ব সৃষ্টি এবং প্রতিভার স্বাক্ষর। পুশ্কিনের মাধুর্য তাঁর সংক্ষিপ্ত স্থার বচনভঙ্গিতে, স্বল্ল কথায় অনেকথানি ব্যক্ত করার ক্ষমতা তাঁর অসাধারণ এবং সেইজন্মই তাঁর কবিতা, নাটক, উপন্তাস সবই এক নৃতন স্ষ্টি। তথন ইউরোপীয় সাহিত্যে যা কিছু স্ষ্টি হয়েছিল তার সব কিছুর সঙ্গেই তিনি নিজম্ব কিছু যোগ ক'রে একক ভাবে রাশিয়ান সাহিত্যের স্বর্ণগুগের শ্রন্থা। প্রকৃতপক্ষে পুশ কিনের সাহিত্যের মধ্যে ১৮শ শতকের নীতি ও সংস্থার এবং ১৯শ শতকের ব্যক্তিস্বাতস্ত্র্যবাদের একটা সামঞ্চপূর্ণ অভিব্যক্তি দেখা যায়। देश्वताठांत्री भागन ও গণতন্ত্র, অন্তর ও বাহিরের স্বাধীনতা, অহং-এর মৃক্তি ও সমাজের প্রয়োজন, সংযম ও স্বাধীনতা, নগ্ন আদিমতা ও সভ্যতার কৃত্রিমতা, এই সব বৈপরীত্যের মাঝে যেন তিনি ঘুরে বেড়িয়েছেন। মারুষের জৈব বাসনাকে ক্ষম না ক'রে ফুন্সরের সৃষ্টি তিনি করতে চেয়েছেন ক্লাসিকতার সংযম ও রোমাণ্টিকতার হৃদয় দিয়ে।*

প্রথম নিকোলাসের পরিষদে যে সমস্ত পুশ্কিনের অন্থকারী কবি থ্যাতি লাভ করেছিলেন তাঁদের মধ্যে E. A. Baratynsky (১৮০০-৪৪) তাঁর বর্ণনার চাতুর্য এবং অন্থভুতির কমনীয়তার জন্ত থ্যাত। Dmitri Venevitinov (১৮০৫-২৭) জার্মানীয় অতীন্দ্রিয়তার সঙ্গে পুশ্কিনের রাশিয়ান বাস্তবতার মিশ্রণ ক'রে নৃতনত্ব এনেছিলেন এবং Anton Baron Delving (১৭৯৮-১৮,৬১) পলীগাণা ও কাহিনীকে নৃতন মাধুর্যয় রূপদান করেছিলেন।

এর পরে রোমাণ্টিকতার ঢেউ ধীরে ধীরে রাশিয়ায় প্রবেশ করল। পুশ্কিনের শিশু M. Y. Lermontov (১৮১৪-৪১) প্রথম রোমাণ্টিক ভাবধারার লেখক। তিনিও গুরুর মত নির্বাসনের লাজনা এবং দেশের সেন্সরের অনিশ্চয়তার মধ্যে দিন কাটিয়েছেন। Werther-এর মত বিক্ষ্ম জীবন তাঁর। সারাজীবন বহু দ্বয়্ছ ক'রে পরিশেষে হ্রয়্ছয়্টে নিহত হন। তাঁর উপক্রাস A Hero of Our Time, পুশ্কিনের ককেশাস অঞ্চলের কাহিনী, তরুণ য়ুগের নৈরাশ্রের বেদনা এই উপক্রাসকে অঞ্চমধ্র ক'রে রেখেছে। পুশ্কিনের বচন-সংক্ষেপের রীতি তিনি আয়ত করেছিলেন, তাই তাঁর আধ্যানভাগ কথনও মহুর ও থণ্ডিত হয়নি। তাঁর

^{*} Ibid-Helen Muchnic-p. 91

ক্ষেক্টি কবিতা অরণীয়। Sailing Ship, Clouds of Heaven, Perpetual Wanderers শেলীর Ode to the West Wind-এর গভার ভার্কতার কথা অরণ করিয়ে দেয়। ফ্রান্সের রোমান্টিক লেখকগণের চেয়ে জীবনের সঙ্গে ছিল তাঁর নিবিড়তর এবং তার সঙ্গে সংখত সংক্ষিপ্ত-বাক লিখনশৈলী যুক্ত হ'য়ে তাঁর কবিতাকে অরণীয় ক'রে রেখেছে।

পোলাণ্ড-এ এই সময়ে ইউরোপের শ্রেষ্ঠ সাহিত্যের প্রভাব এসে পৌছেছে। শেক্সপীয়র, মলিয়ের, ক্যালভেরনের লেখার সঙ্গে তাঁর পরিচয় নিবিড় হ্য়েছে—এই পরিচয়ের ফলেই পোলাণ্ডের সাহিত্য ক্রত উন্নতি লাভ করে। Juliusz Slowacki (১৮০৯-৪৯) শেক্সপীয়র ও ক্যালভেরনের প্রভাবে এক্সথানি নাটক লেখেন। তিনি গীতিকবি, বায়রনের প্রভাব নিয়ে লেখা শুরু ক'রে—মিন্টিসিজমে তাঁর কবিতার সমাপ্তি। Zygmunt Count Krasinski (১৮১২-৫৯) ঐতিহাসিক উপস্থাস লিখে পোলাণ্ডে রোমান্টিকভার স্ত্রপাত করেন। পোলাণ্ডের সাহিত্যে এই নবজাগরণের যুগের শ্রেষ্ঠ উপস্থাস Pan Tadeusz—Adam Mickiewicz (১৭৯৮-১৮৫৫) নির্বাসনকালে এই উপস্থাস রচনা করেন। গ্রামীন সম্বান্ত রাজিক জীবনের কাহিনীকে কোতৃক ব্যঙ্গ ও বক্রোজিতে স্থাপাঠ্য ক'রে রেখেছেন। তিনি বায়রনের কবিতার অন্থবাদ করেন এবং স্কটের অন্থকরণ ঐতিহাসিক উপস্থাসও লিখেছিলেন। তাঁকে পোলাণ্ডের গ্যেটে বা পুশ্কিন বলা বেতে পারে। তিনি একাই নাটক, কবিতা ও উপস্থাস রচনা ক'রে পোলিশ সাহিত্যকে সমৃদ্ধ করেন।

১৭শ শতকের মাঝামাঝি সময় থেকে ১৮১০ সাল পর্যন্ত স্থৃইডেন-এর সাহিত্য ইংরাজী সাহিত্যের প্রভাবে গ'ড়ে ওঠে। কবিতার দিক থেকে ফরাসীরীতি তখন স্থইডেনে গৃহীত হয়েছে এবং গৃত সাহিত্য ইংরাজী সাময়িক পত্তিকা Spectator-এর আদর্শে গ'ড়ে উঠেছে—যেমন বাংলার বৃদ্দর্শন পত্তিকার মাধ্যমেই প্রথম গৃত্য সাহিত্য পৃষ্টিলাভ করে এবং এই বৃদ্দর্শনও Spectator পত্তিকার আদর্শে স্থাপিত হয়েছিল।

১৮১০ সাল থেকে ১৮৩০-এর মধ্যে ইউরোপীয় রোমাণ্টিক চিন্তাধারা স্থান্তে পিরে পোঁছল। স্থাডেনের লেথকগণ সাধারণতঃ ধর্ম, অমুভূতি, কর্মনা ও সৌন্দর্যকে কেন্দ্র ক'রেই লিথতে শুক্ষ করেন। তথন ফ্রান্সের লিথন-রীতির (formalism) অমুকৃতিটা বেশ শক্তিশালী ছিল কিন্তু নৃতন যুগের এই লেথকগণ তাকে ত্যাগ ক'রে ভাষা ও ভাবের একটা স্বাধীন ধারার প্রবর্তন করেন। এই রোমাণ্টিক যুগের প্রথম উল্লেখযোগ্য লেথক Rydberg, এবং তাঁর Singoalla রোমাণ্টিক কাহিনী। বাংলার মছয়া গল্পের মত এক নাইটের জিপ্সি মেয়ের প্রতি প্রেম নিয়ে একটি স্থান্দর গল্প গ'ড়ে উঠেছে। অস্থান্ত দেশের মত রোমান্টিকভার পরে বাস্তবভা (Realism) এবং অভিবান্তবভা (Naturalism) স্থাইডেনেও এসেছিল। বান্তব লেথকগণের মধ্যে ১৯শ শতকের Miss

Bremer এবং তাঁর 'The Home', 'The Family' এবং 'The Neighbours' প্রাপন্ধ। (২৬০)

১৮শ শতকের শেষেই রোমাণ্টিক নাটক ক্ষয়িঞ্ হ'রে মেলোড্রামাতে পর্ববিদ্ত হয়েছিল। এই অবক্ষয়ের যুগে ভিরেনার থিয়েটারকে কেন্দ্র ক'রে কৰি Franz Grillparzer বিদেশী অনেক লেখকের কাহিনী অবলম্বনে কিছু রোমাণ্টিক নাটক রচনা করেন। Leander, Jason, Sappho প্রভৃতির গল্প নিয়ে অনেকটা কাব্যকারে নাটক লেখেন এবং তাতে তিনি রোমাণ্টিকতাকে ক্লাসিক সংযম দ্বারা পরিবেশন করেন। যদিও তাঁর নাটক খুব সফল হয়নি তব্ও অফ্রিয়ার সাহিত্য-জগতে তিনি প্রখ্যাত।

কিন্ত Karl Gutznow (১৮১১-৭৮)-এর মধ্যেও Grillparzer-এর মত জার্মান Sturm und Drang-এর প্রভাব দেখা দেয়নি। তিনি দার্শনিক ভাব নিয়ে কয়েকথানি বান্তব নাটক লেখেন। তার মধ্যে Uriel Acosta প্রসিষ্ক। কিন্ত জার্মানীর এই বিক্ষোভ এবং ফরাসী বিপ্লবের চিস্তাধারা এসে প্রথম দেখা দেয় নাট্যকার Georg Büchner (১৮১৩-৩৭)-এর মধ্যে। তাঁর ছংখবাদী নাটক Danton's Tod (The Death of Danton)-এ ফরাসী বিপ্লবের বিক্ষোভও ছংখবাদ এসে দেখা দেয়। ২৪ বৎসরের জীবনে ছগোর জহ্মবাদ করেন এবং ব্যক্ষ ও বক্রোক্তি দিয়ে নৃতনরূপে Leonee und Lena রূপকথা লেখেন। জীবিতকালে তিনি আদৃত হননি, বিংশ শতকে এসে তাঁর লেখা প্রতিষ্ঠা লাভ করে।

Friedrich Hebel (১৮১৩-৬৩) বর্তমান নিয়ে একথানি মাত্র নাটক লেখেন Maria Magdalena। অক্ত সব ঐতিহাসিক নাটকও তাঁর থিয়েটারের প্রয়োজনে লেখা। তিনি হেগেলপছী এবং জাতিতে প্রাশিয়ান। ব্যক্তি ও রাষ্ট্রের সংঘাতকে দেখেছিলেন, এবং ঐতিহাসিক নাটককে সমস্তাম্লক ভাবে রচনা ক'রে বলেছেন,—রাষ্ট্রের কল্যাণ, বৃহত্তর স্বার্থে ব্যক্তিকে ত্যাগ করতেই হয়। তাঁর প্রখ্যাত Herodes und Mariamne বাইবেল থেকে গৃহীত নাটক—এই নাটকের বিক্ষোভ সংযত ও সংহত হওয়ায় সফল হয়েছে। Gyges and his Ring নাটকের দার্শনিকতা ও মনস্তব্ব বিশ্লেষণ তাঁকে হয়ত Ibsen-এর প্রতীক্তার পথিকৎ করতে পারত কিছে তা হয়নি। তাঁর নাটক মেলোড্রামার ফ্রটিশ্রু হ'য়ে স্বল হ'য়ে ওঠেনি। চলতি নাটক থেকে স্বত্ত্ব ভাবে গীতিনাট্য রচনা করেন Richard Wagner (১৮১৩-৮০), তাঁর গীতিনাট্য ও মঞ্চমজ্জা নাট্য-জগতে ন্তন রেখাপাত করে। আলোর প্রক্ষেপনের নৃতন প্রয়াস তাঁরই।

ভেনমার্ক-এ রোমাণ্টিক যুগের বিশিষ্ট লেখক Adam Oehlenschlager (১৭৭৯-১৮৫০)। তিনি পুরাতন নর্গদিগের পৌরাণিক কাহিনী নিয়ে কাব্য ও গভ কাহিনী লেখেন। তিনি পূর্ববর্তী গীতিকবি Johannes Ewald (১৭৪৩-৮১)-

University of Pittsburg Press.—p. 275-85.

এর লেখা পৌরাণিক কাহিনীর গীতিকাব্য ধারায় আকৃষ্ট হ'য়ে পৌরাণিক আখ্যানকে রোমাণ্টিক ধারায় রচনা করেন। তিনি শীলারের ভক্ত ছিলেন এবং জার্মান রোমাণ্টিক ধারাই ডেনমার্কে ছড়িয়ে পড়ে। এমনি করেই Holberg-এর যুগে ফরাসী ধারা এসে ডেনিশ সাহিত্যকে পুষ্ট করেছিল।

Perrault ১৭শ শতকের মাঝামাঝি Mother Goose প্রভৃতি গল্প সংগ্রহ क'रत रुमत कतामी ভाষায় निर्थिहिलन। Jacob (১११৮-১৮৬৫) এवः Wilhelm Grimm (১৭৮৭-১৮৫৯) জার্মানীর লোকগাথা ও লোকগীতির কাহিনীকে রোমাণ্টিক যুগে স্থলরতর ক'রে লিখেছিলেন। এই ধরনের গল্প ও কাহিনী Tieck, Hoffmann, Hauft থেকে Gottfried Keller পর্যন্ত অনেকেই লিখেছেন। এই নৃতন ধরনের সাহিত্যের ঘারা সর্বাপেক্ষা বেশী প্রভাবিত হন প্রখ্যাত গল্পেক Hans Christian Anderson (১৮০৫-৭৫)। সর্বরক্ষ সাহিত্যই লিখেছিলেন কিন্তু তাঁর স্মরণীয় সাফল্য তাঁর আত্মজীবনী ও ক্লপকথা। তাঁর এই রূপকথাগুলি ঠিক চলতি পুরাতন কথা নয়, এবং তা শিশুদের ছান্তও ঠিক লেখা নয়। তাঁর উপরে জার্মান লেখক Hoffmann এবং Tièck-এর প্রভাব ফম্পষ্ট। তাঁর Big Claus and Little Claus জাগতিক জীবনে মাহুবের. লোভের পরিণতির একটি সরল গল্প। কিন্তু এই সহজ গল্পে তিনি প্রকৃতপক্ষে জীবনকে নতুন দৃষ্টিতে দেখেছেন। The Emperor's New Clothes গল্পটিও এই রকম তাৎপর্যপূর্ণ। তার দৃষ্টিভঙ্গির এই পরিবর্তন হয় রোম-দর্শন ও রোমে কিছকাল অবস্থানের পর। গ্যেটের জীবনেও রোম-প্রবাস এমনি একটা চিস্তাধারার পরিবর্তন এনেছিল। রোমের র্যাফেল যুগের পূর্ববর্তী শিল্পীগণের নৃতন জীবন-দর্শন অর্থাৎ ইউরোপের চিন্তাধারাকে নৃতন রঙে রাঙিয়ে দিয়েছিল।

১৯শ শতকের মাঝামাঝি এসে রোমাণ্টিক ভাবধারা ত্র্বল হ'য়ে পড়ল এবং তার প্রভাবও মন্দীভূত হল। তথন ইউরোপের নতুন আবিষ্কার, এবং তার ফলশ্রুতি শিল্পায়ন মাছ্মকে বিষয়ম্থী এবং বাস্তব ক'রে তুলেছে। অহংবাদ এবং ব্যক্তিস্থাতন্ত্রের নামে আত্মকেন্দ্রিকতা এসে দেখা দিয়েছে। অহুভূতিপ্রধান কল্পনাচারী মানব-মন হৃদয়র্ভিকে ত্যাগ ক'রে মন্তিষ্ক্রণাত বৃদ্ধি ও যুক্তিকে আশ্রম্করেছে। তার প্রভাব স্থান্ত্রপ্রসারী হয়ে সমান্ধ, রাষ্ট্র এবং ব্যক্তিকে ঘিরে ধরেছে, অতএব কল্পনাচারী মানব-মন নেমে এল পৃথিবীতে। বাস্তব সাহিত্য তথা Realistic সাহিত্য গ'ড়ে উঠল, তার থেকেই এল প্রকৃতিবাদী (Naturalistic) সাহিত্য। জীবন ঘিরে বস্তুজগতের প্রাচীর উঠল কিন্তু তব্ও মানব-হৃদয় মরেনি, রোমাণ্টিক যুগের ভাবধারা, মাহুষের ক্রদয়র্ভি আন্ধণ্ড অস্তঃসলিলা হ'য়ে সাহিত্য-ধারায় বেঁচে আছে।

छेननारमज जूकीयून

ষাহ্ব আদিম কাল থেকে গল্প করেছে এবং শুনেছে। এই গল্প বলা ও শোনা নেহাৎ আনন্দের জগুই নয়, এটা মাহুবের মনের প্রয়োজন। মনন্তন্তের দিক থেকে এই গল্প, সদীত, কাব্য—এককথায় সমগ্র সাহিত্য তার মনের প্রয়োজনে হুট। তার জীবনে না-পাওয়ার বেদনা এই গল্পের মাধ্যমে নিষ্কাশিত হু'য়ে তাকে চিত্ত-বিকার থেকে মৃক্তি দিয়েছে।

প্রথমে গল্প ভানেছে মাহ্যর সদীত, মহাকাব্য, কাব্য ও নাটকের মাধ্যমে, কারণ তথন পৃত্তকও সহজ্বভা ছিল না, লেখাণড়াও ব্যাপকতা লাভ করেনি। বাজারে বাজারে গল্প-বলিয়েরা গল্প, ইতিহাস বলত, শ্রোতাগণ ভনত। এই গল্প থেকে, গল্প শোনার প্রবৃত্তি থেকে ১৯শ শতকে এসে উপগ্রাস-সাহিত্য অকম্মাৎ ভয়াবহ জনপ্রিয়তা কেন লাভ করল এবং কেনই বা নাটক, কাব্য, সদীতকে পিছনে ফেলে উপগ্রাস বড় হ'য়ে উঠল তার বিচার করতে গেলে কিছু ইতিহাস আলোচনা করা প্রয়োজন।

মনের দিক থেকে মাহুষের এই উপক্যাস-যুগে আনেক পরিবর্তন হয়েছিল। নবজাগরণ যুগের পরে মাহুষ যুক্তিভিত্তিক চিস্তাধারায় আরুষ্ট হ'য়ে ধর্ম-নীতির অতী ব্রিয়তা ও আধ্যাত্মিকতাকে ত্যাগ ক'রে বাস্তববাদী হ'য়ে ওঠে। সঙ্গে সঙ্গে नाना देवछानिक चाविकात माञ्चरवत मखिकत्रवित উপत निर्कतरयोगा विश्वाम निरम আদে। তারই ফলে মাত্রৰ ব্যক্তিস্বাধীনতা-প্রিয় হয় এবং তার অন্তর্নিহিত অহং ধর্ম-নীতির শৃঙ্খলমোচন ক'রে জাগ্রত হ'য়ে ওঠে। সঙ্গে সঙ্গে আসে ব্যক্তিবাদ এবং আত্মকেন্দ্রিকতা, সে ব্যক্তি ও তার পরিবেশ সম্বন্ধে সচেতন হ'য়ে ওঠে। তথন রূপকথার অসম্ভাব্যতা ও ধর্মীয় কাহিনীর অলৌকিকতাকে যুক্তি বারা আর গ্রহণীয় ব'লে মনে করা চলে না। নর-নারী ও নিদর্গ প্রেমের একটা ধারা রোমাণ্টিকতা নাম নিয়ে এবং কাণ্ট-হেগেলের আদর্শবাদকে সাক্ষী রেথে মাছবের দ্বদয়বুত্তিকে নাড়া দিয়েছিল কিন্তু তাও স্থায়ী হল না, কারণ বৈজ্ঞানিক আবিষ্কার তথন মাহুষের অহংকে কেন্দ্র ক'রে নৃতন নৃতন শিল্প সৃষ্টি ক'রে চলেছে। এই শিল্পায়ন (Industrialization) মানব-সমাজ, সভ্যতা, পরিবার, ব্যক্তিকে নৃতন ছাঁচে নূতন মন দিয়ে তৈরী ক'রে দিল এবং এই পরিবর্তিত মানব-সমাজে উপস্থাস-সাহিত্য অসম্ভব জনপ্রিয়তা লাভ করল—কতকটা ব্যক্তির প্রয়োজনে এবং কতকটা মাহুষের নিষ্ঠুর বৈশ্ববুত্তির প্ররোচনায়।

১৭৭০ থেকে ইংলণ্ডে প্রথম শিল্পায়ন শুরু হয়, এবং তার পরে তা ইউরোপের অক্যান্ত দেশে ছড়িয়ে পড়ে। ইংলণ্ডে শিল্পায়নের উৎপত্তির কারণ তার আবহাওয়া ও পরিস্থিতি, তার থনিজ সম্পদ ও বৈজ্ঞানিক আবিষ্ণার। New Comen ১৮শ শতকের প্রারম্ভেই স্টীম-এঞ্জিন আবিষ্ণার করেন এবং James Watt (১৭৩৬-১৮১৯) তাকে উন্নত ক'রে কাজের উপযোগী করেন। এই এঞ্জিন খনির কাজে লাগল। ১৭৬৭

শালে Hargreaves এক সংশ ৮/১০টি স্তা কটার জন্ত Spinning Jenny আবিষার করলেন, Arkwright তাঁর Waterframe তৈরী করলেন, Edmund Cartwright অয়ংক্রিয় তাঁত আবিষার করলেন। এই সবই জলশক্তি দিয়ে চলত, একটা জেনিতে একসঙ্গে ১০০ ২০০ তৈরী হত। অর্থাৎ একটা যন্ত্রে ১০০ ২০০ লোকের কাজ করত। লোহ নিষ্কাষণ আবিষার হল ও উন্নততর ব্যবহার চলল, যন্ত্রও ক্রমশং ভারী ও বিরাট হল। তথন মাহ্র্য বা পশুর শক্তিতে আর চলে না, স্ত্রীম-এঞ্জিন দিল তার শক্তি। পূর্বে লিভারপুল থেকে ম্যাঞ্চেন্টার ৩০ মাইল পথ যেতে তুলার গাঁইটের লাগত মাসাবিধি সময়, অতএব চলল স্ত্রীম-বোট। Fullon-এর Clemont স্ত্রীমার নিউইয়র্ক থেকে (৭ই আগস্ট ১৮০৭) ১৫০ মাইল দ্বে Albanyতে পৌছল ৩২ ঘণ্টায়। ১৮৬৪তে ৪২৬ টনের জাহাজ The Great Western আটলান্টিক পাড়ি দিল। তার পরে স্থলে চলল রেলগাড়ী। ১৮৩০ সালে স্ত্রীভেনসনের রকেট ম্যাঞ্চেন্টার-লিভারপুলে ঘণ্টায় ৩০ মাইল বেগে চলল। শুধু ইংলণ্ডে নয়, ফ্রান্স জার্মানী ও স্থইজারল্যাণ্ডেও শিল্পবিপ্রব শুরু হল।

দেখতে দেখতে জ্রুত শিল্পনগরী গ'ড়ে উঠল। গ্রাম ছেড়ে লোক এসে ভিড় করল নগরে, একান্তই অর্থের মোহে। পরিবার ভাঙ্গল, সমাজবন্ধন শিথিল হল, ছিন্নমূল স্বাধিকারপ্রমন্ত মাহ্র্য এসে জড় হল নগরের বস্তিতে, সেখানে চলল ছুনীতির স্রোত। ধর্ম-নীতিকে যুক্তির তীক্ষতায় রেনেসার যুগেই মাহ্র্য ব্যক্তিবাদ ও ব্যক্তিস্বাতন্ত্রের নামে জলাঞ্জলি দিয়েছিল, এখন সমাজ পরিবারের বন্ধনমূক্ত হ'য়ে, পরিবার থেকে বিচ্ছিন্ন হ'য়ে তারা হল স্বেচ্ছাচারী—একক। তারা কাজ ও চিরিত্রের জন্ম রাষ্ট্রীয় আইন ব্যতীত ধর্ম, নীতি বা বিবেক কারও কাছে আর দায়ী ধাকল না। (২৬১)

ষথন ঘরে ঘরে স্তা তৈরী ও বয়ন হত, বাড়ীর সকলে একসঙ্গে কাজ করত তথন তার মধ্যে দেহ-মনের উন্নতির স্থোগ ছিল কিন্তু যথন তারা ফ্যাক্টরীর কারিগর হল, দলে দলে একত্রিত হল অস্বাস্থ্যকর সমাজহীন পরিবেশে তথন স্বাধীন কর্মী হল কুলি। পরিবার থেকে বিচ্ছিন্ন হ'য়ে কারথানায় একক ভাবে এফে হল ফুর্নীতিপরায়ণ ও উচ্ছুখল। নৃতন নৃতন সমস্তা দেখা দিল। কতক সমাধান হল, কতক হল না। এই লোকগুলি জড়-জগতের স্থা ও স্বাচ্ছেল্যের উপকরণ উৎপাদন করল এবং যাকে জীবনের মান (Standard of living) বলে সেটাও বাড়ল এবং আরও বেশী স্থভোগের জন্তা লোভী মান্ত্র লালায়িত হ'য়ে উঠল। ধনিক ও শ্রমিক তুই নৃতন শ্রেণী গ'ড়ে উঠল।

শিল্পাঞ্চলে স্বাস্থ্য, নীতি ও মানসিক উন্নতির দিক থেকে ভয়াবহ সমস্তা এসে দেখা দিল। শ্রমবিভাগ পদ্ধতির মধ্যে জীবনে এল এক্লেয়েমী এবং কার্থানা মাহ্যকে যন্ত্র ক'রে তুলল। ইংলণ্ডে এই ফ্রুত শিল্পায়নের মূলে ছিল তার থনিজ সম্পদ,

⁽২৬১) এই তথ্যগুলি Europe Since 1815—C. D. Hazen-এর থেকে গৃহীত—p. 53-56.

লোহ ও কয়লা এবং তার উপনিবেশের বাজার। কিন্তু জড় জগতে উয়তির সঙ্গে ইউরোপ হারালও অনেক কিছু। শ্রমবিভাগ মাহ্মবের মনে গভীর প্রভাব বিস্তার করে। কৃষকের কাজ বহু রকমের, তার কাজের বিভিন্নতার মধ্যেই তার আনন্দ এবং বাইরের আনন্দ তার প্রয়োজন হয় না, কিন্তু কারখানায় কারিগরের পক্ষে একটু আমোদ ও আনন্দ অপরিহার্ঘ। সে কোনরকম একটা উত্তেজনা খোঁজে, তাই তার পক্ষে মন্তপান, জুয়া এবং কুসাহিত্যে (Yellow Press) আরুই হওয়া স্বাভাবিক। (২৬২) নিষ্ঠুর বৈশ্রমুজিসম্পন্ন মাহ্ময় এই মদ জুয়া আর কু-সাহিত্য ছড়িয়ে ছপয়সা রোজগার করতে কোনদিন কৃষ্টিত হয়নি। বর্তমানে ভারতেও আমাদের শিল্লায়নের মুগে এই মনোবুজি সর্বদিকে প্রকট হ'য়ে উঠেছে।

এই শিল্পায়নের ফলশ্রুতি হিসাবে সমাজের অনেক পরিবর্তন হল। গ্রামকে নিঃম্ব ক'রে নগরের জনসংখ্যা বাড়তে লাগল (বর্তমানে ইংলণ্ডের ট্র অংশ নগরবাসী), বাসম্থানের সংকীর্ণতা দেখা দিল, পরিবেশ অস্বাস্থ্যকর হল, নানাবিধ হুনীতি দমন কট্টসাধ্য হ'য়ে উঠল। প্রমাণিত হল, একসঙ্গে বহু লোক ভিড় করলে দেহ ও মনের ক্ষতি অস্থান্তাবী। ১৯শ শতকের প্রথমেই নাগরিক জীবনে হুনীতি চরম আকার ধারণ করল। হুনীতি রোধের জন্ম বহু আইন প্রণীত হল, তাতে জনজীবনে কিছুটা হ্ররাহা হল বটে কিন্তু বেকার-সমস্থা রয়ে গেল, কারণ বেকার-সমস্থা শিল্পায়নের প্রিয়তম সহচর। (২৬৩) অর্থাৎ শিল্পায়নে বহুর মাধায় হুর্ভাগ্যের বোঝা চাপিয়ে দিয়ে কতিপয় ব্যক্তি জড়-জগতের ধনসম্পদের অধিকারী হল। স্ত্রী-পুরুষ-শিশু একসঙ্গে এক কারখানায় এসে জড় হ'য়ে হাট তৈরী করল এবং হঠাৎ গ'ড়ে-ওঠা শহরে শহরে উচ্ছেখল জৈব জীবনের প্লাবন বয়ে গেল।

শিল্পবিপ্লবের ফলে সমাজ-জীবনের আমৃল পরিবর্তন ঘটল। নৃতন নৃতন সমস্যা এল, যার সমাধান একমাত্র জনপ্রিয় দক্ষ শক্তিশালী সরকারই করতে পারে। কিন্তু তার সমাধান আজও সম্ভব হয়নি এবং প্রযুক্তিবিস্থার সঙ্গে আজও ক্রমাগত পরিবর্তন হ'বে চলেছে। (২৬৪)

⁽२७२) A farmer having varied occupations feels little craving for relief and relaxation. But a factory hand requires recreation and distraction...he is the prey of unwholesome stimulus viz, drink, betting and 'yellow press'.—Ibid—Hazen.—p. 57.

⁽२७३) A machine almost by definition throws people out of employment because machine does the work of several men. Ibid—Hazen—p. 63.

⁽२७8) ...people huddled together promiscuously in mushroom cities and habitations unworthy of name, particularly the employment under barbarous conditions of women and children.—Ibid—p. 63.

⁽२७8) But industrialisation had begun in Britain to a significant extent by 1815; and it remained until the present day one of the greatest forces of fundamental change in social life, constantly creating new problems that only strong Government and efficient administration, enjoying general popular support, could efficiently solve. The growth of technology has continued to revolutionize European civilization in all its aspects.—Europe Since Napoleon—David Thompson.—p. 97.

এই শিল্পবিপ্লব ইংলতে অতি জ্বত অগ্রসর হয় এবং প্রথমেই বস্ত্রশিল্প বেড়ে যায়। পার্লামেন্টের আইনে ভারতের তাঁতবন্ত্র প্রভৃতি আমদানি নিষিদ্ধ হয় এবং এই স্থযোগে ও সরকারী সহায়তায় দেখতে দেখতে বর্মনশিল্প বেড়ে যায়। তার উপরে আবার বস্ত্রশিল্পের উপর সরকারী কর ছিল না অথচ পশমশিল্পের উপর ছিল, সেই জন্ম অতি জ্রুত ব্রিটিশ বস্ত্র ইউরোপ ছেয়ে ফেলে এবং পরে ভারত থেকেও তাঁতশিল্পকে উৎথাত করে। ১৮০১ সালে ইংলণ্ডে ৫৪ মিলিয়ন পাউও তুলা ব্যবহৃত হয় এবং ১৮২০ সালে ১৩৭ মিলিয়ন পাউও তুলা ব্যবহৃত হয় এবং এই সময়ে ১৪১৫০ খানা ষম্ভচালিত তাঁত ইংলণ্ডে ছিল। অপচ ১৭৬০ সালের পূর্বে ইংলণ্ডে ব্যবহাত তাঁত ভারতের তাঁত অপেক্ষা আদে উৎকুষ্টতর ছিল না। (২৬৫) শিল্পের এই ক্রত উন্নতি, তথা ক্রত কারথানা ফ্যাক্টরী ইত্যাদি স্থাপনের ফলে সমাজ, পরিবার ও ব্যক্তিজীবনে যে পরিবর্তন এল তা অনেকটা আকস্মিক। এই আকস্মিক পরিবর্তন মাম্বরের চিন্তাধারার উপরেও প্রভাব বিন্তার করল। বিজ্ঞানের এই নৃতন্তম দানের স্থোগ নিয়ে মাহুষের অহং তাকে ভোগলিপা, স্বার্থপর ও আত্ম-কেন্দ্রিক ক'রে তুলল। মাহুষের মধ্যে একটা ভয়াবহ নিষ্ঠুর বৈশ্ববৃত্তি এসে দেখা দিল এবং মাত্রৰ জড়জীবনগত ভোগবিলাদের ঘারাই জীবনের মূল্যায়ন করতে শুরু করল, ধনম্পুহা প্রবলতর হল। ধর্ম-নীতি, মানবতা, হাদয়বুত্তি সবই এই নির্ম ভোগস্পৃহা ও সম্পদের মোহের কাছে নস্তাৎ হ'য়ে গেল। অর্থাৎ নতুন সমাজে সাধারণের কাছে মাহুষের চেয়ে মোটরের মূল্য হল বেশী। মহুছাত্র ও মানবোচিত গুণাবলীর চেয়ে স্বর্ণ হল বেশী মূল্যবান। সাহিত্যও সঙ্গে সঙ্গে সামগ্রিক জীবনকে ত্যাগ ক'রে ব্যক্তিজীবনের দেনা-পাওনা, স্থা-ছঃথ নিয়ে গ'ড়ে উঠল—সমষ্টর মধ্যেই वाष्टि वर्ष रु'रम् (मथा मिन।

১৯শ শতকের প্রথমে দেখা গেল সর্বাপেক্ষা জনপ্রিয় নাটক ও থিয়েটার শিক্ষিত জনসাধারণকে আর পরিতৃষ্ট করতে পারছে না। ১৮শ শতকে কমেডি প্রবন্ধ সাহিত্য, ধর্ম-দর্শন, ইতিহাস পুরুষ পাঠকগণকে পড়বার বই জ্গিয়েছিল কিছে তথন মেয়েরাও শিক্ষিত হ'য়ে উঠেছে এবং শিল্পায়নের ক্রপায় একটা অর্থবান মধ্যবিত্ত শ্রেণী গ'ড়ে উঠেছে। ১৭৭০ থেকেই শিল্পবিপ্রবের ফলে একদল লোক ক্ষীত হ'য়ে ওঠে এবং তাদের ঘরের মেয়েরাও শিক্ষিত হ'য়ে ওঠে। তথন দীর্ঘ শীতের অপরায় কাটানোর জন্ম বাতি এবং পরে গ্যাসও ক্লভ হয়েছে, অতএব তাদের পড়বার বই দরকার হল—পড়ে সময় কাটানোর জন্ম, উপভোগের জন্ম। শিল্পায়নের পিছনে মামুষের স্বার্থবাধ ও লোভের অভাব ছিল না, ভোগস্পৃহা বেড়ে গিয়েছিল, নানা শিল্প ও ব্যবসায় ঘারা অর্থার্জনটাই জীবনের কাম্য হ'য়ে উঠেছিল। তথন উপন্যাস-সাহিত্যের চাহিদা দেখে বণিক ইংরাজের বৈশ্য-প্রতিভা পুন্তক ব্যবসায় আরম্ভ

⁽২৩৫) এই তথ্যগুলি W. G. Hoffmann কৃত The Growth of Industrial Economics-এর—p. 43-44 থেকে গুরীত।

করল এবং শ্রমিকের জন্ম yellow press এবং মধ্যবিত্ত শিক্ষিত মেয়েদের জন্ম উপস্থাস মৃত্রিত হল। মৃত্রায়ন্ত্রের আবিদ্ধার আগেই হয়েছিল (১৪৫২-৫৪)। এখন তা গ্রন্থ ব্যবসায়ে নিয়াজিত হ'মে সাহিত্যকে ব্যবসা-সামগ্রী ক'রে তুলল। রামায়ণ-মহাভারত, ইলিয়াড-ওভিসির যুগে সাহিত্য ছিল রসিক জনের, পিকারো পক্ষ উপস্থাসের যুগে ছিল শিক্ষিত সাধারণের, মৃত্রায়ন্ত্র কাগজের স্থলভতা ও বণিক-বৃদ্ধি তাকে ক'রে দিল জনগণের,—উপভোগের সামগ্রী হ'য়ে দেখা দিল সাহিত্য-শিক্ষোৎ-পাদিত ব্যসন ক্রেরের মত। (২৬৬) বর্তমান যুগের শিক্ষায়ন-ফ্রীত-বাংলা সাহিত্যের উপস্থাসধারার সঙ্গে ধার তুলনা করা যায়। সাহিত্য হল ব্যবসায়ীয় পণ্য, মাহ্মবের মনের তুর্বলতা ও ইন্দ্রিয়গত কামেচ্ছার স্থযোগ নিয়ে অর্জন করল অর্থ। সে ব্যবসা আজও চলেছে সমানে, সর্বদেশে, যার জন্ম Franz Kafka-র মত লেখকও খ্যাতি লাভ করেছেন মৃত্যুর ২৪ বৎসর পরে। ব্যবসাবৃদ্ধিতে সাহিত্যের কঠরোধ হলেও মানব-ছদয়ের চিরস্তন রসম্রোত ও কান্তিবোধ শুক্ত হয়নি,—অন্তরালে বসে মানব-ছদয় স্থন্ধাক ব্যেছ, শিবস্থনরের আশ্রয়ে আপনাকে অভিব্যক্তি দিয়েছে।

গণতান্ত্রিক যুগে অন্ততঃ বছল প্রচার এবং জনপ্রিয়তা সাহিত্যের মাপকাঠি নয়, কারণ সত্যকার সাহিত্যবোধ বিনা সাহিত্যরস উপভোগ করা সম্ভব নয় এবং এই সাহিত্যবোধ ও রসবোধ জনগণের কাছে প্রত্যাশা করা যায় না। সভ্যকার স্ষ্টি ভাই গণতন্ত্রের যুগে নিম্পিট হ'য়ে একাস্তে অসহায়ভাবে নির্বাসিত হ'য়ে আছে। কু-সাহিত্য, অ-সাহিত্য এবং ব্যবসা-সাহিত্য প্রচার মহিমায় এবং সংবাদপত্তের ভাড়াটে সমালোচকের তুন্দুভিনিনাদে সাহিত্যের নামে জনসাধারণের কচিকে বিক্বত ও বিপথগামী করছে, জনগণের ক্লচিবিক্তিকে পরিত্ট করতে সাহিত্য বিক্বত হচ্ছে। (২৬৭)

Richardson ১৭শ শতকের মধ্যবিত্ত পরিবারকে নাড়া দিয়েছিলেন, কিন্তু তথন এই শ্রেণীর পরিবারের মহিলাগণের তার উপন্তাস পড়বার মত শিক্ষা ও সময় ছিল না। Marivaux, Rousseau, Scott, এবং Mrs Radcliff কাব্য-কাহিনী ও কবিতা থেকে গল্প-কাহিনীকে জনপ্রিয় করেছিলেন। তথন একমাত্র বায়রনের কবিতাই ইউরোপের লোকে পড়ত এবং সেটাও তাঁর কাব্যগুণে নয় বরং তাঁর জীবনের বৈচিত্রোর জন্তে।

⁽२७७) The invention of printing helped to destroy literature. Scribes and memories not yet spoilt by over cramming, preserved all literature that was worth preserving. Books that had to be remembered by heart or copied with slow elaborate penmanship were not thrown away on people who did not want them. They remained in the hands of people of taste...what had once been an art for the few became a trade for many and while in painting, in sculpture, in music the mere fact of production means, for the most part an attempt to produce a work of art, the function of written or printed words ceased to be necessarily more than what a Spanish poet has called "The jabber of the human animal." Studies in Prose and Verse—Arthur Symond—Introduction.

⁽२७१) Please See Foot Note (२२७)

বর্তমানে উপস্থাস বলতে আমরা যে শ্রেণীর কাহিনী বৃঝি তা প্রথম সত্য ঘটনার ছল্পবেশে দেখা দেয়। স্কটও তাঁর গল্পের সত্যতা সম্বন্ধে একটা প্রমাণ দিয়েছেন। উপস্থাসের প্রথম অধ্যায়ে গল্পটা কী ক'রে পাওয়া গেল সে সম্বন্ধে একটা প্রতিহাসিক বা বান্তব প্রমাণস্ত্র দেওয়া হয়েছে। ডিফোকেও এমনি একটা সততার ভান করতে হয়েছে। যাই হোক যে মহিলার্ক্দ এর প্রধান পাঠক ছিলেন তাঁরা কাহিনীর সত্যতা সম্বন্ধে খুব আগ্রহশীল ছিলেন না। মধ্যবিত্ত লেখকগণ প্রাতন এপিক কাহিনী ও গল্পকে কল্পনার রেসে ভিজিয়ে পরিবেশন করলেন এবং অভিজাত লেখকগণ La Princesse de Clèves (১৬৭৮—Mme de Lafayette) এবং Les Liaisons dangereuses (by Laclos ১৭৪১-১৮০৩)-এর অফুকরণে এবং অনেক ক্ষেত্রে আত্মকাহিনীর ছল্পবেশে গল্প লিখতে লাগলেন।

ক্রান্সে অভিজাত শ্রেণীর লেখক Benjamin Constant (১৭৬৭-১৮৩০) রেস্টোরেশনের যুগে Mme de Stàel-এর প্রতি অন্থরাগকে নিয়ে তাঁর Adolphe এবং Le Cahier rouge এ ডাইরী আকারে বিশ্লেষণমূলক উপস্থাস লেখেন। তাঁর এই বিশ্লেষণে ব্যক্তিবাদজনিত মন্তিক ও হৃদয়ের সংঘাতই রূপায়িত হয়েছে। একজন তাঁকে বৃদ্ধিজগতে আনন্দ দেয়, আর একজন জৈব জীবনে এবং তারও উদ্বেশি Werther-এর মত বিষণ্ণতাম ভরে দেয় তাঁর অস্তর—তিনি কোন পথ পান না। এই সংঘাতের বিশ্লেষণই তাঁর কাহিনী। Adolphe-এর প্রেমিকা Ellènore তাঁর থেকে বয়দে বড়, নিঃসক্ষতা দ্র করতে সে তাঁর প্রণমী। কিন্তু ত্যাগ করবার সময় বিবেক এসে বাধা দেয়। অন্য একটি মেয়েকে ভালবেসে তাকে ত্যাগ করেন। Adolphe-চরিত্রে স্থাবর সমাজের মধ্যে হৃদয়বান একটি ব্যক্তির সংগ্রাম ফুটে উঠেছে।—চরিত্রটি সমাজের বিরুদ্ধে মৃতিমান বিশ্লোহ।

Constant থেকেও শক্তিশালী লেখক Henry Beyle (১৭৮৩-১৮৪২), ইনি Stendhal ছল্মনামে লিখতেন। তিনিও ব্যক্তিগত জীবনকে কেন্দ্র ক'রে তাঁর কাহিনী স্পষ্ট করেছেন এবং আত্মপ্রেম ও প্রেমের মাঝে গুরবিভাগ করেছেন আত্মবিশ্লেষণের মাঝে। তিনি নেপোলিয়নের বাহিনীতে অসামরিক কর্মচারী হ'য়ে চাকুরী করেছিলেন। ইতালীর স্বাধীনতা আন্দোলনের প্রতি সহাহ্নভৃতিসম্পন্ন ছিলেন। প্রেমের ব্যাপারে ব্যর্থ ও ব্যথিত। শেষজীবনে Civitavecchiaতে কনসাল রূপে কাটান। ১৮শ শতকের যুক্তিপূর্ণ মন্তিক এবং অন্ত দিকে তাঁর স্প্যানিশ রক্তের আবেগ নিয়ে তিনি লিখতে শুরু করেন। তাঁর প্রথম গ্রন্থ De l' Amour (on Love) একটি প্রেম-কাহিনীর স্তরবিদ্যাস ও ব্যাখ্যা। তার পরে তিনি Racine ও Shakespeare নিয়ে তদানীস্তন সাহিত্য-বিরোধে অবতীর্ণ হ'য়ে রোমান্টিসিজ্বমের পক্ষ অবলম্বন করেন কিন্তু পরে নব্যযুগের ধর্মীয় অতীন্দ্রিয়বাদের সঙ্গে আপস করতে পারেননি। তাঁর প্রথম প্রেসিক্ষ উপন্যাস Le Rouge et le Noir (Red and Black)-এর মধ্যে তৎকালীন চার্চের বিক্ষতা স্থেকট। বিশ্লব বা তার অবদান সহদ্বে তাঁর ধারণা থ্ব স্পাই ছিল না। তিনি মধ্যবিত্ত ঘরের

কৃষ্টিসম্পন্ন ব্যক্তি, রেস্টোরেশনের অভিজাতদের বিরুদ্ধে তাঁর আত্মসমানবাধ মাধা থাড়া ক'রে উঠেছিল। তিনি জৈবাবেগে অস্থিরচিত্ত হলেও তাঁর মন্তিষ্ক তাঁকে সংযত ক'রে রেথেছিল। এই কাহিনীর নায়ক Julien Sorel তাঁরই মত অনভিজাত, তার জীবনই স্থবিধাভোগী অভিজাতদের বিরুদ্ধতা করা—একটি অভিজাত পরিবারে শিক্ষকতা করতে করতে কেবলমাত্র আত্মপ্রসাদ লাভের মোহেই তাদের একটি মেয়েকে অপহরণ করে। পরে আর একটি সম্রান্ত মহিলাকে প্রেম্ব নিবেদন করে,—যার মধ্যে প্রেম ও মুণা উভয়ই বর্তমান। মহিলাটি তারই মত অনভিজাত বংশ থেকে উন্নীত। উভয়েই প্রেমের বক্সায় ভেসে গেলেও সর্বদাই আত্মসচেতন। Julien-এর মন একটি ক্ষেত্রে অতি সচেতন, সেটা অসম্মানের ভয়। সমস্ত ঘটনা ফাঁস হ'রে যাবার ভয়ে সে তার প্রথম প্রণয়িনীকে হত্যা করে এবং তাকে শেষ পর্যন্ত গিলোটিনে প্রাণ দিতে হয়। ঘটনাংশ মেলোড্রামার মত হলেও তার মনবিশ্লেষণ, সংলাপের মধ্যে মন-বিক্লন, রোমান্টিকতাকে ব্যঙ্ক, এই সব একসন্থে মিলে উপত্যাসকে ঘটনা থেকে অনেক উধ্বে নিয়ে গেছে। Stendhal-ই এই সময়ের একমাত্রে লেখক যার চরিত্রগুলি সংযত এবং বহুমুখী হ'য়ে আত্মপ্রকাশ করেছে।

তাঁর বিতীয় উপকাস La Chartreuse de Parme (The Charter House of Parma) একটি ইতালীয় ছোট গল্প অবলম্বনে লেখা এবং এই ক্ষুত্র গল্পকে তিনি একটি ক্ষুত্র রাজ্যে পরিণত করেছেন। তার নায়ক Fabric উদার সরলচিত্ত যুবক, রাজনৈতিক ষড়য়ত্ত্বে কারাগারে নিক্ষিপ্ত হয়। নিরীহ বেচারী রাজনীতির আবর্তে পড়ে কেমন ক'রে প্রাদন্ত হয় তারই একটা প্রতীক কাহিনী। রাজনৈতিক খেলা এই কাহিনীতে কঠোর সত্য হ'বে দেখা দিয়েছে। জালে জড়িরে দে জেলে যায় আবার জালে জড়িয়েই বেরিয়ে আদে। জেলার-ক্সার প্রতি প্রেম নতুন জাল সৃষ্টি করে। পরে সে ধর্মধাজক হ'য়ে তার সংযত চরিত্র, দাক্ষিণ্য ও বাকৃশক্তিবলে প্রভৃত গুণগ্রাহী ভক্ত সৃষ্টি করে। এই উপক্যাসের চরিত্রগুলি সংলাপের মাধ্যমে তাদের মনের ঘল্ডাব ও আবেগ প্রভৃতি প্রকাশ ক'রে সম্ভীব र'रत्र উঠেছে। Stendhal निवातान रुद्ध निवातानस्त श्रां विमुध, पा कन्ननात দোষমুক্ত এবং তথনকার সমাজজীবনের বান্তব চিত্রকর। তাঁর রচনাভিছর কোন বৈশিষ্ট্য ছিল না. তিনিও পত্তালাপের আদিক গ্রহণ ক'রে কাহিনীর রূপ দান করেছেন। তিনি মনে করতেন "One must write exactly what one would say to the person if one saw him." (২৬৮) বোমাণ্টিকভার এই বিক্ষতার জন্মে জীবদ্দশায় তাঁর পাঠক ছিল অত্যন্ত, তিনি নিজেও নিরাশ হয়েছিলেন। মনে করেছিলেন, মৃত্যুর একশত বৎসর পরে হয়ত তাঁর লেখা আদৃ ত হবে কিন্তু পঞ্চাশ বছর পরেই তিনি ফ্রান্সের একজন শ্রেষ্ঠ ঔপত্যাসিক হিসাবে স্বীকৃত

⁽२७४) Ibid-Cohen.-p. 267.

হন। তথন তাঁর সমাগু-অসমাপ্ত রচনাবদী খুঁজে বের ক'রে প্রকাশ করা হয়। সেই সময়ে তাঁর অসমাপ্ত রাজনৈতিক উপন্থাস Lucien Leuwen এবং তাঁর আত্মজীবনী La Vie de Henri Brulard প্রকাশিত হয়। তার পরে তাঁর পত্তাবলী এবং অন্থান্থ নোট প্রভৃতি সহত্বে প্রকাশিত ও পঠিত হয়।

ফ্রান্সের পরবর্তী ঔপন্থাসিক ইংলওের শেক্সপীয়রের মত বৃহৎ, বলিষ্ঠ ও ব্যাপক Honorè de Balzac (১৭৯৯-১৮৫০)। তিনি নিজেই এক বৃহৎ জগত সৃষ্টি ক'রে গেছেন—সে জগত বিপ্লবোত্তর ফ্রান্সের জগত। Stendhal ছিলেন লিবারাল, ব্যালজাক ছিলেন রয়ালিস্ট। তাঁর আহুগত্য ছিল অভিজাত শ্রেণীর লেখক Restif de La Bretonne-এর প্রতি। ১৮শ শতকের ভাব ও চিস্তাধারা তাঁর কাছে মৃল্যহীন, কেবলমাত্র Swedenborg থেকে Saint Martin পর্বন্ত যে একটা মানব-জাতির আশাবাদী বিবর্তনের স্থর ছিল তাই তাঁকে কিছুটা আক্ষ্ট করেছিল। তাঁর রচনায় বাস্তবতা পুঞ্জীভূত কিন্তু তথাপি তাঁর জীবনের দৃষ্টিভঙ্গি অতি জাগতিক।

তথন ক্লান্সে শিল্পবিপ্লব আরম্ভ হয়েছে। বস্তুজগতের পাওনা ও স্থথের আকাজ্জা বেড়েছে, মোহ বেড়েছে, কাঞ্চনের মোহ বেড়েছে। বিপ্লবোত্তর ক্লান্সে ধর্মীয় বন্ধন ও নীতিবাদ শিথিল হয়েছে, অগ্রগতির নামে উপেক্ষিতও হয়েছে। মাহ্যব অর্থ ও ধ্যাতির মোহে অন্ধ; নারী, বিলাসব্যসন ও কাঞ্চনাপ্রিত আভিজাত্যের জন্ম ব্যাকুল। আজ্মিক-জীবন ত্যাগ ক'রে বস্তুজগতের মাঝে ডুবেছে, তথাপি ব্যালজাক তার মধ্যে মানবতার সম্ভাবনা দেখেছেন। মানবের স্থলরতর পরিণতির কথা কল্পনা করেছেন। তার এই কল্পনা তাঁর তৎকালীন ক্রান্সের চিত্র Comèdie Humaine এবং Etudes Philoshophiques-এর মধ্যে ফুটে উঠেছে।

ব্যক্তিগত জীবনে তিনি এক উকিলের কাছে প্রথম শিক্ষানবিশ থাকেন। সেথানে তিনি সাধারণ আইন ও ব্যবসাঘটিত আইন অধিগত করেন। তার পরে মূলাযন্ত্র স্থানন ক'রে প্রকাশকের ব্যবসা করতে গিয়ে ফেল হন; এবং প্রায় দশ বংসর নানাবিধ ব্যবসায় অসফল হ'য়ে লেখকর্ত্তি গ্রহণ করেন। তিনি সাধারণত সারারাত্রি লিখতেন এবং সারাদিন ঘুমোতেন। কথিত আছে, তাঁর পুশুক ছাপবার খরচা থেকে প্রুক্ত দেখার থরচা বেশী হত—প্রতি প্রুক্তেই তিনি নৃতন কিছু সংযোগ বা বিয়োগ করতেন। তাঁর জীবন ছিল একটা হুরস্ক জৈবাবেগে অন্থিয়—সাধারণতঃ সম্লান্ত মহিলাদের প্রতি তাঁর একটা অভাবজ আসক্তি ছিল। তাঁর সাহিত্যিক খ্যাতি তাঁকে সে স্থযোগ থেকে বঞ্চিত করেনি। তাঁর জীবনের প্রথম প্রেম হয় Madame de Berny-র সঙ্গে যথন তাঁর বয়স ২৩ এবং মহিলাটির বয়স ৪৬। প্রাশিরার এক নোব্ল-পত্নী Madame de Hansa-র প্রতি তিনি প্রথম চিঠিপত্রে আকৃষ্ট হন, ইতালীতে ভ্রমণকালে একরাত্রির জন্ম তাঁদের মিলন ঘটে এবং সারাজীবন তিনি তাঁর পথ চেয়ে হিলেন। ২২ বংসরে মৃত্যুর কয়েকদিন পূর্বে

(তখন) বিধবা Madame Hansaকে বিবাহ করেন। তিনি জীবনে জর্জন করেছেন প্রচুর কিন্তু দারিন্ত্য ও দেনা থেকে মৃক্তি হয়নি তাঁর কোনদিন। (২৬৯)

দান্তের Commedia-র সঙ্গে একটা তুলনামূলক স্ক্টির জন্মই ব্যালভাক তাঁর কমেডি হিউমেন লেখেন। এর পটভূমিকা ব্যাপক এবং বিরাট, তার মধ্যে বছ উপন্সাস বছ গল্প সন্নিবেশিত হয়েছে। সমস্ত মানব-সমাজকে পশু-স্<mark>মাজের</mark> ন্তরভেদের মত ন্তরভেদে চিত্রিত করেছেন। (২৭০) তার মধ্যে তাঁর সমস্ত চরিত্রের সাধারণ মনোবৃত্তি পারিপার্শ্বিকভার স্ঠি। তাঁর স্ট রুপণ, গোপন প্রণয়ী, সৈনিক, বদ্ধা কুমারী, সাংবাদিক সকলের মধ্যেই হীন জৈবপ্রেম, অস্থ্যা ও উচ্চাশা সমানভাবে রয়েছে। Stendhel-এর মত মানব-মনের স্তরভেদ নেই, মন-বিকলনের গভীরতা নেই কিন্তু চরিত্র পারিপার্শিক জগতে মিশে কল্পনা ও বান্তবকে একীভূত করেছে। (২৭১) বুদ্ধ পিতা Gariotকে তার ক্যাগণের অবজ্ঞা, Hulot বংশের হীন আত্মীয়ের চক্রান্তে ভাগ্যবিপর্যয়, Cèsar Birotteau (প্রসাধন ব্যবসায়ী)-এর ভাগ্যবিপর্যয়, তাঁর শিক্ষানবিশের ধূর্ততা, বান্তবজীবনের সঙ্গে চমৎকার মিশে গেছে। ব্যালজাক ছিলেন দ্রষ্টা, জীবনের ক্ষয়ক্ষতির মধ্যে যা কিছু দেখেছেন, যা কিছু আহরণ করেছেন সবই পুঞ্জীভৃত করেছেন তাঁর এই বিরাট স্প্রটির মধ্যে। জীবন থেকে প্রত্যক্ষভাবে কিছু না নিলেও জগতের অভিজ্ঞতাকে পূর্ণভাবে নিয়েছেন (যেমন Lost Illusion-এ)। তিনি রক্ষিতা শ্রেণীর সঙ্গে ধনী অমিতাচারীদের জীবন দেখেছিলেন, তার অভিজ্ঞতা The Courtesans' Glories and Hardships-এ বর্ণনা করেছেন। তাঁর হঠাৎ বড়লোক Nucingen, বেপরোয়া Rastignac, অপরাধপ্রবণ Vautrin সবই আক্ষিকতার উজ্জলতায় চিরনবীন। তাঁর নায়িকাগণ ডিকেন্সের নায়িকাগণের মতই সরলচিত্ত ধর্মপ্রাণা নারী। তাঁর কমেডির মত স্থসংবদ্ধ ও সম্পূর্ণ উপত্থাস একটিও নেই। তার ঘটনাবলীর ব্যাপকতা ও চরিত্তের শক্তিশালী প্রকাশের মধ্যে একটা অপূর্ব মানবতার বাণী ধ্বনিত হয়েছে। প্রথম যৌবনে, লেখার প্রথম যুগে Scott এবং Mrs Radcliffe-এর প্রভাব ত্রত বা তাঁর উপর ছিল। সমগ্র রোমাণ্টিক যুগে ঐতিহাসিক উপন্থাস বিশেষতঃ মধ্যযুগীয় গল্পই বেশী জনপ্রিয় ছিল, তার মধ্যে বীরত্ব, প্রেম-রহস্তের কল্পনা সব সময়েই উত্ত্ৰ হ'য়ে উঠতে পারত কিন্তু ব্যালজাকের জীবনে তদানীস্তন প্যারির অভিজাত

⁽২৬৯) তথ্যগুলি Balzac by Stefan Zweig থেকে গৃহীত।

⁽२१.) Just as in nature the various species of animals develop into more specialised creatures according to their environment, so do human beings under the influence of their social environment.—Stefen Zweig.—p. 323.

⁽२१১) His greatest masterpieces Les Illusion Perdues, La peau de Chargin, Louis Lambert, Cesar Birottean, the greatest epics of the middle classes of the stock exchange, and the business world, would have been unthinkable without the disappointments he had experienced during these years. Only now, after his imaginations had become fused and inter penetrated with reality, was it possible for the wondrous substance of the Balzac novels to emerge as the most perfect compound of realism and fantasy. Ibid,—p. 84-85.

ও নব্যুগের ব্যবসায়ীদের উত্থান-পতনের কাহিনীই পারিপার্বিকতা স্কটি করেছিল এবং সেই রোমাণ্টিক যুগে ব্যালজাকের এই বান্তবভাই তাঁকে পৃথক ও নবযুগের প্রবর্তক ক'রে রেখেছে।

অনেকেই ব্যালজাককে শ্রেষ্ঠ উপন্থাসিক আখ্যা দিয়েছেন, কিছু টলন্টয়ের সঙ্গে তলনায় তাঁকে তু'টি বিষয়ে বিপথগামী ব'লে মনে হয়। প্রথমতঃ, ব্যালজাক তাঁর নিজের জগতের মধ্যেই সীমাবদ্ধ এবং তাঁর চরিত্রকে ঠিক বান্তব ব'লে মনে করতে বিধাবোধ হয়। বিভীয়তঃ, তাঁর চরিত্রগুলি কখনও কখনও বাস্তবকে ছাড়িয়ে অতিরঞ্জিত হয়েছে। (২৭২) সমসাময়িক সামাজিক অবস্থায় সেটা অতিরঞ্জন হলেও পরবর্তী যুগের পক্ষে তা অতিপ্রাক্ত ব'লে মনে হয় না—তাঁর এই স্ষ্টের মধোই যেন ভবিশ্বং যুগ লুকিয়েছিল। (২৭৩) সেই জন্মই তাঁর সৃষ্টি চিরন্তন মাধুর্য ও মূল্যে অবিশ্বরণীয়। (২৭৪)

এই সময়ে Alfred de Vigny-র ঐতিহাসিক উপন্থাস Cinq-Mars কিছুটা খ্যাতি লাভ করে। Victor Hugo তাঁর Hermani-র সাফল্যের পরে মধ্যযুগীয় কাহিনীর অম্বকরণে তাঁর বিখ্যাত Notre-Dame de Paris লেখেন এবং নাট্যকেতে তাঁর সহযোগী Alexander Dumus (১৮০২-१০) বছ শতকীয় গল্পকে নাট্যাকারে রূপায়িত করেন। দেগুলি এত জনপ্রিয় হয় যে তাঁকে লেখার জন্ম অন্তের সাহায্য নিতে হয়। এই সময়ের ঐতিহাসিক কাহিনীকার Prosper Mèrimèe (১৮০৩-৭০) ইতিহাসের মর্যাদা অক্ষম রেখে প্রত্যক্ষ ভাবে ইতিহাস বর্ণনা করেছেন। তাঁর Chronique du Règne de Charles IX-এ Saint Bartholomew-এর হত্যাকাণ্ড বর্ণনায় ও প্রত্যক্ষতায় স্মর্ণীয় হ'য়ে আছে। স্পেনের ভাবাবেগপুষ্ট Carmen এবং কর্দিকার পটভূমিতে লেখা Colomba উপকাদ তুইখানি স্থলর, স্বথপাঠ্য দাহিত্যকীতি।

এই সময়ের সর্বাপেকা জনপ্রিয় লেখিকা Madame Dudevant (১৮০৪-१৬) ইনি George Sand ছল্মনামে লিখতেন। বায়রনের মত তিনি তাঁর লেখার চেয়ে তাঁর বেপরোয়া জীবনের জন্ম বেশী খাতি লাভ করেছিলেন। তাঁর

⁽২৭২) In the first place Balzac has been accused, like Poe of creating his own world, which too often lacks that verisimilitude of real life that we recognise at once, and in the second place he tends as Dickens did, in his ardour to depict some aspect of human character to draw characters, which in their exaggeration fail to exemplify the lives of men and women who are really human.—Modern World Fiction.—D. Brewster & J. A. Burrett.—pp. 26-27.

(২৭০) They say that Balzac's characters were more true of the generations that followed him than of that which he purported to describe. I know from my own experience that 20 years after Kippling wrote his first important stories, there were men scattered about the outlying parts of Empire who would never have been just what they were except for him. Point of View—S. Maugham.—p. 156. -р. 156.

⁽२98) The history of the human heart traced thread by thread and social history made in all its parts—a vast picture of the life of his time.—Ibid—J. Drinkwater-p. 599.

জীবনে কবি Musset এবং Chopin এবং আরও অনেকের সঙ্গে তাঁর আসন্তি হয়েছিল এবং তাঁর জীবনের এই বেগবান নারীত্ব ও যৌন উদারতার গোপন প্রশন্ধ কাহিনী সমাজ বিলোহের রূপ নিমে তাঁর উপস্থানে শীকারোক্তি রূপে প্রকাশিত হয় এবং বলা বাছল্য জনসাধারণের কাছে এটা খ্বই ম্থরোচক ও প্রিম্ন হ'মে ওঠে। এইসব কেচ্ছা-কাহিনী আজ আর পাঠোপযোগী নেই তবে গ্রাম্যকাহিনী ও প্রনীপরিবেশ নিমে তাঁর উপস্থাস The Devil's Pool, Little Fadette তাঁর নিজন্ম দেশের ফ্রন্মর কাহিনী এবং আজন্ত স্থপাঠ্য। শেষ জীবনে যথন তাঁর অপথিত ব্যক্তিত্ব ভিমিত হ'মে এসেছিল, তথনকার লেখা Le Marquis de Vellemer উপস্থাসকে ভিনি অপূর্ব চরিত্র সৃষ্টি ক'বে রেখে গেছেন। George Sand-এর থেকেও বেশী মেলোড়ামাপুর্ণ Hugo-র উপস্থাসে Les Misèrables এবং Travailleurs de la mer (Toilers of the Sea) অধিকতর প্রখ্যাত হ'মে আছে। ত্'থানি উপস্থাসই অত্যন্ত শক্তিশালী কাহিনীও বেগবান চরিত্রে শ্রনীয়।

Eugène Sue (১৮০৪-৫৭) প্যারির পদ্ধিল গোপন জীবনের কাহিনী লিখে এবং Emile Gaboriau (১৮৩৫-৭৬) ডিটেকটিভ গল্পের সঙ্গে কিছু পারিপার্থিকের বাস্তবতা ও সমাজের প্রতি বক্রোক্তি মিলিয়ে যে উপস্থাসগুলি লেখেন তা কিছুকাল ধ'রে সাধারণ পাঠকের কাছে আদৃত হয়েছিল।

বলা বাছলা, এই সময়ে ফ্রান্সে ক্রন্ত শিল্পায়ন চলেছে, বিশেষতঃ ইংলণ্ডের সঙ্গে প্রতিষানিতায় তাকে দাঁড়াতে হয়েছে এবং ইংলণ্ডের অফুরুপ সমাজ ও পরিবারের পরিবর্তন হয়েছে। নিষ্ঠুর বৈশ্রস্থিতি ব্যাপক হ'য়ে উঠেছে সমাজের সর্ব অক্ষে। সাহিত্যও তথন স্পষ্টর পথ ছেড়ে, সত্যাশিবস্থলরের পথ ত্যাগ ক'রে ব্যবসায়ের পথে পা বাড়িয়েছে। জনপ্রিয় হওয়া এবং বিক্রয় হারা মুনাফা করাই তথন বড় প্রয়োজন হয়েছে। কিছু কিছু অর্ধশিক্ষিত কারথানার কর্মীও পাঠক দলভুক্ত হয়েছে। কাগজ ও মুল্রপের জন্ম নিয়োজিত মূলধন থেকে মুনাফা শিকারের যুগ এসে গেছে। জনসাধারণের মনোরঞ্জন ক'রে, তাদের জৈব-জীবনের শত কামনার ইন্ধন জুগিয়ে ত্'পয়সা মুনাফ। করাটা তথন সাজিক ব্যবসায় হ'য়ে উঠেছে। ধর্ম-নীতি অবাস্তর হ'য়ে গেছে হ্ণাচরণই জীবনের চরম পাওয়া হ'য়ে উঠেছে এবং এই মনোবৃত্তিও শিল্পায়নের অবশ্রুছাবী ফল।

এখানে অবাস্তর হলেও বলতে বাধা নেই, ঠিক এরই একশত বংসর পরে বিতীয় বিশ্ববৃদ্ধান্তর থাধীন ভারতে শিল্লায়নের ফলে এই ব্লেরই পুনরাবৃত্তি হতে চলেছে এবং দিনেমা-শিল্প ও অর্থশিক্ষিত পাঠকগণের পৃষ্ঠপোষকভায় হলদে বই (Yellow Press এবং pot boilers) ক্রত জনপ্রিয় হ'য়ে উঠছে। এই ব্যবসাশাহিত্যের চাপে স্রভার স্টেকার্য ব্যাহত হয়নি কোনদিন, তবে তা আঘাত পেয়েছে।
আহত হ'য়ে ভক্ত হয়েছে মাত্র।

তেমনি একজন স্রষ্টা Eugene Fromentin (১৮২০-৭৫)-এর আত্মজীবনীবিশ্ব-->১

म्नक निक्षन त्थायत काहिनो Dominique नश्यक श्रमत ও श्रमत्रधाही ह'त्त्र तिथ।

त्रक वस्त्र George Sand छात्र थ्याक विश्ववहत्त्रत हो Gustave Flaubert (১৮২১-৮০)-কে প্রেছিলেন। তথন ক্লবেয়ার উপক্রাস L'Education sentimentale ছাপার জন্ম প্রস্ত i Balzac, Stendhal বা Sand-এর সাবলাল গতি ও অরুভৃতি তাঁর ছিল না, কিছ ওলন-করা অত্যন্ত সাবধানী ভাষার মাধুর্বে তাঁর লিখনরীতি ফরাসী ভাষাকে পরিপূর্ণ ক'রে তুলেছিল। ठाँत कीवन हिन मृत्र, প্রণয়ে নিরুৎসাহ এবং আজীবন মায়ের উপর নির্ভরশীল। তাঁর শ্রেষ্ঠ উপক্যাস Madame Bovary তিনি সাড়ে চার বছর ধ'রে লিথেছিলেন। नत्रमाखित পরিবেশে একটি অপদার্থ নারীর বিজ্ঞোহী জীবনের চিত্র। এই পরিবেশ লেখকের ব্যক্তিগত জীবনের হলেও এটি তাঁর জীবনের ঘটনা নয়। কথিত আছে, যথন তাঁর নায়িকা আর্দেনিক বিষ থেয়ে আত্মহত্যা করে তথন তিনি নিজেও অন্তম্ভ হ'য়ে পডেছিলেন—তাঁর নায়িকার সঙ্গে তিনি এমনি একাছা হ'য়ে গিয়েছিলেন। অশ্লীলতার জন্য উপন্যাস্থানি অভিযুক্ত হয়, সেজন্য তিনি জগতের প্রতি বীতশ্রদ্ধ হয়েছিলেন কিন্তু এই অভিযোগই তাঁকে এবং তাঁর Madame Bovary-কে জনপ্রিয় ও বিখ্যাত করেছিল। (২৭৫) অক্সতম উপক্তাস Salammbo কার্থেজের একটি রোমাণ্টিক কাহিনী নিয়ে লেখা। বিশদ বর্ণনার আধিক্য গল্পাংশকে প্রায়শই মন্থর ক'রে তুলেছে। তার L' Education Sentimentale-এর মধ্যে তথনকার মাছবের গল্পকে বলেছেন। বিপ্লব, তার আশা-আকাজ্জা, তার বার্থতা সবই এই কাহিনীতে হয়েছে। তিনি তথনকার শ্রমিক, ক্লষক, অভিজাতশ্রেণী সকলের উপরই বিরক্ত ছিলেন; বিপ্লবের আশার আলোককে তিনি দেখেননি। তাঁর Trois Contes (Three Tales) আদিক ও ভাষার দিক থেকে সম্পূর্ণতার দাবী করতে পারে। তাঁর পেৰ অসমাপ্ত উপক্তাস Bouvard et Pécuchet কিছুটা সম্ভাব্যভাকে ছাড়িয়ে গেছে এবং লিখতে লিখতে অনেকটা হতাশ হ'য়েই তিনি আর তা সমাপ্ত करवननि ।

তাঁর খ্যাতি সাধারণতঃ তাঁর মুঠ মুগঠিত মুন্দর ভাষা ও আছিকের জন্ম।

⁽२१६) He (G. Flaubert) was aware of the two sides, the realistic and the romantic in the work of Balzac and it was an eventful moment in French Literature when he chose to work in the realistic tradition...A book like Mme. Bovery whether the author intended or not, gives a powerful moral impact. It cuts through all sentimentality and reveals the need for the clear realistic view of life...interested in art for art's sake.—Modern World Fiction—D. B. & J. A. B.—p. 28.

⁽२९६) Mme. Bovary—a portrait of a pitifully weak romantic woman and her desolate love affairs with commonplace men in a dull provinical town....G. F. brought reason into romance and taught the realism which was to follow him. Story of World Literature—J. Macy—p. 413.

ঠার প্রতিটি বাক্য হুগঠিত, সমন্ত্রচিত, স্থানিথিত কিন্তু Stendhal-এর দৃষ্টিশক্তি Balzac-এর স্টেশক্তি দন্তয়েভ্ন্তির গভীরতা বা টলফরের Anna Karenina-র প্রতি মমন্ত্রোধণ্ড তাঁর নেই, যদিও বোভারী ও আনার মধ্যে প্রচুর সাদৃশ্য রয়ে গেছে। ফরাসী সাহিত্যে ক্রেয়াই প্রথম বান্তববাদী সাহিত্যিক। (২৭৬)

ফ্রবেয়ার পরে ফরাসী উপক্যাসের অবনতি ঘটে। তাঁরই শিক্সপ্রতিষ Guy de Maupassaunt (১৮৫০-২৩), প্রতিভাদীপ্ত তরুণ, তাঁর সমন্ত শক্তি চোট গল্পের দিকেই নিযুক্ত করেছিলেন। তাঁর কোন কোন কোন কেটগল্পে কয়েকটি প্রার মধ্যে যে চমংকার বাস্তব চিত্রকে তিনি তুলে ধরেছেন তা স্পষ্টি করতে ফ্রবেয়া হয়ত একথানা উপস্থাস রচনা করতেন। কিন্তু মোপাসার মধ্যে ঔপস্থাসিকের গভীরতা ति । नत्रभान कृषकरमत कीवनरक निष्य यथन शामका वामत्रस्तत तर-७ ठांत योन ध्यान कोहिनी निर्थाहन ज्थन है यन जांत्र প্রতিভা সম্পূর্ণ मीश्वि नाज করেছে। সরকারী চাকুরী থেকে অবসর নিয়ে লিখেই তিনি জীবিক। অর্জন করতেন, তার ফলে তাঁকে প্রচুর লিথতে হয়েছে। গুরুজমে শরীরও ভেক্সে যায়, সেই জন্মই তাঁকে চতুর একটা আদিক অবলম্বনে গল্প লিখে পাঠকের ভুষ্টি করতে হয়েছে। অন্তরে তিনি হঃখবাদী ছিলেন। তাঁর কোন চরিত্রেই হৃদয়ের উষ্ণতা বাতীত উচ্চতর বা মহত্তর কোন গুণের প্রকাশ নেই। সমাজ সম্বন্ধে কোন মতবাদ বা মন্তব্যও তাঁর নেই। অলোকিক উপাদানকে রোমাঞ্চ স্প্রের জন্ম কখন কখন তিনি গ্রহণ করেছেন। তার মধ্যে কিছু কিছু তাঁর জীবনের অভিজ্ঞতা ছিল, যেমন Le Horla গল্পে নিজের অভিজ্ঞতাপ্রস্ত দৃষ্টিবিভ্রমের অভিজ্ঞতাকে বাবহার করেছেন। গল্পের মধ্যে Dumpling, At Mme Tellier's, Mme Husson's May-King প্রভৃতি গল্পে স্বর্গীয় সারল্যের মধুময় চরিত্র কয়টি অবিশ্বরণীয় হ'য়ে আছে। তাঁর ত্'থানি উপক্তাদের মধ্যে সম্ভবত: Bel-Ami-ই শ্রেষ্ঠ। এক অতি-পরিচিত সাংবাদিকের জীবন ও পরিবেশ নিয়ে লেখা এই উপস্থাস খানি বান্তব, পরিচ্ছন্ন ও স্থন্দর।

কেহ কেহ বলেন, রাশিয়ান লেখক শেখভ (Chekhov) মোপাসাঁর আদর্শেই লিখেছেন। অবশু একথা তিনি নিজেই বলেছেন। এদের সময়ে তিনি প্যারিতে কিছুকাল ছিলেন। তাঁদের উদ্দেশু ও আদিক সম্পূর্ণ পৃথক অতএব অনেকে এ অহুমানকে অগ্রাহ্ম করেন। (২৭৭)

⁽২৭%) He wrote Mme. Bovery (1850-1856), it is certainly the finest, of absolute French realistic fiction as compared with the semi-sentimental realism of Balaca — Thid—I. Driphwater—p. 602

absolute French realistic fiction as compared with the semi-sentimental realism of Balzac.—Ibid—J. Drinkwater—p. 602.

(197) Chekhov took Maupassaunt as his model. If he had not told us that himself, I would have never believed it, for their aims and method seem to be entirely different. In general M. sought to make his stories dramatic and in order to do this, as I have before said, he was prepared if necessary to sacrifice probability. I am inclined to think that C. deliberately eschewed the dramatic. He dealt with ordinary people leading ordinary lives. "People don't go to the North Pole to fall of icebergs," he wrote in one of his letters. "They go to offices, quarrel with their wives and eat cabbage soup."—Point of View. S. Maugham.—p. 171.

সাহিত্যে এই বাত্তবতা ক্রমশং ফরাসী সাহিত্যে ব্যাপকতা লাভ করে। চারিপাশের প্রভাক্ষ জগতের কাহিনী অবলম্বনে রসস্টের একটা রেওয়াজ শুরু হয়। Goncourt ভাতৃবয়, Edmund (১৮২২-৯৬) এবং Jules de (১৮৩০-৭০) তথনকার প্যারির জীবন, তার য়ানি ও পিছলতার একটা ঐতিহাসিক বর্ণনা রেথে গেছেন। দরিত্র জনগণ, সার্কাদের লোক, শিল্পী ও সাহিত্যিকদের জীবন নিয়ে যে উপক্রাস রচনা করেছেন তা সমসাময়িক জগতের প্রত্যক্ষ ইতিহাস। এই প্রত্যক্ষতার জক্ম তারা ইতর ও অসাধু ভাষাও ব্যবহারে কৃষ্টিত হননি। অবশ্র তাদের উপক্রাস কোন স্থায়ী খ্যাতি অর্জন করেনি কিন্তু প্যারির শিল্পী সাহিত্যিকদের যে খুঁটিনাটি ইতিহাস রেখে গেছেন তা অবনশ্বর। তাঁদের দৃষ্টিভিন্ন বান্তব, অতিমাত্রায় বান্তব; তাঁরা জীবনকে অত্যন্ত সোজা সরলভাবে দেখেছিলেন এবং সেই মনোরন্তি থেকেই তাঁরা ছ'ভাই ভাগাভাগি ক'রে বয়দে বড় এক মিস্ট্রেস রেখেছিলেন। সাহিত্যের দিক থেকে এঁরাই প্রথম চিত্তবিকার-গ্রন্ত নামক-নায়িকা এবং বান্তব জীবনের জটিলতা নিয়ে উপক্রাস লেখেন। তাঁদের সঞ্চিত অর্থে একটা পুরস্কার দেওয়া তাঁদের কাম্য ছিল এবং তাঁদের এই অর্থ থেকে আজ্ব ফ্রান্সের শ্রেষ্ঠ সাহিত্য পুরস্কার দেওয়া হয়।

এই প্রত্যক্ষ বান্তবতা E'mile Zola (১৮৪০-১৯০২)-র মধ্যে প্রকৃতিবাদ (Naturalism) রূপে দেখা দেয়। ক্লবেয়া ও মোপাসাঁ বিষয়্ম্থী (objective) ভাবে সাহিত্যের পথনির্দেশ করেছিলেন, জোলা তাকে Naturalism-এ নিয়ে য়ান। গঁকুরের গণ-উপস্থাস Germinie Lacerteux এই নৃতন বান্তবতার পধিরুৎ। জোলা মাহ্মবকে সম্পূর্ণভাবে মনন্তবের দিক থেকে দেখেছেন এবং বৈজ্ঞানিক দৃষ্টি নিয়ে বিশ্লেষণ করেছেন। তিনি বলতেন, "A work of art is a corner of nature seen through a temperament." (২৭৮) মানসিকতার দিক থেকে তিনি উৎসাহী ও আশাবাদী, আহত এবং অসংয়ত। তথনকার বংশধারার (Heridity) ইতিহাস নিয়ে জোলা ২০খানি উপস্থাস লেখেন। ছইটি বংশের অনেক চরিত্রকে বিশ্লেষণ করেন। তাঁর Rougons এবং Macquarts-এর বিশ্লেষণে তিনি মনে করতেন এটি তাঁর মানব-বিজ্ঞানে বিশেষ অবদান। ব্যালজাক রেন্টোরেশনের ফ্লান্সকে বিশ্বত করেছেন তাঁর সাহিত্যে, জোলাধারণ করেছেন দিতীয় সামাজ্যের সীমিত ক্লেজ। তাঁর এই প্রত্যক্ষ বান্তবতার মধ্যে চোর-জ্যাচোর. মন্থাসক্ত, বেশ্রা ফ্লেডার ভ্রেমে উঠেছে। তিনি জগতকে দেখাতে গিয়ে যেন হাসপাতাল দেখিয়েছেন। (২৭৯) তাঁর

⁽२१४) Ibid-Cohen-p. 273

⁽२१३) Jean Carrere said:—"We are promised a world and we get a hospital. Surely this is incredible ignorance or incredible perversity." George Moore said—"a striking instance of the insanity of commonsense."—Ibid—Drink—

Rougons ও Macquarts-এর মধ্যে ব্যালজ্যাকের গভীরতা ও আকর্ষণের কোনটাই নেই বা Peréz Goldoz-এর মাদ্রিদের নভেলের সঙ্গেও তা তুলনীয় নয়। অবশ্ব তাঁর Germinal কয়লার খাদ ও খনি-মজুরদের জীবনের একটি বাত্তব অনবত্ব স্ষ্টি। এই দরিজ্ব মজুরশ্রেণীর তু:খ-দৈত্ত, সহিষ্ণুতা, অন্ধকার খনিগর্ভে সমবেত জীবন ও কায়িক ক্লেশ সাহিত্যে এক অপূর্ব নৃতন স্ষ্টি। মোপাসাঁর মত জোলাও সাংবাদিকের মত প্রত্যক্ষপ্রটা। তাঁর বাবা ছিলেন ইতালীয় ও গ্রীকের শহর জাতির—এই বংশধারা তাঁর দৃষ্টিকে কতটা বিক্বত করেছিল তা নির্ণিয় করা স্থাধা নয়। তিনি মানে রাজনীতিকে জড়িয়ে—Captain Dreyfus-এর শান্তির বিক্রমে লড়েছিলেন। তিনি মানবতার জন্মই সমাজতন্ত্রবাদের সমর্থক ছিলেন।

লেখক হিসাবে তাঁর মূল্য যাই হোক, তাঁর এই প্রত্যক্ষ বান্তবতার প্রভাব সমসাময়িক সাহিত্য এবং পরবর্তী উপঞ্চাস-সাহিত্যের উপর গভীর প্রভাব বিন্তার করেছিল। তাঁর Naturalism এবং Realism-এর মধ্যে সীমারেখা টেনে দেওয়াও কঠিন। ছইটিই জীবনকে প্রত্যক্ষভাবে এবং বিশ্বাসযোগ্যভাবে চিত্তিত করতে চেষ্টা করেছে। (২৮০)

যাই হোক, জোলা শুক্তিশালী লেখক এ বিষয়ে সন্দেহ নেই। ভিকেন্সের মত তিনি মানব-মন্থলের জন্মই লিখেছেন। অনেকে বলেন, তাঁর সাহিত্য প্রচারধর্মী এবং তা সতা। তাঁর The Dram shop (১৮৭৮)-এ তিনি মন্দের ভাঁটিখানা ঘিরে সমাজের ছুনীতি, এবং শিল্পায়নের যুগের নিষ্ঠুর এবং অমাছ্রিক অর্থনীতি ও সমাজ-ব্যবস্থাকে মান্থ্যের বিবেকের নিকট উপস্থিত করেছেন এবং Germinal-এ উপস্থিত করেছেন কয়লার খনির দৃষ্ঠা। তিনি ডাক্তারের মত সমাজের রোগলক্ষণকে প্রত্যক্ষ করেছেন মানব-মন্দলের জন্ম। তিনি সর্বদাই মানব-জীবনের পঙ্কিলতা ও পাশবিক প্রবৃত্তিকে নিয়ে তাঁর সাহিত্য স্পষ্ট করেছেন ব'লে যে লোষারোপ করা হয় তা অনেকাংশে সত্য হলেও তা মানব-কল্যাণের জন্ম। তাঁর কোন উপন্থাসই ক্রটিহীন বলা যায় না, তথাপি তাঁর আন্তরিকতা দরদ ও সত্তায় সন্দেহ করার কিছু নেই। তিনি রোগনির্ণয় ক'রেই রোগের নির্ন্তি চেয়েছিলেন। (২৮১)

⁽२०) The art of Zola is based on certain theories on a view of humanity which he has adopted as his formula...He has thus succeeded in being at once unreal where reality is essential and tediously real where a point-by-point reality is sometimes unimportant....He observes with immense persistence but his observation, after all, is only that of a man in the street, it is simply carried into detail deliberately...He has not realised that without charm there can be no fine literature as there can be no perfect flower without fragrance...His realism is a distorted idealism. Studies in Prose & Verse. A. Symond.—p. 152-63.

⁽RVS) There is a massed power in Zola's work. He overpowers by force of weight and substance with the sordid and bestial. But his fundamental outlook was wholesome. None of his books is perfect but his power and honesty are never questioned.—Modern World Fiction—E. Brewster & J. A. Burrel.—p. 29-30.

যাই হোক, ফরাসী রোমান্টিকতা ধীরে ধীরে বাস্তবতা এবং প্রত্যক্ষ বান্তবতায় এনে পৌছল। এই পৌছানর পিছনে শিল্লায়নসস্থত সামাজিক অবস্থা, ব্যবসায়্বুদ্ধি ও নীতিহীনতাও ছিল একথা অস্বীকার করা যায় না। চিত্তের দিক থেকে মাল্ল্য আত্মিক জীবন হ'তে বিচ্যুত হ'য়ে জড়জগতের পাওনাকে বড় ক'রে তুলেছিল তাই হলয়কে বাদ দিয়ে দেহের চাহিদা বড় হ'য়ে উঠল। এই দেহের চাহিদা য়ে প্রত্যক্ষ বান্তবতার সহায়ক একটি হেতু, একথাও অস্বীকার করার সন্ধত কোন কারণ নেই।

জোলার প্রত্যক্ষ বান্তবভার ঘারা প্রভাবিত হয়েছিলেন J. K. Huysmans (১৮৪৮-১৯০৭) কিন্তু তথনকার বান্তব জীবনের প্রতি বীতশ্রদ্ধ হ'য়ে তিনি রোমাণ্টিক ও Aestheticism-এর পক্ষপাতী হয়ে পড়েন। তাঁর ভাষার জটিলতা ও চিন্তবিকারগ্রন্থ চরিজের প্রতি অহেতৃক প্রীতি তাঁর রচনাকে তৃপাঠ্য ক'য়ে তুলেছিল। ক্ষয়িষ্ণু অভিজাত বংশের ছবি A Rebours এবং অনেকটা রহস্তময় En Route (১৮৯৫) এবং La Cathedrale (১৮৯৮) তাঁর প্রসিদ্ধ উপস্থাস। তাঁর মিন্টিক ভাব ও লিখনশৈলীর জন্ম তাঁকে "author's author" বলা হয়।

Alphonse Daudet (১৮৪০-৯৭) যদিও বন্ধুত্বের থাতিরে বান্তববাদীদের দলভুক্ত ছিলেন তথাপি তাঁদের চরমপন্থী মতামত এবং প্রত্যক্ষ বান্তবতার পক্ষপাতী ছিলেন না। প্রথম তিনি গ্রাম্য নৈসর্গিক সৌন্দর্যের পরিবেশে তাঁর বিখ্যাত Lettres de mon Moulin লেখেন—এখানি মধুর স্থন্দর কল্পনাঞ্জী উপস্থাস। তার পরে স্পর্ধিত দক্ষিণীদের ব্যক্ষ ক'রে Tartarin লেখেন। Jack এবং Sapho-তে তাঁর বান্তবতা ভারপ্রবণতার মিশ্রেণে মন্দীভূত হ'য়ে যায়। ফ্লবেয়া বলতেন, Daudet-এর মধ্যে মাধুর্য আছে এবং জোলার মধ্যে শক্তি আছে কিছ কারও মধ্যেই সৌন্দর্য নেই। সৌন্দর্য যিদি সত্যের স্বর্মণ:হয় এবং তা যদি মানক্ষরের ছারা উপলব্ধির সামগ্রী হয় তবে একথা অবশ্রই স্বীকার্য যে এঁদের প্রত্যক্ষতার মধ্যে তা কথনই ছিল না। এদিক থেকে এঁরা তিনজনই নিফল, তাঁদের দৃষ্টি সত্যম্পিবমস্থলরম্কে ত্যাগ ক'রে পল্পবগ্রাহিতায় পর্যবিদ্য হয়েছে। তবে Daudet-কে ফ্রান্সের Dickens বলা হয়,—সর্বশ্রেণীর মান্তবের প্রতি তাঁর আন্তরিক দরদ তাঁকে ভিকেন্সের সমধর্মী করেছিল। তাঁর বছ চরিত্রই সমসামন্ধিক জীবিত বাক্ষির চল্লচরিত্র।

এই প্রত্যক্ষ বাস্তববাদের আন্দোলন ক্রান্সে দীর্ঘদিন ছায়ী হয়নি সত্য কিছ ক্রান্সের বাইরে এর প্রভাব অনুরপ্রসারী হয়েছিল। ১৯শ শতকের শেষের দিকের বেশীরভাগ লেখকই এই আন্দোলনের ছারা প্রভাবিত। লেখকগণের ব্যক্তিগত মনোবৃত্তি ও দৃষ্টিভিদ্ধ বাই থাকুক না কেন, তাঁদের মধ্যে পারিপার্শ্বিক বান্তবজগতের কোনো না কোন ক্লেময় একটি কোণকে ব্যক্ত করা যেন অবশ্ব কর্তব্য হ'রে. দাঁড়িয়েছিল (সম্ভবতঃ বিক্রয়ের স্থবিধার জক্ত)। এর ডেউ বাংলাদেশে এসে পৌছেছিল প্রথম বিশ্বযুদ্ধের পর। George Moore, Arnold Bennett, George

Gissing, Hauftmann, Strinberg এমন কি Tolstoy পর্বস্ত একসময়ে না এক সময়ে তদানীস্তন মানব-জীবনের পহিল একটা দৃশ্যের প্রতিচ্ছবি তুলে ধরেছেন। যদিও একথা বলা যায় যে, জোলা বা অহা কোন লেখক ঠিক এই পাছে তুবে যাননি বা চরিত্র ও মনস্তত্ত্বের প্রতি অন্ধ্রও হননি।

কিছ এই বান্তবতার ঢেউ যে কারণেই হোক, সম্ভবতঃ ব্যবসাব্দিচালিজ হ'মে কতদ্ব গিমে পৌছেছিল তার একটা উদাহরণ দেওয়া যেতে পারে। Paul Lèautaud-এর লেখা Le Patit Ami উপস্থাসের সংক্ষিপ্ত কাহিনী হচ্ছে,—জনৈক ভদ্রলোক থিয়েটারে কাজ করতেন, তাঁর একজন মিষ্ট্রেস ছিল। একদিন এই মেয়েটির ছোট বোন বেড়ান্ডে এসে বাধ্য হ'য়ে এঁদের কাছে রাজিয়াপন করে এবং একই বিছানার থাকতে বাধ্য হয়। তারপর থেকে ছোট বোনই মিস্ট্রেস হয় এবং তার একটি সম্ভানও হয়। সম্ভানটি কোন আত্মীয়ার কাছে মাহ্মর হতে থাকে এবং মেয়েটি বিয়ে ক'য়ে অন্টিয়ায় চলে য়ায়। ছেলেটি য়খন তরুণ হয়েছে তখন কোন এক আত্মীয়ার মৃত্যুশয়্যা বিয়ে তাদের দেখা হয়। উভয়েই পরিচিত হয় মাতাপুত্র ব'লে। তার পরের দৃশ্র ও বর্ণনার অংশ দেওয়া গেল। (২৮২) এই দৃশ্র যতই বান্তব বা মনন্ডত্বের প্রকাশ ব'লে আখ্যাত হোক, অন্তত তা যে সমাজের কল্যাণকামী নয় এবং ভারতীয় মনের কাছে একেবারেই অশিষ্ট একথা বোধ হয় বলা য়ায় এবং এই দৃশ্র যদি কোন সৌন্দর্য স্থিটি ক'রেই থাকে তবে তা সত্য এবং শিব নয় একথা নি:সক্ষেচে বলা য়ায়। এটা নি:সন্দেহে চিন্তবিকার, বিকার-গ্রন্ত চিন্তের বিকৃত অভিব্যক্তি।

এই সময়ের ইতালীর একজন মাত্র ঔপতাসিক বান্তবধর্মী। ত্রিনি মধ্যজীবনে তাঁর জন্মস্থান সিদিনির জেলে ও আঙ্গুর-চাষীদের জীবনযুদ্ধের চমৎকার এবং প্রভাক্ষ ছবি একছেন। এই দরিল্ল সম্প্রদায় তথন নৃতন অর্থনৈতিক ব্যবস্থায় একেবারে নিঃস্ব হতে চলেছিল। এই দরদী লেখক Giovanni Verga (১৮৪০-১৯২২) বহু ছোটগল্প লিখেছিলেন কিন্তু তাঁর হু'থানি উপত্যাস I Malavoglia (The House by the Medlar Tree) এবং Maestro Don Gesualdo-তেজ্বনেক চরিত্রের সমাবেশ হয়েছে এবং তার মধ্যে সিদিনির এই শ্রেণীর ব্যক্তিগত্ত কামনা, বিবাদ ও হিংশ্রতা অত্যন্ত প্রত্যক্ষভাবে ফুটে উঠেছে। পরবর্তী উপত্যাস্থানি D. H. Lawrence ইংরাজীতে অন্থবাদ করেছিলেন। Verga-র রচিত

⁽২৮২) When she had done talking, he took her to her room...she kissed him in his eyes, she was still young and desirable. He put his arm round her waist and took her in arms, kissed her neck, her eyes, her breast. "You must not mind," he said, "What! I don't know but I don't kiss you like my mother." When they were alone she would put her arm round his neck and say, "Kiss me quick. What would people say if they saw us kissing like that in secret." And once, "You see, we look like two lovers, what would have happened ten years ago." He could not but think what he would have felt to kiss her as he would have kissed a mistress—his mother, but after all a woman like another. For her he was just a man and a young man at that." Point of View. S. Maugham.—p. 237.

চাষী-জীবনের এই ভয়াবহতা ও হিংসা Merimee-র স্ষ্টের মতই প্রত্যক্ষ ও বেগবান কিন্তু তাঁর স্ষ্টে খুব উচ্চাঙ্কের নয়। Verga-র সত্যকার শক্তি তাঁর প্রাদেশিক পরিবেশের নিপুণ অভিব্যক্তির জন্তু, যাকে স্প্যানিশরা বলে Costumbrista.

১৯শ শতকের স্পানিশা লেথকগণের মধ্যে প্রধান José Maria de Pereda, কিছ তিনি ইউরোপীয় ভাবধারা থেকে স্বতন্ত্র এবং এই বাস্তবতা ও প্রত্যক্ষ বাস্তবতার প্রভাবমুক্ত। উত্তর স্পেনের একটি মাত্র প্রদেশের জীবনধারা নিয়ে এই অবসর প্রাপ্ত ভদ্রলোকের রচনা প্রাকৃতিক সৌন্দর্যপৃষ্ট হ'য়ে নতুন দৃষ্টিভিছি নিয়ে তাঁর দেশ ও দেশের মাছ্যবের কাহিনীকে ব্যক্ত করেছে। তাঁর লেখার মধ্যে ওয়ার্ডস্ওয়ার্থের নিসর্গ-প্রীতি গল্পকাবারূপে প্রস্কৃতি হ'য়ে উঠেছে। তাঁর লেখার মধ্যে অনেক স্থলে অসংবদ্ধতা ও স্থলতা রয়েছে কিছু Juan Valera (১৮৭৪-১৯০৫)-র মধ্যে একটা স্থলমঞ্জতা তাঁর রচনাকে অধিকতর সাহিত্যধর্মী ক'রে রেখেছে। তাঁর কাহিনী চিরদিনের কাহিনী প্রেম ও ধর্মকে ঘিরে রচিত কিছু চরিত্রগুলি ঠিক বাস্তব হ'য়ে ওঠেনি এবং জটিল মানব-জীবনের গতীর অস্তর্জ্বক্তেও ব্যক্ত করতে পারেনি। তাঁর ভাষা Mèrimèe-র মত স্থলর, মনস্তাত্মিক দৃষ্টি গভীর এবং বক্রোক্তিগুলিও চিন্তাকর্মক কিছু কোন ক্ষেত্রেই তাঁর অমুভূতি তীক্ষতর হ'য়ে ওঠেনি। তাঁর শ্রেষ্ঠ উপস্থাস Pepita Jimènez-এর মধ্যেও তার তরণ নায়কের ধর্ম-বিশ্বাস সামান্ত ক্ষ্তির প্রণযের হাওয়ায় ভেসে গেছে। তাঁর ক্ষত্ত চরিত্রগুলির এই ত্র্বলতা তাঁর আখ্যানভাগকে ত্র্বল ও অনেকক্ষত্রে অবাস্তব ক'রে তুলেছে।

Benito Pèrez Galdòs (১৮৪৩-১৯২০)-কে শোনের ব্যালজাক বলা ষায়—তিনি তাঁরই মত শক্তিশালী স্রষ্টা। প্রথমে তিনি কতকগুলি পরস্পর সম্বন্ধযুক্ত ঐতিহাদিক উপ্যাস লেখেন এবং পরে ব্যালজাকের কমেডি হিউমেনের মত মাজিদের জীবন নিয়ে ২১খানি উপতাস লেখেন। বৈচিত্রো চরিত্র-চিত্রণে এবং স্বাভাবিক স্বন্দর প্রত্যক্ষ পরিবেশ রচনায় এবং উপস্থাপনে তিনি ব্যালজাকের সমকক। তিনি তাৎকালীন স্প্যানিশ সমাজের ত্রুটিবিচ্যতি সম্বন্ধে সর্বদা সচেতন এবং মনের দিক থেকে সংস্থারমুক্ত প্রগতিবাদী। তাঁর খেষ্ঠ ব্যঙ্গ উপতাস La de Bringas (The Spendthrifts)-এ তিনি স্প্যানিশ কোর্টণ্ড তার অসারতাকে দেখিয়েছেন। সকলেই মুখোশ পরে রাজরাণীর চারিপাশে বেতনভাগী হ'য়ে রয়েছেন অথচ রাণীর সিংহাসনেরই কোন স্থায়িত্ব নেই। Senora Bringas নিজে, তার কুজিমতা, তার কুণণ বন্ধুগণ, তার আহামক স্বামী এবং Marquesa de Telleria সকলেই প্রহসনের চরিত্র এবং অবক্ষয়ী জাতির মেফ্রন্ডহীন চরিত্র। Senora কেন্দ্রীয় চরিত্র, তার নিজের তুর্বলতার জন্মই তার জীবনে তৃ:খ পুঞ্জীভূত হ'মে উঠেছে। তাঁর Tormento উপস্থাসেও নারীচরিত্রের এই তুর্বলতাই প্রধান সাক্ষণ হ'বে উঠেছে। তাঁর শ্রেষ্ঠ উপন্থাস Fortunata y Jacinta। এই উপস্থাসের কেন্দ্রীয় চরিত্র একটি তুর্বলচিত্ত তরুণ—তার স্ত্রী মধ্যবিত্ত শ্রেণীর Jacinta

এবং ভার রক্ষিতা Fortunata সাধারণ ঘরের ক্ষ স্ত্রীলোক। উভয়েই তাকে ভালবাসে। স্ত্রী সস্তানহীনা কিন্তু রক্ষিতা তাকে সস্তান দিয়েছে। এই ছই নারীচরিত্রের তুলনামূলক বিশ্লেষণই কাহিনীর উপজীব্য। তার মধ্যে মাদ্রিদ শহর, স্ত্রীর পিত্রালয়ের রেশম-ব্যবসা ও রক্ষিতাদের পরিচালিত মৃদীদোকান প্রভৃতি মিলে শহরের একটা সামগ্রিক রূপ স্বষ্টি করেছে। তৃই-একটি চরিত্র চিন্তরিকারগ্রস্ত। Maxi Rubèn উন্নাদভাবে Fortunata-কে ভালবাসে। বাতিকগ্রস্ত, ধর্মোন্মাদ, বায়্গ্রস্ত চরিত্র চির্দিনই Galdos-এর প্রিয় ছিল। তাঁর শেষ উপত্যাস Misericordia-তে এই জাতীয় চরিত্রই মৃধ্য হ'যে উঠেছে কিছে এই সব চরিত্রের মধ্যে এমন একটা আবেগপুষ্ট শক্তি আছে যা দস্তয়েভ্ছির কথা মনে করিয়ে দেয়। তাঁর সমাজ-চিত্রগুলি পৃথিবীর শ্রেষ্ঠ উপত্যাসের সঙ্গে তুলনীয়।

Galdós-এর সমসাম্মিক প্রভু গীজ লেখক Eca de Queiròs (১৮৪৫-১৯০০) বছদিন দেশের বাইরে অপার্চিত ছিলেন। তাঁর সমাজের প্রতিবাদ ও শ্লেষ, চার্চের অন্ধ অন্থাসনের প্রতি কটাক্ষ ও বক্রোক্তি এবং সর্বোপরি তাঁর সদেশীয় নিসর্বের প্রতি গভীর প্রীতি ও ভালবাসা বৃদ্ধিদীপ্ত জীবনের স্বাক্ষর রেথে গেছে। ইনিই ১৯শ শতকের একমাত্র পতু গীজ লেখক বাঁকে ইউরোপ স্বীকৃতি দিয়েছিল।

পশ্চিম ইউরোপে যুক্তিভিত্তিক চিস্তাপ্রবণতা, জীবনদর্শন ও মৃল্যায়নের জন্ত প্রথমে Realism এবং তার থেকেই Naturalism-এর উত্তব হয়েছিল। তার প্রভাব ও প্রশার সাহিত্যের ইতিহাসের সংক্ষিপ্ত আলোচনার মধ্যেই বেশ উপলব্ধি করা যায়। এই যুগের সমস্ত লেখকই এই যুগধর্ম ও যুগের চিন্তাধারার এই ism তুইটির আশ্রয়ে স্প্রষ্টর পথ রচনা করেছেন, এবং তার প্রধান উদ্দেশ ছিল entertainment, वा পाঠरकत हिछंबिरनामन। आमर्भ, नौिं वा अमग्रवृखित अश्मीनन তথন সাহিত্যে অপাংক্তেয় হ'য়ে পড়েছে কিন্তু সভ্যত। বলতে যদি স্থদয়ের বিস্তৃতি ও উৎকর্মতা বোঝায় তবে এই বাস্তবতার যুগে সাহিত্য হৃদয় ছেড়ে দেহগত হওয়ায় भानव-िडिविकाम (य वाहिङ इराइकिन व विषय अश्मित्र निहे। वहे यूग्धर्मत निहत्न শিল্পায়নের দক্রিয় শক্তি সাহিত্যবৃদ্ধির মধ্যে ব্যবসাবৃদ্ধির অমুপ্রবেশ ঘটিয়ে যে তাকে ৰাবদা-সাহিত্যে পরিণত করতে চেষ্টা করেছিল একথা তথনকার রাশি রাশি অজ্ঞাত অখ্যাত উপত্যাদের স্বল্প জীবনের মধ্যে প্রমাণিত হ'য়ে আছে। মৃথরোচক ও যৌন আবেদনপূর্ণ ভোগভিত্তিক গল্প দিয়ে কেবলমাত্র লোকরঞ্জনের জন্তই যে সাহিত্য সৃষ্টি ক'বে সাহিত্যকে বর্তমান বাংলা সাহিত্যের মত পুস্তক-ব্যবদায়ে পরিণত করা হয়েছিল, তার পেছনে শিল্পায়নের আত্মকেব্রিকতা, ভোগলিপা ও কাঞ্চনের মোহ ছিল, একথা বলা নিপ্তায়োজন। তথন লেখক ও প্রকাশক মিলে পুত্তক-ব্যবসাতে বল্প, রেশম, পশম ব্যবসায়ের মত নতুন নতুন ফ্যাশনের স্বষ্ট ক'রে অর্থার্জনের জন্ত চেষ্টিত

একাভেমির সভ্যগণকে উৎকোচ দিয়ে পুস্তক বিক্রয়ের স্থােগ নেওয়া তথন রেওয়াজ হ'য়ে উঠেছিল। (২৮৩) সমালােচকগণও উৎকােচের মহিমায় ভেজাল স্থাতে আগ মার্কা দিয়ে Realism, Naturalism-এর নামে ক্-সাহিত্যকে সাহিত্য ব'লে চালিয়ে দিতে বিধা বােধ করেননি। বিশেষতঃ সে সময়ে সাময়িক পত্রিকার মাগ্যমে প্রচার মহিমাও বেশ শক্তিশালী হ'য়ে উঠেছে। ১৯শ শতকের শেষপাদের এই অবস্থা, অর্থাৎ বেগবান শিল্লায়নের যুগের ক্রত্রিমতা ও অসততা, আজ ভারতের শিল্লায়নের যুগে বে প্রাকৃতিক নিয়মেই ফিরে আসছে এবং এসেছে একথা আজ ভাববার সময় হয়েছে। ইতিহাসের পুনরাবৃত্তি রােধ করা হয়ত সম্ভব নয়, তথাপি ইতিহাসের শিক্ষাকে গ্রহণ করাই বৃদ্ধির লক্ষণ।

পশ্চিম ইউরোপের সাহিত্যের রূপ যাই হোক, ১৮৬০ সালেয় পর থেকে শক্তিশালী এবং সম্ভবতঃ শ্রেষ্ঠ উপক্রাস স্থাই হয়েছে রাশিয়ায়। এই যুগের শক্তিশালী লেথকগণকে Realism বা Naturalism-এর আওতায় ফেলে বিচার করা চলে না। তাঁরা স্বতন্ত্র, স্বতন্ত্র তাঁদের সমাজ, স্বতন্ত্র তাঁদের বীক্ষণভঙ্গি এবং জীবন। জারের কঠোর শাসন ও শোষণের অধীনে সাধারণ জীবন ইউরোপ থেকে স্বতন্ত্র, তাঁদের সমাজ-সমস্রাও তথন শিল্পবিপ্লবোত্তর ইউরোপ থেকে ভিন্ন, তত্বপরি জারের Censor সাহিত্যের উপর ভয়াবহ থবরদারী করছে। সমাজের একটা পরিবর্তন তথন প্রয়োজন এবং জনগণের কাম্যও হয়ত তাই ছিল। এই কারণেই জোলার মত সমাজকে কেন্দ্র ক'রে সাহিত্য স্পেইই হয়ত স্বাভাবিক ছিল, কিন্তু তা হয়ন। তথনকার প্রথ্যাত সমালোচক V. G. Belinsky(১৮১১-৪৮) লোকরঞ্জনের জন্ম সাহিত্যস্পেইকে বাতিল ক'রে দিয়েছিলেন এবং সাহিত্য Liberalism-এর সঙ্গে একটা স্থ্য স্থাপন করতে বাধ্য হয়েছিল।

যথন জোলার প্রত্যক্ষ বান্তবতার প্রভাব সমগ্র ইউরোপে বেশ অম্ভৃত হচ্ছে ঠিক সেই সময়েই রাশিয়ান সাহিত্য ইউরোপে পরিচিতি লাভ করে। এই চুই সাহিত্যের পার্থক্য বেশ স্থাপ্ত হ'য়ে ওঠে। প্রত্যক্ষ বান্তবতা তথন জনপ্রিয়তা হারাতে শুক্ষ করেছে কারণ লোকে তাকে অম্পন্ত আবেগহীন অসত্য ও চিত্তবিকারের কুংসিত প্রকাশ ব'লে মনে করা শুক্ষ করেছে। প্রক্রতপক্ষে রাশিয়ার উপস্থাস জোলাইজ্যের স্থোতের প্রতিবেধক রূপে ইউরোপে প্রতিষ্ঠিত হয়। এই প্রসঙ্গে Melchior de Vogüe-র Le roman Russe গ্রন্থে বিশেষ আলোচনা করা হয়েছে। রাশিয়ার সাহিত্য সম্বন্ধে জনৈক ফরাসী কবি তাঁর রাশিয়ান বরুকে বলেছিলেন, "Our literature begins with beauty and ends with truth but yours begins with truth and ends in beauty" (২৮৪)

ইউরোপীয় সাহিত্য অর্থাৎ ফরাসী, জার্মান ও ইংরাজী সাহিত্যের সংস্পার্শে

⁽२४%) Point of View.—S. Maugham.—p. 254.

⁽२४8) Introductions to Russian Literature—Helen Muchnic.—p. 14.

এনেই রাশিয়ার সাহিত্য পৃষ্টি লাভ করে সত্য, কিন্তু তা হলেও রাশিয়া রাশিয়াই, নৈ কথনও তার বৈশিষ্ট্য ও জাতিগত স্বাতস্ত্রাকে হারায়নি। প্রকৃতপক্ষে কোন দেশের সাহিত্যধারা যথন দেশের সীমা পেরিয়ে অস্ত দেশে যায় তথন তার একটা আমূল পরিবর্তন ঘটে। সেথানে সে ধারা হয়ত সম্পূর্ণভাবে বোধ্য হয় না, কথনও অংশ বিশেষ গৃহীত হয় এবং অংশ বিশেষ পরিত্যক্ত হয়। ভিয় সংস্কৃতির সংস্পর্শে এসে তার মূল চরিত্রেরই পরিবর্তন ঘটে যায়। য়েয়ন বিছমচন্দ্র ইংরাজী সাহিত্যের প্রভাবেই তাঁর উপত্রাস লেখেন, কিন্তু তাঁর উপত্রাস ইংরাজী উপস্থাস থেকে সম্পূর্ণ পৃথক। ভারতীয় সংস্কৃতির সংস্পর্শে এসে তা ভিয় রূপ নিয়ে আত্মপ্রকাশ করেছে। ফরাসী সাহিত্যের ধারা রোমান্টিসিজম থেকে রিয়ালিজ্বম, রিলিজম থেকে স্বাচারালইজমে পৌছেছিল কিন্তু রাশিয়ায় এসে এই সাহিত্যধারাই একটা নৃতন রূপ নিল, যাকে রিয়ালিজম বা ন্যাচারালইজমের কোন একটা দিয়ে চিছিত করা যায় না।

অমুবাদের অস্থবিধার জন্ম রাশিয়ান সাহিত্য ইউরোপ আমেরিকায় এসে পৌছতে দেরী হয়। টুর্গেনিভ ১৮৮৩ সালে মারা যাওয়ার পরে Henry James-এর অমুবাদ ও আলোচনা থেকেই ইউরোপ প্রথম বাশিয়ার সাহিত্য সম্বন্ধে অবহিত হয়। টুর্কেনিভ ইউরোপের, বিশেষতঃ ফ্রান্সের ধারাবাহী ছিলেন ব'লেই তাঁর লেখা প্রথম ইউরোপে সমাদৃত হয়। দন্তয়েভ্স্কি ১৮৮১ সালে মারা যান কিন্তু তাঁর রচনা বিংশ শতকের বিতীয় দশকে এসে ইউরোপে আদৃত হয়,—তার পূর্বে তাঁর লেখা সামান্তই পরিচিত ছিল। রাশিয়ার বিখ্যাত হুই সমালোচক Belinsky এবং Dobrolyubov-ই রাশিয়ার সাহিত্যধারাকে তার নির্দিষ্ট পথে চালনা করেছেন। তাঁরা বলতেন, 'Art for life'-এর অর্থ আর্টের মুখ্য কাজ সমাজ-কল্যাণ এবং 'Art for Arts sake'-কে তাঁর। গ্রহণীয় মনে করেননি। ১৯৪৮ সালে সোভিয়েট লেখক Fadeyev, Belinsky-র শ্বতিসভায় "declared Belinsky to be the founder of the aesthetic of classical realism. This means that literature is a product of society, that it reflects and expresses the development of society, exerts an influence on society and has an educative role to play." (২৮৫) আৰ্ট প্ৰথমতঃ হবে আৰ্ট এবং তা কোন নির্ণিষ্ট সময়ের সমাজ-মন ও গতিকে ব্যক্ত করবে। সাহিত্যের এই সংজ্ঞা অমুশারেই Gogol, Turgenev, Goncharov প্রভৃতির রচনার আলোচনা হয়েছে। গোগোল তার The Inspector General-এ বলতে চান, "Don't blame the mirror if your mouth is crooked" এवः Turgenev वरनहित्नन, "Study the times in which you live, give us recognizable types of man and woman, show us how they affect and are affected by our

⁽२४६) Ibid—Helen Muchnic—p. 33.

immediate social problems." ১৯শ শতকে এসে ডাই Realism এবং Art for art's sake-এর মধ্যে বিরোধ দেখা দেয়। বিশেষতঃ রাশিয়ার দিকপালগণ, অন্ততঃ টলস্টয় পর্যন্ত, লোকরঞ্জনের চেয়ে সমাজ-কল্যাণের উপরেই বেশী জোর দিয়েছেন। সাহিত্যের ইতিহাস বিচার করলে মনে হয় উপন্থাসেই যেন রাশিয়ার আত্মার স্বাভাবিক প্রকাশ হয়েছে। প্রারম্ভ থেকেই রাশিয়ার সাহিত্যের আকর্ষণ তাঁর নিগুঁত বর্ণনায়, চরিত্র স্ক্টতে ও নৈস্গিক দৃশ্রে। পুশকিনের অসমাপ্ত Evgeny Onegin-কে একখানি পত্য উপন্থাস ব'লে অভিহিত করা হয়।

Alexander Sergeyebich Pushkin (১৭৯৯-১৮৩৭) যথন জন্মগ্রহণ করেন তথন রাশিয়ান ভাষা Karamzin এবং Derzhavin ছারা যথেষ্ট উন্নত হয়েছে বটে, কিছু তা প্রধানতঃ ব্যবহৃত হত ফরাসী-প্রভাবিত রাজসভাসদগণের স্থানন্দার্থে। পুশকিনের মধ্যে রাশিয়া ও আফ্রিকার রক্ত মিশ্রিত হয়েছিল এবং সম্ভবত: সেই কারণে তাঁর মধ্যে হ'টি সত্তা ছিল। একদিকে অশান্ত জৈবাবেগ, অক্তদিকে প্রশান্ত সংযম। তিনি অভিজাত বংশে জন্মগ্রহণ করেন, তাঁদের বাড়ীতে ফরাসী বলা হত। তিনি চাকরদের কাছে প্রথম রাশিয়ান বলতে শেখেন। তিনি শিক্ষাজীবনৈ Moliére, Fontaine এবং Voltaire-এর লেখা পড়েছিলেন। ১৮২০ সালে তাঁর প্রথম ৰূপকথা Ruslan and Ludmila প্রকাশিত হয়। তার পরেই তাঁর Ode to Freedom-এর জন্ম তাঁকে রাজদারে লাঞ্ছিত হতে হয়। ককেশানে নির্বাসিত (১৮২০-২৩) থাকাকালে তিনি বায়রনের দ্বারা প্রভাবিত হয়েছিলেন এবং প্রায় ১০ বংসর তাঁর মধ্যে এই প্রভাব স্তিয় ছিল। এই সময়ের অভিজ্ঞতায় তিনি, The Prisoner of Caucasus. The Brother Robbers, The Fountain of Backlechisarai লেখেন। Evgeny Onegin-এ স্বাধীনতার স্বরূপই তাঁর প্রতিপাত। তাঁর নিজের নির্বাসিত জীবনের অভিজ্ঞতায় তিনি দেখেছিলেন, জীবনের সারল্যের মধ্যেই সভাকার স্বাধীনতা বর্তমান।

১৮২৪-২৬ সালে তিনি তাঁর পৈতৃক জমিদারী Pskov-এ বাঁস করেন। এখানেই তিনি প্রথম শেক্ষপীয়র পড়েন এবং তাঁরই অমুকরণে Boris Godunov ও Graf Nulin নাটক লেখেন। ১৮২৫ সালে তাঁর The Gypsies প্রকাশিত হয়। তাঁর নায়ক Alexo এক ত্রস্ত ভববুরে, সে নিজের সন্তার বাইরে বহির্জগতে স্থখ চেয়েছিল কিন্তু পায়নি, বৃথাই সংগ্রাম করেছে। তাঁর Queen of Spades, The Stone Guests, The Coffin Maker গল্পগুলি বিশ্ব-সাহিত্যে শ্বরণীয় গল্প। প্রখ্যাত সমালোচক Khodasevich বলেছেন,—পুশকিন চিরতক্রণ, তিনি যদি একশ বছর বাঁচতেন, তবুও তাঁর সে তারুণ্য মান হত না। তাঁর সমগ্র স্থাইর মধ্যে তারুণ্যের আনন্দ, শ্বপ্ন, সাহ্ম, পরিবাধ্যে হ'য়ে রয়েছে। তরুণের দৃষ্টিতে তিনি জগত দেখেছেন, তরুণের ছদয় নিয়ে জীবনকে দেখেছেন অথচ তা কোন সময়ে অসংয়ত হয়ন। তাঁর সাহিত্যে ১৮শ শতকের সংস্কারগত জীবন এবং ১৯শ শতকের নবজাত ব্যক্তিবাদের একটা সামঞ্জের প্রচেষ্টা দেখা যায়। স্বৈরাচার ও গণতন্ত্র, অন্তর ও

বাহিরের স্বাধীনতা, অহংএর আকাজ্জা এবং সমাজের প্রয়োজন, সংযম ও স্বাধীনতা, আহগত্য ও বিল্রোহ, সারল্য ও বিলাস, আদিমতা ও সভ্যতার মধ্যে তাঁর হৃদয় ও যুক্তি যেন ক্রমাগত দোল খেয়েছে এবং তিনি দেখেছেন যে ব্যক্তির স্বাধীনতা বিনষ্ট না ক'রেও সমাজের শৃষ্ণলা বাখা যায় এবং হৃদয়ের চাহিদাও আজ্মিক সংয়মের সামঞ্জ্যতার মধ্যেই সৌন্দর্য বর্তমান। তাঁর সমগ্র সাহিত্যে এই ব্যক্তি ও সমাজের একটা স্বসংবদ্ধ অবস্থানের পরিকল্পনা স্বস্পষ্ট হ'য়ে উঠেছে।

রাশিয়ায় এই নৃতন যুগে প্রকৃত কথা-সাহিত্য সৃষ্টি করেন বিশ্ববিখ্যাত Aikolay Vasiliebich Gogol (১৮০৯-৫২)। তিনি প্রতিভাবান শক্তিশালী লেখক। তাঁর বৃদ্ধি ও উৎকট ব্যক্ষপ্রিয়তার ঠিক সামঞ্জ হয়নি। তাঁর নীতিবাদ ও ধর্মীয় বিশাসের মধ্যেও সমতা নেই। তিনি রাশিয়ার প্রথম বাত্তববাদী লেখক বললেও ঠিক হবে না, কারণ রাশিয়ান সাহিত্যের বাস্তবভার সঙ্গে ফরাসী বাস্তবভার পার্থক্য অনেক। তাঁর Dead Souls-এ ক্ষয়ফু জমিদার শ্রেণীকে আঘাত করলেও তা ডিকেন্সের মত অবস্থাগত—সমাজ-সমস্তার পরিপ্রেক্ষিতে করতে বাধ্য হয়েছেন। मुख वाक्तित नाम कित्न निष्य नत्रकानत्क ठेकावात अहे शह्मत माधा Swift अवर Sterne-এর ব্যঙ্গপ্রিয়ত। আছে কিন্তু ব্যালজাকের বিষয়মুখী বিশ্লেষণ নেই। তাঁর শ্রেষ্ঠ গল The Overcoat-কে বান্তবধনী গল বলা চলে কিন্তু তার মধ্যেও অলোকিকত্ব রয়েছে। তাঁর Inspector General অতিশয়োক্তি-তৃষ্ট হিংল্ল ব্যঙ্গপূর্ণ উপত্থাস। এই উপত্থাসে Hauftmann-এর কল্পনা-বিলাস এবং দন্তয়েভ্ঞির তুর্দমতা ও বাস্তববোধ যেন মিশ্রিত হ'য়ে আছে। তাঁর প্রতিভা রাশিয়ার সাহিত্য-ধারা থেকে যেন একটু পৃথক,—পুশকিন থেকে টলস্টয়ের War and Peace-এর যে ধারা তার সঙ্গে তার যথেষ্ট সাদৃশ্র নেই। Kropotkinও এই মত সমর্থন করেছেন। (২৮৬)

গোগোল অবশ্ব পৃশকিনের শিশ্বস্থানীয় এবং তাঁর Dead Souls এবং Inspector General-এর গল্প ও ভাব তিনি পৃশকিনের নিকট থেকেই পেন্থছিলেন। মনের দিক থেকে পৃশকিন ১৮শ শতকের এবং গোগোল ১৯শ শতকের। শিক্ষালাভের পর তিনি পিটার্শবার্গে আব্দেন এবং তাঁর প্রথম রোমাণ্টিক কবিতাকে সমালোচকগণ ঠাট্ট। করেন। তাঁর মাভার সংগৃথীত ইউক্রেনের গল্প Evenings on a Farm near Dikanka (১৮৩১) থেকেই তিনি প্রথম সাহিত্য-জগতে পরিচিত হন। তাঁর The Fair at Sorochinsk অভ্ত হাশ্ররদে বিচিত্র। Taras Bulba-তে কলাক ও পোলদের যুদ্ধকে বাস্তব দৃষ্টি নিয়ে বর্ণনা করেছেন। তাঁর Vampire, The Portrait, The Nose, Old World of Land Owners-এর মধ্যে সমাজকে তিনি ক্ষাঘাত করতে ক্রটি করেননি। তিনিও পৃশকিনের মত হন্মুদ্ধে নিহত হন।

⁽२४%) Ibid- John Macy-p. 556-63.

১৯শ শতকে রাশিয়ান সাহিত্যের প্রধান সমস্তা ছিল—পাশ্চান্তা ও প্রাচ্যের সংঘর্ষ। ক্রান্স-প্রভাবিত পশ্চিম, এবং শ্লাভজাতির বৈশিষ্ট্যের মধ্যে কোন্টা গ্রহণীয় এই ছিল প্রশ্ন। রাশিয়া পশ্চিমের মন্ত্রশিষ্ট্য হবে, না প্লাভ বৈশিষ্ট্যকে গ্রহণ ক'রে বলকানের নেতৃত্ব করবে? গোগোল তাঁর সাহিত্যে প্লাভ বৈশিষ্ট্য ও ইউক্রেনের নিসর্গ বর্ণনার মধ্যে পশ্চিমের প্রভাবকে বর্জন করেছেন। Dead Souls (১৮৪১)-এর প্রধান চরিত্র Chichikov ভন কুইক্জোটের মত একটি চরিত্র কিন্ধু বিপরীতক্রমে। তাঁর Inspector General ১৮৩৬ সালে প্রকাশিত হয়।

গোগোলকে রাশিয়ার স্থইক্ট বলা হয় কিছ তাঁর মনোবৃত্তির সন্দে স্লবেয়ারই বেশী সাদৃশ্য আছে মনে হয়। স্লবেয়া স্বপ্ন ও কয়নাকে জাগতিক জীবনের পরিপদ্মী ব'লে ত্যাগ করেছেন এবং বাস্তব স্বপ্নের বিরোধী ব'লে তাকেও ত্যাগ করেছেন কিছ গোগোল স্থপ্রকে ত্যাগ করেনেনি, তিনি সমাজপীড়িত মানব-অস্তরের মৃত্যু দেখে ব্যাকুল হয়েছেন। কিছ গোগোল, স্লবেয়া উভয়েই রোমাণ্টিক জগতের বিভ্রান্ত পথিক, কিছ কাহিনীর উভাবন ও উপস্থাপনের চাতুর্যে গোগোল অতুলনীয়। পুশকিনের বাস্তব স্পষ্টির মধ্যে তাঁর বৃদ্ধি ও জীবনের প্রতি মমন্থবাধের একটা সমতা এসেছিল কিছ গোগোলের অস্তর একটা হিংম্র মুণায় যেন জীবনের প্রতি বিশাস ও প্রেমকে হারিয়ে ফেলেছে। (২৮৭)

S. T. Aksakov (১৭৯১-১৮৫৯) এই যুগের আদর্শবাদী প্রাচীনপন্থী লেখক কিছ তাঁর আত্মজীবনীমূলক রচনায় পুরাতন দিনের জীবনপ্রবাহ গভীর সমবেদনা ও অফুভৃতি নিয়ে প্রকাশিত হয়েছে। I. A. Goncharov (১৮২২-৯১) পুরাতন ও নৃতনের মধ্যে যেন দিশেহারা হ'য়ে পড়েছেন। তাঁর মুখ্য রচনা Oblomov এই দক্ষপ্রত্বত উপস্থান। Oblomov একটি অন্তঃসারশৃত্ম ব্যক্তি, তথনকার সমাজে আপ্রহীন। তাঁর জমিদারী থেকে পাঠানো টাকায় দিন চলে, ছদিনে প্রগতিবাদী বন্ধু Stolz-এর পরামর্শে চলেন। ঘটনাপ্রবাহে জগতের পরিত্যক্ত ব্যক্তিত্বহীন এই চরিজটি ল্যাওলেডির হাতের জীড়নক হ'য়ে পড়েন এবং আপ্রয়াচ্যত হওয়ার ভয়ে তাকে বিয়ে করতে রাজি হন। পুরাতন দিনের সমাজ-প্রত্বত এই চির মানব-শিশুর প্রতি একটা অনিবার্ধ সহাম্ভৃতি পাঠককে অভিভৃত করে এবং একটা অসহায় কোমল সৌন্দর্ধে মনটা তৃপ্তি লাভ করে। তাঁর প্রথম উপস্থাস A Common Story-র বিষয়বস্থ এই একই। হিসাবী খুড়ো এবং তার অনভিজ্ঞ ভাইপোর চরিত্রের মধ্যে গ্রাম্য একঘেয়ে জীবনযাজা এবং রাজধানীর হালকা আনন্দের তুলনা করেছেন। The Ravine-এও মধ্যযুগীয় সম্লান্ত প্রেণীর অন্তঃসারশৃত্য মামুষের কাহিনী। তাঁরা পর্যায়ক্তমে অনেক কিছু হতে চেয়েছেন কিছু চারিত্রিক দৃঢ়ভার অহাবে জীবনে ব্যর্থ হেয়েছন। তিনি পাশ্চান্ত্যের অমুরাগী টুর্গেনভিকে পরম শক্ষ

⁽२४९) Ibid-Helen Muchnic-p. 115-24.

ব'লে মনে করতেন, কারণ ফরাসী বান্তবতাকে তিনি দেশের পক্ষে অকল্যাণকর ব'লে বিশ্বাস করতেন।

Ivan Sergeyevich Turgenev (১৮১৮-৮০)। অভিজাত বংশে জন্ম।
১৮০৪ সালে মন্ধো বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেন। সেথানে জার্মান দার্শনিক ধারা,
বিশেষতঃ Schellings দ্বারা অন্ধ্রাণিত হন। তা ছাড়াও Slankevich নামক
এক বন্ধুর দ্বারাও ধর্মীয় নীতিবাদ সম্বন্ধে যথেষ্ট প্রভাবিত। এই বন্ধুটির বিশাস
ছিল, যুক্তির থেকে ধর্মবিশাস বড়, জাগতিক জীবনের মূল্য অপেক্ষা আত্মিক
জীবনের মূল্য বেশী। (২৮৮) বিপ্লবী Bakunin-এর সন্দেও তাঁর সাক্ষাৎ হয়,—
বুকানিন জড়বাদী, তিনি যুক্তি ও অর্থনীতির পুনর্বিল্যাসে আস্থাবান ছিলেন। এর
পরে তিনি বেস্থাম মিলের হিতবাদে (Positivism) এবং জড়বাদে বিশাসী হন।
পরে Belinisky-র মানবতাবাদ ও সমাজবিজ্ঞানের দ্বারাও প্রভাবিত হন। তিনি
প্রায় ২০ বৎসর ইউরোপে বাস করেন এবং সেই সময়ে তিনি দ্ববেয়া, জর্জ স্থান্ত ও
হেনরী জেমসের সঙ্গে পরিচিত হন এবং ইউরোপীয় সাহিত্য, বিশেষতঃ ফরাসী
বান্থবতার সৌন্ধকে উপলব্ধি করেন। এইসব কারণেই বলা ঘায়, টুর্গেনেভ ইউরোপীয়
ও রাশিয়ান সাহিত্যের সংযোগস্ত্র। এই সময়ে তিনি গায়িকা Pauline Garcia
Viardof-এর প্রেমে পড়েন এবং তারই বাড়ীতে ১৮৮৩ সালে মারা যান।

তাঁর A Sportsman's Sketches সম্ভবতঃ Gogol-এর Evening on a Farm near Dikanka-র ঘারা অন্তপ্রাণিত। তাঁর The Raspberry water-এর মধ্যে সাফ দের জীবনের ত্র্ভাগ্য বর্ণিত হয়েছে। ছেলের মৃত্যুও সার্ফের জীবনের করভার হ্রাসের কারণ ব'লে গৃহীত হয়নি।

রাশিয়ার সাহিত্য 'Art for life' স্তে ধ'রে এগিয়ে গিয়েছে এবং সেই জক্সই কিছুটা প্রচারধর্মী কিছু টুর্গেনেভেই প্রথম নবজাগরণের স্কর ধ্বনিত হয়েছে। তিনি প্রচার করেননি—তিনি জমিদার এবং সাফ'দের চিত্র এঁকেছেন বান্তব পরিপ্রেক্ষিতে, দরদ ও সৌন্দর্যে তা অত্যন্ত হৃদয়গ্রাহী হয়েছে। তাঁর এই বান্তব চিত্র এত হৃদয়গ্রাহী হয়েছিল যে, পরে Tsar Alexander II এই উপক্রাস পড়েই সাফ'-প্রথা বিলোপের সংকল্প করেন। তিনি স্থানরের উপাসক এবং মনে-প্রাণে aesthetic কিছু সর্বদাই তার সঙ্গে সমাজসমস্তা জড়িয়ে থাকায় চরিত্রপ্তলি প্রাণবস্ত হ'য়ে ফুটে উঠেছে। চরিত্রের বেশীর ভাগই ক্ষয়িষ্ণু অভিজাত শ্রেণীর, তারা নৈরাশ্র ও মানসিক দৈক্তে নিশিষ্ট। জীবন তাদের পক্ষে স্থানর কিছু সে সৌন্দর্য কণছায়ী; Fathers and Sons (২৮৯)-এর Bazarov উদারপন্থী নায়ক হয়েও ভাগ্যের পরিহাস

⁽RVV) Ibid-Helen Muchnic-p. 133.

⁽২৮৯) ৰবীন্দ্ৰনাথের 'ব্যুরে বাইরে' এই উপস্থাস দারা প্রভাবিত—Western Influence in Bengali Literature—P. R. Sen—p. 139.

⁽২৮৯) ঘরে-বাইবের সঞ্জীৰ চরিত্র Rudin এবং Father and Sons-এর Bazarov চরিত্রের হারা প্রভাবিত। Journal of the Dept. of Letters.—Calcutta University—Vol XXII (1932)—P. R. Sen.

পুরাতন কাঠের দরজায় আঘাত হানছে। Smoke-এ তিনি ছুই দিকের প্রতিই ব্যঙ্গ-শর হেনেছেন। On the Eve যদিও রাজনৈতিক পটভূমিকায় লেখা, তব্ও তার মধ্যে একটা ব্যর্থ প্রেমই প্রাধান্ত পেয়েছে। তাঁর শ্রেষ্ঠ চরিত্র Rudin উপন্তাদের Rudin এবং House of Gentle Folk-এর Lavretzky। আগত বিপ্রবের পূর্বে তারা যদিও অনাকাজ্ঞিত চরিত্র।

সমাজসমস্থা জড়িয়ে থাকলেও তাঁর উপস্থাসের কেন্দ্রস্থলের শোকাবহ প্রেমের ঘটনাই তাকে স্থল্পর করেছে। তথনকার রাশিয়ায় পুরাতন অভিজাতশ্রেণী এবং নৃতন Radicals-এর মধ্যে ভোগবাদ ও পরার্থবাদের সংগ্রাম চলেছে কিন্তু এগুলি তাঁর মধ্যে গভারতা পায়নি, কিন্তু যথনই তিনি ব্যর্থ প্রেম ও হাদয়াম্বভূতির কথা বর্ণনা করেছেন তথনই তা অম্বভূতির গভারতায় স্থলরতর হয়েছে। Rudin, Asya, চরিত্রে, House of Gentle Folk এ, On the Eve-এ এমনকি Fathers and Sons-এ. Smoke, Virgin Soil-এর পক্ষেও একথা সত্য। তাঁর স্থাচরিত্রগুলি শক্তিশালী কিন্তু পুরুষচরিত্রগুলি অপেক্ষাকৃত ছর্বল, তারা প্রেমের ব্যাপারে এবং কর্তব্যে উভয় দিকেই পরাজিত হয়েছে। তাঁর ধারণা ছিল মাহ্র হয় হ্যামলেট, না হয় ভন কুইকজোট, অর্থাৎ হয় অহংবাদী, না হয় পরার্থবাদী। (২৯০)

তাঁর জানিল চরিত্রের মধ্যে Rudin চরিত্র শ্রেষ্ঠ। Rudin এবং Fathers and Sons-এর Bazarov ছটি চরিত্রই বিপ্লবী Bakunin-এর প্রতিচ্ছবি। তথন অর্থাৎ ৬৯ ও ৭ম দশকে তরুণ র্যাভিক্যালদেরই নাম দেওখা হয়েছিল Nihilist। On the Eve গল্পের যে ট্রাজেভি তা চরিত্রের নয় বরং সমগ্র রাশিয়ার ট্রাজেভি। ১৯শ শতকের শেষ গাগে কি ইউরোপ, কি রাশিয়া, সর্বত্তই লেখকগণ ব্যক্তিতেই বেশী কেন্দ্রশীভূত হয়েছিলেন। কিন্তু টুর্গেনেভে ব্যক্তি-চরিত্রের বিফলতাই যেন বেশী ক'রে ফুটে উঠেছে।

টুর্গেনেভ তাঁর Rudin-এর মত সারাজীবনই জার্মান কাব্য, রোমাণ্টিকতা ও দার্শনিক চিন্তার অভিভূত ছিলেন। দন্তরেভ্দ্নির সঙ্গে তৃলনা করলে সেটা স্বন্দাই হয়'। তাঁর Hamlet of Shchigry এবং দন্তরেভ্দ্নির Notes from Underground-এ একই সমস্তা নিয়ে আলোচনা হয়েছে কিন্তু টুর্গেনেভের চরিত্র তুর্বল, নালিশ করেছে, তৃংথ করেছে, ভাগ্যকে দোষারোপ করেছে কিন্তু দন্তরেভ্দির চরিত্র ত্বণা করেছে, তৃষ্ক করেছে, নিজেকে লাঞ্ছিত করেছে, কিন্তু নালিশ করেনি, তৃংথ করেনি—তারা ক্রুক্ক, আবেগ-উচ্ছল, মরিয়া। (২৯১) টুর্গেনেভের সাহিত্য এই হ্র্বলভার জন্ত বিরাট ও মহত্তর হতে পারেনি। (২৯১)

⁽२३०) We get Hamlet notably, not only in the story of A Sportsman's Sketches but also in Asya, in the Diary of a Superfluous Man, and in Virgin Soil. Don Quixote in On the Eve and Virgin Soil, the mixture in Rudin and Fathers and sons.—Ibid—Helen Muchnic—p. 138.

⁽२२) Ibid-p, 147-48.

^{(&}gt;>) The integration of his work is not that of a chemical solution but a squirrell cage of sentiments. There is something stalic and hopeless about it.—Ibid—p. 149.

Merimée প্রথম রাশিয়ার সাহিত্য এবং টুর্গেনেভের রচনা ফরাসীতে অমুবাদ করেন, তার অনেক পরে তা ইংরাজীতে অনুদত হয়। টুর্গেনেভের শ্রেষ্ঠ ওঁার উদার মতবাদ ও আন্তর্জাতিক সম্পর্কের জন্মই নয়, তাঁর স্বষ্টি কান্তধর্মী, সভ্য ও স্বন্ধরের পথচারী ব'লেই তা ছাদয়ধর্মী। এই ছাদয়ধর্মই তাঁকে মরমী সাহিত্যিক হিসাবে চিরক্তন খ্যাতি দিয়েছে। তাঁর কোমল স্বন্ধর নিসর্গ, কবিজনোচিত স্ক্র্ম অমুভূতি, চরিত্রের গভীর আবেগই তাঁর সাহিত্যকে প্রাণবন্ত করেছে। নীতিবাদ্দ্রক সমস্যাও তাঁর চরিত্রের অন্তর্ধন্ম স্বাল্ডি। তাঁর চরিত্রগুলি সরল ও স্বাভাবিক এবং এত বেশী স্বাভাবিক যে ব্যালজাকের চরিত্রগুলিও ভার কাছে সভ্য ও স্বাভাবিক ব'লে মনে হয় না। তাঁর স্বষ্টি ব্যাপক ও গভীর—১৯শ শতকের কোন লেখকের স্বষ্টি এত ব্যাপকতা ও গভীরতা লাভ করেনি। (২৯৩)

১৯শ শতকের সাহিত্যে ত্'টি ধারা প্রকট হ'য়ে ওঠে, এবটি মন্তিছধর্মী এবং এবটি ছাদয়ধর্মী। নবজাগরণের যুগ থেকে যুক্তি ও বৃদ্ধিকে কেন্দ্র ক'রে জড়বাদী দর্শনের প্রভাবে সাহিত্য Realism ও Naturalism-এ এসে পৌছায় এবং আর একটি ধারা জার্মান ভাববাদ ও রোমাণ্টিকতার ধারা বহন ক'রে স্কাদয়ধর্মী হ'য়ে ওঠে। সমালোচক-গণও তুই দৃষ্টিভক্তি সাহিত্য বিচারে করতে আরম্ভ করেন। এই তুই দৃষ্টিভক্ষির বিচারে টুর্গেনেভকে উপরোক্ত তুই ভাবেই সমালোচকগণ বিচার করেছেন। Art-এর বিচারে টলস্টয়ের মধ্যে আমর। এই বিচারের স্বশ্ধণকে আরও স্ক্ষভাবে দেখতে পাব।

টুর্গেনেভ থেকে বেশী র্যাভিক্যাল M E. Saltykov Shchedrin (১৮২৬-১২)। তাঁর বেশীর ভাগ শক্তিই সাংবাদিকভাষ ব্যয় করেছিলেন কিন্তু তাঁর একথানি উপন্থাস The Golovlyov Family, ১৮৬১ সালে সাফ দের মুক্তর পরে এক অভিন্নাত পরিবারের শেষ অন্ত্যেষ্টি ক্রেয়ার প্রভাক্ষ চিত্র হিসাবে প্রসিদ্ধ হ'য়ে আছে। N. S. Leskov (১৮০১-৯১) পুরাতন রাশিধার ঘরোয়া জীবনের বহু প্রভাক্ষ কাহিনী রচনা করেছেন। তাঁর চরিত্র ও পরিবেশ রচনা মধুর ও হৃদয়গ্রাহী। Gorki তাঁকে 'the most Russian of all Russian writers' (২৯৪) ব'লে অভিহিত্ত করেছেন। তিনি ইউরোপে পরিচিত্ত ৰা খ্যাতি লাভ করেননি।

Theodore Mikhaylovich Dostoevsky (১৮২১-৮১) ব্যক্তিগত জীবনে অশাস্ত ও অন্থী, ঝড়-ঝঞ্চায় গেছে তাঁরে যৌবন। রাজজোহের অপরাধে মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছিলেন এবং বধ্যভূমিতে গুলি কর্মার শেষ মৃহূর্তে প্রাণদণ্ড মকুব হয় এবং আট বংসরের জন্ম সাইবেরিয়ায় নির্বাসিত হন। টলস্টয়ও হয়ত সাইবেরিয়ায় বেতে পারতেন কিন্তু তাঁর ইউরোপীয় খ্যাতি এবং তাঁর প্রভাবশালী আত্মীয়দের জন্ম যেতে হয়নি। আট বংসর নির্বাসনের মধ্যে চার বংসর তাঁকে

⁽२३0) Ibid-J. M. Cohen-p. 286.

⁽³²⁸⁾ Ibid—J. M. Cohen—p. 280.

করেদী নিবাসে এবং বাকি চার বছর বাধ্যতামূলক সৈনিকর্ত্তি গ্রহণ করতে হয়েছিল। তিনি যথন সাহিত্যক্ষেত্রে পদক্ষেপ করলেন তথন তাঁর জীবনের জভিজ্ঞতা প্রচুর—যে অভিজ্ঞতা কদাচিৎ কোন লেথকের ভাগ্যে জোটে।

১৮৪২ সালে তাঁর প্রথম রচনা Poor Folk প্রকাশিত হয়, তথন তাঁর বয়স মাত্র তেইশ। The Double ব'লে আর একটি গল্পও প্রকাশিত হয়। গোগোলের Cloak ও Nose-এর অমুক্ততি বলা যায়। এই সময়ে তিনি গোগোল. হফু ম্যান, ও ডিকেন্স দারা প্রভাবিত হয়েছিলেন এবং তাঁদের আলৌকিকতা-প্রীতিও তাঁকে পেয়ে বদেছিল। সাইবেরিয়া থেকে ফিরে তিনি Insulted and Injured এবং সাইবেরিয়ার অভিজ্ঞতা Memoirs from the House of the Dead লেখেন। তথন তাঁর বয়স ৪৪ বংসর এবং আকণ্ঠ দেনায় নিমজ্জিত, Wiesbaden-এর এক হোটেলে থাকেন কিন্তু থাবার পয়সা নেই। এই সময়ে তিনি তাঁর প্রাদিদ্ধ Crime and Punishment লেখেন। এই উপস্থাদের কাহিনী অনেক আগেই কাঁর মাথায় ছিল—যে মাহুষ মাহুষের প্রতি অক্সায় করে, সে তার নিজম্ব সব কিছই হারিয়ে ফেলে. একথা তিনি জীবনের অভিজ্ঞতায় জানতেন। উপত্যাসের নায়ক Raskhalnikov খুন করলে কিন্তু তাকে কেউ সন্দেহও করলে না, কিন্তু তার আত্মদুহনই তাকে প্রায়শ্চিত্তের পথে নিয়ে যায় এবং কারাবাসের পরে অসমানিত নির্যাতিত নিম্পিট Sonia-র সঙ্গে ঘর বাঁধতে চায়। এই কাহিনীর সঙ্গে Les Miserables-এর কাহিনীর তথা বিষয়বস্তুর সাদ্র আছে, বিশেষত অপরাধবিকার এবং হিংস্র নাটকীয়তার। তাঁর চরিত্রগুলি টলস্ট্রের চরিত্রের মত স্বাভাবিক ও সৌম্য নয়, তারা যেন জগতের বিশ্বয়, স্বাভাবিক জগতকে ছাড়িয়ে মাথা উচু ক'রে রয়েছে। পরবর্তী উপন্থাস The Idiot-এর নাটকীয় কাহিনী প্রায়শ্চিত্তের বাইরে চলে গেছে। Natasha এবং Rogozhin যেন অজ্ঞান-মন-চালিত হয়ে এক অবশ্রস্তাবী পূর্বজ্ঞাত হত্যার দিকে অনিবার্যভাবে এগিয়ে পেছে। এইখানে তিনি যেন জগতের পাপ-পুণাকে ঠিক বিণরীত দিক থেকে ব্যাখ্যা করতে চেয়েছেন। (২৯৫) তাঁর The Devil উপক্যাদে তিনি পশ্চিম ইউরোপের লিবারেলদের আক্রমণ করতে চেয়েছিলেন, কিছ তার আথ্যানভাগ তাঁর উদ্দেশ্তকে ছাডিয়ে গেছে—হিংম্র চিত্তবিকারই যে রাজনৈতিক কর্মীগণের রাজনৈতিক মতবাদের কারণ এই সতা তিনি যেন আগ্র-সাধনায়ই উপলব্ধি করেছিলেন। ি এই মতবাদগুলি যে মানুষের অবিদ্যাপ্রস্থত এই স্তাকে তিনি তাঁর বীক্ষণশক্তির দারাই অমুভ্র করেছিলেন] The Possessed-এর কাহিনী সংবাদপত্তে প্রকাশিত একটি ঘটনা থেকে গৃহীত। তাঁর সমস্ত রচনার মধ্যে এইটি সর্বাপেক্ষা হিংম্র এবং লিখনরীতির দিক থেকেও নিরুষ্ট। চিত্তবিকারগ্রস্থ পাপীগণের মধ্যে Verhovensky নিক্টতম পাপী, বৃদ্ধিহীন ও বিক্বতবৃদ্ধি চরিত্ত।

⁽२३६) In Idiot, "What Dostoevsky does is to present his positively good man in a negative way by showing, in a kind of ironic cynicism, that all his qualities are the converse of what the world holds good." Ibid—Muchnic—p. 162.

তাঁর শ্রেষ্ঠ উপস্থাস The Brothers Karamazov-এর কাহিনী ভুচ্ছ। ভুচ্ছ এই কাহিনীকে ঘিরে ভাল-মন্দ সৎ-মসৎ স্বৰ্গ-নরকের একটা অপূর্ব সেভূ নির্মিত হয়েছে। বৃদ্ধ Fyodor তাঁর এক পুত্রমারা নিহত হন এবং সেই হত্যাকে কেন্দ্র ক'রে বড় ভাই Ivan এবং ছোট ভাই Alyosha-র মধ্যে নীতি ও ধর্মের এক তর্কও বিচার চলেছে। Ivan বলেছে—মাহুষ ত্র্বল, তার আধ্যাত্মিক স্বাধীনভা নেই, তাকে ব'লে দেওয়া দরকার কী তার করণীয়, কী তার বিশাস করা উচিত। প্রথমে তাকে জড়জগতের প্রয়োজনীয় খাছ্ছ বস্ত্র দিতে হবে, তবে তাকে পুণাবান হওয়ার পরামর্শ দেওয়া চলে। মাহুষের অহং-এর মৃত্যু, তথা ব্যক্তিজীবনের স্বাধীন প্রকাশে বাধা তাঁর কাছে স্বাপেক্ষা ভয়াবহ হ'য়ে দেখা দিয়েছে এবং তাঁর কাহিনীর মর্মন্থলে এই ভয়াবহ বেদনাই মূর্ত হয়েছে। (২৯৬) তিনি Brothers Karamazov-এর পূর্বে The Elernal Husband লেখেন। একজন স্বামী তাঁর স্বীয় মৃত্যুর পরে জানতে পারেন যে তাঁর ত্রী পতিব্রতা ছিলেন না এবং তথন তিনি তাঁর একজন প্রণ্মীকে শেষ করেন।

তথনকার যুক্তিবাদীগণ দন্তয়েভ্স্থিকে দোষারোপ করেছেন যে, তিনি ইচ্ছাক্কতভাবে যা-কিছু ভাল, যা-কিছু মানব চরিত্রে স্থন্দর তাকে নিক্কষ্ট ও হীন ব'লে প্রতিপন্ন করতে চেয়েছেন। কিন্তু লেখক মনে-প্রাণে আধ্যাত্মিক সত্যে বিশ্বাসী ছিলেন। তিনি এই আধ্যাত্মিকতাকে দার্শনিক পরার্থবাদ, নীতিবাদের নামে চিহ্নিত করাকে পাপে ব'লে মনে করতেন। (২৯৭)

তাঁর গল্পগুলির কাহিনী যেন পুলিসকোর্টের মামলা, চরিত্রগুলি যেন অতিপ্রাক্তন, কিন্তু তব্ও মনস্তব্ব বিশ্লেষণে এমন ভাবে চিত্রিত যে তা সম্পূর্ণ বিশ্লাস্ত ও স্বাভাবিক হ'য়ে উঠেছে। তাঁর কাহিনীর মধ্যে অকন্মাৎ একটা আবেগময় আলোকরশ্মি যেন অন্তর্রকে উদ্ভাসিত ক'রে দেয়, এইটিই তাঁর শ্রেষ্ঠ বৈশিষ্ট্য। তাঁর সাইবেরিয়ার তিক্ত নিষ্ঠ্র অভিজ্ঞতা এবং মৃগিফিটের আক্রমণের ঠিক পূর্বে যে একটা অলোকিক অভিজ্ঞতা লাভ করতেন তাই তাঁর রচনায় গগনচ্মী আবেগ ও সম্ক্রের গভীরতা এনে দিয়েছে। এই আবেগ ও গভীরতাই তাঁর শ্রেষ্ঠ বৈশিষ্ট্য। তাঁর অটল বিশ্লাসকে তিনি রূপায়িত করেছেন, টলস্টয় ও টুর্গেনেভের মত তা নিয়ে প্রশ্ন করেননি।

⁽२३%) In the Grand Inquisitor's Views Ivan expresses him. He also believes that man is a weak creature without spiritual freedom who must be told what to do and what to believe that he must be fed first and then required to be virtuous.—Ibid—p. 168-69.

⁽२৯%) An ego's destruction is for him a terrible and awesome spectacle and the tragedy of it is the heart of his creation.—Ibid—p. 171,

⁽२३९) Ideal of sacredness quite apart from any conventionally religious dogma was for him the bright norm of existence, twisted by all that was tyranhous and degraded by the dull cynicism of naturalistic philosophy. Man must have something to worship, he insisted, and those who would deny him this necessity, taking love as lust, religion as utilitarianism, morality as mechanism, were the most inexcusable criminals.—Ibid—p. 177.

সমসাময়িক সমালোচকণণ দন্তয়েভ্ স্থির রচনাকে সমাদর করেননি, কিছু ১৯০৫ এর পরে—ক্রমেডের মনন্তন্ত প্রাকাশিত হওয়ার পরে—তাঁর বৈতব্যক্তিত্ব ও সংঘাতের চিত্র আদৃত হয় এবং ইংলণ্ডে বিংশ শতকের দ্বিতীয় দশকে এসে তিনি জনপ্রিয় এবং সমালোচিত হন। George Gissing বলেন, তিনি প্রকৃত সত্যকে ক্ষত্রন্দচিন্তে বলেছেন কিছু ভিকেন্স সে-সত্য দেখেননি, দেখলেও ভয়ে ভয়ে ইন্ধিত করেছেন। তাঁর রহস্থময়তা, মনবিশ্লেষণ ও সৌন্দর্যাত্মভূতির জক্ত ইংলণ্ডে Middleton Murray তাঁকে দেবতার পর্যায়ে ফেলেছেন। Joseph Conrad তাঁকে অপছন্দ করেছেন, D. H. Lawrence তাঁকে কথনও ভাল কথনও মন্দ্রলৈছেন, কিছু তাঁর কাহিনীর বিশেষ বিশেষ চরিত্রের মনোবিকার এখন মনসমীক্ষণ শাল্রের নানা নামে অভিহিত হচ্ছে। (১৯৮) দন্তয়েভ্ স্থির রচনা বিষয়মুখী, এবং তাঁর তত্ব দার্শনিক।

তিনি তাঁর সময়ের শ্রেষ্ঠ ঔপক্যাসিক শুধুনন, এই যুগের এক আরণীয় মনীষী। তিনি তাঁর অদম্য শক্তি নিয়ে নিজের মতবাদ প্রতিষ্ঠা করতে সমগ্র জীবন আবিরাম সংগ্রাম করেছেন। এই সংগ্রামই ছিল তাঁর জীবন সাধনা। তাঁর জীবনপ্রতায়ে, তাঁর দার্শনিক তত্ত্ব ও সাহিত্যে হ্রদয়ের উষ্ণভা দিয়ে তাঁকে অবিনশ্বর ক'রে রেখে গেছে।

তিনি সম্ভান্ত পরিবারের সন্তান। বিশ্ববিতালয়ে পাঠ-সময়েই তিনি ককেশাসের সৈত্রদলে যোগদান করেন। এই ককেশাসের নিসর্গ সৌন্দর্য একদিন পুশকিন ও কারমালভ্কে অহপ্রাণিত করেছিল,—টলস্টয়কেও বিমৃদ্ধ করল। সামরিক জীবন তাঁর প্রীতিকর ছিল না, জুয়া মত্যপান কথনও আকর্ষণ করেছে, কথনও বিকর্ষণ করেছে। তাঁর জীবন তথন উদ্ধৃত ঘূর্দম কিন্তু অন্তরের অত্য একপ্রান্তে একটা ধর্মীয় প্রেরণা চির উন্মৃথ হ'য়ে ছিল। তাঁর স্ত্রী Sophia Behrs অভিজাত বংশের মেয়ে। ১৮৬২ সালে বিবাহ। প্রথম দিকে দাম্পত্য জীবন তাঁর স্থাথেরই ছিল কিন্তু পরে তা ভেকে যায় এবং এ ভাকা আর জোড়া লাগেনি। তাঁর জীবনে বহু নারী এনেছিল, কিন্তু কারও প্রতি বোধহয় তার স্ত্রিকার প্রেম ছিল না। সম্ভবতঃ একটিমাত্র নারীই তাঁর ভালবাসা পেয়েছিল,—সেটি তাঁর

ন্ত্রী নম্ন—Aksenya নামে এক ক্বক কন্তা। বিবাহের পূর্বে তাঁর সঙ্গে নৈকটোর ফলে এই মেয়েটির যে অবৈধ সন্তান হয়, সেই ছেলেই পরে তাঁর এক বৈধ পুত্তের ঘোড়ার গাড়ীর চালক ছিল। তাঁর মৃত্যুর পরে প্রকাশিত অসমাপ্ত উপস্থাস The Daemon-এ বৰ্ণিত এক সম্ভান্ত ব্যক্তির ক্রয়ককুমারীর প্রতি আকর্ষণ তাঁর জীবনের এই ঘটনারই ছবি এবং সম্ভবত: তাঁর Resurrection উপস্থানে অমনি এক অভিজাত ব্যক্তির অন্তাজ ক্যাকে অপহরণ ও তাকে পরিত্যাগ করার কাহিনী তাঁর ও Aksenya-র কাহিনীরই একটা আবেগময় প্রকাশ। দৈহিক প্রেম তাঁকে জীবনে কোন আনন্দ দিতে পারেনি কারণ তাঁর এই জৈব জীবনের মধ্যে কোন অভিযান-স্পৃহা ছিল না, বরং দৈহিক প্রয়োজনের তাগিদে তাডিত হয়ে নীরগণের প্রতি ছুটতে হয়েছে তাঁকে অসহায় ভাবে। কিন্তু তিনি এই ব্যভিচারকে মনে মনে সমর্থন করেননি, নিজের কুতকর্মের জন্ম অফুশোচনা করেছেন এবং তাঁর অস্তরের কোণে যে ধর্মীয় প্রেরণা ছিল,—যে সন্ন্যাসী ছিল, সে এই ব্যভিচারকে সমর্থন না করায় ব্রদয়-ছন্দ্রে ক্ষতবিক্ষত হয়েছেন। শেষ তিরিশ বৎসর তিনি অবসর জীবন যাপন করেন। তাঁর বাসস্থান Yasnava Polyana তথন তাঁর ভক্তগণের তীর্থস্থান হ'রে উঠেছিল। এই সময়ে তাঁর ঋষি-অন্তরের আলোকে উদ্ভাসিত হ'রে যে কয়টি গল্প প্রকাশিত হয়েছিল তাই তাঁর সমস্ত দর্শনকে রূপায়িত করেছে। (২৯৯)

তিনি ১৮৫২ সালে ক্রিমিয়ার যুদ্ধে যোগদান করেন। তাঁর প্রথম রচনা My Childhood-ও ঐ সালেই প্রকাশিত হয়। Boyhood ১৮৫৪ সালে, Youth ১৮৫৭ সালে এবং The Raid ১৮৫৩ সালে প্রকাশিত হয়। Sevastopol in December, in May এবং in August ১৮৫৩-১৮৫৬ মধ্যে প্রকাশিত হয় এবং ফরাসীতে অনুদিত হওয়ার সঙ্গে সঙ্গে তিনি সমগ্র ইউরোপে স্থায়ী খ্যাতি লাভ করেন। শৈশব, বাল্য ও যৌবনের যে অয়ী রচনা প্রকাশিত হয় তা তাঁর আয়জীবনীরই রেখাচিত্র কিন্তু তাঁর মধ্যে মানব-মনের বিবর্তন ও বর্ধন গভীর অন্তর্দৃষ্টির সঙ্গে রূপায়িত হয়েছে। তিনি পূর্বেই রুশোর প্রায় সমস্ত রচনা পড়েছিলেন এবং Sterne ও Dickensও তাঁকে, বিশেষতঃ তাঁর রচনা-শৈলীকে প্রভাবিত করেছিল। এই সময় তিনি কিছুকাল জার্মানী, ক্রান্স ও ইংলণ্ডেছিলেন এবং সেধানকার শিক্ষাপ্রণালী সম্বন্ধে অভিজ্ঞতা নিয়ে ফিরে ১৮৫০ সালে রুষক বালকদের জন্ম একটি বিহালয় স্থাপন করেন। শিক্ষা সম্বন্ধে তাঁর নিজম্ব যতবাদ ছিল এবং সেই দিক থেকে এটা একটা পরীক্ষা।

১৮৬৩ থেকে ১৮৬৯ এই ছয় বংসর তিনি তাঁর শ্রেষ্ঠ এবং বিশ্ববিখ্যাত উপস্থাস War and Peace লেখেন। এটি ঐতিহাসিক উপস্থাস নয়, ঐতিহাসিক ঘটনার মধ্যে মাত্ম্ব কেমন ক'রে তার ব্যক্তিত্বকে প্রকাশ করে, এবং এই ব্যক্তিত্ব কী ক'রে ইতিহাস রচনা করে তারই কাহিনী। Carlyle বলেছিলেন,—

⁽२৯৯) Ibid-Helen Muchnic-p. 209-11.

"Universal history is the history of the great men who have worked in the world." টলফঁয়ের 'য়ৄদ্ধ ও শান্তি' রোমান্টিক এই ভাষধারার বলিষ্ঠ প্রতিবাদ। তাঁর কাছে এই বড়লোকগুলি অজ্ঞাত, অখ্যাত, বীর ষোদ্ধর্দ্ধ, যারা তাঁর সঙ্গে ককেশাসের পথে প্রান্তরে মিলেছিল, তারা ক্যাপ্টেন Tushin-এর মত চরিত্র। তাঁর 'য়ুদ্ধ ও শান্তি' উপক্যাসে বিভিন্ন ব্যক্তি, বিভিন্ন ব্যক্তিত্বের ও ভাবধারার স্রোত এসে এক স্থপংবদ্ধ স্থশোভিত গীতি-কবিতার গভীর সমুদ্রে মিশে গেছে। ছাতীয় ছীবন ও ব্যক্তিছীবন মিশে এ-এক অপূর্ব স্বান্টী। নেপোলিয়নের সঙ্গে আছা ছীবন ও ব্যক্তিছীবন মিশে এ-এক অপূর্ব স্বান্টীয়ে তুলেছে, য়েমন ক'রে মুদ্ধ এই কাহিনীর পটভূমিকা হিসাবে ব্যক্তি ও জাতিকে ফুটিয়ে তুলেছে, য়েমন ক'রে দ্রিয়ের য়্দ্ধ আগামেমন, হেক্টর, এ্যাকিলিসের ছীবনকে প্রতিভাত করেছিল। ব্যক্তিছীবনের ক্লায়ণে তাঁর শৈশবের স্লেহাকাছফা, বাল্যের সদিছ্যা, যৌবনের আদিম স্বাধীন ভোগেছ্যা, বন্ধুত্ব, সাহচর্য ও শ্রম, সব একসঙ্গে মিশে একটা নীতিবাদ ও ঐতিহাসিক তত্বে পরিণত হয়েছে। (৩০০)

১৮৭৭ সালে Anna Karenina এবং ১৮৭৮ সালে Confessions প্রকাশিত হয়। তাঁর ভাই Nakolay ক্ষররোগে মারা যান। মৃত্যুর পূর্বে কয়েকদিন তিনি অত্যন্ত কষ্টভোগ করেছিলেন। এই মৃত্যুর দৃষ্ঠ টলস্টয়ের মনে গভীর রেখাপাত করেছিল। এই ভয়াবহ মৃত্যুর দৃষ্ঠ তাঁর যুদ্ধ ও শান্তি, আনা কারেনিনা ও Death of Ilyitch-র মধ্যে অপরিমেয় গভীরতা ও আবেগ ব্যাকুল হ'য়ে প্রকাশিত হয়েছে'। (৩০১) ১৮৭০-এর পরেই তাঁর প্রতিভা তৃদ্ধী হ'য়ে ওঠে এবং এই সময়ের ছোট গল্পগুলি তাঁর জীবনদর্শন ও জীবনপ্রত্যায়কে রূপায়িত করে। Resurrection তাঁর ৭০ বৎসর বয়সের লেখা উপত্যাস।

তাঁর স্থষ্ট চরিত্রগুলি সবই বাস্তব জীবন থেকে নেওয়া। হয় তাঁর পরিবার, না হয় তাঁর স্ত্রীর পরিবার থেকে নেওয়া এই চরিত্রগুলি স্রষ্টার থেয়ালে গ'ড়ে ওঠেনি। আপনার বৈশিষ্ট্য নিয়ে ঘটনাস্রোতের মাঝে আপনি বিকশিত হয়েছে—অভ্যন্ত স্থাভাবিক ভাবে। তাঁর কোন উপস্থাসেই কোন চরিত্র তাঁর স্থভাববিক্লম কিছু করেনি। তার মধ্যে নায়ক নায়িকা নেই, সকলেই কাহিনীর ঘটনাবিস্থাসের সাঝে আপন আপন জীবন যাপন করেছে। কেবলমাত্র ত্ইটি চরিত্র সকলকে ছাড়িয়ে উঠেছে, তারা হুই ভাবের প্রতীক। একটি গঠিত স্থাংযত উচ্চাকাজ্যী

^{(%..) &}quot;The observations and experiences of army life; the pagan exuberance of his youthful bachelor revels; the glitter of fashionable balls; the physical intoxication of the hunt, his tenderness for his family; the philosophy painfully achieved through turbulant experience and profound reflexion; the whole of his rich and contradictory being, in fact, "wrote Derrick Leon in his masterly study of Tolstoy," is to be found in this monument erected to the memory of the previous epoch." Ibid—Cohen—p. 281.

^(%...) His childhood craving for affection, his boyhood efforts to be good, his youthful joy in primitive living, comradeship and useful labour have been poured into an ethic and a theory of history.—Ibid—Muchnic—p. 202.

^(0.3) Dictionary of Russian Literature—W. E. Harkins—p. 388.

Prince Anderi এবং আর একটি সং সরলহান্য সভাসন্ধানী Pierre Bezhukov.

Bezhukov-এর কতকগুলি বৈশিষ্ট্য আনা কারেনিনার Levin চরিত্তে দেখা যায়। তার মন্তিক্ষণত বৃদ্ধি ও বিচারশক্তি যে সত্য জানতে পারেনি, তাই সে লাভ করল অশিক্ষিত এক চাষীর কাছে। আনা ও ভ্রনস্কির প্রেম, তার আবেগময় অমুভৃতির প্রকাশ এই উপ্যাসকে ১৯শ শতকের শ্রেষ্ঠ মনস্তত্বমূলক উপ্যাসের মর্যাদা দিতে পারে। ফ্লবেয়ার চেয়ে অনেক কম চেষ্টায় মাদাম বোভারীর থেকে অনেক শক্তিশানী সজীব ও সরল চরিত্র তিনি স্ষ্টি করেছেন তাঁর আনায়। তার প্রণয়ী অনস্কির মধ্যে লেথকের তব্দণ বয়সের সামরিক জীবন, জুয়া ও তাঁর দেনার পরিচয় রয়ে গেছে। টলস্টয়ের হাতে আনা যে স্বাভাবিক রূপ পেয়েছে মাদাম বোভারী দে স্বাভাবিকত্ব পায়নি। ফ্রবেয়ার বর্জোয়া বিদ্বেষ্ট যেন বোভারীকে আত্মহত্যা করতে বাধ্য করেছে। এই উপন্থাস রচনার পরে তাঁর দাম্পত্য জীবনে বিচ্ছেদ আদে এবং তথন তিনি তাঁর প্রকৃতিজ সাহিত্য থেকে দূরে সরে গিয়ে Levin যে সত্যকে খুঁজেছিল সেই সত্য খুঁজতেই সারা জীবন কাটিয়েছেন। তাঁর রাজনৈতিক ও ধর্মীয় বিখাস তাঁকে নীতিমূলক লেখার দিকে নিয়ে যায়। এই সময়ের ছোট গল্পের মধ্যে তাঁর অবিশারণীয় কীতি রয়ে গেছে: বিশেষত: The Kreutzer Sonata এবং Death of Ivan Ilyitch গল্প হুইটিতে তাঁর পূর্ণ সৃষ্টি-শক্তি বিশ্বত হয়েছে কিন্তু চরিত্রকে তাঁর স্বভাবাত্ন্যায়ী বিকশিত করবার শক্তি আর তথন তাঁর ছিল না। তথন তিনি যৌন জীবনে সংযত ও ক্লুষক জীবনের শাস্তি ও ও তৃপ্তির প্রয়াসী, জীবনের স্রোত নতুন থাতে প্রবাহিত। কিন্তু জর্জ আইভানের মধ্যে যে গভীর অহভৃতির প্রকাশ হয়েছে, তাই টলন্টয়ের জীবনের শ্রেষ্ঠ অহভৃতি। মৃম্ব্ একটি লোকের আধ্যাত্মিক রিজভার মধ্যে ফুটে উঠেছে জীবন-জিজ্ঞাসা; কর্মথ্যাতি, জীবনের পাওনা কিছুই আর মৃত্যুর মৃহুর্তকে অতিক্রম ক'রে যেতে পারে না। এই সময়ে টলন্টয় যেন আর্টের সীমা অতিক্রম ক'রে চলে গেছেন জীবনাতীত এক রাজ্যে—বেধানে পরম সত্যলাভই জীবন থেকে বড় হ'য়ে উঠেছে। (৩০২)

এই সময়েই তিনি People's Theatre-এর জন্ম তিনথানি নাটক লেখেন।
এগুলি সবই সবল ও স্থাঠিত নাট্যরসসমৃদ্ধ কিন্তু তার মধ্যে লেখকের স্বভাবস্থলভ
গভীরতা নেই। ৭০-৭১ বংসর বয়সে লেখা Resurrection-এর গল্পও অনেকটা
মেলোড্রামা এবং তাঁর সরকার ও চার্চবিরোধী নীতিবাদের একটা আশ্রম্থল।
কাহিনীর প্রথম অংশে যেখানে ছাত্র Nekhlyudov, Katerina Maslovকে
অপহরণ করছে সেথানে টলস্টয়ের তরুণ বয়সের Aksenya-র কাহিনীই যেন ফুটে
উঠেছো। কিন্তু খুনের দায়ে Maslov-এর কারাবাস, Nekhlyudov-এর স্বদয়ের

⁽৩0%) It is as if Tolstoy had passed the border of literary activity into the field beyond art, where stand the Gospel, the Bhagbat Gita, the Sermons of Eckhart. Ibid—Cohen—p. 283.

পরিবর্তন, এবং তার ত্যাগকে অস্বীকার, এসব ঘটনা যেন ঠিক স্বাভাবিক হ'রে ওঠেনি। তথনকার আধ্যাত্মিক দৃষ্টি নিয়ে তিনি যেন স্ফটির প্রাধান্তকে ধর্ব ক'রে ফেলেছেন।

১৯শ শতকের শেষভাগে বান্তবতা ও আর্টের জন্মই আর্ট এই তুইটি মতবাদ নিয়ে বিরোধ চলছিল। এই সময়ে টলফ্টাের প্রবন্ধ "What is Art" প্রকাশিত হয়। তাঁর আর্টের ব্যাথ্যা বহু পাশ্চান্ত্য চিন্তানায়ককে বিচলিত করেছিল। বার্নাড শ' বিচলিত হননি কিন্তু রোমা রোলাঁ হয়েছিলেন। রোলাঁ এই নিয়ে তাঁকে পত্র দিয়েছিলেন, এবং টলফ্টােয়র ব্যাথ্যা পাঠক'রে তারই অন্তরক্ত হয়েছিলেন। Prof Ernest Simmons টলফ্টােয়র এই প্রবন্ধকে "most immodest contribution to the study of aesthetic ever written." (৩০০) বলে সমালোচনা করেছেন।

Art, wrote Tolstoy, is a human activity and as such must have a clear purpose and aim, it can not exist for its own sake alone. "Its value must be weighed in proportion as it is serviceable or harmful to mankind....Art is not the production of pleasing objects, it is not pleasure but a means of union among men, joining them together in the same feelings and indispensable for the progress towards well-being of individuals and of humanity. (208)

যেমন, যথন বিরোধী ব্যক্তিগণ কোন সঞ্চীত, গল্প বা চিত্রের শ্রোতা বা দর্শকরপে উপন্থিত হয় তথন তারা যে অমুভূতি লাভ করে সেই অমুভূতিই তাদের সমস্ত চিত্তকে একীভূত ক'রে দেয় এবং তারা একইভাবে অমুপ্রাণিত হয়, শুধু তাই নয়, অতীত ও ভবিশ্বতের মামুষের অন্তরের সঙ্গে তাকে যুক্ত ক'রে দেয়। ধর্মগত আঠও ভগবানের প্রেমামুভূতির মধ্যে তার নিজম্ব প্রেমকে প্রতিবেশী ব্যক্তি ও মানব-সমাজে পরিবাপ্ত ক'রে দেয়, এবং শাশত যে আঠ তাও মামুষের সাধারণ অমুভূতিকে সমগ্র মানব-মনে সঞ্চারিত ক'রে দেয়। টলস্টয়ের এই আর্টের ব্যাখ্যা পশ্চিম ইউরোপে গৃগত হয়নি, নিগৃহীতও হয়নি। ইউরোপ তাকে এডিয়ে গেছে। একটা সাধারণ পল্লীকাহিনী হয়ত হাজার হাজার শ্রোতাকে আনন্দ দেয় কিছে অনেক উচ্চাঙ্কের বস্তু হয়ত বিশেষজ্ঞ কয়েকজনের পক্ষে আনন্দদায়ক। আঠ বিশ্বের সামগ্রী, তাকে সীমাবদ্ধ ক'রে ক্ষুন্ত করা আর্টের বিক্বতি। ১৯০০ সালে, টলস্টয়ের বয়স যথন প্রায় ৭০, শেখভের বয়স ৪০ এবং গর্কির বয়স ৩২ সেই সময়ে কিমিয়ার ইয়ান্টা (Yalta)-তে তাঁদের দেখা হয়েছিল। টলস্টয় শেখভকে

⁽৩.0) Ibid-D. Brewster & J. A. Burrell-p. 35

^(9.8) Ibid-p. 35.

ভালবাসতেন এবং তাঁকে সত্যকার রাশিয়ান ব'লে চিছিত করতেন কিন্তু গোকিকে তিনি ঠিক বৃঝতে পারতেন না। তাঁর প্রশ্নের উত্তরে গোকি যথন বলেন, তিনি ভগবান বিশ্বাস করে না, তথন তিনি বলেন, তৃমি প্রকৃতির নিয়মেই ভগবানে বিশ্বাস কর এবং ভগবান ব্যতীত চলতে পার না। টলন্টয় সত্যকণা বলেছিলেন, গোকি মানবভায় বিশ্বাসী। টলন্টয় অভিজাত বংশের লোক, পুশকিন-টুর্গেনেভও তাই কিন্তু তাঁর বৃদ্ধ বয়দে রাশিয়ার সমাজ-সমস্থা এবং পাশ্চাত্তা সভ্যতার সমস্থা তাঁকে ব্যথিত ও উদ্বিশ্ব করেছিল। তিনি একদিন কথাপ্রসঙ্গে বললেন, মস্কোতে একদিন একজন স্ত্রীলোককে তিনি মদ থেয়ে নোংরার মধ্যে পড়ে থাকতে দেখেছিলেন এবং তার ছোট ছেলেটি ভার পাশে বসে কাঁদছিল। তিনি গর্কিকে বললেন, তৃমিও এমনি বহু মাতাল স্ত্রীলোক হয়ত দেখেছ কিন্তু তৃমি তাদের কথা লিখবে না—কেন আমি জানি না। কিন্তু একটু পরে চিন্তান্বিতভাবে বললেন,—কিন্তু সবই ভোলিখতে হবে, না হলে ঐ ক্ষুদ্র শিশুটি হয়ত নালিশ করবে,—সে তৃঃথ পাবে। তোমরা যা লিথেছ তা অসত্য, তা সব সত্য নয় ব'লে সে অভিযোগ করতে পারে। গোকি এই শিক্ষা ঋষি টলন্টমের নিকট থেকে গ্রহণ ক'রে মান্থবের জীবনের ভয়াবহ সত্যকে ব'লে গেছেন।

Anna Karenina-র মধ্যে একস্থানে তিনি তাঁর আর্টের সম্বন্ধে বা স্তিনির কান্ত স্থার কথা নিজেই বলেছেন। আনা ও অনস্কি ইতালীর কোন ছোট শহরে যায়। সেথানে তথন রাশিয়ার প্রাসিদ্ধ শিল্পী Mikhailov ছিলেন এবং তাঁর প্রেষ্ঠ স্থার জন্ম তৈরী ছচ্ছিলেন। তাঁরা ছ্জন এক সাহিত্যিক বন্ধুর সক্ষে তাঁর কাছে যান, আনার একখানা ছবি আঁকাবার জন্ম। ব্যবহারে শিল্পী ছিলেন প্রুম্ব কিন্তু যথন ছবি আঁকলেন তথন আনাকে সত্যই অপরূপ স্থন্ধরী মনে হল। শিল্পী আনাকে ভাল না বেসেও তার যে রূপকে তিনি দেখেছেন অনস্কি ভালবেসেও তার সে রূপকে কেনিক দেখেছেন অনস্কি ভালবেসেও তার সে রূপকে দেখতে পায়নি। এই ঘটনাতেই টলস্টয়ের আর্টের সংজ্ঞা পরিষ্কৃট। মিথাইলভ নতুন কিছু আবিদ্ধার করেননি। তিনি সৌন্ধর্যকে দেখেছেন এবং প্রকাশ করেছেন। তিনি স্প্রী করেননি, তিনি রূপের ব্যাথ্যা করেছেন। আনার ছবিটা স্থপ্ন নয় সত্য। আনার অন্তিম্ব ব্যতীত বা তার অতীত এই সৌন্দর্যের করেন অন্তিম্ব নেই, কিন্তু এই সৌন্দর্য কেবল শিল্পীই দেখেছেন।

টুর্গেনেভ, টলস্টয়, দন্তয়েভ্স্কি এবং অন্তাদিকে জোলা ও ইব্সেন সকলেই বান্তবধর্মী এবং ভাঁদের স্বকীয় বান্তবধর্মী দাহিত্য বিশ্ব-সাহিত্যকে সমৃদ্ধ করেছে। কিন্তু এই তৃই অর্থাৎ ফরাসী ও রাশিয়ান বান্তববাদের মধ্যে পার্থক্য অনেক। টলস্টয়ের বান্তবধর্ম অবক্ষয়ী ফরাসী সাহিত্যের বন্তি-সাহিত্যের বান্তবভা নয়, তিনিবন্তির বান্তবভার মধ্যে আকাশের প্রাচুর্থকে দেখেছেন।(৩০৫) দন্তয়েভ্স্কির

^{(%•}t) Tolstoy's realism for instance said a contributor to the Westminister Review (1888): "Unlike that of declining French School, is not the realism of the Sutter, in the gutter he sees the image of the sky."—Ibid—p. 41.

বান্তবতার ইউরোপ বিশ্বিত হয়েছিল কিন্তু তা কেউ বুঝতে চায়নি। বর্তমান মনোবিছার তত্ত্ব আবিন্ধারের পূর্বে তা কেউ বুঝতেও পারেনি। ফরাসী বান্তবতার রাশিয়ার বান্তবতার কাছে নিশ্রত হ'য়ে গেছে—রাশিয়াই প্রথম এই সভ্যকে প্রতিষ্ঠিত করে যে, সাহিত্য ঠিক সামান্ত পৃথিবীর জড়ধর্মী নয়; আধ্যাত্মিকতার গভীরতায়ই তার সৌন্দর্য এবং আধ্যাত্মিকতাই তার প্রাণশক্তি। (৩০৬) আজ রাশিয়ার উপন্তাস-সাহিত্য যে খ্যাতি ও প্রতিষ্ঠা লাভ করেছে তার মূলীভূত হেতু তার বান্তবতা সন্দেহ নেই, কিন্তু বান্তবতা সর্বদাই পৃথিবীর জড়জীবনের বান্তবতা নয়, তা জড়-পৃথিবীর উধ্বে—তা রাশিয়ার অন্তরের বাণী।

প্রকৃতপক্ষে সমাজ মাত্রষ ও দেশের বাইরে মাত্র্যের নিরপেক্ষ কোন অত্নভূতি নেই এবং সেই কারণেই আর্টের জন্ম আর্ট সম্ভব নয়। তাকে জীবনধর্মী হতেই হয় এবং জীবন দেশ-কাল-পাত্র নিরপেক্ষ নয়, তা ব্যক্তিকেন্দ্রিকও নয়, কারণ ব্যক্তির পক্ষে দেশ-কাল-পাত্র বংশধারা ব্যতীত কোন স্বতন্ত্র অন্তিত্ব নেই।

"আর্টের জন্মই আর্ট টলস্টয়ের মতে একথা সম্পূর্ণ সমাজ-বিস্তোহী কথা। সমাজ-জীবন সম্বন্ধে একটা ভ্রান্ত অপূর্ণ ধারণা হইতে ইহার উদ্ভব। তাঁহার মতে সর্ববিধ আট্ট হইল একটা মানবীয় কর্ম. মানবীয় কর্মের তাৎপর্যই হইল সামাজিক কর্ম, কারণ সমাজবোধ, অর্থাৎ ব্যষ্টির সহিত সমষ্টির সর্বদা একটা নিত্য ঐক্যবোধই হইল অন্তিত্বের ন্তরে মহয়েতর জীব হইতে মাহুষের ভেদ-লক্ষণ। সর্ববিধ শিল্পকর্মই তাই সমাজ-জীবনের অঙ্গীভূত কর্ম, সাহিত্যিক বা শিল্পীকেও সর্বদা এই চেতনায় প্রতিষ্ঠিত থাকিতে হইবে যে, অক্যান্ত সর্বপ্রকারের সামাজিক মামুষের ক্যায় তিনিও একজন সামাজিক মামুষ, সাহিত্যের কর্তব্য তাদের একটা বিরাট কর্তব্য। জীবনকে খণ্ড খণ্ড করিয়া ভাগ করিয়া না দেখিয়া এইভাবে একটা সামগ্রিক দৃষ্টিতে দেখিলে 'আর্ট আর্টের জন্তু' সত্য হইয়া উঠিতে পারে এই কথাটা আমরা কিছুতেই শীকার করিতে পারি না; কোথায় কোন আর্ট সার্থক হইয়াছে ইহার বিচারে ভাই মানব-জাতির সেবায় ইহার কতটকু দান এই কথাটাকে বাদ দেওয়া কিছতেই চলিতে পারে না। ... সভ্যকে শুধু বুদ্ধির শুরে বদ্ধ করিয়া রাখিলে চলিবে না; বুদ্ধির স্তারে বদ্ধ সত্য মামুষের বাস্তব জীবনের মধ্যে সহজভাবে চলিয়া বেড়ায় না, তাই দে সভ্য জীবনকে ভাল ভাবে চালায়ও না। মাহুষের বাস্তব জীবনকে বৃদ্ধি যতথানি চালায় তাহা অপেক্ষা অনেকথানি বেশী চালায় হৃদয়াকুভৃতি; সত্যকে তাই বদ্ধির স্তর হইতে প্রদয়ামুভ্তির স্তরে নামাইয়া আনিয়া বৃহত্তম সংখ্যক মামুষের চিত্তে मः काश्विक कतिशा पिटक इटेटन, त्में कां को इटेन माहि जिल्का कां के निवन

^(%.%) Quiller Couch in Feb 1901 summed up the debate on these two kinds of realism in Pall Mall Gazette. "French realism and Russian realism reached us together or almost together and by the second realism the first stood condemned, Turgenev and Tolstoy impressively 'in the sight of Europe' established the truth that the concern of fiction is with 'things spiritual intimate deep, not with things material, external shallow' with interpreting the hearts of men not with counting their buttons." Ibid—p. 42.

শিল্পীর কাঞ্চ। স্থান কাছে আবেদন জানাইয়া এই শ্রেয়বোধে জনসাধারণের ব্যাপক প্রতিষ্ঠা সম্ভব নয়—তাই হৃদ্যায়ভূতির ভিতর দিয়া এই শ্রেয়বোধকে অপরের চিত্তে সংক্রামিত করিয়া দিতে হয়, এইখানেই হইল শিল্পীর কাজ।" —টলস্টয়ের সাহিত্যাদর্শ—(ঘরে বাইরের সাহিত্যচিস্তা) ড: শশিভূষণ দাসপ্তথ্য প্র: ৭৪-৭৯।

ইউরিপিডিসের যুগে যে হাদয় ও মন্তিঙ্কে বিরোধ স্পষ্ট হয়েছিল তা মানব সভ্যতার প্রতি শুরে ছায়ার মত অমুসরণ ক'রে এসেছে,—কখনও হাদয়ের কখনও মন্তিঙ্কের জয় হয়েছিল। রেনেসাঁর পরে মন্তিঙ্ক হাদয়েক উপেক্ষা করেছিল, রোমান্টিক যুগে হাদয় মন্তিঙ্ককে ক্ষুত্রর ক'রে দিয়েছিল—এই দ্বন্ধ আজও চলেছে সভ্য পৃথিবীর মানব-চিত্তে। ফরাসী বাস্তবতা গ'ড়ে উঠেছিল মন্তিঙ্কধর্মী হ'য়ে, তাই তা ক্ষুত্র হায়েছিল, রাশিয়ায় বাস্তবতা গ'ড়ে উঠেছিল হাদয়ধর্মী হ'য়ে, তাই তা বৃহত্তর হ'য়ে মহত্তর হ'য়ে মানবহাদয়ে প্রতিষ্ঠা লাভ করেছিল।

বিংশ শতকের মন্তিষ্কের কাছে হার্ডি, ইব্দেন, আনাতোল ফ্রাঁর হাদয়ামুভূতি উপেক্ষিত হয়েছে, কিন্তু জোলা-ফ্রবেয়াও তাঁদের প্রতিষ্ঠাকে রক্ষা করতে পারেননি। মন্তিষ্কের যাত্করী প্রভাব আছে ব'লে তা বেশী জমকাল, কিন্তু হাদয়ের যাত্ শান্ত ও সংযত, অন্তঃসলিলা ফল্কর মত মানব-হাদয়কে রস্পিক্ত ক'রে দেয়। সমরসেট মন্ বলেন, "It is an abuse to use novel as a pulpit, a platform." (৩০৭) "After all, it is the personality of the author that gives his work its speical interest." (৩০৮) অর্থাৎ সাহিত্য সাহিত্যিকের 'idiosyncratic' মনের প্রকাশ, সেখানে সমাজ-কল্যাণ অবান্তর। বিংশ শতকের শিল্লায়ন-জাত ব্যক্তিবাদের মন্তিষ্কৃত্তি হাদয়বৃত্তিকে স্থক ক'রে দিয়ে মাছ্যের মাথায় হুর্ভাগ্যের বোঝা চাপিয়ে দিয়েছে।

টলস্টয়ের জীবন অন্তান্ত রাশিয়ান লেথকদিগের থেকে ভিন্ন। তাঁদের জনেকেই বিরোধী জগতে মৃত্যুকে শিয়রে নিয়ে জীবন কাটিয়েছেন কিন্তু তিনি প্রাচুর্যের মধ্যে মান্ত্রম, দেহে-মনে বলবান, আর্থিক দিকে স্বাধীন এবং সামাজিক দিক থেকে নিশ্চিস্ত জীবন যাপন করেছেন। অন্ত সকলের মত দারিস্ত্র্য, তুর্বলতা, রোগ অধ্যুষিত পরিবেশের সঙ্গে সংগ্রাম করতে হয়নি, এমন কি প্রেমের জগতেও বিরোধিতার সম্মুখীন হননি। তিনি নারীর আকর্ষণকে এবং ক্রোধকে দমন করতে পারেননি ব'লে তাঁর আত্মাহশোচনা ছিল। শেষজীবনে মান্ত্র্য তাঁকে দেবতা ক'রে রেথেছিল অথচ তিনি মান্ত্র্য হয়েই মান্ত্র্যের মাঝে বাস করতে চেয়েছিলেন। তিনি বাল্যকালেই ফশোর ভক্ত হয়েছিলেন এবং তাঁর আদিমতাপ্রীতির মধ্যে তাঁর প্রভাব স্বন্ধন্ট। পাশ্চান্ত্য সভ্যতার 'শিক্ষিত প্রবঞ্চনা'র প্রতি তিনি অসহিষ্ণু ছিলেন

^(9.9) Point of View-p. 176

^(9.4) Ibid-p. 188.

এবং সেইজন্মেই টুর্গেনেভকে তিনি সহু করতে পারতেন না। এমনকি এক সময়ে কুদ্ধ ও বিরক্ত হ'য়ে তিনি টুর্গেনেভকে ছন্দ্বযুদ্ধে আহ্বান করতে গিরেছিলেন। এইজন্মে ট্রেগেনেভভক্ত টমাস ম্যান টলস্টয়ের সাহিত্যকে 'Romantic Barbarism' আখ্যা দিয়েছেন।

অনেকে বলেন, গান্ধীজি তরুণ বয়সে টলস্টয়ের অহিংস নীতিবাদে আরুষ্ট হয়েছিলেন এবং তাই তাঁর অহিংস আন্দোলনের প্রেরণা। (৩০৯)

টলস্টয় ১৯১০ সালের ২২শে নভেম্বর ফুসফুস রোগাক্রাস্ত হ'য়ে Aslapavo স্টেশনের স্টেশন-মান্টারের ঘরে দেহরক্ষা করেন। তিনি ধর্ম বিখাসে ছিলেন খাঁটি প্রীষ্টান, কিন্তু তিনি যিশুকে অবতার ব'লে মানেননি, এবং চার্চকেও স্থীকার করেননি। তাঁর কাছে ধর্ম যুক্তিভিত্তিক নীতিবাদে রূপান্তরিত হয়েছে। তিনি মনে করতেন, সরকারী শাসনযন্ত্র ভূল কারণ তারা শক্তি প্রয়োগ করে, চার্চ ভূল কারণ তাদের অন্থায়ের শক্তি আছে, বর্তমান সভ্যতা ভূল কারণ তা শ্রমবিভাগ ও শোষণকে প্রশ্রম দেয়। চাষের উপর নির্ভরশীল গ্রাম্য আদিমতার সাম্যই ছিল তাঁর কাম্য, তাই শেষবয়সে তিনি তাঁর প্রিয় Yasnaya Polyana গ্রামের শান্ত নীরবতার মাঝে চাষীর সরল জীবনের মধ্যে ভারতীয় আশ্রমবাসীর ত্যাগান্থশীলনে ঋষিকল্প জীবন-যাপন ক'রে তৃপ্তি লাভ করেছেন।

রাশিয়ার সাহিত্যে তৃইটি ধারা চলে আসছিল—তার একটি পুশকিন থেকে শেখভে এসে শেষ হয়েছে, আর একটি ধারা দন্তয়েভ্স্কি-টলস্টয়ের ধারা। পুশকিন থেকে শেখভে এসে রাশিয়ান সাহিত্যের স্বর্ণ্য শেষ হল। পুশকিনের পূর্ব যুগ স্ক্রনা এবং শেখভের পরবর্তী যুগ তার পরিশিষ্ট।

পুশকিন ও শেখভ যে অর্থে বাস্তবাদী ঠিক সেই অর্থে দস্তয়েভ্ স্কি-টলস্টয় নয়।
তাঁরা বিষয়ম্থী, তাঁরা জানা জগতের পরিসীমায় মাছ্মকে বিচার করেছেন প্রদীর
দৃষ্টি নিয়ে, তাই তাঁদের সাহিত্য নাটকীয় কিন্তু টলস্টয় দস্তয়েভ্ স্কির দৃষ্টি ও মাছ্মের
বিচার ঠিক জানা জগতের সীমার মধ্যে বদ্ধ নয়। আজব সাগর তীরের এক ক্ষু
শহর Tagavog-এ Anton Pavlovich Chekhov (১৮৬০-১৯০৪) জন্মগ্রহণ
করেন। ব্যক্তিগত জীবনে বিশেষতঃ প্রেমের ব্যাপারে অস্থী, এবং চিকিৎসক
হলেও ক্ষরেগাগগ্রস্ত। তাঁর চিত্তবৃত্তি টুর্গেনেভের মত,—টলস্টয় পদ্বা থেকে দ্রে।
টলস্টয়ের ধর্মমত ও সমাজতত্ত্বে প্রতি তিনি শ্রুজাবান ও আরুই হলেও জীবনের
প্রতি তাঁর দৃষ্টিভিন্ধি অনেকটা নিস্পৃহ ও কোতৃকপূর্ণ। জীবনকে তিনি দেখেছেন
সৌলর্য ও ত্থেরে এক অপরূপ সমন্বয় রূপে, অহেতৃক উদ্দেশ্তবিহীন প্রবেশ-প্রস্থানের
নাটকরূপে, কিন্তু তা সম্পূর্ণ নির্থক নয়। তিনি সম্পূর্ণ ত্থেবাদীও নন। প্রথমে
তিনি সন্তা প্রিকার জন্মে হাসির গল্পই লিথতেন। তাঁর কাহিনীর ঘটনা বাস্তবভিত্তিক হলেও কল্পনাম্থর। আনা কারেনিনার সমালোচনা প্রসঙ্গে তিনি

বলেছিলেন,—সমস্তার সমাধান নয়, সমস্তাকে যথাযথভাবে উপস্থাপনই তাঁর কাজ। এই মতাবলমী বলেই তাঁর চরিত্রগুলি উপযুক্ত পরিবেশে সজীব সাধারণ মাহ্য রূপেই ফুটে উঠেছে।

তাঁর ছোট একটি গল্প The Lady with the Little Dog—এক মস্কোবাসী সমুদ্রতীরের এক হোটেলে বিবাহিতা এক নারীর সঙ্গে দ্লার্ট আরম্ভ করেন। তিনি জানতেন, বিবাহিতা নারীর সঙ্গে ঘনিষ্ঠতার পরিণাম ভাল নয়। কিন্তু এই প্রেম তাঁকে পেয়ে বসল, ফিরে এসেও তিনি তা ভূলতে পারলেন না। নিজের শহরে এসে তাঁর স্বামীকে প্রতারণা ক'রে উভয়ের প্রেম চলল কিন্তু তার ফল একই। শেখভের গল্পের শেষ এইরপ: "At any moment it seemed to them that they would find some miraculous solution round the next corner. But they knew, in fact, that the end was far off and that the most complicated part was just about to begin." শেখভ সমস্থাটিকে মাত্র উপস্থাপন করেছেন, টলস্টয় হয়ত এই গল্প লিবে একটা নীভিক্থা জুড়ে দিভেন, দস্তয়েভ্রি হয়ত হত্যা, আত্রহত্যা বা ভয়াবহ কোন প্রায়ণ্ডিজের মধ্যে গল্পের উপসংহার করতেন। (৬১০)

শেখভের দৃষ্টিভিন্ধি কল্পনাচারী ঔপক্যাসিকের মত নয়—বরং প্রত্যক্ষ দ্রষ্টার। জীবন ঠিক যেমন ঠিক তেমনি তিনি দেখেছেন। তাঁর চরিত্রগুল বছল ও বৈচিত্র্যপূর্ণ কিন্তু কেউই স্বাভাবিক জীবন থেকে বড় নয় এবং সততাই হয়েছে তাঁর জীবনের মাপকাঠি এবং তাঁর সমস্ত সহাম্ভৃতি মান্থবের সততার প্রতি। ক্ষঃরোগী শেখভ জীবনকে দেখেছেন নিস্পৃহ কৌতুক নিয়ে—তাই চরিত্রগুলি তাদের সততা ও সত্যতার মূহুর্তে বড় হ'য়ে উঠেছে জাবনের প্রতি নিস্পৃহ অন্ত্র্ভিত নিয়ে। জীবনের দৈখ্য এবং বিস্তৃতি সেখানে অবান্তর হ'য়ে গেছে।

শেখভের পরে রাশিয়ার উপন্থাস-জগতে অবক্ষয় শুরু হয় কিছু তার প্রভাব ইউরোপে উত্তরোত্তর বিস্তৃততর হতে থাকে। একদিকে পুশকিন-টুর্গেনেভ-শেখব অন্থাদকে গোগোল-দন্তয়েভ্স্তি-টলস্টয়ের ভাবধারা নিয়ে সাহিত্য এগিয়ে চলেছিল, কিছু বিপ্লবের সময়ে এসে এই মনস্তত্বমূলক মানব-হাদয়কেক্সিক সাহিত্য স্তব্ধ হ'য়ে যায়। বাস্তবধর্মী, উদ্দেশ্যমূলক এবং প্রচারধর্মী প্রতিচ্ছবি সাহিত্য-স্টের উৎসাহ লাভ ক'রে এগিয়ে যেতে থাকে জনজীবনের নিয়য়ণে। স্টের স্বাধীনতা বিনষ্ট হ'য়ে তা উদ্দেশ্যমূলক হ'য়ে ওঠে।

১৯শ শতকে সমগ্র ইউরোপে একমাত্র জার্মানীতে উল্লেখযোগ্য কোন উপক্তাস-সাহিত্য স্পষ্ট হয়নি। সেথানে কাব্যকর্মী কাহিনী (Novelle), দার্শনিক তত্বভিত্তিক উপক্তাস (Bildung Sroman)-এর মধ্যে তার সমস্ত স্পষ্টশক্তি নিংশেষ হ'য়ে যায়। এই সময়ে প্রাদেশিক লেখকদের মধ্যে যাঁরা নিস্কা সৌন্দর্য ও কোষল স্থলর চরিত্র নিয়ে উল্লেখযোগ্য উপস্থাস রচনা করেছেন তাঁলের যথ্যে আনি স্থায়র Adulbert Stifter (১৮০৫-৬৮)-এর মধ্যে একটা বিষয়-করুণ সৌন্দর্যের রূপ পাওয়া যায়। এই বিষয়ভার অহুভৃতি পরে ইউরোপের অনেক দেশে সঞ্চারিত হয়েছিল। স্থাইজারল্যাণ্ড-এর Gottfried Keller (১৮১৯-৯০) কতকগুলি অনব্যা ছোটগল্প লিখেছিলেন, সেগুলি জনজীবনের সত্য ও স্থপরিকল্পিত কাহিনী। তাঁর Mirror the Cat এবং The Village Romeo and Juliet বিখ্যাত গল্প। অস্থান্ত স্থান স্থান্ত প্রাথমী কাহিনী রচনা করেন, সেগুলি সবই প্রায় ফরাসী সাহিত্যের অহুকৃতি। মহিলাকবি Annette Von Droste Hülshoff (১৭৯৭-১৮৪৮)-এর The Jew's Beech এবং Theodor Storm (১৮১৭-৮৮)-এর ত্থেকখানি উপস্থাস সম্পাময়িক সাহিত্যে প্রতিষ্ঠা অর্জন করেছিল।

এই সময়ে প্রাশিয়ার ক্রত উন্নতির যুগ। প্রয়োজনের তাগিদে জার্মানীর অতীত সমৃদ্ধি ও গৌরবের কথা ঐতিহাসিক উপ্যাসের মাধ্যমে জনপ্রিয় হয়েছিল। তার মধ্যে ব্যবদা-জগতের কীতিকলাপ নিয়ে Gustav Freytag (১৮১৬-২৫)-এর Soll und Haben (Debit and Credit) একথানি অবিশ্বরণীয় উপস্থাস। এই সময়ের সাহিত্যের লতাগুলোর ভিড়ের মাঝে একটি লেখক বনস্পতির মত ৰাথা উচ ক'রে আছেন—ইনি প্রাশিয়ার Theodor Fontane (১৮১৯-৯৪)। जिनि नाँछ। সমালোচক ছিলেন, ফ্রান্স, ইংলও ও স্কটল্যাওে সংবাদিকের কাজও করেন। ৬০ বছর বয়সে প্রথম ঐতিহাসিক উপত্যাস রচনা করেন এবং ৭০ বংসর বয়সে বার্লিন ও প্রাশিয়ার নিস্গতিক পটভুমি করে অনেকগুলি উপজ্ঞাস রচনা করেন। তিনি বিখাদে উদারপন্থী হয়েও চিত্তবৃত্তিতে প্রাচীনপন্থী। সমালোচক হিসাবে তিনি প্রথম Ibsen-কে অভার্থনা জানান। তিনি ফ্রান্সের বাল্ডবধর্মী সাহিত্যের অমুরাগী হলেও তাঁর জার্মান বৈশিষ্ট্যকে হারাননি। তাঁর ভিন্থানি উপস্থাস Trials and Tribulations, Frau Jenny এবং Effi Briest তার শক্তির পরিচায়ক। শেষের উপস্থাদে বিবাহে অহুখী একটি নারী অক্ত একটি লোকের সঙ্গে গুপ্ত প্রণয় ক'রে সকলেরই সর্বনাশ ভেকে আনে। এই উপ্যাসে তিনি Junker-দের একটি নির্দয় প্রথাকে কঠোর সমালোচনা করেন কারণ তিনিও এই Junker শ্রেণীভূক ছিলেন। এট প্রাদেশিক কাহিনী হলেও এর চরিত্র স্থন্দর কোমলমধুর এবং ভাবপ্রবণতার উদারতায় উচ্ছল। তাঁর শেষ উপস্থাস Lake Stechlin সংলাপের দিক থেকে মধুর ও উচ্চান্দের কিন্তু কাহিনীর দিক থেকে অসংলগ্ন ৷

জার্মানীর অস্থ্য প্রদেশের জীবনচিত্রকর Wilhelm Raabe (১৮৩১-১৯১০)-র রচনা হাসিকানার মিশ্রণে উপভোগ্য। তাঁর মধ্যে Jean Paul, Dickens এবং Sterne-এর প্রভাব সম্পষ্ট কিছু তা সত্ত্বেও তাঁর Abu Telfan কৌতুক ও হাশুরসের সমন্বয়ে এক অপূর্ব স্পষ্ট।

ভেমিশ লেখক Jens Peter Jacobsen (১৮৪৭-৮৫)-র অমুভ্তিপ্রধান ও কাব্যধর্মী উপত্যাস তৎকালে যথেষ্ট প্রতিষ্ঠা অর্জন করেছিল। তাঁর ছৃ'থানি উপত্যাস ও গল্পনংগ্রহের মধ্যে তাঁর ছিল্ল ব্যক্তিত্বের ছাপ রয়ে গেছে—তিনি একদিকে ভাক্নইনের তত্ত্বে বিশ্বাসী ও নিরীশ্ববাদী, অক্তদিকে রোমাণ্টিকধর্মী।

ইতিহাস ও মনন্তত্বের সম্বন্ধে মাহ্নবের জ্ঞান বাড়ার সঙ্গে সর্বদেশেই উপস্থাস রচনায় মন্থ্যকা আদে। বান্তবভা, অতিবান্তবভা, ব্যঙ্গ-শ্লেষ প্রভৃতির নামে, বংশ-পরস্পরা এবং যুগের পরিপ্রেক্ষিতে, মনন্তব্যের জটিলভায় মাহ্নবে বিচার করার ফলে War and Peace, The Brothers Karamazov Fortunata y Jacinta-এর মত চিরস্তনী সাহিত্যস্প্রী আর সম্ভব হয়নি।

ঊনবিংশ শতকের নাটক

উনবিংশ শতকে বাংলা সাহিত্য, বিশেষতঃ উপন্থাস গ'ড়ে উঠেছিল ইংরাজী সাহিত্যের সংস্পর্শে এসে। এই সময়ে শুধু সাহিত্য নয়, শিল্পায়ন এবং তার সঙ্গে পাশ্চান্ত্য যুক্তিবাদ ও মন্তিক্ষভিত্তিক চিন্তাধারা এসে বাংলার তথাকথিত নবজাগরণের যুগ স্পষ্ট করে। অর্থাৎ পাশ্চান্ত্য শিক্ষা ও সভ্যতার স্রোতোধারা বেয়ে যুক্তিবাদ এবং ব্যক্তিশ্বাতস্ক্যবাদের যে বীজ ভেসে এসেছিল তাই বাংলার উর্বর পলিমাটিতে মহীক্ষহ হয়ে বাংলার সাহিত্য গ'ড়ে তোলে। এ সম্বন্ধে মথাকালে আলোচনা করা যাবে কিন্ধ ইউরোপীয় ভাবধারার মধ্যে ১৯শ শতকের নাটকেরও যথেই দান আছে, বিশেষতঃ নারপ্রেয় স্কইতেল-এর (স্থাণ্ডিনেভিয়ার) নাটকের নৃতন রূপ ইউরোপীয় চিত্তর্ত্তিকে অনেক্থানি প্রভাবিত করেছিল এবং তার চেউ বাংলা সাহিত্যে অন্ততঃ ইংরাজীর মাধ্যমে একেবারেই আসেনি একথা বলা যায় না। এই কারণেই ১৯শ শতকের ইউরোপীয় নাটকের একটু সংক্ষিপ্ত আলোচনা প্রয়োজন।

ইউরোপের রোমান্টিক থিয়েটার এবং নাটক ১৯শ শতকে এসে সন্তা মেলোড়ামার পর্যবসিত হয় এবং থিয়েটার ম্যানেজারদের ফরমায়েসি নাটক রচনা হ'তে থাকে। একমাত্র ভিয়েনার থিয়েটারে Franz Grillpazzer (১৭৯১-৮৭২) কয়েকথানি নৃতন নাটক উপহার দেন। তিনি কবি, নাট্যকার নন, Leander, Jason, এবং Sappho থেকে নাটক অমুবাদ করেন এবং প্রধানতঃ অতীত কাহিনী নিয়ে নিজের কাব্যধর্মী মনের রস্পিক্ত ক'রে তাকে একটু নৃতনম্ব দেন। শিলার ও ইব্সেনের মাঝে তিনি একজন উল্লেখযোগ্য নাট্যকার। তথন Sturm und Drang-এর যুগ, তথাপি তিনি সম্পূর্ণ পৃথক। Karl Gutzkow (১-১১-৭৪)-ও তাই। তিনি সাংবাদিক কিন্তু নাটকও লিথেছেন। তাঁর নাটকে প্রভাক্ষ

বাশুবভার সঙ্গে দার্শনিকভত্ত মিশে একটা নৃতন নাটকীয়তা এনেছিল। তার Uriel Acosta নাটকের নায়ক একজন স্বাধীনচেতা ইছদী। তিনি Lessing এবং Diderot-এরই অফুকারী। Georg Büchner (১৮১৩-৩৭) ফরাসী বিপ্লবের নায়কদের বাণী উদ্ধৃত ক'রে এক ত্রংথবাদা নাটক লেখেন—The Death of Danton। এই নাটকের বাস্তবতা তুচ্ছ নয়। ২৪ বংসবের জীবনে তাঁর আর একথানি বাদ নাটক Leonce und Lena স্বরণীয় হ'য়ে আছে। এক সৈনিকের প্রেম ও ঈর্ধা, বিক্ষোভ্যুলক এই নাটকে রূপায়িত হয়েছে। ভিয়েনার থিয়েটারের প্রয়োজনে Friedrich Hebbel (১৮:৩-৮৩) কিছু নাটক লেখেন, তার মধ্যে Maria Magdalena আধুনিক জীবনের সংগ্রাম নিয়ে লেখা। দর্শকের চাহিদায় ঐতিহাসিক নাটকও তিনি লেখেন এবং তার মধ্যে তিনি স্থলার ভাবে ভাববাদী চিন্তাধারাকে উপস্থাপিত করেন। তিনি রাষ্ট্র ও ব্যক্তির সংঘাতে সমষ্টির কল্যাণে ব্যক্তির প্রয়োজনকৈ হাদ করাই সঙ্গত ব'লে মনে করতেন। তিনি হেগেলের শেষ্য, প্রাশিয়ান এবং তাঁর নাটকে তার ছাপ স্থাপষ্ট। তাঁর শ্রেষ্ঠ নাটক বাইবেলের কাহিনী নিয়ে লেখা Herodes and Mariamme। Gyges and his Ring দার্শনিক তম্বভিত্তিক নাটক হলেও স্থলার। Richard Wagner (১৮১৩-৮৩) রোমাটিক নাটকের সঙ্গে গীতিনাটকের মিশ্রণ ক'রে কিছুদিন থিয়েটার ব্যবসায়ের সহায়ত। করেছিলেন। তিনিই প্রথম চুই অঙ্কের মাঝথানে মঞ্চ অন্ধকার ক'রে দেওয়ার রীতি চালু করেন।

ডেনমার্ক-এর রোমাণ্টিক নাট্যকার Adam Oehlenschlager (১৭৭৯-১৮৫০) সাধারণতঃ পুরাতন নর্সাদেগের পৌরাণিক উপাধ্যান অবলম্বনে নাটক রচনাকরেন াতনি জার্মান নাট্যবার শিলারের অহুগামী ছিলেন এবং জার্মান রোমাণ্টিকতা দ্বারা প্রভাবিত হয়েছিলেন। হলবার্গের সময়ে ডেনিশ সাহিত্য ফ্রান্সের প্রভাবে গ'ড়ে ওঠে এবং এই সময়ে গ'ড়ে ওঠে জার্মানীর প্রভাবে। কিন্তু জার মুগের অব্যবহিত পরেই ডেনমার্ক ও নরওয়ের মুক্তরাজ্যে নৃতন নাটকের জন্ম হয়—যার প্রথাত দিকপাল ইব্সেন।

ন্তনভাবে নাটকের রপায়নের পিছনে ছুইটি প্রভাব এসে দেখা দিয়েছিল প্রথমতঃ প্রভাক্ষ বাস্তববাদী Diderot-এর সমসাময়িক চারত্র ও জীবনসমস্থা আলোচনার ধারা, দিতীয়তঃ রূপকথা এই সময়ে প্রতীকতা (Symbolism) সমৃদ্ধ হ'য়ে নৃতন এক রূপ নিয়েছিল। এই ছুইটির মিলন হল নাটকে, তাছাড়াও নাটকের ছন্দবন্ধ কবিতার ভাষা কথিত গল্পভাষায় পরিণত হ'য়ে ভাকে প্রত্যক্ষ ও সময়োপ্যে,গী ক'রে তুলেছিল।

Perrault ১৭শ শতকে Mother Goose-এর রূপকথা চমৎকার ফরাসীতে লিখেছিলেন, Jacob এবং Grimm Wilhelm ভাতৃত্বর (১৭৭৮-১৮৬৫) জার্মানীর লোকগাথাকে স্থলরতর করেছিলেন। তাঁলের Children's and Domestic Stories-এর পরেও Tieck, Haffmann, Hauff, Gottfried Keller এই রূপকথা ও লোকসাহিত্যকে সাহিত্য পর্যায়ে উন্নীত করেছিলেন। তারপরে এলেন ডেনমার্কের প্রাসিদ্ধ রূপকথাকার Hans Christian Andersen (১৮০৫-१৫)। তিনি সাহিত্যের সব শাখাতেই হাত দিয়েছিলেন। কিন্তু তাঁর আত্মজীবনী ও রূপকথার জন্মই তিনি অবিশ্বরণীয় খ্যাতি রেখে গেছেন। Big Claus and Little Claus সাধারণ ভাবে লোভের পরিণতি নিয়ে লেখা গল্প কিন্তু তার অর্থ গভীর। জীবনকে যেন তিনি নৃতন দৃষ্টি দিয়ে লেখেছেন। তাঁর The Emperor's New Clothes-এর মধ্যে এই নৃতন দৃষ্টিভিদ্ধকে শিশুর সভ্য দৃষ্টির মধ্য দিয়ে দোখয়েছেন। গ্যেটের রোমদর্শন যেমন তাঁর জীবনে একটা নতুন চিন্তাধারা ও সাহিত্যবোধ স্বষ্টি করেছিল এগতারসনের জীবনেও রোমদর্শন তেমনি একটা নৃতন ভাবধারা স্বষ্টি করেছিল—তাঁর রূপকথার প্রতীকতার মধ্যে যা স্কুম্পন্ট ভাবে ফুটে উঠেছে।

Henrik Ibsen (১৮২৮-১৯০৬) যখন মাত্র তৃ'থানি ঐতিহাদিক নাটকের লেখক তথন ভিনি Bergen-এর থিয়েটারে স্টেজ ম্যানেজারের পদ পেয়েছিলেন এবং তার থেকেই ভিনি তথনকার Christiania (বর্তমান Oslo)-র থিয়েটারের পরিচালক হন। তার প্রথম নাটকগুলিতে নর্সাদের কাহিনীই ভেনিশ নাট্যকার Oehlenschlager-এর রোমাণ্টিকভা দিয়ে সমৃদ্ধ ক'রে রচনা করেন। রোমদর্শনের পর ভিনি তার নাটকের নব রূপায়নের প্রেরণা পান এবং তাঁর প্রথম পরীক্ষামূলক কাব্যধর্মী Brand ও Peer Gynt লেখেন। এই তৃইথানি নাটক একটু অসংবদ্ধ এবং রক্ষমঞ্চের জন্ত লিখিত নয়।

ইব্দেনের আকাজ্ঞা ছিল তিনি শিলারের ঐতিহাসিক নাটক লিখবেন এবং অভিনম্নের দিক থেকে সেগুলি Engéne Scribe (১৭৯১-১৮৬১)-এর নাটকের মত সফল হবে। জ্রাইবের নাটক তথন সমগ্র ইউরোপে বহুল প্রচারিত ও অভিনীত। ইব্সনের প্রথম উল্লেখযোগ্য নাটক The Pretenders,—এখানে ছটি লোকের তুলনা করা হয়েছে। একজন সাধারণ লোক, সে রাজা হয়ের গেল কিছু আর একজন আদর্শবাদী কল্পনাপ্রবণ ব্যক্তি ইতন্ততঃ কয়ের সে রাজমুক্ট হারাল। Love's Comedy-তে দেখালেন, বিবাহটা সাধারণের পক্ষেই ভাল এবং মানানসই কিছু কল্পনাচারী মাহুষ বিবাহ ঘারা পদ্ধু হয়ে য়ায়।

তিনি ছিলেন ব্যক্তিবাদী, ব্যক্তিশাতস্ত্রের পূজারী। সমাজ ও ধর্মের ক্ষুশ্রতা ও বন্ধনকে তিনি মাছবের জীবনধর্মের বিরোধী ব'লে মনে করেছেন। Peer Gynt নাটকের প্রতীকতা গভীর অর্থব্যঞ্জক। Peer উনবিংশ শতকের সাধারণ মান্ত্র্য, সে নিজের প্রকৃত সন্তাকে খুঁজে ফিরেছে। সে বিজ্ঞোহী, অভিযানী, ধনী ব্যবসায়ী, সে জগতের বহু সমৃদ্ধির মালিক কিন্তু নিজের আত্মার মালিক নয়— সারা জীবন হুবার গতিতে চলার পর সে আবিষ্কার করলে যে, তার জীবনের একমাত্র সত্য একটি নারীর প্রেম,—যে নারীকে সে বহুদিন আগেই পরিত্যাপ করেছে। তার জীবনের চরম শিক্ষা হল যে, প্রকৃত স্বাধীন মান্বতা পেতে হলে

ভার অস্তরকে হত্যা করতে হবে। Emperor and Galilean নাটকে তিনি ঞ্জীষ্টান ধর্ম ও অ-প্রীষ্টানদের একটা তুলনামূলক বিচারে সভ্যধর্মের রূপ বিধৃত করতে চেয়েছেন।

তার পরেই তিনি তাঁর নৃতন শ্রেণীর নাটক রচনায় মন দেন। এইগুলি ষাতে অভিনয়ের পক্ষে বিশেষ উপযোগী হয় এবং সাধারণের সামনে সামাজিক সমস্য উপস্থিত করা যায় তার দিকে তিনি বিশেষ দৃষ্টি দিলেন। The League of Youth, The Pillars of the Community, A Doll's House, Ghosts এবং An Enemy of the People নাটকগুলি এই সময়ের রচনা। আপাত-पष्टित्छ **७७** नि विवाह, शोनवाधि, अथन-সরকার, সরকারদত্ত সমান প্রভৃতি সামাজিক সমস্তা নিয়ে লেখা মনে হয়। ১৯শ শতকের পাঠকগণ তাকে এই ভারেই বিচার করেছে, এবং সমাজের যে-সব পরিলতা নিয়ে আলোচনা না করাই ভাল তাই নিয়ে তিনি বাহাত্নরী করেছেন ব'লে তাঁকে পরিত্যাগ করেছে। কিছ ইব্সেনের নাটক সাধারণ নয়, তার মধ্যে গভীর তত্ত্ব ও হাম্যামুভূতি রয়ে গেছে। তিনি প্রকৃত সং ও সত্য কী, এবং মিথ্যা কী ব্যক্তিজীবনের পরিপ্রেক্ষিতে তাই বিচার করেছেন। Ghosts-এর মধ্যে Mrs Alving সামাজিক নীতিকে মেনে নিয়ে তার স্বামীর বংশগত ঘৌনব্যাধি সন্তানে পরিবাহিত করেছেন। A Doll's House-এ Nora ভার মাদর্শ স্বামীকে শ্রদ্ধা করে ব'লেই তাকে ত্যাগ ক'রে চলে যায়, কারণ তার নিজম্ব জীবনে সত্যতা কিছু নেই, তা যেন তৈরী কাহিনী। যদি স্বামী-প্রী উভয়েরই পরিবর্তন আদে তবেই ভাঙ্গা মন জোড়া লাগতে পারে। নোরার প্রস্থানের পিছনে যথন শেষ দৃশ্যে দরজা বন্ধ হ'য়ে যায় তথনও তার স্বামী আশা করেন, হয়ত এই অসম্ভব সম্ভব হতে পারে।

তাঁর The Wild Duck-এর মধ্যে দেখিয়েছেন, দরিন্ত মামুষ কেমন খোঁড়া হাঁসের মত খাঁচায় বাস করে, তাদের কাছে সত্য, আদর্শ এসব অর্থহীন বরং তারা তাদের দারিন্ত্র্য ও পরস্পারের স্নেহের মধ্যেই স্থা। Rosmersholm এবং The Lady from the Sea এই ধরনেরই নাটক।

Hedda Gabler-এ তিনি পুনরায় বাস্তবধর্মীতায় ফিরে আসেন। Hedda জীবনে সত্যের সন্ধান পায়নি এবং তাঁর জীবনীশক্তিই জীবনকে তিক্ততায় ভরিয়ে দিয়েছে। Little Eyolf, John Gabriel Borkman, এবং When we Dead awaken তাঁর শেষ কয়েকখানি নাটক।

ইব্দেনের এই নৃতন ধরনের নাটকের প্রভাব এখনও শেষ হয়েছে বলা যায় না। উপযুক্ত নাটকীয় কাহিনী নিয়ে যাঁরা নাটক লিখতেন তাঁরাও ইব্দেনের পথ অরুসরণ ক'রে সামাজিক সমস্তাকে সামনে রেখে বাস্তবধর্মী নাটক লিখতে আরম্ভ করলেন। এমন কি দর্শকগণের বিরোধিতা সন্থেও তাঁরা এ-পথ থেকে সরলেন না। নরওয়েতে Björnsterne Björnson (১৮৩২-১৯১০) প্রধানতঃ ঐতিহাসিক নাটক লিখে খ্যাতিলাভ করেছিলেন, কিন্তু ইব্দেনের প্রভাবে ব্যবসায় ও সাংবাদিকভার ছ্নীতি,

বিবাহপূর্ব যৌন-মিলন উচিত কিনা প্রভৃতি বিষয় নিয়ে নাটক লেখেন। তাঁর শ্রেষ্ঠ নাটক Beyond Human Might-এ এক অলৌকিক শক্তি সম্পন্ন ধর্মবাজক অনেক রোগ আরাগ্য করতে পারেন অর্থচ তাঁর পতিব্রতা স্ত্রীকে স্পর্শ করতে পারেন না। পরবর্তী আর একখানি নাটকে তিনি প্রতীকতার মাধ্যমে ধনিক-শ্রমিকের সমস্তা, তার সংস্কার এবং স্বাধীনতা নিয়ে আলোচনা করেন।

जार्बाबोद् Hermann Sudermann (১৮৫१-১৯२৮) नाबाजिक नवजा নিয়ে কয়েকথানি উল্লেখযোগা নাটক লেখেন এবং Eugène Brieux (১৮৫৮-১৯৩২) ফ্রান্সে জোলার মত প্রত্যক্ষ বান্তবধর্মী নাটকে সমাজের অন্তায় ও হুনীতিকে রঙ্গমঞ্চে উদঘাটিত করেন। জোলার প্রত্যক্ষ বাস্তববাদের প্রভাবে স্বাণ্ডিনেভিয়ার নাট্যকার August Strindberg (১৮৪৯-১৯১২) কতকগুলি নাটক লেখেন। তাঁর ঐতিহাসিক নাটক Master Olof-এর মধ্যে তাঁরই ছিল্ল ব্যক্তিত্বের (Split Personality) প্রকাশ, কতক ভাববাদী, কতক বাস্তববাদী হ'য়ে নায়ক চরিত্রে রপায়িত হয়েছে। The Father এবং Miss Julie নাটক স্ত্রী-প্রভূত ও ষেচ্চাচারিতার বিরুদ্ধে লেখা বান্তব নাটক। তিনি নাটকের পার্শ্বচরিত্র, সিন-সিনারী সব বাদ দিয়ে দিয়েছিলেন-এমন কি The Pariah নাটকে চরিত্তের নামও দেননি, তাঁরা Mr. X. এবং Mr. Y. হয়েছেন। তাঁর জীবন অহথী। হ'বার বিবাহ বিচ্ছেদ হয়েছে, এবং এই ব্যক্তিগত হুর্ভাগ্যের অমুভূতিকে তিনি নাটকে রূপায়িত করেন। পরে ধর্মীয় অমুভৃতি ও তত্ত্বজিঞ্চাসার প্রতি অমুরক্ত হ'য়ে পড়েন কিন্তু তৎসত্ত্বেও কয়েকথানি বান্তবধৰ্মী নাটক লেখেন, There are Crimes and Crimes, Easter এবং Dance of Death | Easter-এ বংশগত পাণের প্রায়শ্চিত্ত এবং Dance of Death-এ জেদী স্ত্রীর জন্ম আদর্শবাদী স্বামীর ধ্বংস চিত্রিত হয়েছে। The Dream Play এবং The Spook Sonata তাঁর ধর্মীয় অমুভৃতি ও তত্তভিজ্ঞাসামূলক নাটক। অনেক চরিত্রের ভিড়ে এবং তাদের ব্যক্তিগত অহুভৃতির প্রকাশের মাঝে লেথক এক ভারদামাহীন কাব্য জগতের স্ষ্টি ক'রে পরম সভ্যের সন্ধান করেছেন ব'লে মনে হয়।

যাই হোক Strindberg ইব্সেনের সঙ্গে তুলনীয় বা তাঁর মত শক্তিশালী নাট্যকার নন, তার কারণ ইব্সেন স্বচ্ছ দৃষ্টিতে জগতকে দেখছেন যুক্তি দিয়ে এবং ব্রিগুবার্গের নাটক দৃষ্টির কুয়াশার মধ্যে অস্পষ্ট।

বেলজিয়াম-এর নাট্যকার Maurice Maeterlinck (১৮৬২-১৯৪৯)-এর The Blind (Les Aveugles) এবং The Blue Bird (L' Oiseau Bleu) বিখ্যাত নাটক। কাব্যধর্মী প্রতীকতা সম্প্ত এই নাটকগুলি দর্শকের সামনে যেন এক কল্পনাময় রাজ্য স্বষ্টি ক'রে দর্শক ও অভিনেতাদের মধ্যে একটা স্বপ্ন ও বাস্তবের দূরত্ব স্বান্ট ক'রে দেয়।

এই প্রতীকতা সমৃদ্ধ কাব্যধর্মী নাটকের প্রভাব ধীরে ধীরে বিস্তার লাভ করে এবং **জার্মানীতে** Gerhart Hauptman (১৮৬২-১৯৪৬) তাঁর বাস্তবধর্মী নাটক Before Sunrise এবং The Weavers নাটকের সাফল্যের পরে এই কাব্যধর্মী The Sunken Bell নাটক লেখেন। Frank Wedekind (১৮৬৪-১৯১৮) শিশুর যৌন-জীবনের রহস্তকে কেন্দ্র ক'রে অতিনাটকীয় নাটক রচনা করেন এবং Arthur Schnitzler (১৮৬২-১৯৬১) তথনকার চলতি যৌন-সমস্থা নিয়ে ভিয়েনার তৎকালীন রুয় সমাজকে আক্রমণ ক'রে যে কয়েকথানি নাটক লেখেন তাই অবক্ষয়ী নাটক-যুগের শেষ নাটক।

নাটক তার নাটকত্ব ত্যাগ ক'রে যথন প্রতীকতায় ভারাক্রাস্ক ও কাব্যধর্মী হ'য়ে উঠে তাকে হীনপ্রভ ক'রে তুলেছিল, ঠিক সেই সময়ে রাশিয়া থেকে নাট্যজগতে একটা নৃতন বান্তবতার হাওয়া এসে তাকে সজীব ক'রে তোলে। গোগোলের The Goverment Inspector-এর পরে রাশিয়ার নাট্যকার A. N. Ostrovsky (১৮২৩-৮৬) নাট্যজগতে এক নৃতন প্রষ্টা। অবশ্র রাশিয়ার এই নৃতন ধারার ইউরোপে প্রভাব বিস্তার করতে যথেষ্ট সময় লেগেছিল। তাঁর রচনা বাস্তবধর্মী, তীক্ষ শ্লেষ ও ব্যক্ষে ক্রধার। মধ্যবিত্ত জীবন-সংগ্রাম নিয়ে হাসিকায়ার অপ্র্বসমন্বয়ে তাঁর নাটক এক নৃতন স্বষ্টি। এই নৃতন ধারা শেখভে এসে পূর্বতা লাভকরে। বহু টাইপ চরিত্র,—যথা ব্যবসায়ী, অভিনেতা, গুণ্ডা, বদমায়েস, সরকারী কর্মচারী নিয়ে ঘটনামূলক নাটক তিনি রচনা করেছেন কিন্তু নাটকের দিক থেকে তা অনেকাংশে অবিশ্রন্থ। টুর্গেনেভের নাটক A Month in the Country এবং টলস্টয়ের The Powers of Darkness এবং The Fruits of Enlightment রাশিয়ার নাট্যজগতে কিছুটা নৃতনত্বের দাবী করলেও তার স্থায়ীত্ব ছিল না, কারণ তাঁরা ক্রচি ও প্রকৃতির দিক থেকে নাট্যকার ছিলেন না। তাঁরা প্রধানতঃ উপস্থাসিক।

শেষভ নাট্যকার হিসাবেও রাশিয়ার নাট্য-সাহিত্যে যুগান্তর এনেছেন। হাসির গল্পেই তাঁর সাহিত্যের শুরু, তেমনি ছোট ছোট প্রহসনেই তাঁর নাট্য-জীবনের শুরু। যেমন তাঁর The Wedding-এ সকলেই যার যার কৌতুককর মনোর্ভি প্রকাশ ক'রে সমস্ত কাহিনীকে হাস্তরসাত্মক ক'রে তুলেছে। লেখক সারা জীবনই ছিলেন ক্ষররোগী, লিথেই তাঁর জীবিকা অর্জন করতে হত; আত্মীয়-স্বজনের কেউ বড়লোক নয়। তিনি জীবনকে কথনও বিয়োগবিক্ষ্ক দৃষ্টিতে দেখেননি, এবং আদর্শবাদের ধারও ধারেননি। তিনি কৌতুহলী দৃষ্টি দিয়ে দেখেছেন মানব-জীবনের বৈচিত্র্যে, ও কৌতুককর বৈসাদৃশ্য এবং তার মধ্যে যথনই মাহুষের মধ্যে তার সত্যকার ব্যক্তিটি ফুটে উঠেছে তথনই তাঁর রচনা সার্থক হয়েছে—এবং ইব্ সেনের মত সেই সত্যকেই তিনি রূপায়িত করেছেন। তাঁর প্রথম নাটক Ivanov সামাজিক মেলোড্রামা। The Seagull-এ এসে তাঁর নাট্যপ্রতিভা প্রভিত্তাত হয়েছে। তিনি নাট্যকার হিসাবে ইব্ নসেনকে অস্বীকার করতেন এবং বলতেন, জীবন সম্বন্ধে তাঁর কোনও জ্ঞানই নেই; তবুও তাঁর কাব্যধর্মী প্রতীকতা ইব্ সেনেরই অম্বর্প। এই Seagull ইব্ সেনের Wild Duck-এর সঙ্গে তুলনীয়। ইব্ সেনের মত তাঁর নাটকে নামক নেই, তিনি একটি মাত্র চরিত্র নিয়ে নাটক রচনা করেননি।

জনেকথালি লোকের পারস্পরিক সম্পর্কই তাঁর নাটকের উপজীব্য। নাটকীয় ঘটনা ফলমুখী নয় এবং চরিত্রের কর্মন্ত বিষয়মুখী নয়। তৃতীয় নাটক Uncle Vanyaco Safia তার জীবনের কামনা-বাসনার সমাধি অস্তে নিশ্চেইভাবে বলছে,—আমরা বেঁচে থাকব, যথন সময় আসবে বিনা প্রতিবাদে মৃত্যুবরণ করব। এই বেঁচে থাকার চাহিদাই জীবন এবং শেখভের জীবন-কৌতৃক। The Three Sisters এবং The Cherry Orchard-এও এই ধরনের জীবন-প্রীতি ফুটে উঠেছে। প্রথম নাটকে তিন বোন এক ছোট শাস্ত শহরে বাস করে, তাদের আশা তারা মস্কো যাবে তা যত দিনেই হোক। মস্কোতে স্থী জীবন তারা যাপন করবে এই আশা নিয়েই তারা জীবন যাপন করেছে। দিতীয়টিতে চেরী বাগান কেটে ফেলা হবে, এবং সকলেরই পৈতৃক বাসভূমি ছেড়ে অনিদিষ্ট ভবিশ্বতের দিকে পা বাড়াতে হবে। বর্তমানকে অতীতকালের প্রায়শ্চিন্ত করতেই হবে এবং স্থ্য মাস্ক্রের জীবনে কেবল ছলনা মাত্র। মানব-জীবনের এই হাস্তকর আশাবাদই মানব-জীবনের ভিত্তি। মানব-জীবনে অনেক ঘটনা ঘটে, কিন্তু তার পরিবর্তন হয় না, —মাস্ক্র যা তাই-ই থাকে, জীবনে কী যেন সে হারিয়ে ফেলে। তার বিষয় দৃষ্টির মধ্যেও যেন একটা উজ্জল আশা রয়ে যায়।

গোর্কির শ্রেষ্ঠ নাটক The Lower Depths, শেখভের Cherry Orchard এর পূর্ববংসর অভিনীত হয়। এই নাটকটির স্থর ও ভাব থাটি রাশিয়ান। এক বস্তির মধ্যে হতভাগ্যদের ভিড়ের মাঝে Luka এসে তার জীবনের বেদনাকে তাদের মধ্যে সঞ্চারিত করে দেয় এবং তাদের সমবেত ত্থে ক্রমশঃই অসীম ও বিস্তৃত হতে থাকে।

বিপ্লবপূর্ব যুগের শেষ নাট্যকার L. N. Andreyev (১৮৭১-১৯১৯)
ব্যঙ্গ ও প্লেষের সঙ্গে বাস্তবধর্মী নাটক রচনা ক'রে যথেষ্ট জনপ্রিয় হয়েছিলেন।
রাশিয়ার নাটক বাস্তবধর্মীতার বাইরে প্রতীকতার দিকে অগ্রসর হ'তে পারেনি,
তার প্রধান কারণ রাশিয়ার সমাজব্যবস্থাও অবস্থা। এই অবস্থার পরিবর্তন সম্ভব
হয়েছিল রক্তক্ষয়ী বিপ্লবের পথে।

শ্বেলাভ করেছিল কিন্তু তার লক্ষ্য ছিল দর্শকভৃষ্টি ও মঞ্চনাফল্য এবং সেই কারণেই স্পোন কোন মহন্তর স্বষ্টী সন্তব হয়নি। Jacinto Benavente (জঃ ১৮৬৬) সাধারণতঃ ব্যঙ্গ ও শ্লেষের মাধ্যমে তাঁর নাটকীয় কাহিনী পরিবেশন করেছেন। ক্বক-জীবন নিয়ে লেখা তাঁর একথানি নাটক The Passion Flower (La Malquerida) শ্বরণীয় হ'য়ে আছে। তিনি Lope-এর মত প্রচুর লিখেছেন কিন্তু তা সবই দর্শকভৃষ্টির জন্ম, স্বষ্টির প্রেরণায় নয়। Martinez Sierra (১৮৮১-১৯৪৭), Serafin (১৮৭৬-১৯৩৮) এবং Joaquin (১৮৭৬-১৯৪৪) লাত্ত্বয়ও এই সময়ের স্পোনের রক্ষমঞ্চের জন্ম অনেক স্ব্ধপাঠ্য নাটক লিখেছেন কিন্তু তাদের কোন নাটকই ইউরোপীয় খ্যাতি লাভ করেনি। কেবলমাত্র কবি Gracia

Lorcaর The Blood Wedding এবং Yerma ট্যাক্ষেডি ছ'থানি এই যুগের স্পানিশ সাহিত্যের অরণীয় নাটক।

ইঙালীর Luigi Pirandello (১৮৬৭-১৯৩৬) ছোট গল্পলেথক ও ঔপস্থাসিক হিসাবেই প্রথ্যাত এবং এই হিসাবে তিনি প্রত্যক্ষ বাস্তবধর্মী। শেষ বন্ধসে দার্শনিক অধিবিছার অন্প্রাণিত হ'য়ে অনেকগুলি নাটক লিখেছিলেন। তাঁর প্রসিদ্ধ Enrico IV (Henry IV) নাটকের নায়ক অভিনয় করতে করতে হুর্ঘটনায় বিগতস্থতি হ'য়ে বায় কিন্তু স্থাতি ফিরে পেয়েও সে অভিনয়-চরিত্রের বিশাস নিয়ে চলতে থাকে। এই নাটকে তিনি হুই জনের বিশাসের বিরোধকে রূপায়িত করেছেন। তাঁর বেশীর ভাগ নাটকই সত্যের বিবিধ রূপ ও তার সংঘাত নিয়ে লেখা। তাঁর অনেক নাটকের গল্পাংশ অভ্যন্ত জটিল, তা হলেও তা অভিনয়ের উপয়োগী। হুংখের বিষয় তাঁর নাটকগুলি ইতালীর বাইরে খুব আদৃত হয়নি।

ন্তন ধারাম ফ্রাক্স-এ H. R. Lenormand (১৮৮২-১৯৫১) ফ্রান্থেডর মনন্তান্থিক তত্ত্বের উপর নির্ভর ক'রে কতকগুলি শক্তিশালী এবং ঘটনাবছল নাটক লিখেছেন এবং Gabriel Marcel (১৮৮৯) existentialist-পন্থী দার্শনিকগণের তত্ত্বের উপর প্রতিষ্ঠিত মনস্থান্থিক নাটক রচনা ক'রে মানব-জীবনের চিরন্তন সমস্থার ইন্ধিতকে রপায়িত করেছেন। বিগত ৪০ বংসর ফরাসী নাটকের প্রধান ঝোঁক ব্যঙ্গ নাটকের দিকেই ছিল এবং পুরাতন গ্রীক নাটকীয়তাই যেন ন্তন বেশে এসে দেখা দিয়েছে। Jean Giraudoux (১৮৮২-১৯৪৪) এবং Jean Anouilh (১৯১০) এই নব-নাটকের নাট্যকার। মঞ্চমজ্জা ও ব্যবহারের যথেও উন্নতি হওয়ায় প্রযোজকগণ মঞ্চের নব নব ব্যবহার, অভিনেতার অভিনয়ের স্থোগ প্রভৃতির দিকে বেশী দৃষ্টি দেওয়ায় প্রকৃত নাটকস্থি ব্যাহত হয়েছে। অর্থাৎ নাটকের জল্পে আর মঞ্চ ব্যবহার নয়, মঞ্চের জন্পই নাটক রচনা হচ্ছে। এই প্রযোজকগণের স্বৈরাচারকে উপেক্ষা করে Paul Claudel তাঁর The Satin Slipper রচনা ক'রে খ্যাত হয়েছেন। Jean-Paul Sartre (জ: ১৯০৫) নাট্যকার হ'লেও তিনি প্রধানতঃ দার্শনিক। তাঁর The Flies এবং Vicious Circle জার্মান-অধিকৃত ফ্রান্সের ভয়াবহ চিত্র। তাঁর Lucifer and the Lord শ'-এর নাটকের মত যুক্তি ও তথ্যপূর্ণ।

ফ্রান্সের নাটক যেমন প্রকৃত সাহিত্যধারা থেকে বাইরে এসে নৃতন পথ ও গতি খুঁজেছে ১৯১৮ সালের পরাজ্যের পর জার্মানীও তেমনি নৃতন পথ ও মত খুঁজে ফিরেছে। কাইজারের পতনের পরে যে বিপ্লবাত্মক চিন্তাধারা জার্মানীকে উব্দ করেছিল তারই প্রকাশ হয়েছে George Kaiser (১৮৭৮-১৯৪৫), Ernst Toller (১৮৯৩-১৯৩৯), Fritz von Unruh (জঃ ১৮৮৫) এবং Franz Werfel (১৮৯৩-১৯৪৫)-এর নাটকে। এই নাটকগুলি জার্মানীর স্বভাবগত বিক্ষোভম্লক (Sturn und Drang) সাহিত্যের নিকট-আত্মীয়। এঁদের নাটকে চরিত্রগুলি ব্যক্তি হিসাবে ফুটে ওঠেনি, বরং তাদের মৃথ দিয়ে জাতীয় জীবনের তৃঃধ-মানি সোচ্চার হ'য়ে উঠেছে।

চেকোন্সোভাকিয়ার নাট্যকার Karel Capek (১৮৯০-১৯৩৮)-এর রচনায় যুদ্ধগুর যন্ত্রণা, পরাধীনতা ও নাৎসি স্বৈরাচারের ভয়াবহ প্রতিক্রিয়া কাব্যধর্মী হ'রে রূপ নিয়েছে।

প্রক্রতপক্ষে বিংশ শতকের নাটক রচনা স্টিধর্মী নয়। শিল্লায়নের ব্যবসাবৃদ্ধি ও কাঞ্চনের মোহ তাকে অর্থার্জনের প্রয়োজনে লাগিয়েছে। যে কোনরূপ চলতি ভাব বা ঘটনা নিয়ে মৃথরোচক নাটক রচনা দ্বারা দর্শকভৃষ্টি ও অর্থার্জনেই স্টেও আর্ট থেকে বড় হয়ে উঠেছে—বিশেষতঃ বেতার নাটক এই বৈশুরুত্তিকে বেশী উৎসাহিত করেছে। প্রক্রতপক্ষে লগুন, প্যারি, রোম, নিউইয়র্ক—কোন শহরের থিয়েটারেই সাধারণ অভিনয়যোগ্য নাটক প্রযোজনা ছাড়া কোন সাহিত্যকর্ম বা স্টের প্রেরণাকে প্রশ্রম দেয় নি। প্রতিভাবানের স্টের প্রেরণার সঙ্গে বর্তমান যুগের বৈশুরুত্তির কোন যোগস্ত্র নেই বলেই, কোন নৃত্রন স্টের প্রয়াস সফল হয়নি। এই ব্যবদা-বৃদ্ধির থরতাপে প্রকৃতির তথা পৃথিবীর শ্বামলতা ক্ষীণপ্রাণ ও পাংশু হ'রে উঠেছে।

रेश्लाष्ट्रत छेलनााम

১৭০০ খুটাব্দের কাছাকাছি সময়ে এসে ইংলত্তে প্রথম নভেলের জন্ম হয়। ইংরাজীতে Novel ও Fiction ব'লে ছটি কথা আছে, কিন্তু বাংলার আমরা উভয় শ্রেণীকেই উপত্যাস নাম দিয়েছি। Walter Allen তাঁর English Novels প্রতকের ভূমিকার হুইটি শ্রেণীর বিভিন্ন সংজ্ঞা নির্ণয় করেছেন। ছুইটির মধ্যেই গ্রম থাকে, আদিম যুগ থেকে মাহুষ যে গল্প শুনেছে বা বলেছে তা Fiction, তা সেগছে হোক বা পত্যে হোক। Fiction থেকেই নভেলের জন্ম এবং সেটা একটি ন্তন বস্তু। মাহুষ যথন তার পরিপ্রেক্ষিত ও পারিপার্শিকতা সম্বন্ধে সচেতন হল, তথন লেখক তাঁর নিজম্ব দৃষ্টিভঙ্গি দিয়ে (যাকে কেউ Idiosyncracy কেউ বা Temperament বলেছেন) যে বান্তব জগতকে দেখেছেন, বান্তব সমাজ্যের পটভূমিকার যে চরিত্র ও মানব-মনকে দেখেছেন তার রূপায়িত কাহিনীই নভেল।

ইংলণ্ডে ১৭০০ সালের পূর্বে কোন প্রাচীন গন্ধ সাহিত্যের ইতিহাস নেই। যদিও Trimalchio-র লেখা একটি চমৎকার গন্ধ-সাহিত্যের পরিচয় পাওয়া যায়—১৮শ শতকের লেখকগণ এঁর লেখার পরিচয় জানতেন কিন্তু উপন্থাস-সাহিত্যের উপর তাঁর কোন প্রভাব নেই। প্রকৃতপক্ষে কারভেনটিসের তন কুইকজোট থেকেই উপন্থাসের স্থচনা। ১৬১২ খৃঃ অব্দে এই স্প্যানিশ কাহিনী ইংরাজীতে অন্দিত হয়, কিন্তু তার প্রভাব ফলপ্রস্থ হয় প্রায় একশত বংসর পরে। ১৭৪২ সালে Fielding-এয় Joseph Andrews-এ তাঁর প্রথম আবির্ভাব। এতদিনে তন কুইকজোট

ইংরাজী সাহিত্যের অঙ্গীভূত হ'য়ে গেছে। Bunyan-এর পূর্বে যাকে উপক্যাসধর্মী সাহিত্য বলা যায় তা এক যাত্ৰ Chaucer-এর The Canterbury Tales, Wife of Bath's Tale এবং Troilus and Criseyde এবং তারই শিক্সপ্রতিম স্কচ লেখক Henryson-এর Testament of Cresseid. এই কাহিনীপ্তলির মধ্যে বাস্তব চরিত্রস্থলভ সজীবতা ছিল, এবং এই চরিত্রই সত্যকার রূপ পায় ফিল্ডিং-এব মধ্যে। ১৪০০ সালে চসারের মৃত্যুর পর ইংরাজী ভাষায় একটা সাংগঠনিক পরিবর্তন ঘটে এবং তারই বীজ দেড়শ' বছর পরে কবিতা ও ভাষায় এলিজাবেখীয় ষুগে পুষ্পিত ও ফলবান হ'য়ে ওঠে। ১৫৮০ সাল থেকে ১৬৪০ সাল পর্যন্ত এলিজাবেথীয় ও জ্যাকোবীয় নাটকের প্রবল প্রভাবের মধ্যে উপস্থান স্বষ্ট হওয়া সম্ভব বা স্বাভাবিক ছিল না। বিভিন্ন যুগে বিভিন্ন শ্রেণীর সাহিত্য বিধৃত হ'য়ে আছে, এবং তা সম্ভব হয়েছে যুগধর্মে। সেই কারণেই উপন্থাস ও নাটকের শ্রেষ্ঠ যুগ কোন দেশেই একসঙ্গে আসেনি। বাস্তবের প্রতি মানুষ যথন সচেতন ও আগ্রহশীল হল কেবল তথনই তারা নভেলের প্রতি আরুষ্ট হল। এলিজাবেথীয় যুগের নাটকে দে বান্তবতা ছিল না, তার চরিত্রও সেই কাল ও সমাজের বিচারে বান্তবধর্মী ছিল না। তথনকার যুগে চরিত্র বলতে যা লোকে বুঝত আজ আমরা তা বুঝি না। সম্ভাব্যতা ও সম্বতির কথা বাদ দিয়ে তারা নাটকীয়তাকে দেখত কিন্তু উপত্যাসের চরিত্রে সম্ভাব্যতা ও সন্থতিই মূলকথা। (৩১১) শেক্সপীয়রের নাটকের চরিত্রগুলি যে জগতের তা ঠিক আমাদের বাস্তব জগতের নয় যদিও সে চরিত্র সম্ভাব্যতা ও সম্বতির সীমা লজ্মন করেনি। সে যুগের মাতুষ মনে করত সময় একটি অচঞ্চল উপাদান যার ভিতর দিয়ে মাতৃষ বংশপরম্পরায় চলেছে—সময় এমন একটা কিছু নয় যা পুরুষাত্মক্রমে মান্নুষকে, তার মানব-চিত্তকে পরিবর্তিত ক'রে দিয়ে যাচ্ছে। কিন্তু উপন্তাদের ধর্ম মাতুষকে নির্দিষ্ট সময় ও পরিপ্রেক্ষিত এবং ভাবধারা তথা চিন্তবৃত্তির मरक विठात क'रत रमथा। किन्न देश्वाकी উপग्राम नार्वेदकत श्राक्त श्राप्त Bunyan-এর Life and Death of Mr. Badman এবং Richardson-এর Pamela উভয়েই নাটকজাতীয় উপন্যাস—সংলাপের মাধ্যমে লেখা। ১৭শ শতকে এলিজাবেথীয় নাটক মৃক্রিত হয় এবং ঘরে ঘরে পঠিতও হ'তে আরম্ভ হয়। মারুষ তথন শোনার সঙ্গে পড়তে শুরু করেছে। এই পাঠকসমাজ স্বষ্ট না হওয়া পর্যন্ত উপক্তাস স্পষ্ট সম্ভব ছিল না। শেক্ষপীয়রের প্রভাব ইংরাজী সাহিত্যে স্থ্রপ্রসারী হ'য়ে ইংরাজী উপক্যাসে Hardy পর্যস্ত চলে এসেছে।

Bunyan-এর Pilgrim's Progress (১৬৭৮)-এর পূর্বে একমাত্র Malory-র Morte d' Arthur উল্লেখযোগ্য গভা রচনা, কিন্তু তা উপভাসধর্মী নয়। মধ্যযুগীর আর্থারের গল্প ও Holy Grail-এর রোমাঞ্চকর কাহিনীর একটা সন্ধৃতিপূর্ণ বর্ণনা, এইটুকু বলা যায়। এলিজাবেথীয় যুগ কবিতা ও নাটকের জন্ত প্রখ্যাত, উপভাস

ভৃষ্টি হয়নি একথা বলা যায় না তবে তা বর্তমানের চোথে নেহাভই সাহিত্য-ইতিহাসের খোরাক। ১৫৭৯ সালে প্রকাশিত Lylyর Euphues-এর মধ্যে একটা গল্প আছে, কিন্তু তাঁর প্রথম অংশে স্ত্রী-চরিত্রের ভঙ্গুরতা, যৌবনের অসংযম ও ভালবাসার ব্যর্থতা সম্বন্ধে এবং দ্বিতীয় অংশে Euphues and his England-এ দেশের গৌরবকথা বর্ণিত হয়েছে। এই গম্পবর্ণনা যুবক শেক্সপীয়রের উপরেও কিছ প্রভাব বিস্তার করেছিল। এই ছুইখানি গ্রন্থই পত্রাকারে লেখা এবং এই লিখন-রীতিই রিচার্ডসনে এসে পরিক্ষট হয়। স্প্যানিশ লেখক Sannazaroর উপস্থাস Arcadiaর প্রভাব রিচার্ডসনের মধ্যে দেখা যায়। পামেলা নামটি ফিলিপ সিডনির আর্কেডিয়া থেকে নেওয়া এবং এই গ্রন্থথানি স্পেনিশ রচনার অনুকৃতি। সিডনির আর্কেডিয়া Euphues-এর চেয়ে অনেক উন্নত এবং উপন্থাসধর্মী পল্লীপ্রেম কাহিনী, এবং যুগধর্মে ঐতিহাসিক জ্ঞানবর্জিত। কাহিনীও কাব্যধর্মী, পরী ও মেষপালক, রাজা, রাজক্তা পাশাণাশি নিশ্চিন্তে আশ্রয় পেয়েছে। আর্কেডিয়া এই ধরনের অনেক রোমান্সের পথিকুৎ। এই সব কাহিনীতে রাজপুত্র জাহাজ ডুবির ফলে মেষপালক-পালিকার মধ্যে বা পুরাতন গ্রীক প্রদেশে এসেছে, ভুল পরিচয় ও ভালবাসাবাসির মধ্যে অসম্ভব গল্প গ'ড়ে উঠেছে। এই জাতীয় রূপকথার মধ্যে Robert Greene-এর Menaphon এবং The Carde of Fancie, Thomas Lodge-এর Rosalynde এবং Emanuel Ford-এর Ornatus and Artesia-র নাম করা যায়। এগুলি রূপকথা, বাস্তবতা ও সম্ভাবাতার সীমার বাইরে, লেধকগণও সে বিষয়ে কিছমাত্র সচেতন নন। As you like it বা Winter's Taleক ক্সাডা ক্সাংটা গতে বর্ণনা করলে যা হয় অনেকটা তাই।

এই সময়ের অভিজাত পাঠকশ্রেণী (শিক্ষা তথন জনসাধারণে প্রসার লাভ করেনি) গ্রাম্য প্রেমকাহিনীরই (Pastoral Romance) অহরাগী ছিলেন। বান্তবধর্মী কাহিনী রহস্ত-রোমাঞ্চ শ্রেণীভূক্ত হ'য়ে সাহিত্যে অপাংক্তেয় হয়েছিল। Massinger-এর A New Way to Pay Old Debt, এবং Greene-এর Groatsworth of Wit, bought with a Million of Repentance বাক্তবধর্মী গন্ত-কাহিনী। এর দশবছর পরে Dekkar তাঁর The Wonderful Year, 1603তে লগুনে প্লেগের বর্ণনা করেন। The Seven Deadly Sinnes of London এবং The Guls Horn Book-এ লগুনের চোর-গুণ্ডার কাহিনী প্রিকাকারে লেখেন। এগুলি সাহিত্য-স্কৃত্তির উদ্দেশ্ত নিয়ে লেখা হয়নি। সর্বন্যধারণের সামনে তথনকার ত্নীতিকে ব্যক্ত করাই তাঁর প্রাথমিক উদ্দেশ্ত ছিল। এগুলি উপন্তাস নয়, কিন্ত সেই য়ুগ, য়ুগের মামুষ, এবং পরিপ্রেক্ষিত-সচেতনভার পরিচয় এর মধ্যে প্রচুর ভাবে রয়ে গেছে। এইরপ সমীক্ষাপ্রবণতা থেকেই প্রকৃত উপন্তাসের আসল রপটি গ'ড়ে ওঠে।

Thomas Deloncy, Jack of Newbury (১৫৯৭) The Gentle Craft (১৯৫৮) এবং Thomas of Reading (১৬০০) প্রভৃতি গ্রন্থে তাঁতি, মৃচি প্রভৃতি

অস্তাজদের নিয়ে কোতৃকপ্রদ ও অভিযানমূলক কাহিনী লেখেন। তিনি নিজে রেশম-তাঁতি এবং ফেরিওয়ালার কাজও করেছেন—তাঁর লেখায় ব্যবসায়ী সম্প্রদায় প্রথম সাহিত্যের অকীভৃত হয়। এই গল্পগুলির মধ্যে সাধারণ মাহ্যের জীবনের কাহিনী আকর্ষণীয়ভাবে বর্ণিত হয়েছে। তাঁর লেখায় একটা বান্তববৃদ্ধি ও পরিবেশ রচনার রেশ পাওয়া যায়। তাঁর Thomas of Reading-এর গল্পের সক্ষে Macbeth-এর গল্পের বেশ মিল আছে। Thomas Cole নামক এক ব্যক্তির হত্যার পর হত্যাকারী সরাই মালিক ও তার স্ত্রীর ব্যবহারের সক্ষে জান্কান হত্যার পর ম্যাকবেথ ও লেভি ম্যাকবেথের ব্যবহারের বেশ একটা সাদৃশ্য আছে। এই কাহিনীটি ম্যাকবেথের পূর্ববর্তী,—শেকস্পীয়র এ কাহিনী পড়েছিলেন কিনা জানা যায় না, তবে সাদৃশ্যটা বড়ই প্রথর। এই ঘটনাতেই বেশ বোঝা যায়, Deloncy-র কল্পনা ও প্রকাশভঙ্গি বেশ শক্তিশালী ছিল।

১৫৯৪ সালে প্রকাশিত Nash-এর The Unfortunate Traveller তথনকার ইতালীর রাজকীয় বিলাদ-বাদন, উচ্ছল ছনীতি ও পাপ-পঙ্কের ঘটনাকে কেন্দ্র ক'রে চমৎকার ভাষায় লেখা একটি কাহিনী। এর ভাষা ও কল্পনাশক্তির জক্ত এই গ্রন্থানি প্রসিদ্ধ। ব্যঙ্গ, কৌতৃক, ও বীভৎসভায় এটি এলিজাবেথ যুগের একথানি শ্ৰেষ্ঠ কথা-সাহিত্য। এথানি প্ৰকৃত উপন্থাস নয়,—প্যানিশ picaresque জাতীয় কাহিনী। কাহিনীর ঐতিহাসিক পটভূমিকা হয়ত সত্য। Jack Wilton-নামে একটি বালক ভূত্য Earl of Surry-র সঙ্গে জার্মানী-ইতালী ভ্রমণ করে। কোন স্থসংবদ্ধ গল্প এর মাঝে নেই কিন্তু কতকগুলি চমকপ্রাদ ঘটনা পর পর ঘটে গেছে। Jack-ই নায়ক, তার জীবনীতে নবজাগরিত ইতালীর পাপ সম্পাম্যিক দৃষ্টিতে চিত্রিত হয়েছে। জ্যাক এবং তার ইতালীয় পত্নী Diamente এক ইছদীর বড়যন্ত্রে গ্রেপ্তার হয় এবং দেই ইছদীর কাছেই দে ক্রীতদাস থাকে। ইছদী তাকে এক ভাক্তারের নিকট বিক্রী ক'রে দেয়, তার দেহ ভিসেক্শন করার জন্ম। সে পালিয়ে ষায় এবং 'পোপের রক্ষিতার প্রণয়ী হয়। Diamente-কে সেই ইছদী পোপ-ব্লক্ষতাকে উপহার দেয়। ব্লক্ষতাকে বিষ দেওয়ার জন্মে Diamente-কে সে শিখিয়ে দেয়। জ্যাক ও তার পত্নী ষড়যন্ত্রের কথা ফাঁস ক'রে দেয় এবং ইছদীর গ্রেপ্তারের পরে তাকে নিষ্ঠরভাবে হত্যা করা হয়। রক্ষিতা একদিন পোপের সঙ্গে (मथा कत्राक त्रांत कात्रा क्लन गृरहत व्यनकातामि निरम्न छेथा इस । এই त्रक्म वह রোমাঞ্চকর ঘটনার সন্নিবেশে গল্পটি গ'ড়ে উঠেছে। লেখকের ব্যঙ্গ-কোতৃক ও ৰাম্বতা এই গ্রন্থানিকে স্মরণীয় ক'রে রেখেছে। এমন কি তাঁর ছোট ছোট বাক্যে প্রকাশের রীতিটি James Joyce-কে পর্যন্ত প্রভাবিত করেছে।

এই সময়ে ছাপাথানার ক্লপায় ইংলতে একটা পাঠক সমাজ গ'ড়ে উঠেছে। এই পাঠক সমাজ না জন্মালে পাঠ্য-উপন্থাস স্থান্ত সম্ভব ছিল না। এই পাঠকগণের চাহিলায় ১৫০০ থেকে ১৬৬০ সাল পর্যন্ত ১৫০ খানা গল্প গল্পগ্রন্থ প্রকাশিত হয়েছিল। এটি The Cambridge Bibliography of English Literature-এর হিসাব। এই গ্রন্থগুলির বেশীর ভাগ ১৫৮০ সালের পরে প্রকাশিত। এই সঙ্গে ফরাসী ইতালীয় এবং স্প্রানিশ গল্পেরও প্রচুর অমুবাদ হয়। তথন থেকেই পুস্তক মুদ্রণ ও বিক্রম ব্যবসায়ে পরিণত হয়। ১৬৫০ সালের পূর্বে এলিজাবেথীয় নাটকের প্রভাব কাটিয়ে গন্থ-সাহিত্য গ'ড়ে ওঠা সম্ভব ছিল না, তার প্রধান কারণ নাটকের অমিত্রাক্ষর ছনটি শক্তিশালী হলেও গত্য-ভাষা উপন্থাস রচনার মত শক্তিশালী হয়নি। ১৬৫০ সালের পরে শিক্ষিত অভিজাত মহলে ফরাসী গল্প-সাহিত্যের অপটু অমুবাদগুলি थूर षनश्चित्र र'रत्न উঠেছিল। Honoré d Urfé-त বह थए निथि Astree, Mme de Scudéri-র Grand Cyrus (১৬৪৯-৫৬) এবং Clélie (১৬৫৬-৬০) প্রভৃতির অবিশান্ত রোমাঞ্চকর কাহিনীই তথন পাঠা। ১৫৯২ সালে গ্রীক লেথক Theophrastus-এর Character-এর অমুবাদ প্রকাশিত হয় এবং তার পরে সম্ভবত: Bacon-এর প্রবন্ধের প্রভাবে লেথকগণ চরিত্রস্থির দিকে মন দেন। এই প্রচেষ্টা ফলপ্রস্থ হয় Clarendon-এর History of the Rebellion-এ, এই গ্রন্থে প্রথম প্রত্যক্ষ ও সম্ভব চরিত্র স্ট হয়। Dampier-এর A New Voyage Round the World-এর প্রত্যক্ষ বর্ণনা নভেলে বাস্তব চরিত্রস্থীর সহায়তা করে। ১৬৬৫ সালের Head লিখিত The English Rogue-এর মধ্যে Meriton Latroon-এর অসংযত জীবন বর্ণিত হয়। এতে চরিত্র না থাকলেও বর্ণনায় সন্ধৃতি লক্ষণীয়। ১৬৭৮ সালে Bunyan-এর Pilerim's Progress (১৮৩¢ সালে খ্রীষ্টান বুক সোসাইটি ঘারা বাংলায় অনুদিত হয়) প্রকাশিত হয়। এটিকে কোন মতেই উপতাস বলাচলে না, তথাপি উপতাসের মূল স্থা বাস্তব দৃষ্টভঙ্গির স্পর্শ এতে রয়ে গেছে। এই ধর্মীয় রূপক হিতোপদেশ দানের জন্মই নিখিত হয়েছিল কিন্তু এর বর্ণনার চমৎকারিত্ব ইংরাজ পাঠক-মন হরণ করে। বাইবেলের মত এই গ্রন্থের প্রভাব অসীম। প্রকৃতপক্ষে এই পুস্তক বিনা ইংরাজ জাতির ইতিহাস ভিন্নরূপও হতে পারত। এই কাহিনী থেকেই ইংরাজী-সাহিত্য গল্প বলবার একটা নির্দিষ্ট রীতি ও শৈলী লাভ করে—জীবস্ত চরিত্র, স্বাভাবিক সংলাপ প্রভৃতি পরবর্তী লেখকগণকে বিশেষভাবে প্রভাবিত করে। এই রূপক বাস্তবতাভিত্তিক, ঘটনা শ্রেণী সম্পূর্ণ বাস্তব এবং বর্ণনা স্বাভাবিক ও স্থন্দর। এই বাস্তবতা The Life and Death of Mr. Badman (১৬৮০)-এ আরও পরিক্ট। এই Badman বাস্তব-জগতের আমাদের দেখা ও জানা একটি Badman.

বানিয়ানের বান্তবতাপ্রীতি ও সত্যান্তসন্ধিৎসার পাশে তথনকার পেশাদার বেশক Mrs Aphra Behn-এর The Royal Slave বা Oroonoko-র মধ্যে একটা বান্তবতার হুর দেখা যায়। ক্লোর ৭০ বংসর পূর্বে তাঁর Noble Savage-এর ধারণা এই প্রস্থে বান্তা বায়। Oroonoko আফ্রিকার কোন রাজার নাতি, হুদর্শন ও মহান্তত্ত্ব। তার সঙ্গে এক সামস্ত রাজকন্তা Imoinda-র প্রণয় হয় কিছে অশীতিপর সম্রাট মেয়েটিকে পছন্দ ক'রে তাঁর হারেমে নিয়ে আসেন এবং বছ ঘটনার পরে তারা ভুজন Surinam-এ ক্রীতদাসরূপে মিলিত হয়। লেখিকা যদিও সত্য

ইতিহাস প্রত্যক্ষদ্রটা হিসাবে বর্ণনা করছেন ব'লে ভূমিকা করেছেন তথাপি কাহিনীর অসম্ভাব্যতা স্থস্পট। অরুনোকো সমস্ত গুণের আধার, শিক্ষিত, আফ্রিকাতে বসেও ইংরাজী ও ফরাসী ভাষা জানে এবং রোমের অতীত শৌর্ধবীর্ধের পূজারী—এগুলি অসম্ভব। কিন্তু এটানদের ক্রীতদাসের প্রতি নির্দয় ব্যবহার প্রত্যক্ষ হ'য়ে উঠেছে এবং লেথিকা ক্রীতদাস অরুনোকোর চরিত্রের চাব্কে এটানদের অ-এটান মনোর্ভিকে কশাঘাত করেছেন। এ থানা বাস্তবতার অস্তরালে চতুর রোমান্স—রোমান্সক্লভ অলোকিকতা, রাজা-রাণী, উচ্চাদর্শ ও হিতোপদেশ-মূলক নিবন্ধ সবই এর মধ্যে আছে।

এই বাস্তব চরিত্র ও কাহিনীর বাস্তবতা স্পষ্টতর হ'য়ে ওঠে Congreve-এর Incognito গছ-কাহিনী এবং The Way of the World এবং Love for Love নাটকে। এই চরিত্রের বাস্তবতা বা স্বাভাবিকতা পরিপুষ্ট হয়েছে Fielding ও Thackeray-র মধ্যে। তথনকার দিনে উপস্থাসের পাঠকগণ ছিল স্বল্লশিক্ষত নিমশ্রেণীর লোক এবং কথা-সাহিত্যও প্রধানতঃ তাদের জন্ম রচিত হত। শিক্ষিত ও সাহিত্যিকগণের কাছে এই নৃতন সাহিত্যের কোন মূল্য ছিল না কিন্তু Congreve-ই এই কথা-সাহিত্যকে প্রথম সাহিত্যমূল্য ও মর্থাদা দিলেন। যে স্বলেখকের মধ্যে প্রকৃত চরিত্রস্থান্তর ক্ষমতা ছিল তারাও প্রয়োজনের তাগিদে সেশক্তিকে থব করেছেন। এমন কি ১৭১১ সালে Addison যথন Spectator-এ লিখতে আরম্ভ করেন তথনও প্রকৃত নভেল স্থান্তর কোন প্রেরণা দেখা দেয়নি। কারণ নভেল জিনিস্টাই তথন ভন্তলোকের জিনিস ছিল না। তাই ভন্তলোকে নভেল লিখতেন না।

১৮শ শতকের বিতীয় দশকে এসে যে লোকটি প্রথম নভেল সৃষ্টি করলেন তিনি সাহিত্যিকও নন, Gentleman-ও নয়, একজন সামাগ্য ব্যবসায়ী মাত্র। Defoe নভেল সৃষ্টি করতে চাননি, আর্টচর্চাও তাঁর জীবনের কাম্য ছিল না, তিনি শুধু নিজের অভিজ্ঞতাটুকু বলতে চেয়েছেন এবং এই অভিজ্ঞতাই আক্ষিকভাবে প্রকৃত নভেলে পরিণত হয়েছে এবং নভেল সৃষ্টির পথ স্থগম ক'রে দিয়েছে। তাঁর রচিত ৩৭৫ খানি গ্রন্থের মধ্যে স্বাপেক্ষা প্রসিদ্ধ তাঁর The Life and Strange Surprising Adventure of Robinson Crusoe, of York, Mariner. ৫৯ বংসর বয়সে তিনি এই গ্রন্থ রচনা করেন। তিনি স্মালোচকদের অকুণ্ঠ প্রশংসাধ্য নন, এমনকি Swift তাঁর প্রতি তীব্র কটাক্ষ ক'রে বলেছিলেন, "The fellow that was pilloried, I have forgot his name." (৩১২) যে শ্রেণীর লোক বাস্তবস্থি ও ব্যবহারিক জ্ঞানের প্রয়োগে ১৮শ শতকের শেষে শিল্পবিপ্লব সৃষ্টি করেছিল এবং যারা ধর্মের দিক থেকে ছিল প্রোটেস্টাণ্ট এবং ব্যক্তিগত কর্তব্যবৃদ্ধি ও দায়িম্ববোধ নিয়ে জীবনে অগ্রসর হয়েছিল, ডিফো ছিলেন সেই শ্রেণীযুক্ত।

⁽৩১९) The English Novel.—Walter Allen—p. 37.

এঁদেরই সগোত্ত Joseph Priestly এবং James Watt এবং এঁরাই ইয়র্কশায়ারে ও ল্যান্ধানায়ারে যান্ত্রিক তাঁতশিল্পের প্রতিষ্ঠাতা।

ভিকো বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পাননি সত্য কিন্তু তিনি পণ্ডিত ব্যক্তি। ছয়টা ভাষা জানতেন—জীবনও তাঁর বৈচিত্র্যময়, দোকানদার, কাফশিল্পকার, সাংবাদিক, সরকারী গুপ্তচর প্রভৃতি বহুরূপে তিনি জীবিকার্জন করেছেন। তাঁকে কেবল নভেল নয়, সাংবাদিকতারও প্রষ্টা বলা যায়। তাঁর কৌতৃহলও ছিল অসাধারণ, মনটা তথ্য সংগ্রহের জক্তই যেন সর্বদা ব্যাকুল। তাঁর নিবন্ধ Essay on Projects এবং A Tour Through Great Britain তাঁর সংগাত্র জনগণের ব্যবহারিক জ্ঞানসমৃদ্ধ।

রবিনসন কুসোর মধ্যে তিনি উপস্থাস স্ঠেষ্ট করতে চাননি বরং পাঠকগণ সভ্য ব'লে মনে করবে, এমন একটা জীবন-কাহিনী রচনা করতে চেয়েছিলেন। এই গ্রন্থে তথনকার ভৌগোলিক, বৈজ্ঞানিক জ্ঞান ও ভ্রমণবৃত্তান্তের তথ্য সন্নিবেশিত হয়েছে। কাহিনীর মধ্যে অবিশ্বাস্থ্য অনেক ঘটনা আছে কিন্তু চরিত্রস্থাই, দিন-ক্ষণ, তারিধ সমন্বয়ে নিথুঁত বর্ণনা এমনভাবে চলেছে যে অবিশ্বাস্থ্যও সম্পূর্ণ বিশ্বাসযোগ্য হ'য়ে উঠেছে। কুসোই প্রথম ব্যক্তিশ্বাতদ্মপূর্ণ চরিত্র, সে একাই সমগ্র পরিবেশকে পূর্ণ ক'রে আছে। এই বিশেষ দৃষ্টিভঙ্গি ও বর্ণনা ডিফোর ব্যবহারিক জ্ঞান ও স্ক্ষ্ম কল্পনাশক্তির দান—শিল্পবিশ্বাত্তর ইংরাজ জাতির স্বাধীন মনোবৃত্তি ও অভিযানপ্রিয়তার প্রতীক। তথনকার দিনের আরও কয়েকথানি বই যথা, St. Augustine-এর Confessions, Pepys এবং Evelyn-এর ডায়রী—কিন্তু এগুলি ঠিক ডিফোর সমসাময়িক নয়। কুসোর মধ্যেই প্রথম একটি পরিপূর্ণ চরিত্র আমরা দেখতে পাই। কুসো ভগবানের স্ট মাহ্মর, জাতিতে ইংরাজ। যে নিজেকে সাহায্য করে ভগবান তাহাকে সাহায্য করেন এমনি একটা আত্মবিশ্বাস নিয়ে চরিত্রটি গ'ড়ে উঠেছে। কুসো ১৮৫৩ সালে ভার্নাকুলার লিটারারী সোসাইটি কর্তৃক বাংলায় অন্দিত হয়]।

কুদো প্রকাশের সঙ্গে সঙ্গে তার ব্যঙ্গ-অহকৃতিও (Parody) প্রকাশিত হয়, তাঁরা বিজ্ঞপ করলেন এটা সম্পূর্ণ মিথ্যা কাহিনী বলে। ডিফো'বলেন, একাহিনী একটি রপক। Selkirk or Dampier-এর নাবিক জীবনের মত একটা কল্লিত জীবন-কাহিনী কিছ তার মধ্যে একটি পরম সত্য বড় হ'য়ে উঠেছে। মাহ্ম্ম্ব ভগবান ও তাঁর স্ষ্টের মধ্যে সম্পূর্ণ একক,—কুসোর জীবন এই একাকীত্বের প্রতীক— অনস্তকালের কোলে কুসো একক জীবনের প্রতিনিধি হ'য়ে আছে। তাঁর অস্থায় প্রসিদ্ধ গ্রন্থের মধ্যে Journal of the Plague Year, এবং Moll Flanders প্রসিদ্ধ। এই গ্রন্থে কুসোর অভিযান ও আক্ষ্মিকতা নেই কিছ উপ্যাসের মূল স্ব্রে সাধারণ মানবের জীবনসত্য বিশ্বত হ'য়ে আছে।

Moll Flanders দামাজিক উপক্যাস—মাহ্র পারিপার্থিক অবস্থার প্রভাবে কেমন ক'রে পাণাচারী হ'য়ে উঠতে পারে তারই আলেখ্য। এই পাণাচারীর আত্মজীবনী ও অপরাধের স্বীকারোজিই এর কাহিনী। জুসো ও মলের জীবনী ভিন্ন, কিন্তু রচনার দিক থেকে কোনটি উৎকৃষ্টতর তা বলা কঠিন। Moll পূর্ণ চরিত্ররূপে তার স্ত্রী-হাদয়কে ব্যক্ত করেছে—এই স্বাভাবিক সজীব চরিত্র স্থান্টর জন্মই ডিফোকে প্রথম ঔপত্যাসিক বলা হয়। বানিয়ান না জন্মালে ইংরাজ জাতি যা হয়েছে তা হত কিনা সন্দেহ। ডিফোর ক্রুসো ব্যতীত ইংরাজী সাহিত্য কী হতো তা বলা যায় না। ডিফোর প্রভাব তাঁর বিরোধী Swift-এর মধ্যেও স্ক্রুষ্ট। Gulliver's Travel,—fiction, নভেল নয় যদিও নভেলের ব্যক্ষ ও বক্রোজিরয়েছে, তব্ও এইগুলিই নভেলের একমাত্র ধর্ম নয়।

ইংরাজী উপন্থাস পরিপূর্ণ হ'য়ে প্রকাশ পায় Richardson এবং Fielding-এ। ১৭৪০ থেকেই ইংরাজী নভেলের পুশিত যুগ এবং এই সময়ই শিল্পবিপ্রবের স্ক্রেনা বলা যায়। শিল্পবিপ্রবের ফলে ১৮৬০ সালের পূর্বেই একটা মধ্যবিত্ত শ্রেণী গ'ড়ে উঠেছিল। স্ত্রী-শিক্ষারও প্রসার হয়েছিল, তাদের অবসর বিনোদনের জক্ত পুশুক চাই। গ্রন্থপ্রকাশ ও বিক্রয় একটা ব্যবসায়ে পরিণত হয়েছে—অর্থাৎ বই মৃত্রণের পরে লাভক্ষতির প্রশ্ন উঠেছে, রস নিবেদনের প্রয়োজনটা কমে গেছে। পুশুকের জনপ্রিয়তা এবং বিক্রয়লন্ধ ম্নাফাটা প্রাধান্ত লাভ করেছে। ব্যক্তিবাদপ্রস্ত অহংকেন্দ্রিক বৈজ্ঞানিক যুক্তিভিত্তিক সভ্যতা পূর্বেই নীতি-ধর্মের সঙ্গে সম্পর্ক্তাত হয়েছিল, এখন শিল্পায়নের যুগে মাহ্রেরে বৈশ্বরুত্তির কাছে দাসত্ব স্থীকার করতে বাধ্য হল। লেখক-প্রকাশক হাত মিলিয়ে মাহ্রুরের স্থভাব-প্রবৃত্তির ছর্বলভার স্রযোগে অর্থার্জন আরম্ভ করল। শিল্পায়নের প্রথম যুগে স্বর্ত্তই এই একই ধারা চলেছে, বর্তমান ভারতের শিল্পায়নের যুগও এর ব্যতিক্রম নয়।

Samuel Richardson ১৬৮৯ माल छार्विमायादत জন্মগ্রহণ করেন। স্থলে তাঁর নিক্নেম ছিল "Serious and Gravity"—এটি তাঁর সারা জীবনেরই নাম। ঘটনাচক্রে তিনি উপন্থাস লিখতে স্বক্ষ করেন। ১৭ বছর বয়সে তাঁকে লণ্ডনে এক ছাপাখানায় শিক্ষানবিশী করতে পাঠানো হয়। চার্চে যোগ দেওয়ার ইচ্ছা ছিল কিন্ত উপযুক্ত শিক্ষা লাভের সঙ্গতি ছিল না। কার্যদক্ষতার গুণে তিনি হাউস অব্ কমন্সের পত্তিকা মুদ্রণের ভার পান এবং রাজার Law Printer হন। ৫০ বৎসর বয়সে উপত্যাস রচনা করতে আরম্ভ করেন। ১৭৩৯ সালে লগুনের এক প্রকাশকের জন্ম Familiar Letters সংকলনের জন্ম তাঁকে ডাকা হয়। এই সংকলনের মুখ্য উদ্দেশ্য ছিল লিপিলিখন শিক্ষা দেওয়া। তাতে কিছু নীতিমূলক সন্দৰ্ভও থাকবে। এই সময়ে পঁচিশ বৎসর পূর্বে শোনা একটা গল্প তাঁর মনে পড়ে যায়—তথন তিনি দেশে ছিবেন। জনৈক ধনাত্য ব্যক্তির মাতা গরীব ঘরের একটি কুমারীকে ঝি রেখেছিলেন। মাতার মৃত্যুর পরে ঝি-টির কৌমার্য হরণ করার জত্তে ধনী ব্যক্তিটি বহু চেষ্টা করলেন কিন্তু মেয়েটি নানা ভাবে বৃদ্ধি ও কৌশলে তার সতীত্ব রক্ষা করল। শেষে পরাজিত হ'য়ে তাকে তিনি বিবাহ করতে বাধ্য হন এবং মেয়েটিও আদর্শ গৃহবধৃ হ'য়ে ওঠে। তার এই সংবৃদ্ধিই (Virtue) তাকে জয়ী করে। রিচার্ডসন তথন পত্রসংগ্রহ সংকলন ছেড়ে এই কাহিনীকে পত্রাকারে লিখে ফেলেন এবং এইটি তাঁর প্রাসদ্ধ উপক্যাস Pamela বা Virtue Rewarded!

দেখতে দেখতে তিনি জনপ্রিয় হ'ষে ওঠেন—বিশেষতঃ স্বল্পক্ষিতা পাঠিকা-মহলে।
তাঁর বিষয়বস্তু ঘটনাবিন্তাস সম্পূর্ণ নৃতন। বিছমের তুর্গেশনন্দিনী ষেমন একদিন
বাঙালী পাঠককে চমৎকৃত করেছিল। রিচার্ডসনের এই উপন্তাসও তেমনি ইংরাজ
পাঠকগণকে চমৎকৃত করল। এই সময়ের পুস্তক-ব্যবসায় বেশ পুষ্টিলাভ করেছে
এবং বিক্রি হওয়াটা তথন অত্যাবশ্রক, অতএব রিচার্ডসন এমন একটা কোতৃহলপ্রাদ
পথ ধরলেন যাতে বিক্রিটা ও বিক্রয়লক্ষ অর্থটা বেশ শাস্মৃক্ষ হয়। অতএব
যৌন কোতৃহল উদ্দীপ্ত করাই জনপ্রিয়তা লাভ করার প্রশন্ত পথ। (৩১০)

যাই হোক তথনকার সমাজের যে শ্রেণীবিক্যাস ছিল তাতে ধনিক সম্প্রদায় তাঁদের নিষ্ঠুর ঔদ্ধত্য ও নীতিহীনতা নিয়ে এমন ভাবে চলতেন যে তাঁদের শোষণ পেষণের সামনে সাধারণ লোক অসহায় হয়ে পড়েছিল। সংবৃদ্ধিই এই নীতিহীনতার প্রতিবাদ। রিচার্ডসন রাজনৈতিক প্রতিকার থোঁজেননি কারণ নিজেও তিনি টোরী ছিলেন। তিনি ধর্ম-নীতির দিক থেকে এই ত্নীতিও অফ্যায়ের প্রতিবাদ করেছেন। নারীর মর্যাদাবোধকে নৈতিক বনিয়াদে প্রতিষ্ঠিত ক'রে সাধারণের সামনে তলে ধরেছিলেন।

তাঁর Clarissa ১৭৪৮ সালে প্রকাশিত হয়। এই বৃহৎ উপস্থাস আজ্
আর পাঠোপযোগী নেই, কিন্তু তৎকালে এর থ্যাতি ও প্রভাব ছিল অপরিসীম।
এর কাহিনীও পামেলার মত একদিকে নারীর সতীত্ব বৃদ্ধি, অন্থ দিকে শক্তিমান
পুরুষের ভয়াবহ লোলুপতা। কিন্তু এর ঘটনাবিস্থাস ও বর্ণনা অনেক উচ্চাদ্ধের।
ক্যারিসার অনাকাজ্জিত পাত্রের সঙ্গে জোর ক'বে বিবাহ দেওয়ার চেষ্টা হয়, সেই
সময়ে সে আত্মরক্ষার্থে Lovelace-এর সঙ্গে পালিয়ে গিয়ে বেশ্রালয়ে স্থান নেয়।
সেখানে ক্যারিসা লাভলেদ্কে ভালবাসে। লাভলেদ্ ভালবাসার ভাণ দেখিয়ে
বিবাহের প্রতিশ্রুতি দিয়ে তার সতীত্ব নাশ করতে উন্থত হয় কিন্তু ক্যারিসার
সতীত্বোধের কাছে পরাজিত হয়। অবশেষে ঔষধে অজ্ঞান ক'রে লাভলেদ্ তাকে
ধর্ষণ করে। তারপর বহু অন্ধ্রোধেও সে আর লাভলেদ্কে বিবাহ করতে রাজি
হয় না এবং এককভাবে মৃত্যুবরণ করে। লাভলেদ্ও ঘন্দম্ব্রে মারা যায়। এ
কাহিনীও পত্রাকারে বর্ণিত। এধানেও সংবৃদ্ধিই জয়ী হয়েছে—ধনগবিত পুরুষের
উদগ্র কামনাকে তিরন্ধার করা হয়েছে।

তাঁর তৃতীয় উপন্থাস Sir Charles Grandison একই রীতিতে লেখা। পত্রাকারে কাহিনী বর্ণনা কৃত্রিম সন্দেহ নেই, কিন্তু এতে নাটকীয়তা আছে, নাটকীয় সংলাপের হুযোগ আছে। রিচার্ডসনের স্পষ্ট জগত ঠিক বান্তব নয় বরং কৃত্রিম, বাকে Hazlit বলেছেন "artificial reality"; কিন্তু মাঝে মাঝে,

⁽৩১৩) Richardson had discovered one of the most potent formulas of the best-selling novels, what has been called 'the principle of procrastinated rape.' There is Pamela, there is Mr B, hot in persuit of her virginity. Will she lose it? Will she? Won't she? The suspense is everywhere the English Novel—Walter Allen—p. 44.

বিশেষতঃ ক্লারিসার বেশালয়ের বর্ণনা প্রত্যক্ষতায় Zola-র সমতৃল। তাঁর চরিত্র সংখ্যা স্বল্প কিন্তু প্রত্যেকেই আপন বৈশিষ্ট্যে সমূজ্জন। V. S. Pritchett রিচার্ডদনের কামার্ত দৃষ্ঠাবলীর জন্ম তাঁর নিন্দা করেছেন। কিন্তু ফ্রায়েডের মনোবিজ্ঞান আবিষার হওয়ার পরে অন্ততঃ তাঁর এই Procrastinated Rape বে যৌনবৃত্তি চিত্তায়িত করেছে তা Smollet বা Sterne-র তুলনায় অনেক ভব্য বলা যায়। প্রকৃতপক্ষে এই ধর্ষণের ঘটনা ব্যতীত ক্ল্যারিসা-চরিত্র অসম্পূর্ণ থেকে যেত। এই কলঙ্কের পরে লাভলেস্কে প্রত্যাখ্যানের মধ্যেই তার সতীত্বদ্ধি ও চরিত্র উজ্জ্বল হ'য়ে উঠেছে। লাভলেসের চরিত্রও অপূর্ব গতিবেগ ও সজীবতা নিয়ে স্ট হয়েছে; তার অহমার, প্রণয়যুদ্ধের গর্ব ও পৌরুষ তাকে শ্বরণীয় ক'রে রেখেছে। Lovelace ইংরাজী সাহিত্যে Don Juan, Hamlet বা Don Quixote-এর মত এমন একটি চরিত্র যা যুগ্যুগান্ত সাম্বকে আনন্দ দিয়েছে। মানুষের-পুরুষের একটা অংশকে পূর্ণভাবে প্রকাশ করেছে। Don Juan বা Shadwell এর The Libertine তিনি হয়ত পড়েছিলেন, তবুও লাভলেনের মধ্যে ইংরাজের জাতীয় বৈশিষ্ট্য, সমাজব্যবস্থা ও অভিযানস্পৃহা নৃতন ভাবে ফুটে উঠে একে মৌলিক চরিত্রে পরিণত করেছে। ফরাসী লেখক Marivaux-এর Lavie de Marianne দশবংসর পূর্বে প্রকাশিত হয় এবং ইংরাজীতে অন্দিতও হয়। এই উপক্তাদের কাহিনীর সকে পামেলার অনেক সাদৃভ আছে। তিনি ঋণী কিনাবলা যায় না, তবে একই সমাজের অবস্থায় বিভিন্ন মাহুষের মধ্যে একই চিন্তাধারা আসা অসম্ভব নয়। ১৭৪• সালের যুগে ইংলও ও ফ্রান্সের সমাজব্যবস্থ। প্রায় একই রূপ ছিল এবং হয়ত একই চিস্তাধারা থেকে তুইজন একই রকমের উপক্যাস লিখেছেন। পরবর্তী লেখকগণের উপর রিচার্ডসনের প্রভাব অপরিমেয় এবং কোন লেথকই তাঁর প্রভাব এড়িয়ে যেতে পারেননি। Johnson বলেছিলেন, তিনি মাছবের অজ্ঞাতেই মাহুবের এবং মাছুষ সম্বনীয় জ্ঞান অনেক বাড়িয়ে দিয়ে গেছেন। রিচার্ডদন মানব-মনের ভাবাবেগ, আত্মদমীকা, ও উদ্দেশ্যকে ব্যক্ত ও বিশ্লেষণ ক'রে মানব-অন্তরের অহুভৃতি ও ভাবপ্রবণতাকে অনেকখানি প্রাণময় ক'রে দিয়েছিলেন এবং তারই ফলে রুশো, ডিকেন্স ও প্যাকারের রচনা সম্ভব হয়েছে। পরবর্তী লেথকগণ তাঁর পত্রাকারে বর্ণনার রীতিকে ত্যাগ করেছেন। রিচার্ডসনের চরিত্রে মাম্বরের মনের কথা প্রত্যক্ষভাবে ব্যক্ত হয়েছে স্বগতোজিতে, কিন্তু চরিত্র-সংঘাতের তথা ব্যক্তি-সংঘাতের ঘারা চরিত্র সৃষ্টি হতে এর পরেও শতাধিক বৎসর কেটে গেছে। অর্থাৎ বর্তমান যুগের উপস্থাস সাহিত্যে ঘটনা ও ব্যক্তিসংঘাতে চরিত্র স্ষষ্টির যে রীতি-পদ্ধতি চলে, তার প্রচলন হতে আরও শতাধিক বৎসর লেগেছিল। (৩১৪)

⁽৩১৪) Abbe Prevost পামেলা ও ক্ল্যারিসাকে ফরাসীতে অমুবাদ করেন। Diderot তাকে হোমার ইট্টরিপিডিসের সঙ্গে তুলনীয় মনে করতেন। রুশোর Nouvelle Heloise তার Clarissa-র অমুকৃতি। Ibid—Drinkwater—p. 316

Henry Fielding (১৭০৭-৫৪)-এর রচনারীতি ও চরিত্রচিত্রণ পদ্ধতির প্রভাব ১৯শ শতকের অনেক দ্র পর্যন্ত চলে এসেছিল। তাঁর প্রথম উপন্থাস Joshep Andrews পামেলার ব্যঙ্গ হিসাবেই রচিত হয়—রিচার্ডসনের ঘটনাবিন্থাস ও মূল্যায়নকেও তিনি ব্যঙ্গ করেন। তিনি মনে করলেন, পামেলার একটি ভাই থাকা উচিত,—সে হবে সৈনিক এবং ধার্মিক জোসেফ। তার বোন ধেমন Lady Booby-র ভাতৃস্থাকে প্রত্যাখ্যান করবে, জোসেফও তেমনি লেভি ব্বির প্রণয় প্রত্যাখ্যান করবে। এ-ভাবে উপন্থাস আরম্ভটা তাঁর ভূল হলেও, শীঘ্রই তিনি তাঁর লিথবার বস্তু ও রীতি পেলেন। তিনি খ্যাতিমান লগুনের ম্যাজিস্টেট ছিলেন, জীবনের অভিজ্ঞাতও তাঁর প্রচুর এবং জীবনে ভেগেও করেছেন প্রচুর। অভিজ্ঞাত বংশে জন্ম হলেও তিনি জীবনে তথনকার অর্থনৈতিক এবং সামাজিক অসামঞ্জ্য ও অসহায়তা ভোগও করেছেন এবং দেবেছেনও। অনেকে বলেন, রিচার্ডসন লিখেছেন মেয়েদের জন্ম এবং ফিল্ডিং পুক্রের জন্ম।

Fielding ও রিচার্ডদনের মত আকম্মিক ভাবে নভেল-লেথক হন।
১৭৩৭ সালে মঞ্চের সেন্সর আইনের ফলে তাঁর Sir Robert Walpole-কে নিয়ে
লেখা নাটকের অসাফল্যের পরে তাঁর নাট্যকার-জীবনের শেষ হয়। তারপর
কিছুদিন তিনি Western Circuit-এ ব্যারিন্টারী করেন এবং রাজনৈতিক
সংবাদদাতার কাজ করেন। কিছুদিন পরে ওয়েন্ট মিনিন্টার ও মিড্লুদেক্সে

Justice of the Peace নিযুক্ত হন। তাঁরই প্রচেটার বছ বিচার বিভাগীর
সংস্কার হয় এবং এই সংস্কারের মাধ্যমে তিনি দেশের পাপাচার বন্ধ করারও চেটা
করেন। তাঁর এই কর্মব্যক্ত জীবনের উপ-উৎপাদন হিসাবে তাঁর উপক্রাসের স্কষ্টি।
সমাজ-সংস্কারের জন্মেই তিনি Tom Jones এবং An Inquiry into the
Cause of the late increase of Robbers লেখেন। ১৮শ শতকে ঘূর্নীতি
ও পাপাচারের জন্ম বহু নিষ্ঠুর প্রাণদণ্ড হত। একমাত্র লণ্ডন শহরে ১৭৩৫ সালে
লণ্ডনের ঘূর্নীতি দূর করার জন্ম ১৯০৮ টি ক্ষেত্রে সামাজিক ও রাষ্ট্রিক ব্যবস্থা গ্রহণ
করা হয়েছিল। এই ঘূর্নীতি ও পাপাচারের বিক্রন্ধেই তিনি লেখনী ধারণ করেন।

তিনি একদিকে ব্যক্ষার ও অন্তদিকে নীতিপরায়ণ। তাঁর Joseph Andrews ব্যক্ষেও প্রকাশ-নীতিতে Swift-এর The Battle of the Books , এবং Pope-এর The Rape of the Lock-এর সমগোত্তীয়। এই উপন্তাদের Parson Adams ইংরাজী সাহিত্যের একটি শ্বরণীয় চরিত্র। এই চরিত্রটির উপর জন কুইকজোটের যথেষ্ট প্রভাব আছে কিন্তু তা হ'লেও এয়াডাম খাঁটি ইংরাজ। তাঁর ভূলো মন, পাণ্ডিত্যের গর্ব, মান্তবের মন্ত্রত্বও মহত্বে নেহাত ছেলেমান্ত্রনী বিশ্বাস—উপন্তাদের প্রাণকেন্দ্র। এই বিশ্বাদের স্থ্যোগে তাঁকে সকলেই প্রভারণা করেছে। তাঁর দৃচ বিশ্বাস, ধর্মে বিশ্বাস রাখতে হবে, ধর্মপ্রচার করতে হবে এবং বিশ্বাস নিয়েই তিনি জগতকে দেখেন, মান্তবকে বিচার করেন। তাঁর চরিত্র বির

ষে ব্যঙ্গ ভাই তাঁর চরিত্রকে প্রাণবস্ত করেছে। কুইকজোটের সমগোত্রীয় চরিত্র আাডামের সারলা ও ধর্মবিশাসই জগতের ক্লেদ ও গাদিকে উন্মৃক ক'রে দিয়েছে। ভগবানের কাছে সং ও ধার্মিক টার্ক বা পৌত্তলিকও অসং প্রীষ্টান থেকে বেশী আদিরণীয়, এই কথাটি আাডামের সারমনে লেখায় প্রকাশক তা প্রকাশ করতে চায়নি—এমনি সব শ্লেষ ও ব্যক্তে তিনি সমাজের ভণ্ডামি ও সংকীর্ণতাকে কশাঘাত করেছেন।

তাঁর চরিত্রগুলিই ভারু কুইকজোট শ্রেণীর নয়, তাঁর বলবার রীতিও কারভেনটিনের অন্তর্মণ। Joseph Andrews—Lady Booby-র ভূত্য ছিল। দে ক্রমীর এবং তার দাসী Mrs Slipslop-এরও প্রণয় প্রত্যাখ্যান করায় তার চাকুরী ষায়। সে বাড়ী ফিরে আদে তার প্রণয়িনী Fanny-র কাছে। তার চরিত্র গঠনের দিক থেকে সে Parson Adams-এর শিক্স-পথে আসতে তার সঙ্গে দেখা। আাডায লগুন যাচ্ছিলেন তাঁর সারমন প্রকাশের জন্ম কিন্তু বইটি তিনি সঙ্গে আনেননি। ষ্মতএব জোদেফের সঙ্গে তাঁকে ফিরতে হল। ফিরবার পথে, তুজন সরাই-খানার মালিক, নিষ্ঠুর দায়িজবোধহীন গ্রাম্য ভদ্রলোক, স্পর্ধিত ধর্মঘাজক প্রভৃতির সঙ্গে দেখা। এই কৌতুকের মধ্য দিয়ে তিনি দেশের সর্বশ্রেণীর লোকের ছুর্নীতি ও নির্দ্ধিতাকে শ্লেষ ব্যক্তে ক্ষাঘাত করেছেন। এক একটি চরিত্তের মধ্যে সেই শ্লেণীর নষ্ট চরিত্র প্রতাক্ষ হ'য়ে উঠেছে, তার সঙ্গে প্রতাক্ষ হয়েছে সমাজ-জীবনের ক্রটি ও কাহনীতিহীনতা। ফিল্ডিং বলেছিলেন. "I describe no men but manners, not an individual but a species." But he always describes the species in terms of the individual. (১১৫) জোনেক ডাকাতের হাতে পড়ে আহত হ'রে বিবস্ত্র অবস্থায় বরফ শীতলতার মধ্যে পড়ে আছে, এমন সময় একথানা কোচ এল, তারা তাকে তুলে নিতে চাইল কিছ সে বিবস্ত্র বলে যাত্রীরা আপত্তি করলেন, কারণ এটা অসভাতা। শীতে মৃতপ্রায় এই লোকটিকে কেউ এক টুকরো কাণ্ড দিলে না, ওভারকোটে রক্ত লাগবে, শীত করবে অজুহাতে। অবশেষে এক সহিগ শ্রেণীর লোক তার ওভারকেট খুলে দিয়ে সার্ট গায়েই ঘোড়ায় চলল। এমনি সব ঘটনার মধ্যে তীক্ষ ভাষায়, তাঁত্র ব্যক্ষে তিনি সভ্য মাকুষের অবিবেচনা, শিক্ষা ও ভদতার মুখোশ খুলে দিয়েছেন।

ব্যক্ট তাঁর লেখার মূল উপাদান। The History of the late Mr. Jonathan Wild the Great (১৭৪০)-এই তাঁর এই ব্যক্ষ তীক্ষতম হয়েছে। ইংরাজী সাহিত্যে এমন ব্যক্ষ-শ্লেষ তীক্ষ গছসাহিত্য সত্যই তুর্লভ। জোনাধান চোর-ডাকাতের খুনখারাবীর পাণ্ডা, তার ফাঁসি হয়েছিল ১৭২৫ সালে। তাকে বেশ শ্রুদ্ধার সঙ্গে বৃহৎ ও বড় ক'রে দেখান হয়েছে—এই সামাজিক বড়ত্ব মানবজাতির উপর সর্বর্কমের অক্যায় ও অত্যাচার চালিয়ে দেয় এবং মাহুষের মধ্যে যারা ভালো

⁽⁹³⁴⁾ Ibid-W. Allen-p. 58.

ভারা এই অনাচারকে দ্র করে। ওয়াইল্ড ফুর্নীভিপরায়ণ জগতের অভিমানব, য়ার কাছে ভালমন্দ কিছু নেই, মানবিকতা-মহন্ত্ব-কর্মণা তার জীবনে ছিল কিছু তার কাছে সে আত্মবিক্রয় করেনি। শেষ পর্যন্ত সে লগুনের পাণজগতে জয়ী। তার বিরুদ্ধে তার সহপাঠী বরু Heartfree-কে লাগিয়ে দেওয়া হয়। এই লোকটিকে ওয়াইল্ড ঠিকয়েছে, তার সম্পত্তি ভাকাতি ক'বে নিয়েছে, তার স্ত্রীকে হয়ণ করেছে। এই চরিত্র জেলে থাকাকালীন খুন ক'রে পালানর হুযোগ পেয়েও পালায়নি এবং একই সলে বরুকে ও স্ত্রীকে ভালবাসে দেখে, জেলশুদ্ধ কয়েদী তাকে ছি-ছি করেছে এই অপদার্থটিকে। হার্টফ্রির ফাঁসি হওয়ার আগে তার স্ত্রীর সঙ্গে ১০ মিনিট দেখা করার জয় ৫ গিনি এবং একঘণ্টার জয় ২০ গিনি চেয়েছিল জেলার, এবং টাকা নিয়ে নিদিষ্ট সময়ের পরে জানাল যে, তাকে মার্জনা করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িয়ে সরকারী কর্মচারীর বিবেকহীনতা ও ছ্নীতিকেও তিনি সমানভাবে আঘাত করেছেন।

The History of Tom Jones তাঁর শ্রেষ্ঠ পুস্তক। সাহিত্যে টম জোন্দ নতুন ধরনের অ-নায়কোচিত নায়ক। সে রক্তমাংসের তুর্বলচিত্ত সাধারণ মাতুষ (L'homme moyen Sensuel)। টমকে প্রথম Allworthy-এর বিছানায় পরিতাক্ত অবস্থায় পাওয়া যায়। তাকে জারজ সন্তান মনে করে দাসী Mrs Deborah Wilkins অত্যন্ত ঘূণার সঙ্গে চার্চে ফেলে দিয়ে আসতে বলেন। কিন্তু ष्मन ७ शार्मि जारक नानन-भानन करतन। है स्वत अधान माक इस ष्मन ७ शार्मित ভাতৃপুত্র Blifil। সে তার নিন্দা প্রচার ক'রে তাকে মিথ্যাভাবে অপরাধে জড়িয়ে (मग्न, এবং অञ्चन्न अन अमर्नित्क नागित्त जिल्हा जातक वाड़ी (थरक जाड़ित्य (मग्न ইতোমধ্যে সে Sophia-র প্রণয়াসক্ত হয়েছে—সোফিয়া নিকটবর্তী অভিজাত বংশীয় Squire Western-এর করা। গৃহচ্তে টম প্রথমে নাবিকরণে পরে সৈনিকরণে কাজ করে। Upton-on-Severn-এ পুনরায় সোফিয়ার সঙ্গে দেখা। তার বাবা তাকে ব্রিফিলের সঙ্গে বিবাহ দিতে চেষ্টা করায় দে বাড়ী থেকে চলে এদেছে। 'সোফিয়া লগুনে চলে যায়, এবং তার একখানা ফেলে-যাওয়া পকেট বই ক্ষেবৎ দিতে টমও লগুন যায়। সোফিয়াকে বিবাহ করা অসম্ভব জেনে এবং তাতে সোফিয়ার ক্ষতি হবে মনে ক'রে সে Lady Bellaston নামে বর্ষিয়দী এক কেভাছরল্ড মহিলার প্রণয়ী হয়, তার কাছ থেকে টাকাকড়িও নিতে থাকে। তার সঙ্গে ছাড়াছাড়ি হওয়ার পরে লেভি বেলাস্টনের প্ররোচনায় এবং সোফিয়ার নৃতন প্রণয়াকাজকী Fellamar-এর ষড়বদ্ধে জেলে যায়। এই সময়ে তার জনারহস্থ প্রকাশ পাওয়ায় সে সোফিয়াকে বিবাহ করে এবং ব্লিফিল নির্বাদিত হয়। Tomকে মাঝে Molly Seagrim নামে একটি মেয়ে যথন তার জারজ সম্ভানের পিতা বলে আটকাতে চায় (অবশ্র এটা অসম্ভব নয়) তথনই টম বুঝতে পারে সে সতি৷ই সোফিয়াকে जनवारम ।

টম চরিজের এই উথান-পতন তাকে সাধারণ মাহুষের স্ভা ও স্বাভাবিক

রূপটি প্রকাশ করেছে, এই ন্তন অ-নায়কোচিত নায়ক স্পষ্টই ফিল্ডিং-এর অবদান।
টমের নৈতিক অধংপতন নিয়ে বহু বিরূপ সমালোচনা হয়েছে কিছু ১৮শ শতকে এই
চারিত্রিক অলন-পতনকে প্রতারণা-শঠতা-নিষ্ঠুরতার চেয়ে অল্পতর পাপ ব'লে মনে
করা হতো এবং টমও তাই-ই করেছিল। এই উপস্থাসের চরিত্রের ভিড়ে টম একটি
সভ্য বাস্তব ও উজ্জ্বল চরিত্র, তাছাড়াও বহু চরিত্র অল্প পরিসরের মধ্যেও সত্যকার
রক্তমাংসের স্বাভাবিক মাহ্য। তাদের ত্র্বলতাও সহজ্ব মানব-চরিত্র নিয়ে ফ্টে
উঠেছে।

১৭৫১ সালে প্রকাশিত Amelia তাঁর পারিবারিক উপতাস। এামেলিয়া চরিত্রটি তাঁর শ্রেষ্ঠ স্বষ্ট কিন্তু উপত্যাস হিসাবে এথানি থুব সফল নয়। এই উপত্যাসেই তিনি প্রথম অতীত বীক্ষণ (বর্তমান Flash Back) পদ্ধতির প্রয়োগ করেন। টম জ্যোক্ষর মাঝে অনেক চরিত্রের ভিড়, তার মধ্যে সমাজের একটা সামগ্রিক রূপ ফুটে উঠেছে কিন্তু এ্যামেলিয়া একটি স্থসংবদ্ধ ঘনীভূত ছবি। উপত্যাসের Miss Metthews এবং Colonel Bath তুইটি জ্ঞটিল চরিত্র; এমন জটিল চরিত্র পূর্বে সাহিত্যে স্কৃষ্ট হয়নি। তাঁদের মধ্যে এ্যামেলিয়ার চরিত্রটি শান্ত পেলব সৌন্দর্যের আধার, প্রবঞ্চনাময় পাপাচারী জগতকে সে যেন তার শান্ত মাধুর্যে মন্ত্রশান্ত ক'রে দিয়েছে।

ফিল্ডিং-এর সাহিত্যে যে মৌলিকতা, যে তীক্ষ্ণ বীক্ষণশক্তি ও চরিত্রস্থি দেখা যায় তাই-ই পরবর্তী একশত বংসর উপন্থাস সাহিত্যকে প্রভাবিত এবং চালিত করেছে। একমাত্র Jane Austin ব্যতীত সকলেই তাঁর চরিত্র স্থাই ও জটিলতা বিশ্লেষণের পথ অহুসরণ করেছেন। এই অহুসরণ ও অহুকরণ কথনও অক্ষম হয়েছে কথনও মৌলিকতাপুই হয়ে সফল ও সক্ষম হয়েছে।

ফিল্ডিং-এর সাহিত্যে তৎকালীন সমাজের প্রতি ব্যঙ্গ ও শ্লেষ রয়েছে সন্দেহ নেই কিন্তু তার সঙ্গে ওতপ্রোতভাবে মিশে আছে তাঁর দরদ, মানব-প্রীতি কিন্তু Tobias Smollett (১৭২১-৭১)-এর মধ্যে এই ব্যঙ্গ নির্মম নিষ্ঠ্রভাবে দেখা দিয়েছে। তাঁর চরিত্র অভিরঞ্জিত অ-মানব এবং চরিত্রকে অ-মান্থ্য ক'রে তুলে তাকে অত্যন্ত নিষ্ঠ্রভাবে হাস্থাম্পদ করেছেন। তাঁর Humphry Clinker উপস্থাসের Lismahago চরিত্রের চেহারা বর্ণনায়ই তাকে কীটপতজ্বের মত করে তুলেছেন এবং তাকে নিষ্ঠ্রভাবে হাস্থাম্পদ করেছেন। তাঁর Roderick Random-এর ভূমিকায় বলেছেন, তাঁর উদ্বেশ্থ হচ্ছে to promote "generous indignation which ought to animate the reader against the sordid and vicious disposition of the world." তিনি নির্দয় নিষ্ঠ্রভাবেই পাশবিক সমাজকে চিত্রিত করেছেন। তাঁর স্কেই সমাজের ক্লেদ-পঙ্কের দিকে, সেই ক্লেদ-পঙ্কের ত্র্যন্থিক মান্থ্যের মুথে লেপে দিয়ে তিনি সমাজকে সংশোধন করতে চেয়েছেন—তাঁর মধ্যে করণা নেই, দরদ নেই, হিংম্ব ব্যঙ্গ করেছেন মাত্র। অবস্থাপয় ভন্তলোক মাত্রেই হর্জন ও পাপাচারী এবং দরিক্ত মাত্রেই শোষিত ও নিম্পিট। ফিল্ডিং

কারভেনটিসের নিকট ঋণী, ম্বলেট স্পেনেরই Le Sage-এর Gil Blas-এর নিকট ঋণী। Gil Blas-এর ফরাসী অফবাদ ১৭৩৫ সালে প্রকাশিত হয়। গিল ব্লাস পিকারো উপস্থান। একজন পাপাচারী ব্যক্তির জীবনের অভিজ্ঞতার মাধ্যমে তিনি সমাজকে বান্ধ করেছেন। Roderick Random চরিত্রের মধ্যে তাঁর ব্যক্তিগত জীবনের ছাপ আছে বলেই মনে হয় এই চরিত্রটি অধিকতর জীবন্ত। স্মলেট জাতিতে স্কচ, ডাব্রুবার ছিলেন, চারিপাশের অস্বাস্থ্যকর পরিবেশ দেখেছেন। র্যানভমও স্কটিশ ডাব্জার। পিতা দেশত্যাগী, পিতামহের তর্ব্যবহারে বন্ধু Strap-এর সঙ্গে ভাগ্যাম্বেষণে লণ্ডনে আদেন। লণ্ডনের বদমাইসদের হাতে বারবার প্রভারিত হন। সরকারী নৌবিভাগে চাকুরীর চেষ্টা করেন কিন্তু দেখলেন কেরানীদের ঘুষ না দিলে চাকুরী হয় না। এক ফরাসী ওযুধের দোকানে কাজ করেন। ডাকাতদের হাতে পড়েন, ডাক্তার ব'লে প্রমাণিত হওয়ায় এক সার্জনের সহকারী হন। লেখকের মত Cartagena অভিযানে যোগ দেন। অবাধ্যতার অজুহাতে যুদ্ধসময়ে ডেকে বেঁধে রাখা হয়। জাহাজ ড়বির পরে হতসর্বস্ব হ'য়ে বিবস্ত্র অবস্থায় সমুক্রতীরে পড়ে থাকেন। তারপরে এক মহিলা-কবির ভূত্য (footman) হন। তাঁরই বোনঝি Narcissa-র সঙ্গে প্রণয় হয়, অন্ত অনেক যোগ্যতর পাণিপ্রার্থীর আবির্ভাবে সভয়ে পলায়ন করেন। বেআইনী ব্যবসায়ীর। তাঁকে গুম করে ফ্রান্সে নিয়ে যায়. সেথানে পুনরায় Strap-এর দক্ষে সাক্ষাৎ, তখন দে Monsieur de Estraps হয়েছে। হু'জনে লণ্ডনে ফিরে আসেন। বাথে নারসিসার সঙ্গে দেখা। লণ্ডনে এসে দেনার দায়ে কারাবাদ। তার কাকা Tom Bowling তাকে খুঁজছিল, সে তাকে কারামৃক্ত করে। তুজনে ব্যবসায়ের জন্ম সমূত্রমাত্রা করে এবং জাহাজে এক ম্প্যানিশ ধনীর সঙ্গে দেখা হয়—সেই র্যান্ডমের পিতা।

অনেক ঘটনার সন্নিবেশে এই উপন্থাস, ঘটনাও বিচ্ছিন্ন, তারা সামগ্রিক রূপ পান্নন। তবে লগুনের নাবিক জীবন, লগুন ও বাথের অভিজাত জীবনের বর্ণনা স্থল্পর,—হিংস্র ব্যঙ্গ-মুখর। চরিত্রের মনস্তত্ত্বে ও তাদের কাজের মধ্যে লেখকের গভীর অন্তর্দৃষ্টি সভ্যকার ব্যঙ্গ স্থান্ত করেছে। Tom Bowling-এর চরিত্র হাশ্মরসে মলীভূত, কিন্তু Captain Oakum এবং বাবু ক্যাপ্টেন Whiffle-এর চরিত্র হিংস্র, ব্যঙ্গেও দজীব। লেখকের বর্ণনাভিন্দ স্বচ্ছ সরল এবং দৃঢ়—নব নব ঘটনা সন্নিবেশে গভিনীল। গল্পের ঘটনাংশ শ্লথ ও শিথিল কিন্তু সামগ্রিক বর্ণনাম্ব তার জুড়ি নেই। র্যানভমই তাঁর শ্রেষ্ঠ সৃষ্টি।

Peregrine Pickle তুলনায় কিছুটা ক্ষুদ্র হলেও, এই উপন্থাসেই সর্বাপেক্ষা ক্ষুদ্র কমিক চরিত্র সৃষ্টি হয়েছে। অবসরপ্রাপ্ত নৌ-অফিসার Hawser Trunnion হাসির চরিত্র হলেও তার প্রতি লেখকের দরদ প্রচুর। তার চলা-বলা-কাজ-চিস্তা সবই নাবিক জীবনের সঙ্গে জড়িত। ডাঙ্গায় বাস করেও তাঁর ধারণা তিনি জাহাজে আছেন। তাঁর বাড়িটা হচ্ছে গ্যারিসন, সেখানে রাত্রে স্ত্রীলোকের প্রবেশ নিষিদ্ধ। তিনি নারীজাতিকে স্থণা করেন (Mysogynist) এবং সেই জন্মই পিরিপ্রিনের

আণ্ট Mrs. Grizzleকে বিবাহ করে একেবারে জ্বৈণ হ'য়ে পড়েন। তাঁর বিবাহের দৃষ্ঠটি হাত্মরসে চমৎকার।

শ্বনেট পেশাদার লেখক; কবিতা, নাটক, ভ্রমণকাহিনী, ধাত্রীবিত্যা সম্বন্ধ নিবন্ধ সবই তিনি লিখেছেন, অমুবাদও করেছেন। তাঁর শেষ উপস্থাস Expedition of Humphry Clinker একটু শ্বতম্ব। Travels Through France and Italy তাঁর অন্ততম প্রসিদ্ধ গ্রন্থ। এই ভ্রমণকাহিনী তাঁর ৪৫ বছর বয়সেলেখা হলেও তার মধ্যে বাতিকগ্রন্থ রুদ্ধের মানসিকতাই যেন পাওয়া যায়। Clinker-এ এসে তাঁর হিংস্র ব্যক্ষ হাস্তরসে পরিণত হ'য়ে তাকে মধুর স্থন্দর করেছে। পর্কাকারে রচিত কাহিনীর মধ্যে চরিত্রগুলি স্থন্পষ্ট স্থন্দর। Winifred-এর পজের মধ্যে বানান ভূল ও কথার উপরে যে খেলা তিনি দেখিয়েছেন তা চমংকার। এমনকি ভিকেন্স পর্যন্ত এই শন্দ নিয়ে খেলার অমুকরণ করেছেন। ভিকেন্দের বাল্যকালে তাঁর প্রিয় লেখক ছিলেন শ্বলেট। তাঁর স্ট নাবিকদের চরিত্র এবং প্রণয়াকাজ্জী লোভাতুর প্রোচ়া কুমারীদের চরিত্র পরবর্তী উপস্থাসের চলতি চরিত্রে দাঁড়িয়েছিল। এদিক থেকে Marryat, Michael Scott, এবং W. W. Jacobs তাঁর কাছে ঋণী। Lismahago-র চরিত্র Scott-এর মধ্যেও অন্তর্জনে বিভ্রমান, এমন কি বর্তমান যুগের Joyce Cary-র A Fearful Joy উপস্থাসেও তাঁর প্রভাব দেখা যায়।

Laurence Sterne (১৭১৩-৬৮)-এর The Life and Opinions of Tristram Shandy (১৭৬০-৬৭-র মধ্যে তিন থণ্ডে লেখা)-র সম্বন্ধে Dr. Johson ১৭৬৭ সালে এবং Dr Leavis ১৯৪৮ সালে বিরূপ সমালোচনায় একে ভুচ্ছ করেছেন কিন্তু তবু এর খ্যাতি আজন্ত বর্তমান।

ক্ল্যারিসা ও টম জোন্স প্রকাশের পরে উপন্থাস-সাহিত্যধারার আম্ল পরিবর্তন হয়েছিল। ট্রিফ্রাস শ্রান্তি উপন্থাস কিনা এ বিষয়ে অনেকে সন্দেহ করেন কিন্তু রিচার্ডসন ফিল্ডিং ষেমন প্রত্যক্ষ বাস্তবকে উপজীব্য করেছেন তাঁর চরিত্রের মধ্যে, তেমন স্টার্নও দৃঢ় বাস্তবের উপর ভিত্তি ক'রে নিজম্ব এক কাল্লনিক জগৎ স্প্তি করেছেন। Mr. Shandy এবং Uncle Toby-র স্টার্ন-এর মধ্যে একটা সর্বজ্ঞাগতিক অমুভূতি আছে। স্টার্ন-এর চিস্তাশক্তি ও অমুভূতি সম্বন্ধে ধারণ লকের দর্শন ও মনস্তব্যের তথ্যের উপর প্রতিষ্ঠিত। তাঁর Association of Ideas-ই তাঁর সাহিত্যে ব্যক্তি-চিন্তারূপে উপন্থাসাকারে ব্যক্ত হয়েছে। তাঁর এই ধারাই পরে James Joyce-এর মধ্যে Stream of Consciousness আখ্যা লাভ ক'রে আজকের জগতের মন্তিক্ষতিক সাহিত্যকে পৃষ্ট ও ত্র্বোধ্য ক'রে ত্লেছে। বর্তমান বাংলা উপন্থানে কম হলেও ছোট গল্প এই ধারা ভ্যাবহন্ধপে প্রকট হয়েছে। এই প্রসাক্ষ E. M. Forster মন্তব্য করেছেন—

Examine for a moment an ordinary mind on an ordinary day. The mind receives a myriad impressions—trivial, fantastic

evanescent or engraved with the sharpness of steel..... if a writer were a free man and not a slave, if he could write what he chose, not what he must, if he could base his work upon his own feeling and not upon convention, there would be no plot, no comedy, no tragedy, no love interest or catastrophe in the accepted sense....... The English Novels—W. Allen—p 77

এই উদ্ধৃতির মধ্যেই ফার্ন-এর লিখনরীতি, তাঁর জীবনদর্শন ও অমুভৃতিকে ছাপার অক্ষরে প্রবর্তনের প্রকৃষ্ট পরিচয় পাওয়া যায়। ব্যক্তিগত চিস্তাধারার মধ্যেই শ্রাণ্ডির জীবনচিম্ভা প্রকাশ পেয়েছে—এই ধারা থেকেই উপস্থাসের (Novel) মল প্রকৃতির পরিবর্তন ঘটে। সাধারণ মান্তবের জীবনে, সাধারণ দিনে কত রক্ষ ঘটনা, চিম্তা, অমুভৃতি ৰান্তৰ জাবনের সংস্পর্শে এনে ভিড় করে—চারিদিক থেকে যেন অণুপরমাণু স্রোতের মত এসে আঘাত করে এবং এই-ই মানব-জীবন। এই জীবনের প্রকাশ দ্যার্ন-এর সৃষ্টি। স্থাপ্তির দ্যার্ন এবং A Sentimental Journey-র Yorickও তিনি, উভয়েই তাঁর মনের বিচিত্র অমুভৃতির অভিব্যক্তি। মৃত গাধার প্রতি করুণা, টবির কুদ্র মাছির প্রতি প্রবল সহাত্মভৃতি প্রভৃতি ভুচ্ছ ঘটনার মধ্যে ভাবপ্রবণতা ও হাস্তকর কৌতৃকের মিলন হয়েছে। এই ভাবপ্রবণতার মধ্যে অনেকে অশালীনতা দেখেছেন, অল্লীলতার দায়মুক্তও তিনি নন, তবে তাঁর এই ভাবপ্রবণতা, হাশ্ররদ, অশালীনতা মিলিত হ'য়ে একটা অদামান্ততা লাভ করেছে। অনেকে তাঁকে Rabelias এবং Richard Burton-এর অফুগামী বলেছেন। তাঁদের মতই তিনি 'Uncouthly love', 'Sonorous Vocabulary' এবং 'Parody Pedantry' অমুকরণ করলেও তার মৌলিকতা তাঁকে সাহিত্যের ইতিহাসে বিশিষ্ট ক'রে রেখেছে।

রিচার্ডদন ১৭৬১, ফিল্ডিং ১৭৫৪, স্মোলেট ১৭৭১ এবং দ্টার্ন ১৭৬৮ সালে মারা ধান। চল্লিশ বৎসরের মধ্যে এই চারজন দিকপাল ইংরাজী সাহিত্যকে ভাষায়, ভাবে, চরিত্রচিত্রণে ও জীবনদর্শনের ক্ষেত্রে অসাধারণ সমৃদ্ধি দিয়ে গেলেন। পরবর্তী ২০ বৎসর একেবারেই বন্ধ্যা—এই বিশ বৎসরে উল্লেখযোগ্য কোন সাহিত্য স্পষ্টি হয়নি কিছ্ক নৃতন শিক্ষিত-পাঠকের জন্ম মুলাযন্ত্রের আফুক্ল্যে পুত্তক ব্যবসায়ের বিভৃতির ফলে নভেলের বন্ধা বয়ে গেছে। যে উপন্থাস-সাহিত্য এক পুরুষের মধ্যে এত উচ্চাঙ্কের হ'য়ে উঠেছিল হঠাৎ তার অবক্ষয় কেন আরম্ভ হল, এ নিয়ে পণ্ডিতগণ গবেষণা করেছেন। সমালোচকগণ এই সময়ে উপন্থাসকে সভ্যকার (Serious) সাহিত্য ব'লে গ্রহণ করেননি। কথাসাহিত্যের গ্রন্থগুলি সাধারণতঃ অমণনীল গ্রন্থায়ারের মাধ্যমে প্রচারিত হত এবং তৎকালীন অর্ধশিক্ষিত ভরুণীদের অবসম্ব সময়ের পাঠ্য হিসাবেই তা লিখিত হত। লেখকগণও উপন্থাসের স্বন্ধব্রপ্রসারী

প্রভাবের কথা তথন ভাবেননি। তাঁরা বাজারের চাহিদার বই লিখেছেন উদরান্ত্রের জন্তা। তাঁরা বাজারে বিক্রয়বোগ্য পণ্য হিসাবে বাজারের চাহিদা মিটিয়েছেন, তার পিছনে কোন স্পষ্টির প্রেরণা ছিল না;—জীবনামূভূতির প্রেরণা থেকেও কোন সৌন্দর্ব উপহার দেননি। এই সময়টাই শিল্পায়নের প্রথম যুগ,—বেমন বর্তমানে ভারতেও শিল্পায়নের প্রাথমিক যুগ চলছে। এই সব কারণেই রিচার্ডসন থেকে জেন অস্টেন পর্যস্ত ইংরাজী উপন্যাস-সাহিত্যে একটা শৃত্যভা রয়ে গেছে।

১৭৭৬ সালে Oliver Goldsmith-এর উপস্থাস The Vicar of Wakefield প্রকাশিত হয় এবং অসামান্ত জনপ্রিয়ত। অর্জন করে। উপগ্রাসের সাহিত্যমূল্য অপেক্ষা এই জনপ্রিয়ত। পরিমাণে অনেক বেশী। জনপ্রিয়তার প্রথম কারণ
পর্রটি বেশ স্বষ্ট্ এবং সকলেরই পড়বার উপযুক্ত, কিন্তু টম জোন্স প্রভৃতি উপন্যাসকে
সকলের হাতে দেবার উপযুক্ত মনে করা হত না। এটি একটি পারিবারিক আদর্শ
কাহিনী বিশেষত: Dr. Primrose-এর চরিত্রটির জন্মই এর জনপ্রিয়তা এত অধিক।
কিন্তু উপস্থাসের দিক থেকে যথেষ্ট ক্রটি আছে,—এর ঘটনা-সংস্থাপন ও বিশ্বাস
বাস্তব নয় এবং গল্পের জটিলতা গল্পের গতিকে ব্যাহত ও মন্থর ক'রে দিয়েছে। অবশ্র
লেখকের বান্তব সাহিত্যস্থা্টির কোন প্রচেষ্টাও ছিল না। তিনি গ্রামাজীবনের আদর্শ
চিত্র উপহার দিতে চেয়েছিলেন এবং কল্পনায় রঙীন সে চিত্র-তিনি রচনাও করেছেন।

১৭৬০ সালে Charles Johnstone-এর The Adventure of a Guinea প্রকাশিত হয়। এই লেখকটি পাঠক ও সমালোচকদের চোথে অনাদৃত হ'য়ে ছিলেন কিন্তু বর্তমান বিচারে উপস্থাস্থানির সাহিত্য-মূল্য অনেক বেশী। পেকতে প্রস্তুত একটি সোনার গিনির অভিক্ষতা ও আত্মকাহিনীর মধ্যে সমাজ ও ব্যক্তির রূপ বিশ্বত হয়েছে। অ-প্রাণীবাচক বস্তুকে ব্যক্তি হিসাবে কল্পনা ক'রে ব্যক্ষ ও শ্লেষে সমাজকে আঘাত করবার কৌশল প্রথম প্রয়োগ করেন Le Sage—এই রীতিতে বহুতর বস্তু ও বৃহত্তর পরিবেশ স্প্রের স্থোগ থাকলেও চরিত্রস্থীর স্থযোগ নেই, কিন্তু ব্যক্তের কশাঘাত করবার স্থবিধা যথেই। এই উপস্থাসে ফুর্নীতিপ্লাবিত জগৎ ও মান্থবের তৃংথকে ক্ষুদ্র ক্রানার মধ্যে বর্ণনা করা হয়েছে কিন্তু এই সব ঘটনা আনেকটা মামূলী, বিশেষতঃ ইছলী, জেম্বইট ও দীনেমারগণের প্রতি লেখকের ব্যক্তিগত বিষেধ ও শ্বণা গল্পাংশকে একঘেরে ক'রে তুলেছে।

Rev. Richard Grave-এর The Spiritual Quixote (১৭৭২) আর একথানি উল্লেখযোগ্য বাদ উপন্থাস। Mr. Geoffrey Wildgoose নামে একজন স্কয়ারকে Methodism-এ পেয়ে বসে এবং তিনি গ্রাম্য মৃচিকে সাক্ষোপাঞ্জা ক্লপে নিয়ে তাঁর বাণী প্রচার করতে বেরোন এবং তাঁর নায়ক Whitfieldকে পান। টম জোন্সের মত্রু পথ চলতে চলতে, মস্টার বাথ, ব্রিস্টল মিডল্যাণ্ড প্রভৃতি ভ্রমণের মধ্যে Methodism এবং Whitfield উভয়কেই ব্যঙ্গে জর্জরিত করেন। ১৮শ শতকের পরিচ্ছন্ন স্থন্দর গত্যে যথেষ্ট পাণ্ডিত্য ও যুক্তির সঙ্গে লেখা তাঁর এই গ্রন্থ আদেরণীয়। এটি বহির্জগতের বাস্তব প্রকাশ নয় বরং বহির্জগতের অবস্থিতি

তাঁর মনের উপর যে প্রতিক্রিয়া করেছে তারই প্রকাশ। এই স্ময়ে মাছুবের ধর্মবিশ্বাস শিথিল হ'রে এসেছে, শিল্পায়নের ছিল্ল পরিবার ও সমাজের মুথে মাছুব তার
একাকী থকে উপলব্ধি করতে শুক্র করেছে। তথনকার চলতি ধারণা ছিল মাছুবের
অফুভৃতি উপলব্ধিসাপেক্ষ, তথা প্রত্যক্ষ জগতের প্রতিক্রিয়াপ্রস্ত এবং লেথকগণও
বাহু জগতকে মানব-হৃদয়াস্থভৃতির প্রেরণাব আধার ব'লে মনে করেছেন। Jane
Austen যথন তাঁর Sense and Sensibility লেখেন তথন বোধহয় এইটিই তাঁর
ধারণা ছিল। ফিল্ডিং, শ্বলেট প্রভৃতি মাছুবের যুক্তি ও বৃদ্ধিকে আঘাত ক'রে
সমাজের ত্নীতি ও অকারণ পীড়নকে প্রশমিত করতে চেয়েছিলেন কিছ্ক তা হল
না,—মাছুব বৃদ্ধি দিয়ে সত্যকে উপলব্ধি করে না যেহেতু তাঁর বৃদ্ধিটাই চিন্তবিকারের
অফুগত দাস। ত্নীতি ও অর্থসম্পদের শক্তির অপব্যবহার সমান ভাবেই চলতে
লাগল, অতএব এবার হলয়ের পালা। লেথকগণ মাছুবের হলয়কে আঘাত ক'রে
মানুবের প্রতি কর্জণা জাগাতে চাইলেন।

Henry Brook-এর The Fool of Quality ১৭৬৬-৭০ সালের মধ্যে পাঁচ খণ্ডে প্রকাশিত হয়। উপন্থাস হিসাবে এখানি নিরুষ্ট হলেও একথানি উল্লেখযোগ্য গ্রন্থ। এই গ্রন্থে কশোর Emile-র প্রভাব স্কুম্পষ্ট। এমিলির মন্ড শিক্ষাবিষয়ক একটি নিবন্ধ কথাসাহিত্য রূপে বণিত। Harry Morland এই শিক্ষাপদ্ধতির সাহায্যে, ধনী ভাবপ্রবণ পিতৃব্যের সাহায্যে সম্রান্ত সংলোক হয়ে ওঠেন। এই শিক্ষার মূল উদ্দেশ্য মামুষকে অমুভ্তিশীল ক'রে তোলা। এতে কোন চরিত্র সৃষ্টি হয়নি, উপন্থাসের আন্ধিকের দিক থেকেও বার্থ কিন্তু মননশক্তির মোলিকতায় ও প্রাজ্ঞতায় এখানি উল্লেখযোগ্য। ভাবপ্রবণতায় ভারাক্রান্ত এর চরিত্রগুলি এবং তা মাঝে মাঝে চেলেমামুষীতেও পর্যবসিত হয়েছে। কিন্তু গ্রন্থের মধ্যে তথ্যনকার Humanitarian ভাবধারার সুস্পষ্ট চাপ আছে।

Henry Mackenzie-র The Man of Feeling (১৭৭১) এই অহুভৃতিম্লক উপন্যাসের মধ্যে একখানি শ্বরণীয় উপন্যাস। চরিত্রগুলি প্রায়শঃই কেঁদেছে ব'লে এটি আজ ঠাট্টার সামগ্রী হয়েছে কিন্তু ১৮শ শতকের মায়ুষের হৃদয় এখনকার থেকে অনেক বেশী কাঁদড়, এ কথাও সত্য। তাঁর কাহিনী দ্টার্ন-এর মত খণ্ডিত ও বিচ্ছিন্ন। পুস্তকের স্চনায় বলা হয়েছে যে, একজন শিকারী এই পাণ্ডলিপি পেয়ে তার কিছু কিছু কাগজ সে বন্দুকের গুলির চাকতি রূপে ব্যবহার করেছিল, বাকি যা ছিল তাই এই গল্প। এটি বর্ণনার একটি নৃতন রীতি। গল্পাংশ পুরাতন। Harley লগুনে যায় এবং ফিরে আসে, পথের অভিযান ও অভিজ্ঞতাই এর কাহিনী। সে অন্তের অমুভৃতি ও ভাবাবেগকে খাঁটি মনে ক'রে ক্রমাগত প্রতারিত হয়েছে কিন্তু তব্ও সে মামুষের সাহায্য করে, তাদের বিশাস করে। এই চরিক্রটি তাঁর হৃদয়ামুভৃতি ও নৈতিক বোধের শ্বারা চালিত ব'লেই আজও শ্বরণীয়; তাঁর দয়ার্জা ও হৃদয়ের কমনীয়তা সেই যুগের মামুষের অমুভৃতিশীলতার একটি চমৎকার উদাহরণ।

সাহিত্যের ইতিহাসকারগণ উপত্যাসকে নানা ভাগে ভাগ করেছেন, যথা,—
Novel of Sentiment, Gothic Novel, Novel of Horror, Oriental
Tale, এছাড়াও Idyllic, Philosophical, Regional, Satire and Fantasy,
Psychological প্রভৃতি কিন্তু এর নির্দিষ্ট কোন সংজ্ঞাও নেই, এবং সঠিক সীমানাও
নেই। সকলের মধ্যেই মামুষের অফুভৃতিপ্রবণতা স্থলরের আশ্রমে লালিত হয়েছে,
এই পর্বস্ত । ১৮শ শতকের অত্যন্ত যুক্তিবাদ প্রবণতা থেকে নিষ্কৃতি পেতেই এই
অফুভৃতিমূলক উপত্যাস রচিত হয়—য়াকে বলা যায়, escape from oppressive rationalism.

Swift এবং Pope-এর মত Dr. Johnsonও বিশ্বাস করতেন অফুভৃতি-প্রবণতা পাগলামীর নামান্তর মাত্র এবং তাঁরা যুক্তি দ্বারা মূল্যায়ন করতে চেয়েছেন। তাঁর The History of Rasselas, Prince of Abissinia (১৭৫৯)-র কাহিনীতে আবিসিনিয়ার কল্লিত রাজপুত্র পৃথিবী দেখবার জন্ম বেরিয়ে পৃথিবীর কোথায়ও ন্যার-নীতি (virtue) দেখতে পেলেন না, শেষে নিজের দেশে গিয়ে তাঁর কর্তব্য করেন। এটি দার্শনিক রূপকথা, মান্ত্রের স্থী হওয়ার উদ্ধৃত প্রচেষ্টাকে পরিহাস করেছেন লেখক। ভস্টেয়ারের Candide-এর মতই তাঁর রাসেলাস ত্যাগধর্মের প্রচার করেছেন।

রাদেলাদকে Oriental Tale বলা হয়, এই তালিকায় মাত্র তুইথানি বই-এর নাম করা যায় রাদেলাস এবং Beckford-এর ফরাসীতে লেখা Vathek। আরব্য উপন্তাস ১৮শ শতকের প্রথমে ইংরাজীতে অনুদিত হয়—এর সমাজ, মূল্যায়ন, চিম্বাধারা ও অরুভৃতি সবই পাশ্চান্তা থেকে পুথক, তাই এটি খুব জনপ্রিয় ও আকর্ষণীয় হ'য়ে ওঠে। এর মাতৃষ, জগত, পরিবেশ যেন অন্ত জগতের, ঠিক তাদের মত নয়। বৃদ্ধিমান, সং, সজীব কিন্তু ঠিক যেন মানুষ নয়। এই গ্রন্থ ব্যঙ্গ ও প্লেষ স্ষ্টির এক নৃতন পথ দেখিয়ে দেয়। ফ্রান্সে Montesquieu তাঁর Lettres Persanes লেখেন এবং তার ৪০ বংসর পরে গোল্ডন্মিথ তাঁর The Citizen of the World লেখেন। এই হুইথানি গ্রন্থেই পাশ্চান্ত্যের নবতম সমাজকে যেন ভিন্ন জ্বগত থেকে, পাশ্চান্ত্যের বাইরে থেকে, সেই দৃষ্টি নিয়ে দেখা হয়েছে। কিন্তু আরব্য উপন্তাদে এই রূপকথার জগতের একটা নিজম্ব মূল্য আছে। গ্রীস ও রোম থেকে যে যুক্তিবাদ নবজাগরণের পরে পাশ্চান্ত্যে ঘনীভূত হয়েছিল, এ যেন তার বিপরীত এক রাজ্য-ছদয়ের রাজ্য। Beckford-এর Vathek লেথকের বিনামুমভিতেই ১৭৮১-৮২-তে ইংরাজীতে অনুদিত হয়। যদিও কাহিনীর মূল প্রত্যক্ষ বাস্তব-জগত তথাপি তার মধ্যে কল্পনা ও অতিকল্পনার স্থান রয়েছে। পাশ্চাত্তা যেমন ক'রে ক্ষমতা ও অর্থকরী বিভালাভের জন্ম শয়তানের কাছে আত্মবিক্রয় করেছিল থলিফও তেমনি ক'রে Vathek এর বিভালাভের জন্ম আয়বিক্রয় করেছে। গ্রন্থের বর্ণনায় চাতর্ব ও বৃদ্ধিদীপ্ত কল্পনা এই শ্রেণীর পুস্তকের মধ্যে তাকে শ্রেষ্ঠত্ব দিয়েছে।

Vathek-এর কোন প্রত্যক্ষ প্রভাব সাহিত্যে স্থায়ী হয়নি তবে এই জগতকে,

এবং ভার সাফল্যকে নৃতন ক'রে ভেবে দেখবার প্রেরণা জুগিয়েছে Vathek। একশ' বছর পরে Aubrey Beardsley-র Under the Hill-এর মধ্যে এবং বিশ শতকে Ronald Firbank-এর উপক্যাসে এই নৃতন দৃষ্টিভঙ্গির প্রভাব দেখা যায়।

Horace Walpole-এর The Castle of Otranto ১৭৬৪-র অলোকিক কাহিনীতে বাস্তব পৃথিবী ও অতীন্দ্রিয় জগতের মধ্যে একটা সম্পর্ক স্থাপনের চেষ্টা হয়েছিল। এর কাহিনী তীক্ষ্ণ বৃদ্ধির খেলায় রোমাঞ্চকর। এই জাতীয় উপস্থাস Mrs Clara Reeve-এর The Champion of Virtue-তে কাহিনীকে ষ্থাসম্ভব সম্ভাব্যতার গণ্ডির মধ্যে রাখতে চেষ্টা করা হয়েছে। এই শ্রেণীর উপস্থাসের নামকরণ হয় Gothic Novel। পরে ধীরে ধীরে এই রোমাঞ্চকর কাহিনীর উয়ভি হয় এবং প্রচারও ফ্রত বেড়ে য়ায় এবং আজও রহস্ত-রোমাঞ্চ সিরিজের পাঠকের সংখ্যা সর্বাধিক।

Fanny Burney-র Evelina ১৭৭৮ সালে প্রকাশিত হয়। এই উপন্তাসখানি অত্যন্ত বেশী খ্যাতিলাভ করেছিল কিন্ত এতে নৃতনত্ব কিছু নেই। ভিনি রিচার্ডসন ও ফিল্ডিং এর একটা সংমিশ্রণ ক'রে অন্তকরণ করেছেন মাত্র। তাঁর কাহিনী তরুণীর মন-বিকাশের কাহিনী,—জগতে চলার পথে তাঁর দৃষ্টিকোণ থেকে সমাজ ও জগতকে দেখা হয়েছে। নারীর অন্তরকে বিচার করা হয়েছে একতরফা ভাবে, পুরুষকে বাদ দিয়ে। কিন্তু Mrs. Inchbald-এর A Simple Story-তে পুরুষ তার পৌরুষ নিয়ে এবং নারী তার নারীত্ব নিয়ে স্থন্দর ও সজীবভাবে ফুটে উঠেছে। Evelina-র মধ্যে পার্টি বল-নাচ প্রভৃতির মধ্যে তরুণীর স্বামীসংগ্রহ-সংগ্রামের পটভূমিকায় পুরুষকে বিচার করা হয়েছে—পুরুষ চরিত্রগুলি অশালীন, অসম্ভব ও ভীতিপ্রদ হ'য়ে উঠেছে তরুণীর চোখে। ইহরের পক্ষে বিড়াল চরিত্র বর্ণনার মত নারী-লেথকের কাছে পুরুষ চরিত্রগুলি অস্বাভাবিকভাবে রুড় ও অপদার্থ হ'রে গেছে। কিন্তু নৃতন শিল্পগ্ণের ধনী ব্যবসায়ীর অশালীনতা ও অবিবৈকিতাকে তিনি নিষ্টুরভাবে ব্যঙ্গ করেছেন। প্রথম প্রকাশের সঙ্গে সঙ্গে Evelina প্রচুর জনপ্রিয়তা লাভ করে কিন্তু লেখিকা তাঁর অস্থ্যার রঙীন কাঁচের ভিতর দিয়েই লওন, তার ফ্যাশন-তুরস্ত নাগরিক, এবং যারা ফ্যাশন-তুরস্ত হতে সর্বলা সচেষ্ট তালের জীবনকে দেখেছেন ব'লে তাঁর দেখা ছবিটি বিবর্ণ হ'য়ে গেছে।

Fanny Burney-র Evelina বেমন প্রাপ্যের অধিক খ্যাতি পেয়েছে তেমনি Mrs. Charlotte Smith-এর The Old Manor House (১৭৯৩) প্রাপ্য খ্যাতি থেকে বঞ্চিত হয়েছে। এই সময়ে ইংলণ্ডে শিল্লায়ন অনেকদ্র এগিয়েছে। পুরাতন সম্রান্ত ধনী সামস্তগণের অবক্ষয় এবং শিল্পপতিগণের উত্থানের মৃগ। পুরাতন আভিজ্ঞাত্যের ক্ষমতা বিলোপ এবং ন্তন ব্যবসায়ী ধনিকের শক্তি অর্জনের মৃগ। Mrs. Smith-এর পুরাতন Manor House-এর মধ্যে রোমাঞ্চকর পরিবেশ স্টিকরেছেন। তাঁর সর্বাপেকা বড় দান—তিনি চরিজের সক্ষে পরিবেশ

বর্ণনায় ঘনিষ্ঠ ভাবাবেগ স্পৃষ্টি করতে সমর্থ হয়েছেন। পুরাতনের বিমর্ব পরিবেশের সঙ্গে অলৌকিকতার মিশ্রণে তিনি যে রোমাঞ্চের স্পৃষ্ট করেছেন তা পাঠক-মনে নিবিড় হ'য়ে ওঠে। পুরাতন লেখকগণের মত প্রকৃতি-বর্ণনাকে পটভূমিকা রূপে বা কেবলমাত্র বর্ণনার জন্মই আশ্রেয় করেননি। তাঁর প্রকৃতি-বর্ণনার মধ্যে প্রকৃতি ও মানবীয় ভাবাবেগের একটা নিবিড় সম্বন্ধ স্পৃষ্ট হয়েছে। নায়ক Orlando তাঁর বৃড়ী দিদিমার সম্পত্তির আশায় তাঁর আজ্ঞাবহ হ'য়ে থাকে। এই বৃড়ী Miss Rayland পুরাতন আভিজ্ঞাত্যের স্বপ্রলোকের মায়্রয়। অরলাণ্ডো তার গৃহরক্ষীর পোয়্যাকে ভালবাসে কিন্তু বৃড়ীর ভয়ে গোপন করে। অরলাণ্ডো বা তাঁর প্রণয়িনী Monimia কোনটিই সজীব তরিত্র নয় কিন্তু Miss Rayland অবক্ষয়ী অভিজাত শ্রেণীর একটি অত্যন্ত সজীব ও মর্মপ্রশী চরিত্র। General Tracy অর্লাণ্ডোর ভয়্মী Isabella-কে প্রথম হরণ করতে চেষ্টা করে এবং পরে বিবাহ করে—এই চরিত্রটিও তার উদ্দামতা ও অহঙ্কার নিয়ে অত্যন্ত সজীব ও ৰাস্তব চরিত্রে পরিণত হয়েছে। উপস্থাসে কোন রাজনীতি প্রবেশ করেনি, বাদ শ্লেষও নেই, তব্ও প্রগতিশীল চিম্ভাধারার পরিচয় আছে। তাঁর বর্ণনা চরিত্রাম্বগ, ঘটনা-বিত্রাস এবং কৌত্বল স্বষ্টির কৌশল অম্বকরণীয়।

Mrs. Ann Radcliffe-এর The Mysteries of Udolpho একথানি সার্থক রোমাঞ্চ-কাহিনী (Gothic Novel) এবং এটি ১৭৯৪ সালে প্রকাশিত হয়। ১৮শ শতকে লেথকদের হাতে নভেলের রীতি ভিন্ন রূপ ধারণ করে। Elizabeth Bowen তাঁর Cellected Impressions-এর মধ্যে Notes on Writing Novels-এ নভেলের উদ্দেশ্য সম্বন্ধে বলেছেন,—"The non-poetic statement of a poetic truth." কিন্তু ১৮শ শতকের লেথকগণের কাছে একথা সত্য নয় অন্ততঃ মিসেস র্যাডক্লিফের উপস্থাস স্বতন্ত্র। The Mysteries of Udolpho প্রথম সফল রহস্ত উপন্থাস। তাঁর উপন্থানে পারিপার্শ্বিক জগত ও চরিত্র একীভূত হ'বে একটা নৃতন রসাম্বাদের স্ষ্টি করেছে। Dickens-এর Great Expectation, Hardy-র অধিকাংশ উপন্তাস এবং William Faulkner-এর সমস্ত উপন্তাসে এই নৃতনতর একত্বোধকে পাওয়া যায়। Miss Bowen-এর The House in Paris এবং The Heat of the Day-র মধ্যেও ঠিক এই নৃতন রুসটি পাওয়া যায়। এই অভিনবত্বের প্রধান উল্লেখযোগ্য গুণ পারিপার্শিকতাও যেন চরিত্তের মত জীবস্ত হ'য়ে ওঠে এবং চরিত্রগুলি যে-জগতে চলাফেরা করে সে-জগতও চরিত্রের মতই প্রধান ও প্রত্যক্ষ হ'য়ে ওঠে। উপস্থাদের প্রধান চরিত্র Emily কেবল বিশ্বয়, ছ:খ, ভয় অমুভব করেছে এবং পাঠককে সেই অমুভৃতি অমুভব করিয়েছে। রিচার্ডদন, ফিল্ডিং, শ্বলেটে চরিত্রগুলি যেন পরিবেশবিচাত হ'য়ে ফাড়া-ফাংটাভাবেই চলেছে নিজ্য ভাবে ও ভদ্মিয় কিন্তু এথানে এই ছুইটি একীভূত হ'য়ে একটা সামগ্রিক রূপ পেয়েছে। ১৮শ শতকের চরিত্র সৃষ্টি হয়েছে ৰাইরে থেকে, ঘটনা-সংঘাতের মাঝে কিছ রাডিক্লিফের মধ্যে চরিত্র সৃষ্টি হয়েছে ভিতর থেকে,—অমুভূতিপ্রবণতা থেকে।

সেইজন্মই তাঁর চরিত্রের রূপ ও শ্বরূপ আলাদা। এটি ঐতিহাসিক উপন্থাস নয় মৃদিও ঘটনা অতীতের, অথচ চরিত্রগুলি সমসাময়িক। তার অলোকিক রহজ্ঞের মৃক্তিগ্রাহ্ম সমাধানও তিনি করেছেন ব'লেই তাঁর রহস্যোপন্থাস সার্থক হয়েছে। প্রবর্তী রহস্থ উপন্থাস-সাহিত্যে তাঁর প্রভাবও প্রচুর।

M. G. Lewis-এর The Monk (১৭৯৫) Charles Maturin-এর Melmoth the Wanderer (১৮২০) রাডিক্লিফের প্রভাবের পরিণতি। এঁদের মধ্যে জার্মান রহস্তোপন্থাদের প্রভাবও কিছুটা বিভ্যমান। এঁরা কেবলমাত্র রহস্ত রোমাঞ্চ ফ্টি করেছেন পাঠককে বিশ্বয়ে অভিভূত করতে কিছু তার যুক্তিগ্রাহ্থ কোন ব্যাখ্যা নেই। ১৯শ শতকে অলৌকিকভা, মনস্তব্ধ, মনোবিকার, রহস্ত রোমাঞ্চ দিরে যে বিচিত্র বছবিধ উপন্থাস-সাহিত্য প্রকাশিত হয়েছিল তার মধ্যে র্যাডক্লিফের স্ট পারিপার্থিকতা ও চরিত্রই যেন ওতপ্রোতভাবে মিশে আছে।

১৭৯৫ সালে William Godwin-এর Caleb Williams প্রকাশিত হয়।
লেখক নিজে রাজনীতিবিদ ছিলেন, তাঁর Political Justice গ্রন্থে তিনি তাঁর
রাজনৈতিক মতবাদ প্রচার করেছিলেন। তারপরে তিনি উপস্থাসে হাত দেন।
Caleb কোন এক বেপরোয়া খুনী লোকের চাকুরী নেয় এবং এমনভাবে তার হাতের
মধ্যে পড়ে যে তার আর নিক্কতি ছিল না। তার প্রস্তু Falkland তাকে স্কম্পষ্টভাবে
জানিয়ে দেয় যে, সে লুটের ভাগ পাবে কিন্তু স্নেহ পাবে না, ঘুণা পাবে। আমি
সর্ব রকমের পাপ ক'রেও থ্যাতি রেখে যেতে চাই। যদি অসতর্ক মূহুর্তে কোন কথা
ফাস হয় তবে মৃত্যু অনিবার্য। Caleb পালিয়ে যায় এবং প্রভুর চরগণ তার
অম্পরণ করে। জীবন ত্র্বহ হ'য়ে ওঠে,—অবশেষে ভাগ্যের চাকা ঘুরে যায় এবং
প্রভুর শাস্তিতে তার মৃক্তি হয়। এই কাহিনীর মধ্যে একটা রাজনৈতিক দৃষ্টিভিদ্দ
আছে—সরকার ও তার বিরোধী দলকে প্রতীকরূপে দেখানো হয়েছে Falkland ও
Caleb-এর মধ্যে। শিকার ও শিকারীর এই কাহিনীর মধ্যে অমুভৃতিপ্রবণতা ও
ভাববিশ্লেষণ একে সাহিত্যে স্থায়ী আসন দিয়েছে।

এই সময়ে রাজনৈতিক মতবাদ প্রচারের জন্ম আরও কয়েকথানি উপস্থাস লিখিত হয়। তার মধ্যে Robert Bage-এর Hermsprong or Man as He is Not উল্লেখযোগ্য। এই উপন্থাসের মধ্যেই প্রথম শ্রেণী-সংগ্রামের রূপ সাহিত্যে প্রবেশ করে। অভিজাত ও সামন্ত শ্রেণীর প্রতি প্রত্যক্ষ আক্রমণই এর মূল উদ্বেশ। Hermsprong-এর চরিত্র কশোর প্রভাবস্থই, সে অত্যাচারিতের হ'য়ে সংগ্রাম করেছে। লেখক Bage-এরও ফরাসা বিপ্লবের প্রতি যথেষ্ট সহাত্মভূতি ছিল। উপস্থাস-সাহিত্যের দিক থেকে তাঁর ন্তন কোন দান নেই কিন্তু বামপন্থী চিন্তাধারার প্রবর্তক হিসাবে তাঁর ঐতিহাসিক গুরুত্ব আছে।

১৮০০ সাল ইংরাজী কথাসাহিত্যের ইতিহাসে একটি শ্বরণীয় বংসর। এই বছরে Maria Edgeworth-এর Castle Rackrent প্রকাশিত হয়। জীবিত শবস্থায় বা তার অব্যবহিত পরে তিনি থ্ব প্রসিদ্ধি লাভ করেননি কিন্তু পরবর্তী

यूर्ण ठाँत माहि छात्र श्रक्ष मृन्यायन हरस्रह । P. H. Newby वरनहिन स्य Jane Austen कथामाहि जिक हिमार जात थरक जान हरन Edgeworth-अ 'সাহিত্য অধিকতর গুরুত্বপূর্ণ। এ যাবৎ যে সব উপস্থাস রচিত হয়েছে তা হয় লগুন না-হয় বাথকে কেন্দ্র ক'রে এবং তারই পটভূমিকায়। ইনিই প্রথম প্রাদেশিক (Regional) উপন্থাস লেখেন। এই প্রাদেশিক চরিত্রের মধ্যে তৎদেশীর সংস্কার সংস্কৃতি ও কৃষ্টির মাঝে মানব-অন্তর যে নবরূপ পেয়েছে তা স্বস্পষ্ট এবং স্বন্দর। আনারল্যাণ্ডের চাষীশ্রেণীর চরিত্র, পরিবেশ ও পারিপার্শিকতায় মূর্ভ হ'য়ে উঠেছে ভার উপতাদে। Lover, Lever, Somerville এবং Ross এই দিক থেকে তাঁরই শিষ্য। তাঁর প্রভাবে Scott থেকে আরম্ভ ক'রে Flaubert, Maurice. Turgenev পर्यस्र मकल्बरे এই প্রাদেশিক উপক্যাসলেথক। Scott তাঁর ওয়েভারলি নভেলের শেষে একথা স্বীকার করেছেন, এবং Scott-এর প্রভাব সমগ্র ইউরোপকে প্রভাবিত করেছিল। টুর্গেনেভও তাঁর কাছে ঋণ স্বীকার করেছেন। (৩১৫) এই থেকেই Saga Novel-এর আরম্ভ। তাঁর এই উপক্যাসে তিনি আইরিশ জমিদার Rackrent পরিবারের কয়েক প্রক্ষের ইতিহাস রূপায়িত করেছেন। Thady তাঁর নিজের জীবন-কাহিনী 'আমি' রূপে বর্ণনা করেছেন। তাঁর চরিত্র স্থন্দর একটি আইরিশ চরিত্র—তাঁর কাহিনীর মধ্যে চার পুরুষের সামাজিক বিবর্তন বিধত হয়েছে। Mark Twain-এর Huckleberry Finn যেমন আমেরিকার সাহিত্যকে ইংরাজী সাহিত্যের প্রভাবমুক্ত ক'রে স্বাধিকার দিয়েছিল, এজওয়ার্থও তেমনি ইংরাজী সাহিত্যে নৃতন ৰূপ, নৃতন চিম্বাধারা দিয়ে তাকে সমৃদ্ধ করেছিলেন। তাঁর Absentee প্ততে পুড়তে ১৯শ শতকের রাশিয়ান সাহিত্যের কথা মনে হওয়া স্বাভাবিক। Lady Clonbrony এক অমুণস্থিত আইরিশ সামস্তপত্নী, লণ্ডনে বদে ফ্যাশন-ত্ত্রন্ত আধুনিক। হতে গিয়ে সকলের কাছে ক্রমাগতই হাস্তাম্পদ হচ্ছেন আর তার থরচ জোগাতে স্বামী নির্মসভাবে প্রজাদের শোষণ করছেন। এই উপ্রভাবে তাঁর দেশের প্রকৃত রূপটি ফুটে উঠেছে—ভূয়া সম্মান ও আধুনিকতার মোহে কেমন ক'রে মাত্রৰ নির্দয় হয় এবং চাষীদের অভ্যাচার ক'রে আত্মপ্রদাদ লাভ করে তার একটি স্বাভাবিক চিত্র এই উপন্থাসে রোমাঞ্চকর হ'য়ে ফুটে উঠেছে। এজওয়ার্থ প্রক্রতপক্ষে didactic লেখক, তিনি বিশাস করতেন, উপন্তাস শিক্ষারই অন্ধ এবং সাহিত্যকর্মণ সামাজিক কর্ম। মামুষের স্বভাব-প্রকৃতিকে মঙ্গলকর পথে নিয়ন্ত্রিত করাই তার কাজ। তাঁর Belinda উপক্রানে তা স্থন্ত। Jane Austen ১৭৭৫ সালে এবং Sir Walter Scott ১११১ माल জন্মগ্রহণ করেন। অস্টেনের খ্যাতি যদিও স্কটের তুলনায় নগণ্য : কিন্তু স্কট নিজেই তাঁর অফুরাগী ছিলেন। অফেন তাঁর कुन পরিধির মধ্যে, প্রাদেশিক চরিত্তের মধ্যে উপস্থাস রচনা করেছেন, আর স্কট

^{(*&}gt;*) Turgenev is said to have stated that he was an unconscious disciple of Miss Edgeworth in setting out on his literary career. Ibid—W. Allen—p. 104.

আটশত বছরের ইংলও ও ফ্রান্সের ইতিহাস মন্থন ক'রে বিপুল সাহিত্য সৃষ্টি করেছেন। তাঁর সাহিত্যকীতি সমগ্র ইউরোপের কথাসাহিত্যকে প্রভাবিত করেছে—নৃতন দৃষ্টিভঙ্গি দিয়েছে। প্রকৃতপক্ষে ব্যালজাক, ডুমা এবং রাশিয়ার উপন্তাস তাঁর দিকে দৃষ্টি নিবদ্ধ করেই গ'ড়ে উঠেছে। কিন্তু বর্তমান সমালোচকদের চোথে অস্টেনের মূল্য যে পরিষাণ বেড়েছে, ऋটের মূল্য সেই পরিষাণ কমেছে। যুগের দৃষ্টিভঙ্গির মূল্যায়নে এটা সম্ভব হয়েছে—তাঁরা মনে করেন অস্টেন এই যুগের এবং ষট পুরাতনের। এই দিক থেকে অস্টেনের কৃতিত্ব অসাধারণ। অন্টেন অত্যন্ত কৃষ্টিসম্পন্ন শিল্পী, তাঁর গল্পে কোন অসাধারণত্ব বা অস্বাভাবিক্তা নেই। তরুণীর স্বামী অম্বেষণই তার কাহিনী কিছু তার মধ্যে ভাবপ্রবণতা বা অমুভৃতিপ্রবণতা নেই, তার কাছে এগুলি শ্লেষের বস্তু। তাঁর চরিত্রগুলি ফিল্ডিং ও খলেটের মত বাহিরের থেকে সৃষ্টি হয়নি, তাদের নিয়ে তিনি নিষ্টুর পরিহাসও করেননি বরং তাঁর বাচনভঙ্গি এমন ভাবে তালের রূপায়িত করেছে যে তালের প্রতি করুণায় পাঠকচিত্ত আত্র' হ'য়ে ওঠে। অফেন নীতিবাদী, তাঁর Pride and Prejudice-এর Mr. Collins, এবং Lady de Bourgh হাসির পাত্র, উন্নাসিকভায় বেকুবের চুড়ান্ত দৃষ্টান্ত, লেখিকা তাদের পরে করুণার হাসি হেলেচেন। Mansfield Park-এর Mrs. Norris এবং Emma-র Elton. এককথায় হাস্তকর-মুণা, ও তিরস্কারের পাত্র। এই তিরস্কারের মধ্যেই নীতিবাদী অন্টেনের নীতি ও ক্ষতি রূপায়িত হয়েছে। তাঁর বিষয়বস্তুর পরিধি ক্ষুদ্রতর হলেও তার অন্তর্দৃষ্ট গভীর। লিখনবীতি, ঘটনাবিন্থাস ও বাদ তীক্ষ। তিনি নীতি ও রীতির (Morals and Manners) মধ্যে পার্থক্য বোধ করেননি, তাঁর ধারণা রীতি থেকেই নীতির উৎপত্তি। তার কাছে সংযম, ন্যায়বিচার, অন্তরের অন্তভ্তি এবং শিক্ষার মাধ্যমে লব্ধ সভ্যাসভা বোধই চরিত্রের মাপকাঠি। ভরুণ-ভরুণীর জীবনের ভুল ও নীতিহীনতার জন্ম পিতামাতার শিক্ষা ও দায়িত্বহীনতাই দায়ী। Wickham-এর Lydia Bennet-এর গৃহত্যাগের জন্ম তিনি পিতামাতার দায়িত্বহীনতা এবং কুশিক্ষাকেই দায়ী করেছেন। এই সময়ে ইউরোপে न्तिशानिश्तनत युक्ता जियान हन हिन वार देशन ए निम्न विश्वत आत्र हर साह कि তার কোন প্রভাব তাঁর উপর পড়েনি, এবং তিনিও তাকে আশ্রয়ও করেননি।

চরিত্রস্থির কুশলতার জন্ম অস্টেন প্রসিদ্ধ। তাঁর চরিত্রগুলি ক্ষুত্র তুচ্ছ ঘটনার মধ্যে, শত তুচ্ছতার মধ্যে এমন উজ্জ্বল ভাবে রূপায়িত হয়েছে যে তা সামগ্রিকভাবে জীবনবাধ ও জীবন সমালোচনার প্রতীক হ'য়ে উঠেছে। তাঁর Pride and Prejudice-এ (১৮১৬) Elizabeth Bennet চরিত্রটি বিশেষভাবে খ্যাত,—এই নারীচরিত্রটি বেমন ক্ষর তেমনি মধুর। Mansfield Park, Emma এবং Persuation তাঁর পরিণত বয়সের স্পষ্টি। এই সময়ে তাঁর বাস্তব দৃষ্টি তীক্ষতর হয়েছিল এবং তিনি মনে করতেন স্থায়পরায়ণতাই স্বাপেকা বড় কথা। Mansfield Park-এ এক অভিজ্ঞাত পরিবারের জীবন তাদের নিজ্ম্ব

নীতি, সম্মানবাধ ও মূল্যায়নের দারা পরিচালিত। পরিশেষে সকলের প্রতিই স্থবিচার করা হয়েছে বিশেষত: Fanny-র প্রতি। সংবৃত্তি ও গ্রায়নিষ্ঠার জয় হয়েছে এবং এইটিই তাঁর নীতিবাদ। তিনি বাস্তবধর্মী লেথিকাও হতে পারতেন, Fanny-র গৃহে প্রত্যাবর্তন ও তার মাতার দারিস্রোর অনবছ বর্ণনার মধ্যে তার চিহু বর্তমান কিন্তু তিনি Comedy of Manners লিথতেই চেয়েছেন।

Emma চরিত্রের বৈশিষ্ট্য তার আত্মোপলদ্ধি। সে তার নিজের মতাস্থ্যারে সবই ঠিক করেছে কিন্তু পরিণামে সবই ভুল। আত্মবিশ্বত এশার নিজেকে আবিদ্ধারের মধ্যে যে বেদনা ফুটে উঠেছে তা লেখিকার অপূর্ব আত্মবিশ্বেষণের পরিণত সৃষ্টি। এশার জীবনকে কেন্দ্র ক'রে তার বন্ধুবাদ্ধবদের জীবনে প্রণয় চলেছে—সে নিজেও বুঝতে পারেনি, সে কাকে ভালবাসে। যথন সে আবিদ্ধার করল যে, সে Knightley-কে ভালবাসে তথনই সে নিজের সন্থাকে আবিদ্ধার করল। ব্যঙ্গ-শ্বেষর পরিবেশে চরিত্রগুলি সজীব হ'য়ে উঠেছে।

Charlotte Bronte-র সমালোচনা প্রসঙ্গে অপ্টেনকে জৈবাবেগহীন ব'লে অভিহিত করা হয়েছে। পাঠককে পরিস্থিতির তীব্রতায় অধৈর্য করতে তিনি চাননি, কৃত্র গণ্ডির মধ্যে স্বাভাবিক প্রবহমান জীবনের কৃত্রতা ও তুচ্ছতাকে নিপুণ হাতে ওঁকেছেন—তিনি রোমাণ্টিক নন বরং বাস্তবধ্মীর নিকট-আত্মীয়।

স্কটের সম্বন্ধে সমালোচকদের মতের পার্থক্য প্রচুর। E. M. Forster তাঁর Aspects of the Novel-এ বলেছেন,—"He is seen to have a trivial mind and a heavy style. He can not construct. He has neither artistic detatchment nor passion"——। (৩১৬) কিন্তু তিনি স্বীকার করেছেন যে স্কট সত্যকার গল্প-লিথিয়ে। একশ' বছর পূর্বে তাঁর যে খ্যাতি ছিল বর্তমানের দৃষ্টি গদির বিচারে তা হ্রাসপ্রাপ্ত হয়েছে বটে' কিন্তু তাঁর প্রভাব ছিল স্থ্রপ্রসারী। উপস্থানে, ইতিহাস-রচনায় এমন কি ধর্মীয় আলোচনায়ও তাঁর দান প্রচুর—তিনি তথনকার Oxford Movement-এর সহযোগী ছিলেন।

স্কটকে আমরা ঐতিহাসিক রোমাণ্টিক উপন্থাস-লেখক হিসাবেই জানি এবং এই-ই তাঁর প্রসিদ্ধির কারণ। কথিত আছে, তাঁর Waverley Novels থেকেই ব্যালজাক তাঁর কমেডি হিউমেন রচনাশৈলী গ্রহণ করেন। স্কটের মধ্যে অতীত ইতিহাসের বর্তমান প্রকাশ এবং ব্যালজাকে সমসাময়িক ইতিহাসের প্রকাশ। তাঁর চরিত্র সাধারণ ও সমাজ-জীবনের দৃষ্টিকোণ থেকে চিত্রিত—মায়ুর্ব পারিপার্শিক জগত, সমাজ ও সংস্কৃতির মধ্যে যে রূপ পায় তাই। এই দিক থেকে তিনি অতীতের নিক্রিত ইতিহাসের প্রাণ-প্রতিষ্ঠা করেছেন এবং তাঁর চরিত্রের মধ্যেই ইতিহাস প্রাণ পেয়েছে। Lob Roy-ই যে তাঁর শ্রেষ্ঠ চরিত্র

তা নয়,—তাঁর চরিত্রের আবির্ভাবই উদ্দেশ্যমূলক। Rob Roy ঐতিহাসিক দটনা সংঘাতের স্বাপ্ট, তার চরিত্র বাস্তবায়িত এবং এই বাস্তবতা ঐতিহাসিক গতি ও শক্তি নিয়ন্ত্রিত বাস্তবতা।

অন্ত কোন ইংরাজ লেখক এ যাবং যা পারেননি এবং করেননি স্কট তাই করেছিলেন—মাহুবে-মাহুবে, মাহুবে-স্থানে, মাহুবে-স্মাজে, মাহুবে-অতীতে যে একটা ওতপ্রোত সম্বন্ধ আছে এবং মাহুষ দেশ-কাল-রীতি নিরপেক্ষ ময়, এই সত্যটি তিনি উপলব্ধি করেছিলেন। এই উপলব্ধির ফলে তাঁর চরিত্রগুলি একটা নিদিষ্ট সীমার মাঝে পরিপূর্ণ ব'লে কল্লিত হয়েছে। এই পূর্ণতা বর্তমানের দৃষ্টিতে হয়ত অসমীচীন—টলস্টরের ওয়ার এয়াও পীলের মাহুবের মত তা বিরাট পরিধির মত গতিশীল নয়, তব্ও তারা পূর্ণ। ক্ষুদ্র সীমার মধ্যে তাঁর দৃষ্টির সাফল্য অসাধারণ। তার Rob Roy-এর গুপ্ত আক্রমণ, Old Morality-র যুদ্ধ, The Heart of Midlothian-এর যুদ্ধ টলস্টয় ও Stendhal-এর মত লেখককেও প্রভাবিত করেছে। স্কটের প্রভাব স্থূর্ব বাংলায় বৃদ্ধিকচন্দ্রের রচনারীতির মধ্যেও এনে পৌছেছিল।

তার ট্যাজেডি The Chronicles of the Canongate, The Highland Widow এবং The Two Drovers নীতিমূলক কাহিনী। নৈৰ্ব্যক্তিক এক ঐতিহাসিক শক্তির দারা নিয়ন্ত্রিত এই চরিত্রগুলি ছাতীয় রূপ নিয়ে ফুটে উঠেছে-এই সামগ্রিকতা Merimèe-কে প্রভাবিত করেছিল। তাঁর স্কটিশ উপকাস সমগ্রভাবে এক বিশিষ্ট জগত এবং এই জগত ও তার জনশ্রেণী এক বিরাট কৃষ্টি। তাঁর গল্পংশ অপ্রধান, চরিত্রই প্রধান—এইটি বর্তমানের দৃষ্টিতে লেথকের মূল্যায়নের অর্থেক বলা হয়। তিনি প্রাচীন রীতিতে নূতনের স্রষ্টা ব'লে তার উপত্যাস অনেক সময়ে শেষের দিকে মছর ও লগ হ'য়ে পড়েছে। ऋট রোমাণ্টিক লেথক এবং রোমাণ্টিক ভাবধারার পৃষ্ঠপোষক কিন্তু যৌনপ্রেম বা রোমাণ্টিক প্রেম বর্ণনায় তিনি নিম্প্রভ। যৌনাবেগ তাঁর স্বভাববিরুদ্ধ। তিনি সমাজকে স্থিত এবং সংস্কৃতির মৃল্যকেই প্রকৃত মৃল্য ব'লে ধরে নিয়েছেন এবং সাধারণজ্ঞানের শক্ত কাঠামোর মধ্যেই বিচার করেছেন। তাঁর জীবন স্থপ্নময় জগৎ নয়, এবং তিনি সমাজ-রীতি-নীতি ও দেশাচারের সীমানার মধ্যেই ব্যক্তি-জীবনকে দেখেছেন। অর্থাৎ তিনি ব্যক্তিস্বাতন্ত্র্য বা ব্যক্তিবাদের নামে ব্যক্তিকে সমাজ থেকে মুক্ত ক'রে একক ও স্বাধীন ক'রে ফরাসী বাস্তববাদীগণের মত ছেড়ে দেননি। তাঁর জগত যুক্তিবাদ ঘারা চালিত নয়—হাদয়বৃত্তি আপেক্ষিকতামুক্ত নয়, সমাজ ও নৈতিক জীবন থেকে বিচ্ছিল স্বাধীন নয়। এইগুলি যদি সাহিত্য স্টির অক্ষমতা বলে গ্রাহ্ম হয় তবে তাঁর স্টেও অক্ষম বলতে বাধা নেই, কিছ মামুষের কি দেশ-কাল-অবস্থার বাইরে কোন নির্দিষ্ট অন্তিত্ব থাকা সম্ভব ?

প্রক্বতপক্ষে স্কটের দান ইংরাজী সাহিত্যে অবহেলিত হয়েছে, কিন্তু ব্যাল**জাক,** টলস্টয়, মেরিমির মধ্যে তাঁর প্রভাব উপস্থাস-সাহিত্যে নৃতনতম অবদান উপহার দিয়েছে। স্থটের স্কটিশ নভেল অসাধারণ জনপ্রিয়তা ও সাফল্য অর্জন করেছিল। তাঁর Waverley Novels (১৮১৪) সমগ্র জগত জয় করেছিল কিন্তু এভিনবাগের প্রকাশকদের জয় করতে পারেনি। তাঁরা ধারণা করেননি যে য়টিশ উপগ্যাদ্ কোনদিন ব্যবসার দিক দিয়ে সফল হবে। তথন শিল্প-বিপ্রবের যুগ, সাহিত্য তথন ব্যবসায়ের পণ্য হ'য়ে উঠেছে এবং ব্যবসায়িক সাফল্যই তাঁদের কাছে প্রধান বিচার্য চিল।

স্কৃতিশ নভেল-লেথকদের মধ্যে স্কৃতি ছাড়াও অন্ত কয়েকজন প্রসিদ্ধ লেথক আছেন। Susan Ferrier (১৭৮২-১৮৫৪)-এর Marriage প্রকৃতপক্ষে স্কৃতির নভেলের তিন বৎসর পূর্বে ১৮১১ সালে লেখা। তাঁর লেখা স্কৃতি থেকে নীচু স্তরের, একথা বলা যায় না। লেখিকা একদিকে আলেটের ব্যক্ষ ও বাস্তবতা, অন্তদিকে একওয়ার্থের নীতিবাদকে গ্রহণ ক'রে নৃতন ভাবে তাঁর উপন্তাসকে বিক্তাস করেছেন। উন্নাসিক Lady Juliana স্কৃতিল্যাণ্ডের এক লর্ডের বিতীয় পুত্রকে বিবাহ করেন। স্কৃতিল্যাণ্ডের গ্রাম্যজীবনের সারল্য ও গ্রাম্যভার মধ্যে এই শিক্ষিতা মহিলাকে কেন্দ্র ক'রে বেশ রহস্তঘন পরিবেশ স্কৃতি হয়েছে। তাঁর ডিনখানি উপন্তাসের মধ্যে এই ম্যারেজেই ১৮শ শতক স্কৃত্ত গতিবেগ ও নীতিবাদ বেশ স্কৃত্তাবে বর্গান্ত রূপ লাভ করেছে।

Galt (১৭৭৯-১৮৩৯)-এর প্রথম উপত্যাস Annals of the Parish. এটি স্কটের ভাইকারের সঙ্গে তুলনীয়। এটিকে ইংরাজী-সাহিত্যের আদিম Chronicle উপত্যাস বলা যায়। Dalmailing প্রামের প্রায় ৫০ বংসরের ক্রমপরিবর্তনশীল জীবনের বিস্তারিত ইতিহাস। সনাতন স্থলর একটি গ্রাম কী ক'রে ধীরে ধীরে শিল্প-নগরীতে পরিণত হল—তার সামাজিক, অর্থ নৈতিক অবস্থা, বয়নশিল্প কারথানা স্থাপন, প্রমিকের অবস্থা, ধর্মীয় বিশ্বাসের পরিবর্তনের চমৎকার ইতিহাস। এই উপত্যাসই শিল্পবিপ্রবন্ধনিত পরিবর্তনের প্রথম সমসাময়িক উপত্যাস। আমেরিকান শিল্পপতি Cayenne-এর মৃত্যুর মধ্যে তথনকার উদ্ধত ধনিক সম্প্রদায়ের ধর্ম ও আধ্যাত্মিকতার প্রতি উপেক্ষা ও উপহাসকে নগ্নভাবে দেখানো হয়েছে। এই চরিত্রটি অতি স্থলর ভাবে এবং স্থাপ্ত ভাবে সাক্ষ্য দেয়—এই জাতীর শিল্পপতিগণ আন্ত্রত অর্থ ও সম্পাদের উন্ধত্যে কেমন ক'রে ধর্ম ও নীতিকে মনোজগত থেকে নির্বাসিত করেছিলেন।

তাঁরই The Entail-কে প্রথম Saga উপকাস বলা যায়। শিল্পায়নের বুগে মাহ্মবের লোভ ও ধনসম্পদের মোহ যে মাহ্মবেক কতথানি নির্দন্ধ ও হিংপ্র করেছিল তারই এক পুরুষাহক্রমিক ইতিহাস এই উপকাসে রূপায়িত হয়েছে। ধনলোভে অদ্ধ Walkinshaw এবং তার তৃতীয় পুত্র জর্জের জমির ক্^{হা} পরিবারের সকলের অহুভূতি ও অন্তরকে উদ্ধৃত পায়ে মাড়িয়ে দিয়ে গেছে। তাঁর সং চরিত্রগুলি নিজীব, কিন্তু অসং চরিত্রগুলি বেগবান ও বান্তব। তিনি স্কটের মত প্রাদেশিক লেখক নন এবং তাঁর সক্ষেগোগোল ও দন্তয়েভ্দ্বির ভূলনা করা যায়।

Michael Scott (১৭৮৯-১৮৩৫)-এর Tom Cringle's Log ১৮৩৬ দালে প্রকাশিত হয়। এই উপ্সাদখানি Blackwood's পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়। এটি একটি ভ্রমণকাহিনীর মাধ্যমে বর্ণিত উপস্থাস। শ্রীকান্তের মত একই নায়কের জীবনে এর ঘটনাগুলি ঘটেছে ব'লেই একস্ত্রে গাঁথা, নইলে পৃথক হতেও কোন অন্তরায় নেই। লেখক জাহাজেও পশ্চিম ভারতীয় দ্বীপপৃঞ্জে চাকুরী করেছেন, তারই অভিজ্ঞতা তিনি অত্যম্ভ উলঙ্গও উদ্ধত ভাবে বর্ণনা করেছেন।

James Hogg-এর The Private Memoirs and Confessions of a Justified Sinner (১৮২৪) ধর্মান্ধভার বিরুদ্ধে যুগোপযোগী একথানা সার্থক উপস্তাস। Wringhim একজন Calvinist মতবাদী। তিনি ভগবান-প্রেরিত পুরুষ ব'লে নিজেকে মনে করতেন এবং ভাই কোন হুনীতিকেই হুনীতি ব'লে মনে করেননি। তিনি এক যুক্তিবাদী যুবকের ঘারা পরিচালিত হ'য়ে সম্পত্তির উত্তরাধিকারী সং ভাইকে বহুভাবে নির্ণাভিত হ'রে অবশেষে তাকে হত্যা করেন এবং শেষে এই শয়তানরূপী যুক্তিবাদী যুবকের কবল থেকে মুক্তি পেতে আত্মহত্যা করেন। যুক্তিবাদী তরুণটি শয়তানের প্রতীক। এই উপস্তাস্থানিকে বর্তমান যুগের ভাঃ জিকেল ও মিঃ হাইডের অগ্রন্ত বলা যায়।

আরও ত্হজন আইরিশ ঐপক্তাদিক এই সময়ে প্রদিদ্ধি লাভ করেন।
Samuel Lover এবং Charles Lever (১৮০৬-৭২)। তাঁরা উভয়েই
আয়ারল্যাণ্ডের কাহিনী ও পরিবেশকে রঙীন ক'রে চিত্রিত করেছিলেন, ইংলণ্ডের
পাঠকগণকে তুই করতে। বছদিন থেকেই লগুন থিয়েটারে আইরিশ ভূত্যের
ভাঁড়ামিপুর্ণ অভিযান বেশ জনপ্রিয় ছিল। Lover-এর Handy Andy এই
রকম এক ভূত্যের কৌতৃককর অভিযান। Lever পেশাদার লেখক, পাঠককে খুশী
করতে সাহিত্য-ব্যবসায়ে সাফল্যের জন্মই লিখেছেন যদিও তাঁর রচনা Lover
থেকে বেশী সাহিত্যধর্মী। তাঁর Charles O' Malley পুরাতন রোমাঞ্চ-কাহিনীর
পুনরারন্তি। তাঁর Major Monsoon চরিত্রটি ১৯শ শতকের Falstaff বলা যার,
অভিনব না হলেও উল্লেখযোগ্য।

Thomas Love Peacock (১৭৮৫-১৮৬৬) এই যুগের ব্যবসা-সাহিত্য থেকে স্বতন্ত্র ও স্বাধীন। বলা যায়, ইংরাজী সাহিত্যের চলতি ধারা থেকে বিচিন্ন ও পৃথক। তাঁর জীবন অফেন থেকে তাঁরই জামাই মেরিডিথ পর্যন্ত । তাঁকে অফ্করণ অনেকে করেছেন কিন্তু তাঁর প্রতিযোগী কেউ নেই। তিনি ব্যক্ষ করেছেন, বিজ্ঞাপ করেছেন প্রায় সকলকেই, সকল রকমের চিন্তাধারাকেই, কিন্তু তার মধ্যে হিংপ্রতা নেই, তিক্ততা নেই, তা কাউকে দংশন করে না—তাঁর ব্যক্ষ শাস্ত হাস্তরসে অভিনব। তাঁর প্রথম উপত্যাস Headlong Hall (১৮১৬)। অনেকগুলি দার্শনিক, পণ্ডিত, বিজ্ঞানী, গায়ক, চিত্রশিল্পী প্রভৃতি সম্রান্ত হেডলং-এর বাড়ীতে সমবেত হ'য়ে নিজ নিজ মত, কচী ও ধারণা ব্যক্ত করেছেন, থেয়েছেন, নেচেছেন এবং

পরিশেষে সকলেই বার বার মত একটি তরুণীর সঙ্গে জোট বেঁধে তাদের বিহে করেছেন। চরিত্রগুলির সবই টাইপ-চরিত্র কিন্তু তারা বৃদ্ধিণীপ্ত। এর মধ্যে Mr. Foster মনে করেন মাহ্বব উন্থিতিশীল, Mr. Escot মনে করেন মাহ্ববের দিন দিন অবনতি হচ্ছে, Mr. Jenkinson-এর মধ্যাবস্থা। বার বার মতবাদের ভিতর দিয়েই তাদের চরিত্র ফুটে উঠেছে। Escot বলেন—মাহ্বব বতদিন স্বাভাবিক খান্ত কলম্ল থেত ততদিন স্বাস্থাবান ছিল, আকাজ্জা ছিল না, রোগ ছিল না। আগুন আবিদ্ধারের ফলেই সব গেল, মাহ্বব কৃত্রিমথাত্য মাংস, মাছ পুড়িয়ে থেটে লিভার নই করল এবং তাতেই তার যত রোগ—তার থেকেই বিলাস-ব্যসন ও অকালমৃত্যু। এই জন্তই মাহ্বব শক্তিহীন ও ক্ষুক্রকায় হতে লাগল, এই ছোট হতে হতেই মাহ্বব নিশিচ্ছ হ'য়ে বাবে। এমনি স্বছ্ন স্করের পরিহাসে গল্পটি উজ্জ্ব।

তাঁর Nightmare Abbey (১৮১৮) তথনকার রোমাণ্টিক ভাবধারার প্রান্থতি ব্যন্থ। শেলী, কোলেরিজ ও বায়রনকে ব্যন্থ করেছেন। কোলেরিজ-রূপী Mr. Flosky সম্বন্ধে ঠাট্টাটা এইরূপ—Marionetta, "Will you oblige me, Mr. Flosky, by giving me a plain answer to a plain question?" উত্তর—"It is impossible my dear Miss. O' Carroll, I never gave a plain answer to a question in my life."

এই ব্যঙ্গ পরিহাসের মধ্যে তিনি গান ও কবিতারও ব্যবহার করেছেন এবং মন্থানীর গানটির মধ্যে সমগ্র বায়রন-জীবনদর্শনিকে তুলে ধরেছেন। তাঁর স্ট চরিত্রে অস্বাভাবিকতা থাকলেও তার মধ্যে সন্দর্ভপ্লভ গতিবেগ আছে এবং তা পরিচ্ছন্ন পরিহাসে উপভোগ্য। তাঁর নারীচরিত্রগুলি স্থান্ত ও স্বাভাবিক, ফিল্ডিং ও মেরিভিথের মাঝে এমন স্বাভাবিক নারীচরিত্র কেউ স্টে করেননি।

তাঁর Maid Marian-এর গ্রাম্য-কাহিনীর মধ্যে স্কাক্ষ বাঙ্গ-পরিহাস স্থবিগুন্ত এবং Crotchet Castle-এর Dr. Folliot চরিত্রটি ইংরাজী সাহিত্যের একটি শ্বরণীয় চরিত্র। Gryll Grange তাঁর ৭৫ বছর বয়সের লেখা শেষ উপস্থাস কিন্তু তখনও তাঁর পরিহাস ও ব্যক্ষের তাঁশ্বতা কিছুমাত্র মন্দীভূত হয়ন। নারী-চরিত্র রচনায় তাঁর সংযত স্মীহ, তাঁর সভ্য সংযত মনের পরিচয় বহন ক'রে এবং সভ্যভার শ্বরণতির সঙ্গের এই সংযম ও সম্ভ্রমবোধ আরও বেশী প্রশংসিত হবে আশা কর। যায়।

ভিক্টোরিয়া-যুগ

Thackeray ১৮১১ সালে Dickens ১৮১২, Trollope ১৮১৫, Charlotte Bronte ১৮১৬, Emily Bronte ১৮১৮, George Eliot ১৮১৯ সালে জন্মগ্রহণ করেন। এদের পূর্বে Mrs. Gaskell ১৮১০, Charles Reade ১৮১৪ এবং Charles Kingsley ১৮১৯ সালে জন্মগ্রহণ করেন। তাঁরা সকলেই একই যুগের একই প্রতায় নিয়ে লিখেছেন তা নয়—এই সমগ্রের মধ্যে Emily Bronte সম্পূর্ণ পৃথক। তবে একদিকে তাঁদের সাদৃষ্ঠও যথেষ্ট। এই যুগের বিশ্বাস, সমাজ সচেতনতাও হুদায়বৃত্তিতে অথগু বিশ্বাস নিয়ে তাঁরা বিভিন্ন দিক থেকে, বিভিন্ন দৃষ্টিকোণ থেকে যুগকে দেখেছেন এবং সৃষ্টি করেছেন। তথন শিল্লায়ন ক্রুত সমৃদ্ধি এনেছে। দার্শনিকগণের প্রত্যয় ছিল জাগতিক-জীবনে প্রাচুর্য এলেই মান্থ্যের হৃদয় সন্তোষ লাভ ক'রে উদার ও মহৎ হবে (অবশ্র তা হয়নি বরং ভোগ ও অর্থনিঙ্গা বেড়ে গিয়ে প্রাচুর্য হৃদয়বৃত্তিকে শুরু ক'রে দিয়েছে)। এই যুগের আশা ও প্রগতির প্রতি বিশ্বাস তাঁদের সাধারণ বৈশিষ্ট্য কিন্তু অব্যবহিত পরবর্তী যুগের Samuel Butler (১৮৩৫) George Meredith (১৮২৮) Thomas Hardy (১৮৪০) স্বতন্ত্র। তাঁদের মনে সন্দেহ জেগেছে যুগধর্মের প্রতি এবং তাঁবা তাই সমকালীন সমাজব্যবন্থা, মনন ও মানবধর্মের বিক্লজতা করেছেন।

প্রথম দলের মন তৎকালীন সমাজ দারা নিয়ন্ত্রিত এবং তাঁরা সেই যুগকে বিশ্বত ক'রে রেথে গেছেন তাঁদের সাহিত্যকীর্তির মাঝে কিন্তু দিতীয় দল তার বিক্ষতা করেছেন, তাঁরা সমালোচনা করেছেন তাঁদের অবিশাস নিয়ে। সেইজক্তই তথনকার জন-সমাজে তাঁরা আদৃত হননি। মেরিডিথ-এর বই বিক্রি হয়নি, জনৈক বিশপ হার্ডির Jude the Obscure-কে পুড়িয়ে ফেলতে বলেছিলেন এবং বাটলারের The Way of All Flesh তাঁর জীবদ্দশায় প্রকাশিতই হয়নি।

থ্যাকারে ও ডিকেন্স প্রভৃতির এই যুগের সঙ্গে একীভূত মনন একদিকে বেমন কৃষ্টির দৈন্ত এনেছে অক্তদিকে সেইটাই তাঁদের স্বষ্টির প্রধানতম শক্তিকে পরিণত করেছে। এই শক্তির বলেই তাঁরা তথনকার ইউরোপীয় সাহিত্য থেকে সম্পূর্ণ পৃথক ও স্বতন্ত্র হ'য়ে রয়েছেন। তাঁরা সমাজ ও যুগের মননকে সমালোচনা না করেছেন এমন নয় কিন্তু তাঁরা Balzac, Stendhal, Turgenev, Flaubert, Dostoevsky-র মত চরমপন্থী নন, কারণ তথনকার ইংলগু, রাশিয়া এবং ফ্রান্সের অর্থনৈতিক, রাষ্ট্রনৈতিক ও সামাজিক অবস্থা ঠিক একই রকম ছিল না। মবেয়া মনে করতেন যে, মানব-ইতিহাস তিন স্তরে বিভক্ত, প্রথম পৌত্তলিকতা, বিভীম খ্রীষ্টানধর্ম এবং তৃতীয় Muflisme (Swinishness—পশুরুত্তি) এবং তাঁর যুগ এই তৃতীয় স্তরে পৌছে গেছে। তথন ফ্রান্স হৃতগৌরব, বিপ্লব ও নেপোলিয়নের হুগ চলে গেছে এবং সাধারণ মাহ্ম নামতে শুক্র করেছে। ব্যালজাক্, স্তালাল ও মবেয়া যুগের আশা ও বিশ্বাসের মূর্ত প্রতিবাদ—Balzac, Stendhal and Flaubert

were great Romantics who instead of turning away from the world in disgust turned towards it in disgust and fought it with its own weapon. In them realism as an aesthetic creed was born. (939)

রাশিয়ার অবস্থা তথন ভিন্নরপ। সামস্ত ও অভিজাত শ্রেণীর অত্যাচার ও অবিচারের প্রতিবাদে উপন্যাসকে অন্তর্নপে ব্যবহার করা হয়েছে। আর্ট ও প্রচারের মধ্যে তফাং ছিল না—এবং ছিল না প্রয়োজনের তাগিদে। রাজকীয় সেন্সরের জন্ম একমাত্র উপন্যাসের পথ ছাড়া সমাজনীতি, মাহ্মর ও রাষ্ট্রকে সমালোচনার দিতীয় কোন পথ উন্মুক্ত ছিল না। এই কারণে রাশিয়ায় সাহিত্যে যে জীবন-প্রমুধ ব্যাপকতা পাওয়া যায় ভিক্টোরিয়া-যুগের সাহিত্যে তা পাওয়া যায় না এবং টলন্টয়ের আর্টের ধারণাও ক্রান্সের আর্টের ধারণাও ক্রান্সি সাহিত্যের বছল প্রভাব সাগর পেরিয়ে ইংলত্তে এসেছিল কিছু ঠিক এই যুগে তার কোন ছাপ পড়েনি।

এই যুগে ইংলণ্ড শিল্পায়নে অনেক এগিয়েছে এবং বিস্তৃত সাম্রাজ্যের রূপায় তার অর্থনৈতিক অবস্থা অপেক্ষাকৃত সচ্ছল। এই অবস্থায় ইংরাজী সাহিত্য ভদানীতন সমাজকে গ্রহণ করেছিল, যুগের প্রগতিকে বিশ্বাস করেছিল এবং তার ঔচিত্য সম্বন্ধে প্রশ্ন করেনি। তাঁরা সমালোচনা করেছেন দর্শক বা পাঠকের দৃষ্টি নিয়ে, সন্দেহ ভা প্রকাশ করেছেন কিন্তু নিরাশ হননি। ১৯শ শতকের শেষে এনে তাঁদের আত্মতুটি ও कुजियाजातक कर्छात मयात्नाचना ना कता हरस्ट अयन नम्र वा जाता । यह निद्धविश्वक ঘটিত অব্যবস্থা ও সমাজ-নীতিহীনতাকে না দেখেছিলেন এমনও নয়। তথ্য শিল্পবিপ্লবের মন্তনদণ্ডের আঘাতে একদিকে শোষণজনিত অনন্ত দারিক্রা ও অক্তদিকে অসহনীয় উদ্ধত প্রাচুর্য এসেছে—ডিস্রেলি যাকে হুই জগত ব'লে অভিহিত করেছেন। শিল্পায়ন যে শক্তিকে মুক্ত ক'রে দিয়েছিল তাকে কিভাবে নিয়ন্ত্রণ ক'রে সমাজ-কল্যাণ সাধন করা যায় তা সম্পূর্ণ অজ্ঞাতই ছিল,—অর্থনৈতিক আইন কাহনের ফাঁদ শিক্ষিত বুদ্ধিজীবীদের কঠে এসে লেগেছে। ঘূগের পাপ ও ব্যভিচারকে তাঁরা স্বস্পষ্টভাবে দেখেছেন এবং বুরেছেন এবং সেই সঙ্গে বিখাস করেছেন, এই পাপ দুরীভূত হবে—এটা সামন্বিক একটা চঞ্চলতা মাত্র। চারিপাশে বল্পজগতের আরাম ও স্থবিধা মাহুধকে বিভাস্ত করেছে, তাঁরা বিশাস করেছেন জড়জগতের এই উন্নতি সভ্যতাকে স্থন্দর ও সার্থক করবে। বিরোধী দল না ছিলেন এমন নয়, কারলাইল, রাস্কিন, নিউম্যান, ম্যাথু আর্মল্ড বিরোধিতা করেছেন কিট ভিক্টোরিয়া-যুগের লেখকগণ এই জড়বাদের প্রগতির প্রতি কোন সময়ই আছা হারাননি। বিশেষতঃ নৃতন সমাজ-ব্যবস্থায় তথন সম্ভ্রম সম্মান প্রভৃতি কথা^{গুলি} নতন অর্থবহ হ'য়ে উঠেছে। ১৮শ শতকের মাঝামাঝি সম্ভ্রান্ত কথাটার অর্থ ছিল—

নৈতিক চরিত্রের জন্ম সম্মানিত। শতাব্দীর শেষের দিকে অর্থ হল, অর্থ ও বিত্তবান मुक्तविख वाकि, बावल शद्य धरम बर्थ मांजान, य्य-कान बवजाव लाक यमि वावशाद्य, স্বভাবে, চরিত্রে স্থন্দর হয় তবেই সে সম্মানিত। যে কোন ব্যক্তিই চরিত্র ও কর্মবলে শালীনতাবোধের জন্ম সম্মানিত হতে পারত, কৌলিন্ম ও সম্পদ তথন হিসাবের বাইরে। শালীনতা, পবিত্রতা তথন সমাজের মূল্যায়নের মাপকাঠি হয়েছে। Thomas Bowder তাঁর Family Shakespeare থেকে অশালীন কথাগুলি বাদ দিয়ে দিয়েছেন, ফিল্ডিং-এর টম জোন্স আর সাধারণের পাঠ্য ছিল না। সে সময়ে योन नौजित पिक (थटक श्वी ও পুरूरधत नौजित मर्सा जकार जिल वर्षार श्वीलाटकत পক্ষে যা তুর্নীতি পুরুষের পক্ষে হয়ত তা তুর্নীতি ছিল না, কিন্তু এই যুগে স্ত্রী-পুরুষের নীতির সমতা এল। এই নীতিবাদ জীবন ও সমাজের পক্ষে খুৰ স্বাভাবিক নমু, তবুও লেথকগণ তাকে প্রতিষ্ঠিত করতে চেষ্টার ক্রটি করেননি। Thackeray-র এই বিশ্বাস অনেকটা শিথিল কিন্তু Trollope তাঁর আত্মজীবনীতে বলেছেন,— "The writer of stories must please or be will be nothing. And he must teach whether he wishes to teach or not. How shall he teach lessons of virtue and at the same time make himself a delight to his reades ?..." (৩১৮)

Evangelical Movement মাস্থাকে ব্যক্তিগতভাবে দায়িত্বশীল ক'রে তুলতে চেয়েছিল—এই দায়িত্ববোধ মাস্থাকে শালীন ও স্থন্দর ক'রে তুলবে এবং তাই হবে সমানের মাপকাঠি। এই বুগের পাপ ও অনাচারকে এইভাবে দ্র করার একটা প্রচেষ্টা তাঁরা করেছিলেন কিন্তু এটা ছিল দার্শনিক স্থপ্পবিলাস। প্রচেষ্টা সফল হল না, কারণ তথন শিল্পবিপ্রব মাস্থাকে ছিন্নমূল ক'রে সমাজ থেকে বের ক'রে নিয়ে এসে তাকে অনাকাজ্জিত পরিবেশের মধ্যে ফেলেছে। ক্রত শিল্পসংস্থা গড়ে উঠল, ষোগাযোগ ব্যবস্থার উন্নতি হল, মাস্থ্য গৃহ, সমাজ ত্যাগ ক'রে ছুটল শিল্পনগরে। গৃহের স্নেহ-শাসন, সমাজের নীতিবোধকে হারিয়ে মাস্থ্যের রিপুচালিত চিরস্তন ইন্দ্রিয়ভোগবিলাসেছে। মৃক্ত হ'য়ে ব্যাপক হ'য়ে উঠল। অবশ্র এই স্বেছ্টারী মস্থ্যারণ্যকে ফ্যাক্টরী-আইন, পৌর-আইন প্রভৃতির কণ্টক-প্রাচীরে সংখ্ত ও নিয়্ম্লিত করতে রাষ্ট্রও বাধ্য হল।

১৮শ শতকে মাহ্য ক্ষমতার অপব্যবহার করেছে মাহ্যের উপর অত্যাচার ক'রে এবং এই মাহ্যেরে অত্যাচারই ফিল্ডিং ও আলেটকে বিচলিত করেছিল, কিছু ১৯শ শতকে এই অত্যাচার ও অবিচার এল নতুন রূপ নিয়ে—জটিগ অর্থনৈতিক ব্যবস্থা-জনিত সম্পাদ-বণ্টনের অব্যবস্থা রূপে। এই জটিল অর্থনীতির চ্নীতিকে হয়ত আইন দারা প্রশমিত করা যেত যদি পিছনে সততা সদিচ্ছা ও জাগ্রত আ্যুমর্যাদাবোধ থাকত। অপ্রাসকিক হলেও একথা বলা অসকত হবে না যে,

বর্তমানে আমাদের এই শিল্পায়নের ঘুগের অবস্থাও অব্যবস্থা ১৯শ শতকের শেষের ইংলণ্ডের অবস্থারই মত। শিল্পনগরে ছিন্ধমূল নরনারীর সাম্প্রতিক ভিড় একই সমস্থা এনেছে এবং রাষ্ট্রবিদ্গণের মনে ও সাহিত্যে মিথ্যা আশাবাদ ধ্বনিত হ'রে উঠেছে। ব্যক্তিস্বাতস্ত্র্য ও স্বাধীনতার মোহ আমাদের জীবন ও সমাজকে জটিলতর ক'রে তুলেছে।

তথন ইংলণ্ডে একদিকে অভিজাত ধনিকশ্রেণী, অক্সদিকে তুর্গত বিরাট শ্রমিকশ্রেণী গ'ড়ে উঠেছে। এই তুই-এর তুর্নীতির মাঝে শিক্ষিত মধ্যবিত্ত, নৃত্ন ব্যবহারিক বিজ্ঞান-পারদর্শী শ্রেণী ভীত জ্বস্ত হ'য়ে পড়েছে—এবং তারাই প্রথম এই তুর্নীতির বিরুদ্ধে বিল্রোহী হ'য়ে দাঁড়াল। এই প্রতিরোধের প্রচেষ্টার ফলে সম্মান এই নৃতন আদর্শের মাপকাঠি নির্ধারিত হল। ১৮১৬ সালে লগুনের মোট লোকসংখ্যার তিরিশ ভাগের একভাগ ছিল দেহজীবিনী, এবং এর ৩০ বছর পরে কার্লাইল John Forster-এর বাড়ীতে বসে বলেছিলেন, পুরুষের দৈহিক সতীত্ববোধ এখন মৃত। ভিকেন্সও এই আড্ডার অতিথি ছিলেন। তিনি বলেছিলেন,—যৌন স্বেচ্ছাচার আজ এত বেশী যে আজ যদি আমার ছেলে ভাল থাকে তবে আমার সন্দেহ হবে যে তার স্বাস্থ্য ভাল নেই। ১৮৮০ সালে পলমল গেজেটের সম্পাদক W. T. Stead লগুনের পণ্যা তরুণীদের ব্যবসায় সম্বন্ধে তাঁর অশালীন উলঙ্গ প্রবন্ধের জন্ম কারাবরণ করেছিলেন।

এই পরিবেশে ভিক্টোরিয়া-যুগের লেখকগণ যৌন স্বেচ্ছাচারিতা ও গ্নীতির বিক্ষে দাঁড়িয়েছিলেন। তাঁদের মধ্যে অর্থ নৈতিক ও সামাজিক উন্নতির জন্ম একটা সচেষ্ট সংকল্প দেখা যায়। এই জাতীয় লোক তথন সংখ্যায় খুব বেশী নিশ্চয়ইছিলেন না, যাঁরা ছিলেন তাঁরা নিশ্চয়ই সম্মানিত হয়েছিলেন। এই সম্মানিত শ্রেণীই তথনকার পাঠক, তাদের কাছে জনপ্রিয়তা লাভই লেখকদের কাম্য, তাঁদের দৃষ্টিভঙ্গির প্রচারই প্রয়োজন এবং এই প্রয়োজনের থাতিরেই যুগের নীতিবাদের স্বৃষ্টি। তাঁরা এই পাঠকশ্রেণীর সঙ্গে চিত্তর্ত্তির দিক থেকে অনেকটা একীভূত। শ্রমিকশ্রেণী তথন এই সম্মানিত মধ্যবিত্ত শ্রেণীর পর্যায়ে আসতে সচেষ্ট, অতএব নীতিবাদের তথন প্রয়োজন সম্বাধিক। তথনকার যুগে Novelist as an artist এবং Novelist as an entertainer-এর পার্থক্য প্রকট হয়ন। কাজেই, তাঁরা যা বলেছেন, যে ছবি তারা এঁকেছেন তাই সমগ্র দেশের প্রতিচ্ছবি না হলেও তথনকার জাতীয় চেতনা ও জাতীয়তাবোধ সাহিত্যে পরিপূর্বভাবে প্রকাশিত হয়েছে।

১৮৩২ সালের পূর্বেই বিপ্লব ধ্যায়িত হচ্ছিল। Reform Act এবং Factory Act পাস হল এবং ব্রিটিশ রাজত্বে ক্রীতদাস প্রথার বিলোপ হল। ১৮৩০ সালে ম্যাঞ্চেটার-লিভারপুল রেললাইন থোলা হয়েছে, ফ্যারাডে চৌম্বক বিত্যুৎস্রোত আবিষ্কার করেছেন। তথন থ্যাকারের বয়স ২১ এবং ডিকেন্সের ২০। জারা পড়তেন অস্টেন ও স্কটের উপস্থাস। Crotchet Castle ১৮৩১-এ প্রকাশিত হয়। স্কটের প্রথম উপস্থাস ও ডিকেন্সের মধ্যে কোন ক্বতী সাহিত্যিক নেই।

কেবলমাত্র Pierce Egan-এর Life in London (১৮২২-২৮) এবং Theodore Hook-এর Sayings and Doings (১৮২৪) ও Gilbert Gurney (১৮৩৬) উল্লেখযোগ্য। Egan ও Hook উভয়েই সাংবাদিক ছিলেন, এবং তাঁরা পাঠকের অবসর বিনোদনের পণ্য জুগিয়েছেন কিন্ধু তাঁদের লেখা ডিকেন্সকে প্রভাবিত করেছিল। ডিকেন্সও প্রথমে সাংবাদিক ছিলেন, পরে তাঁর প্রতিভা তাঁকে স্রষ্টার আসন দিয়েছে। ছক ও এগান খলেটের পতিত সংস্করণ। তথনকার পাঠক শিক্ষিত অভিজাত সমাজের কাহিনী ও ইতর জনশ্রেণীর কেচ্ছা পড়তে ভালবাসত, তাঁরাও বৈশ্বরুত্তির প্রেরণাতে তাই-ই তাদের দিয়েছেন। G. P. R. James এবং Harrison Ainsworth স্কটের অমুকরণে কিছু ঐতিহাসিক উপন্যাস লেখেন—এই ধরনের উপন্যাসের চাহিদাও তথন ছিল। হকের বৈশিষ্ট্য, তিনি লগুনের শহরতলীর নিম্ন মধ্যবিত্তশ্রেণীর জীবন নিম্নে লিখেছিলেন—ডিকেন্স নিজে এই শ্রেণীরই লোক। এই চলতি ধারার বাইরে J. J. Morier-এর The Adventure of Hajji Baba (১৮২৪) পারসিক জীবনের আকর্ষণীয় গল্প এবং Mary Russell Mitford-এর Our Village, গ্রাম্য-জীবনের স্মিশ্ধ কমনীয় গল্প (১৮১২-৩২) এবং উপস্থাস Belford Regis (১৮৩৫) উল্লেখযোগ্য।

এঁরা ব্যতীত এই যুগের নাম করবার মত লেখক Frederick Marryat (১৭৮২-১৮৪৮) Bulwer Lytton (১৮০৩-৭৩) এবং Benjamin Disraeli (১৮০৪-৮১)। এঁরা তিনজনই ভিক্টোরিয়া-যুগের বাইরের লোক। তাঁরা যুগধর্ম ও যুগনীতিবাদের প্রভাবমুক্ত। লিটন ও ডিস্রেলী উভয়েই রাজনীতিক এবং নেতৃস্থানীয়, মেরিয়েট নোবাহিনীর অফিনার। মেরিয়েটের রচনা আকর্ষণীয়। তাঁর দীর্ঘ সমুদ্রের অভিজ্ঞতা এবং সামুদ্রিক পরিবেশে অভিযানের কাহিনী সাহিত্যে নৃতন বিষয়বস্থ। তাঁর Peter Simple এমনি একটি অভিযান কাহিনী এবং তিনিই বর্তমান যুগের Conrad-এর পথিকং। Peter Simple নৌবাহিনীর নাবিক-জীবনের চমৎকার কাহিনী। পিটারের সারল্য ও সরল সহজ চিস্তাধারার সঙ্গে জাটল জগতের একটা তুলনামূলক শ্লেষাত্মক বির্তি এই কাহিনীকে স্থপাঠ্য ক'রে তুলেছে—ঠিক এমনি ভাবেই David Copperfield-এর চলার পথে বয়য়দের চরিজগুলি ফুটে উঠেছে। তাঁর Snarleyyow বা The Dog Fiend অশ্ব জেল্বযোগ্য উপস্থাস।

লিটনের মৌলিকতা নগণা। তিনি অন্তের রীতি অমুকরণ করেছেন, সামান্ত বিষয়বস্ত নিয়েই তাঁর Pelham (১৮২৮)। পেলহাম উচ্চাকাজ্জী যুবক, রাজনৈতিক ক্ষেত্রে প্রতিষ্ঠালাভ করতে সর্বপ্রকারে চেষ্টিত। তার লণ্ডন ও প্যারির সোসাইটিতে অভিযান এবং মান্ত্যের পতিত জীবন (Under world)-এর কাহিনী এইটি। এই উপস্থাসে ভিস্রেলির Vivian Grey এবং এগানের Life in London-এর ছাপ স্ক্রপন্ত।

তাঁর Eugene Aram (১৮৩২) প্রকৃতপক্ষে রহন্ত উপন্থাস। থ্যাকারে

বলেছিলেন, ইউজিন যদিও চোর মিথ্যাবাদী ও থুনে কিন্তু বুদ্ধিদীপ্ত জীবনে দে মহত্বর মানবশ্রেণীরই অন্তর্ভ । ১৮৪৯ সালে প্রকাশিত তাঁর The Caxtons উপগ্রাসে ডিকেন্সে গ্যাসকেল ও থাকারের তুল্য হওয়ার প্রচেষ্টা দেখা যায়। এই উপস্থাসথানি দ্যার্ন-এর Tristram Shandy-র অক্ষম অনুকৃতি।

Disraeli জাতিতে ইংরাজ নন, ইনি স্পাানিশ ইছদীর বংশধর। তাঁর পিতা Isaac উচ্চাকাজ্জী ব্যক্তি এবং তিনি Curiosities of Literature গ্রন্থে জন্ম প্রাসিদ্ধ। তাঁর রাজনৈতিক জীবনে তিনি তাঁর চাতুর্য ও বুদ্ধিমন্তার জন্মই প্রতিষ্ঠা লাভ করেছিলেন। ইংলণ্ডে বসে ইংরাজ ঐতিহের বিক্ষতা ক'রেই তিনি আত্মপ্রতিষ্ঠা লাভ করেন।

তাঁর ২২ বৎসর বয়সে ১৮২৬ সালে তাঁর Vivian Grey প্রকাশিত হয়; এথানি রাজনৈতিক ক্ষেত্রে এক যুবকের প্রবেশ ও সংগ্রামের কাহিনী। তথন ব্যক্তিগত গুণই উচ্চদমাজের প্রবেশপত্র ছিল; সম্পদ, বংশগৌরব বা প্রতিভা যে কোন একটি থাকলেই উচ্চসমাজে স্থান পাওয়া যেত। ভিভিয়ানের ছিল প্রতিভা। পিতার নিমন্ত্রণ টেবিলে জনৈক নির্বোধ রাজনীতিক Marguis of Carabas-এর সঙ্গে পরিচিত হয় এবং তাঁকে রাজনৈতিক ষ্ড্যন্ত্রে লিপ্ত ক'রে নানান খেলা চলে: নতুন দল সৃষ্টি হয় এবং একটি স্ত্রীলোকের প্রতারণায় তাও ভেঙ্গে যায় এবং ভিভিয়ান ড়য়েল ল'ড়ে একজনকে হত্যা ক'রে দেশত্যাগী হয়ে ইউরোপে চলে যায়। বাকি অংশ তার ইউরোপ অভিযান। উপতাস হিসাবে এটি অতিকল্পনাচুট। ডিস্রেলি যথন এ কাহিনী লেখেন তথন রাজনীতি ক্ষেত্রে তাঁর কোন অভিজ্ঞতাই ছিল না, তিনি বাস্তবধর্মী লেখকও নন। এটি তাঁর স্বপ্নজগতের একটি বৃদ্ধিদীপ্ত আলেখ্য। তার পরে তিনি Henrietta Temple এবং বায়রন ও শেলীয় জীবনীকে কেন্দ্র ক'রে বিজ্ঞপাত্মক উপন্থান লেখেন,—Roman à clef Venetia। যথন তাঁর Conigsby প্রকাশিত হয় তথন তিনি পার্লামেন্টের একজন প্রতিষ্ঠাবান ব্যক্তি। "পরে তাঁর Sybil এবং Tancred প্রকাশিত হয়, এই তিনথানিই রাজনৈতিক উপন্থাস। রাজনীতি ঘিরেই তাঁর চরিত্র এবং রাজনীতিই মূলকথা— রাজনীতির সমস্তা ও সমাধান প্রভৃতি। Reform Bill-এর সময়ের রাজনৈতিক পরিবেশ ও সমস্যা তাঁর Conigsby-তে বিধৃত। Sybil তাঁর শিল্পায়িত ইংলওের রূপ,—তথন শ্রেণী-সংগ্রামের শুক্ত হয়েছে এবং তার সমাধান তিনি করতে চেয়েছেন Young England-এর আদর্শ দারা। এটি বর্তমান শ্রেণী-সংগ্রামের আদি পৃস্তক।

Mrs. Gaskell-এর Mary Barton ১৮৪৮ সালে প্রকাশিত হয়:
শিল্পাঞ্চলের দরিত্র শ্রমিক জনগণ এবং তার পরিপূর্ণ ত্রবস্থার রূপ এতে সমবেদনার
সঙ্গে চিত্রিত হয়েছে। তাঁর এই দারিস্ত্রের বর্ণনা ভয়াবহ হলেও থাঁটি এবং মর্মজ্জন।
খনি ও খনি শ্রমিকের জীবন, তাদের নীচতা, চরিত্রহীনতা ও দালাবাজী বীভংস
ভাবে বর্ণিত হয়েছে।

উপস্থাস লেখক হিসাবে ডিস্রেলি সার্থক নন, কিন্তু তাঁর নারীচরিত্রগুলি বৃদ্ধি, চাতুর্য ও দৃঢ়তায় নৃতন ও স্থানর; এমন কি থ্যাকারে ডিকেন্স থেকেও যেন বেশী স্বাভাবিক।

F. R. Leavis ডিকেন্সকে 'Great entertainer' বলেছেন কিছ great novelist বলেননি, কারণ তাঁর প্রতিভা সৃষ্টির উচ্চতম দায়িত্বক প্রহণ করেনি। এই হুইএর মাঝে পার্থক্য থুব স্পষ্ট নয়। অনেক entertainer আছেন যারা উপত্যাস-লেখক নন, কিন্তু এমন উপত্যাস-লেখক নেই যিনি entertainer নন-কারণ মান্তবের অন্তরে আনন্দ পরিবহন করাই নভেলের প্রথম ও প্রধান গুণ। প্রকৃতপক্ষে তিনি উভয়ই ছিলেন এবং সেই গুণেই তাঁর সাহিত্য চিরন্তনী (classic) সাহিত্য পর্বায়ে স্থান পেয়েছে। তাঁর সম্বন্ধে এই সমালোচনার মূল হেতু তিনি যথেষ্ট শিক্ষিত ছিলেন না এবং তার থেকেও কম শিক্ষিত পাঠকদের জন্ম তিনি লিখেছেন। তাঁর পাঠক ছিল শিল্পবিপ্লব-স্ষ্ট আত্মসচেতন নৃতন সমাজ। এই পাঠক সমাজের জন্ম ১৮৩২ সালের পূর্বে সাময়িক পত্র-পত্রিকাগুলি কোন পাঠ্যবস্ত উপহার দিতে পারেনি। এই সময়েই প্রথম Chamber's Journal Knight's Penny Magazine প্রকাশিত হয়। ডিকেন্সের উপস্থানের প্রায় সবই ধারাবাহিক রূপে সাময়িক পত্রিকায় প্রকাশিত হয়েছে এবং সেই কারণেই গঠন ও বিক্তাদের দিক থেকে তার উপন্তাস থুব স্কুষ্ঠ ও স্থন্দর নয়। লেথক হিসাবে তিনি পাঠক ও জনসাধারণের সঙ্গে একীভূত হতে পেরেছিলেন ব'লেই তাঁর সাহিত্যের मुना तृष्ति हरवरह এবং अनमाधातरणत हाहिन। भूतरणत अग्रहे छात छेभगारमत घर्टना নিষন্ত্রিত হয়েছে। তাঁর ভূমিকা সংস্কারকের নয়, তিনি এই নূতন জনগণের হংথের कथा, व्यविष्ठात-वा छिष्ठारत्रत कथा एतरामत मान वरल हिरलन छारामत्र छ छ। এই वना সার্থক হয়েছিল বলেই জনসাধারণ তাঁকে ভালবেসেছিল।

তাঁর বন্ধু Wilkie Collin's-এর নভেল লেখার ফরমূলা ছিল, Make 'em laugh, make 'em cry, make 'em wait। (৩১৯) ডিকেন্স প্রথমে হাসিয়েই পাঠকচিত্ত জয় করেন এবং সাংবাদিক হিসাবে সে লেখার শুরু। ১৮৩৬ সালে প্রকাশিত তাঁর Sketches by Boz তখনকার চলতি লেখা, সাধারণ পাঠকদের আনন্দ লেওয়ার জয়ই লেখা কিন্তু তা হ'লেও খুব জনপ্রিয়তা লাভ করে। তখন Egan-এর Life in London ক্রমশঃ প্রকাশিত হয়েছে (১৮২১-২৮), Surtee's-র Jorrocks's Jaunts and Jollitiès, একজন কক্নী খেলোয়াড়ের অভিযান, (১৮৩১-১৮৩৪) New Sporting Magazine-এ ক্রমশঃ প্রকাশিত হয়। এই ধারায়ই, এই সময়ের প্রয়োজনে ডিকেন্সের Posthumous Papers of the Pickwick Club লেখা—নানা ঘটনা ও চরিত্র বর্ণনার উদ্দেশ্রেই এই রচনারীতি তিনি গ্রহণ করেন। এই পুস্তকে তিনি কোন স্থপংবদ্ধ কাহিনী

রচনার চেষ্টা করেননি। দশম পরিচ্ছেদে Sam Weller-এর আগমনের পূর্ব পর্যন্ত এই লেখা খুব জনপ্রিয় হয়নি।

পিকউইক পেপার ডিকেন্সের প্রতিভার একটি দিক, এখানে তিনি হিউমারিট। চরিত্রের পর চরিত্র এবং হাস্থকর বিচিত্র পরিবেশ স্পষ্টির মধ্যে এক আনন্দম্ম জগতের স্নিশ্বতা রয়েছে। মিঃ পিকউইক প্রতিজ্ঞাভঙ্কের দায়ে অভিযুক্ত এবং সর্বপ্রকার লোক তাকে প্রতারিত করেছে—এই সবই বাঙ্গ ও কৌতুকের হাসির খোরাক। এই সব ঘটনা ও চরিত্রের সবই একটা বাস্তবাতীত জগতের সামগ্রী।

এই সময়েই Bentley's Miscellany-তে Oliver Twist প্রকাশিত হচ্ছিল। তার মধ্যে পিকউইকের বাস্তবাতীত জগৎ বাস্তবে নেমে এসেছে। অলিভার টুইস্টে 'Make 'em cry' স্ত প্রযুক্ত হয়েছে। কাহিনীর মধ্যে হাসিকোভুক ব্যঙ্গ আছে কিন্তু তার স্থাদ ভিন্ন। ভালমন্দের সংঘাত, আইনের অপব্যবহারজনিত দরিজের হুর্ভাগ্য ও হুর্বলভার মধ্যে বাস্তব জগতের প্রতিচ্ছবি ফুটে উঠেছে। বাস্তবধমী উপস্থাস অর্থাৎ ক্লবেয়া প্রভৃতির তুলনায় তাঁর চরিত্র অনেকটা মেলোড্রামা ঘে যা কিন্তু অন্থ দিক থেকে তা বাস্তবধমী ও বাস্তবের কঠোর ব্যঙ্গ। তার দেখা ও জানা জগত ও সত্য,—শিশুর দেখা জগৎ বয়স্কের দেখা জগত থেকে কম সত্য নয়। David Copperfield-এ এসে এই দেখা জগত অত্যন্ত সত্য ও বাস্তব হ'য়ে উঠেছে।

শৈশবে ছয়মাস চাকুরী করার পর ডিকেন্সকে তাঁর বাবা ফ্যাক্টরী ম্যানেজারের সঙ্গে ঝগড়া ক'রে ছাড়িয়ে নিয়ে আদেন কিন্তু তাঁর মা ঝগড়া মিটিয়ে পুনরায় কাজে পাঠাতে চান। নিয় মধ্যবিত্ত শ্রেণীর ছেলেমেয়েদের প্রতি এই অবিচারকে তিনি জীবনে ক্ষমা করতে পারেননি—ভূলতেও পারেননি। এই নিষ্ঠুর মা'কে তিনি তাঁর Nicholas Nickleby-তে হাস্থকর Mrs Nickleby-তে পরিণত করেছেন: এই ঘটনা থেকে তাঁর মনে একটা বদ্দ্দ্র ধারণা হয় য়ে, জগতে তিনি আনাকাজ্জিত, অপ্রয়োজনীয়, অনাদৃত, এই ধারণাপ্রস্থত চিত্তবিকার থেকে তিনি জীবনে মৃক্তি পানিন। ফ্যাক্টরীর চাকুরী তাঁর অনেকগুলি সাহিত্যকীর্তির ব্যাখ্যায় সাহায়্য করেছে। তাঁর প্রত্যেক উপস্থাসের কেন্দ্রন্থলে একটি তাঁর মত নিপীড়িত, অত্যাচারিত অসহায় শিশুর দেখা মিলে—Oliver Twist, Little Nell, David, Paul Dombey, Pip প্রভৃতি তাঁর এই অমুভৃতি ও অভিক্তভাপ্রস্থত চরিত্র।

তাঁর Dombey and Son, Bleak House, Hard Times, Little Dorrit, Great Expectations সেই যুগের শিল্পবিপ্লব-পীড়িত সমাজের নির্মন অনাচারের মূর্ত প্রতিবাদ। He is attacking a whole social system in all its complexity whereever it seems to him to impede or prevent the flow of generous impulse between man and man, the exercise of natural kindliness and trust." (৩২০)

তাঁর কমিক চরিত্র তুই রকম। কতকগুলি নীতিবহির্ভূত হাসির চরিত্র, বেমন Pickwick, Wellers, Micawber. Boffin এবং Mrs. Gamp. এদের চরিত্র নিয়ে তিনি কৌতুক করেছেন কিছু তিনি যথন নীতির মাণকাঠিতে কোন চরিত্রকে কমিক করেছেন তথন তার ব্যক্ত প্লেম হিংস্র হ'য়ে উঠেছে এবং এই হিংস্রতার মধ্যেই তিনি সমাজ-ব্যবস্থাকে আক্রমণ করেছেন—যেমন, Heep, Bumble, Gradgrind চরিত্রে। তাদের উপরে ষ্তই তিরন্ধার ও বিদ্রুপ বর্ষিত হোক না কেন তাদের দানবত্ব সর্বদাই অটুট রয়ে গেছে।

অনেকে বলেন, ভিকেন্সের চরিত্রগুলি একক, তারা সমগ্রতা নিরে কাহিনীর রপকার হয়নি। তাঁর চরিত্রগুলির সবই মানব সমাজের চিত্তবিকারের ছবি। তীক্ষ্ণ বীক্ষণশক্তি নিয়ে তিনি এই Psychopath-দের দেখেছেন এবং সেই জন্মই তা টোলোপ থ্যাকারের চরিত্রের মত নয়। সমাজের প্রতি তাঁর অসস্ভোষ ও ক্রোধ যতই বেড়েছে ততই তাঁর চরিত্রে এই চিত্তবিকারপ্রবণতা বেড়ে গেছে। তাঁর প্রথম উপন্যাসগুলি পিকারো শ্রেণীর, Nicholas Nickleby এবং Chuzzlewit ভাগ্যায়েষী, রভারিক র্যানভম বা টম জোন্সের অহ্বরূপ। পাঠক এই চরিত্রগুলিতে আকৃষ্ট হয় না, কিন্তু তাদের চলার পথে দেখা চরিত্রগুলি পাঠককে আকৃষ্ট করে, চমৎকৃত করে।

তাঁর লিখনরীতির প্রথম পরিবর্তন হয় তাঁর Domby and Son-এ এনে । এই সময়ে রেললাইন হয়েছে, ইংলণ্ডের রূপ বদলেছে, নগর ন্তন রূপ নিয়েছে, লগুনের পুলিসকে ন্তন ক'রে তৈরী করতে হয়েছে। এই রেলগাড়ীর প্রতিষ্ঠা থেকেই পিকারো নভেলের সমাধি। এই পরিবর্তনের জন্তেই Dromby-তে এসেন্তন কাহিনী ও পরিবেশ স্প্রী হয়েছে।

ডিকেন্সের লেখায় একটা সামগ্রিকতা (Comprehensiveness) বর্তমান।
সমাজের অসং ন্তরের মাহ্র্য নিয়ে বান্তব পৃথিবীর একটা সামগ্রিক রপ, তিনি
এঁকেছেন। পঞ্চম দশকে এসে এই পরিবর্তন এমন প্রকট কেন হল তার কারণ
তিনি সমাজ-ব্যবস্থার রূপ চিত্রিত ক'রে বিশ্লেষণ করতে চেয়েছেন। তিনি ইচ্ছাক্তত
তাবেই নভেলকে সমাজের সমালোচনা ও বিশ্লেষণে প্রয়োগ করেছেন সমাজের ও
ব্যক্তির মঙ্গলের জন্তা। তার ঘটনা হয়ত মামূলী, কৃত্রিম, মেলোডামাদোষত্ই,
হয়ত সম্ভাবনাপূর্ণ কিন্তু বান্তব নয়, কিন্তু তাঁর স্বষ্ট জগতে সমগ্র সমাজ, তার মানি,
অনাচার-ব্যভিচার ও বান্তবম্বরূপ বিশ্বত। ঠিক এমনি ক'রে সমগ্র সমাজের একটা
সামগ্রিক রূপ অন্ত কোন ইংরাজ লেখকের সাহিত্যে স্বষ্ট হয়ন। ফ্লবেয়া,
ব্যালজাক, জোলা যে অর্থে বান্তব, তিনি সেই অর্থে বান্তবধর্মী নন। একমাত্রে
ডেভিড কপারফিন্ড হয়ত বান্তবতার দাবী করতে পারে কিন্তু তাও বান্তবতায় শুক্রহ'য়ে কৃত্রিমতায় শেষ হয়েছে।

Domby and Son, Great Expectations এবং Our Mutual Friend-এর মধ্যে ইংরাজী সাহিত্যে প্রথম প্রতীকতার স্পষ্ট হয়। বয়সের সঙ্গে

সঙ্গে ডিকেন্সের মনে গভীর নিরাশা এসে দেখা দেয় এবং শেষের উপস্থাসগুলিতে তার কটাক্ষ ও সমালোচনা অধিকতর হিংস্ত হ'রে দেখা দেয় এবং তারই ফলশুন্তি রূপে চরিত্রে বেশী মেলোড্রামার আবির্ভাব হতে থাকে। এই সময়ে শিল্পবিপ্লবের অবশুস্তাবী পরিণতি হিসাবে স্বর্ণ ও সম্পদই মান্ত্রের জীবনে সর্বস্থ হ'রে ওঠে। Mr Domby তারই প্রতীক, তাঁর স্বর্ণের মোহের কাছে স্নেহ, করুণা, প্রেম, মমতা, স্ত্রী-পুত্র সবই মৃল্যহীন হ'য়ে গেছে। তখনকার শিল্পায়নের স্পষ্ট নৃতন ধনিক ব্যবসায়ী সমাজে এই-ই ছিল স্বাভাবিক,— আজ সে যুগ ভারতেও এসেছে। Domby-র মাঝে শিল্পায়নের পৈশাচিক মনোবৃত্তি রূপায়িত হয়েছে।

Bleak House-এও এই লোভ ও মোহ অর্জনে না হলেও উত্তরাধিকারে এদেছে। Great Expectation-এও তাঁর শ্রেষ্ঠ চরিত্র Pip টাকার চিস্তায় তার স্বাভাবিক হাদয়বৃত্তি আত্মীয়স্বজন সব বিসর্জন দিয়েছে। নির্জন জলাভূমির মধ্যে পলাতক আসামীর সঙ্গে Pip-এর সাক্ষাৎ থেকেই তার চিত্তবিকার হিংম্র কাঞ্চনমোহে পরিণত হয়েছে। Our Mutual Friend-এও এই কাঞ্চন কৌলিভের সমালোচনা আরও তাঁব ও তীক্ষ হ'য়ে উঠেছে।

চার্লস্ ডিকেন্স একদিকে কমিক, অন্ত দিকে কাব্যধর্মী ও বান্তবাতীত কিছ তাঁর বেগবান কল্পনারচিত কুত্রিম জগতও পাঠকচিত্তে বিশ্বাস এনে দেয় এবং তা বান্তবাহুগ ব'লে বিশ্বাস করতে বাধ্য করে। তাঁর এই বান্তবাতীত চরিত্র ও বেগবান কল্পনার সঙ্গে কেবলমাত্র দন্তেয়ভ্স্থি, কাফ্কা, ও জেমস্ জয়েসের তুলনা হ'তে পারে।

দোষ-ক্রটি তাঁর রচনারীতি, কাহিনী ও আঙ্কিকে অনেক আছে কিন্তু তাঁর সবকিছু ক্রটির উপরে জ্যোতির্ময় হ'য়ে উঠেছে তাঁর মানবিকতা। তাঁর হৃদয়ের অপার করুণাও মানবপ্রেম বান্তববৃদ্ধিও যুক্তিকে ছাড়িয়ে উঠেছে বলেই তাঁর দৃষ্টি আজু চিরস্তনী সাহিত্যের অঙ্গীভৃত। পাঠক, সমালোচক যতই মন্তিম্বর্মীও যুক্তবাদী হোন, হৃদয়ের প্রেরণাও গভীর অহুভৃতির কাছে তাঁকে নভিন্থীকার করতেই হয় এবং সেই জন্মই শত ক্রটি সন্থেও ভিকেন্স স্মরণীয় ও বরণীয় হ'য়ে আছেন। (৩২১) তিনি কেবলমাত্র হৃদরের পূজারী নন, শিব ও হৃদয়রকে একীভূত ক'রে তারই আশ্রেমে তিনি তাঁর চরিত্রগুলিকে লালিত করেছেন। আজকের মন্তিম্বর্মী সাহিত্যের যুগে ইব্সেন, আনাতোল ফ্রাও নগণ্য হ'য়ে গেছেন এবং

⁽৩২) "Here, (Oliver Twist, David Copperfield) again England led the way in developing the type of the humanitarian novel, as he had led the way in the industrial revolution, which had so many by-products of suffering. Modern World Fiction-Brewster & Burrell.—p. 16-17.

^{(%) &}quot;That Dickens had great many demerits as a writer is too obvious to be important. Though in his later works he took on more of the modern ambitions of psychology and artistic construction, he never lost the melodramatic and farcical conventions of his youth," The Outline of World Literature—Drinkwater—p. 541.

টলস্টয়ও নগণ্য হতে চলেছেন, কিন্তু হৃদয়ের কাছে তাঁদের আবেদন ব্যর্থ হয়নি এবং হৃদয়ের মৃত্যু না হওয়া পর্যস্ত সে আবেদন ব্যর্থ হবে না।

William Makepeace Thackeray ১৮১১ সালে (বর্তমান ২৪ পরগনার ডিস্টিক্ট মাাজিস্টেটের কেয়ার্টারে) জন্মগ্রহণ করেন।

Thackeray ভিক্টোরিয়া-য়্গে ভিকেন্সের মন্তই জনপ্রিয় ছিলেন কিছ ৩০।৪০ বংশর পরে সমালোচকের দৃষ্টিতে তাঁর মূল্য কমে যায়, এমন কি এই যুগের অপরিজ্ঞান্ত Trollope থেকেও তাঁকে নামিয়ে দেওয়া হয়। তার প্রধান কারণ থ্যাকারের লেখা ডিকেন্সের মন্ত সৃষ্টিধর্মী নয়, তাঁর লেখার মন্ত লেখা পূর্বেও ছিল, তিনিও লিখেছেন এবং পরেও লেখা হয়েছে। ১৮৪৭ সালে তাঁর প্রথান্ত উপস্থাস Vanity Fair প্রকাশিত হয়। তিনি পূর্বে Punch পত্রিকার লেখক হিসাবে রোমান্টিক উপস্থাস ও তালের লেখককে বাজ-বিজ্ঞালিকে স্বাভাবিক ও বাস্তবাহ্নগ করতে হয়েছে এবং স্বাভাবিক পরিপ্রেক্ষিতেই তালের গ'ড়ে তুলতে হয়েছে। তাঁর এই উপস্থাস নৃতন মধ্যবিত্ত শ্রেণীর একটা সামগ্রিক রূপ। ১৮১০ সাল থেকে লণ্ডনের নৃত্তন আবহাওয়ায় এই মধ্যবিত্ত শ্রেণীর আবির্ভাব হয়। লেখক উপস্থাসের নামকরণে এটিকে নায়কহীন উপস্থাস বলেছেন। এই নায়কহীন উপস্থাসে তিনি চেয়েছিলেন তদানীস্তন সমাজচিত্রকে (Manners) রূপায়িত করতে এবং তিনি তাঁর প্রচেষ্টায় সফলও হয়েছেন বলা যায়।

তাঁর Becky Sharp এবং তার স্বামী Rawdon Crawley বিশ্বসাহিত্যের তুইটি অন্সাধারণ চরিতা। এই চরিত্তের মধ্যে যুগধর্ম, বয়স ও বয়ংধর্ম এবং পরিবেশ নিখুত রেথাপাত করেছে। সমগ্র মাত্রের জীবন, স্থান-কাল ও স্বধর্ম নিয়ে পল্লবিত বনস্পতিতে পরিণত হয়েছে— স্বৰ্থ অজিত হয়েছে, হৃত হয়েছে, বিবাহ হয়েছে, স্বামীস্ত্রী সাধারণের মত জীবন অতিবাহিত করেছে, স্বাভাবিক ভাবেই ব্যর্থ হয়েছে, বার্ধক্য তার অসহায়তা নিয়ে এসেছে—এমনি একটা সামগ্রিক সামাজিক জীবন তার নিজম্ব পরিচয় নিয়ে কঠোর সত্যরূপে গাঁডিয়ে আছে। আবির্ভাব, জীবন, পরিণতি সবই স্বাভাবিক এবং এই স্বাভাবিকত্ব কেবলমাত্র টলস্টায়ের War and Peace-এর সঙ্গেই তুলনীয়। পার্থক্য এই যে, ভ্যানিটি ফেয়ার অসমাপ্ত চিত্র। থ্যাকারে প্রবন্ধকার হিসাবে লেখা শুরু করেন। তাঁর লেখার মধ্যেও Steele, Addison, Goldsmith-এর মৃত একটা প্রবন্ধস্থলত স্থর বর্তমান। ভ্যানিটি ফেয়ারের মধ্যে এমনি সব প্রবন্ধস্থলভ দীর্ঘ সংলাপ রয়েছে এবং এই সংলাপে তিনি যেন পাঠকের সঙ্গেই আলোচনায় প্রবৃত্ত হয়েছেন। তাঁর চরিত্র ও ঘটনার উপর তিনিই মন্তব্য করেছেন এবং তাকে গ্রহণ করতে বাধ্য করেছেন এবং তার উপরই তাঁর নীতিবাদকে প্রতিষ্ঠিত করতে চেয়েছেন। এই রীতি উপত্যাস-রচনারীতির পক্ষে যথেষ্ট স্বচ্ছন্দ নয়।

Vanity Fair নামটির মধ্যেই একটা সামান্ততা রয়েছে, এই সামান্তভার

উপরেই তাঁর প্রতিভা সমস্ত কাহিনী গড়ে তুলেছে। Bunyan-এর সমাজ চিত্রের সঙ্গে তাঁর কল্পনা ও অর্থের পার্থক্য আছে। বিনিয়ানের কাছে জগতের সমস্ত অহলার ও প্রদ্ধে যেন শয়তানীর নামান্তর, প্রীষ্টানের পক্ষে মুক্তির অন্তরায়, জগতের ফাঁদ কিন্তু থ্যাকারের কাছে সেটা হয়েছে আত্মশ্লাঘা। লোকে এই আত্মশ্লাঘাকে প্রশংসা করবে, ভাল বলবে এইটেই তার কাছে মাম্বরের মাভাবিক ব্যবহার। Wherever there was a man he was a snob। সব মাম্বই বেন মিথ্যার মুখোশ পরে নিজেকে বড় ক'রে জাহির করতেই ব্যস্ত। ১৯শ শতকের মাঝামাঝি সময়ে ব্যবসাগত ধনাগমের সঙ্গে সঙ্গেল নিম্প্রেণীর লোক সর্বদাই উচ্চ প্রেণীর মত সম্মান পাওয়ার জন্তে ব্যগ্র হয়ে উঠেছিল—তথন জন্মগত এবং পৈতৃক কৌলিন্যের সম্মান এবং নৃতন আহ্বন্ত সম্পাদের সম্মানের মধ্যে প্রতিযোগিতা চলেছিল। Mr. Osborne-এর চরিত্রে নৃতন ব্রিটিশ ব্যবসায়ী সমাজের নৃতন মর্থাদার লড়াইকে তিনি রূপায়িত করেছেন। এই লড়াইএর মধ্যে নকল সম্মানের অন্তর্রালে আপনার সামাজিক নৈতিক ও চারিত্রিক অক্ষমতাকে গোপন করতেই বেন সকলে ব্যস্ত কিন্তু এই যুগেও যে আপন কর্ম ও গুণে সত্যিকার দৃঢ় মাহ্ব্য গড়ে উঠেছিল, একথা তিনি অস্বীকারও করেছেন, উপেক্ষাও করেছেন।

অনেক সমালোচক বলেন, থ্যাকারে ১৮শ শতকের লেখক, ১৯শ শতকে জন্মেছেন এবং ১৯শ শতকের সমাজ তাঁর প্রতিভাকে নির্বাধি ক'রে দিয়েছে। তাঁর The History of Pendennis, His Fortunes and Misfortunes, His Friend and His Greatest Enemy ১৮৪৮ থেকে ৫০-এর মধ্যে মাসিক কিন্তিতে প্রকাশিত হয়েছিল। এই সবগুলিই যেন টম জোন্সের ১৯শ শতকীয় সংস্করণ। তাঁর জীচরিত্রগুলি খুব সজীব ও স্বাভাবিক হয়নি। এই অক্ষমতার জন্ম তাঁর জীবনের একটি ঘটনাই দায়ী। নারীচরিত্র এবং যৌনজীবন সম্বন্ধে তাঁর একটা মানসিক বাধ (inhibition) ছিল এবং এই বাধই তাঁর স্ত্রীচরিত্র স্বৃত্তির অন্তর্রায় হয়েছে। যৌনজীবন বঞ্চিত তাঁর চরিত্রগুলি খুব স্বাভাবিক হয়নি। তাঁর নারীচরিত্র হয় ভাল, নয় মন্দ—হয় Amelia Sedley নয় Becky Sharp, হয় Laura Bell নয় Blanche Amory, হয় Lady Castlewood নয় Beatrix। তাঁর সমন্ত সমবেদনা গেছে ভালর দিকে, বেকি, ব্রাজি ও বিয়াট্রকস্-এর প্রতি। এমেলিয়া ও শ্রীমতী পেনডেনিস চরিত্র ছ'টিকে তিনি নির্বোধ রূপে সৃষ্টি করেছেন—তাদের নারীত্রের বিক্তিই তাদের নির্ব্রিভার ধারক।

Prof. Greig তাঁর মানসিক বাধ সম্বন্ধে বলেছেন,—লেখক সর্বদাই তাঁর মায়ের কঠোর নির্দেশে বাস করতেন এবং এই কঠোরতার জন্ম তাঁর বিবাহের চার বংসর পরে বিবাহও নিক্ষল হয়। Mrs Pendennis এক জায়গায় বলছেন, "I have no doubt there is sexual jealousy on the mother's part." এই মন্তব্যের মধ্যে প্যাকারের নিজের মায়ের সঙ্গে তাঁর সম্প্রুটার কিছুটা আভাষ পাওয়া যায়। সে যাই হোক, তাঁর এই ধারণার সংকীর্ণভাই তাঁর নারী-চরিত্র চিত্রণের

াম্ভরায় হয়েছে। তিনি তাঁর বিক্লতমন্তিক স্ত্রীর প্রতিও অমুরক্ত ছিলেন, এই সব विक्र कि क्रिक्ट कें विक्र नाती-हित्र क्षित क्षेत्र का का विक्र क्षेत्र का का कि क्षेत्र का का कि का চরিত্রগুলি যথা বেকি ব্লান্ধি, বিয়াট্রিকস্ নানা দিক থেকে আকর্ষণীয় উজ্জ্বল সন্দেহ নেই কিন্তু যৌনজীবনে আকর্ষণহীন। তাঁর মন্দ চরিত্রগুলিও এমনই;—হন্দ্রী ह ७३१ मरह ९ आप्त, निर्कीत, ममाक-कौरत बहर भूर्ग रहोन-कौरत बहर होन। अह মানসিক বাধ যেমন একদিকে ভ্যানিটি ফেয়ারের বেকিকে অনবভ ক'রে তুলেছে, অন্তাদিকে এই বাধই অন্ত চরিত্রগুলিকে তুর্বল ক'রে দিয়েছে। George Eliot-ও চারই মত নীতিবাদী ধনিক সম্প্রদায়ের শক্তি ও স্পর্ধা, শ্রেণী-সংগ্রাম সম্বন্ধে সর্বদা সচেতন কিন্তু তাঁর চরিত্রগুলি আরও উজ্জ্বল, চরিত্রবিল্লেষণে আরও গভীর---্যাকারের হালকা বর্ণাঢ্যতা যদিও সেখানে নেই। লেখকের বিচার হয় তাঁর জীবন-থ্রতায় ও মহুভূতি নিয়ে—থ্যাকারের ব্যক্তিগত জীবন পরাজিত ও নিরাশাপীড়িত, গাঁর চরিত্রও তাই অনেক ক্ষেত্রে পরাজিত। ভ্যানিটি ফেয়ার ক্রমশ: প্রকাশিত টপত্মাস হওয়ায় রচনারীতি শ্লথগতি কিন্তু সামগ্রিকভাবে তা স্থন্দর। বেকি ও এমেলিয়া হুইটি বিক্ষমখভাব নারীচরিত্র ঘিরে বছ বিচিত্র চরিত্র তাদের বিভিন্নতা নিয়ে ভিড় করেছে—তার মধ্যে একটা এমন মধুর সামঞ্জতা ও বৈপরীত্য রয়েছে ল পাঠককে চমৎক্রত করে।

থ্যাকারেই প্রথম ফিল্ডিং-এর ধারা থেকে উপস্থাসকে নৃতন ধারায় প্রবাহিত করেন। জন্মংহস্থ, অজ্ঞাত উত্তরাধিকার, গোপন উইল প্রভৃতি ধরনের হর্লভ বটনাকে এড়িয়ে তিনি চরিত্র ও তার পারিপার্শিক সম্পর্ককে কেন্দ্র ক'রে তাঁর উপস্থাস রচনা করেন— মর্থাৎ কাহিনীতে ঘটনার প্রাধায় হ্রাস ক'রে, মনোবিকলনের প্রাধায়কে তিনিই প্রথম প্রতিষ্ঠিত করেন। সে দিক দিয়ে ভ্যানিটি ফেয়ার নৃতন্তম দাহিত্যকীতি।

বয়সের দক্ষে সঙ্গে তাঁর মধ্যে তাঁর ব্যক্তিগত এই চিন্তবিকার এবং ত্র্বলত। তাঁকে পেয়ে বসে এবং তাঁর স্পষ্টও দীমাবদ্ধ পরিবেশের মধ্যে স্থিতিলাভ করে। তাঁর Pendennis আত্মজাবনীমূলক, তাঁর মানসিক ত্র্বলতাজনিত ত্র্বল স্পষ্ট। মনেকে তাঁর Henry Esmondকে শ্রেষ্ঠ স্পষ্ট বলেন। এই উপন্থাসেও তাঁর স্থব্দর ইজ্জল প্রচেষ্টা রয়েছে, ক্রমশং প্রকাশিত না হ্ওয়ায় রচনা স্থপংবদ্ধ। Queen Anne-র দম্যের লগুনের চমৎকার বর্ণনা ও বিশ্লেষণও আছে। বিয়াট্রিক্স্ চরিত্রটিও ব্রুর স্থব্দর কিন্তু এত থাকা সন্থেও এটি যেন ১৮শ শতকের কাহিনী ১৯শ শতকে ক্রতন ক'রে বলা হয়েছে মাত্র। তবে এদ্যপ্তের ভাষা ও রচনা-রীতি স্বাণেক্ষা উন্নত, ভাষার মাধুর্য পাঠকচিত্তকে মৃশ্ব করে কিন্তু জীবনের দৃষ্টিভিন্ধির সামায়তা। ভাকে অসামান্যভার দাবী থেকে বঞ্চিত করেছে।

Mrs. Gaskell-এর সাহিত্যবিচার খুব সহজ্পাধ্য নয়। তাঁর সাহিত্যে তাঁর স্থন্দর পরিপূর্ণ ব্যক্তিত্ব ও তাঁর নিকট-পরিবেশ অতি নিপুণভাবে ফুটে উঠেছে। তিনি ম্যাঞ্চেন্টারের এক Unitarian Minister-এর পত্নী হিদাবে পূর্ণ নারী-জীবনের অধিকারী, বছ সন্তানবতী হিসাবে পূর্ণ মাতৃত্বের অধিকারী। তাঁর জীবনও একটা অপূর্ব পবিত্রতায় সার্থক। তাঁর রচনার মধ্যেও তাই একদিকে সরস পরিহার অন্তাদকে আন্তরিক সহায়ভূতি। তাঁর Cranford (১৮৫০) এবং Wives and Daughters-এ ('৬৬) তিনি যা করতে পারেন তাই করেছেন ব'লেই তা সুন্ধ ও ষাভাবিক হয়েছে। Cranford-এর মধ্যে প্রাদেশিক একটি শহরের মধ্যারি শ্রেণীর মহিলাগণের শান্ত-স্থন্দর জীবন, কৌতৃক, আশা-নিরাশা অতি সহজ ও স্থন্দরের ফুটে উঠেছে। লেখিকা নিজেও এই সমাজের অন্তর্ভুক্ত। এই সমাজ্য বাহির ও ভিতর থেকে তিনি দেখেছেন। পরিবেশ হাল্ডকর, হাসির উপাদাং মধ্র এবং তার সঙ্গে তাঁর স্বেহ ও সহায়ভূতি ক্ষরিত হ'য়ে তাকে অনন্তসাধার ক'রে তুলেছে।

Wives and Daughter-এ তাঁর সাঁমিত শাক্ত বৃহত্তর পরিবেশ ও প্রিক্রোক্ষতকে ধারণ করতে পারেনি। প্রাদেশিক শহরের বৃহত্তর সমাজের শ্রেণীবিহা এক ডাক্তার করার জীবন ঘিরে লেখা হয়েছে। মহিলা লেখকগণ এমনি ধরতে হালকা কমেডি লেখার সাধারণতঃ পারদর্শী হন। তাঁর Cynthia Kirkpatric ইংরাজী সাহিত্যে এক অতি স্কুলর তরুণী চরিত্র। কিন্তু লেখিকা অহা লেখিকাদের মতই পুরুষ-চরিত্র চিত্রণে বার্থ হয়েছেন, তিনি পুরুষ-চরিত্রকে আংশি বিচার করেছেন, সমগ্রভাবে দেখার উদারতা ও প্রতিভা তাঁর ছিল না। তাঁ স্বাপেকা প্রশংসিত উপস্থাস Mary Barton (১৮৪৮) এবং North এং South (১৮৫৫) তাঁর সমাজ-চেতনার সাহসিকতাপূর্ণ পরিচিতি। ভিক্টোরিং যুগে উপস্থাদের অপ্রয়োজনীয় দৈর্ঘ্য একটা মুদ্যাদোষে দাঁড়িয়েছিল এবং এই তৃ'থা উপস্থাদের দৈর্ঘাই এর একমাত্র অ্যোগাতা।

Mary Barton ইংলত্তের শিল্পায়নপ্রস্থত নবতম সমাজের শ্রেণী-সংগ্রাথে একটি বিশিষ্ট চিত্র। বেকার-সমস্তা, উপবাসী শ্রমিক-জীবনের সমস্তার সমাধিতিনি দেননি, দিতে চেষ্টাও করেননি কিন্তু যে শোচনীয় অবস্থা হওয়ার কথা ভাই হল কেন তা তিনি সাহসের সঙ্গে সঠিকভাবে, স্থন্দরভাবে বলেছেন।—অংকেন এই শ্রেণী-সংগ্রামের পরিস্থিতির উদ্ভব হল। নায়িকার পিতা John Barton হত্যাকারী হতে হয়েছে। তাঁর Aunt Estherকে বেশ্যাবৃত্তি গ্রহণ করতে হয়ে Mary কোনমতে এই ত্র্ভাগ্যকে এড়িয়ে গেছে, এই অবিচারের জন্ত দায়ী তাদে ধনগ্রিত ধনিক শ্রেণী, একথা তিনি অত্যন্ত সংসাহসের সঙ্গে সঠিকভাবে বলেছেন

Mary Barton তাঁর প্রথম এবং North and South তাঁর চতুর্থ উপগালিব কিন্তানিক মূল্য আজও তাঁকে আকর্ষণীয় ক'রে রেখেছে। ভিক্টোরি মূগের সামাজিক রূপ, তার প্রতি সাধারণ মাম্বরে অভিব্যাক্তি বিশেষতঃ দালিকগাণের ভয় ও ব্যাকৃলতার একটি ঐতিহাসিক চিত্র এই উপগ্রাস। শ্রেণী-সংগ্রাম রূপই এর উপজীব্য—Margaret Hale নামে একটি তেজ্বিনী মহিলার চালিরে শিল্পায়িত উত্তর এবং ক্রিপ্রধান দক্ষিণের সাংকৃতিক সংগ্রাম ফুটে উঠেন

তার পিতা চার্চ ত্যাগ ক'বে এক ধনিক পুজের শিক্ষকরপে ম্যাঞ্চেনীরে আসেন। এখানে ধনিকপুজ Thornton-এর সঙ্গে মার্গারেটের সংগ্রামের মধ্যে শেণী-সংগ্রাম রূপায়িত হরেছে। মার্গারেটের কাছে শিল্পায়িত উত্তর কুদৃশ্য, অসভ্য, দক্ষিণ চাষী ও সামন্তবর্গের সংস্কৃতিসম্পন্ন দেশ। মার্গারেটের সঙ্গে সঙ্গে কঠিন কঠোর আত্মপ্রত্যন্ত্বী Thornton-এর মধ্যে পাঠকচিত্তও শিল্পায়িত উত্তরের বিকট বীভৎসতা মর্মে মর্মে অক্সভব করে। এই শ্রেণী-বিভাগ ডিস্বেলির ধনী-দরিশ্র নয়, এটা চাষীপ্রধান দক্ষিণ ও শিল্পপ্রধান উত্তরের সংঘাত,—সংস্কৃতিগত সংঘাত।

Mrs. Gaskell-এর প্রধান বৈশিষ্ট্য তিনি তাঁর অধীত ও জ্ঞাত জগতের সঠিক স্থানর নিপুণ বর্ণনা দিয়েছেন, তাকে সজীব স্থানরভাবে রূপান্থিত করেছেন। এই যাথার্থ্য ও সজীব প্রকাশনা তাঁকে সাহিত্য-জগতে স্থায়ী আসন দিয়েছে।

ডিকেন্সের জনপ্রিয়ভাকে বাদ দিলে Emily এবং Charlotte Bronte ভগ্নিবমের জনপ্রিয়তা ইংরাজী সাহিত্যে সর্বাধিক। এই জনপ্রিয়তার মূলে তাঁদের জীবনের নিষ্ঠর একাকীত্বের প্রতি পাঠকচিত্তের সহাত্মভৃতি কতথানি তা নির্ণয় করা কঠিন। তাঁদের জীবন ও জীবনী যে জনপ্রিয়তার একটি বিশেষ কারণ একথা चत्रीकात कता यात्र ना। अँदमत जीवन चल्लपूर्वी, अकक, जाननात मर्दा नीमावह्न ভাবে Haworth-এর এক রেক্টরীতে কেটেছে। দিবাম্বপ্নে কেটেছে তাঁদের কৈশোর, Angria শহরের সীমিত বিশ্বে তাঁরা বড় হ'য়ে উঠেছেন। এই ক্ষুদ্র সীমার মধ্যে আত্মসমীক্ষণ ও বিশ্লেষণই তাঁদের রচনায় প্রাধান্ত লাভ করেছে, একথা বলাই বাছল্য। চারলটির রচনা শ্রীমতী গ্যাসকেলের অফুকুতিতে স্থিমিত। এমিলি প্রকৃতপক্ষে উচ্চাঙ্গের লেথিকা, তাঁকে কোন ছকে ফেলে বিচার করা চলে না। তাঁর Wuthering Heights স্বয়ংসম্পূর্ণ একথানি বিশায়কর উপন্তাস। তাঁর সমস্ত উপন্যাসের কেন্দ্রে ছাত্রী-শিক্ষক সম্পর্কের একটা বেদনাময় কারুণ্য রয়েছে, কারণ Haworth শহরের জাবনে এই অভিজ্ঞতাই তাঁর জীবনের একমাত্র অভিজ্ঞতা। এই স্বপ্নটাও মেয়েদের মনের অতি সাধারণ যৌনস্বপ্ন। তারা চায় পরাজিত হতে এমন একজন লোকের কাছে,—যে অনেক বড়, অনেক উচু, শ্বদার পাত। কৈশোরে তাই তারা শিক্ষককেই এই বড়ত্বের প্রতীক ব'লে মনে করে এবং তাকে নিজের কাছে নামিয়ে আনাটাই যেন নারী-জীবনের জয়।

চারলটির Jane Eyre-র গল্পটির সারাংশ করলে তা অর্থহীন মনে হয়।
Rochester তার পাগল স্ত্রীকে উপর তলায় এক মাতাল চাকরের হেফাল্পতে রাথে।
অক্তান্ত ভত্যগণ এবং তার অবৈধ সন্তানের ধাত্রী Jane Eyreও তা জানে না। স্ত্রীর
পাগলামী নানাভাবে দেখা দেয়। রচেন্টারের ত্ইবার বিবাহে কোন নৈতিক বাধারও
বালাই নেই। সে জেনকে বিবাহ করতে চায় কিন্তু তাকে এই বোগাস বিবাহে
রাজি করাতে না পেরে তাকে মিস্ট্রেস রাথতে চায়। জেন পালিয়ে যায় এবং অভ্যন্ত
ত্বংস্থ অবস্থায় তার দ্রসম্পর্কের ভাইদের কাছে পৌছে জানতে পারে যে, সে প্রভৃত
অর্থের মালিক। St. John Rivers ভারতবর্ষে ধর্মাজক হিসাবে যাবেন, তিনি

জেনকে পত্নী হিসাবে নিয়ে যেতে চান। জেন যেতে রাজি কিন্তু স্ত্রী হিসাবে নয়। তথন রিভার্স বিবাহের জন্ম জাের জবরদন্তি করতে থাকে এবং নেও প্রায় রাজি হয়। এমন সময় হঠাৎ সে এক রহস্তময় ডাক শুনতে পায় এবং রচেন্টারের কাছে ফিরে আসে এবং জানতে পারে রচেন্টারের পাগল স্ত্রী ঘরে আগুন লাগিয়ে দিয়েছিল এবং জলস্ত কড়িকাঠ পড়ে রচেন্টার জন্ধ হ'য়ে গেছে এবং তার স্ত্রী চাদ থেকে লাফ দিয়ে পড়ে মারা গেছে। জেন রচেন্টারকে বিবাহ করে। পরে রচেন্টার কিছুটা দৃষ্টশক্তি ফিরে পায় এবং তাদের সস্তান হয়।

এই গল্পাংশ অত্যন্ত তুর্বল কিন্তু জেনের জীবনস্বপ্ন অত্যন্ত বান্তব হ'য়ে উঠে অনক্তার দাবী করতে পারে। এথানি আত্মমুথ (Subjective) উপক্রাস। বায়রনের চাইল্ড হারোল্ড বা লরেন্সের সন্স এগাও লাভাস-এর মত। বলা যায়, চারলটি বায়রনের স্ত্রী-সংস্করণ। ঐ উপত্যাসখানিকে প্রথম রোমাণ্টিক উপত্যাস বলা ৰায়, কারণ এর স্বথানিই লেখিকার আত্ম-অমুভূতিপ্রস্ত। তাঁর এই অমুভূতি সম্বন্ধে তাঁর বিশ্বাস অটল, নিশ্চয়। জীবনের সঙ্গে সাহিত্যের পুনর্মিলন হয়েছে ৰলেই এটি হুন্দর। তাঁর Shirlyকে খুব সফল উপন্তাস বলা যায় না; এই উপন্তাসে মিসেদ গ্যাদকেলের অমুকৃতি স্বস্পষ্ট। West Riding-এর তাঁতশিল্প, তার শ্রমিক শিল্পতিদের অবস্থার পরিপ্রেক্ষিতে লেখা। Villette তাঁর আত্মমুখ উপত্যাস। Lucy Snowe তার জীবন-কাহিনী বলেছে। লেখিকা ক্রমেল্সে তাঁর শিক্ষক M. Heger-এর সামিধ্যে যে অমুভৃতি সংগ্রহ করেছিলেন সেই অমুভৃতি ও অভিজ্ঞাতাই Lucy ও Mr. Paul Emanuel-এর মধ্যে প্রতিফলিত হয়েছে। চারলটির থেকেই ইংরাজী উপক্যাসে প্রথম জৈবাবেগের (Passion) প্রকাশ দেখা यात्र। তার পূর্বে মালুষের যৌনজীবন তুইভাবে প্রকাশিত হয়েছে, প্রথম স্বামী-স্তীর গভীর প্রেম ও যৌনজীবনে, এবং দিতীয় মানব-পশুর সহজ প্রবৃত্তিগত কামনার প্রকাশে—বেমন টম জোন্সের মধ্যে আমরা দেখতে পাই। কিন্তু রোমাণ্টিক কবিগণ ষৌনজীবনকে যেমন একটা দেহাতীত আধ্যাত্মিকতার স্থমায় মণ্ডিত ক'রে তাকে সর্বজাগতিক করে তুলেছিলেন তেমনটি এর পূর্বে আর সাহিত্যে স্থান পায়নি। (৩২২) মুক্ত মানবাত্মার অকৃত্রিম প্রকাশেই চারলটির বৈশিষ্ট্য। এই দিক থেকে তাঁর মানব-অন্তরের জিজ্ঞাসা দন্তয়েত স্থি ও লরেন্সের অমুরূপ।

এমিলির Wuthering Heights একথানি স্বতম্ব উপস্থাস, যার সঙ্গে ঠিক ভুলনা করা যায় এমন উপস্থাস একান্তই বিরল। তাঁর এই স্বাতম্ভ্রোর মূল কারণ তিনি মিন্টিক, তাঁর কবিতায়ও তা স্কুম্পষ্ট। উপস্থাসে তাঁর বিশেষ এক অভিজ্ঞতার

⁽৩২) Before her, the treatment of sexual love had been of two kinds; as a scarcely tempestuous affection between man and wife on the one hand and as a healthy animal sensuality, such as we find in Tom Jones, on the other. But passion as the romantic poets have expressed it, something transcending sensuality, because a blending of the spiritual with the physical, was unknown.—The English Novel—W. Allen—p. 193.

প্রকাশ—এই অভিজ্ঞতা কী তা নির্ণয় করা খুবই কঠিন। লেখিক। দার্শনিকও নন, ধর্ম-শাস্ত্রজ্ঞাও নন, ঔপস্থাদিক মাত্র, কিন্তু এই উপস্থাদে তিনি মানুষের স্বজ্ঞাপ্রস্ত জীবন-বোধকে প্রতীকতার সাহায্যে প্রকৃতির মধ্যে ব্যক্ত করেছেন কিন্তু এমনভাবে তাকে ব্যক্ত করেছেন যার সাধারণ কোন সংজ্ঞা দেওয়া যায় না।

Wuthering একটি প্রাদেশিক শব্দ যার অর্থ "atmospheric tumult to which its station is exposed in stormy weather." মানব-ছাদয়ের তুইটি দিক আছে, একদিকে শক্তিশালী ঝটিকাপ্রবাহ চলেছে আর একটি দিক শাস্ত সমাহিত। এই তুইএর আধ্যাত্মিক প্রকাশ হয়েছে যেন এই উপন্যাসে।

তাঁর স্ট জগতের অধিবাসীরা সমাজবিছা ও মনস্তত্বের অতীত। চরিত্রের মৃল্যায়ন হয়েছে আধ্যাত্মিক মাপকাঠিতে। তাঁর ব্যক্তিগত জীবনের কোন আত্মিক অভিস্কৃতাই যেন রূপ পেয়েছে তাঁর এই উপন্থানে। ফিল্ডিং, অন্টেন, থ্যাকারে টোলোপের চরিত্র সমাজ পরিপ্রেক্ষিতে বাস্তব, জর্জ ইলিয়ট, জেমস্ লরেন্সের চরিত্র মনস্তত্বের পরিপ্রেক্ষিতে বাস্তব কিন্তু এমিলির চরিত্র যেন বাস্তবাতীত অধ্যাত্মজগতের বাস্তব। তাঁর Heathcliff, Nelly, Hindley প্রভৃতি চরিত্রগুলি ঠিক এমনি এক জগতের চরিত্র অথচ তারা অবাস্তব নয়।

কথাসাহিত্যের এই-সব প্রখ্যাত শিল্পী ব্যতীতও এই যুগে কয়েকজন জনপ্রিয় লেখক-লেখিকা আছেন। Charlotte M. Yonge (১৮২৩-১৯০১) তাঁদের অগ্যতম। তাঁর স্পষ্ট উচ্চাঙ্গের না হলেও ভিক্টোরিয়া-যুগের একটা দিক তাঁর উপস্থাসে বিশ্বত হয়েছে। আদর্শ পরিবারের শাস্ত-স্থলর ছবি অত্যস্ত সহদয়তাও দরদ নিয়ে তিনি রচনা করেছেন। The Daisy Chain, The Heir to Redclyffe এবং Heartsease-এর মধ্যে ১৯শ শতকের চিন্তাধারা ও সমাজের আলেখ্য আজ্ও স্থপাঠ্য। বিশেষতঃ তাঁর চরিত্র ও পরিবেশ স্প্রীর শক্তি প্রশংসাযোগ্য।

Trollopeকে ছোট থ্যাকারে বলা হয় কিছু তাঁর স্বকীয়তা ও মৌলিকভার জন্য তাঁর আদন স্বভন্ত । ঔপন্যাসিক হিসাবে তাঁর বৈশিষ্ট্য অবশ্রুই স্বীকার্ব। উপন্যাস সম্বন্ধে তাঁর ধারণা—"a picture of common life, enlivened by humour and sweetened by pathos." (৩২৩) তিনি তাঁর যুগের সঙ্গে একাত্ম, তাঁর যুগ-সমালোচনা আজও গ্রহণযোগ্য। রাজনীতিতে তিনি দক্ষিণপন্থী লিবারাল। ক্রুটি তাঁর অনেক,—ভাষা তুর্বল, বিষয়বস্তুর অকারণ প্রাধান্য দেওয়াম্ব আনেক স্থানেই একঘেয়ে। উপন্যাসের দৈর্ঘ্য সম্বন্ধেও সচেতন নয়। যুগধর্মে তিনপত্তে বিস্তৃত এবং সাময়িক পত্রিকায় ক্রমশ: প্রকাশিত হওয়ায় অয়োজিকভাবে দীর্ঘ। কাহিনীও তুর্বল,—এই তুর্বলতাই অবশ্র কোন কোন ক্ষেত্রে তাঁর শক্তির উৎস হয়েছে—পরিচ্ছেদের পর পরিচ্ছেদ কিছু তাদের মধ্যে সামগ্রিক কোন রূপ নেই। সেইজন্য Richard Garnett তাঁকে "Chronicler of small beer"

ব'লে ব্যন্ধ করেছেন। বিচ্ছিন্নভাবে একথানি উপন্থাসকে বিচার করলে এইরূপই মনে হয় কিন্তু তাঁর সমস্ত রচনা একসন্ধে ক'রে দেখলে মনে হবে, ব্যালজাকের কমিডির মত তিনিও এক প্রত্যক্ষ জগত স্ষ্টি করেছেন—যদিও সে জগত ব্যালজাকের স্টির সন্ধে তুলনীয় নয়।

তাঁর কাহিনী দক্ষিণের উচ্চ মধ্যবিদ্ধ শ্রেণীর জীবনকে কেন্দ্র ক'রে গড়ে উঠেছে। তার মধ্যেও তিনি চাষী, মৃজুর, ইট তৈরীর মৃজুর সকলকেই দেখেছেন। শিল্পবিপ্রজনিত পরিবর্তন তাঁর বিষয়-বহিভ্ত। তাঁর Mrs Dale's Diaryতে সাধারণ জীবনের সাধারণ ছবি প্রত্যক্ষভাবে ফুটে উঠেছে। সাধারণ জীবনের স্থাহুংখ, আশা-নিরাশার সঙ্গে লেথক একীভূত হ'য়ে গেছেন—ক্ষুপ্র তুচ্ছ পর পর চলতে চলতে একটা সামগ্রিক রূপ স্বষ্টি করে। সাধারণভাবে লেখকরা সাধারণকে অতিকায় ও বৃহত্তর ক'রে দেখেন কিন্তু ট্রোলোপ তার বিপরীত—তিনি ষা দেখেছেন ঠিক তাই বলেছেন, তাকে চেষ্টা ক'রে বেগবান করতে চাননি। তাঁর এই সাধারণত্বই সাহিত্যকীতি হ'য়ে উঠেছে তাঁর স্ক্টির সততায়। স্কট ও ডিকেন্স এই সততার দিক থেকে তাঁর সমগোত্তীয়। তিনি জীবনকে কোন থিওরী বা প্র্রাজিত কোন ধারণা নিয়ে দেখেননি, কাজেই তাঁর দেখার মধ্যে মন্তিকবৃত্তি বা রোমাণ্টিকতার কোনটাই নেই। তাঁর জীবনের অভিজ্ঞতাও প্রচুর, সরকারী কর্মচারী, পত্রিকা সম্পাদক, পার্লামেন্টের সদস্য এবং ভ্রমণকারী হিসাবে তিনি অনেক দেখেছেন। তা ছাড়া ইংরাজস্থলভ শিকার, তাস প্রভৃতিতেও তাঁর বেশ হাত ছিল।

তাঁর ৫০ থানি উপত্যাসকে নানা ভাগে সমালোচকগণ ভাগ করেছেন—রাজনৈতিক, প্রাদেশিক প্রভৃতি কিন্তু এ ভাগ ঠিক মেলে না। যেমন তাঁর The Warden প্রাদেশিক চিত্র হ'লেও তার মধ্যে যথেষ্ট রাজনীতির খেলা রয়েছে। অনেকে তাঁর The Wardenকে শ্রেষ্ঠ সৃষ্টি মনে করেন। তিনি নিজে ভাবপ্রবণ ছিলেন না, কিন্তু যুগের চাহিদায় তিনি তাঁর এই উপত্যাসে ভাবপ্রবণতা ও কারুণ্যের প্রাবল্যে কিষয়ন্ত্রই হয়েছেন। তাঁর Barchester Towers-এ তেমনি সহজ পরিহাসপ্রবণতাও আছে। তাঁর যুবক চরিত্রগুলি শক্তিশালী চরিত্র। তাঁর The Eustace Diamonds, The Way We Live Now প্রভৃতি উপত্যাসে ব্যর্থ প্রেমের বোঝা যেন বড় বেশী হ'য়ে উঠেছে।

ফিল্ডিং, অস্টেন প্রভৃতির প্রতিভার সঙ্গে হয়ত টোলোপ তুলনীয় নয় কিন্তু স্রষ্টা হিসাবে তাঁদের নিকট-সম্পর্ক অবশ্রুই স্বীকার্য। তাঁর স্ত্রী-চরিত্রগুলি স্থন্দর সন্দেহ নেই কিন্তু তারা যেন পুরুষ যে-ভাবে তাদের দেখতে চায়, পেতে চায়, তেমনি ভাবে গ'ড়ে উঠেছে।

The Last Chronicle-এর ত্যাগী Mr Crawby চরিত্রের মধ্যেই বোধ হয় প্রথম অবচেতন মনোবিজ্ঞানের প্রয়োগ দেখা যায়। তাঁর পরিপক্ বয়সের লেথায় তাঁর গভীর বীক্ষণশক্তি সমাজের বান্তবরূপ-বিচারে মাঝে মাঝে ষেন প্যাকারেকেও অতিক্রম ক'রে গেছে। তাঁর শেষ বয়সের বিশেষ দান মানব- চিত্তবিকার বিশ্লেষণ এবং এই বিকার-বিশ্লেষণের কাছে চলতি নীতিবাদ ও বিশাস মূল্যহীন হ'লে গেছে। He Knew He Was Right এবং Phineas Finn উপক্রাদে এই চিত্তবিকার বিশ্লেষণে তাঁর বীক্ষণশক্তির গভীরতা তাঁকে উচ্চাক্ষের প্রায় আসন দিয়েছে। এই বিকার-বিশ্লেষণের মধ্যেই সমাজের ভিত্তি-ভূমির নীচে যে একটা অসারতা রয়েচে তা স্কম্পান্ত হ'য়ে ওঠে।

তাঁর অন্তত্ম বৈশিষ্ট্য তিনি চরিত্রকে নিরপ্রশক্ষভাবে বিচার করেছেন। কোন মত বাধারণা ঘারা প্রভাবিত না হ'রে চরিত্রস্ষ্টি লেখকের পক্ষে অত্যন্ত কঠিন কাল, কিন্তু তিনি এই বাধাকে অতিক্রম করেছিলেন। তাঁর শেষ জীবনের লেখাগুলি যতথানি আদৃত হওয়া উচিত ছিল ততথানি হয়নি। তাঁর The Way We Live Now উপন্তাসথানি দীর্ঘ হলেও স্থলর। সমাজের সর্বস্তরের চ্নীতি ও অবিচারের পূর্ণতর পত্নিচয় একে মূল্যবান করেছে—সাহিত্য, সাংবাদিকতা, অর্থজগত, সমন্ত ক্ষেত্রের চ্নীতি, পক্ষান্তরে তথাক্থিত ভক্ত ক্ষিদ্দেশর সমাজের চ্নীতির সামগ্রিক চিত্র। উপন্তাদের প্রধান চরিত্র Melmotte অভিজ্ঞাত সমাজের নম্ভা—সকলেই জানে তার চ্নীতির কথা অথচ সকলেই তাকে সন্মান করে, থাতির করে, প্রদ্ধান করে, হেহেতু সে তাদের চেয়েও বড় জুয়াচোর, নীতিকে আশ্রয় করতে চাইলেও চ্নীতিকে আর চ্নীতি ব'লে মনে করে না। এই উপন্তাসথানি ১৯শ শতকের ৭ম দশকের সমাজ ও মাহুষের, বিশেষতঃ তাদের যুক্তিহীন নীতিবোধের ও অবস্থাগত চ্নীতির স্থলর চিত্র।

১৯শ শতকের ২য় দশকে যে-সব সাহিত্য-দিকপাল জন্মগ্রহণ করেছিলেন তার মধ্যে George Eliot একজন শীর্ষস্থানীয়া লেখিকা, কিন্তু তিনি মধ্যবয়সে লিখতে আরম্ভ করেন ব'লে তাকে শেষ ভিক্টোরিয়া যুগের লেখিকা বলা হয়। কিন্তু এই তুইযুগের মাঝে আরও কয়েকজন লেখক আছেন বাঁদের কথা উল্লেখ না করলে এই যুগের ইতিহাস অসমাপ্ত থেকে যায়।

Robert Smiths Surtees (১৮০৩ ৬৪)-কে ঠিক ঔপন্তাদিক বলা যায় না, তব্ও তার প্রথম গ্রন্থ Jorrocks's Jaunts and Jollities (১৮৩৮) New Sporting Magazine-এ প্রকাশিত টুক্রো টুকরো লেখার সংকলন। এখানি পিকউইক পেণারের সমগোত্রীয় বাঙ্গ পরিহাসে সমুজ্জল। তিনি নিজে শিকারী ওথেলোয়াড় ছিলেন। তাই তাঁর থেলাধূলার বর্ণনা প্রত্যক্ষ, বিশেষতঃ তাঁর থেলাধূলার বর্ণনা প্রত্যক্ষ, বিশেষতঃ তাঁর থেঁকশিয়াল শিকারের বর্ণনা একটি ছুর্লভ সাহিত্যকীতি। তার Jorrocks একজন লণ্ডনের কক্নী এবং শিকারী Pigg-এর চরিত্র ছুইটি সাহিত্যে অমর হ'রে আছে।

Gorge Borrow (১৮০৩-৮১) এ দের সমকক্ষ না হ'লেও তাঁর Lavengro ১৮৫১) এবং Romany Rye (১৮৫৭) আত্মজীবনীমূলক উপক্সাস। আলেটের অহকরণে পিকারো উপক্সাস। কাহিনী ঘটনাপ্রধান, তার মধ্যে কোন চরিত্র স্প্রিহরনি। কতকগুলি চলতি ঘটনা স্থলিখিত ও স্থসন্ধিবেশিত হ'য়ে কাহিনী

স্পৃষ্টি করেছে। Charles Kingsley-র Alton Locke (১৮৫০) একথানি উল্লেখযোগ্য উপস্থান। তাঁর সাহিত্য মিসেন্ গ্যাসকেলের অন্থরূপ এবং তাঁরই অন্থরুতি কিন্ধ তাঁর মত সমাজ ও পরিবেশকে স্বাভাবিক দৃষ্টি নিয়ে বিচার করার ক্ষমতা তাঁর ছিল না। তবে তাঁর বর্ণনা অতি স্থলের, প্রত্যক্ষ ও প্রাণবন্ধ, তাঁর East End-এর দোকানের বীভংসতা ও নায়কের চরিত্র প্রাণস্পর্শী। তাঁর লেখার মধ্যেট শ্রেণীসচেতনতা দেখা যায়। শ্রেণীসংগ্রাম ও সংঘাতের তৃঃথ ও জ্বালা অত্যম্ভ আবেগময় ভাষায় প্রকাশিত হয়েছে। নায়ক Locke শ্রেণীসচেতন চরিত্র, গবিত অন্তর্গ নিয়ে সমস্ত অন্তায়ের প্রতি ত্র্বার হ'য়ে উঠেছে।

তাবই লাতা Henry (১৮৩--৭৬)-কে অনেকে উচ্চত্তর আসন দেন।
কিন্তু চার্লস-এর প্রত্যক্ষতা ও প্রামাণ্যতা তাঁর মধ্যে নেই। তিনি ৫ বছর
অক্টেলিয়ার নিউ সাউথ ওয়েলসে পুলিসের চাকুরী করেন এবং তাঁর Geoffrey
Hamlyn-এর মধ্যে সেখানকার এই নৃতন জীবনের বর্ণনা অক্টেলিয়ার স্বর্ণমুদ্ধ ইংরাজ
পাঠকের চিত্ত হরণ করে। তথন অক্টেলিয়ার স্থখপ্থ ইংরাজের চোখে, তাই
Lytton, Reade এবং ডিকেন্সের মিকবার সেখানে উচ্চশ্রেণীর ম্যাজিস্টেট হয়েছেন।
কিন্তু এই উপস্থানে তিনি যা দেখেছেন তাই বলেছেন এবং সেইজন্যই একটা
বলিষ্ঠ বাস্তবতার স্বাক্ষর রেখে গেছেন। পুলিস হিসাবে যে সব সাহসিক কর্ম
তিনি করেছেন তার আকর্ষণীয় বর্ণনা তাঁর লেখাকে জনপ্রিয় করেছিল। পরে
তিনি ক্রিমিয়ার যুদ্ধে সাংবাদিক হিসাবে যোগদান করেন এবং এই যুদ্ধের বিবরণ
তাঁর Ravenshoe-তে বর্ণনাচাতুর্যে মনোরম।

Sheridon Le Fann (১৮১৪-৭৩) অনেক গুণের অধিকারী এবং একসঙ্গে আনেক কিছু দিতে গিয়ে উপত্থাস-লেখক হিসাবে তিনি উপত্থাস-ধর্ম রক্ষা করতে নভেল তথন সাধারণতঃ আনন্দদান ও প্রচারের মাধ্যমরূপেই আত্মপ্রকাশ করেছিল এবং তিনি নভেলকে সেই ভাবেই গ্রহণ করেছিলেন। তার ফলে তাঁর শক্তি উপক্রাসে সমাক ভাবে আশ্রেষ পায়নি। ইনি জাতিতে আইরিশ এবং তাঁর জীবনের বৃহত্তর অংশ ভাবলিনে কেটেছে। ইংলণ্ডের বাইরে থাকতেন ব'লে তাঁর রচনারীতি অনেক পিছনে ছিল কিন্তু তাঁর ছোটগল্পগুলি তার প্রতিভার স্বাক্ষর। তাঁর শ্রেষ্ঠ উপত্যাস The House by the Churchyard (১৮৬৩)। ১৮শ শতকের মাঝামাঝি সময়ের ভাবলিনের নিকটবর্তী Chapelized গ্রামের একটি বারোমেশালী ছবি। সেথানে সকলেই সকলকে জানে এবং গল্পগুজবের একটি প্রাণকেন্দ্র এই গ্রামটি। দেখানকার এক বুদ্ধের শ্বতিচারণের মধ্যে থ্যাকারের অহুরূপ কাহিনী বলা হয়েছে। দৈল্পণিবিরের কমিক দেনাপতি, কমিক ডাক্তার, অবিবাহিত इम्मती कूमाती ও विधवात श्वामी शिकाद्यत পतिहाम, मव मितन वाद्यादमानी একটা জীবস্ত গ্রামীণ আনন্দদায়ক কাহিনী, প্রাণপূর্ণ ভাষায় লেখা হয়েছে। কাহিনীটি রোমাঞ্চ কাহিনী কিন্তু রোমাঞ্ও হাস্তরসের সংমিশ্রণে একটা নৃত্ন স্ষ্টি। তাঁর Uncle Silas (১৮৬৪)-এ এক তরুণী তাঁর জীবনকাহিনী বলেছেন। রহস্ত রোমাঞ্চ ভৌতিক ঘটনার সমন্বয়ে এক নৃতন গল্প। বদ্ধ ঘরে হত্যা নিম্নে এইটি প্রথম গোয়েন্দা কাহিনী কিন্তু তার কোন বৈজ্ঞানিক সমাধান নেই, সমাধান তিনি করেননি। তিনি অলোকিকতায় বিখাসী ছিলেন এবং কাহিনীর সমাধান এই বিখাসের উপরেই ছেড়ে দিয়েছেন। In a Glass Darkly (১৮৭২) তাঁর সত্যকার বৈজ্ঞানিক গোয়েন্দা-কাহিনী। এই গল্পে তিনি অলোকিকতাকে চিত্ত-বিক্তির সাহায্যে বিশ্লেষণ করেছেন।

Charles Reade তরুণের লেখক। তরুণ পাঠকের কাছে তিনি স্থপাঠা কিন্তু বয়স্বদের কাছে অপাঠ্য। তবে তাঁর ঘটনা-বর্ণনা ও বাত্তবভার খ্যাতি আছে। E. M. Forster-এর মতে "a narrative of events arranged in their time sequence" যদি গল্প বলার সংজ্ঞা হয় তবে সেদিক থেকে তিনি খ্যাতিলাভের যোগ্য। কিন্তু তাঁর লেখা উদ্দেশ্যমূলক ও প্রচারধর্মী। It is never too Late to Mend (১৮৫৬) গ্রন্থে কারাজীবনের নিষ্ঠুরতা, Foul Play (১৮৭০) জাহাজ-ভূবিতে ইনসিওরের টাকা লাভ এবং Put Yourself in His Place (১৮৭০)-এ ট্রেড ইউনিয়নের অসাম্যকে সমালোচনা করেছেন। তিনি প্রধানত: নাট্যকার, উপস্থাদেও তিনি নাটকীয়তাকে আরোপ করেছেন। ঘটনাংশগুলি চমংকার কিছ সামগ্রিকভাবে তারা অতিনাটকীয়। Foul Play-এর মধ্যে এক তরুণ ধর্মবাজক মিথ্যা খুনের মামলায় জড়িয়ে নির্বাসিত হন এবং সেখানে গভর্নরের ক্যার সঙ্গে প্রণয় হয় এবং তাকে নিয়ে সাউৎ সী-তে যেতে জাহাজে ওঠেন, জাহাজ ডুবি হ'য়ে ক্রুদোর মত তুজনে এক নির্জন দ্বীপে উপস্থিত হন। তথন দেখা গেল. মেয়েটি ফ্লাক্রান্ত-এমনি ঘটনাবছল রোমাঞ্চর কাহিনী। কিন্তু তাঁর বর্ণনার মাধ্য অবিশাস্তকেও বিশাস্ত ক'রে তুলেছে। The Cloister and the Hearth (১৮৬১) উপক্তাস ১৫শ শতকের গবেষণামূলক ঐতিহাসিক পটভূমিকায় লেখা এবং ঐতিহাসিক মূল্যে সেটি এখনও আদৃত। Reade-এর লেখা আজ আর বেঁচে নেই, কিন্তু তাঁর সময়ে তিনি সাধারণ পাঠকের কাছে আদৃত হয়েছিলেন।

এই সময়ের Wilkie Collins-এর The Woman in White (১৮৬০), The Moonstone (১৮৬৮) রহন্ত উপন্তাস হিসাবে আজও বিখ্যাত এবং এরাই প্রথম সার্থক ভিটেকটিভ কাহিনী। বন্ধিমচন্দ্র কলিন্ধ-এর লেখা পড়েছেন। (৩২৪) তাঁর Armadale পরবর্তী উপন্তাসের মধ্যে শ্রেষ্ঠ। The New Magdalen পতিতা নারীদের নিয়ে লেখা উপন্তাস, কারণ এই সময়ে পতিতাদের নিয়ে লেখাটা খ্ব জনপ্রিয় হয়েছিল। The latter (Magdalen) is a novel on favourite Victorian theme, the redemption of the "fallen women" it is a protest against the hostility of the Victorian Society to the

⁽⁰⁹⁸⁾ Western Influence in Bengali Literature. P. R. Sen-p. 100

woman known to have fallen." (৩২৫) শরৎচন্দ্রও এই যুগের সাহিত্যের সঙ্গে পরিচিত ছিলেন।

Mary Ann Evans (১৮১৯-৮০) নামে একজন শিক্ষিতা মহিলা George Eliot নামে লিখতেন। George Eliot-এর Adam Bede ১৮০৯ সালে প্রকাশিত হয় এবং ইনিই বর্তমান যুগের প্রথম লেখিকা নামে খ্যাত। কথা-সাহিত্যের চলতি ধারায় এই আকম্মিক পরিবর্তনের পিছনে যথেষ্ট হেতু ছিল। এই সময়েই George Meredith-এর The Ordeal of Richard Feverel প্রকাশিত হয়। তথনকার লেখক ডিকেন্স, থ্যাকারে, ট্রোলোপ-এর রচনা ও বিষয় বস্তর সঙ্গে জলনা করলে দেখা যায় যে এঁদের লেখার মধ্যে কথা-সাহিত্যে এক নৃতন ধারার স্বষ্ট হয়েছে। ইউরোপীয় সাহিত্য তথন নূতন এক ধারায় চলছিল, সেই ধারার বৈশিষ্ট্য ও বিষয়ই তাঁদের রচনায় এসে ধ্বনিত হয়েছে। টুর্গেনেভের Sportsman's Sketches-এর অমুবাদ ১৮৫৫ সালে প্রকাশিত হয়। এই সালেই টলস্টয়ের Sevastopol রাশিয়ায় এবং ফ্লবেয়ার মাদাম বোভারী ফ্রান্সে প্রকাশিত হয়। দক্তেমভ্স্পির The House of the Dead ১৮৬১ সালে এবং ট্রেনভের Fathers and Sons ১৮৬৩ দালে প্রকাশিত হয়। ইলিয়ট ও মেরিডিথের উপর এঁদের প্রভাব কতথানি আছে তা নির্ণয় করা হু:সাধ্য, তবে একথা সত্য যে ইউরোপে তথন জনচিত্ত জাগ্রত হয়ে উঠেছে এবং নৃতন চিস্তাধারা নিয়ে তারা এগিয়ে চলেছিল,— এবং তাবই তেউ তথন চ্যানেল পার হ'য়ে ইংলত্তে এদে পৌছেছে। ডিকেন, থ্যাকারে প্রভৃতির সঙ্গে টুর্ণেনেড, ক্লবেয়া টলস্টয়ের তুলনা করলে এই পার্থক্যের স্বরূপ বোঝা যেতে পারে। এথানে প্রতিভার তুলনামূলক সমালোচনার কথা বাদ দিয়ে দৃষ্টিভঞ্চির তফাতই বিচার্য। ইংরাজ লেখকগণ নিজেদিগকে প্রচারক, সংস্কারক মনে করেছেন এবং পাঠকচিত্ত বিনোদনের জন্মত লিখেছেন। তাঁদের উদ্দেশ্য ছিল Wilkje Collin's-এর স্ত্র—হাসাও, কালাও এবং কৌত্হল রেথে যাও—এই সরল বিশাস নিয়েই তাঁরা লিখেছেন। পক্ষান্তরে ফ্লবেয়া তাঁর উদ্দেশ সম্বন্ধে বললেন, "To desire to give verse-rhythm to prose, yet to leave it prose and very much prose and to write about ordinary life as histories and epics are written, yet without falsifying the subject, is perhaps an absurd idea.....But it may also be a great experiment and very original." (৩২৬) ফ্রবেয়ার এই উদ্দেশ অবশু দন্তেয়ভ্স্থি টলস্টয়ের ছিল না, কিন্তু তাঁদের বিষয়বস্তুর-গভীরতা, এবং মাহুষ ও ভগবানের সম্পর্ক নিয়ে গুরুত্বপূর্ণ চিন্তা ভিক্টোরিয়া-যুগের আদি লেথকগণের চিন্তার অতীত ছিল। ইউরোপীয় লেথকগণের এই গভারতার মধ্যে নীতি ও কান্তিবোধ উভয়ের সংমিশ্রণ

⁽⁰²e) W. Allen-p. 217

⁽৩২৬) Ibid-p. 219

हম্মেছিল। এই গভীরতা প্রথম দেখা যায় ইলিয়ট ও মেরিডিধে। সাধারণ ইংরাজী উপ্যাস-লেথকদের থেকে শিক্ষায় ও সংস্কারে এরা পুথক।

জর্জ ইলিয়ট যথন প্রথম উপক্সাস লেখেন তথন তাঁর বয়স ৩৮ বংসর। তথন তিনি সাংবাদিক হিসাবে কর্মরত, এবং ধর্ম-দর্শনের উপর পাণ্ডিতাপূর্ণ পুস্তকের সমালোচনা করেন। নিজেও তিনি যথেষ্ট পণ্ডিত এবং Herbert Spencer প্রভৃতি রুধীজনের সঙ্গে অস্তরঙ্গ। পক্ষান্তরে ডিকেন্স থ্যাকারে সাধারণত মিশতেন শিল্পী, সাহিত্যিক ও সাংবাদিকগণের সঙ্গে কিন্তু ইলিয়টের জগত ছিল বুহতুর তত্ত্ব ওত্ত্যপূর্ণ জগত এবং এই মূলধনেই তাঁর উপন্যাস গঠিত এবং রচনারীতি প্রভাবিত। মেরিজিথ কিছুকাল জার্মানীতে পড়েছিলেন, সেই সময়ে ফরাসী লেখকগণের লেখা তাকে আরুষ্ট করে। এই নৃতন জগতের চিন্তার প্রভাবিত মেরিজিথ তাই তৎকালীন ইংরাজী সাহিত্যের প্রতি খ্ব প্রসন্ধ বা শ্রমানান ছিলেন না।

ইলিয়ট সনাতনপন্থী,—Calvinistic Methodic এবং বিশ্বাসে অজ্ঞাবাদী (agnostic)। এই সব কারণে তিনি ধর্মীয় নীতির উপর আস্থানীল এবং সতভার নীতির উপরেই নির্ভরনীল ছিলেন। ভগবানের অন্তিত্বের উপর বিশ্বাস তাঁর থুব দৃঢ নয়, তবে নীতির উপরে গভীর বিশ্বাস তাঁর ছিল। তখন বিজ্ঞান বংশগত ধারা (Heredity) সম্বন্ধে নৃতন তথ্য আবিদ্ধার করেছে এবং তিনি তাঁর উপস্থাসে এই তথ্য প্রামাণ্য হিসাবে গ্রহণ করেছিলেন। তিনি মনে-প্রাণে বিশ্বাস করতেন, "the orderly sequence by which the seed brings forth a crop after its own kind." (৩২৭)

মাহ্য তার নিজের জীবনের জন্ত দানী, ব্যক্তিজীবনের নীতিবাদ, বংশগত গুণ এবং পারিপার্থিকতার মধ্যেই তার জীবনের স্রষ্টা সে নিজে—এই বিশাস ইংরাজী নভেলের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এনে দিল। পূর্বে চরিত্র সৃষ্টি হত গল্পাংশের ঘটনাপ্রবাহে, বাইরের প্রভাবে চরিত্র রূপ নিত, কিন্তু এই নৃতন তথ্যের বিশাসে চরিত্রসৃষ্টি হল ভিতরের থেকে,—চরিত্রই গল্পাংশ ও তার ঘটনা সৃষ্টি ক'রে চলল গ

মনের দিক থেকে তিনি রক্ষণশীল ও সনাতনপন্থী। স্থাবস্থিত সমাজ, তার মাঝে সকলেই তার কর্তব্য ক'রে চলে পারস্পরিক সম্প্রীতির মধ্যে, এমনি বল্পনায়ই ছিল তাঁর আনন্দ। স্কটের প্রভাবও তাঁর উপরে ছিল। যে সমাজকে তিনি তাঁর বাল্য ও কৈশোরে দেখেছিলেন, ভালবেদেছিলেন, সেই সমাজ ও সমাজব্যবস্থাই ছিল তাঁর আনন্দের বিষয়বস্তু।

তাঁর উপন্থানে সাধারণত: ছটি দিক, একটি ভিতরের ক্ষুদ্র গণ্ডি বেখানে তাঁর চিরিত্র নীতিগত সমস্থার জর্জরিত, আর একটি বৃহত্তর গণ্ডি যেথানে এই সমস্থা শ্বাধান চেয়েছে। Adam Bide-এ তাই একটা সমগ্র গ্রামের জীবনই কাহিনী ই'য়ে উঠেছে। এই গ্রামীণ জীবনের চিত্র তিনি অত্যন্ত সততা ও নিষ্ঠার সক্ষে

চিত্রিত করেছেন। তিনি নিজেই বলেছেন, এটি একঘেয়ে সাধারণ জীবনের সং ও সভ্য চিত্র। হার্ডির Far From the Madding Crowd বাদ দিলে আডাম বিজ ইংরাজী সাহিত্যের শ্রেষ্ঠ গ্রামীণ উপস্থাস। Rector Mr. Irwine বলেছেন,—"Consequences are unpitying. Our deeds carry their terrible consequences." এই আডাম বিজের বিষয়বস্তুর মূলতত্ব। Hetty Sorrel-এর পতন, Donnithorne কর্তৃক তার অপহরণ, আডাম বিজের বিষয়তা, Dinah Morris-এর সঙ্গে তার বিবাহ সবই অদৃঢ় কর্মকল। নারীর কামছ প্রেমকে তিনি ক্ষমা করেননি, হেটির এই যৌনপ্রেম অতি স্থল্বভাবে চিত্রিত হয়েছে কিন্তু নীতির দিক থেকে শান্তিযোগ্য। লেখিকা নিজে কুৎসিত ছিলেন এবং তাঁর সমস্ত লেখায় তাঁর এই ত্র্বলতাপ্রস্ত চিত্তবিকার স্থলারী নারীর প্রেমকে স্থাভাবিক হ'তে বাধা দিয়েছে।

তাঁর উপত্থাস রচনার ত্ইটি স্তর। Scenes of Clerical Life, Adam Bede, The Mill on the Floss, Silas Marner ১৮৫৮ থেকে ১৮৯১ সালের মধ্যে প্রকাশিত হয়। বিতীয় স্তরে Felix Holt the Radical (১৮৬৬), Middlemarch (১৮৭১-৭২), Daniel Deronda (১৮৭৬) প্রকাশিত হয়। প্রথম পর্যায়ে তাঁর বেগবান কল্পনা অতি ক্ষত Romola পর্যন্ত এনে যেন হঠাৎ থমকে দাঁড়ায় এবং তার পরে তিনি আরও গভীরে প্রবেশ করতে চেষ্টা করেন।

Mill on the Floss-এর Maggie Tulliver-এর দক্ষে তাঁর জীবন ওতপ্রোতভাবে মিশে আছে ব'লে এই উপকাস্থানি ভাবোফ ও বেগবান। বালিকা জীবন থেকে যৌবনে পদার্পণের এমন চিত্তহারী চিত্র ও বিশ্লেষণ খুব কদাচিৎ দেখা যায়। ম্যাগী বৃহত্তর তত্ত্বকে জানতে চায় বলেই তাঁর মনে হয় জীবনের ভোগ তার জন্ম নয়, স্বেচ্ছাপ্রণাদিত ত্যাগ তাঁর আত্মিক জীবনের অত্যাবশ্রক প্রয়োজন। ব্যার জলে যে বিযোগান্তে পরিসমাপ্তি তিনি করেছেন তা সমালোচকদের চক্ষে থুব স্বাভাবিক ব'লে বিবেচিত হয়নি।

তাঁর পূর্বতর স্পষ্ট Silas Marner-এর কাহিনীট অনবছ। নাস্তিক দরিদ্র তাঁতি, বন্ধুর দারা প্রতারিত হয়ে চুরির দায়ে স্থান এতামি কর্ম এবং তার ফলশ্রুতি হিসাবে ভাবী বধ্কেও হারায়। সেথানে সে একক রুণণের জীবনযাপন করে—তার সঞ্চিত অর্থও চুরি যায়। তার পরে তার এই নিঃসঙ্গ করণ জীবন আসে একটি শিশু—এই শিশুকে কেন্দ্র ক'বে সে ফিরে পায় তার বিবেক, চেতনাও ভাই আত্মাকে—তার স্বাভাবিক চিত্তবৃত্তি জেগে ওঠে অপূর্ব কাব্যরসাশ্রয়ী হয়ে।

Ramola-র মধ্যে তিনি ১৫শ শতকের নবজাগরিত ফ্লোরেন্সের ভাবধারাকে বিশ্বত করতে গিয়ে ভূল করেছেন, কারণ দে ভাবধারা ১৯শ শতকের চিন্তাধারার পরিপন্থী। এখানে তিনি হালয়কে ত্যাগ ক'রে বুদ্ধিকে আশ্রয় করেছেন কিন্ত ভাল উপস্থাস কেবল বৃদ্ধিপ্রস্ত নয়। উপস্থাস প্রধাণতঃ হালয়বৃত্তির পরিপোষক। Felix Holt আইন জগতের কাহিনী ব'লে তা জনসাধারণের প্রীতিলাভ করেনি। পরবর্তী

Middlemarch-এ তাঁর চিন্তার গভীরতা প্রকাশ পেয়েছে কিন্তু Daniel Doranda প্রচারধর্মী হয়ে পড়েছে বলে তা সার্থক উপক্যাসে পরিণত হয়নি, তাঁর Middlemarchকে অনেকে টলস্টয়ের ওয়ার এয়াও পীসের সঙ্গে তুলনা করেন কিন্তু তাঁর কোনই সঙ্গত কারণ নেই। এই উপক্যাসে চারিটি গল্প একস্তুত্তে বাঁধা Dorothia Brooke-এর গল্প, Lydgate-এর বিবাহ, Mary Garth-এর ইতিহাস ও ব্যান্ধার Bulstrode-এর পতন, এই চারিটি কাহিনী একসঙ্গে মিলে প্রাদেশিক একটি শহরের সমগ্র জীবনকে প্রতিভাত করেছে।

ইলিয়টের সাহিত্যকে তাঁর আন্তরিকতার ফলভোগ করতে হয়েছে। তাঁর বৃদ্ধিরুত্তি ও কল্পনা, তাঁর নিজন্ম নীতিবাদ ও নৈতিক বিশ্বাস, ধর্মীয় মতবাদ দ্বারা এমনভাবে প্রভাবিত যে তাঁর চরিত্রগুলি সবই যেন একটা আ্মিক সংগ্রামে ব্যাপৃত —এইটি একদিকে যেমন সাহিত্যের নৃতন স্পষ্ট অক্তাদিকে এই বৈশিষ্ট্যই তাঁর স্পষ্টকে দতঃ ক্ততার অভাবে হীনবল ক'রে দিয়েছে। এই নৃতনতম রীভিতে চরিত্র ও মন বিশ্লেষণই এই যুগের নবতম অবদান। এই মন-বিকলনের ধারাকে গ্রহণ ক'রেই পরবর্তী যুগের Gissing, Henry James, Conrad, Lawrence আরও অনেকদ্র এগিয়ে গেছেন।

শেলী নিখেছিলেন, "The distinction between poets and prose-writers is a vulgar error." এবং তিনি প্লেটো, বেকন, এবং কশোকে তাঁদের বেগবান কল্পনা-শক্তির জন্তে কবিপর্যায়ে কেলেছেন। এই অর্থে সব উপস্থাস-লেখকই কবি। Mathew Arnold কবিতার মূল রসকে বলেছেন—'Natural Magic." জেন অস্টেনের মধ্যে আমরা চরিত্র, সমাজ-পরিবেশ, পটভূমিকার সৌন্দর্যস্থির আনন্দ পাই কিন্তু এই হঠাৎ আলোর ঝল্কানির ম্যাজিক পাই না কিন্তু তিকেসের মধ্যে এইটি মাঝে মাঝে যেন অন্তর উদ্ভাসিত ক'রে দেয়। ফ্লবেয়ার আকাজ্জাছিল গভকে কাব্যের ছন্দমণ্ডিত করা এবং সাধারণ জীবনের মধ্যেই এই কাব্যশ্রীকে ফুটিয়ে তোলা। ভাষার এই কাব্যরস ব্যতীত উপস্থাসকারের পক্ষে এই রসফ্টি অসম্ভব এবং প্রবল কল্পনাশক্তি ব্যতীতও তা সম্পূর্ণান্ধ হয় না। হার্ভি ও ডিকেন্সে এই প্রবল কল্পনাশক্তিই তাঁদের কাব্যধর্মী করেছে। মেরিভিথের মধ্যে এই কাব্যধর্মই প্রাধান্ত লাভ করেছে এবং থ্যাকারে-টোলোপে এইটি অম্বপন্থিত।

Meredith প্রধানত: কবি। জীবন তাঁর কাছে ছিল প্রগতিশীল একটি বিবর্তন। অবশ্য তিনি এই বিবর্তনকে দেখেছেন তাঁর জন্ম-পরিবেশের ক্স গণ্ডির মধ্যে। E. M. Forster তাই বলেছেন, "Home counties posing as the Universe." তাঁর ভাষাও খুব উচ্চাঙ্গের বলা চলে না,—ভাষা উপমা, রূপক, প্রবচনে ভারাক্রাস্ত ও ক্লান্তিকর। তাঁর খ্যাতির ক্ষয়িস্কৃতার কারণ আমরা সাধারণত: তাঁর মাঝে খ্যাকারে, ট্রোলোপ, ইলিয়ট, হেনরি জেমস্, গিসিং-এর সমাজ-জীবনকে দেখতে চাই কিন্তু পাই না ব'লেই অখ্যাতি প্রচার করি। মেরিভিথের সমাজ-সমীক্ষা ও বিচার স্বতন্ত্র।

ঠার The Adventure of Harry Richmond (১৮৭১) ফিল্ডিং-এ অমুক্তি সন্দেহ নেই। এই উপন্তাদে যে অতিকল্পনা আছে, তা শেক্সপীয়রের যা হয়ত অস্বাভাবিক হত না। একটি মৃতির আবরণ উল্লোচন নিয়ে এই অতিকল্পনা বান্তবধর্মী নয় সতা কিন্তু এই অতিকল্পনাই তার বৈশিষ্টা। গোগোলের কোর গল্পেও এই অতিকল্পনা আছে, তা সত্ত্বেও তা বেমন বাস্তবধর্মী, মেরিডিথও তেমনি। তাঁর কাহিনীর মূলেই বাস্তব ও কল্পনার এই সংঘাত, চরিত্রের চলার পথে সে তার কল্পনাজীবনের সভ্যকে এবং নিজের ব্যক্তিত্বকে উপলব্ধি করতে চেয়েছে। তাঁর প্রথম উপন্থাস The Ordeal of Richard Feverel (১৮৫৯)-এর মধ্যে প্রচন্ত্র একটা ব্যক্ষের স্থর রয়েছে। তাঁর জনপ্রিয় উপন্তাদ Evan Harrington এবং The Adventures of Harry Richmond. Evan Harrington-এর মধ্যে তাঁর পারিবারিক ইতিহাসকেই উপ্যাসে রূপ দিয়েছেন। লেখকের বংশ ও জ্ব সম্বন্ধে নানা ধারণা বর্তমান, কেউ তাঁকে George IV-এর, কেউ William IV-এর এবং কেউ Bulwar Lytton-এর অবৈধ সন্তান মনে করতেন। এই উপক্যাসের মধ্যে দেই জন্মরহস্তই যেন ছড়িয়ে আছে। রিচমণ্ডেও এই একই জন্মরহস্ত, Richmond Roy কোন এক ডিউক ও অভিনেত্রীর অবৈধ সন্তান এবং তিনি সারাজীবনই চেষ্টা করেছেন তাঁর জন্মকে বৈধ ব'লে প্রমাণ করতে। Evane সম্রান্তবংশীয় Jocelyn-কে ভালবাসে এবং নিজেকে ভদ্রবংশোদ্ভূত ব'লে চালাতে চায় এবং তার ভগ্নী সেটাকে চালু করার জন্তে নানারপ উপায় উদ্ভাবন করে। এই ভগ্নিটির চরিত্রের হাম্মরদ ও উদ্ভাবনী শক্তি উপত্যাসটিকে স্থপাঠ্য করেছে।

তাঁর চিন্তাধারা উচ্চগ্রামে উঠেছে তাঁর Beauchamp's Career (১৮৭৬) এবং Diana of the Crossways (১৮৮৫) এর মধ্যে। তাঁর স্ক্ষা রসাস্কৃতির প্রকাশ The Egoist (১৮৭৯) এবং এইটিই সম্ভবতঃ তাঁর শ্রেষ্ঠ স্বষ্টি। জর্জ ইলিয়ট বিশ্লেষণের মধ্য দিয়ে চরিত্রে বিশিষ্ট ব্যক্তির আরোপ করেছেন তাই তারা অতন্ত্র, তাদের জীবনের নীতিবাদও অতন্ত্র, কিন্তু মেরিভিথের বিশ্লেষণ এই আতন্ত্র্য দেয়নি, সমগ্রকে একটি চরিত্রের মধ্যে পুঞ্জীভূত করেছে। Egoist-এর Sir Willoughby চরিত্রের মধ্যে যেন সব Egoist আশ্রম পেয়েছে। এই বিশ্লেষণ লেথকের বৃদ্ধির্ভি চালিত বলেই হয়ত আতন্ত্রা লাভ করেনি।

বৃদ্ধির দীপ্তি ও কাব্যরস তাঁর সাহিত্যে পাশাপাশি থেকে একে অপরকে স্বন্দর করেছে এবং এইটি তাঁর বিশেষ দান এবং এই গুণেই তিনি শ্বরণীয়। উপস্থাসের ইতিহাসে তাঁর কাহিনী ও বর্ণনার কাব্যরসই তাঁর বিশেষ অবদান। তিনিই এই কাব্যধর্মিতার পথিকং—পরবর্তী যুগের হেনরি জেমস্, স্টিফেন স্পেনডার, লরেন্স ও ভার্জিনিয়া উল্ফ্-এর স্ঠি এই নবভ্য কাব্যধর্মিতার প্রসাদগুণেই উজ্জ্বনতর হয়েছে।

Thomas Hardy (১৮৪০-১৯২৮) বৃদ্ধিষ্ঠ কের তৃই বংসর পরে জন্মগ্রহণ করেন। তাঁর প্রথম উপস্থাস Desperate Remedies ১৮৭১ সালে প্রকাশিত হয়। তথন তাঁর বয়স ৩১ বংসর, তাঁর পঁচিশ বছর পরে প্রকাশিত Jude the Obscureএর সঙ্গে তাঁর ঔপন্যাসিক জাবনের শেষ। তাঁর জ্ঞাবনের প্রধানতম আকর্ষণ ছিল
কবিতা কিন্তু তিনি উপন্যাসকে তাঁর স্বষ্টর বাংন করেছিলেন অন্ত কারণে। তথন
উপন্যাসই একমাত্র জনপ্রিয় সাহিত্য ছিল, এবং একমাত্র উপন্যাস লিখেই জ্ঞাবিকা
অর্জন করা সম্ভব ছিল। জীবিকা হিসাবে তিনি এটাকে গ্রহণ করেন, কিন্তু আর্ট
বা স্বাষ্টর দিক থেকে তাঁর প্রধান আকর্ষণ ছিল কবিতায়। তাঁর Tess এবং Judeএর জৈবজীবনের নগ্নতা তৎকালান পাঠক ও সমালোচক মহলে ইউরোপীয় স্নবেয়া,
জোলা, টলস্টয়ের অক্ষম ইংরাজী সংস্করণের তৃচ্ছতায় প্যবসিত হয়েছিল। কিন্তু
লেখক নিজে কোনদিনই ইউরোপীয় বাস্তববাদে বিশ্বাসী ছিলেন না। তাঁর কথা
ছিল গল্প বলা, ভালভাবে বলা এবং পুরাতনের ম্থে নতুন গল্প বলা। তিনি
বলেছেন, "We Storytellers are all Ancient Mariners." তাঁর
গীতিকবিতায় তিনি যেমন গ্রাম্য গান ও নৃত্যের ছন্দকে ধরে রেথেছেন, উপন্যাসেও
তেমনি পুরাতন প্রেমকথা, ভাবাবেগ, বঞ্চনা ও বিষাদের আশ্রয় নিয়েছেন।

হার্ডি স্থাপত্যবিভায় শিক্ষিত। সাহিত্য সম্বন্ধে প্রভৃত পাণ্ডিত্য এবং তৎকালের দর্শন-বিজ্ঞানের জ্ঞান তাঁকে বিচক্ষণতা দিয়েছিল কিন্তু তাঁর মনটা পড়ে ছিল গ্রামের অতীত জীবনে। তিনি গ্রামের লোক, গ্রামকে ভালবাসতেন, তাঁর ষতীত ঐতিহ ও সংস্কৃতি তার অন্তরে মধুময় হয়ে স্থান পেয়েছিল। এই দিক থেকে জর্জ হলিয়ট এবং হেনরী ভেমদের সঙ্গে তার প্রভৃত পার্থকা। এদিক থেকে তিনি একদেশদর্শী এবং Eccentric। গ্রাম্যতা ও সরলতা একদিক থেকে যেমন তাঁরে সাহিত্যকে অনেকটা অ-যুগোপযোগী করেছে, অক্তদিকে এইটিই তাঁর প্রধান শক্তিতে পরিণত হয়েছে। যথনই তিনি তার এই অন্তরের পরিবে**শকে** ত্যাগ করেছেন তথনই তাঁর স্ষ্টিশক্তি মন্দীভূত হয়েছে। The Hand of Ethelberta (১৮৭৬)-য় তিনি অভিজাত উন্নাদিক ফ্যাশন-চুরস্ত' সমাজের ছবি আঁাকতে গিয়ে প্রাভৃত হয়েছেন কিন্তু গ্রাম্য কাহিনী ও পরিবেশ বর্ণনায় ভার সমকক দিতীয় কোন লেথক নেই। স্কটের মত তিনিও এক যুগসিলিক্ষণে জন্মেছিলেন। তথনকার আধুনিক জগতকে তিনি জানতেন। কিন্তু জাতীয় জীবন থেকে বিচ্ছিন্নভাবে শহর থেকে দূরে যে ক্ষয়িষ্ণু সমাজের ধারা প্রবাহিত ছিল দেই-ই ছিল তাঁর আপনার জগত—অন্তরের জগত। জর্জ ইলিয়টের গ্রাম্য কাহিনী প্রাচীনতর হলেও রূপায়ণে তা আধুনিক—তথন শিল্পবিপ্লব আরম্ভ হয়েছে এবং যুগধর্ম ধীরে ধীরে শেকড় চালিয়েছে সমগ্র সমাজে,—১৮শ শতকের যুক্তিবাদ ও মন্তিষ্কবৃত্তি সমাজ-অঙ্গে আঘাত হেনেছে। হার্ডির গ্রাম্য কাহিনীতে এই পরিবর্তনের কোন রূপ নেই, তা স্বতন্ত্র-স্বকীয়, জন-জীবন থেকে দূরে, নিঃসঙ্গ। তাঁর वहनाव উष्ट्रिक जिल्ल, अर्फन, शाकारत, द्यालाश, देनियरहेव উश्वारम मास्य সমাজ-পরিবেশে চরিত্রের বিভিন্নতা নিয়ে জীবনকে দেখেছে,—তাঁরা জীবনকে দেখেছেন সমাজ-পরিবেশগত চরিত্র হিসাবে। হার্ডির চরিত্র স্বভন্ত, তারা গড়ে উঠেছে প্রকৃতির পরিবেশে, ঋতু পরিবর্তন ও বংশগত কর্মের মাঝে। চাষে, মেষ-পালনে, গাভীপালনের মধ্যে তারা নিজ নিজ ব্যক্তিত্ব নিয়ে ফুটে উঠেছে—এই বৈশিষ্ট্যই সব নয়, চরিত্রের মূলগত ব্যক্তিত্ব গ'ড়ে উঠেছে তাদের নিজস্ব আবেগ-অফুভৃতি, যৌনপ্রেম ও জৈবাবেগ নিয়ে।

তিনি চিন্তাশীলতার যুগের থেকে অনেক প্রগতিশীল কিন্তু চরিত্রে নিরাশাবাদী খ্রীষ্টান। বৃদ্ধির দিক থেকে প্রগতিশীল কিন্তু অম্বভূতির দিক থেকে সনাতনপন্থী। তথন ডারউইন, মিল, হাক্সলি, স্পেন্সারের বিজ্ঞানভিত্তিক যুক্তির প্রভাবে দেশের তরুণগণ সর্বশক্তিমান স্ক্রনশীল ভগবানের প্রতি বিশ্বাস হারিয়ে ফেলেছে। ইলিয়ট তাঁর চরিত্রে তার কর্মের জন্তু, ব্যক্তিকে দায়ী করেছেন, ভালমন্দের মধ্যে বেছে নেওয়ার স্বাধীনতা যথন মাম্ব্যের রয়েছে তথন সে নিশ্চয়ই দায়ী। তাঁর নীতিবাদের প্রতিষ্ঠা ব্যক্তির স্বাধীন সন্তার ভিত্তির উপর। কিন্তু হার্ডি নীতিবাদী নন, তাঁর জগত ভিন্ন—বিশ্বজাগতিক শক্তি, মাম্ব্যের নিজন্ব শক্তি এবং তার আকাজ্মার মধ্যে কোন মিলই নেই, তারা পরস্পরবিরোধী—অর্থাৎ প্রকৃতির শক্তি মানবশক্তির বিরোধী এবং তৃঃখের কারণ। তথনকার দর্শন-বিজ্ঞানের নবতম জ্ঞান তাঁকে সনাতনী জীবনের প্রতি আসক্তিকে প্রবলতর করেছিল কিন্তু সেই সঙ্গে চরিত্রস্কৃতিতে তাঁর গভীর অন্তর্দৃ প্রি এবং তাঁর দার্শনিক ব্যাখ্যা তাঁকে প্রেষ্ঠ লেখকের মর্যাদা দিয়েছে।

প্রকৃতির শক্তি বিক্লম ও হু:খদায়ক হলেও মাতুষও তার সঙ্গে সংগ্রামে সমান দক্ষ, সমান বুদ্ধিমান ও শক্তিবর। যারা প্রকৃতির সালিধ্যে পৃথিবীর অতি নিকটে উচ্চাকাজ্ঞাহীন হয়ে বাস করেছে তাদের সংগ্রাম পরাজয়হীন, জীবন স্বপ্নহীন; চাষীদের জীবন তাই ত্যাগে ও শৃঙ্খলায় আনন্দময়। তাঁর দিতীয় উপন্থাস Under the Greenwood Tree (১৮৭২)-তে এই জীবনকে তিনি প্রতিভাত করেছেন। হার্ডির সমগ্র মানস প্রতিবিধিত হয়েছে তাঁর ৬ ঠ উপন্থাস The Return of the Native (১০৭৮) এ। অক্তান্ত পুস্তকের মতই বিয়োগান্ত প্রণয়কাহিনী— সরল সহজ কাহিনী। Clym Yeobright প্যারিতে জহুরী ছিল, গ্রামে ফিরে এল দেশের শিক্ষক ও ধর্মপ্রচারক হ'য়ে। সে Eustacia Vye-কে ভালবেদে বিষে করল কিন্তু ক্লিমের এক কাজিন ভগ্নীর স্বামী Damon Wildeve-এর সর্জে তার গোপন প্রণয় ছিল। তারা গোপন প্রণয় চালিয়ে যেতে লাগল এবং তাদের জলে ভূবে মরার পর কাজিন ভগ্নী Thomasin, Diggory Venn-কে বিবাহ করে। ক্লিম লেখকের আদর্শবাদী চরিত্র, সে আধুনিকভার অন্তর্জালা সম্বন্ধে স্বাদা সচেতন, এবং দেই-ই হার্ডির মনোজগতের প্রতীক। ক্লিম তাঁর আধুনিক মাহ্য কিন্ত Eustacia তাঁর আধুনিক নারী নয়,—Emma Bovery-র মত, পূর্ণ জৈবাবেগ ও প্রণয়াবেগ নিয়েই তার জীবন। এম্মা বাস্তবতার নিষ্ঠরতার মধ্যে বিকশিত আর ইউন্টাসিয়া একটি স্থন্দর রোমাণ্টিক চরিত্র। ফ্লবেয়া এমার সমালোচক কিন্তু হার্ডি ইউন্টাসিয়ার প্রতি সহায়ভূতিসম্পন্ন। তার মত মেরে

আদর্শবাদী ব্যক্তির হৃপত্বী হতে পারে না। ক্লিম চেয়েছিল ব্যক্তিকে উপেকা ক'রে সমাজের উন্নতি কিন্তু ইউন্টাসিয়ার কাছে ব্যক্তিই সব, তার উপের্ব অন্থ কিছু নয়। প্রকৃতির প্রতিকৃতি Egdon Heath যেন তার আশ্রামে বসে চরিত্র কৃষ্টি করেছে। প্রকৃতির এই স্নেহছায়ায় বসে ইউন্টাসিয়া প্যারির স্বপ্ন দেখেছে এবং এই-ই তার জীবনের বড় টাজেভি। তাঁর চরিত্রগুলি প্রকৃতির সঙ্গে অঙ্গাজীভাবে জড়িত, ক্ষুম্ব প্রাণীজগতও তার সঙ্গে জড়িত। এই পরিবেশ ছিন্ন হলে তারা স্বকীয়তা হারিমে ফেলে। হার্ডির জীবন-দর্শন সর্বজাগতিক, বিধিনিয়ন্ত্রিত এই জগৎ ও জীবনের বিক্রমে উচ্চাশা, প্রতিভাও ভাবাবেগ নিয়ে যে বিশ্রোহী হবে, সেই তুঃখ পাবে—এই বিল্রোহই মানব-জীবন, তাই তাঁর সব নায়কই নিরাশায় বেদনাব্যথিত। তাঁর এই সর্বজাগতিক দর্শন তাঁর সাহিত্যকে ১৯শ শতকের সাহিত্য থেকে পৃথক ক'রে রেথেছে। ইলিয়ট চরিত্র বিশ্লেষণ ক'রে তাকে রূপায়িত করেছেন কিন্তু হার্ডি তার বিপরীত—একটা অন্ধ্ব নিয়তি, একটা অজ্ঞাত সর্বজাগতিক শক্তি যেন তাঁর চরিত্র-গুলিকে ঘটনা ও আবেগ-অন্থভ্তির মধ্য দিয়ে ঠেলে নিয়ে গেছে। তাঁর কাছিনীর দৈয় এই সমগ্রতার কাছে তুচ্ছ হ'য়ে গেছে।

তাঁর Mayor of Casterbridge (১৮৮৬), Tess of the d' Urvervilles (১৮৯১) এবং Jude the Obscure (১৮৯৫)-এর ট্রাজিক নামকগণ বেন বেশী ক'রে প্রকৃতির মাঝে তুবে গেছে এবং চরিত্রগুলি ক্স হ'য়ে গেছে। জুডের মধ্যে স্থা (Sue) চরিত্রটি যেন এই ট্রাজিডির প্রতীক। প্রকৃতিচালিভ চরিত্র যেন অবচ্ছ প্রকৃতির এক রহস্তময় আলোকশিখা। তাঁর চরিত্রগুলি বিশেষ পরিবেশে বিশেষ একটা আবেগের মধ্যে বিকশিত হয়েছে, যেমন Far From the Madding Crowd-এর Bathseva সার্জেন্ট Troy-এর অসিযুদ্ধের মাঝেই যেনজেগে উঠেছে এবং তাঁর কাছে আত্মসমর্পন করেছে—যেন সে নিজেই অসিমুদ্ধে পরাজিত।

হার্ডির সমগ্র চরিত্র ও পরিবেশে একটা কাব্যধর্মী স্থমা রয়েছে—সেটা বৃদ্ধিরুত্তিচালিত কাব্যরস নয়, সর্বজাগতিক অফ্ভৃতিমূলক একটা মানসিকতা। সেই কারণেই মেরিডিথের মত তাঁর ভাষা, গছারচনা রীতি থেকে অনেকটা সরে গেছে— নমালোচকের দৃষ্টিতে সেটা নিন্দনীয় ও প্রশংসার্হ উভয়ই হ'তে পারে। তাঁর সর্বাপেক্ষা ট্রাজিক নভেল Mayor of Casterbridge, তার নামক Henchard সর্বাপেক্ষা উজ্জ্বল চরিত্র এবং তার টেস্ স্বাপেক্ষা উজ্জ্বল নায়িকা। Henchard চরিত্রের বিরাটত্বের হেড়ু সে তার নিজের মধ্যে বিশ্বজগতকে অফ্তব করেছে এবং যুক্তি ও যুক্তিগ্রাহ্থ অফ্ভৃতি ক্ষীণতর হ'ষে গেছে। টেসের মধ্যে Valley of the Great Diaries-র প্রাক্ততিক পরিবেশই কেবল কাব্যব্যান্থিত নয়, তার স্ব্যাই Tess এবং Angel Clare-এর পূর্বরাগের দৃশ্বকে অধিকতর কাব্যরসাল্লয়ী ক'রে দিয়েছে। এই কাব্যধর্মী পরিবেশ ও প্রকৃতি যেন তাঁর চরিত্রের অক্ষীভৃত,—চয়্লিত্রও যেন এই প্রকৃতির অক।

Jude the Obscure তাঁর অক্সান্ত উপস্থাস থেকে স্বতম্ব। এর কাহিনী সমসাময়িক পরিবেশ নিয়ে। হার্ডি ইৰ্সেন থেকে বারো বছরের ছোট এবং Strindberg থেকে দশ বছরের বড়। জুড্ দেহী, দেহগত কামনা বাসনা তার মধ্যে প্রকট, জীবনের কোন এক সন্ধিক্ষণে সে মহ্যপানকে আশ্রম ক'রে জীবনের হুংখ থেকে মুক্তি পেতে চায়। সে নিজে "l' homme moyen sensuel"—দেহগত কামনার দাস কিন্তু তাই যদি হত তবে তার জীবন ট্যাজেডি হত না। কিন্তু তার উচ্চাকাজ্জা রয়েছে, সে Christminster-এ ছাত্রজীবনের স্বপ্ন দেখে। Biblioll-এর উপদেশ মত সে যদি কারিগরী শ্রমিক জীবন ঘাপন করত তবে তার জীবনে হুংখ আসত না। তার যুগে এই উচ্চাশা সকল হওয়ায় সম্ভব ছিল, এই সম্ভাব্যতার মধ্যেই তার জীবনের ট্যাজেডি ঘনিয়ে উঠেছে—অহ্যথায় হে বার্থতার বেদনার সঙ্গে Gissing-এর Thyrza-র Gilbert Grail-এর জীবনের বার্থতা তুলনীয়। গিসিং-এর এই উপস্থাস আট বৎসর পূর্বে প্রকাশিত হয়েছিল। এই গ্রন্থ থেকেই হয়ত হার্ডির মধ্যে শ্রেণী-সচেতনতা দেখা দেয়, এটা সম্ভবতঃ গিসিং-এর গ্রন্থের প্রতিক্রিয়া।

তার পূর্বের কোন গ্রন্থে এই শ্রেণী-সচেতনতা দেখা যায়নি। সেগুলি তিনি তাঁর সনাতন জীবনধারা নিয়েই লিখেছেন কিন্ধু বৃদ্ধিজীবী শ্রমিক শ্রেণীর কাহিনী জুড়। এই কাহিনী ওয়েসেক্সের জীবন থেকে সম্পূর্ণ পৃথক। জুড় সমসাময়িক চরিত্র। ভিক্টোরিয়া-যুগের শ্রমিক, তথনকার সমাজ-ব্যবস্থায় ব্যর্থ হতে বাধ্য। এখানে তাঁর সনাতন জীবন ও সর্বজাগতিক প্রকৃতির স্থান হয়নি—তার স্বাভাবিক কাব্যধর্মও আশ্রয় পায়নি। এ কাহিনী বাস্তব বলেই শক্তিশালী ও হৃদয়গ্রাহী হ'য়ে উঠেছে। জুড় ভিক্টোরিয়া-যুগের শ্রমিক। স্থা এই নৃতন যুগের নারী—যার "sexual ambivalence, which she is aware of all the time and cannot quite understand." (৩২৮)

স্থা এক সময় জুড্কে বলেছে,—"আমি তোমাকে ভালবাসিনি, আমি চেয়েছিলাম তুমি আমাকে ভালবাস। আকর্ষণ করার, বনীভূত করার প্রবল আকাজ্জা নিয়ে মেয়েরা পুরুষকে কাছে টানে। তারা ভাবে না এতে পুরুষ কতথানি ক্ষতিগ্রস্ত হতে পারে। আমিও তাই করেছি। যেদিন ভোমাকে জয় করলাম, তথন ভয় হল।"

এই-ই বৃদ্ধিজীবী আধুনিক নারী যাকে হার্ডি বলেছেন intellectualised. স্থ্য তাঁর স্বামী Phillotsonকে ত্যাগ করার সময় J. S. Mill থেকে উদ্ধৃতি দিলে সে বলেছিল,—"What do I care for J. S. Mill! I only want to lead a quiet life" (৩২৮)

⁽ v ? v) Ibid-p. 256-57,

বর্তমান যুগে এসে দেখা যায় স্থ্য সত্যই আধুনিক নারী, যার ব্যক্তিস্বাতস্ক্র্য ও বৃদ্ধিবৃত্তি তাকে ছিন্নমূল ক'রে জগতের স্রোতে ভাসিয়ে দিয়েছে একক জীবনে—জীবনের একাকীয় নিয়ে সে চলেছে প্রবহমান প্রগতির স্রোতে।

হার্ডির সমালোচকগণ তাঁকে রচনার দৈন্ত, গল্পের অসামঞ্জন্তা ও ভাষার ত্র্বলতার জন্ত দোবারোপ করেছেন, তথাপি ইংরাজী সাহিত্যে তিনিই একমাত্র লেখক, যাঁর মাঝে সমগ্র বিশ্বপ্রকৃতি মানুষের জীবনের সঙ্গে জড়িয়ে এক জভিনব সৌন্ধরের আশ্রয় হয়েছে,—কাব্যরসাশ্রয়ী স্থয়মা ফুটে উঠেছে জীবনের মাঝে।

১৮৮৪-৮৫ সালে—উপন্থাস বলতে কী বোঝার? উপন্থাসের আর্ট কী? আদর্শ কী? তার সার্থকতা কী? শ্বরণ কী? ইত্যাদি নিয়ে ইংল্যাণ্ড ও ইউরোপে তর্কের ঝড় উঠেছিল। Stevenson, Henry James প্রভৃতি বাদাম্বাদ করেছিলেন। এ তর্কের ঝড় আজও চলেছে। সে আলোচনার শেষ হয়ত নেই।

যাই হোক্, জর্জ ইলিয়ট, মেরিডিথের পরে উপত্যাস-সাহিত্য পুরাতন ও আধুনিক ঘটি ধারায় চলতে থাকে। পুরাতন ধারায় আজও উপত্যাস লেথা হয়, তার ম্ল্য ও জনপ্রিয়তা আজও কমেনি, আধুনিক ধারায় উপত্যাসও অনেক এগিয়ে গেছে। জোলা বলেছিলেন, জীবনের সঠিক চিত্রই উপত্যাস, কিন্তু পরের লেথকগণ তাঁর অতিবান্তববাদকে গ্রহণ করেননি। তাঁরা বললেন, জীবনের কোন বিশেষ দিক, উত্থানেরই হোক আর পতনেরই হোক্,—তার সবল সম্ভাব্য প্রকাশই সাহিত্য। উপত্যাসের ঘটনা বান্তব নয়, কিন্তু লেথকের স্বন্ত জগত ও চরিত্রে পাঠকের জ্ঞান বৃদ্ধিমতে যদি সম্ভব ও বান্তব বলে মনে হয় তবেই তা বান্তব। উপত্যাস-সাহিত্যের এই নৃত্রন আদর্শ গ্রহণের মূলে কয়েকটি পারিপাশ্বিক কারণ ছিল। ১৮৭০ সালে Forster-এর Education Act অয়য়ায়ী প্রাথমিক শিক্ষা

১৮৭০ সালে Forster-এর Education Act অন্নযায়ী প্রাথমিক শিক্ষা আবশ্রিক ও অবৈতনিক হয় এবং তার ফলে কয়েক বছরের মধ্যেই পাঠক সমাজের পরিধি অনেক বিস্তৃতি লাভ করে। উচ্চ-শিক্ষিত, শিক্ষিত, শ্বন্ধ-শিক্ষতদের মধ্যে ব্যবধান স্প্রী হয় এবং বিভিন্ন পাঠকশ্রেণী গড়ে ওঠে। এই আবশ্রিক শিক্ষার পূর্বে যারা গড়ত, তাদের উদ্দেশ্য ছিল জ্ঞান আহরণ, এবং অজিত জ্ঞান ঘারা নিজের বা শ্রেণীর উৎকর্ষ সাধন। অতএব সে ছিল উন্নততর মান্ত্র্য, তাদের শিক্ষাগ্রহণ ছিল উন্নতির জ্ঞা, উন্নততর মান্ত্র্য হবার জ্ঞা। সে চাইত, সমাজের মধ্যে উচ্চাঙ্গের সংস্কৃতি অর্জন করতে কিন্তু ১৮৭০ সালের পরে এই উচ্চাশার বিলোপ হল। এই স্বন্ধ-শিক্ষিত জনশ্রেণীর জ্ঞে ব্যবসাব্দ্রিসম্পন্ন ব্যক্তিগণ প্রস্তৃত্তই ছিল। তারা তাদের পাঠোপধানী, নিক্নন্ট সাহিত্যে প্রকাশ ক'রে লাভবান হওয়ার জ্ঞ তৎপর হল। এই সাহিত্যের আদর্শ ব'লে কিছু থাকা সম্ভব নয়, আনন্দ বিতরণ ক'রে অর্থবা অর্ধশিক্ষিত অন্ধ্র পাঠকের হুর্বলতার স্থ্যোগে তাদের শোষণ ক'রে অর্থাজনই ছিল তাদের মহৎ উদ্দেশ্য। এই স্ব-ল্লাক্ষিত জনগণ ভোটাধিকার লাভ ক'রে দেশের

ভাগ্যনিমন্তা হল—তাদের একথা বোঝানো চলে না যে, আর্ট বা সাহিত্যক্ষেত্রে তাদের ক্ষচির বিচার গ্রহণীয় নয়; কারণ মাহ্মের সাধারণ ধারণা যে, সে যা পছন্দ করে, যা ভার ভাল লাগে, তাই ভাল। তথন ব্যক্তিবাদের আশ্রয়ে মাহ্ম ব্যক্তিয়াভয়্য ও স্বাধীনতা পেয়েছে এবং স্বাধীনতার নামে উচ্ছুঞ্জলও হ'য়ে উঠেছে। এই সমরে শিল্পবিপ্লবের তৃতীয় যুগ চলেছে, লোহ, ইম্পাত, ও নানাবিধ দ্রব্য উৎপাদনের কারথানা স্বাষ্ট হয়েছে, কারথানার স্বল্প-শিক্ষিত কারিগর-জীবনে অবসরের আনন্দ প্রয়োজন হয়েছে। তাই কথা-সাহিত্যের চাহিদা বাড়ল,—সাহিত্যের প্রয়োজনে নয়, জনজীবনে আনন্দ পরিবেশনের বাহনক্ষপে।

রাশি রাশি উপস্থাস বন্থার জলের মত এসে বাজার ছেয়ে ফেলল। পাঠকের কচি ও শিক্ষার স্তর হিসাবে নানাবিধ সাহিত্য স্বষ্ট হল—সাহিত্যের স্তর-বিভাগ হয়ে গেল। ভিক্টোরিয়-য়ৄলে এমনটি ছিল না, পাঠকের সংখ্যা কম ছিল সভ্য, কিন্তু যারা ছিল তারা ভিকেন্স-থ্যাকারেকে সমাদর করত। অন্ধ বৈশুবৃদ্ধির পথ বেয়ে, সাহিত্য, অ-সাহিত্য, কু-সাহিত্য, ব্যবসা-সাহিত্য, যৌন-সাহিত্য, চাটনি-সাহিত্য নানাবিধ পাঠ্য-অপাঠ্য সাহিত্য স্বষ্ট হতে লাগল। ফলে তথন এমন কোন লেখা আর থাকল না যা সর্বশ্রেণীর পাঠকের সমাদর লাভ করতে পারে। তথন আর্টিন্ট হল তাঁর নিজের জন্মই, অন্তের জন্ম নয়। আর্টিন্ট প্রকাশ করবে আপনার জন্ম, তাই তার গৌরব, তাই তার সম্মান। এই বিশ্বাস বংশই James, Conrad, Joyce লিখতে পেরেছিলেন।

বর্তমানে ভারতে ও বাংলায় আজ এই তৃতীয় শিল্পায়নের যুগ, এবং সাহিত্য-ক্ষেত্রে এই একই ইতিহাসের অমুবৃত্তি চলেছে। অ-সাহিত্য কু-সাহিত্য ও ব্যবসা-সাহিত্য, স্ক্রনধর্মী সাহিত্যের মাথায় পা দিয়ে এগিয়ে চলেছে। Arthur Symond যার জন্ম অতি হৃঃখেই গণতন্ত্রীয় সাহিত্যকে নিন্দা করেছেন।

শিক্ষাবিভ্তির অন্ততম ফলরণে ভিক্টোরীয় যুগের তিনথণ্ডে সমাপ্ত উপন্থাস অন্তর্হিত ইল এবং ব্যন্ততার যুগে তা একথণ্ডে সঙ্কৃচিত হল। প্রকাশকের প্রতিযোগিতা এবং বিভিন্ন ভরের পাঠকগণের চাহিদার ফলে এ সংকোচন অনিবার্য হ'য়ে উঠল। আম্যানা প্রস্থাগার ও রেলওয়ে বুক্টলের প্রতিযোগিতায় বুক্টলেরই জয় হল। যে সমন্ত লেথক মধ্যপন্থা নিলেন তাঁদের ভাগ্যও স্থাসন হল না,—যেমন Gissing ছোট উপন্থাস লিখতে পারলেন না, ধীরে ধীরে ডিকেন্স, থ্যাকারেও অপাঠ্য হয়ে উঠল। ১৯শ শতকের শেষে "The English novel…had been like a hold-all into which any thing could be stuffed." (৩২৯)

আয়তনের স্বল্পতা হেতু লেখকগণকে বিস্তৃত পটভূমিকা ছেড়ে বিষয়কে ক্তুতর করতে হল, নির্দিষ্ট করতে হল। নৃতন ষ্গের এই নৃতন অরসিক পাঠকের চাহিদায় সাহিত্যকে জাতিচ্যুত হ'য়ে, স্বগৃহ ত্যাগ ক'রে তাকে পণ্যা হতে হল—

Straight Novel, Psychological Novel, Novel of Adventure, Detective Novel, Thriller প্রভৃতি নামের অন্তর্গানে পৃত্তক ব্যবসায় চলল জনগণের চিন্তবিনোদনের জন্ম। এই যুগের মধ্যেও যারা বড় হলেন, তাঁদের কাছে এ সব নাম ভূচ্ছ হ'রে গেল। নভেলের আয়তনের স্বল্পতা লেখককে শক্তিশালী ক'রে ভূলল—স্বল্পবিসরে বৃহত্তর বিষয় বলবার শক্তি তাঁরা অর্জন করলেন। R. L. Stevenson, Henry James, George Moore. Joseph Conrad এবং Arnold Bennett, এই সন্তা জনপ্রিয়তার দাসত্ব স্থীকার করলেন না, তাঁরা স্বাধীন সন্তা নিয়ে লিখে চললেন স্ক্টির প্রেরণায়।

এই স্থকীয়তা ও স্বাধীনতা নিয়ে যাঁরা বড় হলেন তাঁদের মধ্যে স্টিভেনসন, গিসিং এবং মুর বৈশিষ্ট্যের স্বাক্ষর রেখেছেন তাদের রচনায়। Henry James ১৮৪৩ সালে নিউইয়র্কে জন্মগ্রহণ করেন এবং ১৯১৬ সালে মারা যান। তাঁর মধ্যে বর্তমান বিংশ শতকের ধারাকে লক্ষ্য করা যায়। তাঁর কাছে ক্লবেয়া ছিলেন সত্যকার ঔপস্তাসিক। তাঁর মতে তিনি উপস্তাস-লেথক হ'য়ে জন্মেছেন, বড় হয়েছেন, জীবনধারণ করেছেন এবং লেথকের মতই মরেছেন। জেমস্ ইংরাজ নন, কিন্তু এয়াংলোস্তাক্সন এবং তাঁর সাহিত্যের তৃইটি দিক বিশেষ উল্লেখযোগ্য। প্রথমতঃ তাঁর মধ্যে নীতিবাদ ও কান্তিবোধ (Ethics & Æsthetic)-এর সমন্বর্ম হয়েছে— স্থানর ও শিব একীভূত হয়েছে। তাঁর পিতা কোটিপতি এবং দার্শনিক, বিভিন্ন পরিবেশে পুত্রকে শিক্ষা দেন। তিনি আলবেনি, নিউইয়র্ক, লগুন, প্যারী, জেনেভা, বোলোন ও বনে শিক্ষালাভ করেন। ছিন্নম্ল হয়ে দর্শক হিসাবে তাঁকে বছদিন কাটাতে হয়েছে। জীবনের এই বিচ্ছিন্নতার জন্ম তিনি স্থবিক্সন্ত সমাজ ও পরিবারের প্রতি বেশী আরুই হয়েছেন। ১৮৭৬ সালে তিনি ইংরাজ নাগরিক অধিকার প্রেয়ে লগুনে স্থায়ীভাবে বসবাস করেন।

তাঁর বিষয়বস্তু আন্তর্জাতিক—আমেরিকা ও ইউরোপের সংযোগ-সম্পূর্ক এবং মানসিক নৈকটা ও বৈপরীতা। ইউরোপ শোষক, আমেরিকা শোষিত, আমেরিকার সরল-স্থন্দর জীবন ইউরোপের আভিজাতা, আধুনিকতা ও ধনলিন্সার দারা বিছিত ও বিভ্রাস্ত হয়েছে, বাৃথিত হয়েছে, এমনি একটি ভাবধারা তাঁর মধ্যে লক্ষণীয়। তাঁর Roderick Hudson, The Portrait of a Lady, The Wings of the Dove এবং The Golden Bowl-এর মধ্যে এই বেদনা ধ্বনিত হয়েছে কিছু তার The Ambassadors-এর হুর অক্সরূপ। প্রথম কয়েকথানির মধ্যে নারী চরিত্র তার স্থকীয় স্বাধীনতা ও নীতিবাদ নিয়ে বড় হয়ে উঠেছে। ঐশর্ষ, আনন্দ ও ভালবাসার কাছে মাথা নত কয়েনি। The Portrait of a Lady (১৮৮১)-র Isabel অভিজাত ধনিক Warburtonকে প্রত্যাধ্যান কয়ে শিল্পী Osmond ও তাঁর দারিন্স্যের সঙ্গে পরিণীত হয়েছে এবং সে বিবাহ ব্যর্থ জেনেও সে পুনরায় তাঁরই কাছে ফিরে এসেছে। তাঁর The Bostonians এবং The Princess Casamassima সমাজ-বিপ্লবের চিত্র এবং ব্যালজাকের অক্সন্ত

পথে সমসাময়িক সমাজ্ঞকে রূপ দিয়েছেন। Conrad তাঁর সম্বন্ধে বলেছেন 'The historian of fine consciences"। জেমস্-এর এই বিবেকিতা বস্তজ্জগতের উধের্ব একটা ব্যক্তি-নীতিবাদের পৃষ্ঠপোষকতা করেছে—এইটিই তাঁর স্প্রের বৈশিষ্ট্য।

১৮৮০ সালের পরে সাহিত্যসেবী মাত্রেই উপন্থাস লিখতে শুক্ক করেন।
বাঁদের উপন্থাসরচনার স্বাভাবিক প্রতিভা ছিল না, তাঁরাও প্রয়োজনের তাগিদে
উপন্থাস লিখেছেন। সকলেই এই নভেলের হোল্ড-অলের মধ্যে যাবতীয় রচনা
ঠেসে ভর্তি করতে শুক্ক করেন। Walter Pater-এর Marius The Epicurean,
Oscar Wilde-এর Picture of Dorian Gray প্রভৃতি উপন্থাসাকারে
স্বাবিভূতি হয়। নানা বিষয় নিয়ে নানা রক্ষের উপন্থাসের বন্থা বইতে শুক্
করলেও এই সময়ে মেরিভিও ও হার্ভিই উচ্চাসনের অধিকারী ছিলেন। তাঁরা
যথন প্রতিষ্ঠার উচ্চ শিখরে তখন নবীনদের মধ্যে R. L. Stevenson (১৮৫০-১৯৩) ও
যথেষ্ট প্রতিষ্ঠা লাভ করেছিলেন। স্বান্থানিক Rudyard Kipling-এর উপন্থাস
Kimও তখন থ্যাতি লাভ করেছে। তাঁর প্রতিভা ঠিক উপন্থাস রচনার জন্ম নয়,
তথাপি তাঁর এই উপন্থাস্থানি নানা কারণে স্বরণীয়।

ক্টিভেনসনের শ্রেষ্ঠ কীর্তি তাঁর অসমাপ্ত উপত্যাস Weir of Hermiston তিনি শেষ বয়সে এসেই তাঁর প্রকৃত বিষয়বস্ত পেয়েছিলেন এবং তাকে প্রকাশের মানসিকতাও অর্জন করেছিলেন—তিনি দীর্ঘজীবী হ'লে হয়ত অক্ষয় কীর্তিও রেখে বেতে পারতেন। তাঁর শ্রেষ্ঠ কীর্তি The Beach of Falesà। তাঁর Kidnapped (১৮৮৬) প্রভৃতি রহস্ত রোমাঞ্চ উপত্যাসকে তিনি সত্যকার সাহিত্যে পরিণত করেছিলেন, এইটিই তাঁর প্রধান অবদান—তার মধ্যে ক্লবেয়া আর তুমা যেন একস্ত্রে গ্রথিত হয়েছিল। রোমান্টিকতা ও বাস্তবতা যেন একসঙ্গে মিশে গেল।

Mark Rutherford (১৮৩১-১৯১৩) (প্রকৃত নাম William Hale White) এবং George Gissing (১৮৫৭-১৯০৩)-এর নাম সাধারণতঃ একসঙ্গে বলা হয় তার হেতু, উভয়ের বিষয়বস্থ আংশিক ভাবে এক এবং তাঁদের জীবনে দৃষ্টিভঙ্গিও এক। তাঁরা উভয়েই তীক্ষ বৃদ্ধির অধিকারী এবং জীবনে একটা পরাজিত মনোর্ত্তির ছারা চালিত। রাদারফোর্ড-এর ৫২ বংসর বয়সে প্রথম উপস্থাস The Autobiography of Mark Rutherford (১৮৮১) প্রকাশিত হয়, এবং গিসিং-এর The Private Papers of Henry Ryecroft ১৯০৩ সালে প্রকাশিত হয়। উভয়ের এই প্রশিদ্ধ হুইখানি উপস্থাসের বিষয়বস্থ ও দৃষ্টিভঙ্গি প্রায় এক। Rutherford-এর কাছে জীবনের একচতুর্থাংশ আমাদের পরিজ্ঞাত জগত এবং বাকি তিনভাগই ছুজের্র, অন্ধকারাছয়। তাঁর এই আত্মজীবনী-উপস্থাসে বস্তুজগত ও আ্মিক-জগতে মানুবের একাকীয় ও নিঃসঙ্গতার বেদনাকে তিনি রূপায়িত করেছেন।

রাদারফোর্ড ধর্মীয় শিক্ষালাভ ক'রে চার্চে যোগদান করেন কিন্তু যুক্তির দিক

থেকে তাঁর মনে অবিধাস দেখা যায়,—তিনি সামায় একটি শ্রমিকের নান্তিক বৃক্তিকে থণ্ডন করতে পারেন না এবং এই আত্মিক সংগ্রামের পরে চার্চ ত্যাগ ক'রে লণ্ডনে এক প্রকাশকের চাকুরী নিয়ে দারিল্রা ও নি:সক্ষতাকে স্বেচ্ছায় বরণ ক'রে নেন। ১৮শ শতকের চতুর্থ-পঞ্চম দশকে এমনি একটা আত্মিক সন্দেহ সংক্রামক হ'রে উঠেছিল। অতীত ঐতিহ্যের শোচনীয় মৃত্যুর করণ চিত্র হিসাবে উপস্থাসখানি অভিনব ও অরণীয়। তাঁর The Revolution in Tanner's Lane (১৮৯৬) এবং প্রধান চরিত্র Zachariah ক্যালভিনিন্ট, এবং লণ্ডনের ছাপাখানার মালিক। অবস্থাগতিকে তথনকার বিপ্লবে যোগদান করেন এবং র্যাভিক্যাল হিসাবে সরকার-বিরোধী হন। শেষে তাঁকে লণ্ডন ছেড়ে ম্যাঞ্চেন্টারে পালাতে হয় এবং ১৮১৯-এর Peterloo Massacre-এর পরে তুই বংসরের জন্ম কার্যাগরে নিক্ষিপ্ত হন। চলতি সমাজ-ব্যবস্থার প্রতিবাদে সাধারণ জীবনের অসন্তোবের পূর্ণ অভিব্যক্তি হয়েছে তার এই উপন্থানে। সাধারণ জীবিকা-অর্জন যত লোক-সমাজকে তিনি জানতেন এবং তাদেরই কথা ও মানসিক সংগ্রাম রূপায়িত হয়েছে এর ঘটনার জীবন-স্রোতে।

গিসিং খ্ব বড় ঔপগ্রাসিক না হলেও তিনি অসাধারণ। তাঁর উপগ্রাসও রাদারফোর্ডের মত আত্মজীবনীমূলক। তাঁর জীবনের অসন্তোম ও পরাজ্ঞারের বেদনা অসাধারণ শক্তি নিয়ে আত্মপ্রকাশ করেছে তাঁর রচনায়। তাঁর দৃষ্টিভঙ্গি অনেকটা ফ্রেয়ার মত। তিনিও হয়ত Muflisme কথাটার ব্যবহার করতে পারতেন তাঁর সমসাময়িক সমাজের বিক্লমে কিন্তু তিনি তা করেননি। তাঁর শ্রেষ্ঠ উপগ্রাস The Private Papers of Henry Ryecroft (১৯০৩) আত্মজীবনীও ঠিক নয়, উপগ্রাস্থ নয়। তাঁর সব উপগ্রাস্থ তাঁর জীবনের সঙ্গে জড়িত—জীবনের প্রশীভ্ত বিদ্বেষ তাঁর সমগ্র সাহিত্যে ছড়িয়ে আছে। জগতের অন্থায়ের বিক্লমে এই বিদ্বেষ আছে সার্বজনীনতা পেয়েছে।

তিনি যথন তাঁর Ryecroft (১৯০৩) লেখেন তখন তাঁর বয়স ৪৩ বৎসর, তাঁর নায়কের বয়স ৫৩ বৎসর। Ryecroft একজন যোদ্ধা, সারাজীবন নানা জীবন-সংগ্রামে ক্ষতবিক্ষত হয়েছেন জীবনের সর্বক্ষেত্রে এবং শেষ জীবনে একটা চলবার মত কিছু সম্পাদ পেয়ে দ্রে গ্রামে বসবাস করেন। নিঃসঙ্গ নির্জন প্রকৃতির মধ্যে বক্ত কুল দেখে বেড়ান, লগুন থেকে প্রানো বই আনিয়ে তা পড়েন আর তার মস্তব্য করেন, নিজের অতীত দারিজ্যের জন্ত কঙ্গণাবোধ করেন, চারিপাশের আশিক্ষত অন্তাজদের প্রতি কঙ্গণাদৃষ্টিতে তাকান এবং আত্মপ্রসাদ লাভ করেন। তিনি যথন এই বই লেখেন তখন তাঁর খ্যাতি প্রতিষ্ঠিত এবং দারিত্রাও দ্রীভৃত হয়েছে কিন্তু অতীত জীবনের যুদ্ধ ও তার বেদনা এই উপস্থানে ফুটে উঠেছে।

তিনি Wakefield-এর এক ডাক্তারখানার মালিকের ছেলে। ছাত্র হিসাবে
খুবই মেধাবী ছিলেন। ১৫ বৎসর বয়সে ইংলণ্ডে এসে অকস্ফোর্ড পরীক্ষায়
ফলারশিপ পেয়ে ম্যাঞ্চেটারে Owens কলেজে পড়তে ত্বফ করেন। সেধানে তাঁর
ফ্তিত্বে সকলেই মনে করেছিলেন, তিনি ভবিশ্বতে প্রথাত বিশ্ববিশ্বালয়ের ডিন হ'য়ে

অধ্যাপকের জীবনযাপন করবেন। কিন্তু তা হল না। তিনি তরুণী এক বারান্ধনার প্রেমে পড়লেন, চুরির দায়ে তাঁকে ওয়েনস্থেকে তাড়িয়ে দেওয়া হল এবং তিনি আমেরিকা চলে গেলেন। সেধানে কথনও কথনও তাঁকে উপবাস করতে হয়েছে. এক বৎসর পরে ইংলতে ফিরে এসেও এই উপবাসেরই পুনরারুত্তি চলল। তরুণী বারাদনাকে তিনি বিয়ে করেছিলেন এবং সে অত্যন্ত ম্ভাসক্ত হ'য়ে পড়ল। তিনি আলাদা বাস করলেও তার জন্মই তাঁর উপার্জনের অর্ধেক ব্যয় হত। জীবন হু:ং-मात्रित्या मूछ कब्र रन। हाल পড़िया, निर्ध अधीमत हनन मिन। अरे जीवन-সংগ্রামই তাঁর Ryecroft ও New Grub Street (১৮৯১)তে লিপিবদ্ধ করেছেন। প্রথম জীর মৃত্যুর পরে, রিজেন্ট পার্ক থেকে একটি ঝি-শ্রেণীর মেয়ে কুড়িয়ে নিয়ে তাকে বিয়ে করলেন। এই সময়ে তিনি সমাজের বাইরে নারকীয় পরিবেশে বাস করতেন। এই নরকের সীমানায় যে লোকগুলি বাস করত তারই চিত্র তিনি এঁকেছেন তাঁর The Unclassed (১৮৮৪) উপন্তাবে। এই অজ্ঞাত অনাকাজ্ঞিত জনশ্রেণী নিয়ে এর আগে কেউ উপক্যাস লেখেননি। এই জীবন-সংগ্রামের কেন্দ্রীয় মাহ্বই তাঁর Ryecroft, Thyrza (১৮৮৭) উপন্যাদে অন্তাজ বৃদ্ধিজীবী Grail এবং New Grub Street-এর Reardon। তাঁরা একই চরিত্তের অথবা লেথকচরিত্তের ভিন্ন ভিন্ন দিকের, ভিন্ন ভিন্ন প্রকাশ মাত্র। তার প্রধান তুর্বলতা এই যে তিনি তাঁর দৃষ্ট চরিত্তের সমস্ত রকম কাজকেই নিবিচারে সমর্থন করেছেন এবং এইখানেই তিনি বান্তববুদ্ধির কাছে পরাজিত হয়েছেন। তাহলেও লণ্ডনের মুজুরশ্রেণীর জীবন নিয়ে লেখা Thyrza এবং New Grub Street-এর মত শক্তিশালী উপন্থাস আর নেই বলা যায়।

তাঁর অন্তরের সমস্ত দরদ ঝরে পড়েছে সেই অভাগ্যদের জন্য, যারা তাদের জীবনের আকাজ্জিত ক্ষেত্র থেকে নির্বাদিত হয়ে অনাকাজ্জিত পরিবেশে সংগ্রাম করতে বাধ্য হয়েছে। তথন একদল লোক সমাজে জন্মগত আভিজাত্যের ও সম্পদের জন্য সম্মান, প্রতিপত্তি ও স্বাধীনতা ভোগ করত, আর নতুন অন্তাজ বৃদ্ধিজীবী শ্রেণীর লোককে শিক্ষা-দীক্ষা ও সংগ্রামে সেটা অর্জন করতে হত—সেই অস্থা, বিদেষ ও নিজেকে ছোট বলে মনে করবার যে বেদনা তাকে তিনি অপূর্ব কারণ্য ও দরদ দিয়ে চিত্রিত করেছেন। এই একটি দিকে তাঁর সমস্ত দৃষ্টি নিবদ্ধ হওয়ায় পরিবেশ ও সামগ্রিক জীবনধারা তাঁর কাছে ভুচ্ছ হয়েছে এবং সেইটিই তাঁর উপন্যাসের গুক্তর তুর্বলতা।

New Grub street তেমনি লেখক-জীবনের মানি, পরাজয় ও প্রবঞ্চনার ভয়াবহ ত্বংথের চিত্র। Born in Exile (১৮৯২)-এও Godwin Peake শ্রমিক-শ্রেণীর বৃদ্ধিজীবী, তাকেও বিশ্ববিভালয়ের উচ্চশিক্ষা ছেড়ে কাকার আদেশে হোটেল খুলতে হল। কিন্ধু তার জীবনের আকাজ্ঞা ছিল শিক্ষাদীক্ষা লাভ ক'রে বড় হতে হবে,—হর্জয় অহংবাদ তাকে চালিত করেছিল। সে অশিক্ষিত লোককে স্থা করত এবং বলত সে এক্ছন সম্লাস্ত শিক্ষিত সম্পূর্ণ লেডি ছাড়া কাউকে বিয়ে

করবে না। ভবিয়তে কোন কলেজ-বন্ধুর ভগ্নী Sidwell-এর সঙ্গে তার পরিচয় হয়। তার জন্ম জীবনের সমস্ত ধারাকে পাল্টে দিয়ে সে চার্চে যোগদান করে। যথন তার কাছে বিবাহ প্রস্তাব করল তথন তার পূর্বতন নাস্তিকতা প্রভৃতির কথা প্রকাশ পেয়ে গেছে। সে চাওয়াও তার বার্ধ হল।

নারী-চরিত্রগুলির প্রতি গিসিং-এর পূর্ণ সহাস্থৃতি এবং তাঁর পুরুষ-চরিত্রের মত সেগুলি একই ধরনের নয়। তাঁর Odd Women (১৪৯৩) এবং In the Year of the Jubilee (১৮৯৪) উপত্যাস তুইখানি অনেকটা বিষয়ম্থী এবং ফরাসী অতিবান্তবাদী উপত্যাসের মত ভিন্নধর্মী। নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর আর্থিক সন্ধতিহীন মেয়েদের সন্ত্রম ও শালীনতা রক্ষার অপূর্ব সংগ্রাম-ক্ষার এই উপত্যাস। In the Year of the Jubileeতেও এই নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর চিত্র। সমসামন্ত্রিক অবিবেচক সমাজের প্রতি নিদারণ ঘুণা ও বিদ্বেষ নিয়ে তিনি এই উপত্যাসের Beatrice, Fanny ও Ada চরিত্র কৃষ্টি করেছেন, তারা তথনকার পচনশীল সমাজের ভ্যাবহ পরিণতি। গিসিং নিজেই বলেছেন, তাঁর লেখা ফরাসী লেখক জোলা, মোপাসা। এবং রাশিয়ান লেখক টুর্গেনেভের ঘারা উব্দুর। প্রকৃতপক্ষে তাঁর রচনায় ফরাসী বাস্তববাদ, রাশিয়ার জীবনপ্রত্যয় ও তার শক্তি একসঙ্গে মিলিত হয়েছে।

এই সময়ে ইংরাজী সাহিত্যে ফরাসী অতিবান্তববাদ ও রাশিয়ান সাহিত্যের বান্তবতা ও গতিবেগ এসে পৌছেছিল। তথু ইংরাজী সাহিত্য নয়, সমগ্র ইউরোপীর সাহিত্যেই এই তুইটি বিশেষ প্রভাব ধীরে ধীরে অন্তপ্রবেশ করেছিল। সাহিত্যের বিশেষ বিশেষ রূপ ও রীতিকে ব্ঝাবার জন্ম কতকগুলি চলতি সংজ্ঞা আতে, আদর্শবাদ, বান্তববাদ, রোমান্টিকতা, অতিবান্তববাদ, অনুভূতিবাদ (impressionism) কিন্তু এই সংজ্ঞাপ্তলি কিছু সঠিক অর্থবহ নয় এবং এই সংজ্ঞাপ্তাবান লেথকের স্প্রতিকে একটা বিশেষ লেবেলের আওতায়ও ধরা বার না।

১৯শ শতকের দিতীয়ার্ধে ফ্রান্সে যে নৃতন চিত্রশিল্পক্তির আবির্ভাব হয়েছিল তাকে সাংবাদিকগণ 'impressionist' নাম দিয়েছিলেন। এটা তাঁদের স্ট একটা শব্দ, যার দারা এ বিশেষ রীতিকে তাঁরা একটা লেবেল বা সংজ্ঞা দিতে চেম্নেছিলেন। অতিবান্তববাদও তেমনি একটা কথা, যার অর্থ অনেক কিন্তু তদ্বারাই জোলা মোপাসাঁর স্টের পূর্ণ বিবরণ দেওয়া চলে না। জোলা ও মোপাসাঁ প্রষ্টা হিসাবে এতই বিভিন্ন ও ভিন্নধর্মী যে তাঁদের পক্ষে এই একই সংজ্ঞা আরোপ করা যায় না। কিন্তু তা হলেও এই সংকীর্ণ অর্থবহ অতিবান্তববাদই ১৮৮৫ থেকে ১৯১৪ সাল পর্যন্ত সাহিত্যের ধারা নির্ণয় করেছে। বান্তববাদী সাহিত্যের যে অংশ ফ্রবেয়ার পথ অন্তস্বণ করলেন তাঁরাই এই অতিবান্তববাদী নামে পরিচিত।

মোপাসাঁ তাঁর নভেল Pierre et Jean-এর ভূমিকায় এবং জোলার Le Roman Experimental-এ এই অতিবান্তববাদের যে সংজ্ঞা দিয়েছেন তা হচ্ছে "an account of environment which determines and completes man." এই তত্ত্বের বৈজ্ঞানিক স্বীকৃতি আর নেই কিন্তু তথাপি সাহিত্যের দিক

থেকে বলা যায়, এটা "illusion of reality, of life as it is lived." প্রকৃতপক্ষে বান্তববাদও কল্পনারই সামগ্রী, তবে তার প্রকাশরীতি কাল্পনিক নয়। প্রকৃতপক্ষে চিত্রশিল্পের "impressionism" কথাটির সমগোত্রীয় সাহিত্যের সংজ্ঞা হচ্ছে অতিবান্তববাদ। বিশিষ্ট কোন অবস্থায় আলোছায়ার মধ্যে বিশ্বত চিত্রের শিল্পকে বলা হত impressionism, তেমনি বিশেষ কোন পারিপার্শ্বিকতার মধ্যে মাহুষের স্বরূপের রূপায়ণই অতিবান্তববাদ। তাঁরা পারিপার্শ্বিকতার উপরেই জোর দিলেন, মনতত্ব বা মনোবিশ্বেষণের দিকটা ভেডে দিলেন।

George Moore (১৮৫৩-১৯৩৩) তাঁর A Mummer's Wife (১৮৮৫)-এ বললেন, মাহবের পারিপার্থিকতাকে বদলে দাও, এবং তিন চার পুক্ষের মধ্যে দেখবে—তার দৈহিক পরিবর্তন ঘটেছে, জীবনের অভ্যাস বদলেছে এবং তার মনোগত বহু ধারণাও বদলেছে। উপক্যাসিক হিসাবে মূর ফরাসী সাহিত্যের শিষ্কা, এবং ফরাসী অতিবাস্তববাদের ইংরাজী সংস্করণ। মূর জাতিতে ইংরাজ নয়, আইরিশ। তিনি ইংলণ্ডে শিক্ষালাভ ক'রে প্যারিতে চিত্রবিছ্যা শিখতে যান এবং সেধান থেকেই তিনি চিত্রে impressionist এবং সাহিত্যে Naturalist হ'য়ে আসেন। তাঁর Esther Water (১৮৯৪) এই নৃতন মূগের পথপ্রদর্শক। ছয় বৎসর পূর্বে এই মূরই যে Confessions of a Young Man লিখেছিলেন একথা বিখাস করা কঠিন। তাঁর A Mummer's Wife প্রকৃতপক্ষে মাদাম বোভারী ও জোলার L' Assommoir-এর এক সংমিশ্রণ। এক অভিনেতার স্ত্রীর মন্তপানাসক্তির ফলে অবনভির চিত্র।

তাঁর শ্রেষ্ঠ কীর্তি Esther Waters—এথানে মুরের আত্মচেতনা তাঁর নাহিকার সঙ্গে একীভূত হ'যে গেছে। নাহিকা এস্থার বন্ধির মেয়ে, মনে মনে ধর্মপরায়ণা। চাকুরী করতে যায়, এক সৈনিকের দ্বারা অপহত ও পরিত্যক্ত হয়। অবৈধ সন্তানের জননী হ'য়ে, স্বক্রত্য্য দান ও দাসীর্ভিতে জীবিকা অর্জন করে। একটি ধার্মিক ব্যক্তিকে বিবাহের ব্যাপারে প্রত্যাখ্যান করে তারই মন্থলের জন্তু, কিন্তু তারই বাবাকে বিবাহ করে এবং স্থামীর যন্ধারোগে মৃত্যুর পরে পুনরায় ভাগ্যের লড়াই চলতে থাকে। এই এস্থার চরিত্রটি অপূর্ব ও অক্বত্রিম এবং তারই মত শত সহস্র নারীর প্রতীক। তাঁর A Drama in Muslin, The Brook Kerih (১৯১৬) এবং Héloise and Abélard (১৯২১)ও প্রখ্যান্ত উপন্তাস। ফ্রবেয়া বলেছিলেন, আর্ট বিশিষ্টকে রূপায়ণের জন্তু নয়, সাধারণের বিশিষ্ট রূপায়ণের জন্তু। এই স্ত্রেও সংজ্ঞা অমুসারেই ইংরাজী সাহিত্যে সাধারণ বিশিষ্টতা লাভ করেছে জর্জ মুরের মধ্যে। তবে পার্থক্য এই ষে "The French on the whole write as moralists, the English write as humorists." (৩৩০) সেইজন্তুই ইংরাজী সাহিত্যে অতিবান্তববাদ নৃতন রূপ পরিগ্রহ করে।

^(09.) Ibid.—Allen.—p. 298.

এই নৃতন ধারার লেখক, Arthur Morrison (১৮৬৩-১৯৪৫), Somerset Maugham (3598-) এবং Samuel Butler (১৮২৫-১৯০২)। মরিসনের A Child of the Jago (১৮৯৬) এবং The Hole in the Wall (১৯০২) প্রকৃত বাস্তববাদী উপন্থাস। লওনের ইন্ট এণ্ডের জনগণের জীবনধারা এই উপন্থাসে বিধত। শেষোক্ত উপন্তাস্থানি জোলার রচনার মত শক্তিশালী ও নির্ভীক। সমারসেট মমের Liza of Lambeth (১৮৯৭) ও ফরাসী অতিবাস্থববাদের ধারায় রচিত কিন্তু তার Of Human Bondage-এ এসে তিনি যেন নৃতন একটা পথ পেয়েছেন, যার সঙ্গে বাটলারের The Way of all Flesh-এর চিন্তাধারার একটা তুলনা করা চলে। বাটলার ১৮২৫ সালে জন্মগ্রহণ করলেও তাঁর এই প্রখ্যাত উপ্সাস ১০০০ সালে, তার মৃত্যুর এক বছর পরে প্রকাশিত হয়। তথনও হয়ত এই উণ্ভাদ অপরিজ্ঞাত হ'য়ে থাকত কিন্তু বার্নাড শ'র জ্ঞাই সমালোচক মহলে উপস্থাসথানি আদৃত হয়। এর বিষয়বস্তুও নৃতন, নায়কও নৃতন। পারিবারিক পটভূমিক: থেকে আপনাকে মুক্ত ক'রে নায়ক আত্মোপলন্ধি করেছে। উপক্তাসখানি আত্মজীবনীমূলক, যদিও বাটলার তাঁর নায়ক Pontifex-এর মত জেলে যাননি, বা এই নায়কও লেথকের মত নিউজিল্যাণ্ডে বদবাদ করেননি। এই সময়ে ভিক্টোরীয় যুগের নীতিধর্ম ও সমাজ-পরিবারের বিরুদ্ধে একটা বিদ্রোহ ফুটে উঠেছিল। বাটলার এই বিজোহের মধ্যে অত্যাচারী চার্চ, ভিক্টোরিয়া-যুগের মধ্যবিত্ত পরিবার, নীতি ও সমাজব্যবস্থাকে নস্তাৎ ক'রে দিয়ে ব্যক্তিবাদকে রাজমুকুট দিয়েছেন। প্রতি যুগেই দেখা যায়, নৃতন পুরাতনকে বাঙ্গ করে এবং তার মূল্যায়নকে অস্বীকার করে। বাটলারও এই অম্বীকারই করেছেন ভিক্টোরিয় ঘূগের পুরাতনকে—এবং এই অস্বীকার করেছেন অত্যন্ত কঠোর ব্যঙ্গ ও শ্লেষে। (৩৩১)

Joseph Conrad (১৮৫৭-১৯২৫) সাহিত্যের দিক থেকে হেনরী জেমসের শিস্ত। পোলিশ অভিজাত বংশে জন্ম হলেও তিনি ফরাসী আহাজে নাবিকের কাজ করতেন। ১৮৭৮ সালে ইংলণ্ডে আসেন এবং বৃটিশ জাহাজে কাজ করেন। ১৮৮৬ সালে বৃটিশ নাগরিক হন। তিনি ১৮৯৪ সাল পর্যন্ত জাহাজেই কাজ করেন। তাঁর প্রথম উপত্যাস Almayer's Folly ১৮৯৫ সালে প্রকাশিত হয়। তিনি বাল্যকাল থেকেই ফরাসী জানতেন এবং ২৩ বছর বয়সে প্রথম ইংরাজী শিখতে আরম্ভ করেন। অথচ তাঁর ভাষা ভি কুইনিসি, রাস্কিনের সঙ্গে তুলনীয়— সাহিত্যের ইতিহাসে এটি অভিনব। নাবিক-জীবনে সম্জের এবং বহু দেশের অভিজ্ঞতা তিনি লাভ করেছিলেন। তার বিষয়বস্তুর নৃত্নতের জত্তই তাঁর সাহিত্যম্প্র নহু, তিনি তার মধ্যেও মাসুষের প্রকৃত স্বরূপ ও তার কর্মের উৎসকে বিশ্লেষণ

⁽৩৩১) 'Largely autobiographical, it unmasks the hypocrisy in the hitherto sacrosanct institution of family life, and with a malicious wit exposes the weakness of organised religion.' Modern World Fiction—D. Brewster and J. A. Burrell—p. 19.

করেছেন ব'লেই তার মূল্য এবং এই উৎসকে তিনি প্রত্যক্ষ করেছেন প্রকৃতির মধ্যে।
তাঁর উপন্থাস Typhoon এবং ছোট গল্প Heart of Darkness (১৯০২) প্রখ্যাত।
মান্থবের মধ্যে একটা সংবৃদ্ধি আছে, এই সংবৃদ্ধির প্রাচীরই বহিরাগত অসংকে
প্রতিহত করে কিন্তু যথন ভিতরের অসং এই সং-এর প্রাচীর ভেক্ষে বাইরের
অসংকে গ্রহণ করে—তথনই আসে বিপর্যয়। এই সংবৃদ্ধি ও আত্মসম্মানবোধই
তাঁর নীতিবাদের মূল—তিনি এই সত্যকেই রূপায়িত করতে চেয়েছেন।

H. G. Wells (১৮৬৬) এবং Arnold Bennett (১৮৬৭) তাঁদের জীবদশাম যে থ্যাতি পেয়েছেন তা অভাবনীয়। উপক্যাস-লেখক হিসাবেই তাঁরা এই থ্যাতি পেয়েছেন কিন্তু উপন্যাস হিসাবে তাঁদের স্বষ্টি খুব সার্থক নয়। বিংশ শতকে এসে উপন্যাস ও সাংবাদিকতার একটা সংমিশ্রণ হয় এবং ত্ব'জনেই এই সংমিশ্রণের ফল। ছোটগল্প ব্যতীতও ওয়েলস্ ৫০খানি উপন্যাস এবং বেনেট ও০খানি উপন্যাস লিখেছেন। তার মধ্যে ওয়েলস্-এর বিজ্ঞান-ভিত্তিক উপন্যাস-গুলির এখনও কিছু মূল্য হয়ত আছে। বেনেটেরও পাঁচ ছ'খানি উপন্যাস আজও ছয়ত স্থপাঠ্য।

উপন্যাস-লেথক হিসাবে ওয়েলস্ মনে করতেন কোন একটা ধারণাকে (idea) উপস্থাপিত করাই উপন্যাসের কাজ এবং বেনেট-এর স্ঠি কাস্তান্থরাগী। ওয়েলস্ অস্তান্ধ শ্রেণীর লোক, এবং বেনেট ছিলেন মধ্যবিত্ত সম্প্রালায়ের। অর্থাৎ ওয়েলস্ যে বংশের—তাঁরা চাকর থাকতেন, এবং বেনেটরা চাকর রাখতেন। এইজন্য ত্ইজনের দৃষ্টিভঙ্গিরও একটা মূলগত পার্থক্য রয়েছে। ওয়েলস্-এর বৈজ্ঞানিক সত্যানির্ভ্র কাল্পনিক উপন্যাসগুলিই তাঁর প্রতিভার শ্রেষ্ঠ পরিচয়। The First Man in the Moon এই অতিকল্পনার (fantasy) একটি সার্থক দৃষ্টান্ত। হাস্তরসাত্মক উপন্যাস Love and Mr. Lewisham (১৯০০), Kipps (১৯০৫), The History of Mr. Polly (১৯১০)-এর মধ্যে Mr. Polly একটি জনবত্ত স্কিট।

বেনৈট ইংলণ্ডের উত্তরে Pottery town Hanley-তে জন্মগ্রহণ করেন।
তাঁর Anna of the Five Towns (১৯০২), The Old Wives' Tale
(১৯০৮), Clayhanger (১৯১০), Hilda Lessways (১৯১১), These
Twain (১৯১৯) প্রাদেশিক উপন্যাস। হার্ডিও প্রাদেশিক ঔপন্যাসিক কিন্তু
তিনি সেখানে বসবাস করেছেন এবং একীভূত হ'য়ে তাঁর Wessexকে দেখেছেন।
কিন্তু বেনেট ২১ বছর বয়সে তাঁর জন্মভূমি ত্যাগ ক'য়ে এসেছেন,—তারপরে কদাচিৎ
হয়ত গেছেন। হার্ডি তাঁর প্রদেশকে দেখেছেন ভিতর থেকে, বেনেট তাঁর পটারী
টাউনকে দেখেছেন বাইরে থেকে। বেনেটের কাছে এই প্রদেশের চিত্র বহির্বিশের
সক্তে তুলনামূলক ভাবে ফুটে উঠেছে। তাঁর উপন্যাসে এই প্রদেশের শিল্পায়নজাত
তিরিশটি বৎসরের পরিবর্তন একটা সার্বজনীনতা নিয়ে ফুটে উঠেছে। শিল্পায়নজাত
সামাজিক অন্যায় বৃহৎ সত্য হ'য়ে ফুটে উঠেছে, য়াকে মান্থর নির্বিবাদে গ্রহণ করতে
বাধ্য হয়েছে। সম্পদই তাদের এই মৃত্যুকে গ্রহণ করতে বাধ্য করেছে।

John Galsworthy (১৮৬৭-১৯৩৩) এই যুগের অন্ততম শ্রেষ্ঠ ঔপয়াসিক। তাঁর Forsyte Saga নভেলের প্রথম উপয়াস The Man of Property (১৯০৬) আজও আকর্ষণীয়। তার মধ্যে দেখা যায় ধনিকগণ সম্পদের কল্যাণে সমাজের শিধরে উঠেছেন কিন্তু তাঁদের অন্তর শুক্ত—সেধানে অর্থই পারিবারিক স্নেহের স্থান গ্রহণ করেছে। প্রবল সম্পদের মোহ মামুষের হৃদয়ের স্কুমার বৃত্তিগুলিকে প্রস্তরীভূত করে দিয়েছে। সম্পদের দাসত্ব তাঁদের এই মৃত্যুকে গ্রহণ করতে বাধ্য করেছে। কর্ষণ তাঁদের জীবন, জীবনের ভাব-আবেগ, সেহমমতার মাধ্র্য সব বিলুপ্তা, তারা বৈচে আছে অর্থেক জীবন নিয়ে। তাদের জীবনয়াত্রা তাদের জীবনয়ভ্যুর দিকে ঠেলে দিছে। তাঁরা মৃল্যবান ছবি কেনেন শিল্পরসিক হিসাবে নয়, জীবনের সাফল্যকে বিজ্ঞাপিত করতে—এই তাঁদের জীবন। তাঁদের পারিবারিক জীবন বা দাম্পত্য জীবনেও কোন উষ্ণতা নেই,—তার মধ্যে মধ্রস্কন্দর প্রীতিধারা প্রবাহিত হয় না। হিমনীতল ভোগজীবনের মাঝে দিনের পর দিন তারা মৃত্যুর দিকে এগিয়ে যায়।

১৯শ শতকের শেষভাগের উল্লেখযোগ্য লেখক, Somerset Maugham, Ford Madox Ford এবং E. M. Forster। বিংশ শতকের প্রথমে কয়েকজনলেখকের কিছু উপক্যাস যথেষ্ট খ্যাতি লাভ করেছিল। William de Morgan (১৮৩৯-১৯১৭)-র Joseph Vance (১৯০৬), F. W. Rolfe-এর Hardian the Seventh (১৯০৪), H. H. Munro (১৮৭০-১৯১৬)-র The Unbearable Bassington এই সময়ে নানা কারণে প্রাসিদ্ধি লাভ করেছিল।

বছ উপস্থাদ ও ছোটগল্প লেখক সমারসেট মম ব্যবদা হিদাবেই সাহিত্য লিখতে শুরু করেন। সাহিত্যিকের পক্ষে বেশী পাণ্ডিত্য অনেক সময় স্পষ্টির অস্তরায় হ'রে দাঁড়ায়। মম তাঁর নিজের গণ্ডির মাঝেই নিজন্ম দৃষ্টিভিন্ধ নিয়ে জগতকে দেখেছেন। নিরপেক্ষ জ্রষ্টা হিসাবে জগতকে দেখেছেন কিন্তু বিচার করেননি। তাঁর প্রথম উপস্থাদ Liza of Latubeth (১৮৯৭) ফরাসী অতিবান্তববাদী সাহিত্যের অন্থসরণে প্রথম ইংরাজী উপস্থাদ। তিনি নিজেই বলেছেন, তিনি মোপাদাঁর আদর্শেই এই উপস্থাদ রচনা করেছেন। তিনি বলেছেন, "It is a picture of life that has long since ceased to be." (৩০২) প্রকৃতই তাই। গিসিং বা মরিসনের রচিত লগুন ইণ্ট এণ্ডের চেহারা বদলে গেছে। কিন্তু তাঁর Liza চরিত্রটি অপূর্ব শক্তিসম্পন্ন। যৌনাবেগপূর্ণ জীবনের গভীর অন্থভূতি এই উপস্থাসটিকে চির নতুন রেখেছে। Of Human Bondage (১৯১৫) উপস্থাসে তিনি তাঁর নিজের বাল্য ও যৌবনকে তাঁর স্বভাবদিদ্ধ নিরপেক্ষ দৃষ্টি নিয়ে দেখেছেন। তাঁর Philip Carey চরিত্রটি তাঁর নিজেরই প্রতিকৃতি। আত্মজীবনী নয়, তবে আত্মজীবনীমূলক উপস্থাদ। উপস্থাসের আয়তন অপ্রয়োজনীয় হ'লেও এ রচনা

বৈশিষ্ট্যের দাবী রাথে। ইংরাজী সাহিত্যে এই রচনা নৃতন হলেও Theodore Dreiser-এর An American Tragedy-র সঙ্গে যথেষ্ট সাদৃত্য আছে। তাঁদের জীবনের দৃষ্টিভদ্বিও একই রূপ। (৩৩৩) তাঁদের কাছে জীবন অর্থহীন-এর কোন্ট সার্থকতা নেই। এই বিশাসটা আজকের জগতের, কারণ আজ আমরা বিজ্ঞানের দানের উপর বিশ্বাস নিয়ে, আর জীবনের স্থথম্বপ্ন দেখি না কিন্তু যে সময়ে উপন্তাস লেখা হয়েছিল তথন বিজ্ঞানের উপর বিশ্বাস নিয়ে মানব-জীবনে আত্মপ্রতায়ের ষগ। মমের জীবনদর্শনে এই মানব-জীবনের অর্থহীনতাই তাঁর উপস্থাদের পরিধিকে সঙ্কচিত ক'রে রেথেছে, তথাপি তাঁর এই প্রগাচ বিশ্বাস ও বিশ্বাসের সততাই এই উপক্তানের মর্যাদার কারণ। অতাদিকে উপত্তাস্থানি মানব-জীবনের একাকীত্বকে অত্যন্ত গভীর সমবেদনার সঙ্গে বিধৃত করেছে। অন্তদিকে কক্নি Mildred-এর চরিত্র একটি ভয়াবহ নারীচরিত্র। তবে আত্মজীবনীমূলক উপস্থানের উপসংহার সাধারণত:ই উপসংহার নয়। চলার মুখে একটা ছেদ্চিক্ত মাত্র, তাই শেষাংশ প্রায়ই নিজীব। অফ্ হিউম্যান বঙেজ উপতাসও এই ক্টিমুক্ত নয়। তাঁর তৃতীয় উপন্থাস Cakes and Ale-এ বিংশ শতকের সাহিত্য-ইতিহাসের স্থতি ধারণ ক'রে বছদিন জীবিত থাকবে আশা করা যায়। সাহিত্যিক Driffield, তাঁর স্ত্রী Rosie এবং স্থবিধাবাদী সাহিত্যিক Alroy Kear-এর চরিত্র অতি স্থন্দরভাবে চিত্রিত र्याइ।

Ford Madox Ford (১৮৭৩-১৯৩৯)-এর সাহিত্য-জীবন ছইভাগে বিভক্ত। প্রথম বিশ্বযুদ্ধপূর্ব এবং যুদ্ধোত্তর। যুদ্ধের পূর্বে তিনি কোন্রাডেরই-সমগোত্তীয়। প্রথমে তিনি হালকা উপস্থাসই লিখতেন, আজ তার মূল্য বিশেষ নেই কিন্তু ঐতিহাসিক উপস্থাস Fifth Queen আজও আদৃত। তাঁর জীবনের প্রথম অংশের প্রধানতম স্থাষ্ট The Good Soldier (১৯১৫)—সভ্যজগতের পক্ষে একটা অতিবান্থব নীতিবাদ ও তার প্রত্যক্ষতা উপস্থাস্থানিকে সর্বান্ধস্থনর ক'রে রেখেছে। Some Do Not, No More Parades, A Man Could Stand Up, Last Post তাঁর প্রসিদ্ধ উপস্থাস। এই উপস্থানে দেখা যায় ছ্শ্চরিত্রা স্ত্রীতার স্বামীকে সর্বপ্রবারে ক্ষতিগ্রন্থ করছে, ত্যাগ ক'রে চলে যাচ্ছে তব্ও স্থামী তাকে ত্যাগ করছে না, কারণ ভদ্রলোকে স্ত্রীকে ভিভোর্দ করে না। সে নিজে অন্থ মেয়েকে ভালবাসে কিন্তু বলতে পারে না, কারণ সে বিবাহিত এবং ভদ্রলোক। এই রক্ম একটা প্রীষ্টায় সহনশীলতার নীতিবান্ট তার মধ্যে প্রত্যক্ষ করা যায়।

Ford-এর বিশেষত তার এই এষ্টায় ভদলোকের চরিত্র এবং তাঁর এই

⁽⁹⁰⁰⁾ Philip reflects:—'Life had no meaning on the earth, satellite of a star speeding through space, living things had arisen under the influence of conditions which were part of a planet's history; and as there had been a beginning of life upon it, so under the influence of other conditions there would be an end; man no more significant than other forms of life....Life was unsignificant and death without consequence. Ibid—p. 327.

এীষ্টীয় নীতিবাদ। এই চরিত্রগুলি হয়ত সম্পূর্ণ বাস্তব নয়। ঠিক এইরূপ বিবেক-বৃদ্ধি নিয়ে যাহ্ন্য চলে না এই জগতে। কিন্তু এই চরিত্র ব্যতীত ফোর্ডের নীতিবাদ অসম্পূর্ণ থেকে যেত।

E. M. Forster-এর A Passage to India (১৯২৪)-র পূর্বে তাঁর অক্যায়্ত চারথানি উপক্যাস ১৯০৫ থেকে ১৯১০-এর মধ্যে প্রকাশিত হয়। তিনি তাঁর সমসাময়িক সাহিত্যিকগণের থেকে পৃথক—Virginia Woolf, D. H. Lawrence, James Joyce থেকে নৃতন ধারার সৃষ্টি তাঁর। পূর্বতন যুগের সাহিত্যধারা থেকে তাঁরা সম্পূর্ণ নৃতন পথ গ্রহণ করেন। তিনি পুরাতনের বাহক, এডোয়ার্ড যুগের শেষ লেখক এবং তাঁর উপন্তাস এঁদের লেখার আগেই প্রকাশিত হয়। তিনি সম্পূর্ণ পৃথক হলেও ভবিশ্বংগ্রের ইন্ধিত তাঁর মধ্যে স্থন্স্ট। তাঁর মধ্যে কথনও কথনও লরেন্সের, কথনও উল্ফএর চিন্তাধারা দেখা যায়। উপ্রাসের প্রকৃতি-বিচারে তিনি মেরিডিথের অফুগামী। তাঁর সাহিত্যে তাঁর ব্যক্তিগত একটা দৃষ্টিভঙ্গি বৈশিষ্ট্য দান করেছে। এই দিক থেকে তিনি হৃদয়ধর্মী সাহিত্যিক। তিনি জগতের ব্যর্থতাকে দেখেছেন হৃদয়ের মাপকাঠি দিয়ে। মানুষের হৃদয় যে মেহ করুণায় প্রস্ফুটিত হয়নি, এইটাই জগতের বৃহত্তম ট্রাজেডি। তাঁর Where Angels Fear to Tread, The Longest Journey, A Room with a View এবং Howards End উপত্যাদের মধ্যে তিনি মান্তবের ব্রদয়হীন স্থান্তবে বান্ধ করেছেন। তার উপস্থাদের ভিলেন চরিত্রও তারাই যাদের হালয় প্রস্ফৃটিত হয়নি, যারা প্রদয়ের পবিত্র প্রেমকে প্রত্যাখ্যান করেছে, উপেক্ষা করেছে বা বুঝতে পারেনি। ফরস্টারের মনোজগতে তারা অবশ্ত ইংলণ্ডের উচ্চ মধ্যবিত্ত শ্রেণী, यात्मत कीवरनत मृन्यायन इय अर्थमात्नत व्याक्तिकाका त्यार्थ । जात भन्नाः विन, অনেক সময় হয়ত অবান্তব, তবুও তাঁর জীবনবোধ তাঁকে বিশাসযোগ্য ও বান্তব ক'রে তুলেছে।

A Passage to India উপস্থাদে এই 'অপ্রকৃটিত হৃদয়ে'র প্রতি তাঁর বাঙ্গ-বিদ্রূপ পূর্ণতা লাভ করেছে, এবং ভারতের ইংরাজ ও ভারতীয়দের পরিস্থিতির জটিলতার মধ্যে তাঁর কল্পনার জগত বাত্তবতা লাভ করেছে ব'লেই এই উপস্থাস্থানি সার্থক হ'য়ে উঠেছে। ভারতে জাতি-সম্প্রদায় ও সাদা-কালো বর্ণের বৈষম্যের মাঝে সঙ্কৃচিত হৃদয়র্ত্তি, হীন হৃদয়ের স্বরূপটা যেন পরিপূর্ণভাবে ফুটে উঠেছে। চক্রপুরের ইংরাজগণের ব্যবহারের মধ্যে এই হৃদয়হীনতা তার পূর্ণ কদর্যতা নিয়ে ফুটে উঠেছে। Mrs Moore, Adela, Fielding এবং Aziz চরিত্রের মধ্যে এই হৃদয়ের মিলনের অভাবটা স্পরিকৃট। উপসংহারে আজিজের বিচারের বছদিন পরে ফিল্ডিং ও আজিজের যথন এক করদরাজ্যের মধ্যে অখপুষ্ঠ দেখা হল তথন উভয়েরই মনে হয়েছিল তারা হৃদয়ের সম্পর্ক স্থাপন করবে কিন্তু তা হল না, পৃথিবী তা চায় না। পৃথিবীর এই অনাবশ্রক হৃদয়হীনতার প্রতিই তিনি কটাক্ষ করেছেন—পৃথিবীর অন্ধকার ঘনীভূত হয়েছে এই হৃদয়ের

অভাবে। (৩৫৪) Mrs moore চরিত্রের মধ্যে প্রতীক্তার সাহায্যে তিনি এই জীবনবাধকে রূপায়িত করেছেন ব'লেই তাঁর সাহিত্য শ্বরণীয় হ'য়ে আছে, নইলে তাঁর উপক্যাসগুলি হয়ত সামাজিক উপক্যাস হ'য়েই থাকত,—সমালোচকের চোথে স্থপাঠ্য সামাজিক সমস্থামূলক উপক্যাসের মূল্য নিয়ে আদৃত বা অনাদৃত হত।

বিংশ শতক

বিংশ শতকের প্রথম দশকে তিনটি বেগবান ধারা এসে সমিলিত হল উপন্তাস-সাহিত্যে এবং উপন্তাস-লিখনশিল্পে। ইংরাজী, ফরাসী এবং রাশিয়ান সাহিত্যধারা পরস্পরকে প্রভাবিত করল, এবং এই ত্রিবেণীসদম থেকেই বিংশ শতকের উপন্তাস সাহিত্য বৃহত্তর ও বিশিষ্ট হ'য়ে প্রবাহিত হল। ফার্ন ও রিচার্ডসনের রচনা রাশিয়াকে প্রভাবিত করেছিল এবং এই প্রভাবপৃষ্ট টুর্গেনেভ, দল্ডেয়ভ্সি ও টলফ্রের লেখা ফরাসী ও ইংরাজী সাহিত্যকে প্রভাবিত করল। ফ্রান্সের বাতব্বাদ ও অতিবান্তব্বাদও ইংলত্তের বাটলার, গিসিং, ম্র, মমকে প্রভাবিত করেছিল, তেমনি মোপাস্ন, জোলার সাহিত্যও শেখভ ও গোর্কিকে প্রভাবিত করেছিল।

এই সময়ে শিল্প-বিপ্লবোত্তর তৃতীয় যুগ চলেছে ইউরোপের পশ্চিমাংশে এবং ইংলতে। শিল্পনগর, শিল্পাঞ্চল্ব সৃষ্টি হ'মে মাছ্মবকে তথন ছিন্মুল ক'রে তাকে ভিড়ের মাঝে একক ক'রে ছেড়ে দিয়েছে। তারা ধর্ম, সমাজ ও প্রতিবেশী-পরিবেশ মৃক্ত হ'য়ে একক ব্যক্তি হিসাবে ব্যক্তিশ্বাতন্ত্র্য নিয়ে চলেছে—এই চলার সাক্ষী সামুয়েল বাটলার, গিসিং, মৃর-এর সাহিত্য। এই পরিবেশে মাছ্মবের চিন্তাধারার পরিবর্তন হওয়া স্বাভাবিক। প্রকৃতপক্ষে ১৯১০ সালের কাছাকাছি সময়ে মাছ্মবের প্রকৃতির পরিবর্তন হয়। মাছ্মবের মূল প্রকৃতির পরিবর্তন হয়ত হয়নি কিছ্ক তার জীবনবোধ, মূল্যায়ন প্রভৃতির পরিবর্তনের কথা উল্লেখ করেন। এই তারিখটা হয়ত ঠিক প্রযোজ্য না হতে পারে তবে এই ১৯১০ সালটির যথেষ্ট গুরুত্ব আছে। এই বছরের ভিসেশ্বরে লগুনে Post-impressionist-দের ছবির একটা প্রদর্শনী

⁽৩৩8) ...and its conclusion, with Aziz and Fielding meeting on horse-back in a native State years after Aziz's trial, is what the facts of the novel dictates:

^{&#}x27;Why can't we be friends now?' said the other, holding him affectionately 'It's what I want. It's what you want.'

But the horses did not want it. They swerved apart; the earth did not want it...Ibid—p. 339.

হর। তারা দেখালেন impressionist-এর মৃত্যু হয়েছে, তাঁরা বস্তবে পারিপার্থিকতা থেকে মৃক্ত ক'রে দেখালেন। শিল্পে impressionism এবং সাহিত্যে Naturalism কথা ত্'টি একার্থবাধক। কোন বিশেষ আলোছায়ার মাঝে বস্তর চিত্রকেই এঁরা চিত্রিত করেছেন এবং সাহিত্যিকগণ বিশেষ একটা মানসিকতা ঘারাই জগতকে দেখেছেন। (World seen through a temperament)। বাটলারের The Way of All Flesh এবং শ'র নাটকগুলি তথন পরিচিতি লাভ করেছে,—ভার্জিনিয়া উল্ফ কথিত প্রকৃতি-পরিবর্তনের চিহ্ন এঁদের রচনায় স্কুম্পাই হ'য়ে ওঠে। শেখভের ছোটগল্পগুলি ১৯০৯ সালে এবং দন্তেয়ভ্রের রচনা ১৯১২ সালে ইংরাজীতে অনুদিত হয়। ওদিকে ভিয়েনায় Freud তথন মনোবিজ্ঞানের মূলতত্ত্ব আবিষ্কার করেছেন এবং যদিও তাঁর তত্ত্ব ইংলণ্ডে তথনও পৌছয়নি কিন্তু Jung মনোবিজ্ঞানের তত্ত্ব ব্যাখ্যা ক'রে আমেরিকা ভ্রমণ করেছেন। তাঁর তত্ত্ব তথন প্রকার তত্ত্ব ব্যাহ্য ক'রেছে।

এই সবগুলি কারণ ও অবস্থা এক সঙ্গে করলে দেখা যায়, মাহ্মৰ তথন অভ্যস্ত আত্মগতেন হ'য়ে উঠেছে—তাঁরা ব্যক্তি ও ব্যক্তিগত অহভূতি-আবেগকেই বেশী মূল্য দিয়েছেন। প্রকৃতিবাদীদের তত্ব নস্থাৎ হ'য়ে গেছে। মূর, বেনেট প্রভৃতির মধ্যে আমরা মাহ্মফে দেখতে পাই পারিপার্ষিকভার স্বষ্টি হিসাবে, তাঁদের ধারণা ছিল পারিপার্ষিকভাকে পরিবর্তন করলে মাহ্মফের প্রকৃতিও পান্টাবে, কিন্তু এই সময়ে এই ধারণা সম্পূর্ণ ভান্ত মতবাদ বলে অনাদৃত হয়। বিশেষতঃ ১৯১৪ সালের প্রথম বিশ্বযুদ্ধের পরে মাহ্মফের জীবনবোধের আমূল পরিবর্তন হয়। অর্থাৎ পারিপার্ষিক জগৎ থেকেও যে মাহ্মফ ব্যক্তি হিসাবে এবং ভার মন ও মানসিকভা বে জীবনে উক্তর্য উপলব্ধি, এই তত্বই প্রতিষ্ঠা লাভ করে।

এই সময়ে Hugh Walpole, Compton Mackenzie, J. D. Beresford, Gilbert Cannan, W. L. George এবং D. H. Lawrence লেখক হিসাবে বিশিষ্টভার নাবী করতে পারেন। এঁদের মধ্যে Walpole-এর শিক্ষকজীবন নিয়ে Mr. Perrin and Mr Trail, Mackenzie-র অক্সফোর্ডের এক প্রুষ্থের জীবন নিয়ে Sinister Street এবং Beresford-এর আত্মজীবনীমূলক উপস্থাস The History of Jacob Stahl উল্লেখযোগ্য। এঁদের উপস্থাস আত্মপ্র স্থপ্যিয় সন্দেহ নেই।

কিন্ত বিংশ শতকের নৃতন ধারার স্রষ্টা হচ্ছেন D. H. Lawrence (১৮৮৫-১৯৩০), Dorothy Richardson (১৮৮২—), Virginia Woolf (১৮৮২-১৯৪১) এবং James Jyoce (১৮৮২-১৯৪১)। এঁদের রচনায় এসে উপস্থাসসাহিত্যের বিষয়বন্ধ, রচনারীতি এবং উপস্থাসের আর্টের আমৃল পরিবর্তন ঘটে।
অবশ্র এই নতুন সাহিত্যের মূল্য নিরূপণ করা আজ সম্ভব নয়,—উত্তরকাল এই
প্রশ্নের জবাব দেবে। তবে একথা সত্যা, তাঁদের উপস্থাস-লিখনরীতি এবং গঠন ও
প্রকৃতি উপস্থাস সম্বন্ধ সমন্ত পুরাতন ধারণা, মাহুবের সম্বন্ধে, চরিত্র সম্বন্ধে চলতি

ধারণাকে সম্পূর্ণ ধৃলিসাৎ ক'রে দিয়েছে। তার পরিবর্তে তাঁরা যা দিয়েছেন তার মৃল্য কডটুকু, ভবিশ্বৎ এই রীতি ও বিষয়কে কডটুকু গ্রহণ করবে তা আজ বলঃ সম্ভব নয়। অবশ্র এই চারজন লেখক-লেখিকাই এক শ্রেণীভুক্ত বলা যায় না। তাঁরা সমসাময়িক এই পর্যন্ত, তবে তাঁদের জীবনবোধ ও দৃষ্টিভঙ্গির একটা মূল সামঞ্জন্ত না আছে এমন নয়। এঁদের মধ্যে উল্ফ ও রিচার্ডসনের প্রভাব ও খ্যাতি আজ অন্তমিত, তবে লরেন্দ ও জয়েদ্রে প্রভাব আজও উপন্তাস-সাহিত্যকে রসপৃষ্ট ক'রে চলেছে।

এই সময়ে সাহিত্য-সমালোচকদের মধ্যে সত্য ও বান্তব (Reality and Real) নিয়ে যথেষ্ট বাদাহবাদ চলে। একদল বলেন, চরিত্রের প্রতি মমত্ব বান্তবতাই প্রধান, আর একদল বলেন, উপস্থাসের কোন চরিত্রই বান্তব নয়, হতে পারে না। তবে জীবন কী, আর মাহুষের মনই বা কী?

একটা সাধারণ মান্তবের, সাধারণ দিনের মনকে ধরা যাক্। তার মনে প্র পর অসংখ্য অণুপ্রমাণ্র মত নানা ভাবনা এসে দেখা দেয়। বাহ্ছলগতের সংস্পাদ্ধ তার মনে নানা অন্তভ্তি আসে, এবং এই অন্তভ্তি নিয়েই মান্তবের আজকের জীবন, কালকের জীবন, পরশুর জীবন—সমগ্র জীবন। তার মধ্যে কতক অন্তভ্তি ক্ষীণ বৃদ্ধ দের মত ফেটে উবে যায়, কতক কঠিন ইম্পাতের ছুরির মত অন্তরে গেঁথে যায়। মান্তবেক যদি তার নিজের জীবন বর্ণনা করতে হয়, অতীতের সাহিত্যবোধ, পারিপার্শ্বিকতা, সংস্কারম্ক হ'য়ে যদি তাকে স্বাধীনভাবে জীবনকে বলতে হয়, তবে তা হবে জীবনের এই উপলব্ধ অন্তভ্তির সমষ্টি। সেথানে গল্প, গল্পের প্রট, ট্রাক্তেড-কমেডি সবই নিরর্থক। জীবনটা কতকগুলি ঘটনা—প্রদীপের আলোক দীপ্ত নয়, বরং অন্তছ ক্য়াশায় ঢাকা একটা আলোক শিখা—যা মান্তবের চৈতন্ত ঘায়া উপলব্ধ নয়। অন্তছ্তি ক্রাশায় মধ্য দিয়ে এই জীবনকে যতদ্র দেখা যায় তাই জীবন, তার প্রকাশই সাহিত্য।

Professor Isaac তাঁর An Assessment of Twentieth Century Literature-এর মধ্যে মনোবিজ্ঞানী William James-এর Principles of Psychology থেকে উদ্ধৃত কয়েকটি পংক্তিতে এই চৈতক্স সম্বন্ধে বলেছেন—

Consciousness does not appear to itself chopped up in bits...
...It is nothing jointed, it flows. Let us call it the Stream of
Thought, of Consciousness or of Subjective life.

Dorothy Richardson-এর উপন্যাস সমালোচনা প্রসঙ্গে সমালোচন May Sinclair ১৯১৮ সালে প্রথম এই "Stream of Consciousness" কথাটির প্রয়োগ করেন (৩৩৫)। ডি. রিচার্ডসন, ভি. উল্ফ্ এবং জে. জয়েস্-এর সাহিত্যকীর্তি এই চৈডন্য-প্রবাহের ঘারা জীবনকে বিবৃত করেছে। অবশ্র লারেক ঠিক এই গোজীয় নন।

⁽voe) Ibid.-Walter Allen-p. 245.

এই নৃতন সাহিত্য-শিল্পের একটা বড় স্থবিধা আছে। পূর্বে চরিত্র ও পাঠকের মধ্যে লেখক ছিলেন ব্যাখ্যাকার, কিন্তু এই নৃতন রীভিতে এই ব্যবধান দ্বীভৃত হ'য়ে পাঠক ও চরিত্র যেন একীভৃত হ'য়ে গেল। এই ভিনজন লেখক-লেখিকার সাহিত্যে পাঠক উপন্যাস-চরিত্রের চৈতন্য-প্রবাহের সঙ্গে একীভৃত হ'য়ে যায়। অবশ্র চরিত্রের চৈতন্য-প্রবাহের সঙ্গে একীভৃত হ'য়ে যায়। অবশ্র চরিত্রের তিতন্য-প্রবাহের সঙ্গে পাঠক-অস্তরের অস্তর্জভার পরিচয় সাহিত্যে পূর্বে না ছিল এমন নয়; রিচার্ডসন, ম্মোলেট, এজওয়ার্থ ও ডিকেন্সের চরিত্রগুলি যথন আত্মবিশ্রেশ করেছে তখন পাঠক এই হলয়ের অস্তর্জতা অফুভব করেছেন—যেমন Emma এবং Tristram Shandy-র উল্লেখ করা যায়।

যাই হোক, এই চৈতন্য-প্রবাহভিত্তিক সাহিত্য বিংশ শতকের প্রথম দশকে আবিষ্কৃত মনোবিজ্ঞানের দান। এই চৈতন্য-প্রবাহকে জয়েস্ তাঁর Ulysses (১৯২৫)-এ পূর্ণভাবে ব্যবহার করেছেন। জয়েস্ নিশ্চয়ই ইয়ৄং (Jung)-এর free-association প্রণালী দার! মানসিক রোগ চিকিৎসার কথা জানতেন, কারণ যে-সময়ে জুরিথে এই নব মনস্তত্ব প্রতিষ্ঠা লাভ করে তথন জয়েস্ এই শহরেরই অধিবাসী ছিলেন। এই মনস্তত্ব ও পুরাতন চরিত্র বিশ্লেষণ একসঙ্গে মিশে এই নৃতন আন্ধিকের সৃষ্টি। জেমস্ জয়েসের উপন্যাস Wings of the Dove-এর প্রথম কয়েক পৃষ্ঠাকে একট্ উল্টো ক'রে দেখলেই এই চৈতন্য-প্রবাহের সৃষ্টি হয়।

ভোরোথি রিচার্ডসনের Pilgrimage-এর মধ্যে এমনি একজন বৃদ্ধিমতী মহিলা Miriam, জার্মানীর এক স্থলের গভর্নেস্; তাঁর দৈনন্দিন জীবনকে তিনি ভোগ করেছেন আপনার আত্মচৈতন্য নিয়ে। এই চৈতন্য-প্রবাহে, পারিপার্শ্বিক জগৎ এবং তার অধিবাসিগণ চমৎকার ভাবে ফুটে উঠেছে। কিন্তু এই জগতটা প্রত্যক্ষ জগৎ নয়, এই জগৎ যেন বেঁচে আছে কেবল মিরিয়মের চৈতন্য-প্রবাহের খোরাক হিসাবে। যদি এই চৈতন্য-প্রবাহ না থাকে তবে মিরিয়ম-চরিত্ত্বও থাকে না, উপন্যাসও থাকে না, এমনকি জগতও থাকে না। ভার্জিনিয়া উল্ফ্, সম্বন্ধেও ঠিক এই কথাই প্রযোজ্য। এই ক্রুল মন যেন চলমান জগতের উত্তেজিত মৃহুর্তকে ধরবার জন্যই ব্যগ্র হ'য়ে রয়েছে এবং তাই যেন জীবন। তাঁর Mrs. Dalloway উপন্যাসে ঠিক এমনি মৃহুর্তগুলি যেন একীভূত হ'য়ে স্প্তির প্রবাহকে সঞ্জীবিত ক'রে রেখেছে। Marcel Proust (১৮৭১-১৯২২)-এর A la Recherche du Temps Perdu উপন্যাসে এই জীবন-মৃহুর্ত যেন আরও বৃহত্তর ও স্থন্দর হ'য়ে উঠেছে। উল্ফের To the Light House উপস্থাসে জীবনবোধ আরও স্থান্ত হ'যে

Joyce-এর Ulysses, Finnegans Wake, A Portrait of the Artist as a Yougman (১৯১৬) প্রভৃতি উপক্যাদের যধ্যে Ulysses উপক্যাদই সমধিক প্রদিদ্ধ এবং বর্তমান সমালোচকদের বিরোধের কেন্দ্র। অনেকে এই উপক্যাদ পড়ে হতাশ হয়েছেন, অনেকে এর মধ্যে অত্যন্ত উচ্চান্থ রেমধের পরিচয় পেয়েছেন। Walter Allen বলেন, "For my own part, to limit the discussion to Ulysses, after repeated reading I am still unable to see the novel

as a whole. Whether it is a whole or a magnificent ruin I $_{
m do}$ not yet know; but it seems important to note that the $_{
m more}$ arduous one's attempt to come to a decision the greater the novel appears." p. 352

ইউলিসিসের ঘটনা ১৯০৪ সালের ভাবলিনের একটি দিন। এই উপক্তাসের ইউলিসিস হচ্ছেন Leopold Bloom, সংবাদপত্তের বিজ্ঞাপন সংগ্রাহক। টেলিমেকাস হচ্ছেন Stephan Dedalus, তৰুণ-কবি যাকে আমরা জয়েস বলে মনে করতে পারি। পেনিলোপ হচ্ছেন ব্লম-এর স্ত্রী Marion. বিশেষ কোন রোমাঞ্কর ঘটনা নেই। রুষ ও জিজালাস শহরে ঘুরে বেড়াচ্ছে, তার। বিচিছ্ন হয়ে দিনের শেষে হজনে এক বেখালয়ে একত্রিত হয় এবং ব্লুম ডিঙালাসকে উদ্ধার ক'রে নিয়ে আসে। দিনের মধ্যে ব্লুম কশাইখানায় যায় একটা কিডনি কিনবার জন্ত, একটা সংবাদপত্র অফিসে যায়, ন্যাশনাল লাইত্রেরীতেও যায়, একটা শ্বহাত্তায় অংশগ্রহণ করে, একটি তরুণী সম্বন্ধে কামনাপূর্ণ দিবাম্বপ্ল রচনা করে, ডাক্তারী ছাত্রদের মাতৃস্পনের ক্মনক্রমে কিছুক্ষণ থাকে। ঐ দিনের মধ্যেই তার ন্ত্রী তাকে প্রবঞ্চনা ক'রে পরপুরুষগামী হয়। ডিডালাস তার তরুণ বন্ধুগণের সঙ্গে ঝগড়া করে, একটা ছলে পড়ায়, ফাশনাল লাইত্রেরীতে হামলেট সম্বন্ধে তার তথ্য জানায় এবং পরিশেষে বেখালয়ে যায় এবং সেথান থেকে ব্লম তাকে নিয়ে আসে। হোমরের ওভিসির সঙ্গে এক-একটা অধ্যায়কে মিল ক'রে লেখা হয়েছে। এটা হোমরের ব্যঙ্গ অমুক্রতি, তবে এই সঙ্গে বিংশ শতকের ডাবলিনের জীবনযাত্রার একটা সমালোচনাও তিনি করেছেন। "Bloom, Dedalus, and Marion Bloom become modern versions of archetypal figures and we are to feel the presence of the archetypes behind them. That at least is the theory. Whether it works I am not sure." (90%)

যাই হোক্ এই চৈতন্য-প্রবাহভিত্তিক সাহিত্য এখনও পরীক্ষান্তরে রয়েছে। এর ভবিন্তং বা মূল্য নির্ণয় করা আজ সম্ভব নয়, মহাকাল প্রবাহে এই নৃতন রীতি ও আদিকের মূল্য নির্ণীত হবে। বর্তমান বাংলা সাহিত্যে এই নবতম আদিক কোনকোন পত্ত-পত্তিকা মারকং আধুনিক সাহিত্যের নামে কিছুটা জনপ্রিয়তা লাভ করেছে। এই নৃতন সাহিত্যধর্মের প্রথম কারণ বিংশ শতকে মাম্ম শিল্পায়নের প্রভাবে অত্যন্ত আত্মসচেতন হ'য়ে ওঠে। ব্যক্তিবাদ, ব্যক্তিস্থাতন্ত্র্য এবং ব্যক্তি-মনের অন্তভ্তির বাইরে তাঁর দৃষ্টি পৌছায়নি। খিতীয়তঃ, রেনেসাঁর মৃগ থেকেই সাহিত্য মন্তিছভিত্তিক হ'য়ে ওঠে—এবং হাদয়কে অত্মীকার করে। বৈজ্ঞানিক উন্নতির সঙ্গে সক্তে এই মন্তিষ্কর্তিই সাহিত্যের মাপকাঠি হ'য়ে দাঁড়ায়—সাহিত্য হাদয়ের আশ্রম্ম ত্যাগ ক'রে মন্তিষ্কের আশ্রমে পুই হয়। বিংশ শতকের বিচ্ছিন্ন সমাজে, নাগ্রিক

^{%)} Ibid—p. 353.

পরিবেশে ছিন্নস্থা মানব-জীবনে বৃদ্ধিবৃত্তিই বড় হ'য়ে ওঠে। ব্যক্তিবাদজাত এই মস্তিষর্ত্তি মনোবিজ্ঞানের নৃতন আবিষ্ণারের উর্বর ভূমিতে জীবন রক্ষা করে চলেছে। বর্তমান বৃদ্ধিজাত বৈজ্ঞানিক সভ্যতা বেমন মামুষকে সম্ভুষ্ট করেনি, তেমনি বৃদ্ধিজাত এই নৃতন আন্ধিক মাহুষের দ্বদয়কে তৃপ্তি দেবে এ আশা অস্ততঃ আমি পোষণ করি না। সাহিত্য হৃদয়ের বস্তু, বৃদ্ধিজাত কৌশল বা ভাষার মাদকতা দারা অদয়কে ভূষ্ট করা যায় না,—বেশভ্ষায় ফ্যাশানের মত সাহিত্যের এই নৃতন আদিক অচিরেই লোপ পাবে বলে আমার বিখাস। বিশেষতঃ মাতুষ জীবনে একক নয়, একক জীবন বহন তার পক্ষে মৃত্যুযন্ত্রণা। মামুষ সামাজিক জীব, এবং এই সমাজের বন্ধন হাদয়প্রস্ত, মস্তিজপ্রস্ত নয়। যা মানব-হাদয়কে তুট করেনি, পুষ্ট করেনি তা জগতে বাঁচেনি,—এটা ঐতিহাসিক সতা। এই সাহিত্য যেন একটি মোটর-হেড্লাইটে দেখা বিচ্ছিন্ন জগত, যার বাইরের জগতকে লেখক অম্বীকার করেছেন। কিন্তু এই একটা আলোকবৃত্তের মাঝে যেটক দেখা যায় তাই সমগ্র জগত নয় এবং সমগ্র জগতের ছবি নয় বলেই আপেক্ষিকভাবে এই বিচার সভ্য নয়। বাংলা উপন্যাস ও সাহিত্য প্রথম বিশ্বযুদ্ধের পূর্ব পর্যস্ত ইংরাজী সাহিত্যের সঙ্গেই ঘনিষ্ঠ ছিল-যা কিছু রসপ্রবাহ বাংলার উপন্যাস-সাহিত্যকে পুষ্ট করেছে ভার সবই ইংরাজী সাহিত্যের মাধ্যমে এসেছিল। প্রথম বিশ্বযুদ্ধের পরে, জোলা মোপাদা, শেখভ, দন্তয়েভ্ন্নি, গল্মওয়ার্দি, Anatole France (১৮৪৪-১৯২৪), Thomas Mann (১৮৭৫-১৯৫৫) Romain Rolland (১৮৬৬-১৯৪৪), নরওয়ের Knut Hamsun, Johan Boier, Attata Maxim Gorky () > 60) Ivan Bunin (১৮৭০-১৯০৩) প্রভৃতির লেখা জনপ্রিয়তা লাভ করে: এবং যাকে আজ সাহিত্যের ইতিহাসকারগণ আধুনিক যুগ বলেন তার আরম্ভ এই নৃতন প্রভাবের ফলেই সম্ভব হয়েছিল। এই লেখকগণের মধ্যে প্রায় সকলেই জোলা ও মোপাসাঁর অতি-বান্তববাদের পথামুসারী। এই নবতম বান্তববাদের যুগ থেকেই বাংলায় আধুনিক উপন্যাসের সৃষ্টি।

এই অতি-বান্তববাদ স্থাডেনে আত্মপ্রকাশ করেছিল Strindberg-এর ১৮৭৯ দালে প্রকাশিত The Red Room উপন্যাদে। তাঁর The Son of a Servant, Miss Julea, The Dance of Death এই গোষ্ঠীভূত প্রদিদ্ধ উপন্যাদ। এই দব উপন্যাদে সমাজের নিমন্তরের জঘন্যতা ও তার কঠোর সমালোচনা সামরিক ভাবে পাঠকগণকে অভিভূত করেছিল। (৩৩৭) কিন্তু তার পরেই ১৮৯০ থেকে তার প্রতিক্রিয়া শুরু হয়। Naturalism-এর বিরুদ্ধে Neo Romanticism

⁽৩৩) Realism in European literature developed into or was followed by an extreme form of it commonly known as Naturalism—a movement of naked truth and merciless social analysis which probed the very depth, the lower strata and often the ugliest part of society. The chief exponent of this tendency in Sweden was of course Strindberg.—Swedish Literature, Its rendencies and Principal Writers—Adolph. B. Benson. World Literatures—University of Pittsburgh press.—p. 285-87.

প্রতিষ্ঠা লাভ করে। এই নৃতন প্রতিক্রিয়ায় করন। ও সং-সংস্কৃতি প্রতিষ্ঠিত হয় Heiden Stam (মৃ: ১৯৪০)-এর সাহিত্যে। তাঁর মধ্যে ত্যাগমূলক নীতিবাদ এই নববান্তববাদের জঘন্যতাকে মন্দীভূত ক'রে তাকে অনেকটা স্বাস্থ্যকর ক'রে তোলে। Selma Lagerlôf (খৃ: ১৯৪০)-এর হৃদয়গ্রাহী আদর্শবাদী সাহিত্য এই বান্তববাদকে অস্বীকার ক'রে সমাজজীবনে নীতির প্রাধান্য ঘোষণা করে। নরওয়ের হামস্থন ও জোহান বোয়ারও অতি-বান্তববাদেরই দান এবং তাঁরাও Strindberg-এর ঘারা প্রভাবিত হয়েছিলেন। Olof Högberg-এর ঐতিহাসিক উপত্যাস The Great Wrath (১৯০৬) বিশিষ্টতার দাবী করতে পারে।

অতি-বান্তববাদের প্রভাবের সঙ্গে ফ্রয়েডীয় মনস্তত্ত্বের প্রভাবও বাংলা দেশে এসে পৌছেছিল এবং এই ইউরোপীয় সাহিত্যের প্রভাবে এবং অফুকরণে আধুনিক সাহিত্য গ'ড়ে উঠেছে—বাংলা সাহিত্য এই সময়ে বাঙালী সমাজের মতই ইউরোপীয় হয়ে ওঠে,—পাঠকগণ চমৎকৃত হন, নৃতনত্বে এবং নৃতন তত্ত্বে বিশ্বিত হন কিছু বাংলার এই নবযুগের সাহিত্য কোন জাতীয় বৈশিষ্ট্য বা মৌলিক চিন্তাধারা বা জীবনদর্শনের দাবী করবার অধিকারী নয়। ইউরোপীয় নতুন সাহিত্যের প্রতি আফুগত্যের জন্মই তাকে আধুনিক বলা হয়।

প্রকৃতপক্ষে প্রথম বিশ্বযুদ্ধের পরে ইউরোপ আমেরিকার দার্শনিক ও সাহিত্যিকগণের মধ্যে বর্তমান বস্ততান্ত্রিক সভ্যতার প্রতি একটা অবিশাস এনে দেখা দেয় এবং প্রায় সকলেই এই বস্তবাদী সভ্যতা ও জীবনের মূল্যায়নের প্রতি সন্দিহান হ'য়ে ওঠেন। বহু লেখকের মধ্যেই এই নিরাশা মূর্ত হ'য়ে ওঠে এবং আরও অনেকের লেখার মধ্যে বর্তমান সভ্যতার প্রতি একটা সক্রোধ বিদ্ধেপ দেখা দেয়। বেমন ফাট হাস্ক্রের Growth of the Soil-এর মধ্যে Geissler Isakকে বলছে—You live here with heaven and earth and are one with them, you are one with all the broad and deeply rooted things. You have everything to live on, everything to believe in...you are the necessary ones of earth...that is what is meant by life eternal."

তাঁর এই উক্তি এবং সমস্ত উপস্থাসের মধ্যেই শিল্পাপ্রিত ন্তন সভ্যতার প্রতি গভীর অবিশাস ও অপ্রদ্ধা ফুটে উঠেছে।

দিতীয় বিশ্বযুদ্ধের পরে বাংলা-সাহিত্যে চৈতন্ত-প্রবাহভিত্তিক সাহিত্য ও ক্লমেড়ীয় মনস্তত্বপীড়িত সাহিত্যের প্রাত্তাব দেখা দেয়। বর্তমান আধুনিক বাংলা ছোটগল্পের যে বৈচিত্র্যে তা এই ত্ইটি আছত তত্ত্বের দারাই সংঘটিত হয়েছে। সাধারণতঃ জয়েস, উলফ্ এবং জন স্টেইনবেকের সাহিত্যের প্রভাবেই এইন্তনত্ব সম্ভব হয়েছে। স্টেইনবেকের In Dubious Battle (১৯৩৬), The Grapes of Wrath (১৯৩৯) এবং তাঁর ছোটগল্পে যে মানবিকতার বাণী ধ্বনিত হ^{রেছে} তার প্রতিধানি আমরা বাংলা-সাহিত্যেও শুনতে পাই। স্ইডিস্ সাহিত্যের

ষ্কতি-বান্তববাদের প্রতিক্রিয়ারণে বেমন Selma Logerlöf, ও Olof Högberg-এর স্পষ্ট সমাজ-জীবনের সামনে একটা নীতিবাদ ও আদর্শ স্থাপন করেছিল, বাংলা-সাহিত্যে এমনি কোন প্রতিক্রিয়া দেখা দেয়নি এবং ব্যক্তিবাদের সংকীর্ণতাকে পরিহার করার সৌভাগ্যও তার হয়নি।

বাংলার বর্তমান যুগে Andre Gide (১৮৬৯-১৯৫১)-র কাব্যধর্মী ভাষার বহুল প্রয়োগ দেখা যায়। তিনি দার্শনিক তথ্য নিয়ে খেলা করেছেন। তাঁর Strait is the Gate, The Vatican Cellars, South Wind & 56 উপন্তাসের প্রভাব বাংলা-সাহিত্যে পৌছেছে মনে হয়। তাঁর সম্বন্ধে সমালোচক ব্ৰেন,—"His characters are almost all unpleasant and the authors prizes seem to be offered only for bad conduct." বিশেষতঃ তাঁর "rejection of his moral Protestant upbringing and the vaunting of homo-sexuality" (৩৩৮) তাঁর চিত্তবিকারেরই পরিচয়। Marcel Proust (১৮৭১-১৯২২) ও জিদের সমগোতীয় লেখক। In Search of Lost Time-এ তিনি ক্ষয়িষ্ণু অভিজাত সমাজের বিষয়মুখী আলোচনা করেছেন। François Mauriac-এর পাপ ও পাপবন্তির বিশ্লেষণ, Raymond Radiguet (১৯০৩-২৩)-এর বয়:দন্ধির যৌনতা বিশ্লেষণ, André Malraux-এর Storm over Shanghai-এর বিশ্ববের ভয়বিহতা ও Albert Camus-র The Plague-এর existentialism, Jean Paul Sartre-এর 'The Wall'-র চলতি ছনিয়ার সমালোচনা এবং বর্তমানে বাংলার জনপ্রিয় Franz Kafka (১৮৮৩-১৯২৪)-র The Trial, এবং The Castle-এর মধ্যে ফ্রয়েডীয় মনস্তত্ত্বেরই প্রতিক্রিয়া দেখা যায়। বর্তমান যুগের সাহিত্য প্রকৃতপক্ষে বর্তমান শিল্লায়নজাত সভ্যতার মতই দিশেহারা। মস্তিমবৃত্তির কুন্তি প্রতিযোগিতায় আজ যেমন বৈজ্ঞানিক আবিষ্ণারের একটা বক্সা **এনেছে, সাহিত্য-জগতও তেমনি মস্তি**ৰধৰ্মী সাহিত্য আবিষারের নেশায় মেতেছে। বর্তমানের ক্লা স্বাস্থ্যহীন সমাজ ও সভ্যতার আমোঘ প্রভাব সাহিত্যে ছড়িয়ে প'ড়ে তাকে দিশেহারা ক'রে দিয়েছে। এই অনিশ্চয়তাও অবিখাসকে আরও দ্চীতৃত করেছে Arnold Zweig-এর The Case of Sergeant Grischa, Erich Remarque-43 All Quiet on the Western Front 43 Road Back প্ৰভৃতি যদ্ধ সম্বন্ধীয় উপকাদে। অবশ্ৰ Hermann Hesse (জ: ১৮৭৭)-এর মত পারিপার্শিক পরিবেশ ও তথ্যমুক্ত লেথক হু' একজন এ যুগেও জনেছেন। তাঁর Siddharta-র মধ্যে দার্শনিক তত্ত্বে প্রকাশ দেখা যায়, এবং ইনি ফ্রডৌয় মনস্তত্ত্বের প্রভাবমুক্ত লেথক।

ি বিংশ শতকের উপস্থানের ধারা ও প্রভাব বিশ্লেষণ ও বর্ণনা বর্তমান গ্রন্থের পক্ষে অপ্রাসন্ধিক, তথাপি অতীতকে বৃঝতে বর্তমানের মনোবৃত্তির সামাক্ত পরিচয় প্রয়েজন, এইজক্সই তার সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে Dorothy Brewster এবং John A. Burrell-কৃত Modern World Fiction থেকে একটি উদ্ধৃতি দিয়েই বর্তমান সাহিত্যের পরিচ্ছেদে যতি-চিহ্ন দেওয়া যেতে পারে।

"It is the European novelists who have given us the conception of a society that is sick. The best known novel of a sick society is Thomas Mann's Magic Mountain. But Schinitzler, Wassermann, Rolland, Hamsun, Blasco, Ibanez, Gide, Proust, Kafka, Sartre each with his own individual accent, his own mood and philosophic outlook have expressed deep uneasiness and put challenging questions. The questions spring from the weakening loss of faith in the values of reason, justice, progress, religion, love, at the extreme, a loss of faith in man himself... In their interpretations, some novelists are influenced by Marxism, others by Freudian theories, but nearly all are fully aware of both determinism—economic and the psychological—though they may be skeptical of both and satirical at the expenses now of one, now of other."—p. 71.

শরৎচন্ত্রের যুগ

মাহ্বৰ এগিয়ে চলেছে, সভ্য থেকে সভ্যতর হয়েছে কিছ্ক আছ বিংশ শভকের তৃতীয় পাদে এসেও মাহ্ব হ্বী হয়নি। দেহে-মনে মাহ্ব হ্বী হতে চেয়েছে, তার তৃষ্ণা বেড়েছে কিছ্ক তা নিবারিত হয়নি। মাহ্ব যেদিন বৃক্ষণাথায় বাস করত সেদিনও তার অন্ধ বন্ধ গৃহসমন্তা ছিল আছ চন্দ্রলোক বিজয়ের দিনেও সে সমন্তা আছে—আজও প্রতিটি মাহ্ব পৃথিবীতে অন্ধ বন্ধ গৃহ পায়নি। বৃদ্ধিমান মাহ্ব আছ অবিখান্ত বৈজ্ঞানিক জ্ঞান লাভ করেছে, বৃদ্ধি দারা প্রকৃতি জয় করতে চলেছে কিছ্ক এই সামান্ত বেঁচে থাকার সমন্তা তব্ও রয়ে গেল কেন? মাহ্বের মন্তিকবৃত্তি বেড়েছে, অপরিসীম শক্তিলাভ করেছে কিছ্ক হদয়র্ত্তি বাড়েনি, হদয় সঙ্গুচিত হ'য়ে আত্মকেন্দ্রিক হয়েছে। মাহ্বের হাদয়ের এই সংকীর্ণতা, তার মনোবিকার মাহ্বেক তৃংথ দিয়েছে, দিছে এবং হয়ত চিরদিনই দেবে। বন্য পশু, ঝড়ঝঞ্জা-ভূমিকম্প-প্রাবনে মাহ্ব্য যত না হংথ পেয়েছে তার থেকে অনেক বেশী পেয়েছে মাহ্বের হাতে—পৃথিবীর বৃক্বে যুদ্ধে যত লোকক্ষয় হয়েছে সমস্ত প্রাকৃতিক ত্র্যোগেও হয়ত তত হয়নি। এই হাদয়কে মহত্তর, উদারতর ও বিভ্ততত্র করতে ধর্ম, দর্শন, সাহিত্য যুগের পর যুগ অন্থপ্রেণা দিয়েছে, আদর্শ দিয়েছে কিছ্ক মানব-অন্তর সে আদর্শ গ্রেনি।

মানব-সভ্যতা ও মানব-জীবনের এই সমস্থার সমাধানের জন্য যুগে যুগে মনীধিগণ মানবভার বাণী প্রচার করেছেন, সাহিত্যের সৌন্দর্য দিয়ে মানব-মনের অহভ্তিকে জাগ্রত ও সঞ্জীবিত ক'রে তাকে অহপ্রাণিত করেছেন কিন্ত স্থিতি নিজিত মানব-অন্তর জাগেনি। মাহুষ স্থা হ'তে চেয়েছে জড়জগতের পাওনা পেয়ে, তার সঙ্গে ছাদমের পাওনারও পরিতৃথি চেয়েছে। মাহুষ জয়েছে কামনা নিয়ে, কামনা প্রণার্থেই সে কর্ম করছে—জৈবদেহের কামনা জড়জগতকে ঘিরে, মনের কামনা জড়ের অতীত জগতে। কিন্তু সে পায়নি তাই তার হংখ, স্পৃথিবীতে এই না-পাওয়ার হংগই একমাত্র হংখ। চাওয়া আর পাওয়ার মাঝখানের ফাকে ভতি হয়েছে জীবনের হংখ।

সভ্যতার আদিয়্গ থেকে দেখা যায়, মান্ন্যের এই তৃ:খ দূর করতে বছ প্রচেটা চলেছে। একটি ধারা ভোগের, একটি ত্যাগের। যাঁরা ত্যাগী তাঁরা বলেন, যদি কামনা না থাকে তবে জগতে সবই ত পাওয়া হ'য়ে যায়—তাতেই তৃপ্তি, ডাতেই আনন্দ। যাঁরা ভোগী তাঁরা বলেন, মান্ন্য শক্তিমান, বৃদ্ধিমান জীব, শৌর্বে-বীর্বে জগতকে ভোগ ক'রে কামনার তৃপ্তি সাধন করা যেতে পারে, তাই-ই মান্ন্রের পৌরুষ। ক্রি মান্ন্র যথন ত্যাগ-ধর্ম অবলম্বন ক'রে ইহকাল থেকে পরকাল ও জীবন থেকে পরমার্থকে বড় বলে মনে করে তথন তার কর্মশক্তি ও বৃদ্ধি ন্তিমিত হ'য়ে পড়ে, জড়জগতের অগ্রগতি রুদ্ধ হ'য়ে যায়। মান্ন্র নির্বীর্থ ও শক্তিহীন হ'য়ে শক্তিমানের হাতে লাজনা ভোগ করে। আবার যথন মান্ন্র ভোগ-ধর্মের মন্ত্র গ্রহণ ক'রে

জগতকে জয় করতে চায় তথনি তার অহং উয়াদ হ'য়ে অত্যাচার ও স্বেচ্ছাচারের বন্যায় পৃথিবীকে লাঞ্চিত করে; কিছু কামনার শেষ নেই, য়তই সে পায় ততই সে চায়। স্বেচ্ছাচারী অহং ছুটে ছুটে রাস্তি ও অতৃপ্তি নিয়ে অবসর হ'য়ে হা হতামি ব'লে দীর্ঘনিখাস ত্যাগ করে। পক্ষাস্তরে বলা য়য় একদল চেয়েছেন হালয় দিয়ে এই সমস্তার সমাধান করতে, আর একদল চেয়েছেন বৃদ্ধি দিয়ে। মানব-হালয়ের কায়ণ্য ও প্রেম যদি উৎসারিত হ'য়ে মায়্র্যকে ভালবাসে, মায়্র্যম যদি সভ্যকার মানব্য অর্জন করে তবে অহং শক্তিহীন হ'য়ে জড়জগতের পাওনাকে সমবন্টন ক'য়ে র্থী হবে। মায়্র্য তথন থাওয়ার থেকে থাওয়ানোর আনন্দেই বেশী য়্থী হবে। এই ত্রীয় আনন্দকে যে পাবে তার কাছে জড়জগতের স্থ তুচ্ছ হ'য়ে য়াবে। মানব-হালয়ের এই কায়ণ্য ও প্রেমকে উৎসারিত করতে হলে একটা বিশ্বজাগতিক অম্ভূতি প্রয়োজন এবং তারই জন্য জড়জগতের অতীত এক মহাশক্তিকে আশ্রম করা প্রয়োজন। এই মহাশক্তি ও পরমসত্যের প্রকাশই সৃষ্টি, এই অম্ভূতি থেকেই বিশ্বমৈত্রী ও প্রেম মানব-হালয়ে সঞ্চারিত হবে এবং জড়াতীত আনন্দকে সে পাবে। অর্থাৎ আধ্যাত্মিক এই শিক্ষা ব্যতীত হালয়ের ব্যাপ্তি হয় না। মানব-হালয় অজ্ঞান মনের বিকার য়ারা খণ্ডিত, অতএব আধ্যাত্মিক শিক্ষাই একমাত্র আশ্রয় ।

যারা যুক্তিবাদী তাঁরা বলেন, বৃদ্ধিমান মাহ্ম বৃদ্ধিবলে জড়জগতের পাওনাকে আর্জন করবে, অধিকার ক'রে ভাগে ক'রে বাসনাকে তৃপ্ত করবে, তাতেই আনন্দ। বৃদ্ধি ঘারাই সে অন্তভ্রত করবে, বাক্তি-স্থপ সমাজ-স্থের উপর নির্ভরশীল, সমাজ-স্থথ সর্বজাগতিক স্থের উপর নির্ভরশীল। বৃদ্ধি ঘারাই মাহ্ম একটা সমাজনীতি গ'ড়ে তুলবে, সেই নীতির আশ্রেয়ে মাহ্ম স্থী হবে। কিন্তু মাহ্মেরের এই বৃদ্ধিবৃত্তি তার চিত্তবিকার ঘারা থণ্ডিত, অবিছা-প্রস্তু, অভএব বৃদ্ধি ঘারা এই মানবতা অর্জন সম্ভব নয়, হৃদয়বৃত্তির বিকাশও সম্ভব নয়। দার্শনিক তত্ত্ব সমাজ-বিছায় এমেও এ সম্ভার সমাধান হয়নি।

আজও, সভ্যতার বর্তমান স্তরেও, এই ত্যাগ আর ভোগ, এই মন্তিকর্ত্তি ও হৃদরবৃত্তি এক স্থরে বাঁধা পড়েনি। আজও এই তৃই-এর এমন একটা সামঞ্জপূর্ণ সমধ্য হয়নি যাতে মানব-সমাজ সত্যিই স্থী হতে পারে। অতএব মাহ্য আজও অস্থী,—জড়জগতের চাহিদায়, অস্তরের চাহিদায়। ব্যক্তি যথন ত্যাগ-ধর্মে দীক্ষা নিয়ে জড়জগতকে তৃচ্ছ করল তথন সে হল অহিফেনসেবী অকর্মণ্য, ভোগ-ধর্মে যথন দীক্ষা নিল তথন হল তৃর্জয় উচ্ছুঙ্খল মাতাল। ব্যক্তি যথন হলম্বান হল তথন সে হল অথপির জগতের ভারবাহী, অভ্যাচারিত বাহন, যথন বৃদ্ধিমান হল তথন সে হল অত্যাচারী পরস্বাপহারী। আর্ত মানবাত্মা তৃথ্যি খুঁজে, আনন্দ খুঁজে, পৃথিবীর পরে শত বাধার সঙ্গে সংঘাতে জীর্ণ হ'য়ে, ক্লান্ত হ'য়ে কেবল "পাইনি পাইনি" ব'লে চীংকার ক'রে ভরে তুলল তার জীবনেতিহাস, মানব-সভ্যতার ইতিহাস।

ভারতীয় সভাতা গ্রহণ করেছিল ত্যাগ-ধর্মকে, হাদয়-ধর্মকে। তার শিক্ষা ও সুমাজে ছিল আধ্যাত্মিকতার অমুপ্রেরণা, ধর্মের অমুশাসন। এই ঐতিহ্ ও ধর্ম সাহিত্য ও সমাজকে নিয়ন্ত্রিত করেছিল ১৮শ শতক পর্বস্ত। মানব-অস্তর,— চিত্তবিকারগ্রস্ত মানব-অন্তর ধর্মীয় অফুশাসন ও সামাজিক সংস্কারের কঠোর শাসনে মন্ত্রমুগ্ধ ভূজকের মত মাথা নত করেছিল। ব্যক্তি আত্মসমর্পণ করেছিল সমা**জের** কাছে, অহং নিষ্পিষ্ট হয়েছিল সামগ্রিক কল্যাণের প্রয়োজনে। ব্যক্তি স্বাধীন সন্তা নিয়ে গ'ড়ে ওঠেনি, পৃথিবীর মুক্ত অঙ্গনে মাতুষ ব্যক্তি-স্বাধীনতা লাভ ক'রে স্বাধীন চিত্ত নিয়ে বড় হতে পারেনি, জড়জগতের ভোগ্যকে অর্জন করেনি, অধিকার করেনি। ১২শ শতক থেকে উপর্যুপরি পাঠান-মোগলের আক্রমণের মূথে আত্মরকার্থে ও সমাজ-শৃত্মলা রক্ষার্থে এই সমাজ-সংস্কার ও ধর্মীয় অহুশাসন কঠোরতর হ'য়ে ব্যক্তি-জীবনকে বেঁধেছিল। ১২শ শতকের পূর্বে সমাজ এমন কঠোর ছিল না। (৩৩৯) অভিযাত্রী মুসলমানদের অত্যাচার ও বিরুদ্ধ সংস্কৃতি 👁 ধর্ম থেকে আত্মরকা করতে হিন্দু-সমাজ নানা সামাজিক রীতি-নীতি ও অহুশাসন দারা আত্মরকা করতে বাধ্য হল। এই রীতি-নীতি ও সামাজিক শাসনের সঙ্গে প্রকৃত হিন্দুধর্ম ও দর্শনের যোগাযোগ ছিন্ন হ'য়ে গেল—যেতে বাধ্য হল। এই জীর্ণ লোকাচারের থাঁচায় ব্যক্তি বন্দী হয়ে ছিল। ব্যক্তি-স্বাধীনতা ও স্বাভন্ত্র্য তথন সমাজ-কল্যাণে সমাজরক্ষার্থে পরিতাক্ত হল। অতএব ১৮শ শতকের শেষে বাংলায় যে সমাজ ছিল তা কোনমতে বাধা-নিষেধের রক্ষাকবচে আত্মরকা ক'রে চলেছিল। ভর্মুসলমান নয়, এই সময়ে মগ ও পতু গীজ দহ্যতা ও নারীহরণ শ্রভৃতি সমাজকে আরও কঠোর ক'রে তুলেছিল।

এই বন্দী ব্যক্তিজীবনকে মৃক্ত করতে এল বাংলার নবজাগরণ। যথন গ্রীষ্টান পাজীগণ হিন্দ্ধর্মের এই লোকাচার ও সংস্কারকে উপহাস করতে শুক্ত করলেন এবং তার যুক্তি চাইলেন তথন ধর্মকে রক্ষা করতে এল প্রতিবাদ এবং দার্শনিক ব্যাখ্যা। জেমস্ স্টুয়ার্টের 'ত্মোনাশক' প্রবন্ধে তিনি কৌলিক্সপ্রথা ও কানে পৈতা দেওয়া প্রভৃতিকে উপহাস করলেন। (৩৪০) অক্স দিকে 'পাষ্ঠ পীড়ন' প্রভৃতি রচিত হল। রামমোহন এলেন সমাজ-সংস্কারক ও হিন্দুত্বের ব্যাখ্যাকার হিসাবে। যুক্তি দ্বারাধর্ম ও সমাজকে বিচার শুক্ত হল।

যখন মাহ্ম ম্যাকিয়াভেলির ধ্গে এটিয় অহুশাসন ও নীতির যুক্তি চেয়েছিল, তখন দেখা গেল যুক্তিছারা এই এটিয় ধর্মাহশাসন ব্যাখ্যা করা যায় না। যুক্তিহীন এই রীতি-নীতিকে মাহ্ম আর সানতে চাইল না, তারা স্বাধীন ব্যক্তি-সন্থা নিয়ে যুক্তি ও বৃদ্ধি ছারা নৃতন পৃথিবী স্বষ্টি করতে চাইল। এই ব্যক্তির জাগরণ, শৃঙ্খলমোচন এবং তার সঙ্গে অহং-এর প্রকাশই নবজাগরণ বা রেনেসাঁ নাম্মে খ্যাত। বাংলায়ও ইংরাজী শিক্ষার প্রচলনের সঙ্গে সঙ্গে শিক্ষিত মাহ্ম যুক্তি

⁽৩৯) Caste distinctions were less rigid prior to the twelfth century when the Hindoos began to protect themselves from Muslim contact by various devices of seclusion—The Tree of Culture—Ralph Linton. p. 516.

⁽৩৪০) বাংলা গলসাহিত্যের ইতিহাস-সজনীকান্ত দাস। পৃ. ২৯৭-৩০১

দিয়ে, বৃদ্ধি দিয়ে ব্যাখ্যা করতে চাইল সমাজ ও ধর্মের বাধা-নিষেধের। দেখতে দেখতে যুক্তিহীন বাধা-নিষেধের শৃঙ্খলমোচন ক'রে বাংলার বৃক্তে স্থাধীন ব্যক্তি দেখা দিল। ১৯শ শতকের প্রথমার্ধেই এই নৃতন দৃষ্টিভঙ্গি শিক্ষিত ও প্রগতিসম্পন্ন জনজীবনে প্রত্যক্ষ হ'য়ে উঠল। সমাজ সংস্কারের জন্ম শিক্ষিত সমাজ ব্যাকুল হ'য়ে উঠলেন। অক্তদিকে ইংরাজী-শিক্ষিত ইয়ং বেঙ্গল যা কিছু ইউরোপীয় সভ্যতার অফ্কৃল ও বিলাতী মতে গ্রহণীয় নয় তাকেই সংস্কার ব'লে উড়িয়ে দিলেন; এবং ধর্মাফ্রশীলন অপেক্ষা ধর্মত্যাগী হওয়াটাই শিক্ষার লক্ষণ ব'লে বিবেচিত হল। বাংলা ও সংস্কৃত ভাষা অপাংক্রেয় হল, বাংলা ও সংস্কৃতের পণ্ডিত মূর্য ও বেকুব ব'লে পরিগণিত হলেন,—যার রেশ আজও সমানে চলেছে। ইউরোপীয় শিক্ষার সঙ্গে ইউরোপীয় চিস্তাধারা দেখা দিল। ব্যক্তিস্বাতন্ত্র ও ব্যক্তিস্বাধীনতার দাবী দেখা দিল,—ব্যক্তিবাদের সঙ্গে অহংবাদও দেখা দিল।

অবশ্য এই যুগে রামমোহন, বিষ্ঠাসাগর, বহিম, প্রীরামক্বঞ্চ, বিবেকানন্দ জন্মগ্রহণ না করলে এই ব্যক্তিবাদ ও অহংবাদ কী করতে পারত বা বাংলার সমাজের চেহারা আজ কী হত সেকথা কল্পনা করা ত্ংসাধ্য। যাই হোক, এই সময়ে অন্তদিকে অর্থ নৈতিক বিপ্লবণ্ড শুক্ত হল। ১৯শ শতকের প্রথমার্ধেই বাংলার তথা ভারতের কুটারশিল্প, বিলাতী শিল্পবিপ্লবপ্রস্তুত আমদানিক্বত মালের প্রভাবে নষ্ট হল। বেকার সমস্তা সমাজে প্রবলতর হল এবং ত্তিক্ষ ও অনাহার বাংলার নিত্য সহচর হ'রে দাঁড়াল। ১৮২০ সাল থেকেই বিলাতী বন্ধ আমদানি আরম্ভ হয় এবং দেখতে দেখতে বিলাতী বন্ধ বাজার ছেয়ে ফেলে ভারতীয় তাঁত বন্ধকে উৎথাত করে দেয়। এই ব্যবসা-বাণিজ্যকে কেন্দ্র ক'রে নাগরিক সভ্যতার আরম্ভ হয়। স্বয়ংসম্পূর্ণ গ্রাম থেকে মান্থ্য কলি-রোজগারের আশায় নগরে ছুটতে শুক্ করে এবং ইংরাজী শিক্ষাকে গ্রহণ করতে বাধ্য হয়, কারণ ইংরাজী শিক্ষা ব্যতীত তথন চাকুরী ও রোজগারের প্রশস্ততর পথ ছিল না। ব্যক্তিবাদের এই প্রকাশ ও মর্থ নৈতিক বিপর্যরের সঙ্গে পাশ্চান্ত্য শিক্ষা ও চিন্তাধারার সমন্বয়ে জীবনের মৃশ্যায়নও নৃতন ভাবে জড়বাদী হয়ে ওঠে।

নেপোলিয়নের পরে যুদ্ধবিধ্বন্ত ইউরোপের বাজার ইংলণ্ডে প্রস্তুত বস্ত্রে ছেয়ে বায়। এই স্থযোগে যান্ত্রিক বয়নশিল্প ক্রত উন্নতি লাভ করে এবং সে বস্ত্র রাজার সহায়তায় ভারতের বাজারও দখল করে। এই আকস্মিক আমদানিতে ভারতের কৃটীরশিল্প একেবারে ধ্বংস হয়ে যায় এবং কৃটীরশিল্পের সমাধির উপরেই ভারতে ন্তন শিল্পমুগের কলকারখানা স্ঠিছয় এবং ভারতের সামাজিক ও অর্থ নৈতিক পরিবর্তন হয়। (৩৪১)

^(983) Report of the Indian Industrial Commission—1916-18—p. 92.

⁽⁹⁸⁵⁾ While on the continent as in India, foreign competition led to decisive social and economic changes.....Growth of Industrial Economics—V). G. Hoffmann—p, 27.

ষতএব ভারতের কুটারশিল্পজাত পণ্য বাজার থেকে একেবারেই নির্বাসিত হল এবং বস্ত্র ও নানাবিধ বিলাস-ব্যসন প্রব্যে বাজার ছেয়ে গেল। পূর্বে স্থতী মস্লিন, সিরু প্রভৃতি রপ্থানী হত। আলিবর্দী থানের সময়ে ৭০ লক্ষ্ণ টাকার মাল রপ্থানী হয়েছে একমাত্র বাংলা থেকেই তাতে রুষক, শিল্পী, সকলেই স্থেছিল। (৩৪২) স্থয়েজ থাল হওয়ার পরে এই আমদানি রপ্থানি আরও বেড়ে যায় কিছে তথন রপ্থানি হত কাঁচামাল, আমদানি হত শিল্পোৎপন্ন মাল। স্থয়েজথাল হওয়ার প্রেমাণ আমদানি রপ্থানির পরিমাণ ছিল ২ লক্ষ্ণ কিছে স্থয়েজথাল হওয়ার পরে (১৮৬০ সাল) তা ১০ কোটিতে গিয়ে দাঁড়ায়। (৩৪২।ক) অর্থাৎ স্বয়ংসম্পূর্ণ গ্রামের অর্থ নৈতিক কাঠামো একেবারে ভেঙ্গে পড়ে। বেকার শিল্পী মাহ্মর তথন কারধানাম্থী হয়ে ওঠে এবং গ্রাম ও সমাজ ছেড়ে নগরে, শিল্পকেন্দ্রে, বন্দরে আসতে বাধ্য হয়। এই অর্থ নৈতিক বিপর্যয়ের মধ্যে সমাজবন্ধন স্থাভাবিক ভাবেই শিথিল হ'য়ে আসে। অর্থ নৈতিক আঘাতে সমাজও ভাঙ্গতে থাকে, এবং বেঁচে থাকার সংগ্রামে ব্যক্তিবাদ ও অহংবাদ আত্মপ্রকাশ করে। ধর্মভিত্তিক সমাজ জড়বাদী হ'য়ে ওঠে এবং জীবনের ম্ল্যায়নও নৃতন ক'রে নির্ধারিত হয়।

এই পরিবর্তনের যুগেই ভারতে শিল্পবিপ্লব শুরু হয়। এর কর্তৃপক্ষ ছিল ইংরেজ এবং শ্রমিক ছিল ভারতীয়। ভারতের প্রথম শিল্পযুগের আরম্ভ ১৮৯০ দাল থেকে ধরা হয়। প্রধানতঃ তুলা ও পাটকে কেন্দ্র ক'রেই এই দব কারখানা গড়ে ওঠে এবং যন্ত্রপাতি দবই ইংলণ্ড থেকে আদে। পরে বিশেষ প্রয়োজনে, ছোটখাটো যন্ত্রনির্মাণ কারখানা স্থাপিত হয়, প্রধানতঃ এই বড় বড় কারখানার যন্ত্রপাতির অংশবিশেষ তৈরী এবং তার ভাঙ্গা-চোরা দারাবার জন্ম। ১৮৯২ দালে ভারতবর্বে মোট টাকুর সংখ্যা ছিল ৩,৪০০,০০০ এবং ১৯১৩ দালে এদে হয় ৬,৬০০,০০০। অর্থাৎ গজুর মেয়ের হাত ধরে ধর্ম থাকে না জেনেও বে-পাটকলে এদেছিল দে-পাটকল শরৎচন্দ্রের জন্ম সময়েই স্কৃষ্টি হয়েছিল। এই সমর্যের কিছু আগেই বা একই সময়ে কাগজের কারখানা, ধানকল এবং লৌহশিল্প স্থাপিত হয়। ১৯১০ দালেই ভারত ২৭০,০০০ টন লৌহ নিজাষণ করে। (৩৪৩)

ইউরোপে নবজাগরণের যুগ আর শিল্প-বিপ্লবের যুগের মধ্যে তফাৎ প্রায় তিনশ বছরের কিন্তু বাংলার এই ছুই যুগের তফাৎ পঞ্চাশ বৎসরও নয়। ইউরোপের মাহ্র ধর্ম-শৃঙ্খল মোচন ক'রে ব্যক্তি হিসাবে জেগে উঠে তার সমাজ ও রাষ্ট্র স্পষ্টি করেছিল তিনশ বছর ধরে। তার মধ্যে বাস্তববাদ ও আদর্শবাদের সংগ্রাম হয়েছে, বহু পরীক্ষা-নিরীক্ষা হয়েছে, জনচিতে বৃদ্ধিজাত নীতিবোধ স্পষ্টির চেষ্টা

⁽৩৪২) History of India—N. K. Singha & A. C. Banerjee—p. 611-12. (৩৪২)ক) An Advanced History of India 2nd. Ed.—R. C. Majumder, H. C. Roy Chowdhury & K. K. Dutta—p. 898-900.

^(080) Ibid-Hoffmann-p. 59-60.

হয়েছে, তাতে সমাজ ও জীবনের দৃষ্টিভলির পরিবর্তন হয়েছে কিছ তাতে স্মাজ্
ও পরিবার ভালেনি। প্রথম ইংলণ্ডের শিল্পায়নের যুগেই সমাজ-পরিবার ভালতে
হারু করে, এবং একক মাহ্ম নিয়ে নগর ও শিল্পাঞ্চলের পন্তন হয় কিছ বাংলার
নবজাগরণের যুক্তিবাদে দীক্ষা নিতে না নিভেই, স্বতন্ত্র ব্যক্তি হিসাবে গড়ে উঠবার
আগেই, কুটারশিল্প ধ্বংস ও শিল্প-বিপ্লবের কলে সমাজ ও পরিবার ক্রত ভালতে
আরম্ভ হয়। এই আক্ষিক পরিবর্তনের প্রভাব ব্যক্তি, সমাজ ও পরিবার-জীবনে
অত্যন্ত নিষ্ঠ্র ভাবে প্রকট হয়ে ওঠে। মাহ্ম ব্যক্তি হিসাবে স্বতন্ত্র ব্যক্তিত্ব ও
নীতিধর্ম নিম্নে গ'ড়ে উঠবার আগেই এবং নৃতন সমাজ-জীবনের একটা হ্লসম্বর্
হওয়ার পূর্বেই সে সমাজ ও পরিবারচ্যুত হয়ে সম্পূর্ণ একক ভাবে পৃথিবীর বুকে
এসে দাঁড়াতে বাধ্য হয়। তার অবশুস্তাবী ফলরূপে নৃতন যুগের মাহ্মর একদিকে
হ'য়ে ওঠে একেবারেই সমাজচেতনাহীন, অন্ত দিকে উলঙ্গভাবে আত্মকেন্দ্রিক।
সমাজ-পরিবারে সর্বত্র এই অপুষ্ট ব্যক্তিত্বের সংঘাত শুক্ হ'য়ে একারবর্তী পরিবার
বিষাক্ত হ'য়ে ওঠে, স্বার্থপরতা ও আত্মকেন্দ্রিকতা তুর্বল ও তুর্ভাগ্যকে নিপীড়িত
করতে আরম্ভ করে। বাংলার মানব-গোগীর মধ্যে ব্যক্তিসংঘাত প্রবলতর হ'ফে

কিন্তু এদেশের মাটি সনাতন হিন্দুবের রসসিক্ত, মানব-অন্তর ত্যাগ-ধর্মের শিক্ষায় শিক্ষিত। মানব-হৃদয় কঠোর সামাজিক কর্তব্যের প্রেরণায় উদারতর—
তাঁরা থাইয়ে আনন্দ লাভ করার আনন্দকে জেনেছেন, ভোগ করেছেন। তাই তথন দ্র-সম্পর্কের মামাত-পিস্তুতো ভাই, ভয়ী, ভাগ্নে, জামাই-মেয়ে সকলেই অবশ্য প্রতিপাল্য। এই হৃদয়বান ত্যাগ-ধর্মী সমাজের বুকে যথন ব্যক্তিবাদ তার অহং নিয়ে জাগল তথন সংঘাত প্রবলতর হ'য়ে দেখা দিল—মায়য় সাধারণ ভাবে বিপন্ন ও বিষম্ন হ'য়ে উঠল। আজ মামাতো ভাই, পিস্তুতো ভাইএর বাড়ী থেয়ে কলেজে পড়বে এটা কল্পনাতীত কিন্তু সে সময়ে এটা অবশ্য করণীয় ছিল, না করলেই সমালোচনার পাত্র হয়ে পড়তে হত কিন্তু অর্থ নৈতিক ও নৃতন হৃদয়ধর্মের কারণে তা সম্ভব ছিল না, তাই মায়্যে-মায়্যে সংঘাত প্রবলতর হ'য়ে দেখা দিল।

এই সংঘাতম্থর যুগে ১৮৭৬ খ্রীষ্টাব্দের ১৫ই সেপ্টেম্বর হুগলীর গণ্ডগ্রাম দেবানন্দপুরে শরংচন্দ্রের জন। সে সময়ে বাংলায় রেললাইন বসেছে, তুচারটে চটকল থেকে কালো ধোঁয়া নির্গত হ'য়ে ভাগীরথীর উভর ভীর কলুষিত করতে শুক্ষ করেছে। মাহ্মর ইংরাজী শিক্ষা লাভ ক'রে রেলগাড়ী স্টীমারে চড়ে দূর দূর দেশে চাকুরী করতে ছুটেছে এবং অর্থবান হয়ে 'মাহ্মর' হতে হুক্ষ করেছে। আর যারা এই হুযোগ গ্রহণ করেনি ভারা গ্রামের মধ্যে 'অমাহ্মর' হয়েই পড়ে রইল। অর্থাৎ ইউরোপের শিল্পায়নের যুগে মানব-চিত্তের যে পরিবর্তন হয়েছিল ভার স্ব-খানিই সম্প্রপার হ'য়ে বাংলার বুকে এসে বাসা বাঁধল। নগর ও শিল্পাঞ্চল ফ্রুভালভ করল এবং লুক্ব মক্ষিকাকুল সেধানে এসে ভিড় করতে আরম্ভ করল।

সেখানে জীবনের মাণকাঠি হল মূজা, মহুগুত্ব নয়, হৃদয় নয়,—মোটর হল জীবনের কাষ্য। বাংলার বহুসহদ্ধবিশিষ্ট সমাজ গ'ড়ে উঠেছিল হৃদয়ের ঔদার্থের উপর নির্ভর ক'রে, অহংবাদের আগমনে সে সমাজ ভাঙতে শুক্র হল, সেই ভাঙার তেউ এসে লাগল পরিবার-জীবনে এবং ব্যক্তি-জীবনে। ত্যাগে আর ভোগে বিরোধ বাধল, যেমন বেধেছিল প্রাচীন গ্রীসে ইউরিপিডিসের যুগে, ফ্রান্সে কর্নেলী-রেসিনের যুগে।

তথন ব্যক্তি ব্যাকুল হ'য়ে উঠেছে মুক্তির জন্ত, স্বাধীনতা লাভ করতে, নিজম্ব মাত্ত্র্য নিয়ে পৃথিবীতে বড় হবার জন্তা। এই মৃক্তির সংগ্রামের মধ্যে ব্যক্তিকে সংগ্রাম করতে হয়েছে সমাজের সঙ্গে, পরিবারের সঙ্গে, নিজের হৃদয়ের সঙ্গে, দেহের সঙ্গে। ব্যক্তির জীবনে দ্বিধা-দ্বন্দ্ব এসে নিবিড় হ'য়ে উঠেছে তার জীবন-দর্শনে, জীবনের আদর্শবাদে। এই যুগ সন্ধিক্ষণে শরৎচন্দ্র নতুন শিক্ষা লাভ ক'রে জগতকে দেখেছিলেন.—তাঁর চারিপাশে তথন চলেছিল এই বিরোধ ও সংঘাত, তাঁর জীবন ঘিরেও ছিল এই দিধা দ্বন্দ। তিনি ছিলেন এটা, আপনার জীবন মাধ্যমে তিনি দেখেছিলেন ব্যক্তিজীবনের এই স্বাধীনতা সংগ্রাম। ব্যক্তি-জীবন ঘিরে চলেছিল যে আর্ত জিজ্ঞাদা, মানব-অন্তরের করুণ সংগ্রামের মধ্যে যে তৃ:থবেদনা পুঞ্জীভূত হ'য়ে উঠেছিল, সেই তু:খও আর্ত জিজ্ঞাসা শিল্পীর দরদী অন্তরকে উদ্বেলিত ক'রে দিয়েছিল। হৃদয়ের অপরিসীম কারুণ্য দিয়ে, ভাষার যাত্মদ্রের আবেগ দিয়ে, আপন হৃদয়ের বেদনা দিয়ে, অভিজ্ঞতা দিয়ে, শিল্পী অপূর্ব সৌন্দর্যে প্রকাশ করেছেন এই ব্যক্তি-জীবন-সংগ্রামের আলেখ্য। আজকের মতিছভিত্তিক সাহিত্য সাধনার যুগে, ব্রদয়বান লেখকের স্ষ্টি যতই অবহেলিত ट्याक, श्रमरम् नामश्री कथन अवार्थ हमनि। यिन जाई हज, जत पृथिवीत तुक त्थारक রামায়ণ-মহাভারত, ইলিয়াড ও ওডিসি আঞ্চ বিলুপ্ত হ'য়ে যেত।

শরৎ-মানস

কবির কাব্য বেমন কবি-মানসের প্রতিচ্ছবি, উপস্থাস-সাহিত্যও তেমনি লেখক-মানসের ছবি। কবি-চিত্তের একটা পরিচয় পেলে ঘেমন তাঁর কাব্যের মূল অম্ভূতিটুকু সহজবোধ্য হয়, তমনি লেখক-চিত্তের পরিচয় তাঁর স্পষ্টির পরিচয়কে নিবিভৃত্তর করে দেয়। শরৎচন্দ্রের এই মানস, তাঁর চিত্তের বিকাশ ও পরিণতি বিশ্লেষণের মধ্যেই তাঁর স্পষ্টির সহজ পরিচয় রয়ে গেছে। অতএব প্রথমেই আমরা তাঁর এই চিত্তর্ভিকে ব্রতে চেষ্টা করব।

সভামান্থ মাত্রেই চিত্তবিকারগ্রন্ত (pervert), কারণ মান্ন্রের জন্মগত সহজ প্রবৃত্তি সর্বদাই সমাজ-সংস্কার-রীতি-নীতির বাধায় সৃষ্কৃতিত ও নিম্পিট হ'চ্ছে এবং তার প্রবৃত্তিগত আকাজ্জা অতপ্ত হ'য়ে অচেতন মনে বিকার সৃষ্টি করছে মানব-চিত্ত উপনিষদের 'বিছা'কে অর্জন করতে পারেনি, অচেতন মনের ৰাধাকে (barrier of the unconscious) ভেক্কেও সভ্যদৃষ্টি লাভ করতে পারেনি। যারা জগতের কামনা-বাসনার উধের্ সত্যকে অমুভব করেছেন তাঁরা ঋষি. সাধারণের মনের সঙ্গে তাঁদের কোন মিলই নেই—তাঁরা দেবতা. আমাদের সমগোত্তীয় সাধারণ নন। অতএব লেখকমাত্তেই একটি বিশিষ্টরূপ চিত্তবৃত্তির অধিকারী, এবং এই চিত্তবৃত্তির রঙীন চশমার ভিতর দিয়েই তিনি জগতকে দেখেছেন, ষামুষকে দেখেছেন, মামুষের মন-সমাজ-কর্তব্য-অকর্তব্যকে দেখেছেন। পাঠক, সমালোচক সকলেই এমনি একটি বিশিষ্ট চিত্তবৃত্তির দাস, অতএব তাদের দৃষ্টিভদি, সমালোচনা, ভাল-লাগা না-লাগা সবই এই চিত্তবিকারের ঘারা নিমন্ত্রিত এবং পণ্ডিত। তিনি যে বিষয় অবলম্বন করেন, যে চরিত্র সৃষ্টি করেন. সবই তাঁর এই মনের বিশিষ্ট চিত্তরভির দার! নিয়ন্ত্রিত।(৩৪৪) অর্থাৎ লেখকের idiosyncrasy-র প্রকাশ, অথবা ভাবাস্তরে যাকে বলা যায় "seen through a temperament". এই idiosyncrasy বা temperament মাহৰ আয়ত্ত করে তার জাবনে, বংশগতভাবে, পারিপার্শ্বিক জগত থেকে এবং বিশেষ বিশেষ অবস্থায়। অতএব লেখকের সৃষ্টি এই বিশেষ চিত্তরভির প্রকাশ।

উদ্দেশ্যমূলক, আদর্শমূলক, রোমাণ্টিক বা বাস্তববাদী সাহিত্য ঘাই হোক না কেন, তার প্রই এই বিশেষ মানসিকতার দান। বহিমচন্দ্র ঘদি উদ্দেশ্যমূলক লেখক হ'য়ে থাকেন তবে সেও তাঁর চিত্তবৃত্তির বিশিষ্টতা; শরৎচন্দ্র ঘদি বাস্তববাদী লেখক হ'য়ে থাকেন তবে সেও তাঁর মনোর্ত্তিরই বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্য যে পরিবেশ ও মুগগত অবস্থা থেকে আহত তা পূর্বেই বলা হয়েছে।

প্রকৃতপক্ষে ইউরোপে ১৮শ শতকের পাঠকগণ চাইতেন উপস্থানে ঘটনা-সংঘাত, আকম্মিকতা, ও অভিনবত্ব, তাতে আখ্যানভাগ যদি সম্ভাব্যতার গণ্ডি অতিক্রমণ্ড করত, তাতেও তাঁরা কিছু মনে করতেন না। কিছু ১৯শ শতকে এমে উপস্থান বাস্তবাদী হয় অর্থাৎ এই সম্ভাব্যতা ব্যতীত পাঠক তথন আখ্যানকে গ্রহণ করতে প্রস্তুত ছিলেন না। কারণ এই সময়ের পাঠক আরও বেশী ঘৃক্তিসচেতন ও ব্যক্তিবাদপ্রিয় হ'য়ে উঠেছেন। তথনকার দিনের প্রথম সর্ভ এই যে, ঘটনাংশ কেবলমাত্র সম্ভবই হবে তা নয়, তাঁকে অবশ্রম্ভাবী হতে হবে। অর্থাৎ পাঠক তথন বেশীর ভাগই ঘৃক্তিবাদী—বৈজ্ঞানিক দৃষ্টিসম্পন্ন হ'য়ে উঠেছেন, এবং যা কিছু যুক্তি-নির্ভর নয় তাকেই তাঁরা অপ্রায়ত বলে অবহেলা করেছেন।

কিন্তু এই আদর্শবাদ, বান্তববাদ, উদ্দেশ্রবাদভিত্তিক সাহিত্যের সঠিক সংজ্ঞা

attitude towards them are conditioned by his bias, what he writes is the expression of his personality and manifestation of his instincts, his emotions, his intuitions, and experience. Point of View—S. Maugham—p. 175.

নিৰ্ণীত হয়নি—কোথায় যে এর দীমা রেখা এবং দেই দীমারেখা স্থন্সট কিনা ভারও সমাধান হয়নি।

বাস্তববাদ সম্বন্ধে Michael Karpovich টলস্টয় ও দন্তয়েভ্স্কির প্রসক্ষে

"Hence in the first place realism is an ambiguous term which in this (Russian) literature should be understood as meaning merely the authors' preoccupation with contemporary life, in all its complexities and with all its contradictions. Hence, also the predominant concentration of Russian novelists on character and psychological analysis on inner feelings and spiritual conflicts rather than outward events of adventure. And hence, finally their frequent attempts at posing to answer the 'fundamental problems' of human existence.'

World Literatures—Two Spokesmen of Russia: M. Karpovich—p. 242—University of Pittsburgh Press.

সমসাময়িক মানব-জীবনের জটিলতা, ব্যক্তিসংঘাতের কথা যদি সম্ভাব্য চরিত্র ও মনোবিকলনের ভিতর দিয়ে স্থলরভাবে প্রকাশিত হয় এবং তা যদি মানবের জীবন-জিজ্ঞানার প্রতিঞ্জনি ক'রে থাকে তবে তাকে বান্তব সাহিত্য বলা যেতে পারে। এই রাশিয়ান বাস্তববাদ অর্থে শরৎচন্দ্র বাস্তববাদী কিন্ধ জোলা-ক্লবেয়া যে অর্থে বাস্তববাদী নে অর্থে শরৎচন্দ্র বাস্তববাদী নন। ১৯শ শতকের সাহিত্যের ভাবধারাই শরৎচন্দ্রের মধ্যে প্রকট, ২০শ শতকের মস্তিক্ষভিত্তিক সাহিত্য তাঁর স্থান্তির মধ্যে (শেষ প্রশ্ন ব্যতীত) স্থান পায়নি। ১৯শ শতকের লেখকগণ সাধারণতঃ তাঁদের পরিচিত চরিত্রকেই উপস্থানে স্থান দিয়েছেন। টুর্গেনেভ স্বীকার করতেন যে বাস্তবে একটা কোন চরিত্র না পেলে স্থাভাবিক চরিত্র সৃষ্টি সম্ভব নয়। (৩৪৫)

শরংচক্সও বলেছেন, "আমার চরিত্রগুলির 90% basis সত্য। তবে এটাও মনে রাথতে হবে বে, সত্য মাত্রই সাহিত্য নয়… কিছু সত্যের উপর বনেদ না খাড়া করলে চরিত্র জীবস্ত হয় না। বনেদ নিরেট হলে আর ভয় নেই ——শরংচক্তের গ্রন্থ হার্থনাশ ঘোষাল—পৃ. ২২৪।

শরৎ সাহিত্যেও এমনি তাঁর বান্তব জীবনে পরিচিত ব্যক্তিই উপস্থাস-চরিত্রে পরিণত হয়েছে। তাঁর জীবনী আলোচনা কালে অনেক জীবনীলেথক এই সমন্ত চরিত্রকে চিহ্নিত করেছেন। কিন্তু মাহুষের জীবনে কত পরিচয় হয়, কত লোকের

⁽³⁸⁶⁾ Some, indeed, Turgenev for instance, admitted that they could not create a character at all unless they had a living model to work on. They elaborated their models to suit their own purposes and in the end the characters they created often enough had very little in them of the models that had suggested them. Point of View—S. Maugham—p. 45.

সক্ষে ঘনিষ্ঠতা হয়, তার সবই তো মনে দাগ কাটে না; সবই তো মনে থাকে না, তাদের সবকেই তো মন গ্রহণ করে না। কতক চরিত্র মনে গভীর রেখাপাত করে, মন তাকে গ্রহণ করে, আপনার ক'রে নেয়, কতক ত্যাগ করে। কিন্তু কেন গ্রহণ করে—এই প্রশ্নের উত্তরেই প্রথম মনে আসে লেখকের চিত্তর্ত্তি তথা তাঁর bias-এর কথা। লেখক তাঁর জীবন-সংগ্রামের মধ্যে এই বিশেষ চিত্তর্ত্তি কী ক'রে এবং কেন আর্জন করলেন সেটি বিশ্লেষণ করলেই তাঁর চিত্তের সন্ধান পাওয়া ষেতে পারে। তাঁর এই বিশেষ চিত্তর্ত্তিই তাঁর সাহিত্যের মূল স্ত্র।

পাঠক যখন কোন উপক্সাস পড়েন তথন তিনি প্রধান চরিত্রের সঙ্গে একীভূত হ'য়ে (যাকে মনন্তত্বের ভাষায় Identificaton বলে) তার হুখ-ছৄ:খ অফুভব করেন এবং আপনার অতৃপ্ত বাসনার তৃপ্তি থোঁজেন। যেমন দত্তা পাঠকালে সব পাঠকই নরেক্স হু'য়ে মনে মনে বিজয়া লাভ ক'রে জীবনের না-পাওয়াকে পেতে চান। এই একীভূত হওয়া লেখকের জীবনেও সত্য। লেখকের অন্তর্ভ তার প্রধান চরিত্রের সঙ্গে একীভূত হ'য়ে যায় বা পক্ষান্তরে বলা যায় তাঁরই অন্তর অফুভূতি ও অভিজ্ঞতা নায়কের জীবনের মধ্য দিয়ে প্রতিভাত হ'য়ে ওঠে এবং তাঁরই অতৃপ্তিজাত চিত্ত নায়ককে স্বষ্টি করে। অর্থাৎ লেখকও মনের দিক থেকে তথন দন্তার নরেক্সনাথ হ'য়ে আপনার অন্তরের ব্যথাও বেদনাকে বা অতৃপ্ত কামনাকে মূর্ত ক'রে তোলেন। কেবলমাত্র বাইরে থেকে দেখা চরিত্র সজীব হয় না, যদি না লেখক নিজে তার সঙ্গে একীভূত হন। অতএব মনন্তত্ত্বের দিক থেকে বলা যায়, স্রষ্টার স্বষ্টি তাঁর জীবনে না-পাওয়ার ইতিহাস—এই না-পাওয়াজনিত ছ্বথের কাল্পনিক পরিভৃপ্তি। Identification প্রক্রিয়ার সঙ্গে চলে Projection। আপনার ইচ্ছাকে সে আরোপ করে প্রণয়ের পাত্রে। যেমনি হলে তাঁর মন আনন্দে ভ'রে উঠতে পারত তেমনি একটা চিত্তকে আরোপ করা হয় প্রণয়পাত্রের চরিত্রে।

এধানে একটা কথা বিশেষভাবে উল্লেখযোগ্য যে, মাহুবের মনের গঠন অত্যন্ত জটিল। আমরা যুক্তির ঘারা যা সত্য বলে মনে করি অন্তর তা অনেক সময়ে গ্রহণ করে না। যেমন মাহুষ রাজনৈতিক নানা ইজমে বিশাস করে, কিন্তু আশ্চর্ম এই বিশাসটা প্রথম আসে তার মনের গঠন থেকে—যুক্তি থেকে নয়। অর্থাৎ বিশাসটা আসে আগে এবং বিশাস রাখতেই যুক্তিটার প্রয়োজন হয় এবং সেটা আসে পরে। যেমন যুক্তির দিক থেকে গোমাংস ভক্ষণ উত্তম, জগতে হিন্দু ব্যতীত সব জাতিই তা ভক্ষণ করে, এসব যুক্তি যতই দেওয়া যাক, কোন হিন্দু এটা মনে গ্রহণ করতে পারে না এবং জাের করে গ্রহণ করলেও হয়ত দেহ তা গ্রহণ করে না। বর্তমান সভ্যতার অবস্থায় কোন হিন্দু যুবক বা কিশাের একথা কল্পনাও করতে পারে না যে তার মা তার পিতা ব্যতীত অন্ত কাউকে বিবাহ করতে পারে। কিন্তু বর্তমান হিন্দু বিবাহ-বিচ্ছেদ এবং রেজিন্ট্রি বিবাহ কিছুকাল চলবার পর হয়ত হিন্দু কিশাের বা বুবক মেজবাবা বা সেজবাবা কল্পনা করতে কোন বেদনাবােধ করবে না। সমাজ, রীতিনীতি, পরিবার, সংস্কার প্রভৃতি থেকে মাহুষ এমনি মানসিক বাধ

(inhibition) অর্জন করে। বিছাসাগরের শাস্ত্রীয় প্রমাণ ও বিধবা বিবাহ প্রচেষ্টা যে সম্যক্তাবে সফল হয়নি তার কারণ হিন্দু বিধবার মনে সতীত্ব সম্বন্ধে যে বাধ আছে এখনও তা যুক্তির বারা অতিক্রান্ত হয়নি। শরৎচন্দ্রের মন বান্তববাদী, সমসাময়িক যুগধর্মের পরিবর্তনশীলতার প্রতি আন্থা থাকা সন্থেও তিনি হিন্দু-সংস্কার- স্ট বাধকে অতিক্রম করেতে পারেননি। তার ফলে, ব্যক্তিগত জীবনেও তাঁর ব্যক্তিতে ও এই বাধে বিরোধ বেধেছে এবং অন্তর্ধন্দ স্ট করেছে। এই অন্তর্ধন্দ সার্বজনীন,—প্রষ্টা শরৎচন্দ্রের স্টিতে এই নিম্পিট মানবাত্মার আর্তকণ্ঠ ধ্বনিত হয়েছে। তাঁর দরদী অন্তর অপরিসীম কাকণ্যের প্রলেপ দিয়ে আর্ত মানবাত্মার বেদনাকে উন্মোচিত করেছে।

শরৎচক্রের পিতা মতিলাল ছিলেন অনেকটা নিস্পৃহ ব্যক্তি, সংসার সম্বন্ধে উদাসীন এবং অর্থোপার্জনের প্রতি বীতশ্রদ্ধ। তার অবশ্রম্ভাবী ফলরপে দারিশ্র্য এসেছিল শরৎচক্রের জীবনে। পিতার এই উদাসীনতা ও গৃহের দারিশ্র্য শরৎচক্রের গৃহ-জীবনকে স্থী করতে পারেনি, সেই জন্ম বাল্যকাল থেকেই তাঁর মন বহিম্থী। মনস্তব্যের দিক থেকে দেখা যায় নিরানন্দ গৃহের সন্তানরাই বহিম্থী হয়, কারণ গৃহের বাইরেই তারা আনন্দ পায় এবং বালকস্থলভ চাপল্যে নানা অকীর্তি-কুকীতি ক'রে জীবনের অভাবকে পূর্ণ করে। শরৎচক্রপ্ত এই কারণেই পার্ঠশালা পর্যায়েই বেশ হরস্ত হ'য়ে উঠেছিলেন। ডিহিরীবাস, ভাগলপুরবাস এবং পুনরায় দেবানন্দপুর থেকে হুগলী ব্রাঞ্চ্মকে অধ্যয়নকালে তাঁর এই হুরস্ত মনের ক্রিয়া সমানভাবেই বর্তমান ছিল। এই হুরস্তপনা ও ছন্নছাড়া ভাবের মধ্যে তাঁর অস্তর্থী অস্তর স্কল্পেই। মাঝে মাঝে যাত্রার দলে অভিনয়, বৈষ্ণব আথড়ায় গমন প্রভৃত্তির মধ্যে তাঁর অস্তর্ব যে পরিতৃপ্তি পেতে চেয়েছিল তার হেতু মনের গোপন কোণে একটা না-পাওয়ার বেদনা তাঁকে অস্থির ও চঞ্চল ক'রে তুলত। (৩৪৬)

কৈশোরের প্রারম্ভে একটি মেয়ে দেবানন্দপুরে তাঁকে বৈঁচির মালা দিত। তার প্রতি তাঁরও হয়ত বালখিলা একটা প্রেম গড়ে উঠেছিল। নিরানন্দ গৃহ থেকে পলাতক শরৎচন্দ্র এই সখির কাছে এসে হয়ত না-পাওয়ার ক্ষতি পূরণ করতে চাইতেন। এই বৈঁচির মালার অধিকারিণীই হয়ত শ্রীকান্তের জীবনে রাজলন্দ্রীরূপে আশ্রয় নিয়েছিল।

মানবের যৌনজীবনের তিনটি শুর আছে—প্রথম আত্মপ্রেম যাকে Narssistic Stage বলা হয়। দিতীয় শুর সমযৌনতা (Homosexuality), তৃতীয় শুসম্বোনতা (Hetrosexuality)। তৃতীয় শুরটি সাধারণতঃ মানবজীবনে আসে ১৬ থেকে ২০ বংসরের মধ্যে। এই সময়ে নারীপ্রেমে পড়াটা ব্যক্তিজীবন বিকাশের পক্ষে একটা অবশুস্তাবী শুর। এই প্রেমে বাল্ডব নারীর প্রয়োজন সর্বদা হয় ন১—

⁽৩৪৬) জীবনী সম্বন্ধে গোপালচন্দ্র রায় কৃত "শ্রৎচন্দ্র" এবং অবিনাশচন্দ্র ঘোষাল কৃত "শ্রৎচন্দ্রের গ্রন্থ-বিবরণীর" উপর নির্ভর করেছি, কারণ এই ছুইখানি গ্রন্থই বর্তমান লেধকের নিকট নির্ভর্যোগ্য মনে হয়েছে।

পরিচিত, অপরিচিত, বে-কোন একটি নারীকে আশ্রয় ক'রে মাহুষের বৌনজীবন এগিয়ে চলতে থাকে। এই স্তরটি প্রতিটি মাহুষের পক্ষেই সত্য, ৰদি কেউ বলেন তিনি এই বয়সে কোন নারীকে কেন্দ্র ক'রে প্রেমজীবন যাপন করেন নি, তবে তিনি হয় অস্বাভাবিকরণে বিকলচিত্ত, না হয় তাঁর বুদ্ধির স্থিতাম (intelligence auotient) অত্যন্ত কম অর্থাৎ ১০-এর নীচে। এই কাল্পনিক প্রেমজীবনটি কারও জীবনে আদে অত্যন্ত ধীর মন্থর গতিতে, কারও জীবনে আদে প্রবল বেগে, জীবনকে উদ্বেলিত মৃথিত ক'রে দিয়ে যায়। এই জন্মেই বলে—'বাল্য প্রেমে অভিশাপ আছে।" কারণ এ প্রেমজীবন হঃধ পেতে—তৃপ্তি পেতে নয়। স্থর-না-বাঁধা তার-ষদ্ধে এই অমৃভৃতি ঝহার সৃষ্টি করে না, কিন্তু প্রতিভাবান ও প্রটার স্বরবাঁধা ভার-ষজ্ঞের হৃদয়ে এই অহুভৃতি যে ঝন্ধার ভোলে তা তার সারাজীবনের চেতনাকে আচ্ছন্ন ক'রে দেয়। এমনি একটা প্রেমজীবন এসেছিল শরৎচক্রের জীবনে, ভাগলপুরের ভট্ট বাড়ীতে, বৃড়ি অথবা নিরূপমা দেবীকে ঘিরে। মনস্তত্ত্বে দিক থেকে বলে,—সাহিত্য-কাব্য যৌনজীবনের উধ্ব'গমনের দান (Sublimation of sex)। এই ঝক্কত হাদয়ামুভূতির সময়েই শরৎচন্দ্রের লেথক-জীবনের স্কুলাত। এই প্রথম যৌবনের প্রেম ছিল খণ্ডিত, বাধাগ্রস্ত। নিরূপমা দেবী স্নাতনপন্থী সংসাবের নিষ্ঠাবতী বালবিধবা, সতীত্ববোধে সচেতন—শরংচল্লের সঙ্গে পরিচর থাকলেও মেলামেশা সম্ভব ছিল না। শরৎচন্দ্রের উদ্বেলিত হৃদয় আহত হয়ে ফিরে এনেছে কিন্তু সভীত্ব সম্বন্ধে তাঁরও সংস্থারের বাধ ছিল। বালবিধবা চরিজের প্রতি তিনি যে সহায়ভৃতি ও কারুণা নিয়ে, তাকে সেবাধর্মে দীক্ষিত করে মহৎ ও স্থলর ক'রে তুলেছেন তার মধ্যেই তাঁর নিরুপমা দেবীর প্রতি হৃদয়দৌর্বল্য Projection প্রক্রিয়ায় ফুটে উঠেছে। শুধু তাই নয়, এই বালবিধবা চরিত্রগুলি যেন তাঁর স্বদয়রজে সঞ্জীবিত। ভবিশ্বৎ বংশধরের মাথায় হুর্ভাগ্যের বোঝা চাপিয়ে দেওয়ার অধিকার ষতিবড় প্রেমেরও নেই, একথা তিনি জানতেন। (৩৪৭) তাই এই প্রেমায়ভৃতি ও বার্থতাই সম্বল হ'য়ে থাকল—ব্যক্তিজীবনের অন্তর্ধন্দ্রই স্তা হ'য়ে রইল—তাই बाकनची, त्रमा दक्छ এই वाधरक অভিক্রম করতে পারেনি, কিরণময়ী যখন করলো তখন আর সে প্রকৃতিস্থ রইল না। এই বেদনা ও ব্যর্থতাই দেবদাসে আত্মনিগ্রহে পর্বসিত হল।

এই অন্তর্ম ও ব্যক্তিজীবনের সংঘাত লেখককে ক'রে দিল ছন্নছাড়া, দেবদাসের মতই আত্মনিগ্রহে সে যেন তৃপ্তি পেতে চাইল। এই আত্মনিগ্রহের প্রবণতা তাঁকে নিয়ে গেল স্থদূর রেন্ধুনে।

ভাগলপুরের জীবনে আর একটি সত্য তিনি প্রত্যক্ষ করেছিলেন। পিতা ছিলেন শশুরালয়ে আশ্রিত, কিন্তু বহুসম্বন্ধবিশিষ্ট পরিবার ও সমাজ তথন ভাঙ্গতে

⁽৩৪৭) শুধু নিজেদের কথা নর, ভাষী সন্তানের কথাটা সবচেরে বড় কথা, তাদের ঘাড়ে অপরের বোঝা চাপাইয়া দিবার ক্ষমতা অভি বড় প্রেমেরও নাই।— হরিদাস শাস্ত্রাকে লিখিত পত্র—বাজে শিবপুর—⁹২৮. ৩. ২৫. মাদিক বন্ধুমতী—কাভিক ১৬৬৯

ক্ষন করেছে,—ব্যক্তিষার্থ প্রবন্ধর হ'য়ে উঠেছে, জীবনের ন্তন মৃন্যায়ন পরিবারের মধ্যেও অফ্রভূত হতে ক্ষন করেছে। তার ফলে ক্ষ্র স্বার্থ ও ব্যক্তিজীবনের সংঘাত প্রবন্ধর হয়েছে। একামবর্তী পরিবার ভাঙ্গতে ক্ষন্ধ করেছে, যেখানে ভাঙ্গার ক্ষোগ হয়নি সেখানে ব্যক্তিজীবনে অতৃপ্তি ও ছংখ পুঞ্জীভূত হয়ে উঠেছে। মাতার মৃত্যুর পরে খঞ্চরপুরে বাস এই ব্যক্তিসংঘাতজনিত ছংখেরই পরিণতি।

যে সমাজ ও সংসার তাঁর জীবনের সব কিছু হরণ ক'রে তাঁকে ছন্নছাড়া ক'রে রেন্ধ্নে পাঠিয়েছিল, তার বিরুদ্ধে বিদ্রোহ এল স্বাভাবিক প্রতিক্রিয়া হিসাবে এবং জীবনে তিনি হ'য়ে উঠলেন উচ্ছুঝল। অভিমানে ও ব্যর্থতার বেদনায় চরম উচ্ছুঝলতার মধ্যে জীবনকে নিঃশেষ করে দেওয়াই তথন যেন প্রয়োজন হয়ে উঠল। কিছু রেক্সনে তাঁর বিলোহী অন্তর দেখল, সমাজহীন মৃক্ত নরনারীকে, তাদের জীবনের গভীর হংখকে। ছিন্নমূল এই নরনারীর জীবনকেও তিনি প্রশংসা করতে পারলেন না, কাম্য বলে মনে করতেও তিনি পারলেন না—তাঁদের জীবনের হংখ ও গভীর আত্মাছতিই কেবল তাঁর দর্মী হলয়কে বেদনার্ত ক'রে দিল।

এই সময়ে তিনি প্রচুর পড়াশুনার অবসর পেয়েছিলেন। তাঁর পত্তাবলী থেকে দেখা যায় তিনি Herbert Spencer-এর অহুরাগী ছিলেন। যমুনা-সম্পাদক ফণীক্স পালকে লিখিত রেন্থনের জাহুয়ারী ১৯১৬ সালের চিঠিতে লিখেছিলেন—

" পরাত্রিটা অবশ্য পড়তে পাই কিন্তু নোট করা প্রভৃতি হ'রে উঠছে না। আর একটা কথা, আমি কয়েকদিন ধরে ভাবছি—আর একবার ইচ্ছা আছে H. Spencer-এর সমস্ত Synthetic Philosophy-র একটা বান্ধালা সমালোচনা, — সমালোচনা ঠিক নয়, আলোচনা এবং ইউরোপের অন্থান্থ Philosopher, যারা Spencer-এর শক্রু মিত্র তাঁদের লেখার উপর একটা বড় রক্ষের ধারাবাহিক প্রবন্ধ লিখি।"—মাসিক বস্ত্মতী—আখিন ১৩৬৯

পুনরায়,—"পড়িয়াছি বিস্তর। প্রায় কিছুই লিখি নাই, গতবংসর Physiology, Biology এবং Psychology এবং কতক History পড়িয়াছি, শাস্ত্রও কতক পড়িয়াছি।"—ঐ কার্ত্তিক ১৬৬৯

প্রমণ ভট্টাচার্যকে লেখা ১৭. ৪. ১৯১৬ তারিখের পত্তে লেখেন "আমি একজন Ethics-এর Student, Ethics বৃঝি এবং কাহারও চেয়ে কম বৃঝি বলিয়া মনে করি না"।—এ

এই সময়ে তিনি টলস্টয়, জোলা, ডিকেন্স প্রভৃতি বিদেশী রিয়ালিষ্টিক লেখক, এবং বৃদ্ধিমচন্দ্র ও রবীন্দ্রনাথের গোরা ও চোথের বালি প্রভৃতি পড়েছেন। দত্তের-ভঙ্কির লেখা ইংলণ্ডেই আদৃত হয় ১৯১২ সালের পরে, অতএব এই সময়ে তাঁর লেখা পড়া সম্ভব হয়নি। তিনি গোরা উপন্যাস্থানি অস্ততঃ ২০ বার পড়েছেন। (৩৪৮)

পাশ্চাত্যের ব্যক্তিবাদ, তৎসহ মানবের অহং-এর সংগ্রাম প্রথম প্রতিধ্বনিত হয় রবীক্রনাথের চোথের বালি, গোরা ও ঘরে বাইরে প্রভৃতি উপস্থাসে। ঘরে বাইরে উপস্থাসে টুর্গেনেভের Father and Children-এর প্রভাব দেখা ষায়। (৩৪৯) শরৎচক্র রবীক্রনাথকে শুরুস্থানীয় মনে করতেন এবং তাঁর লেখা বছ বার তিনি পড়েছেন। বিশেষ ক'রে চোথের বালির চরিত্র ও মনবিশ্লেষণ তাঁকে নতুন আলো দিয়েছিল। '(৩৫০) এই ব্যক্তিবাদ ও ব্যক্তিস্থাধীনতার দাবী যখন মুখর হ'য়ে উঠেছে তাঁর অস্তরে তথনই তিনি হার্বাট স্পেনারের দর্শনের প্রতি আরুই হন। তাঁর নারীর মূল্য গ্রন্থে তাঁর এই বিশ্বাস স্থাই। তিনি স্পেলারের সার্বিক বিবর্তনবাদে বিশ্বাসী ছিলেন এবং নীতিবাদের দিক থেকেও পরিবর্তনশীলতাকে অবশ্রুদ্ধাবী বলে বিশ্বাস করেছিলেন। স্পেলার ধর্ম ও সমাজনীতিকে উপেক্ষা করেননি যদিও তিনি Agnostic ছিলেন।

"Later on, in his sociological studies, Spencer credited religion with having played a valuable role in social development specially in the conservation of traditions and maintenance of moral and social stability. History of Modern Philosophy—Wright p. 460-61.

শরংচক্সও বলেছেন—"তাই কতকটা শৃষ্থলের প্রয়োজন। অপর পক্ষে শৃষ্থল একেবারে ঝাড়িয়া ফেলিয়া দিলে পুরুষেরাও যে কত অবিচারী উদ্ধৃত উচ্ছুষ্থল হইয়া উঠে এই ভারতবর্ষেই সে দৃষ্টান্তের অভাব নাই।" নারীর মূল্য ১।৩৮৮

স্পেন্দার তাঁর Systematic Ethics-এ তাঁর বিবর্তনবাদকে অন্তুসরণ ক'রে দেখিয়েছেন মান্থরের নীতিবোধও জগতে বিবর্তিত হয়েছে (পৃ ২৪৪-৫১ দ্রন্তর্য) এবং শরৎচন্দ্রও বলেন, "কালের সঙ্গে সঙ্গে যে নিয়মও বদলায় এ সত্যের ইহারা কোন ধার ধারে না"—৯।৩৬১। স্পেন্সারের নীতিবাদের মূল ভিত্তি হিতবাদ এবং তাঁর মানবচরিত্রে হৃদয়ের বিভৃতিই 'good conduct' বলে বর্ণিত হয়েছে। শরৎচন্দ্রও বিশ্বাস করেন—"বিভার উদ্দেশ্য যদি হৃদয় প্রশস্ত করা হয়েনেল"—৯।৩৫৯। হৃদয়ের বিভৃতিই শরৎচন্দ্রের নীতিবাদের মূল ভিত্তি। সমাজ ও সংস্কারের শৃত্বাল যে মানবহালয়কে সঙ্কৃতিত করেছে, তারই বিক্লজে শরৎচন্দ্রের বিল্রোহ। দরদী স্রষ্টার হৃদয় ছংথে বেদনায় মথিত হয়েছে এই সংকীর্ণতার জয়ে—বেহেতু এমনি একটা সামাজিক দৃষ্টিভিন্নর সংকীর্ণতা তাঁর সমন্ত জীবনকে, উদ্বেলিত হৃদয়কে বঞ্চিত করে পঙ্গু করে দিয়েছিল। ব্যক্তি-মন, ব্যক্তি-হৃদয়ের বিচার বিদার দিয়ে না হয়, তাকে যদি জগতের নীতি ও সমাজ সংস্কার দিয়ে বিচার করা হয়, তবে সে বিচার সত্য নয়—তাঁর সংগ্রাম এই অসত্যের বিক্লজে, জীবনের ও ব্যক্তির অসত্য মূল্যায়নের বিক্লজে।

⁽⁰⁸a) lbid-p. 224

⁽७६०) व्यविनाम (पावान-p. 229

হার্বাট স্পেন্সারের তত্ত্ব পরবর্তী যুগে অনেক স্থলেই তুল বলে গণ্য হয়েছে, তথাপি তাঁর বৃক্তির অকাট্যত। শরৎচক্রকে প্রভাবিত করেছিল। তাঁর বিবর্তনবাদ, সমাজ, ভাষা, শিল্পায়ন, কলাবিছা, সঙ্গীত প্রভৃতির ক্ষেত্রে অপ্রয়োজ্য কিছু শরৎচক্র তাঁর বিবর্তনবাদকে সামাজিক পরিধির মধ্যে প্রয়োগ করেছেন—ক্রয়োভীয় মনতত্ত্ব আবিষ্কারের পরে সমাজ প্রসঙ্গে বিবর্তনবাদের প্রযুক্তি অয়ৌক্তিক বলে প্রমাণিত হয়েছে। যুক্তি ও বৃদ্ধি দারা মানুষ হৃদয়বান হয়ে উঠতে পারে, একথা আজ ইতিহাসের পৃষ্ঠায় মিথ্যা প্রমাণিত হয়েছে।

শরংচক্র সামাজিক এই সংকীর্ণতা, এই অসত্যের বিরুদ্ধে এই অপ্রাকৃতিক মূল্যায়নের বিরুদ্ধে বিজ্ঞাহ করেছিলেন আপন মনে। যে সমাজ-পরিবেশে তিনি মাম্ব হয়েছিলেন তাতে মনের বাধজনিত একটা সংরক্ষণশীলতাও তাঁর মধ্যে ছিল, সন্দেহ নেই। নারীর পক্ষে শাস্তমভাব, সেবাপরায়ণতা ও সহিষ্ণৃতা যে একা**ন্তই** প্রয়োজন এবং এই গুণই যে নারীর ভূষণ একথা তাঁর সমস্ত নারীচরিত্রে ফুটে উঠেছে,—হয়ত মাতা ভ্ৰনমোহিনীর নির্বাক কর্মজীবন, ধৈর্য, সহিষ্ণৃতা ও আন্তরিক সেবাধর্ম তাঁর হৃদয়ের অন্তন্তলে একটা মহিয়্সী মাতৃমূর্ত্তি প্রতিষ্ঠিত করেছিল এবং তারই প্রভাব পড়েছিল তাঁর সমস্ত সৃষ্টির মাঝে। এই বিরুদ্ধতা-অর্থাৎ বিল্লোহ ও রক্ষণশীলতা তাঁর মধ্যে একই সঙ্গে দেখা দিয়েছে। (৩৫১) তিনি সাহিত্যে—তাঁর স্ষ্টির মধ্যে কোন সমাধান চান নি, চেষ্টাও করেন নি, তিনি ভুধু মাছবের সহাত্মভূতি ও করুণাকে উজ্জীবিত করতে চেয়েছেন। তাঁর একটি নারীচরিত্রও সমাজ সংস্কারের, বিরুদ্ধে বিজ্ঞাহ করেনি। তারা আপন ব্যক্তিত্ব নিয়ে, সমস্ত বাধা ছিন্ন ক'রে অহং-এর পূর্ণ প্রকাশ হিসাবে দেখা দেয়নি, কারণ তিনি বিশাস করতেন, ধর্ম-সমাজের শুঝল মানুষের প্রয়োজন, নইলে মানুষ উশুঝল বিবেক্হীন প্রাণীতে পর্যবিদিত হবে। তাঁর আবেদন মামুদের হাদয়ের কাছে, আপনার হৃদয়ের করুণা দিয়ে, অন্তরের দরদ দিয়ে সমাজ-চিত্তে তিনি সমবেদনা সঞ্চারিত করতে চেয়েছেন। বিলোহে নয়, শৃথাল ভাষার শক্তিতে নয়, তিনি সমাজচিত্তকে হাদয়বান হতে বলেছেন,—হানঘের বিস্তৃতি হলেই সমাজের অসত্য দুরীভূত হবে। উদাহরণ দিয়ে বলা যায়,—রাস্তার পাশে একটি ভিথারী বসে রোজ ভিক্ষা করে, সেই পথে নিত্য যাতায়াত করি কিন্তু ঐ ভিথারীর অন্তিত্বকে সম্পূর্ণ উপেক্ষা করি, তার দৈয়ে কোন कक्रभा त्वाध कति ना। किन्छ यमि त्केष्ठ वतन, "आहा, त्नाकि अट शत्रत्वोत्त नातामिन ভিকা চেয়েছে কিন্তু কিছু পায়নি,—ও কি থাবে?" তথন হয়ত আকম্মিকভাবে ছদয়ে করুণা উপস্থিত হয়, আমি হু'টি পয়সাদান করি। শরৎচক্রও এই 'আহা' वरन अकृति निर्दिश राष्ट्रिया माकूरवत नाक्ष्नारक, - তात पर्यातकारक मुर्छ

^{.(}৩০১) শরৎচন্দ্রের মধ্যে বিশ্লবাত্মক প্রেরণা থাকা সত্ত্বেও তার মধ্যে একটি রক্ষণীসভার ভাব আছে, যার জন্তে সময় সময় মামুৰ অবাক হরে যায়। শরৎ সাহিত্যের মূলতত্ব—হুরায়ুন কবির পৃ—৩১।

করেছেন। যাতে মাহ্মবের হৃদয় কারুণ্যে বিগলিত হয়ে তাদের সত্য বিচার করে তাদের বেদনাকে বৃঝতে শেখে। তাই শরৎসাহিত্য আগাগোড়া হৃদয়ধর্মী—
সেখানে মুক্তির প্রাধান্ত নেই।

১৩৩১ সালে মুন্সীগঞ্জের সাহিত্যসভার 'সাহিত্যে আর্ট ও ত্নীতি' প্রবন্ধে ভাই তিনি বলেছেন, "মানবের রুদ্ধ হৃদয়-দারে বেদনার এই বার্তাটুকুই যদি পৌছে দিতে পেরে থাকি ত তার বেশী আর কিছু করবার আমার নেই। এর লাভালাভ খতিয়ে দেথবার ভার সমাজের, সাহিত্যিকের নয়।" ৮।৩৬৮।

তাঁর অন্তরের রক্ষণশীলতার পিছনে যে যুক্তি আছে তা তাঁর "সমাজধর্মের মৃল্য" প্রবন্ধে বিশ্বত হরেছে। "সমাজের সংস্কার অসদ্ধতি ভূলভ্রান্তি সংশোধন করা ষায় কিন্তু ব্যক্তিস্থাধীনতার দাবীতে বিপ্লব স্পষ্টি করিয়া স্ক্ষল পাওয়া ষায় না"—এই ছিল তাঁর ধারণা। "ব্যক্তির স্থাধীনতা সমাজের জন্ত সঙ্কৃতিত হইতে পারে না। বরঞ্চ, সমাজকেই এই স্থাধীনতার স্থান যোগাইবার জন্ত নিজেকে প্রসারিত করিতে হইবে। পণ্ডিত H. Spencer-এর মতও তাই, তবে তিনি ব্যক্তিস্থাধীনতা এই বলিয়া সীমাবদ্ধ করিয়াছেন যে, যতক্ষণ না তাহা অপরের তুল্য স্থাধীনতায় যে করে। (৩৫২) কিন্তু ভাল করিয়া দেখিতে গেলে এই অপরের তুল্য স্থাধীনতায় যে কার্যক্ষেত্রে কতদিকে কত প্রকারে টান ধরে, পরিশেষে ঐ 'সত্য' কথাটির মত কোধায় যে 'সত্য' আছে—ভার কোন উদ্দেশ্যই পাওয়া যায় না।" (৩৫০)

শরৎচন্দ্র বলেন, মাহ্বয একক নয়, তার হ্রথ-তু:থ-আনন্দ একমাত্র তারই উপর নির্ভর করে না। মাহ্বকে চলতে গেলেই অত্যের অধিকার ও অন্তরের সঙ্গে সংঘাত আনিবার্থ। যেমন রবীন্দ্রনাথের পোষ্টমাষ্টার গল্পে রতনের যে বেদনা তা তাে জগতে অপরিহার্থ—"একটি সামাত্র গ্রাম্য বালিকার করুণ ম্থচ্ছবি যেন এক বিশ্বয়াপী বৃহৎ অব্যক্ত মর্মব্যথা প্রকাশ করিতে লাগিল।" এই বিশ্বয়াপী মর্মবেদনা মানব-জীবনের সঙ্গী। মাহ্ব্য চলার পথেই মাহ্ব্যকে তু:থ দেয়, তু:থ আহরণ করে এই ব্যক্তি-বিকাশের পথেই। অতএব সমাজ শৃষ্ণলার বিরুদ্ধে বিদ্রোহে হ্রফল হয় না। আক্ষ সমাজের পরিণতির মধ্যেই তিনি তা বলেছেন, "ইহা যে হিন্দুর পরম সম্পদ বেদম্লক ধর্ম, সেকথা কেইই বৃঝিতে চাহিল না। আজও গাড়াগাঁয়ের লোক রাহ্মদের গ্রীষ্টান বলিয়াই মনে করে।" "অল্প সময়ে অতিবেশী সংস্থার করিয়া ফেলিয়াই তাঁহারা ব্যর্থ হইলেন।" শরৎচন্দ্রের সমাজ সংস্কারের পথ ভিন্ন,—"মহ্ব্যুলাশরের বিধিব্যবন্থা আমাদের কি সম্পদ দান করিয়াছে সে তর্ক ভূলিয়া নয়, কি বিপদ হইতে রক্ষা করিয়া আসিয়াছে, শুধু সেই সমালোচনা করিয়া সমাজের দোষগুণ বিচার করা উচিত। অবএব আজও যদি আমাদের ঐ মহ্ব্যুলাশরের

⁽⁹⁶³⁾ Spencer defines justice as, "the right of each man to do as he pleases so long as he does not trespass upon the equal freedom of every other man."—Wright—p. 472

⁽७६७) मा जाः जर---११०४७

সংস্কার করাই আবশুক হয় তবে ঐ ধারা ধরিয়াই করিতে হইবে।" (৩৫৪) তিনি
সমাজ শৃঞ্লকে ভেন্ধে তাকে নৃতন করতে চান নি, তিনি সমাজকে রেখে তাকে
প্রসারতা দিতে চেয়েছেন—হাদয়ের বিস্তৃতির দ্বারা তাকে উদারতর করতে
চেয়েছেন। তিনি সমাজ-বিজোহী নন, সাহিত্যেও বিলোহী নন বরং রক্ষণশীল—
সমাজচিন্তকে তিনি করণায় উদ্ধ করে তাকে মহত্তর ও প্রাণময় করতে চেয়েছেন।
তাঁর সমন্ত পতিতা ও বিধবা চরিত্র তাই সমাজবিধি লহ্মন করেনি, তারা নীরবে
সহ্ করেছে, তৃঃথ পেয়েছে। তাদের তৃঃথ মানবচিত্তকে বিচলিত ক'রে তাদের
প্রতি সত্য বিচার করুক, এই ছিল তাঁর নীতির মূলকথা। "গোরায়" যে ব্যক্তিবাদের
বিল্রোহ দেখা যায়, শরৎসাহিত্যে সে বিল্রোহ প্রকট হয়নি।

এই সংবক্ষণশীলতার জন্মেই তিনি জোলার প্রকৃতিবাদের প্রতি আরুষ্ট হননি, বরং টলস্টরের আর্টের সংজ্ঞার সঙ্গে তার আর্টের একটা হৃদয়গত ঐক্য দেখা যায়। টলস্টয় বিশ্বাস করতেন আর্ট কেবল আনন্দের জন্মেই নয়, মাদ্রুষে মাদ্রুষে মিলন, মানবসমাজের ও ব্যক্তির মঙ্গলই আর্টেব কাম্যা। (পু ৩৪৪ প্রষ্টব্য) যারা পতিত অধম, মৃহুর্তের ভূলে যারা সমাজজীবন থেকে ভ্রন্থই হয়েছে, তাদের ভূলই কি সত্য হয়ে থাকবে, তাদের হৃদয়কে কেউ বিচার করবে না? এই অবিচারের বিক্তন্ধে তাঁর প্রতিবাদ, মানুষের ভিতরের বস্তুটিকে বিচার কর। (৩৫৫) হৃদয় দিয়ে বিচার কর, তাতেই মানবমঙ্গল, তাতেই মানুষে মানুষে মিলন সম্ভব, এই নীতিবাদই শরৎসাহিত্যের মূলতত্ব। এই তত্ত্বই তাঁর মানবতাবাদ, তাঁর দর্মী অন্তরের মানবপ্রেম, তাঁর হৃদয়গত শিল্পধ্য। (৩৫৬)

এই নৈতিক তত্ত্ব ও এই হৃদয়ধর্ম তিনি লাভ করেছিলেন জীবনের অভিজ্ঞতায়। তাঁর এই অভিজ্ঞতার পরিপোষক বলেই স্পেন্সারের সার্বিক বিবর্তনবাদ তাঁর যুক্তকে আরুষ্ট করেছিল—তাঁরও অভিপ্রায় ছিল মানবহৃদয় যুগের বিবর্তনে প্রসারিত হোক, প্রসারিত দৃষ্টি নিয়ে সমাজ এগিয়ে চলুক। ভাগলপুরে থাকতে যে ছয়ছাড়া জীবন যাপন করেছেন, রেকুনে যে উচ্চুজ্ঞাল ও অমিতাচারের জীবন যাপন করেছেন তারই কলছ তাঁর সামাজিক জীবনে সত্য হয়ে ছিল কিছু সমাজের অব্যবস্থাজনিত যে মর্মবেদনায় তাঁর জীবন এই ধারায় প্রবাহিত হয়েছিল তা কেউ দেখল না, তাঁর হৃদয়ের অপরিসীম প্রেমকে কেউ মর্যাদা দিল না। এই ব্যর্বতাই তাঁর সমগ্র চরিত্রের মধ্যে ধ্বনিত হয়েছে—কথনও Identification-এ কথনও Projection-এ।

⁽⁰⁸⁸⁾ Ibid-9 059

⁽⁹⁴⁴⁾ He seems to have judged men and women by an original standard... a man is not great or good if he merely conforms to accepted standards but he is truely heroic, if he has a broad outlook and a sensitive heart. Sarat Chandra—Man and Artist—Dr. S. C. Sengupta—p. 14.

⁽৩৫৬) আসল বস্তু তার সন্থা বা মন যাহাই বলুন—সেটা মামুষের ভিতরটা।—আ: বোষাল প্. ২২৪—চন্দননগর সাহিত্য সভার ভাষৰ—প্রবর্তক ১৩০৭ কার্তিক।

রেন্থন বাসকালে তাঁরই মত ব্যর্থজীবন কতকগুলি নরনারীর সক্ষে জান পরিচয় হয়েছিল। তাঁরাও সমাজ থেকে নিগৃহীত হয়ে বা ব্যক্তিসংঘাতজনিত বেদনায় সমাজ ত্যাগ ক'রে প্রবাসী হয়েছিল। তাদের হৃদয়-বেদনার কথা তিনি অন্তর দিয়ে বুঝেছিলেন, তাই তারা তাঁর স্ষ্টির মাঝে স্থান পেয়েছে। তাদের চরিত্র তাঁর লেখনীর স্পর্শে তাদের অন্তরবেদনার কথা প্রকাশ করেছে। এই সব চরিত্রগুলি তাঁর জীবনীকারগণ বিশ্লেষণ ক'রে দেখিয়েছেন। কিন্তু জীবনের এত পরিচয়ের মধ্যে ভাধু এরাই তাঁর সাহিত্যে স্থান পেল কেন তার কারণ পূর্বেই বলা হয়েছে—এইটিই তাঁর অন্তরের bias। Zola সম্বন্ধে Jean Carrère বলেছিলেন,—জগতটাকে দেখাতে গিয়ে তিনি হাসপাতাল দেখিয়েছেন। (পু. ৩২১ দ্রঃ) এই কথাটি শরৎচক্র সম্বন্ধেও প্রয়োগ করা চলে। কারণ শরংসাহিত্যে এই সমাজত্যক্ত চরিত্রেরই সমাবেশ বেশী উজ্জ্বল হয়েছে, কিন্তু জোলার চরিত্রগুলি প্রকৃতিবাদের প্রভাবে ব্যক্তি-সর্বন্থ, ব্যক্তিজীবনের বিপ্লবাত্মক সংগ্রাম কিন্তু শরংচন্দ্রের চরিত্রে এই সংগ্রাম প্রাধান্ত পায়নি, এই অপরিহার্য সংগ্রামজনিত তঃখটাই প্রাধান্ত পেয়েছে। ইবসেনের নোর: চরিত্রে ধে নারীত্বের দাবী সোচ্চার হয়ে উঠেছে, তা সমাজ ব্যবস্থা ও চলতি নীতিকে লজ্মন করেছে কিন্তু শরৎচন্দ্রে নারীত্বের দাবী নীতিকে লজ্মন করেনি. উপেক্ষিত নারীত্বের বেদনাকে রূপায়িত করেছে। কারণ তিনি সমাজকে ভেঙ্গে দেওয়ার পক্ষপাতী নন, সমাজকে হদয়বান করবার প্রয়াসী।*

পাশ্চাত্যের এই দেহের সভীত্বাধ থেকে মানসিক সভীত্বাধের যে প্রাধান্ত তা স্বাভাবিক নয়, এবং যুক্তিসহ নয়। মাহুষের মন মূলত ব্যভিচারী। 'যাহা চাই তাহা ভুল করে চাই, যাহা পাই তাহা চাই না।' এইটি মানবজীবনে সভ্য। তা ছাড়াও শিশু ভাবে বড় হলে "বাজার উজ্ঞাড় করি কিনিব থেলনা" কিন্তু যখন বড় হয় এবং থেলনা কিনবার শক্তি অর্জন করে তথন থেলনার প্রয়োজন ফুরিয়ে যায়—মানবজীবনে এও পরম সভ্য। মনোগত প্রেম যত বড়ই হোক, যত মহৎই হোক,—চিরব্যভিচারী মানব-অন্তর অন্তকোন নরনারীকে চিন্তায় কামনা করে না, এটা যুক্তিসহ নয়। লালসাপীড়িত মানবঅন্তর মনোজগতে ব্যভিচারী, জীবনে একটি পাওয়ার পরে একটি না-পাওয়াকে সে চায়,—যা পায় ভাকে পিছনে ফেলে নৃতনকে পেতে চায়। এই ছ্রস্ত মানব-মনের একনিষ্ঠতা আর যে জগতেই থাকুক অন্তভঃ তার যৌনজীবনে নেই একথা সভ্য। যিনি যত বড় প্রেমিকই হোন, মনোজগতে তিনি পরনারী কামনা করেননি, একথা তিান নিশ্চয় ক'রে বলতে পারেন না,—নারীর পক্ষেও একথা সভ্য। কাজেই দৈহিক সভীত্বও মানসিক সভীত্বকে আলাদা করে চিন্তা হয়তে ভুল। মন চিরব্যভিচারী, অতএব দৈহিক সভীত্ববোধই সভীত।

^{*} জার্মান মঞ্চাভিনরে নোরা "Motherless! Ah, though it is a sin against my-self, I cannot leave them!" বলে সস্তানের জন্ম ফিরে এসেছে। অবশ্য ইবসেন এটা করতে চান নি। Henrik Ibsen,—Peter Watts—p. 334.

সেইজন্তে শরৎচন্দ্র ইউরোপীয় নারীত্বের দাবীকে গ্রহণ করেন নি, ভারতীয় দৈহিক সভীত্বকে রক্ষা করেই তিনি নারীত্বের বেদনাকে চিত্রিত করেছেন। পাশ্চাভ্যের প্রভাব যতই আহ্বক প্রাচ্যের সভীত্বোধকে তিনি অস্বীকার করতে পারেন নি এবং করেন নি। 'সমাজধর্মের মূল্য' তাঁর এই বিশাসের প্রতীক।

সত্যম্ শিবম্ স্থলরম্ এর দেশ ভারতে তাঁর জন্ম—যা স্থলর তা সত্য ও কল্যাণময়, এ বিখাসকে তিনি ভূলতে পারেন নি,—যা মাছ্ষের অকল্যাণ ডেকে আনে তা যে সত্য নয় এবং স্থলরও নয় এ বিখাসও তাকে সংরক্ষণশীল করে ভূলেছিল।(৩৫৭)

সাহিত্যিক জীবনে প্রতিষ্ঠা লাভের পরে যথন তিনি বাজেশিবপুরে বসবাস করতে স্ক্রক করলেন তথন হিরমন্ত্রী দেবীকে নিয়ে তিনি সংসারী, বিগত যৌবন। এই বয়সে মাহুষের ভাবপ্রবাতা স্তিমিত হয়ে আসে এবং যুক্তি বাড়তে স্ক্রক করে। এই সময়েই তাঁর বেশীর ভাগ স্প্রতি পাঠক সমাজের সামনে উপস্থিত হয়। তথনকার সেই মন তাঁর অতীত জীবনেরই দান,—অভিজ্ঞতাপুষ্ট বিচারবৃদ্ধিসম্পন্ন একটি মন। সেই মন নিয়ে তিনি পৃথিবীকে দেখেছেন, সেই দেখার মধ্যে অপূর্ণতা থাকতে পারে কিছু অযোগ্যতা নেই—এই দেখা সামগ্রিক না হতে পারে কিছু আংশিকভাবে তা সত্য এবং স্করন।

শ্রন্থার মনের যে বিশেষ গঠন বা বিশেষ চিত্তবৃত্তি, তারই স্পষ্ট তার সাহিত্য। শ্রুটা সেই বিশেষ চিত্তবৃত্তি দিয়েই জগতকে, ব্যক্তিকে, সমাজকে, সত্য-অসত্য, জায়-অগ্রায়কে দেখেন। এই দেখা বা এই বীক্ষণই শ্রুটার বৈশিষ্ট্য। যুগে যুগে মাহ্রুষের বৃদ্ধি ও হাদয় একসঙ্গে মিলে মাহ্রুষের স্থা হওয়ার পথ নির্দেশ করেছে। দার্শনিক দেখেছেন কোথায় সত্য, কোন্ সত্যকে গ্রহণ করলে মাহ্রুষ ব্যক্তি হিসাবে দেহে মনে মানবগোষ্ঠীর মধ্যে স্থা হতে পারে। ধর্ম-সমাজনীতি মাহ্রুষের মনকে বিধিনিষেধ দিয়ে তাকে পরার্থপর করতে চেয়েছে,—মানব-জগত সম্বন্ধে, তথা সার্বজনীন স্থাবিধান সম্বন্ধে সচেতন করতে চেয়েছে। সাহিত্য মানবের অস্তর্গ বেদনাকে উদ্যান্তিত ক'রে, মাহ্রুষের হৃদয়ের অন্তর্ভূতিকে আঘাত ক'রে তাকে পরার্থপর ক'রে সমাজকে স্থা করতে চেয়েছে। বিভিন্ন শ্রুটা বিভিন্ন যুগে মানব-মনকে আঘাত দিয়ে অন্তর্ভূতিপ্রবণ করতে চেয়েছেন। এই ক্রমবিবর্তনশীল জগতে মাহ্রুষের হৃদয় বিস্তৃত্তর হয়েছে সন্দেহ নেই, কিন্তু যতদুর বিস্তৃত্ত ও উদার হলে জগত স্থা হতে পারতো ততদূর হয়নি। ত্যাগে আর ভোগে হল্ব চলেছে, মস্তিক্ষ ও হৃদয়ে সংঘাত চলেছে। মাহ্রুষের অহং, তার মানবাত্মা জগতে কাম্যবস্তুকে

⁽৩৭) (ক) Art for art's sake কথাটা যদি সত্য হয় তবে তা কিছুতেই immoral এবং অকল্যাণকর হতে পারে না, এবং অকল্যাণ এবং immoral হলে Art for art's sake কথাটাও কিছুতে সত্য নয়। সাহিত্য ও নীতি—৮।৩১৯

⁽व) Idea পশ্চিমের কি উত্তরের ইহা বড় কথা নয়, স্বদেশের কি বিদেশের তাহাও বড় কথা নয়, বড় কথা ইহা ভাষা ও জাতির কল্যাণকর কিনা।—সাহিত্যের রীতি ও নীতি—৮।৩৮৬

চেয়ে স্থা হতে চেয়েছে; সে চেয়েছে স্বাধীনভাবে গড়ে উঠে কাম্যধনকে লাভ করতে, কিন্তু এই পাওয়া তার জীবনে হয়নি। পৃথিবী, মামুষ, সে নিজে একত্তে সে পাওনা থেকে তাকে বঞ্চিত করেছে—তার ফলে দেহের কারাগারে তার আত্রা তার সন্থা, তার অন্তর বেদনার্ভ হয়ে ক্রমাগত ক্রন্দন করছে। সে বৃদ্ধি দিয়ে যাকে পেতে চেয়েছে, হৃদয় তাকে গ্রহণ করেনি,—হৃদয় যাকে চেয়েছে বুদ্ধি দিয়ে তাকে পাওয়া যায়নি। শরৎচক্রের সন্থা তথা অন্তর, জীবনে বঞ্চিত হয়ে তুঃখ পেয়েছে. তাঁর অন্তরাত্ম। বেদনায় হাহাকার করেছে। পৃথিবী তাঁকে দেয়নি তাঁর কাস্য, মাত্রষ তাঁকে দেয়নি প্রীতি, সমাজ দেয়নি স্বীকৃতি, প্রেম দেয়নি প্রতিদান—তাঁর অন্তর ক্রন্দন করেছে নিরস্তর না-পাওয়ার হৃ:থে। এই হৃ:থমখিত অন্তর নিয়ে তিনি দেখেছেন—জগতে মানবহৃদয় তাঁর অন্তরের মতই হাহাকার করছে। মানবাত্মার সঙ্গে, তার অহং (ego)-এর সঙ্গে সংঘাত চলেছে নিরস্তর, এই সংঘাত হয়েছে মাত্র্যে মাত্র্যে, চিত্তবৃত্তিতে চিত্তবৃত্তিতে, সমাজে মাত্র্যে, পরিবেশে মাত্র্যে, মারুষের আপনার অন্তরে, তার অচেতন-চেতন মনে, সংস্কার ও নীতিবাদের সদে, মন্তিষ ও হৃদয়ে। ক্রুয়েডীয় মনগুত্ব আবিষারের বছপূর্বে দন্তেয়ভন্ধি ছিন্ন ব্যক্তিয়কে (split personality) সাহিত্যে রূপায়িত করেছিলেন তাঁর প্রতিভাদীপ্ত বীক্ষণ-শক্তির আমুকুল্যে। বাংলাদেশে ফ্রয়েডীয় মনস্তত্ব পরিচিতি লাভ করে প্রথম বিশ্ব-যুদ্ধের পরে কিন্তু শর্ৎপ্রতিভা অহং-এর সংগ্রামকে, চিত্তবিকারজনিত এই বেদনাকে প্রত্যক্ষ করেছিলেন তার অনেক আগে—আপনার জীবন-সমীক্ষা থেকে। মানব-জীবনের এই সংঘাতজনিত তঃখ মাহুষের জীবনকে পঙ্গু করেছে, স্বাধীনতা থেকে বঞ্চিত করেছে, মানবস্থার বিকাশের অন্তরায় হয়েছে। মানবজীবনের এই চিরন্তন সমস্তাকে তার জীবনদর্শন, জীবনের নীতিবাদ বিচার করেছে হৃদয় দিয়ে,—প্রেম দিয়ে, সমবেদনা দিয়ে। তার নীতিবাদ, তার জীবনদর্শনের মূলতত্ত্ব,—মানুষের হুদয় প্রসারিত হয়ে মাতুষের তুঃথকে বুঝলেই মানবসন্থার এই জৈবিক তুঃখ দূর হতে পারে,—মাহুষের মূল্যায়ন হোক এই হৃদয় দিয়ে, তাঁর অস্তরাত্মার উদারতা मित्र,— চলতি সমাজ, সংস্থার, নীতি, ধর্ম দারা তার মূল্যায়ন হয় না। শরৎসাহিত্য বেদনার্ত হাদয় নিয়ে মানবাত্মার চিরস্তন এই ত্রংথকে অমুভব করেছে, প্রকাশ করেছে, প্রাণময় করেছে। মানবাত্মার এই চিরস্তন বেদনাকে দূর করতে যুগে যুগে মাতুষের প্রয়াসের অস্ত নেই কিন্তু রেনেসাঁর যুক্তিবাদের কুপায় মাছ্য যথন নীতি ধর্ম ও আধ্যাত্মিকতার সমস্ত রকম আশ্রয় ত্যাগ ক'রে, মুক্তির আশায় ব্যক্তি হিসাবে রৌশ্রতপ্ত বৃষ্টিসিক্ত নিরাশ্রয় পৃথিবীর মুক্ত অন্ধনে এসে দাঁড়াল, সেই দিন থেকে ব্যক্তি জীবনের এই সংগ্রাম হল প্রবলতর। বৈজ্ঞানিক জ্ঞানের অহমিকা জড়জগতের প্রাপ্যকে যথন বুঝে নিতে চাইল তথন মাত্রৰ বন্দী হল জড়বাদের কারাগারে,—এই ভোগের রাজ্যে সংগ্রাম বেড়ে গেল, মাহ্রম হল ব্যক্তিপ্রধান-একক। জড়বাদের স্থাভাবিক পরিণতি শিল্পায়ন, মাহুষকে গৃহ-সমাজ বঞ্চিত করে তাকে করল নিঃসঙ্গ। উনবিংশ শতকে ভারতের বুকে এই ত্যাগ আর ভোগের হুই সভ্যতা এসে দাঁড়াল

মুখোমুখি। তাই ভারতের বুকে আকস্মিক ভাবে এই দল্প প্রবলতের হয়ে উঠল—মানবের জীবন-সংগ্রামের বেদনাও প্রবলতর হল। শরৎচন্দ্র এই সংঘাত-মুখর যুগের শিল্পী—এই সংঘাতজনিত তুঃখময় তাঁর জীবন—এই সংঘাতের রূপকার তাঁর সাহিত্য, তাঁর সৃষ্টি।

তাঁর ৫৭তম জন্মদিনে (২রা আখিন ১৩৩৯) টাউন হলের সম্বর্ধনার উত্তরে তিনি যে অভিভাষণ দেন (ভারতবর্ষ, কাতিক ১৩৩৯-এ মৃদ্রিত) তাতে বলেছিলেন,—"সংসারে যারা শুধু দিলে, পেলে না কিছুই, যারা বঞ্চিত, যারা ত্র্বল, উৎপীড়িত, মাহ্রষ হয়েও মাহ্রষ যাদের চোথের জলের কথনও হিসাব নিলে না, নিরুপায় তুংথময় জীবনে কোনদিন ভেবেই পেলে না সমস্ত থেকেও কেন তাদের কিছুতেই অধিকার নেই—এদের কাছেও কি ঋণ আমার কম? এদের বেদনাই দিল আমার মৃথ খুলে, এরাই পাঠালে আমাকে মাহুষের কাছে মাহুষের নালিশ জানাতে। তাদের প্রতি কত দেখেছি অবিচার, কত দেখেছি ক্রিচার, কত দেখেছি নির্বিচারে তুংসহ স্থবিচার। তাদেশ

আর এই অবিচার ও কুবিচারের উত্তরে চাইলেন হাদ্যধর্মে অণুপ্রাণিত মানবতা, হাদয়ের ব্যাপ্তি, উদারতা, মহন্ব। ৫৩তম জন্মদিনে ইউনিভারসিটি ইনিন্টিউটে (১৩৩৫) অভিনন্দনের উত্তরে বলেছিলেন,—"ক্রেটি, বিচ্যুতি, অপরাধ, অধর্মই মান্ত্রের স্বটুকু নয়। মাঝখানে তাঁর যে বস্তুটি আসল মান্ত্র্য, তাকে আত্মা বলাও যেতে পারে—সে তার সকল অভাব, সবল অপরাধের চেয়েও বড়। আমার সাহিত্যরচনায় তাকে অপমান যেন না করি। হেতু যত বড়ই হোক, মান্ত্রের প্রতি মান্ত্রের ন্থা জন্মে যায়, আমার লেখা কোনদিন যেন এতবড় প্রশ্রের না পায়।…"

সকল পাপ, অভাব ও অধর্মের অন্তরালেও যখন সত্যিকার হানয় থাকে তথন তিনি তাকে ভালবেসেছেন, তাকে মৃল্য দিয়েছেন। তার আত্মাকে সমীহ সহকারে শ্রদা জানিয়েছেন কিন্তু বেখানে হানয়হীন হয়ে মাছ্য নইাত্মা হয়েছে, ব্যক্তিবাদের মোহে সংকীর্ণ ও আত্মকেন্দ্রিক হয়েছে তথন তিনি তাকে ক্ষমা করেন নি। পাশ্চাত্যের প্রভাবে নব্যয়্গের নৃতন শিক্ষায় যে সব নত্ন-দা জয়েছেন তাঁদের সক্ষ্চিত আত্মবাদী অন্তরকে ব্যক্ত-শ্লেষের ক্ষাঘাতে জর্জরিত করতে তিনি কৃষ্টিও হন নি। শরৎসাহিত্যে এই শ্রেণীর চরিত্রের প্রতি স্কঠোর তীক্ষ্ব ব্যক্ষ তাঁর চরিত্রে মূল্যায়নের একটি বড় দিগদর্শন। শরৎচন্দ্র মায়্রমকে বিচার করেছেন তার হাদয়ের মাপকাঠিতে—মায়্রেরর হাদয় যখন ব্যাপ্তি লাভ ক'রে, উদার ও মহৎ হয়ে উঠেছে তথনই ঘন্দের সমাধান হয়েছে। এই মানবপ্রেম, হাদয়ধর্মই শরৎসাহিত্যের মূলীভূত শক্তি। এই শক্তিই পাঠকচিত্তকে উদ্বেলিত করে মানবপ্রেমে উদ্বৃদ্ধ করে।

আজ বিংশ শতকের মধ্যথানে শরৎসাহিত্যের সঠিক বিচার ও মৃল্যায়ন বর্তমানের পরিপ্রেক্ষিতে হয়ত সম্ভব নয়। আজ সাহিত্য সম্পূর্ণ মন্তিক্ষধর্মী ও অচেতন মন বিশ্লেষণমূলক হয়ে উঠেছে—শুধু তাই নয় তুইটি বিশ্বযুদ্ধের পরে ৰাস্থ আজ নিজের প্রতিই বিশ্বাস হারিছেছে এবং জীবনপ্রত্যয় ও আদর্শ আজ দিশেহারা। এই জীবনের প্রতি অবিশ্বাস ও হৃদয়হীন মন্তিষ্কংর্ম আজকার মাহুবের জীবনকে ব্যাধিগ্রস্ত করে তুলেছে,—সেই ব্যাধিগ্রস্ত জীবন নিয়ে মানবপ্রেম ও হৃদয়ধর্মের উদার সৌন্দর্গকে অফুভব করা এবং গ্রহণ করা সত্যই কঠিন। মাহুবের জীবন আজ অস্তর ও আত্মার একটা সংকটময় যুগে এসে পৌছেছে। A. C. Ward তাঁর Twentieth Century Literature-এ বর্তমান যুগের প্রতি লক্ষ্য করে বলেছেন,—"No previous generation had shown so close an interest in mental and spiritual disturbance as to create a growing assumption that most men and women are cases to be diagnosed, that the world is a vast clinic and that nothing but abnormality is normal....

At the close of the half-century (20th century) the trend of literature and its reception indicated less progress towards an educated democracy than towords multiplying demintelligentsia inapt for the adventure and ardours of independent thought, susceptible to pretentiousness, and as readily misled by spurious intellectualism as others may be by spurious emotionalism."—p. 20.

বর্তমান যুগের ঠিক এই মাহেল্রক্ষণে হাদয়ধর্মী শরৎচল্রের ম্ল্যায়ন তাই ত্রহ। আজ সাহিত্যকে বিভিন্ন সংজ্ঞা দিয়ে চিহ্নিত করা হয় আদর্শবাদী, উদ্বেশ্যন্ত্রক, রোমান্টিক, বান্তববাদী, অতিবান্তববাদী, কান্তিবাদী, চেতনাপ্রবাহী প্রভৃতি বছ সংজ্ঞা ও ব্যাখ্যা সাহিত্য-সমালোচনাকে জটিল করে তুলেছে। প্রতিটি যুগে বুগের বিশাস ও আকাজ্ঞা নিয়ে সাহিত্য বিভিন্ন ধর্মী হয়েছে, বিভিন্ন পথে রূপায়িত হয়েছে,—শিল্পীর স্পষ্ট কিন্তু কোন যুগেই এই সংজ্ঞা, বা ব্যাকরণ স্ত্রকে মেনে চলেনি, মদি চলত তবে সে স্পষ্ট বার্থ হত। মূলতঃ মানবাত্মার এই সংঘাতজনিত বেদনার স্থলর প্রকাশই সাহিত্য। প্রকাশভঙ্গি, আজিক, মাধ্যম হয়ত যুগে যুগে পরিবর্তিত হয়েছে কিন্তু উদ্বেশ্থবিহীন কোন স্পষ্ট সন্তব হয় নি। মানব হাদয়ের প্রকাশ মন্তিছ ঘারাও হয় না। সেই জন্তেই প্রকৃত সাহিত্যের তথা শিল্পস্টের একটা সামগ্রিক রূপ ও সামগ্রিক শক্তি আছে। সেই সার্থক রূপের অস্তরে যে প্রবহ্মান মাধুর্য আছে তাকেই হয়ত রস বলা চলে।

হেগেলের কথার পুনরার্ত্তি করে বলা যায়, একটা ছবির রং, রংএর উপাদান বা ছবির মধ্যে প্রকৃতিজ বনস্পতি, জল, আকাশ, নর-নাষীর প্রকৃত অবয়ব বা নিসর্গ দৃষ্ট বিশ্লেষণ করে দেখলেই ছবি দেখা হয় না বা তার ভাল-মন্দের উপরই চিত্তের ম্ল্যায়ন হয় না। অথবা ছবিটি জ্বরত্তের কি তেল রঙের বা সাদাকালো রেথার সে বিচারও ছবির বিচার নয়। এই সমস্ত উপাদান, অর্থাৎ রং রেথা নিস্গ্র নরনারীর অবয়ব, তার উপস্থাপন ও সন্নিবেশ সামগ্রিকভাবে একটা অস্কৃতি দর্শকের অস্করের সঞ্চারিত করে দেয়, এবং এই অক্তৃতিই যদি দর্শকিচিত্তে শিহরিত পুলক জাগার, স্কর্নেরের মাধুর্যে তরে দিয়ে রসদিক্ত করে দেয় তবে সেইখানেই শিল্প-সৃষ্টির সার্থকতা। ভাষাস্তরে বলা যায়, শিল্পীর সৃষ্টি যদি মানব অস্তরের অম্কৃতির তন্ত্রীকে ঝক্কত করে তাকে জাগ্রত করে তুলতে পারে তবে সেই সৃষ্টিই সার্থক। যে সৃষ্টি যত ক্রত, যত বেশী শক্তিশালী, যত বেশী বেগবান হয়ে এই আঘাত হানতে পারে তার সার্থকতা ততথানি। সাহিত্য সম্বন্ধে এই একই কথা হয়ত প্রয়োজ্য। তেলরঙ কি জলরঙ, রোমান্টিক কি বাস্তবধর্মী এইটাই সাহিত্যের বড় কথা নয়। চরিত্র, ঘটনা সংস্থাপন, মনস্তত্ব বিশ্লেষণ, পটভূমিকা, ভাষা, নিস্র্গ এই সব উপাদান একীভূত হয়ে শিল্পীর সৃষ্টি একটা সামগ্রিক রূপ গ্রহণ করে, সেই রূপই সাহিত্য-রূপ। এই উপাদানের সংযোগে যৌগিক পদার্থরূপে যে রূপ রস ও সৌন্দর্ম আধারীভূত হয় তাই সাহিত্য। আধারীভূত এই শিল্পলোক হদয়কে আঘাত করে, উদ্বন্ধ করে, অম্প্রাণিত করে, সচেতন ও সমৃদ্ধ করে। কত শক্তি নিয়ে, কত বেগে কত স্ক্রেজাবে এই সম্থ্য রূপ হদয়কে সমৃদ্ধ করে, তাকে আত্মসচেতন করে, আত্মপ্রতিষ্ঠ করে, তাই চাক সৃষ্টির মান—সাহিত্যকীর্তির মান।

গল্প-উপন্থাস সাহিত্যে চরিত্রকে বিশেষ প্রাথান্থ দিয়ে সম্যকভাবে বিচার করা হয় যেহেতু চরিত্রের মনস্তব্ধ, চরিত্রসংঘাজ্ঞানিত বিক্ষুক মানব-চিন্তলোক সামগ্রিক ভাবে পাঠকচিন্তে প্রতিবিশ্বিত ,হয়—চরিত্র মাধ্যমে পাঠকচিন্ত একীভূত ও অন্থ্রাণিত হয়। সংঘাত-ঘন্তজনিত সমগ্র ক্লণটি চরিত্রের আশ্রয়ে ক্লণায়িত হয় সত্য কিন্তু এই চরিত্রই চিন্তলোকের আসল রূপ নয়, সেটা উপলক্ষ্য। চিন্তলোকের সামগ্রিক ক্লপই আসল বস্তু। চরিত্র মনস্তব্ধ ঘটনা-সন্নিবেশ এই সকলের অন্তর্রাক্ষে একটা ব্যঞ্জনাময় ক্লপই সাহিত্য ক্লপ। এই সামগ্রিক ক্লপটি কথনও মন্তিক্ষে আশ্রয় করে, কথনও হালয়কে আশ্রয় করে। কিন্তু মানবান্থার মৃক্তির আশ্রয় মন্তিক্ষ নয়, হালয়, একথা কথনই উপেক্ষণীয় নয়।

শরৎ সাহিত্যের এই সামগ্রিক রূপ, ব্যক্তিসংঘাত, মানব হৃদয়ের অন্তর্দশ্ধ, নিশিষ্ট মানবাত্মার করুণ বেদনাময় মৃক্তি-সংগ্রামের রঙে ও রুসে প্রত্যক্ষ হৃদ্দর—এই প্রত্যক্ষ হৃদ্দর মানবচিত্তলোক মানবচিত্তকে মানবপ্রেমে উদ্দিক করে বলেই শরৎ সাহিত্য চিরস্তনী সাহিত্যের মৃল্য ও মর্যাদার অধিকারী—টলস্টরের সাহিত্যের মৃত্য কল্যাণকামী, জোলার সাহিত্যের মৃত্য বিরপেক্ষ প্রকৃতিবাদী নয়।

বিশ্ব-সাহিত্যের ইতিহাসে দেখা গেছে, ইতালী, ফ্রান্স, জার্মানী, স্পেন, ইংলগু, স্বাণ্ডিনেভিয়া রাশিয়া প্রভৃতি দেশ এবং প্রাচ্য ও পাশ্চাত্য পরস্পরকে প্রভাবিত করেছে। ইংরাজি ভাষার মারফতে সে প্রভাব বাংলা সাহিত্যেও এসে পৌছেছে কিন্তু কোন দেশের সাহিত্যরপই অন্ত দেশের সাহিত্যের সঙ্গে হবছ এক নয়। এক দেশের চিস্তাধারা ও ধারণা অন্ত দেশে গিয়ে সেই দেশের সংস্কৃতি ঐতিহ্ আশ্রয় ক'রে নৃতন রূপ নিয়েছে এবং এই বৈশিষ্টাই বিভিন্ন

দেশের সাহিত্য-রূপকে বিভিন্ন করে রেথেছে—বেহেত্ প্রভ্যেক দেশেরই নিজস্ব একটা পারিপার্শ্বিকভাগত স্বকীয়তা আছে। অতএব শরৎচন্দ্রের মধ্যে পাশ্চাত্য সাহিত্যের প্রভাব কডটুকু তা নির্ণয় করা নির্বেক। পাশ্চাত্যের ব্যক্তিবাদপ্রস্ত বে সংগ্রামের ধারা বাংলায় এনে পৌছেছিল, সেই ধারা শরৎচন্দ্রে কিরূপ রস ও মাধুর্ব নিয়ে রূপ পরিগ্রহ করেছে তাই আলোচ্য। শরৎচন্দ্রের বহু চরিত্রের সঙ্গে ইংরাজি, ফরাসী, স্বাণ্ডিনেভীয় বা রাশিয়ার সাহিত্যের চরিত্রের সংশ্ তুলনা করা যায় কিন্তু যেহেত্ শরৎচন্দ্রের চরিত্র কথনই বাংলা ও বাঙালীত্বকে ত্যাগ করেনি সেই হেতুই এ তুলনা অবাস্তর।

রেনেশার পরে, বিশেষতঃ শিল্পায়নের পরে মাহুষের জড়বাদের উপর বিখাস ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির প্রভাবে সাহিত্যে যে নৃতন হার বর্তমানে দেখা দিয়েছে তা প্রধানত: মন্তিছভিত্তিক। বিজ্ঞানের অগ্রগতি, সমাজবিভার প্রসার, ক্রয়েডীয় মনস্তব্ প্রভৃতির প্রভাবে বিংশ শতকের উপস্থাস ও গল্প সাহিত্য মন্তিফভিত্তিক ও মন বিকলনমূলক হয়ে পড়েছে। মন্তিষ্কভিত্তিক সাহিত্যের ব্যাখ্যা হিসাবে বলা যায়,—যে সাহিত্যবস্তু বুঝতে বা যার রসগ্রহণ করতে হৃদয় অপেকা মন্তিছজাত বুদ্ধির প্রয়োগ ও প্রয়োজন বেশী। বৈজ্ঞানিক যুগে, তথা যান্ত্রিক যুগে বুদ্ধিজাত সাহিত্যই প্রাধান্ত লাভ করেছে—বাংলার তথাকথিত আধুনিক সাহিত্যে এই স্থরটি ক্রমশঃ প্রবলতর হয়ে উঠেছে। অতএব এই বৃদ্ধিজাত যান্ত্রিক যুগের সাম্রাজ্যে হৃদরধর্মী হৃদরজাত শরৎ সাহিত্যের প্রকৃত মৃল্যায়নকে ভ্লবোঝার যথেষ্ট সম্ভাবনা আছে। কিন্তু জগতের, তথা সভ্যতার মূল সমস্তাকে হৃদয় যদিও কোন কোন ৰুগে সমাধানের পথ দেখিয়েছে, কোন কোন যুগে অগ্রগতিও সম্ভব করেছে তথাপি একথা হয়ত বলা যায় মন্তিমজাত জড়বাদ ও মন্তিম, ইন্দ্রিগত বৃদ্ধি ও যুক্তি সভ্যতার পরিপছী—বুদ্ধির প্রথরতা মাহুষকে স্থী করেনি বরং বঞ্চিত করেছে। আজ এই মন্তিক্ধর্মী সাহিত্যের মূল্যায়ন সম্ভব নয় এবং তারই পরিপ্রেক্ষিতে সাহিত্যের মৃল্যায়ন'ও সমীচীন নয়। হাদয় ও মন্তিক্ষের কোন্টি বড়, কোন্ স্ষ্টির মৃল্য কভটুকু তার উত্তর দেবে ভবিশ্বৎ যুগ—আর আজ তার ইঙ্গিত দিতে পারে যুগযুগান্তের মানব চিত্তের ইতিহাস। বৃদ্ধিবৃত্তির উপর একাস্ত বিশাস আজ মামুষের চিত্ত-বিকৃতি ঘটিয়েছে, পাশ্চাত্যের সমাজে ব্যক্তি-জীবনের এই চিত্তবিকার, আত্মার একাকীত্ব ভয়াবহ ভাবে প্রকট। বুদ্ধি বেড়েছে, গ্রন্থ সঙ্কুচিত হয়েছে, য়ানব-সভ্যতা কর্ণধারহীন তরীর মত ধরত্রোত বুদ্ধিপ্রবাহে ছুটে চলেছে নিশ্চিত তুর্ঘটনার দিকে—এ চুর্বটনা অবশ্রস্তাবী কিনা তার উত্তরও ভবিষ্যতের গর্ভে। বিশ্লেষণমূলক এই মন্তিকধৰ্মী সাহিত্য মাহ্মকে আত্ম-ৰিল্লেমণের (Introspection) হযোগ দিয়ে আত্মসচেতন করে তুলবে এমনি আশা অনেকে পোষণ করেন কিন্তু এই আত্ম-বিশ্লেষণ ও আত্ম-সচেতনতা উভয়েই অচেতন মনপ্রস্ত বিকারগ্রন্থ চিডের ক্রিয়া। স্বতরাং ভাবে ধনয়কে বিস্তৃততর করে তাকে পরার্থবাদী করে তুলবে, বা তাকে মানবতার সৌন্দর্যে ভূষিত করবে এ আশা করা যথেষ্ট যুক্তিনির্ভর নয়।

বর্তমান যুগে বাংলার চিন্তলোকের অভ্তপূর্ব পরিবর্তন হয়েছে, একথা বিশেষভাবে শ্বরণীয়। বিভাসাগর একদিন মাতৃ মাজ্ঞা পালনার্থে চাকরীতে ইন্ডফা দিয়ে দামোদর নদ সাঁতরে পার হ'বে মায়ের কাছে উপস্থিত হয়েছিলেন। মাতৃভক্তির এই পরাকাটা ও তেজপ্রিতাকে আমরা একদিন নমস্ত করেছিলাম, শ্রন্ধাও করেছিলাম কিন্তু আজকার যুগে যদি কেউ সন্তিয়স্তিট্ই মাতার এই রকম আদেশ রক্ষার্থে চাকুরী ছেড়ে চলে যায় তবে তাকে লোকে নানা যুক্তি বলে বেকুব, নির্বোধ, আহাম্মক ছাড়া আর কোন বিশেষণেই ভূষিত করবে না। আমাদের মনোজগতের এবং জীবন-প্রত্যয়ের এই যে পরিবর্তন হয়েছে একথা শ্বরণ রেথেই শরৎ মানসকে বিচার করা প্রয়োজন। মন্তিক্ষ ঘারা হৃদয়ধর্মকে বিচার করা চলে না বলেই একযুগের বিভাসাগর আর একযুগের নির্বোধে পরিণত হয়। শরৎ সাহিত্য বিচারপ্রসক্ষে এই কথাটি বিশেষভাবে মনে রাখা প্রয়োজন।

শঁরৎ-সাহিত্য

শরৎচন্দ্রের সাহিত্য-জীবনের স্কলান্ত তিনটি ভাগ আছে। তাঁর জীবনেরও তথা শিল্পীমনের পরিণতিরও ঠিক এমনি তিনটি ভাগ। ১৯০০ সালে রেকুন যাওয়ার পূর্ব পর্যন্ত একটি যুগ, রেকুনে ১৯১০ পর্যন্ত আর একটি এবং ১৯১০ থেকে শেষ জীবন পর্যন্ত আর একটি। কিন্তু ১৯০০ থেকে ১৯১২ পর্যন্ত তাঁর সাহিত্য-জীবনের কোন স্পষ্ট নেই, এটি তাঁর প্রস্তুতির যুগ। ১৯১২ থেকে তাঁর সৃষ্টি পুরাতনকে ঘিরে, জীবনের বিগত অভিজ্ঞ তাকে কেন্দ্র ক'রে কিন্তু শেষ জীবনৈ এর পরিবর্তন ঘটে। বয়: সন্ধিতে মাহ্মের যে আবেগ ও ভাবপ্রবণতা (Sentiments) দেখা যায় তাতে যুক্তি থাকে না, কাজেই সেই আবেগ সাধারণত:ই যুক্তিসহ হয় না, মনটায় মেলোড্রামার প্রাধান্ত দেখা যায়। ৩৫ বৎসরের পরে যুক্তি ও বৃদ্ধির বেইনে আবেগ ন্তিমিত হয়। তখন আবেগ ও যুক্তির একটা সমতা আসে, সেই সময়ে শিল্পীর দৃষ্টি উচ্চতর পর্যায়ে পৌছায়। শেষের দিকে আবেগ মন্দীভূত হয়, যুক্তির প্রাধান্ত বিস্বা দেখা দেয়, তথনকার সৃষ্টি প্রায় ক্লেত্রেই মন্তিভ্ধমী হয়ে ওঠে। তথন শ্রীকান্তের স্রষ্টা শেষ প্রশ্নে এগে পৌছায়।

ভাগলপুরের যে স্টির যুগ সেটি তাঁর তরুণ জীবনের। এই ভাগলপুরেই তাঁর বয়:দদ্ধির (adolescence) যুগ কেটেছে। এই যুগটি প্রতিটি মান্থবের জীবনে অফত্বপূর্ণ। এই সময়ে কোন নারীকে ঘিরে, দেহ-নিরপেক্ষ ভাবেই যৌন জীবন ও প্রেমজীবন গড়ে ওঠে। এই পরিচিতা বা অপরিচিতার প্রেমে পড়াটা তথন প্রয়োজন হয়ে পড়ে,—ভারই ফলে মান্থবের আবেগ (emotion) অফুড়তি

(sentiment) পরিণতি লাভ করে এবং এই থেকেই তাঁর রসায়ভূতি ও কান্তিবোধ (aesthetic sense) স্টির পথে প্রবাহিত হয়। কারণ, এই প্রেম, এই আক্ষিক উদ্বেল খোনচেতনাপ্রস্ত ভাবাবেগ কোন ক্রমেই সফল হয় না, সফলতার প্রচেষ্টাও বিশেষ থাকে না। এই দমিত নিম্পিষ্ট আবেগ তথন স্টির পথে আপনাকে অহতেব করে, আপনার ইচ্ছাকে রূপায়িত করে এবং আকাজ্ঞাকে বিপরীতক্রমে ক্ষেণণ করে পাওয়ার আনন্দকে ভোগ করে।

প্রতিভাধর শরৎচক্রের বহির্ম্থী অন্তর রাজুর সংস্পর্শে এসে বিজ্ঞাহী হ'য়ে উঠল। প্রতিভা কোন দিনই সমাজ রীতি-নীতির একান্ত বশু হয়ে ভাল ছেলের মত থাকে না,—তিনিও দেখলেন চলতি বিশাস, চলতি মূল্যায়নের উপরেও আর একটা সত্য আছে, যেটা সাধারণ দৃষ্টি নিয়ে দেখা যায় না। লেখকের জীবনেও অখ্যাতির অন্ত ছিল না, অথচ তাঁর বিশাস ছিল তাঁর জীবন বিচিত্র হলেও অপাণবিদ্ধ। তাঁকে মাহ্মষের অস্থ্যাও অথ্যাতি মাথা পেতে নিতে হয়েছে, তাঁর উপরও চলতি নিয়মে অবিচার হয়েছে। তারই প্রতিক্রিয়া হিসাবে তাঁর সৃষ্টির মধ্যে অত্যাচারিত ও নিপীড়িত মাহ্মষের প্রতি অপরিসীম সহায়ভৃতি ও সমবেদনা এসে দেখা দিয়েছে—এইটি তাঁর চিত্তর্ত্তির বৈশিষ্ট্য। "রমার মত নারী ও রমেশের মত পুরুষ কোন কালে কোন সমাজে দলে দলে ঝাঁকে ঝাঁকে জয়গ্রহণ করে না" (৩৫৮) জেনেও যে তাঁর সহায়ভৃতি ও সৃষ্টির কেন্দ্রন্থল হয়েছিল এই নিশিষ্ট ব্যক্তি, তাঁর প্রধান কারণ তাঁর নিজম্ব ব্যক্তিত্ব ও অস্তরাত্মা পীড়িত হয়েছিল নানা ভাবে।

বঙ্গদেশ ত্যাগ ক'রে যখন তিনি রেঙ্গুন যান তখন তাঁর বয়স ছিল ২৬।২৭ তিনি ভাগলপুরে বাস করেছেন ১৭।১৮ বছর বয়স থেকে। সেই সময়েই তাঁর বয়ঃসদ্ধির পূর্ণকাল। প্রীগোপালচক্র রায় এই সময়ে নিরূপমা দেবীকে ঘিরে একটা "ছদয় দৌর্বলা"র (৩৫৯) কথা বলেছেন এবং বলেছেন এই বেদনা তাঁর সমস্ত জীবনে অফুক্রণ নানা ভাবে প্রেরণা জুগিয়েছে। নিরূপমা দেবী বালবিধবা ছিলেন, হিন্দু বৈদিক ব্রাহ্মণ ঘরের আচারনিষ্ঠ ধর্মপরায়ণা বিধবা। ১৮৯৭ সালে বিধবা হ'য়ে ভাগলপুরে দাদার (বিভৃতিভৃষণ ভট্টের) কাছে আসেন। শরৎচক্রের এই উলেল প্রেম্ব ও যৌন চেতনা তাঁর সমস্ত সাহিত্যের মধ্যে বিধবা চরিত্রগুলিতে প্রাক্ষিপ্ত হয়েছে। এই প্রেম একপাক্ষিক কি দিপাক্ষিক তা মীমাংসার প্রয়োজননেই, তবে শরৎচক্রের পক্ষে যে তা যথেই গুরুত্ব লাভ করেছিল লি বিধার এই মর্মবেদনা তাই তাঁর সাহিত্যে অনেকথানি জুড়ে বসে আছে। বিভাসাগর যে কারণে বিধবা বিবাহের জয়ে আকুল হয়েছিলেন শরৎচক্র সেজত্বে আগ্রহান্বিত নন,—বিভাসাগর দেখেছিলেন সামাঞ্জিক জীবনের লাছনা,—

⁽৩০৮) সাহিত্যে আর্ট ও মুর্নীতি (৮।৩৬৮)

⁽৩৫৯) শ্রৎচন্ত্র—গোপালচন্ত্র রার পু. ৪৫৮-৮২

শরৎচক্র দেখেছিলেন যৌনজীবনের বেদনা। জীবনের এই প্রথম প্রেম ও তার ব্যক্তিগত বহিম্থী জীবনের মানি ও লাঞ্চনা তাঁর চরিত্রগুলির সর্বাক্তে জড়িয়ে আছে।

ভাগলপুরের জীবনে তাঁর লেখাগুলির মধ্যে প্রধান,—বোঝা, অমুণমার প্রেম, দেবদাস, কাশীনাথ, বড়দিদি, চন্দ্রনাথ, হরিচরণ, শুভদা ও ছবি।

১৩৩৮ (১৯৩১) সালে টাউন হলে রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে অভিভাষণে তিনি বলেছেন,—"এইবার থবর পেলাম বিষ্কাচন্দ্রের গ্রন্থাবলীর। উপস্থাস-সাহিত্যে এর পরেও যে কিছু আছে তথন ভাবতেও পারতাম না. প'ড়ে প'ড়ে বইগুলো ঘেন মৃথস্থ হয়ে গেল।" প্রকৃতপক্ষে তাঁর এই যুগের লেখার মধ্যে বিদ্ধান্দ্র প্রথাব দেখা বায়,—ভাষায়, চরিত্রস্থিতে এবং গল্প উপস্থাপনে।

বোঝা গল্পে, "তোমার কিংবা সরলার থাতিরে তাহারা কি এ হুযোগ ছাড়িয়া দিবে ? সরলা স্বামীকে কথনও কাঁদিতে দেখে নাই। সেও কাঁদিল।"

"সোঁ ক্রিয়া নৈশ বাতাস বহিয়া গেল। কিছু বলিয়া গেল কি? বলিল বৈকি।"

অমুপ্রমার প্রেমে, "মরিবার পূর্বে পৃথিবীকে বড় স্থলর দেখায়" প্রভৃতির মধ্যে বহিষের লিখিবার ভিন্ন স্থলাষ্ট ও প্রত্যক্ষ। গল্পের বিফাস ও উপস্থাপন তথনও তাঁর স্থকীয় বৈশিষ্ট্য অর্জন করেনি। কতকগুলি চরিত্র বহিষের অমর, রোহিনী, কুল প্রভৃতির অমুসরণ করেছে। উপস্থাপন ও চরিত্রপৃষ্টির মধ্যে বহিষের অমুকৃতি কতটুকু আছে, তা বিষয়বস্থ বহিন্তৃতি কিন্তু এই লেখাগুলির মধ্যে কোথায় শরৎচক্রের বৈশিষ্ট্য ফুটে উঠেছে সেইটিই ক্রষ্টব্য। সাহিত্যে চিরদিনই পরস্পরের প্রভাব বর্তমান, কিন্তু সেই প্রভাবই নৃতন স্থেটির রস ও রক্ত সরবরাহ করে। সাহিত্য-বনস্পতির প্রতিটি শাখা পুরাতনের রস সংগ্রহ করেই নতুন আকারে ও নবীন প্রপুশেষ স্থলর হয়ে ওঠে।

বিধবা নিরূপমা দেবীর প্রতি তাঁর উদ্বেল প্রেম খণ্ডিত হ্য়েছিল। প্রাচীনপদী গৃহের বালবিধবার সন্ধে ঘনিষ্ঠ মেলামেশার হ্মেয়োগও ছিল না। যদি কোনও হাদ্যানেলার বালবিধবার দিক থেকে এসেও থাকে তবে তা আচার, ধর্মনিষ্ঠা ও ধর্ম-জীবনের সংযম ও সামাজিক জীবনের নিষেধে প্রকৃটিত হওয়ার হ্মেয়াগ শায়নি। এই বাধানিষেধের কঠিন প্রাচীরে প্রহত হয়ে শিল্পীর প্রাক-যৌবনের উন্মৃথ উৎস্কৃক ভালবাসা ছিন্নভিন্ন হয়ে গিয়েছিল। এই বার্থতা ও বেদনাই তাঁর এই ভাগলপুর-জীবনের সঞ্চয়, শিল্পীজীবনের প্রেরণা। বড়দিদির মাধবী, চন্দ্রনাথের গৃহত্যাগিনী হলোচনা, অহুপমা সকলেই বিধবা। বোঝায় নলিনী, চন্দ্রনাথের সরয়্, দেবদাসের পার্বতী সকলের জীবনের প্রেমই থণ্ডিত। এই থণ্ডিত প্রেম জীবনকে ব্যথিক করেছে নানা ভাবে, নানা দিক থেকে।

প্রথম জীবনের এই গল্পগুলির বর্ণনা ও ভাষা তথনও শরৎচক্রের বিশেষ বৈশিষ্ট্য জ্ঞান করেনি, উপস্থাপন ও ঘটনাংশ স্থানংহত হয়নি,—চরিত্তেও সঙ্গতি ও শাভাবিকতার অভাব আছে, রোমাণ্টিকতা ও অতি-নাটকীয়তাও গল্পকে গভীরতা দিতে পারেনি, প্রাক্ষবৈন-স্থলভ ভাবপ্রবণতা শিল্পসৌন্দর্থের হানি করেছে সভ্য কিছ তথাপি এই তুর্বলতার মধ্যেও মাঝে মাঝে শরৎপ্রতিভার বিত্যুৎচমকে এ কাহিনীগুলি প্রদীপ্ত। শুধু তাই নয় এই অপরিণত রচনার মধ্যেও ব্যক্তিজীবনের সংঘাত, অন্তর্থন্থ ও বন্দী মানবাত্মার নিরুপায় বেদনার ছবি আক্ষিকভাবে পাঠকচিত্তকে চমকিত করে। হালকা ঘটনাপ্রবাহ চলতে চলতে হঠাৎ সে ব্যক্তি-অন্তরের অন্তন্থল পর্যন্ত উদ্ধানিত ক'রে দেয়। এই দৃষ্টি ও বীক্ষণশক্তিই পরিণত ও পর্যাপ্ত হয়ে শরৎসাহিত্যকে সমৃদ্ধ করেছে। ব্যক্তিজীবনের সংঘাত এবং অন্তর্পন্থক তথন প্রষ্ঠা উপলব্ধি করেছিলেন কিছ তাকে প্রকাশ করবার ক্ষমতা তথনও অর্জন করেননি। এই উপলব্ধিই তাঁর প্রতিভার প্রথম পরিচয়।

বড়দিদির মধ্যে হুরেক্রের চরিত্রটি সম্ভাব্যতার গণ্ডী অতিক্রম করে গেছে, চরিত্রটি বান্তবাহুগ নয়। তার নিম্পাণ আত্মভোলা জীবনের অসহায় নির্ভরতা এবং হঠাৎ ভিতরবাড়ী যাওয়ায় সৌজন্মবোধের অভাব, শিক্ষিত একটি যুবকের চরিত্রের সঙ্গে ঠিক স্বাভাবিকভাবে মিশে যায়নি। পরিশেষে অতিনাটকীয় ভাবে স্থারেন ও মাধবীর যে সাক্ষাৎ হয়েছে তার মধ্যেও লেথকের প্রাক্ষোবনোচিত ভাবপ্রবণ্তার আতিশয় রয়েছে: কিন্তু স্বরেল্রের চরিত্র এখানে প্রাধান্ত পায়নি, মাধবীই কেন্দ্রীয় চরিতা। মাধবী নিরুপমা দেবীর মতই আচারনিষ্ঠ, হিন্দু ঘরের বালবিধবা-ঘার ন্দেহ করুণাধারা অন্তরীক্ষ থেকে বর্ষিত হয়েছে,—বাড়ীর সকলেরই উপর, আলিত স্থরেন্দ্রের উপরেও। স্থরেন্দ্রকে বিরে মাধবীর অন্তরে ফুটে উঠেছিল একটা জটিলতা,—মাতৃত্ব ও নারীত্বের একটা রহস্তময় সংমিশ্রণ ফুটে উঠেছে তার চরিত্তে। স্থরেন্দ্রের শিশুর মত নির্ভরতা যেমন তার হাদরে মাতৃত্বের 'স্বাদ এনে দিয়েছে' তেমনি মনোরমা যথন 'পোড়ার বাঁদর' দেখতে এল তখন তার পরিহাসে চোখের জলে তার বিধবাজীবনের খণ্ডিত নারীত্বের প্রকাশ করেছে। এই ছুইটি একসঙ্গে মিলে मांथवीत्क त्रश्चमत्री अकृष्टि नात्रीहित्रत्व পतिष्ठ करत्रहि। अहे नात्रीच लोकिक ব্যবহারে প্রেমের মাধুর্য ও গৌরব লাভ না করলেও, শরংপ্রতিভা এই অন্তর্মাকে আবিষ্কার করেছিল, তাই বড়দিদির চরিত্র, বিশেষতঃ শেষ দৃষ্টে তাঁর বৈধব্যের শংস্কার উপেক্ষা করে অধিকার প্রতিষ্ঠার প্রচেষ্টা পাঠকচিত্তকে চমৎকৃত করে।

বোৰা, অমুপমার প্রেম ও ছবি প্রভৃতি গল্পে যে অন্তর্ধৰ স্থাই হয়েছে তা ধুব বড় নয় এবং তাই তার আলোচনা নিশ্রয়োজন।

দেবদাস তাঁর বয়:সন্ধিকালে রচিত বয়:সন্ধিকালের মনস্তম্ব-আব্দিত উপস্থাস। এই সময়ের মানব মনের প্রেম ও তার জীবনব্যাপী আবেগ প্রায় সকল জীবনের পক্ষেই সত্য—এই অভিশপ্ত বাল্যপ্রণয়ের কাহিনী তাই প্রচুর জনপ্রিয়তা অর্জন করেছে, কিন্তু রসস্প্রের দিক থেকে চিস্তার গভীরতায় বা চরিত্রের অন্তর্ধন্দ স্প্রের মাপকাঠিতে এই কাহিনী খুব উচ্চ মর্যাদার অধিকারী নয়। প্রাক্তাব্রতার একটা ভারপ্রবৃত্ত ও আব্রাভিশয় স্ক্র রসবোধের অন্তর্মায় হয়েছে। পার্বতী

ও দেবদানের বাল্যপ্রণয় ও শিশুফুলভ একটা প্রীতির সম্বন্ধ অতি ফুল্মরভাবে প্রকাশিত হয়েছে, যার মধ্যে ভবিশ্বতের শরৎচক্রকে প্রত্যক্ষ করা যায়। দেবদাস চলতি সংস্থার ও সামাজিক কর্তব্যকে অস্বীকার করে এই প্রেমের মর্বাদা দেয়নি, পার্বভীও তাঁর সভীত্ব্দ্ধিকে বিসর্জন দিয়ে গৃহত্যাগে রাজি হয়নি। শরৎচত্তের বৃক্ষণশীল মনই তাদের ব্যক্তিত্বকে স্বাধীনভাবে প্রকাশিত হতে দেয়নি—কারণ সেই স্বাধীনতা সমাজের পক্ষে কল্যাণকর নয়। পার্বতীর চরিত্রে অনমনীয় দৃঢ়ভা, ভেজ ও অভিমান একটা সম্পূর্ণ ব্যক্তিত্ব নিমে ফুটে উঠেছে, তার জৈবাবেগের উদাযতা মানসিক বাধাকে অতিক্রম না করেও ফুল্মরভাবে প্রকাশিত হয়েছে। তার খণ্ডিত প্রেমের ব্যর্থতা তাকে সেবার পথে পরিচালিত করেছে, কথনও কর্তবাচ্যুত হতে (मग्रनि। (थग्रामी (मन्मारमत क्वितारक উচ্ছু अनुषा পर्यविष्ठ है। हेर्स्ट कि দেবদাসের এই চারিত্রিক তুর্বলতা ভার চরিত্রকে তুর্বল করেনি বরং নিফল প্রেমের মর্বালাকে বাড়িয়ে দিয়েছে। সমাজ-সংস্থার নিম্পিষ্ট মানবাত্মার এই খালন পভন, তার প্রেমের তীব্রতা ও ব্যর্থতাকে বড় করে তুলেছে বলেই দেবদাদের প্রতি পাঠকের এত মমতা। তার সমস্ত ব্যভিচারকে তারা প্রেমের মর্যাদায় ক্ষমা করেছে। দেবদাসের শোচনীয়, ম্বনিত মৃত্যু ভাবপ্রবণতার আতিশব্যে অসম্ভাব্যতার সীমায় পৌছেও তার অন্তরবেদনাকে মহত্তর করে তুলেছে। পার্বতী ও দেবদাসের ছইটি অস্তর সমাজ-সংস্কার ও লৌকিক আচারের দারা নিম্পিট হয়ে যে হতাশা ও বেদনাকে মুর্ত করেছে,—তা সর্বযুগের পক্ষেই স্বাভাবিক। এই ব্যক্তিমনের সংঘাত, এই সংঘাতজনিত হঃধ এবং আর্ত ক্রন্দনই শরং-মানসের বৈশিষ্ট্য। চন্দ্রমুখীর চরিতটি সম্পূর্ণতা পায়নি, তার প্রেম ও ত্যাগ় ঠিক স্বাভাবিক ও স্বচ্ছভাবে রূপায়িত হয়নি। রেঙ্গুনপ্রবাদে এই পতিতা চরিত্রের যে অভিজ্ঞতা তাঁর হ'মেছিল, দে অভিজ্ঞতার কোন চিহ্ন এই চরিত্র রূপায়ণে দেখা যায় না—নেহাৎ লেথকের প্রয়োজনেই যেন চক্রমুখীর পরিবর্তন, তথাপি তার মধ্যে "রাজলন্মী, সাবিত্রী প্রভৃতির পূর্বস্চনা পাওয়া যায়"। পার্বতী ও দেবদাসের চরিত্র ঘটনাপ্রবাহে রূপায়িত হয়েছে, চরিত্তের অন্তর্মল বিশ্লেষণে রূপায়িত হয়নি বলেই এই কাহিনীতে গভীরতার অভাব আছে। ঘটনা চরিত্রকে সৃষ্টি করেছে, চরিত্র ঘটনাকে সৃষ্টি করেনি বলেই রসস্টি গভীরতর ও স্বন্ধতর সৌলর্ষে সার্থক হয়নি।

চক্রদাথ একটি সাধারণ সনাতনপদ্বী গল্প হলেও চরিত্র ও কাহিনীর পটভূমিকার করেকটি বিষয়ে তার অসাধারণত্ব ফুটে উঠেছে। এই গল্পেই মণিশব্দর প্রথম সমাজ ও সংখারের বাধাকে অতিক্রম করে অকলব্ধ সরস্কে পরিবারে প্রাহণ করেছেন, কলহ্ব ও অপবাদকে ভূচ্ছ করে মানবতা ও সত্যকে জয়ী করেছেন। মণিশহ্ব বলেছিলেন, "পাপের জন্ত প্রায়শ্চিত করতে হয়, যে পাপ করেনি ভার আবার প্রায়শ্চিত্তের কি প্রয়োজন ? বধুমাতার কোন পাপ নাই, অনর্থক প্রায়শ্চিত্তের কথা তুলে তার অবমাননা ক'রো না।" আবার বলেছেন, "সমাজ আমি, সমাজ ভূমি, এ-গ্রামে আর কেউ নেই, যার অর্থ আছে, সেই সমাজপতি।" (১০৪১৬)

সমাজনীতির বিরুদ্ধে এই প্রথম সার্থক বিজ্ঞোহ। মায়ের কলছে মেয়ের কলছিত হওয়ার কোন সক্ত হেতু নেই—এইখানেই শরৎচন্দ্র সমাজনিরপেক্ষভাবে প্রথম ব্যক্তিকে স্বীকৃতি দিয়েছেন।

দয়াল ও কৈলাস ত্ইটি চরিত্র একে অপরের পরিপ্রক হ'য়ে দেখা দিয়েছে।
দয়াল নিষ্ঠাবান, ধর্মভীরু কিন্তু বিবেকহীন, ধর্মভীরুতাই তাকে মানবতা থেকে বঞ্চিত্ত করেছে, অপর পক্ষে দাবাড়ু কৈলাসের মধ্যে মহয়ত্ব ও মানবতা সমাজ-সংস্কারকে উপেক্ষা করে ভাত্মর হ'য়ে উঠেছে। বিচারহীন সমাজ-আহগত্য যে মাহ্মকে মহয়ত্ব থেকে বঞ্চিত করতে পারে দয়াল তার উদাহরণ এবং বিবেকিতা যে সমাজ-ধর্ম নিরপেক্ষভাবেও মহয়ত্ব অর্জন করতে পারে কৈলাস তারই নিদর্শন। চন্দ্রনাথেই শরৎচন্দ্র প্রথম বিবেকহীন সমাজনীতিকে আক্রমণ করেছেন।

আর একটি দিকে মনগুলের একটি স্ক্র কারুকার্য সরয্-চরিত্রকে বড় স্থলর, স্বাভাবিক ও জীবস্ত করে তুলেছে। সরয্ব, ভীত চকিত সংশয়পূর্ণ নীরব প্রেমের অস্তরালে যে অপরাধের কন্টক ছিল সেটি সরয্র প্রতিটি পদক্ষেপে তাকে অপরপ বাস্তবভায় জীবস্ত করে তুলেছে। মাতার কলঙ্কের জন্মে তার অস্তরে যে সংশয় সন্দেহ (Guilt sense) পুরীভূত হয়েছিল তারই বাধ ও প্রতিক্রিয়া তার প্রেম-জীবনকে নিরন্তর নীরব করে রেখেছিল, জৈবাবেগকে থণ্ডিত করে দিয়েছিল—সরযু-চরিত্র চিত্রণে এই অনব্দ্য মনস্ভাত্তিক স্ক্রতা সোনার উপরে মিনার কাজের মত শিল্পীর শক্তিকে স্প্রতিষ্ঠিত করেছে।

আত্মভোলা দাবাড়্ কৈলাস খুড়োর চরিত্র একটি অনবত্ব স্ঠি। বড়দিদির স্থরেনের মত তা সম্ভাব্যতাকে অতিক্রম করেনি। তার শিশুপ্রীতি ও আসক্তি, তার সহজ সরল বিচারবৃদ্ধি ও সভ্যদৃষ্টি তাকে ফুলর স্বাভাবিক একটি চরিত্রে পরিণত করেছে। সর্বোপরি তার মানবতা ও মহত্ব স্থান্থকে অম্বরণিত করে দেয়—এবং তাই সাহিত্যক্ষির কল্যাণময় দান। "এ বিশের দাবাথলায় কৈলাসচল্লের মন্ত্রী হারাইয়া" গেলে তার জীবনের দাবার ছকে যে পরাজ্যের গ্লানি নেমে এল তার কারণা ও আর্ত-ক্রন্থন ব্যক্তিস্থার্থের উধ্বে এক স্থাগীয় ত্যাগের আনন্দলোককে বিভাত্তরকে উন্তাদিত করে তোলে। তার চিত্তলোকের আলোয় পাঠকচিত্ত ম্মুম্বাত্বর প্রভায় উন্তাদিত হয়ে ওঠে।

সাহিত্য বিচারে চরিত্রই একমাত্র বিচার্য নয়,—উদ্দেশ্খহীন স্থাইর মাঝে চরিত্র সার্থকতা লাভ করে না। সরযুর চিত্তলোকে ভীক্ষ ভালবাসার অন্তরালে যে অপরাধের কন্টক তাকে রক্তাক্ত করে দিয়েছিল, যে কন্টকের বাধায় তার জীবন ও প্রেম প্রস্কৃটিত হতে পারেনি তার অন্তিত্ব আবিষ্কারও কম গৌরবের কথা নয়। সরযুচরিত্রের এই কন্টকক্লিই ব্যক্তিক্লেয়-সংগ্রামের ইন্ধিতপূর্ণ চিত্রণ ও উপলব্ধি নিঃসন্দেহে
প্রতিভার দীপ্ত স্পর্শ। চক্রনাথের মধ্যেই ভাবপ্রবণতা ও আবেগ একটা স্বস্কৃত

কাশীৰাথ বাল্যকালের রচনা হলেও, এ কাহিনীটিকে তিনি পরিমার্জিত ক'রে

পুনরায় লিখেছিলেন। পুস্তকাকারে প্রকাশ সময়ে "সাহিত্যে" প্রকাশিত কাশীনাথের অনেক পরিবর্তন হয়। সেই জত্তেই কাহিনী প্রযোজনায়, ভাষা ও চরিত্র-বিশ্লেষণে বাল্যকালের ভাবপ্রবণতা ও নাটকীয় ঘটনার অমুপন্থিতি কাহিনীকে कमना এই इरे वर वाकिय जिन्नभर्मी, এर जिन्नभर्मी इरें छि थानी चाकियाक जार चामी श्वी रुष थियवावृत अभिनातीत अधिकाती रुन। कोनिमार्थवाय करन এवर সামাজিক রীতিরক্ষার্থে, দার্শনিক কাশীনাথ হঠাৎ বড় লোকের ঘরের ঘরজামাই রূপে এসে উপস্থিত হল। প্রকৃতির সহচর দরিদ্র কাশীনাথ জমিদারের বাড়ীর আভিজাত্যের পরাধীনতার মধ্যে এসে অস্থী হল। "দেহ আর মন যেন বিবাদ করিয়া পৃথক হইয়া গিয়াছে।" (৩।৩৩৩) যথন ভার মনের ইচ্ছা স্বাধীন ভাবে নদীর ধারে, ক্রমকদের মধ্যে বিচরণ করে তথন তাকে জমিদারের জামাই সেজে গাড়ী চড়ে যেতে হয়। আভিজাত্যের বিড়ম্বনায় তার জীবন কণ্টকিত হল। তার ব্যক্তির প্রহত হল আভিজাত্যের কঠিন প্রাচীরে। কমলার যৌবনের উৎস্থক ভালবাস। ফিরে এল কাশীনাথের আহত ব্যক্তিত্বের সঙ্গে সংঘাতজনিত ত্বংথ নিয়ে। কমলা বলেছিল, "তুমি আমার দোষ ভূলে আর একবার আমাকে নাও, তোমার সব ভার আমাকে নিতে দাও।" কিন্তু কাশীনাথের বিরুদ্ধ ব্যক্তিত্ব তাকে গ্রহণ করেনি, কমলাও কাশীনাথের সমন্ত ভার বহন করতে পারেনি,—দে শক্তি ও হৃদয় তার ছিল না। এই ব্যক্তি-সংঘাতের সামগ্রিক চিত্র কাশীনাথ।

আহত, থণ্ডিত প্রেম অভিজাত কমলার মধ্যে বিলোহ সৃষ্টি করলো। যাকে প্রেম দিয়ে পায়নি তাকে জবরদন্তি করে পেতে চাইল। জমিদার-কলা স্থলভ একটা অহন্ধার ও স্পর্ধা তার মধ্যে আপন অধিকারকে প্রতিষ্ঠা করতে ভুল পথ গ্রহণ করল, কারণ কাশীনাথকে সে বোঝে নি, কাশীনাথের হৃদয়কে দেখতে পায়নি। "জোর করে বনের বাঘকে বশ করা যায় কিছু জোর করে একটি ছোট ফুলকে ফোটান যায় না।" (৩০৪৬) এ কথা কমলা জানতো না। তার পরে ঘাত-প্রতিঘাত চললো ঘটনার মধ্য দিয়ে,—কিছু শান্ত, সংযত স্থবির কাশীনাথের অন্তর সাড়া দিল না, বশুভাও স্থীকার করলো না। ব্যক্তি-সংঘাত ক্রমশঃ জটিলতর হল। এক দিকে স্পর্ধা অক্যদিকে উপেক্ষার সংগ্রাম চলল। পরিশেষে আহত কাশীনাথের শয্যাপার্শে এসে কমলার স্পর্বিত ব্যক্তিত্ব ভেল্পে পড়ল পত্নীত্ব ও নারীত্বের আহ্বানে। হিন্দুগৃহের পাতিব্রত্যের জয় ঘোষণা করে সে আত্মসমর্পণ ভারলো। ব্যক্তি সংঘাতের এই স্থনম স্থল্যর কাহিনীটি, মানবাত্মার সংগ্রাম, তার আর্ড-ক্রন্ধনের একটি সার্থক চিত্র।

শুভদা শরৎচন্দ্রের বাল্যরচনা। কি কারণে এই উপত্যাসথানি পুনর্লিথিত হয়নি এবং তাঁর মৃত্যুর পরে প্রকাশিত হয়েছে তা শ্রীগোপাল রায় তাঁর 'শরৎচন্দ্রে' বলেছেন। অত্যাত্য বাল্যকালের রচনায় তাঁর যে ক্রেটিগুলি দেখা যায়, এথানির মধ্যেও তা স্ক্রুট, কিন্তু কয়েকটি চরিত্রের মধ্যে তাঁর অপূর্ণ মানসিকতা, অন্তর্শৃষ্টি ও বিজ্ঞোহী মনোভাব অসম্পূর্ণ ভাবে প্রকাশিত হ'য়েছে। চন্দ্রনাথে তিনি প্রথম সমাজের উধের্ব মানবকাকে স্থান দিয়েছেন। শুভদার মধ্যে বিজ্ঞোহী মনোভাবকেই প্রতিষ্ঠা করতে চেটা করেছেন। ললনা স্ক্রমরী বিধবা, এবং সদানন্দ আপ্রভালা একটি সত্যিকার মাস্থ—এই তুইটি চরিজের মধ্যে, শরৎচন্দ্রের প্রাক্ষৌবনের ব্যর্থপ্রেম আর একদিক থেকে রূপগ্রহণ করেছে। "বাল্যপ্রেমে অভিসম্পাত আছে—যাহাই হোক্ ইহার একটা স্থাতি চিরদিনের মত ভিতরে বহিয়া যায়। যেমন করিয়া উপড়াইয়া ফেলিয়া দেওয়া হোক নাকেন, তার ক্র্তুত্ম শিকড় বোধহয় অম্পন্ধান করিলে অনেক হাত অমির তলে পাওয়া যায়।" (৮৪৯) এ-মস্কব্য তার রচনার মধ্যেই প্রতিপাদিত।

অপরিণত প্রতিভা রচিত শুভদার মধ্যে অনেক ক্রটি আছে সভ্য কিছ কয়েকটি বিষয়ে লেখকের চিত্তরুত্তির বৈশিষ্ট্য বিধৃত। একমাত্র শুভদা ব্যতীত কোন চরিত্রই সম্পূর্ণ চরিত্র হিসাবে রূপায়িত হয়নি। ললনার চরিত্রটি ঠিক সামঞ্চপূর্ণ নয়। তার পক্ষে জলে ডুবে মরাটা যতথানি স্বাভাবিক ছিল, স্থরেল্রের বজরায় তার অধরস্পর্শে উদ্বেদ হওয়া ততথানি স্বাভাবিক হয়নি। তাদের তথাক্থিত বিবাহের মধ্যে শরৎচন্দ্রের বিজ্ঞোহী অন্তরের প্রতিবাদ ধানিত হলেও, তাঁর নিজেরই আত্মবিশ্বাদের অভাবে তাকে তিনি সার্থক করতে পারেননি। তাঁর নিজের মনেই এই স্ত্যাস্ত্য সম্বন্ধে হয়ত সংশয় ছিল। সাধারণ ভাবে যৌনপ্রেমের একটা স্বাভাবিক মহন্ত এবং পরার্থবাদী পরিণতির স্বীক্বতি তিনি দিয়েছেন এবং ব্যক্তি ও ব্যক্তির স্বাধীন বিকাশকে তিনি স্বাভাবিক অধিকার বলে মনে করেছেন; এইটিই छात थहे वानात्रहमात्र देवनिष्ठा। विक्षा ननमात्र कीवत्म वाक्तिश्मादव श्वाधीम সত্তা নিয়ে বেঁচে থাকবার অধিকার আছে—একথা তিনি দুঢ় না হলেও অহচ্চকণ্ঠে ष्टाश्चा करत्रह्म। नमानम्म हित्राख दर्शनत्थ्यस्यत्र प्रश्च व्यवः भवार्थवामी ज्ञांग-ধর্মের স্বাভাবিকতাকে রূপ দিয়েছেন। সদানন্দের উক্তির মধ্যে মাঝে মাঝে যেন প্রতাকভার একটা আভাষ পাওয়া যায়। সদানন্দের মধ্যে একটা অক্ট ব্যক্তি-সংগ্রামের রূপও দেখা যায়।

চরিত্র-চিত্রণে গভীরতা বা অন্তর্দৃষ্টির অভাব আছে স্ত্য, তব্ও আক্ষিক ভাবে ত্ই-একটা কথায় ও আচরণে অনেক চরিত্রের অন্তন্তল হঠাৎ আলোকিত হয়ে উঠেছে। সদানন্দের স্বরেন্দ্রের বাড়ী থেকে ফিরে আসবার দিনে, তার মৃথ দিয়ে যে কয়েকটি কথা বেরিয়েছে তাতে পাগলা সদানন্দ একটি মাহ্য হিসাবে ফুটে উঠেছে। কোন চরিত্রেই অন্তর্মন স্থাপত্ত নয়, তাঁরা ঘটনাপ্রবাহে গড়ে উঠেছে মাত্র।

তবে হারাণ মৃথুজ্যে ও শুভদা তৃইটি চরিত্র ব্যক্তিস্বাতন্ত্র্যে পূর্ণাবয়ব। হারাণের সমস্ত অপরাধ তৃনীতি ও তৃঃশীলভার মধ্যে মাঝে মাঝে যে অসহায় আত্মগানি ও মৃক সহামভূতি দেখা দিয়েছে, ভার সংসার প্রতিপালনের নেশাখোরস্থলভ প্রচেষ্টা, এবং অহন্ধার ও আশাবাদ ভাঁকে একটি বাস্তব চরিত্রে পরিণ্ড করেছে,—যদিও সে চরিত্র সম্পূর্ণ প্রাণবস্ত হতে স্থযোগ পায়নি। একমাত্র শুভদা চরিত্রই নিরস্তর পাঠকচিন্তের মর্মভন্ত্রীতে বার বার ঝন্ধার ভূলে করুণ স্থরের আবেশ জাগায়। শুভদা ১৯শ শভকের এক অভিনব সীভা,—হিন্দু গৃহের সার্থক সীভার প্রভিনিধি। সীভার আদর্শ হিন্দুস্থানের গৃহে গৃহে যে গৃহলন্দ্রীর আসন পেভেছিল, শুভদা ভারই অধিষ্ঠাত্রী। নির্বাক, মুথ শুভদা সহনশীলভায়, ভ্যাগে সীভার সমগোত্রীয়,—শিল্পীর মনের একটি পৃজনীয় আলেখ্য। অনস্ত দারিন্দ্রের মধ্যে এই অপার সহিষ্কৃতার প্রতি শরৎচন্দ্রের একটা স্বাভাবিক মমতা ছিল, ভাই তাঁর অস্তরের শুভদা চরিত্রে হিসাবে পূর্ণতা পেয়েছে।

বিরাজ বৌও পরিণত প্রতিভার স্টে নয়, কিছ তার মধ্যে বিকাশমান প্রতিভার পরিচয় অত্যন্ত প্রত্যক্ষ। যে চরিত্র বিলেষণ, গভীরতা ও স্ক্ষ রসবোধ শিল্পীকে প্রথম শ্রেণীর প্রথম পরিণত করে, বিরাজ বৌ-এর মধ্যে তার প্রকাশ স্পাই। শরৎচন্দ্র দেখেছিলেন ব্যক্তিজীবন-সংগ্রাম, পৃথিবীতে ব্যক্তি-সংঘাতের কারুণ্য। স্টের এই মূল বেদনা বিরাজ বৌ'তে রূপ নিয়েছে। প্রাক্ষোবনের ভাবপ্রবণতা তথন মন্দীভূত হয়ে এসেছে, অন্তর্দৃষ্টি গভীরতার হয়েছে, কিছ তথনও নাটকীয়তার প্রতি মোহটা সম্পূর্ণ কাটেনি।

নীলাম্বর ও পীতাম্বর হুই ভাই-এর মনোবৃত্তি ভিন্নম্থী। নীলাম্বরের মন ভারতীয় ঐতিহ্বের হুষ্টি, পীতাম্বরের মন নতুন যুগের জড়বালী মূল্যায়নকে জীবনে গ্রহণ করেছিল। তাই তাঁরা পৃথগন্ধ হতে বাধ্য হয়েছিল। নীলাম্বরের শক্ত ক্রেটির মধ্যেও তার সেবাধর্ম ও উলারপ্রাণ ধর্মবিশ্বাসের উপর নির্ভর করে বড় হয়ে উঠেছিল। পীতাম্বর আলালতে আর্জি লিথে বৃষতে শিথেছিল,—অর্থবিত্তই জীবনের কাম্য, তাই জীবনের মূল্য। বড় ঘরে বিয়ে লিয়ে বোনকে স্থী করতে নিঃম্ব হয়েই হুর্ভাগ্যকে ডেকে আনলো নীলাম্বর, পীতাম্বর দূরে দাঁড়িয়ে থাকল তার মার্থকে আগলে। এই হুই ভাইয়ের বিক্রম ব্যক্তিম্ব সংসারকে ছিল্ল ভিন্ন করে দিল এবং এই সংঘাত বেয়ে নেমে এল বিরাজ-নীলাম্বরের করণ কাহিনী।

করেকদিন জর ভোগের পরে নীলাম্বর আরোগ্য লাভ করল। বিরাজ সেদিন বলেছিল বৈধব্য থেকে মৃত্যু শ্রেয়। সে বলল, "সেকালে যে পুড়িয়ে মারাছিল সে ছিল ঠিক কাজ। পুরুষ মাহ্যর তথন মেয়ে মাহুষের ছঃথকট বুঝতো। এখন বোঝে না।" (২০০০) বসস্ত রোগী দেখতে যাওয়ায় আপত্তি ক'রে সে বলেছিল, "তোমার প্রাণটা তোমার একলার, ওতে কারও কিছু বলবার নেই।" (২০৬২) পতিপরায়ণা সাধ্বী বিরাজ বৌ, নীলাম্বরকে রেথে ক'দিনের জন্তেও মামাবাড়ী যেতে পারেনি। অনস্ত দারিক্র্যু ও নিষ্ঠুর ঘটনাচক্রে এই বিরাজ গৃহত্যাগ করেছিল। বিরাজের এই অন্তর্মন্থ ও তার মনের একটা অবশ্রস্তাধী উন্মাদ পরিণতি শিল্পীর বিশ্লেষণে অপূর্ব ক্ষের রস্ক্রের মধ্যের কণায়িত হয়েছে। অপার সহিষ্কৃতাও ক্রুমাধনের মধ্যেও তার ব্যক্তিও মান হয়নি কিছু নীলাম্বরের অবিখাস ও ভূল বোঝার মধ্যেই তার সভীত্বুদ্ধি আহত হয়ে তার অন্তর্মকে ছিল ভিল করে দিল।

সতীত্বের অহকারই তাকে জীবনে মরিয়া করে তুলেছিল—চরিত্র-চিত্রণের এই গভীরতা ও স্ক্রতার মধ্যে প্রথম শিল্পী শরৎচক্রকে আমরা দেখতে পাই। কিছ তথনও হয়ত তিনি শৈবলিনী চন্দ্রশেথরের রোমাণ্টিকতার প্রভাবকে বর্জন করতে পারেননি, তাই তিনিই বলেছেন, "বিরাজের মরাই উচিত ছিল কিছ দে মরিল না। ----মরণের পথ ছাড়িয়া সম্পূর্ণ বিভিন্ন পথে পা বাড়াইয়া দিল্।" (২।৩৩১) ষে বিরাজ সহমরণকে পুরুষের করুণা মনে করত, রাত্তির নিভূতে ছাঁচ তৈরী করে স্বামীর থাবার সংগ্রহ করতো, সেই বিরাজের অন্ত পথে পা বাড়ানোর মত উন্মন্ততা ও অভিমান থুব স্বাভাবিক নয়, বরং মরাই তার উচিত ছিল। সমাচ্ছের চোথে कनिक्रनीत्मत मर्था थ य अपूर्व मजीब्र ताथ थारक, गृहजागिनी मार्ट्य रा কলঙ্কিনী নয়, এই সভ্যকে প্রমাণ করার প্রবণতা শিল্পীর মধ্যে কেন ছিল সেকথা পূর্বেই বলা হয়েছে। স্র্টার এই বিশেষ চিত্তরুত্তি বা bias ব্যতীত বিরাজের অক্ত পথ গ্রহণের কোন সঞ্চত কারণ নেই। বিরাজের বিশাস ছিল, "দেহ নিষ্পাপ না হইলে কেহ স্বামীর পায়ে মরিতে পারে না।" (২।৩৪৩) এ বিশ্বাসের মর্যাদাও লেথক রেখেছেন। কিন্তু গৃহত্যাগের পরে বিরাজের জীবনের হঃথকট, অভিশাপ, অত্তাপ, বিকল দেহের অসহায় প্রচেষ্টার মধ্যে যতথানি নাটকীয় কারুণা ফুটে উঠেছে তার চেয়ে অনেক বেশী স্থন্দর ও স্ক্র রসবোধের পরিচয় ফুটে উঠেছে ছোট বৌ-এর সামান্ত তুটি কথায়—"কথনও যদি দিদি আসেন তাই আমি কোথায়ও যেতে পারবো না বাবা।" (২০৩০) স্বল্পভাষিণী ভীক্ষ এই ছোট বৌ মোহিনীর চরিত্র কয়েকটি রেথার ইঙ্গিতে অপূর্ব শ্রীমণ্ডিত হয়ে ফুটে উঠেছে। তার ব্যাক্লতা শ্রদ্ধা ও উদারতা স্বল্প পরিসরের মধ্যেও একটি বিরাট হৃদয়ের পরিচয় রেখে গেছে।

সমাজের বিরোধিতা করা বা তাকে ভেক্ষে নতুন করার প্রতি শরৎচন্দ্রের বিশাস ছিল না, তিনি সমাজকে উদারতর হতে আহ্বান করেছিলেন। এই সমাজ-সচেতনতাই বিরাজকে বিকলান্ধ করে, অশেষ তুর্গতির মধ্যে ক্রতকর্মের প্রায়শিত করতে বাধ্য করেছে এবং এই উদ্দেশ্য-মূলক অভিপ্রায় একটি মহান স্থাকৈ অনেকথানি মান করে দিয়েছে।

বিশেশরী পল্লীসমাজে বলেছিলেন, "সমাজ যাই হোক্ তাঁকে মাত্ত করতেই হবে। নইলে তার ভাল করবার মন্দ করবার কোন শক্তিই থাকে না।" (২০১৩৫৯) একথা জ্যাঠাইমার কথা হলেও শর্ৎচন্দ্রের অন্তরের কথা।

পরিণীতা গল্পটি সন্তাব্যতার গণ্ডী অতিক্রম করে গেছে। যে কয়েকটি চরিত্র কাহিনীকে আশ্রম করেছে তার সব কয়টিই প্রায় আমাদের সাধারণ জীবনে অপরিচিত। শেথরের উদাসীন নিরুদ্বেগ প্রেম, ললিতার অভাষিত পত্নীত্ত, গিরীনের উদারতা, সবই যেন একটা অমুমিত অবস্থা। একমাত্র শেথরের পিতা ব্যতীত সব কয়েকটি চরিত্রই মহৎ স্থলর, তথাপি অনিবার্থ একটা হল্দ স্টির মধ্যে লেখকের স্প্রট-কৌশলের প্রমাণ রয়ে গেছে। মন্ত্রপাঠের আমুষ্ঠানিক বিবাহের

চেয়েও অন্তরের মিলনই যে সত্যিকার "পরিণয়" এমনি একটা প্রছন্ন উদ্দেশুও গল্পের মধ্যে ললিতার চরিত্রকে বড় করে তুলেছে। অস্পষ্ট-অপুষ্ট গল্পটির মধ্যে বিশুদ্ধ কৈশোর-প্রেমের একটা স্থ্রভিত সৌন্দর্য পরিণীতাকে পরিভৃপ্তিকর করে রেথেছে।

প্রাসমাজ। দেবানলপুর জীবনে বা সামতাবেড়ে শরংচন্দ্র যে সমাজ (मार्थिहित्मन, रमरे भन्नीममारकत क्रमांक कीवरनत वहे हिवशनि म्हा-धर्म, विदः অর্থহীন সংস্কারের ভিন্নতাকে তুলে ধরেছে। তথন হিন্দুসমাজ উপনিষদের বাণীকে हातिरसह, धर्म ও मरভात উপরেও সংস্থারকে গ্রহণ করেছে। সমাজের আত্মরক্ষার্থে মুসলমান আক্রমণের পর থেকে যে বিধিনিষেধ সৃষ্টি হয়েছিল তাই শৃঙ্খল হয়ে প্থরোধ করে পাড়িয়েছে। এই শৃঙ্খলিত সমাজের মাঝে নৃতন শিক্ষা ও সভ্যতার ঢেউ এসে লেগেছিল রমেশের মারফতে এবং এই হুই ভিন্ন যুগের সংগ্রাম ওক হল সমাজ-জীবনে। নৃতন যুগের শিক্ষায় শিক্ষিত রমেশ, "নগরের সজীব চঞ্চল পথের ধারে যথনই কোন পাপের চিহ্ন তাহার চোথে পড়িয়া গিয়াছে তথনই সে মনে করিয়াছে, কোন মতে তাহার জন্মভূমি সেই ছোট্ট গ্রামথানিতে গিয়া পড়িলে, সে এই সকল দৃশ্ত হইতে চিরদিনের মত রেহাই পাইয়া যাইবে। সেথানে যাহা সকলের বড়—সেই ধর্ম আছে এবং সামাজিক চরিত্র আজিও সেথানে অক্ল হইয়া বিরাজ করিতেছে। হায় ভগবান কোথায় সেই চরিত্র। কোথায় সেই জীবস্ত ধর্ম আমাদের সমন্ত প্রাচীন নিভূত গ্রামগুলিতে। ধর্মের প্রাণটাই যদি আকর্ষণ করিয়া লইয়াছে, ভাহার মৃত দেহটাকে ফেলিয়া রাখিয়াছ কেন? এই বিবর্ণ বিক্বত শ্বদেহটাকেই হতভাগ্য গ্রাম্য সমাজ যে যথার্থ ধর্ম বলিয়া প্রাণপণে জড়াইয়া ধরিয়া তাহারই বিষাক্ত পৃতিগন্ধময় পিচ্ছিলতার অহর্নিশি অধংপথেই নামিয়া চলিতেছে।" (২।১৮৫) পল্লীদমাজ এই বিবর্ণ বিকৃত শবদেহেরই সমালোচনা। এই শবদেহের সকে রমেশের মাধ্যমে সংঘাত হ'য়েছে নৃতন যুগের সকে। वित्यन्त्री वटन हिटनन, "शांक यथार्थ धर्म वटन, श्रेष्ठी थांम (शटक टन এटकवादा टनांश পেয়েছে। আছে কতকগুলো আচার-বিচারের কুসংস্কার, আর তার থেকে নির্থক দলাদলি।" (২৷২০৩) শুধু তাই নয় সমাজের এই সংস্কার ও নির্ক্তি ও ধর্মহীনতা, বেনী ঘোষাল ও হালদার মশায়ের হাতের আয়্ধ হয়ে দাঁড়িয়েছে। নৃতন যুগের স্বোভ গ্রামে এসে যে আবর্ত সৃষ্টি করেছিল, শিল্পী সেই আবর্তের চিত্র এ কৈছেন—সঠিক ভাবে, স্বাভাবিক ভাবে। এই মানি প্রতিটি চরিত্রের মধ্য দিয়ে ফুটে উঠে আবর্তকে গভীর করে তুলেছে।

এই আবর্তের অন্তরালে ফল্কধারার মত একটি বালবিধবা ও একটি তরুণের অভিশপ্ত বাল্যপ্রণয়ের কাহিনীও ঘটনার আবর্তিত হয়েছে। বিরুদ্ধতা ও বিক্ষোভের মাঝে, শক্রতা ও সম্ভ্রমবোধের মাঝে তাদের ছাদ্যের অন্তত্ত্ব ধীরে ধীরে উদ্ভাসিত। ইয়েছে শিল্পীর অপূর্ব বাত্দণ্ডের স্পর্শে। বিরুদ্ধতার মধ্যে প্রেমের প্রকাশ, আবাতের বিনিময়ে প্রভ্যাঘাত লাভ, শক্রতার মধ্যে কল্যাণ কামনা এই আপাত-

সংঘাতের মধ্যে রমা ও রমেশের প্রেমজীবনের প্রকাশই শরৎচক্তের শিল্প-চাতুর্বের শ্রেষ্ঠ নিদর্শন। এই বিশ্লেষণ, এবং অকথিত, অপ্রকাশ্ত প্রেমের প্রকাশভদি পরিণত প্রতিভার সৃষ্টি। রমা বিদায়মূহুর্তে তার শ্রদ্ধা ও প্রেম দিয়ে সমস্ত অক্ষমতাকে एएक निरंत्र महित्रमी हरत উঠেছে। বিশেশরী বলেছিলেন,—"ভগবান তাকে এত রুণ, এত গুণ, এত বড় একটা প্রাণ দিয়ে সংসারে পাঠিয়েছিলেন এবং কেনই বা বিনাদোষে এই তু:খের বোঝা মাথায় দিয়ে আবার সংসারের বাইরে ফেলে मितन ?" (२।२४१) এकथा नंतरहास्त्रत, वित्यमंत्रीत मृत्य श्रकानिज हासाह माछ। শরংচন্দ্র "সাহিত্যে আর্ট ও তুর্নীতি"তে রমা রমেশ -প্রসঙ্গে বলেছেন,—"কিন্তু হিন্দু সমাজে এ সমাধানের স্থান ছিল না। তার পরিণাম হল এই যে এত বড় प्रशेषि महाश्रान नवनाती कीवतन विकल, वार्थ ७ शकू हात्र त्नन।"-- धमनि क'त्न खहात জীবনও বার্থতায় অভিশপ্ত,—এই অপ্রকাশিত প্রেমের বার্থতার বেদনা রমাও রমেশের বুকে আশ্রয় নিয়েছে। অপ্রকাশ্ত অকথিত প্রেমাফুভৃতির স্পর্শ শরং-প্রতিভাকে তীব্রতা ও তীক্ষতায় সঞ্জীবিত করে তোলে, কারণ এইই তাঁর চিত্তর্তির বৈশিষ্ট্য। কাহিনীর অন্তান্ত সমস্ত চরিত্রই পার্শ্ব চরিত্র। তাঁরা সমবেত ভাবে একটা পটভূমি সৃষ্টি করে রমাও রমেশের চরিত্রকে পরিচছর মৃতি দিয়েছে। বিখেশরী কাহিনীর অনেকথানি জুড়ে আছেন কিন্তু তিনি ব্যাথ্যাকার হিসাবে লেথকের প্রতিনিধিত্ব করেছেন মাত্র। একটা বিশিষ্ট চরিত্রব্ধপে তাঁর পরিণতি ঘটে নি। যে নীতি তিনি প্রচার করেছেন, রমেশকে গ্রহণ করতে বলেছেন, সে নীতিবাদকে আশ্রম করে তিনি বলিষ্ঠ চরিত্র হিসাবে প্রতিষ্ঠা লাভ করেননি। সমাজ ধর্ম ও সত্যকে ত্যাগ করে অর্থহীন সংস্থারকে আঁকডে পড়ে আছে একথা তিনি বার বার বলেছেন কিন্ধু নিজের জীবনে সতা ও ধর্মকে আশ্রয় করে সংস্থারকে ভাঙতে চেষ্টা করেননি, এমন কি তাঁর ত্রাত্মা পুত্র বেণীকেও সংযত করতে চেষ্টা করেননি। লেখক তাঁকে ব্যাখ্যাকার হিসাবেই স্বষ্ট করেছেন এবং তিনি তাই-ই রয়ে গেছেন। যতীনের ভার রমেশের উপর ছেড়ে দিয়ে তাকে তাঁর মত ক'রে তুলতে রমা যে অহুরোধ করেছিল, সেই অহুরোধই রমার অন্তরকে আকমিক আলোকে উজ্জল ক'রে রেখে গেছে।

চরিত্রহীন শরংচন্দ্রের সর্বাপেক্ষা বেশী আলোচিত উপস্থাস। এই চরিত্রহীনই তাঁর পরিণত প্রতিভার প্রথম দান। এই উপস্থাসখানি আলোচনা প্রসঙ্গে কয়েকটি কথা মনে রাখা প্রয়োজন। চরিত্রহীন রেঙ্গুনের ছন্নছাড়া উচ্ছুঙ্খল জীবনের অভিজ্ঞতার পরে এবং বিদেশী সাহিত্য, দর্শন ও বিজ্ঞান প্রভৃতি পড়াভানার পরের লেখা। এই উপস্থাসখানি লিখবার পূর্বে তিনি বছ কুলত্যাগিনী নারীর ইতিহাস সংগ্রহ করেছিলেন। (৩৬০) এই সংগ্রহ ও চরিত্রহীনের পাণ্ড্লিপি আগুনে পুড়ে যায়। পঞ্চ সংশ্বরণের ভূমিকায় তিনি বলেছেন যে, চরিত্রহীনের প্রথম অংশ

জ্ববর্ষের লেখা, বর্তমান সংস্করণে গল্পের পরিবর্তন না করে সংশোধন করেছেন। যদি আগুনে পুড়েই গিয়ে থাকে তবে চরিত্রহীন স্বধানিই এই ব্যুসের লেখ:— গ্রুটা হয়ত জ্ববয়নের সৃষ্টি।

প্রমণবাবৃকে লেখা (জৈ। ১৩২০) পত্রে শরংচন্দ্র লিখেছিলেন, "এ একটা Scientific, Psychological and Ethical Novel: আর কেউ এ রকম করিয়া বাংলায় লিখিয়াছে বলিয়া জানি না। এইতেই ভয় পেলে ভাই ? কাউণ্ট টলস্টয়ের রেজারেকসন পড়েছ কি? His best book একটা সাধারণ বেখাকে লইয়া।"আমি উলঙ্ক বলিয়া artকে ঘুণা করিতে পারিব না, তবে য়াতে এটা in the strictest sense moral হয় ভাই উপসংহার করব।" (৩৬১)

চরিত্রহীন লিখবার পূর্বে শরৎচন্দ্র একদিকে স্পেন্সারের দর্শন ঘারা প্রভাবিত, অক্স দিকে রাশিয়ান সাহিত্যের সঙ্গে বিশেষভাবে পরিচিত হয়েছিলেন এবং টলফরের আর্ট-সম্বন্ধে ধারণাও হয়ত তাঁর মধ্যে প্রভাব স্কৃষ্টি করেছিল। না করলেও তাঁর রচনা যাতে সমাজ-কল্যাণের পরিপন্থী না হয় সেদিকে সচেতন ছিলেন। ডিকেন্সের উপক্যাসও তিনি পাঠ করেছিলেন। বিশেষতঃ বাংলার সেই প্রথম শিল্পায়নের মৃগের সঙ্গে ডিকেন্সের মৃগের অনেকথানি সাদৃষ্ঠ ছিল। যথন সমাজ-জীবনকে কেন্দ্র করে ব্যক্তিজীবনে সংঘাত স্কৃষ্টি হয়েছে সেই মৃগের মাহৃষ তৃই-জনেই। তথন জীবনের মৃল্যায়নের পরিবর্তন হয়েছে—নৃতন সমাজ স্কৃষ্টি হতে চলেছে। ভিক্টোরিয়া যুগের পতিতার প্রতি সম্বেদনাও চরিত্রহীনে দেখা যায়।

শক্ষান্তরে ফ্রায়েতীয় মনন্তব্বের তত্ত্ব তথনও এদেশে আসেনি। এই নৃতন তত্ত্ব ইংলণ্ডেই প্রথম প্রচার লাভ করে ১৯১২ সালে। তার পরে প্রথম বিষয়ুদ্ধের পরে ইংরাজি ভাষার মাধ্যমে বাংলাদেশে এই তত্ব পরিচিতি লাভ করে। শরৎচক্র এই নৃতন মনন্তব্বের অর্থাৎ চেতন, আচেতন, অবচেতন মনের অন্তিম ও প্রক্রিয়ার সম্বন্ধে অবহিত ছিলেন না এটা অনুমান করা অসক্ত নয়।

ইউরোপীর উপতাস সাহিত্যের ইতিহাসে দেখা যায়,—একটা যুগ ছিল যখন ঘটনা চরিত্র সৃষ্টি করতো এবং তার পরের যুগে চরিত্রই ঘটনা সৃষ্টি করেছে। তার অর্থ, ব্যক্তি আপনার স্বাডন্ত্রা ও বিশিষ্ট চিত্তর্ত্তি নিয়ে সংসারে চলেছে এবং তার এই চলার পথে সংঘাত সৃষ্টি হয়েছে ব্যক্তির সন্দে, পরিবেশের সৃদ্দে এবং আপন-মনে। এই সংঘাতই ঘটনাপ্রবাহ সৃষ্টি করেছে অথবা ঘটনাপ্রবাহ সৃষ্টি হয়েছে চরিত্রের চিত্তলোক বিশ্লেষণ ঘারা এবং তাই-ই উপত্যাসের কাহিনী।

ইউরোপীর সাহিত্যেও দেখা যার প্রথম যুগে যৌনপ্রেম বা জৈবাবেগ সাহিত্যের অকীভৃত ছিল না,—পরে যৌনপ্রেম সাহিত্যের বিষয়বস্তার অন্তর্গত হয়। এই জৈবাবেগ (Passion) পাশ্চাত্য বাত্তববাদী সাহিত্যের প্রাণকেন্দ্র। অর্থাৎ এই যুগের স্রষ্টাগণই প্রথম সম্পাময়িক জীবন-নীতিকে অফুকরণ না করে

⁽৩৬১) Ibid-অবিনাশ ঘোৰাল--পৃ ৫৬-৭٠

প্রকৃতিকে—সভাব প্রবৃত্তিকে, অসুসরণ করেছিলেন। এই নৃতন দৃষ্টিভদির ফলেই প্রচলিত সমাজ-নীতি-ধর্মের উধেব মাহ্বের, ব্যক্তির, মানব-অস্করের নৃতন মূল্যায়ন ফুরু হয়।

সাহিত্যের এই স্কীধারার প্রথম প্রকাশ হয়েছে শরৎচক্রে। অবশ্র রবীক্রনাথের গোরা, চোথের বালি, ঘরে বাইরেও এই নৃতন ম্ল্যায়ন প্রত্যক্ষ হয়েছে
কিন্তু রবীক্রনাথ সৌন্দর্বধর্মী (aesthetic) এবং শরৎচক্র বিশ্লেষণ ও উদ্দেশ্রধর্মী
(analytical and purposive)। রবীক্রনাথ চলতি নীতিবাদের মূল্য বিচার
করেছেন এবং শরৎচক্র অধিকতর বাস্তবধর্মী বলে শুধু মূল্যই বিচার করেননি,
প্রতিবাদ করেছেন।

যাই হোক, নৃতন ভাবধারার আবির্ভাবে শরৎচন্দ্রের মধ্যে ব্যক্তির মূল্যায়ন হ'য়েছে চলতি সমাজনীতি ও নীতিবাদ নিরপেক্ষভাবে এবং নিস্পৃহভাবে। কিন্তু এই মূল্যায়নই তুলনামূলকভাবে সমাজনীতির মূর্ত প্রতিবাদরূপে পাঠকচিন্তকে অধিকার করে। পাশ্চান্ত্য ভাবধারার মধ্যেও একটা প্রাচ্যত্ম শরৎচন্দ্রের স্প্তিকে পাশ্চান্ত্য সাহিত্যধর্ম থেকে অত্যন্ত পৃথক ও ভিন্ন করে রেখেছে। শরতোত্তর ব্যের সাহিত্যে এই প্রাচ্যত্মর অভাবই বাংলা সাহিত্যকে জাতিচ্যুত করেছে এবং তারই ফলে চরিত্রগুলি স্বাভাবিকত্ম হারিয়ে কিদেশীগন্ধী হয়ে সাহিত্যকে স্বধর্মচ্যুত করেছে। শরৎচন্দ্রের এই প্রাচ্যত্ম অর্থে ত্যাগধর্মীতা—যে প্রেম কল্যাণময় নয়, যে প্রেম কেবলমাত্র আত্মকেন্দ্রিক ও নিরস্কৃশ ব্যক্তিবাদের বৃভূক্ষা তাকে তিনি স্বীকার করেননি, তাকে শান্তি দিয়েছেন কঠোর হস্তে—এইটিই শরৎচন্দ্রের সংরক্ষণশীল মনের পরিচায়ক। তিনি বিজ্ঞাহ ধারা ধ্বংশ করতে চাননি, আবেদন ঘারা সমাজকে সংবেদনশীল করতে চেয়েছেন।

চরিত্রহীন, মাহবের বিচিত্র জটিল প্রেমজীবনের আলেখ্য। বিচিত্র মানব মন, তার বিশেষ চিত্তর্ত্তি নিয়ে জগতের প্রাস্তরে সংঘাত স্পষ্ট করেছে—বেদনা আনন্দ ত্থেই জীবনবৈচিত্র্য। এই সংঘাতজ্ঞর্জর মানব-অস্তরের চিরস্তন বেদনা ফুটে উঠেছে তাঁর এই জীবনচিত্রণে। একদিকে সাবিত্রী-সতীশ-সরোজিনী, অক্সদিকে স্বরালা-উপেন-কিরণময়ী, কিরণময়ী-দিবাকর। সাবিত্রীর প্রেম কল্যাণময়, যে প্রেম প্রেমাম্পদের মন্দলেই প্রেমাম্পদকে ত্যাগ করে, স্বরবালার স্থামীপ্রেম প্রাচ্য সীতা-সাবিত্রীর আদর্শগত জৈবাবেগহীন আত্মনির্ভর্তা, আত্মসমর্পণ, কিরণময়ীর প্রেম জৈবাবেগ প্রদীপ্ত ব্যক্তিরার অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম,—এই সংগ্রাহের মধ্যে উপেন নৈতিকশক্তির প্রতীক, নীতিবাদের প্রতীক। উপেনের জীবনবোধের ত্লাদণ্ডে বিচার হ'রেছে অন্তের জীবন—মৃত্যুর পূর্বে সংস্কারবর্জিত উপেন সত্যের মাপকাঠিতে বিচার করেছে ধর্ম ও মহয়ত্বকে—থাটি প্রেমকে।

সাবিত্রী মেসের ঝি হলেও স্রস্তার অন্তর্মধাসিক্ত একটি অনবছ চরিত্র। ঝি হ'লেও তার মধ্যে দাসীবৃত্তি নেই,—মাতৃস্থলভ একটা সেবাবৃত্তি ও নিম্পালক সভর্কতা সর্বদাই কল্যাণ হস্ত প্রসারিত করে দিয়েছে। নারীজ্বের সঙ্গে অচ্ছেন্ডভাবে বিজ্ঞড়িত একটা মাতৃরূপ,—দেবাবৃত্তির মাঝে প্রেমের প্রকাশ ভারতীয় চিত্তের দান। আজকার সাম্যের যুগে নারী পুরুষের সঙ্গে সাম্য দাবী করেও সেবাবৃত্তিহীন নারীত্বকে গ্রহণ করেনি। সতীশ সাবিত্রীর প্রাথমিক হান্ত পরিহাস, প্রভুভুত্যের সম্পর্ক ও অসমীচিন ব্যবহারের মাঝে আকস্মিকভাবে সাবিত্রী প্রথম প্রেমের স্বাদ লাভ করল এবং এই প্রেমের প্রথম পরিচয় হল তার আত্মসংঘ্যে। এই আত্মসংষ্ত প্রেমের কল্যাণরূপ সতীশের চারিপাশে কঠোর হিতৈষণা ও মঙ্গলেচ্ছা রূপে দেখা দিল। এই প্রেম চায়নি কিছু, দিতেই চেয়েছে—এই দেওয়ার তুরীয় স্মানন্দে পূর্ণতা চেয়েছে। সেইজ্বলেই লেখক সাবিত্রীর রূপ সম্বন্ধে নির্বাক, কেবলমাত্র ভক্ত বেহারীর মুখের কথায় বোঝা যায় সাবিত্রী অন্ততঃ কুরূপা নয়। সাবিত্রীর সৌন্দর্য সম্বন্ধে এই নীরবতা সাবিজ্ঞীর প্রেমকে জৈবাবেগবঞ্চিত করে প্রাচাত দান করেছে। এই কল্যাণকামী প্রেমই সতীশের আসজি ও লালসাকে প্রতিহত করেছে তারই জন্তে, তারই শুভবুদ্ধি উদয়ের প্রচেষ্টায়। সাবিত্রীর এই কঠোর আত্মসংযম তাকে মহিয়সী করে তুলেছে—আপনার জীবনকে রিক্ততায় নি:শেষ করে সতীশের জীবনকে সে পুষ্পিত করতে চেয়েছে। এই প্রচেগ্রাকে সার্থক করতে হীন কলঙকে মাথা পেতে নিয়ে, অপমান অমর্থালা ও বেদনার অঞ্চকে সংবৃত করে স্বেচ্ছায় সে সরে দাঁড়িয়েছে সতীশের জীবন থেকে। অথচ অজ্ঞাতবাস থেকে কল্যাণ কামনা বর্ষিত হয়েছে অঝোরে,—রোগে, শোকে সে সমস্ত ত্যাগ করে ছুটে এসেছে সতীশের পাশে। তার প্রেম, তার জীবনের সমস্ত চাওয়া ও পাওয়াকে, তার অস্তরের আবেগকে কঠোর সংযমে সে নিপিষ্ট করেছে স্পতীশের মন্দলের জন্তে। কারণ সে-ই সভীশকে বলেছিল, "আমি ত জানি শ্রদ্ধা ছাড়া ভালবাসা দাঁড়াতে পারে না। সমাজ যে স্ত্রীকে তার সম্মানের আসনটি দেয় না. কোন স্বামীরই সাধ্য নেই নিজের জোরে সেই আসনটি তার বজায় করে রাখেন। ওগো, এ অসাধ্য-সাধনের চেষ্টা ক'রো না।" (১১।৩৪৪)

এই প্রেমের শুল্র স্থন্দর রূপটিকে পীড়িত উপেন যেদিন পুরীর রোগশয়ায় আবিদ্ধার করলো সেদিন সত্যধর্মী নৈতিক শক্তি তারস্বরে বলে উঠল, "ভাল কর নাই উপেন ভাল কর নাই। যে নিরুপায় নারী এতবড় প্রলোভন অনায়াসে জয় করিয়া চলিয়া থাইতে পারে, তাহাকে অপমান করার তোমার অধিকার ছিল না।" (১১।৩২৮)

সাবিত্রীর কঠোর আত্মসংষম, আত্মনিগ্রহ, প্রেমাস্পাদের জন্মেই তাকে ত্যাগ, তার সেবাধর্ম, তার আত্মাভিমানশৃদ্ধ আত্মমর্মণ বেদিন মরণাণর সতীশের শহ্যাপার্শে নিঃসন্দেহে প্রমাণিত হল সেইদিনই উপেল্রের ভরি হিসাবে তার নৈতিক জয় ঘোষিত হল। সমাজ-সংস্কারের উপের্ব প্রেমের কল্যাণরপকে, ক্লত্যাগিনী সাবিত্রীর অস্তর-শুচিতাকে স্বীকৃতি দিয়ে উপেনই মানবতার জয় ঘোষণা করল। এই-ই মহত্ম স্বীকৃতি, কারণ এই উপেনই একদিন ম্বণার বিষ্বাস্পে তাকে ভূশ্পিত করে দিয়েছিল। সমাজ, সংস্কার, ধর্ম সমস্ত বিচারের উপের্ব সাবিত্রীর এই মহৎ

ছাদয়কে শরৎচক্ত তুলে ধরেছেন মানব হাদয়ের সামনে—একে বিচার করো, ক্ষমা করো, ভালবাসো।

সাবিত্রীর অস্তর-সংঘাতের মূল স্ত্র তার ভারতীয় ঐতিহাগত সংস্কার, তথা মানসিক বাধ ও জৈবাবেগপ্রস্ত প্রেমের সংগ্রাম। নিজের ব্যক্তিগত স্থধ হংথ আর প্রেমাস্পদের স্থধ হংথের তুলনামূলক বিচারে তার অস্তর বেছে নিয়েছে ত্যাগর্ত্তি, এবং এই ত্যাগর্ত্তিই উপেন্দ্রের হৃদয় জয় করে তার নৈতিক জয় ঘোষণা করেছে। বিদায়ক্ষণে সাবিত্রী বলেছিল, "এই দেহট। আজও আমার নষ্ট হয়নি বটেএ দিয়ে আর যারই সেবা চলুক, তোমার পূজা হবে না।এড ভাল যদি না বাসতুম, হয়ত এমন করে তোমাকে আজ আমায় ছেড়ে যেতে হড না।" (১১।৩৪৫)

ভাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় সাবিত্রী-সভীশের মেস-জীবনের প্রসঙ্গে বলেছেন, "মনে হয় যেন বাস্তবভার ঠিক মর্মন্থলে অবাস্তবভার একটা স্ক্রেভর স্পর্শ দানা বাঁধিয়াছে।" অশিক্ষিত বেহারী ও বাম্নঠাকুর এই প্রেমের আবির্ভাবকে যে দেবত্ব আরোপ করেছে, তার অবাস্তবভা অত্বীকার করা কঠিন তবে এইটুকু বলা যার, মামুষের মনে সহজ প্রবৃত্তিজাত একটা স্বজ্ঞা আছে যা আয়নার মত মামুষের ভাল-মক্ষটুকু প্রতিফলিত করে। সাবিত্রীর নিষ্ঠা ও নীরব সেবাব্রত তাদের মনে একটা পবিত্রতার স্পর্শ দিতে পারে একথা অত্বীকার করা যায় না। পরীক্ষা ছারা দেখা গেছে একসঙ্গেই হয়ত কয়েকটি নারী চোখের সামনে দেখা দিল, তার মধ্যে একজন দর্শকের চিত্তে কাম-চৈত্তা জাগিয়ে দিল অল্কেরা দিল না। মানবমনের এই প্রতিফলন ক্রিয়া সর্বদাই অলক্ষ্য জগতে চলেছে। ভক্ত বেহারীর অস্তরে এই পবিত্র প্রেমের জয়গান ধ্বনিত হওয়াটা তাই খুব অত্বাভাবিক বা অসম্ভব নয়।

কিরণমনী চরিত্রটি জটিল—বাংলাসাহিত্যে ন্তন এবং অত্যন্তুত স্ঠি। এই চরিত্রটি ঠিক বালালী ঘরের ঐতিহ্য ও সংস্কৃতিবহ নন্ন,—সংস্কারমূক্ত জৈবাবেগ-সমৃদ্ধ ব্যক্তিশাতস্ত্রো শক্তিমান একটি নারীচরিত্র। শরংচন্দ্রের গভীর অস্তরদৃষ্টি ও বীক্ষণশক্তি দত্তেরভন্ধির মত ফ্রন্থেভীয় মনন্তব্রের পূর্বেই অচেতন মনের একটা স্কর্মণ উপলব্ধি করেছিল। কিরণমনী চরিত্র অচেতন মনচালিত একটি চিন্ত-বিকারগ্রন্থ নারী। তার জৈবাবেগ ও কামচেতনা ব্যাহত হয়ে, খণ্ডিড হয়ে, অচেতন মনে বিক্রতির স্ক্টেকরেছিল। এই বিক্রতিচালিত কিরণমনীর চরিত্র তাই অনেক ক্ষেত্রে অন্তুত, সামঞ্জভানীন কিন্তু সম্পূর্ণ বাস্তব, স্বাভাবিক ও তেজ্ঞাদৃপ্ত।

কিরণময়ী কয়েকবারই মৃর্চ্ছিত হয়েছে অধাৎ হিষ্টিরিয়াগ্রস্ত। মনস্তত্ত্বের দিক থেকে হিষ্টিরিয়া দমিত কাম নারীদেরই মনোবিকার। এই মনোবিকারই দৈহিক বিকারে পরিণত হয়। শরৎচক্র বার বার বলেছেন কিরণমন্ত্রী অসামান্ত্রা স্থান্দরী এবং সে সৌন্দর্য সহজে সে সচেতন। স্থানীর নিকট যে শিক্ষা সে পার তাতে সে নিরীশ্বরবাদী ও যুক্তিবাদী হয়ে ওঠে—সমাজ সংস্কার ধর্মের বাধ তার কৈবাবেগকে মন্ত্রমুশ্ধ করেনি। মুক্ত এই জৈবাবেগ ও কামচেতনা স্থানীর স্থবির

মনোর্ভির ঘারে প্রহত হয়ে নিম্পিট্ট হয়েছে। এই নিম্পিট্ট কৈবাবেগ তার ভৃথি খুঁছেছে নানা ভাবে, নানা লোককে কেন্দ্র করে। স্বামীদেবায় এবং অনম ভাজার, উপেন, দিবাকরকে ঘিরে এই কামনা ভৃথি চেয়েছিল কিছু তা হয়নি বলেই হিষ্টিরিয়া রোগীর রোগ উন্মন্তায় প্রবসিত হয়।

কিরণমনী যে যুক্তির জালে বেদ-উপনিষদ রামান্নণ-মহাভারতকে নস্তাৎ করে দিয়েছিল, যে যুক্তির জালে দিবাকরকে প্রেমের প্রকৃতি, তুর্বার শক্তি ও স্ষ্টের প্রেরণাজাত প্রেমই প্রেম বলে প্রমাণ করে তাকে অভিভূত করেছিল এর সবই হার্বাট স্পোলারের দার্বিক বিবর্তনবাদের যুক্তি। স্পোলারের দর্শন কিরণমন্ত্রীর মুখ দিয়ে শরৎচন্দ্রই বলেছেন।—কিরণমন্ত্রী তর্কস্থলে বলেছিল, "আমরা যথার্থ অস্তায় তথনই করি, যথন কাহাকেও স্তায়্য অধিকার হইতে বঞ্চিত করি। স্তরাং, কোন কাজে প্রব্র হইবার পূর্বে ইহাই দেখা প্রয়োজন যে, কাহারো সত্যিকার অধিকারে হাত দিয়েছি কিনা।" (১১৷২৬৫)

Spencer defines justice as "The right of each man to do as he pleases so long as he does not trespass upon the equal freedom of every other man,"—Wright p. 472.

গৃহত্যাগের পরে অন্তপ্ত দিবাকরকে সে বলেছে,—"এতটা মন ভারি করে থাকবার প্রয়োজন হত না ঠাকুরণো, যদি একবার এই কথাটিই ভেবে দেখতে যে আমাকে বাড়ীর বাইরে এনে কারে। সত্যিকার অধিকারে পা দিয়েছ কিনা।" (১১-২৬৫)

নারার রূপ প্রসঙ্গে কিরণমধী বলেছিল, "ততক্ষণই তার রূপ যতক্ষণ সে স্পষ্টি করতে পারে। এই স্পষ্টি করবার ক্ষমতাই তার রূপ-যৌবন, এই স্পষ্টি করবার ইচ্ছাই তার প্রেম।……দেখতে পাবে এর প্রতি অগুপরমাণু নিরস্তর আপনাকে নতুন করে স্পষ্টি করতে চায়। কেমন করে সে নিজেকে বিকাশ করবে……। কি করলে সে আরও সবল আরও উন্নত হবে, এই তার অক্লান্ত উত্তম।" (১১।২৩৬)

"Spencer thinks that the continuous functioning of organisms precedes and produces their structures. Ibid"—p. 468.

প্রেমের প্রদক্ষে দে বলেছিল, "যে দেহে তার জন্ম,দেই দেহের মধ্যে যথন তার পরিণতির নির্দিষ্ট দীমা শেষ হয়ে যায়, তথন দেই তার যৌবন। তথনই দে তথু অন্ত দেহদংযোগে অধিকতর সার্থক হবার জন্তে শিরায় উপশিরায় বিপ্লবের তাণ্ডব স্প্টি করে, তাকেই পণ্ডিতদের নীতিশাল্রে পাশবিক বলে গ্লানি করা হয়।এত বড় আকর্ষণ কোন মতেই হেয়, অমন ছোট হতে পারে না।" (১১) ১৩৮)

"No organism could have survived and left descendants, if it had found pleasure in actions unfovourable to its struggle for life...... Spencer was among the first to realise that the original impulses to associate life among human beings were not

the product of deliberate reasoning but the conscious fruition of much older feelings inherited from animal ancestors." Ibid—p. 420.

ব্যক্তিমাণীনতায় বিশাসী কিরণময়ীর এই নি:সংখাচ বাধ-হীন কামচেতনা रबोबरनद बारत এरम नर्वारभक्का रबनी निष्पिष्ठे इरविष्ठल निन्भुट चामीत नीर्घ রোগভোগে। দমিতকাম, নিপিট-জৈবাবেগ এই নারী তাই ক্রণের আলো জানিয়ে পতক অনক ডাক্টারকে আহ্বান করেছিল—কিন্তু সে তার মধ্যে আত্মতপ্তি খোঁজেনি,—কামনাকে প্রক্ষেপ করে আনন্দ পেতে চেয়েছিল। ঠিক এই মৃহুর্জেই সতীশ আর উপেন এসেছিল বলেই তাদের প্রথম পরিচয় কেমন একটা প্রীহীন অবস্থার স্ষ্টে করেছিল। সভীশের সঙ্গে পরিচয়ের মাধুর্যে ও উপেক্সের অতুলনীয় পত্নীপ্রেমের কাহিনী শুনে তার কামচেতনা নৃতন পথ গ্রহণ করেছিল। সে তথন অনুষ্ঠ ভাক্তারকে প্রত্যাখ্যান ক'রে, সর্বান্তঃকরণে স্বামীসেবায় আত্মনিয়োগ করে। উপেন-স্থরবালার দাম্পত্য জীবনকে সে নিজের মধ্যে সম্ভব করে তুলতে চেয়েছিল কিছ তা সম্ভব হয়নি। স্বামীর মৃত্যুর পর অক্সাৎ তার এই নিশিষ্ট যৌনাবেগ উপেন্সকে কেন্দ্র ক'রে প্রবাহিত হল। ব্যক্তিস্বাতন্ত্রোর স্পর্ধায় স্পর্ধিত, যুক্তিবাদের শানিত মন্তিষবৃত্তির শক্তিতে শক্তিশালিনী কিরণময়ী যেদিন ঈর্যা ও আবেগ-মথিত অন্তরে স্থরবালাকে যাচাই করতে গিয়ে তাঁর একান্ত আত্মসমর্পণ ও যুক্তিহীন বিশাদপ্রবণতার কাছে পরাজিত হয়ে ফিরে এলো, দেইদিনই তার আহত অস্তর নি:সঙ্কোচে, অনাবৃত ভাষায়, সুস্পষ্ট ভঙ্গিতে, নির্ভীক অকুষ্ঠিত অরমণীস্থলভ প্রেম নিবেদন করে আপনার তুর্জয় কামনাকে নিছায়িত করে দিল। উদগ্র অসংরত জৈবাবেগ যেন স্থাবালার আঘাতে সমস্ত সম্ভ্রম সৌজন্ত ও সংকোচকে অতিক্রম করে উন্নাদ ভাবে কিরণময়ীকে অসামাশ্র তেজোদৃপ্ত ব্যক্তিরূপে প্রতিষ্ঠিত করলো। এই নগ্ন ব্যক্তিত্বের বিচিত্র বিকাশ বাংলা সাহিত্যের এক নব্যুগের পথিকং। এই নিঃসঙ্কোচ অকুষ্ঠ আবেগের প্লাবনে অকলম্ব চিরপবিত্র উপেন্দ্রের নৈতিক শক্তি ভেলে গিয়ে, কিরণমনীর অস্তরের হুর্ভর বেদনার স্বীকৃতিম্বরূপ দিবাকরকে তার হাতে সমর্পণ করেছে।

সরলচিত্ত অপরিণত তরুণ দিবাকর এই শক্তিশালিনী বৃদ্ধিদীপ্ত কিরণমন্ত্রীর আশ্রেরে এনে, তার যুক্তিভালের শরাঘাতে ছিন্ন ভিন্ন হয়ে গেল,—তার সংস্কার, শিক্ষা, বিখাস, নীতিবোধ সবই কুরাশাবৃত হয়ে কিরণমন্ত্রীর পায়ে আত্মসর্পণ করলো। সাহিত্যচর্চাকে কেন্দ্র করে প্রেম, রূপ, যৌবন নিমে যে তীত্র তীক্ষ বৈজ্ঞানিক যুক্তি ও রসালাপ ক্ষক হল, তার পিছনে ধীরে ধীরে উভয়েরই আসক্তি মাধা তুলে দাঁড়ালো। কিরণমন্ত্রী স্প্রীর প্রেরণাজাত জৈব মিলনাকাজ্জাকেই প্রেম বলে চিহ্নিত করলে দিবাকরের স্থানীয় প্রেমের রঙীন ছবি ঝাপসা হয়ে তাকে কাম-সচেতন করে তুলল। কিরণমন্ত্রীর অতুল রুণরাশি একদিন বিহ্নল দিবাকরকে বলল,—"একবার নিজের বুকে হাত দিয়ে দেখা দিকি, একটা ভ্যানক কথা ওধানে

তোলপড়ে করে বেড়াচ্ছে কিনা ? কিছু তুমি বুক ফুটে না বললে আমিও বলচিনে, এতে আমারই বুক ফাটুক, আর তোমারই বুক ফেটে যাক।"

"আজিকার এই পরিহাস, এ স্পর্শ তাহার কানের ভিতর দিয়া সর্বাচ্ছের স্নায়্ শিরায় যেন প্রজ্ঞালিত তড়িং-প্রবাহ সঞ্চারিত করিয়া দিয়া গেল।" (১১/২৪৩)

অক্সাৎ উপেন্দ্রের আগমন, দিবাকর-কিরণময়ীর এই অবাস্থিত ঘনিষ্ঠতার আবিষ্কার, কিরণময়ীকে কঠোর তিরস্কার ও দিবাকরকে স্থানান্তরে প্রেরণের প্রস্তাব এই "সঞ্চারিত তড়িৎ প্রবাহকে" আক্সিক ভাবে বৃদ্ধিঅংশ করে দিল। উপেন কিরণময়ীর ছোয়া খাবার থেতে অস্বীকার করায় কিরণময়ী সর্পিনীর মত ফুঁসিয়ে উঠে বলেছিল, "সেদিন যথন নিজের মুধে তোমাকে ভালবাসা জানিয়েছিলুম, তথন ত আমার দেওয়া খাবারের থালাটা এমনি করে ঘুণায় সরিয়ে রাখো নি! নিজের বেলা বৃদ্ধি কুলটার হাতের মিষ্টান্নে ভালবাসার মধুবেশি মিঠে লাগে ঠাকুরপো?" (১১৷২৪৯)

এই অন্তায় অদহ আঘাতের প্রতিবাদে সংস্কারহীন ক্রোধোনতা ভূজদী, সমস্ত হৃদয়কে বিসর্জন দিয়ে প্রমন্ত আবেগে উপেক্সের বলিষ্ঠ বৃকে ছোবল দিতে বদ্ধপরিকর হয়ে দাঁড়ালো এবং কাঁচপোকার মত নিরীহ পতঙ্গ দিবাকরকে টেনে আরাকানে নিয়ে গেল।

"রাত্রে উভরে পাশাপাশি শয়ন করিল। অদৃষ্টের ফেরে সর্বন্ধ দান করিয়া হরিশ্চন্দ্র যেমন করিয়া চণ্ডালের হাতে আপনাকে সমর্পণ করিয়াছিল, তেমনি ঘুণায় দিবাকর কিরণময়ীর শয়্যাপ্রাস্তে আত্মসমর্পণ" (১৯২৫৯) করবার পরে কিরণময়ী প্রথম ব্যলো, সে প্রকৃতির বিরুদ্ধে, প্রবৃত্তির বিরুদ্ধে, হৃদয়ের বিরুদ্ধে উন্মাদের মত বিপথগামী হ'য়েছে। কল্যাণহীন এই জৈবাবেগের প্রায়শ্ভিত্ত আরম্ভ হল আরাকানে। কামিনী বাড়ীউলীর ধরিদার আনয়ন ও বের্শ্রেসম্ঘোধন ও মৃর্ছার মধ্যে হল তার চরম প্রায়শ্ভিত্ত এবং এই চরম ঘূর্দিনের অন্ধনারে মৃত্তির প্রদীপ নিয়ে উপস্থিত হল সতীশ। পরম প্রেমাশ্পদ উপেনের মৃত্যুকে কেন্দ্র করে এই ধর্ম-সমাজ-নীতিবর্জিত স্বাধীন ব্যক্তিবাদের পরম শান্তি হল মন্তিক্ত্বতে।

ত্যাগধর্মী কল্যাণময় সাবিত্রীর প্রেম নৈতিক জরলাভ করলো উপেজ্ঞের ভিন্নিরপে, ভোগধর্মী নীতিধর্ম বিবর্জিত কিরণমন্ত্রীর জৈবাবেগ ও যুক্তিবাদ, তার যৌনচেতনা চিত্তবিকারের মধ্যে জীবনের প্রায়শ্চিত্ত সমাধা করল। যুক্তি ছারা প্রবৃত্তি সংকোচন হয় না, ধর্মনীতি ব্যতীত জৈবাবেগ কল্যাণময় হয় না, হৃদরহীন যুক্তি জীবনকে আনন্দ দের না, ত্যাগ ব্যতীত মানবতা অর্জন হয় না। তাই হৃদয়হীন যুক্তিবাদের এইই-পরিণতি। চরিত্রহীন তাই Psychological and Ethical Novel এবং তার উপসংহারও "in the strictest sense moral." — স্বরবালার সনাতন পাতিব্রত্য ও সীতার মত আত্মমর্পণ ও সহিষ্ণু নির্ভর্মতা হিন্দুস্থানের চিরন্তব আদর্শ, তার কাছে কিরণমন্ত্রীর জালামন্ত্রী জিহবা, উত্তেগ ব্যাক্ল

মৃধর বৈজ্ঞানিক যুক্তি মৃক হ'য়ে গেছে। কিরণময়ীর অভ্যুগ্র আসক্তিও তাই স্থ্রবালার অধিকৃত স্থানটিকে এতটুকু বিচলিত করতে পারেনি বরং এই আসক্তি আহত হয়ে আঠনাদ করে উঠেছে।

পুরুষ চরিত্রের মধ্যে সভীশের চরিত্রটি একটা অনাবিল প্রসন্ধভান্ন পাঠকচিন্তকে পরিতৃপ্ত করে। সমন্ত ক্রটি, তুর্বলভা, সমান্ত বিরোধিভার উধ্বে একটা উদার
মহৎ প্রাণ আশ্চর্য-ভাবে শ্রদ্ধা আকর্ষণ করে এবং তাই সরোজিনীর সচ্ছন্দ স্থাতল
প্রেম-প্রবাহকে আমরা সানন্দে গ্রহণ করি। সাবিত্রীর সামনেই হৃদয়বান এই
ব্যক্তিভটির সঙ্গে সরোজিনীর মিলনকে অনাকাজ্যিত বলে মনে হয় না। তার
স্থাব্যের উদারতা ও মহন্ত ভার সমন্ত ক্রটিকে ঢেকে দিয়ে বাঞ্ছিত করে তুলেছে,
ভাই সরোজিনীও সমন্ত ক্রটি ও বিচ্যুতির বাইরে এই হৃদয়কে সশ্রদ্ধ নমস্কারে গ্রহণ
করেছে। "আসক্তির বন্ধন তোমার জন্মে নয় সাবিত্রী" (১১৩৭১) বলে উপেক্র
ম্থান স্থাময়ী সাবিত্রীকে সভীশের জীবন থেকে সরিয়ে দিয়েছে তথনও পাঠকচিন্ত ব্যথিত হয়নি। সরোজিনীর মতই সমন্ত ব্যর্থতাকে ক্ষমা করে সভীশের
স্থামকে সে জয়ধ্বনি দিয়ে বরণ করে নিয়েছে। সাবিত্রী ও কিরণময়ী উভয়েই বদ্ধ
মানবান্থার নিম্পল ক্রন্দনের তুইটি ভিয়ধর্মী বর্ণাঢ্য আলেখ্য।

শ্রীকান্ত চারণর্বে সমাপ্ত। পঞ্চম খণ্ড লিখবার একটা ইচ্ছা শরৎচন্দ্রের ছিল, কিন্তু তা হয়নি। ১ম ও ২য় পর্ব প্রকাশিত হয় ১৯১৭ এবং ১৯১৮ সালে রচনাকাল ১৯১৫—১৯১৭ ধরা যায়। ৩য় পর্ব ১৯২৭ এবং ৪র্প পর্ব ১৯৩৩ সালে প্রকাশিত হয়। ১ম, ২য় এবং ৩য়, ৪র্থ পর্বের মান্ধখানে যে দশবৎসর ব্যবধান তার মধ্যে লেখকের জীবনে বহু পরিবর্তন হয়ে গেছে,—তিনি তথন খ্যাতনামা পেশাদার সাহিত্যিক। অসহযোগ আন্দোলন হয়ে গেছে এবং তিনি রাজনীতি ক্ষেত্রেও কিছুটা জড়িয়ে গিয়েছিলেন, বিশেষতঃ তথন প্রখ্যাত লেখকের চাহিদা জন্মেছে বাজারে এবং লেখকের জীবনেও অর্থের চাহিদা এসেছে। চারটি পর্বকে একটা ক্ষীণ গর্মের স্ত্রে পরস্পরকে গ্রথিত করলেও, প্রথম দ্বিতীয় পর্বে লেখকের যে মানসলোক প্রতিবিশ্বিত হয়েছে, তৃতীয় চতুর্থ পর্বে তার বিশেষ কিছু আর অবশিষ্ট নেই। শেষ তৃই পর্ব লেখক মানসের পরিবর্তনের সঙ্কে পরেবৃতিত হয়েছে।

শরৎচক্স তাঁর জীবনে বহু নরনারীর অসাধারণ জীবনের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় লাভ করেছেন। শ্রীকান্ত গল্পের নায়ক নয়, শ্রীকান্ত গল্পকার,—তার জীবনের সঙ্গে সংঘাতে ও সংযোগে এই অসাধারণ চরিত্রগুলি ফুটে উঠেছে। এই চরিত্রগুলি স্বই সমাজদৃষ্টিতে নিন্দিত, লোকচক্ষে হেয় কিছু তাদের মধ্যে যে বৃংৎ হৃদয় ছিল, যে অপরিসীম উলারতা ও প্রীতি ছিল শরৎচক্র তাই উল্যাটন করেছেন। শরৎচক্র ভাগলপুরে কৃষ্ণবিহারী গুপ্তকে বলেছিলেন—(১৯১৯)—"আপনারা আমার উপক্রাস পড়তে বসে অন্থ্রহ করে ঘটনা ও পরিস্থিতির ওপর জোর দেবেন না। কারণ আমি ঘটনাকে উপক্রাসের আসল জিনিস বলে মনে করিনে। আমার এক্সাত্র উন্ধেষ্ট চরিত্র সৃষ্টি। তার সঙ্গে ঘটনা আপনি এসে পড়ে, চেষ্টা করতে

হয় না।" (৩৬২) ইউরোপে বান্তববাদী সাহিত্য স্কটির মূল এই চরিত্র স্কটি। শরৎচন্ত্র এই চরিত্রগুলিকে উপযুক্ত পটভূমিকায় আপনার হানয়খন নিয়ে পূর্ণতর ভাবে ফুটে উঠতে দিয়েছেন।

শ্রীকান্ত প্রথম পর্ব জনপ্রিয়তায় শ্রেষ্ঠ এবং অনেকে তাকেই তাঁর শ্রেষ্ঠ স্কট বলে চিহ্নিত করেছেন। প্রথম পর্বের জনপ্রিয়তার বিশেষ মনস্তাত্ত্বিক কারণ বর্তমান। পাঠকচিত্তের দমিত জৈবাবেগ ও যৌনচেতনা সর্বাপেক্ষা বেশী আঅপ্রসাদ লাভ করে একান্ত চরিত্রের সঙ্গে একীভবনের ফলে। মানব-অস্তরের চিরন্তন অভিযান স্পৃহা যেন বড় বেশী তৃপ্তি পায় এই ইন্দ্র ও রাজলন্দ্রীর মধ্যে। অর্থেক রাজত্ব ও রাজকতার ত্বপ্ল সার্থক হয়ে ওঠে রাজলন্দ্রী শ্রীকান্তের প্রেমের মাঝে, তাই পাঠকচিত্তের উদ্বেশ স্তুতি বর্ষিত হয় এই চুইটি চরিত্রকে ঘিরে। কিছ চরিত্রহীনে চরিত্রের যে সার্থক ও স্থলর ক্রমবিকাশ ও বিশ্লেষণ ঘটনার মাধ্যমে তাঁকে স্বসংবদ্ধ উপক্যাসে পরিণত করেছে. সে স্বসংবদ্ধতা ও ঘনত্ব এই শ্রীকান্তে নেই। প্রীকান্ত যেন পৃথিবীর প্রান্তে দাঁড়িয়ে কতকগুলি চরিত্রকে **আকুল দি**য়ে দেখিয়েছেন—যাদের পরস্পর যোগাযোগে কাহিনীর গ্রন্থন ও ঘনতা ঠিক উপস্থাসের নিবিড্তায় পৌছায়নি। পক্ষান্তরে বলা যায়, শ্রীকান্ত-রুদরের কর্মিপাথরে কতকগুলি চলমান নরনারীর হাদয় ক্ষিত হয়ে, তার মূল্য নিরূপিত হয়েছে। তরে ভাষার কারুকার্ষে ও শ্লেষ-বিদ্ধেপের ব্যঞ্জনায় শ্রীকান্ত বর্ণনাদর্শ হিসাবে প্রাভিষ্টিত। বিশেষতঃ এই কাহিনীর বৈচিত্রা ও অপরিচিত অজ্ঞাত সৌন্দর্য পাঠকচিত্তকে মুহুর্তে অভিভূত করে দেয়। ব্যক্তার্লের, হাশ্রবদে অনবত চিত্র,—মেজদাদা, শ্রীনাথ বছরূপী, রয়েল বেষ্টল টাইগার, নতুনদ। প্রভৃতি প্রক্রিপ্ত ঘটনা ও চরিত্রগুলি পাঠকচিত্তে গভীর প্রভাব স্ট করে। এগুলি প্রথম শ্রেণীর শিল্পীর তুই একটি অসম্পূর্ণ অস্পষ্ট রেথায় স্ষ্ট ভাববাঞ্চনাময় অপুর্ব চিত্র।

শরৎচন্দ্রের জীবনীকারগণ ইন্দ্র ও অয়দাদিদি চরিত্র ত্ইটিকে তাঁর জীবনের পরিচিতের মাঝে চিহ্নিত করেছেন। এই চিহ্নিত চরিত্রগুলিই হয়ত প্রষ্টার কল্পনায় অপূর্ব স্থলর হয়ে উঠেছে। শ্রীকান্তের কিশোর মনে যে ত্'টি চরিত্র গভীর প্রভাব বিস্তার ক'রে তাকে নৃতন দৃষ্টি দিয়েছিল, যে দৃষ্টিতে শ্রীকাস্ত সমাজ-সংস্কারের উপের্ব ব্যক্তিকে, ব্যক্তি-স্থায়কে বিচার করতে শিখেছিল সে ত্'টি চরিত্রের মধ্যে প্রথম চরিত্র নিশ্বিত মহাপ্রাণ রামনামের অভেগ্র ক্রচধারী ইন্দ্রনাথ এবং দিতীয় চরিত্র নিশ্বিত ক্লত্যাগিনী অল্পাদিদি—যার সভীত্রবৃদ্ধি, মহাস্থভবতা ও তীক্ষ আত্মসমানবোধ জ্যোভির্ময় হয়ে শ্রীকাস্তের কিশোরস্থাকর আলোকত করে দিয়েছিল।

ইন্দ্রনাথই প্রথম শ্রীকান্তের মধ্যে নির্ভীকতা, ভবঘুরে, ছন্নছাড়া ভাব ও সংস্থারমৃক্ত বিচারবৃদ্ধির বীজ বপন করে। ইন্দ্রনাথ জলের মধ্যে নৌকো ঠেলতে ঠেলতে
বলেছিল—"কিছু না—সাপ।" তার পরে বলল,—"কামড়ালেই বা কি করব। মরতে
ত একদিন হবেই ভাই।"

⁽७७२) Ibid.—श्विनाण (वासाल—१. १०।

"জীবন-মৃত্যুর মুখোমুখি দাঁড়াইয়া এই স্বার্থত্যাগ এই বয়সে কটা লোক করিয়াছে ? অতবড় মহাপ্রাণ ত আর কথনও দেখিতে পাই নাই।" (১।১৮) এই মহাপ্রাণের স্পর্শ শ্রীকাস্তকে হাদয়ের মৃল্য দিতে শিখিয়েছিল—নিন্দিত ইন্ধ্রনাথের সহস্র ক্কান্ধের অন্তর্নালে এই হাদয়েক শ্রীকান্ত শ্রুলা করেছিল—এই হাদয় তার অন্তর্নকে মৃশ্ধ করেছিল। রামনামের কবচ নিয়ে সে নির্ভয়ে চলত সাপথোপ ভৃত প্রেতের মধ্যে—এই-একান্ত নির্ভরতাই তাকে শক্তি দিয়েছিল, নিভীর্কতা দিয়েছিল। ইন্ধ্রনাথই বলেছিল,—"মড়ার আবার জাত কি?" (১।২৭)—তার অকপট বিশাসবশেই সে এই সহজ্ব সত্যকে উপলব্ধি করতে শিথেছিল। এই বিশাসই অন্নদাদিদির প্রকৃত রূপকে তার সামনে উদ্ভাসিত করে দিয়েছিল।

অন্ধাদিদি স্বামীর জন্মেই গৃহত্যাগ করেছিলেন এবং বর্বর হিংশ্র স্বামীর সাথে সাথে সাপুড়ে জীবন যাপনের মাঝে যে তৃংথকষ্ট ও দারিস্তা সহু করেছিলেন সে কথা সমাজ সংসার জানতে পারেনি, জেনেছিল তু'টি কিশোর বালক, প্রীকাত সার ইন্দ্র। তিনি বলেছিলেন, 'আমি ত মিথ্যে কথা বলিনে ভাই।" (১৪৪) এই সত্য পথ অবলম্বনের ফলেই শাহজীর কাছে নির্বাতন এবং তার-ই পরোক্ষ প্রভাবে অসং শাহজীর জীবননাশ। কিন্তু সাপুড়ের সংসারে-ও অন্ধাদিদি তার সং বংশজাত ত্যাগ তিতিক্ষা, সংস্কার-সংস্কৃতি এবং সর্বোপরি হৃদয় ও সতীত্বৃদ্ধি অক্ষ্ণ রেথে আপনার চরিত্রমাহান্ম্যে উজ্জল হ'রে রয়েছেন। প্রীকান্তের পাঁচটি টাকা ফেরং দিয়ে, স্বামীর ঋণ শোধ করে নির্বান্ধিব নিরুদ্ধেশের যাত্রী অন্ধা যে বলিষ্ঠ আত্মপ্রতায় ও আত্মস্মানবোধের পরিচয় রেথে গেছেন তাই যাবার দিনে তাকে মহিয়সী করে তুলেছে।

সমাজ সংসারের বাইরে অপরিজ্ঞাত, নিন্দিত জীবনের মধ্যেও যে মহামূল্য হৃদয়, সংগুণে ভৃষিত অপূর্ব চরিত্র থাকতে পারে, এবং তার বিচার ব্যক্তি হিসাবেই হওয়া উচিত, এই সত্যকে প্রভিত্তিত করতেই শ্রীকান্ত এগিয়ে চলেছিল তার জীবনে নৃতন নৃতন চরিত্রকে স্পষ্ট করতে, বিচার করতে। ইক্র ও অয়দাদিদির কাহিনী প্রস্কৃতপক্ষে রোমান্টিক কিন্তু রাজলক্ষী চরিত্রের আগমনের পরে শ্রীকান্ত আকৃষ্কিভাবে বাস্তববাদী ও বিশ্লেষণধর্মী হয়ে উঠেছে। রাজলক্ষী চরিত্রটি জটিল। কৌলিন্ত-প্রথার বৃপকাষ্ঠে নিহত হওয়ার পরে তার নতুন জীবন হৃদ্ধ হয় পিয়ারী বাইজীয়ণে। কিন্তু যে অভিশপ্ত বাল্য প্রণয়, বৈচি-মালার বরমাল্য দিয়ে একদিন হৃদয়ের কোণে বাসা বেঁধেছিল তা আকৃষ্মকভাবে রাজলক্ষীর জীবনে জাগ্রত হ'য়ে উঠল শিকার-পার্টির তাঁবুতে—শ্রীকান্তের মঙ্গলকামনা ঘিরে। এই প্রেমকে সার্থক করতে রাজলক্ষীর সংগ্রাম হৃদ্ধ হল, দিধাছন্দের কণ্টকাকীর্ণ পথে তার হৃদয় রক্তাক্ত হয়ে এগিয়ে ছলল,—রাজলক্ষী-শ্রীকান্ত কাহিনী এই রক্তাক্ত হ্লমের কাহিনী।

নারী জীবনের সার্থকতা নারীত্ব ও মাতৃত্বের পূর্ণ বিকাশে, তার সঙ্গে আছে জড় জগতের চাহিদা, অর্থ, বিত্ত, খ্যাতি, বিলাসব্যসন। যে নারীর জীবনে একই ক্ষেত্রে একই সঙ্গে এই চাহিদা পূর্ণ হয়, সেই জীবনই সার্থক কিন্তু রাজলন্দ্রীর জীবনে

এই তিনটির অন্তির পৃথক, বিচ্ছিন্ন এবং থণ্ডিত। শ্রীকান্তকে ঘিরে তার নারীজীবন সার্থকতা থুঁজেছে কিন্তু দেখানে সম্মান ও সমাজের প্রবল বাধা। যে বঙ্কুকে ঘিরে তার মাতৃত্ব তৃথি পেতে চেয়েছিল সে বঙ্কুও তার নিজের ছেলে নয়, পুতৃল নিয়ে থেলার মত একটা প্রক্ষেপ প্রক্রিয়া। তার সঙ্গে ওতপ্রোতভাবে জঙ্গিয়ে আছে তার বাইজী-জীবনের বিলাস-বাসন স্থতি ও অর্থ, যার মোহ মাঝে মাঝে তাকে টেনে নিয়ে গেছে জড় জগতের মাঝে। এই তিনটি বিভিন্ন দমিত আকাজ্যা রাজলন্মীর ব্যক্তিত্বকে জটিল করে তৃলেছে। তার হৃদয় এই তিনের সংঘাতে ক্ষত্বিক্ষত হয়ে অশ্রু মার্জনা করেছে—তার এই বঞ্চিত-লাঞ্চিত নারী-জীবনের সংগ্রামের চিত্রই শ্রীকান্তের প্রথম পর্ব। শরৎচন্দ্র পরিপূর্ণ সহাত্ত্তি ও করুণা নিয়ে এই ভাগ্য বিড়ম্বিত হাদয়বতী, মহৎপ্রাণা রাজলন্মীকে রূপায়িত করেছেন।

শ্রীকান্ত-রাজলন্দ্রীর উৎস্ক বাল্যপ্রণয় সহসা মিলনাকাজ্জায় উন্মুখ হ'য়ে উঠল,—শ্রীকান্তের ব্যাধি ও রাজলন্দ্রীর প্রাণান্ত সেবার মধ্যে তা পরিপুই ও পূর্ণ হয়ে উঠল, কিন্তু শ্রীকান্তের দিক থেকে এল সমাজধর্মের প্রতি আফুগত্যের শীতলতা, একটা নৈতিক সতর্কতা ও একটা স্বভাবগত স্থবিরতা। রোগম্ভির পর ষধন শ্রীকান্ত প্রায় নিশ্চিত্ত আলত্যে রাজলন্দ্রীর সেবা ও প্রাচ্ উপভোগ করতে প্রস্তুত এবং উভয়ের মিলনেছা যথন বেগবান হয়ে উঠেছে তথনই রাজলন্দ্রী একদিন অতি অকত্মাৎ বলল, "কিন্তু আমার ছেলে প্রায়ই বাঁকিপুর থেকে আসচে, বেশিদিন থাকলে সে হয়ত কিছু ভাবতে পারে।" (১০২৬) যে মাতৃত্ব ও নারীত্ব নারীজীবনে আলে একীভৃত হয়ে তাই রাজলন্দ্রীর জীবনে হয়েছে বিচ্ছিন্ন ও বিরোধী। "পিয়ারীর হাদয়ের একান্ত বাসনা অনুমান করা আমার পক্ষে কঠিন নয়; এবং সে যে সংসারের সব দিক দিয়া সর্বপ্রকারেই স্বাধীন, তাহাও কল্পনা বোধ করি পাপ নয়। তবুও সে, যে মৃহুর্তে একটা দরিন্ত বালকের মাতৃপদ স্বেচ্ছায় গ্রহণ করিয়াছে, অমনি সে নিজের হ'টি পায়ে শতপাকে বেড্রিয়া লোহার শিকল বাঁধিয়া ফেলিয়াছে।" (১০২৮)

রাজলন্দ্রীর বঞ্চিত জীবনে মাতৃত্ব নারীত্বের পথের অন্তরায় হয়ে দেখা দিল এবং এই মাতৃত্বের প্রাচীরে প্রহত হয়ে শ্রীকান্ত একদিন রাজলন্দ্রীর জন্তেই রাজলন্দ্রীকে ছেড়ে থেতে বাধ্য হল। শ্রীকান্ত বুঝল, "আমাদের বাহ্য ব্যবহার যত বড় স্বাতন্ত্রা রক্ষা করিয়াই এতদিন চলুক না, স্বেহ যত মাধুর্যই চালিয়া দিক না, উভরের কামনা যে একত্র সন্মিলিত হইবার জন্ত অন্তর্কণ ত্রনিবার বেগে ধাবিত হইতেছিল, তাহাতে ত সংশয় নাই। কিন্তু আজ দেখিলাম অসম্ভব। হঠাৎ বছুর মা অল্রভেদী হিমাচলের ন্তায় পথক্ষ করিয়া রাজলন্দ্রী ও আমার মাঝখানে আদিয়া দাড়াইয়াছে।" (১০২১) তার পরে ব্যক্তিজীবনের অন্তর্ধন্তে ক্ষতবিক্ষত ত্ইটি হলঃ "বড় প্রেম শুধু কাছেই টানে না, দ্বেও ঠেলিয়া ফেলে" (১০১২) বলে বিচ্ছিন্ন হ'য়ে কেল। রাজলন্দ্রীর ত্র্ভাগ্য জীবনে নারীত্ব ও মাতৃত্বের বিরোধ তার হলয়কে বেদনামথিত করে সজাগ হয়ে রইল।

'গলাজনের' কন্তাদার ও বর্মাযাত্রার পূর্বে দেখা করতে যখন শ্রীকান্ত আর একবার দিতীয় পর্বে পাটনার বাড়ীতে এসে উপস্থিত হল তখন রাজলন্দ্রী পুনরার বাইজী জীবনের মাঝে নেমে এসেছে। শ্রীকান্তের আগমনে বাড়ীর ভারকেন্দ্রটা সাংঘাতিক ভাবে বিচলিত হয়ে পড়ল। বাইজী জীবনের ছবিটা শ্রীকান্তকেও বিচলিত ক'রল। অভিমানস্থারিত একটা উদাসীতে সে রাজলন্দ্রীকে বারবার আঘাত করে প্রণয়ের দাবীকে প্রতিষ্ঠা করতে চাইল। এই নিবিকার উদাসীত রাজলন্দ্রীকেও শহিত করে তুলেছিল। রাজলন্দ্রী এই আঘাতে অশ্রুর বক্তা বইরে দিয়ে প্রশ্ন করেছিল—"আমি যে ভাল নই সে ত তুমি জানো, তবে কেন সন্দেহ হয় না?" শ্রীকান্ত নির্বাকভাবে ভাবলো "সে যে ভাল নয় তাও জানি, সে যে মন্দ এও ভাবতে পারে না।" শ্রীকান্ত বাইজী জীবনের অন্তর্গালে রাজলন্দ্রীর এই প্রেমকে স্বাকীবার করতে পারেনি। রাজলন্দ্রীর প্রশ্ন ছিল—"অজ্ঞানে অভাবে পড়ে একদিন যা করেছি, চিরকাল আমাকে তাই করতে হবে কেন? কেন আমাদের তৃমি ভাল হতে দেবে না?" (২০১১) শ্রীকান্ত এই একান্ত আত্মসমর্পণকে স্বীকার করেই প্রতিশ্রুতি দিয়েছিল যে সে এই "পাপিষ্ঠার" হয়েই চিরদিন থাকবে। তাই এইবার বিদায় দিনে সকলের সামনেই রাজলন্দ্রীর অশ্রুণাসন অন্থীকার করে বরে বরে পড়ল।

শীকান্ত একবার মাতৃত্বের প্রাচীরে প্রহত হয়ে ফিরে গিয়েছিল, দ্বিতীয়বার ফিরে গেল বাইজী জীবনের অপরাধ-কলক্ষের পাথরে আহত হয়ে। অপরাধ-থণ্ডিত মনের ত্র্বলতার ফাঁক দিয়ে তার প্রিয়তম এবারেও অশুর বন্থা বইয়ে দিয়ে চলে গেল। শুধুমাত্র একটা ত্র্নিবার আবেগ ও কামনা প্রতিশ্রুতির ত্র্বল স্ত্রে শাকড়ে ধরে বেঁচে রইল।

বর্মায় শ্রীকান্তের জীবনে সর্বাপেক্ষা বেশী প্রভাব বিস্তার করেছিল অভয়া।
অভয়ার জীবনে সমস্তা ছিল, সমস্তা-জর্জর জীবনে অনেক তৃঃধও সে পেয়েছে। কিন্তু
ব্যক্তিবাধীনতার দাবী নিয়ে সমস্ত ধর্মের বাঁধন ও পেয়ণকে উপেক্ষা করে সে
আত্মপ্রতিষ্ঠা করেছে। ব্যক্তি-সংগ্রামের এই জয়স্চক পরিণতির মধ্যে অভয়ার য়ে
তেজোদৃপ্ত চিত্র ফুটে উঠেছে তা শ্রীকান্তকে অভিভূত করেছিল—নৃতন ভাবে জীবনকে
দেখতে শিক্ষা দিয়েছিল। রাজলক্ষীর থণ্ডিত বঞ্চিত জীবনের সংগ্রাম ও বেদনাকে
নৃতন চোধে দেখতে শিথিয়েছিল, নৃতন ভাবে অঞ্ভব করতে অঞ্প্রাণিত করেছিল।
এই নৃতন অঞ্ভৃতি ও সতেজ অস্তর নিয়েশ্রীকান্ত দিত্তীয় পর্বের শেষে পুনরায় ফিরে
এল রাজলক্ষীর কাছে। তাছাড়াও বর্মার অভিজ্ঞতা—বর্মায় স্তীন্থানীনতা,
দাদাঠাকুরের হোটেল-পরিবেশ, অভয়ার স্বামীর হালয়হীন পশুর্জি, কাপুরুষ ম্বণিত
বাঙালী স্বামীর নিরপরাধা বর্মীস্ত্রীকে প্রতারণা ও ত্যাগ—সমাজ নীতিধর্মের চেয়ে
ক্রম্বুজিকে অধিকতর মৃন্য দানের প্রেরণা দিয়েছিল এবং শ্রীকান্তের সংরক্ষণশীল
মনের ভিত্তিকে ত্র্বল করে দিয়েছিল। শ্রীকান্তের হলয় তথন সমাজের উদ্বেশ্ হলয়মূল্যকে গ্রহণ করার জন্তে প্রস্তত। এই-মন ও উদারতা নিয়েশ্রীকান্ত ফিরে এসেছিল
বর্মা থেকে।

অভয়ার জীবনের एক রাজলক্ষীর মত জটিল নয়। রোহিনীর সঙ্গে সে গৃহত্যাগ করেছিল স্বামীর সন্ধানে। রোহিনী-অভয়ার সম্পর্কটা প্রণয়ের—দে প্রণয় মিলনের আশায় উন্মূপ কিন্তু নীতিগত সংস্থার তাদের মাঝে প্রাচীরের মত দাঁড়িয়ে তাকে বিচ্ছিন্ন করে রেখেছে। জাহাজে ও কোয়ারেনটাইনে অভয়ার **স্বচ্ছ**ন্দ আত্মনির্ভরতা দৃষ্টি আকর্ষণ করে। শিক্ষা ও শক্তি তার মধ্যে আত্মপ্রতায় সৃষ্টি करतरह। वर्गाकीयरन रत्राहिनी-जल्यात श्रथम विरत्राध इन मरनत रहना-भाषना নিয়ে। খাবার দেওয়া নিয়ে যে ঝগড়া সেটার হেতু যে "খাবার তৈরীর ক্রটি इटेर उइन्त निया विश्वाहर जारा वृत्ति (वनमात विनय परिन ना।" (२।६०) তার পরে রোহিনীকে দেখা গেল বাজার করে গলদর্ঘ হয়ে জীর্ণ কাপড়ে প্রশান্ত মনে গৃহে চলেছে। ভালবাসার শিক্ষাই তাকে এই শক্তি দিয়েছিল। অভয়ার স্বামীগৃহে যাওয়ার পরে রোহিনীর একক জীবনের ভয়াবহ বিষয়তার মধ্যে ষে প্রেমের প্রকাশ রয়েছে ভারই সম্মান অক্ষ্ম রাথতে স্বামী-প্রেমের নিদর্শন অক্ষ ধরে সে ফিরে এসেছে এবং এই দৃঢ় আত্মনির্ভর ভেজোদৃপ্ত অভয়া তাকে সমাজ-সংস্থারের বাঁধনকে ছিন্ন করে গ্রহণ করেছে। মহুস্তাত্বের জয় ঘোষণা করে তার ভাবী স্থান স্থপ্তে বলেছে,—"স্ত্যিকারের মাত্রই মাত্র্যের মধ্যে বড়, না ভার জন্মের হিসাবটাই বড়, এ আমাকে যাচাই করে দেখতে হবে।" (২।৮২) বৃদ্ধি যুক্তি ও আত্ম-প্রত্যায়ের শক্তিতে অভয়া অন্তর্ঘন্দের মীমাংসা করে সহজ সরল হয়ে উঠেছে। মুমুখ্য ও স্থাবের জয় ঘোষণা করে সে নির্ভীক চিত্তে রোহিণীর প্রেমকে স্বীকার করে নিয়েছে এবং একটা রাত্তির বিবাহ-অফুষ্ঠানের মধ্যে যে প্রকৃত সত্য নেই তা তেজোদৃপ্ত কণ্ঠে ঘোষণা করেছে। এই আত্মপ্রতায়ে শক্তিমান চরিত্রটি মহয়ত্বের ধে শ্রেষ্ঠ মূল্য দিয়েছে তা নীতির দিক থেকে কেবল তার পক্ষেই সভ্য। রমা-রমেশ যেমন ঝাঁকে ঝাঁকে মেলে না, অভয়াও তেমনি সহজলভ্য নয়, বিশেষতঃ মনের এই সংস্কার, তথা অচেতন মনজনিত চিত্তরতি যুক্তি ও বুদ্ধির দারা জয় করা যায় না-অভয়ার যুক্তির ঘারা মনের কলককে নিষ্ণটক করা খুব স্বাভাবিক নয়। সেই জন্মেই অভয়া চরিত্র হিসাবে সম্ভাব্যতার গণ্ডি অতিক্রম করে গিয়েছে এবং একটা আদর্শবাদ বা বক্তব্যের প্রতীক হয়ে রয়েছে এবং এইটুকুই তাঁর মূল্য। অভয়া বলেছিল, "জন্মজন্মান্তরের অন্ধ সংস্থারের ধাকাটা প্রথম সামলাতে পারিনি বলেই পালিয়েছিলুম শ্রীকান্তবাবু, নইলে ওটা আমার সভ্যিকারের লব্জা বলে ভাববেন না যেন।" (২।৭৬) किन्द জন্মজনাম্ভরের সংস্কারের বিরুদ্ধে অভিমানে বিজোহী হওয়া যায়, যুক্তি ও ক্রধার বাক্যে তাকে নস্তাৎ করা যায়, কিন্তু যুক্তি ও বৃদ্ধির ঘারা এই সংস্কারের বাধকে অতিক্রম করা যায় কিনা সে বিষয়ে ঘোর সন্দেহ আছে। অভয়ার পক্ষে এই পালিয়ে যাওয়ার লজ্জাটাই সভ্য, ভার যুক্তিটা সভ্য নয়—ভা হলে রোহিণীকে ভালবেদেও বর্বর স্বামীর প্রেম-নিদর্শন আব্দে ধারণ করার কোন কারণ ছিল না। এবং রোহিণীকে আশ্রষ করেই বর্মা আসার প্রয়োজন ছিল না। তার মন সংস্কার-মুক্ত হয়নি বলেই এই নিরুদ্ধেশ যাত্রা,—রোহিণীর কাছে ফিরে আসার অপরাধবোধ

ধেকেই তার পালিয়ে যাওয়া। তার হৃদয় বেদনায় বিদ্রোহী হয়েছে বলেই ষ্বে আচেতন মনের অপরাধবাধকে অতিক্রম করেছে একথা বলা যায় না। তার যুক্তি তার বিজ্ঞোহের সমর্থনমাত্র। রোহিনী অভয়ার প্রেম যে সত্যিকার মৃক্তি আনতে পারে না, তা শরৎচন্দ্র নিজেই স্বীকার করেছেন গঙ্গামাটিতে রাজলক্ষীর অপরাধবোধ-জনিত ক্র্ছুসাধনের মধ্যে। অভয়া শরৎচন্দ্রের বিল্যোহী হৃদয়ের বেদনাও মানসিকতার অভিমানপৃষ্ট প্রতীক—রাজলক্ষী তাঁর হৃদয়ের স্বাভাবিক সৃষ্টি।

বর্মা থেকে প্রীকান্ত যথন ফিরে এল তথন রাজলন্দ্রীর অন্তর নিম্পিষ্ট মাতৃত্বের বেদনায় অধীর। তার মধ্যে "পিয়ায়ী বাইজী যে তাহার অধীর যৌবনের সমস্ত আক্ষেপ লইয়া প্রতি মৃহুর্তেই মরিতেছিল" (২০১০) একথা প্রীকান্ত সহযাত্রীর ভাঙ্গা পুতৃল কেন্দ্র করে ব্রুতে পেরেছিল। তথন "পরের ছেলেকৈ ছেলে কল্পনা করার ছেলেখেলা দিয়া রাজলন্দ্রীর বুকের তৃষ্ণা কিছুতেই মিটতেছে না।" তথাপি কান্দী যাওয়ার পথে গাড়ীর মধ্যে প্রীকান্তর অত্যন্ত মর্মান্তিক একটা মনের কথা রাজলন্দ্রীকে বেদনা দিয়েছিল—"লন্দ্রী, তোমার জন্তে আমি সর্বন্থ দিতে পারি, কিছ্ক সম্ভ্রম ত্যাগ করি কি করে ?" (২০১০) প্রীকান্ত এই সন্তর্ম রক্ষার জন্তেই তাকে প্রয়াগে নিয়ে যেতে চায়নি কারণ "ত্র্নাম জিনিষ্টা এমনি যে লোকে মিথ্যা ত্র্নামের ভয় না করে পারে না।" (২০১২) তাদের উনুথ কামনার স্বাভাবিক মিলন যে সমাজনীতির দিক থেকে সন্তর নয় সেকথা প্রীকান্ত জানিয়েছিল। তাই রাজলন্দ্রী বলল, "আমি কাল থেকেই ভাবছি, এই টানা-হেঁচড়া আর না থামলেই নয়। তৃমিও একরকম স্পষ্টই জানিয়েছ, আমিও এক রকম করে তা বুঝেছি। তাক মেনির্জ্জ বাচালের মত যেতে যেতে তোমার পিছনে যুরে মরেচি তেলেই বা কি ভেবেছে, চাকর-বাকরেই বা কি মনে করেছে।" (২০২২)

তাঁদের এই অম্পষ্ট সম্পর্কের উপর যবনিকা টেনে দিয়ে লক্ষী শুধু বলেছিল, বর্মার ষাওয়ার আগে একবার যেন দেখা হয়। সেই রাত্তেই রাজলক্ষী আবার পিয়ারী বাইজীর ভূমিকায় অবতীর্ণ হল। বিদায়ের মূহুর্তে রাজলক্ষী মিনতি করেছিল, "এই একবাড়ি লোকের কাছে আমার মাথা হেঁট করে দিও না—আমি কারও কাছে মৃথ ভূলে দাঁড়াতে পারবো না।" (২০১২৬)

শেষ বোঝাপড়ায় শ্রীকাস্ত বলল, "তোমার অনেক টাকা, অনেক রূপ গুণ, অনেকের উপর তোমার অসীম প্রভুত্ব। সংসারে এর চেয়ে বড় লোভের জিনিস আর নেই। তুমি আমাকে ভালবাসতে পারো, আমার জয়ে অনেক তঃথ সইতে পারে, কিন্তু এ মোহ কিছুতেই কাটিয়ে উঠতে পারবে না।" (২০১৬) শ্রীকাস্ত তারপরে তাকে চিরদিনের মত রেহাই দিতে অহুরোধ করল। শ্রীকাস্তবাজনন্দীর উন্পুথ প্রেম জড়জগতের মোহের প্রাচীরে প্রহৃত হয়ে আর একবার বিচ্ছিন্ন হয়ে গেল।

তার পরে দেশের বাড়ীতে করা শ্রীকান্তের শিয়রে যেদিন রাজলন্ধী সমস্ত লক্ষা ত্যাগ করে অসমান ও কলঙ্কের বোঝাকে অকপটে স্বীকার করে উপস্থিত হল সেইদিন তার হৃদয়ের কষিত প্রেম নৃতন সৌন্দর্ষে উদ্ভাসিত হয়ে দেখা দিল। শ্রীকাস্ত দেদিনই প্রথম অমুভব করল। "এই সর্বত্যাগী মেয়েটি শুধু তোমারই জ্বন্থে এই তুংখ স্বেচ্ছায় মাধায় তুলিয়া লইয়াছে।" (২।১৮৩)

শ্রীকান্তের মধ্যে অভয়ার মত সমাজ নীতির উধেব ব্যক্তিস্বাতস্ত্রোর বিজয় গৌরব নৃতন করে বেগবান হয়ে উঠল। সমাজ-নীতির সংকীর্ণতাকে উপেক্ষা করে মানব-হৃদয়-ধর্মের বিজয় পতাকা উড্ডীন করে শ্রীকান্ত বলল, "তুমি স্বামীর সেবা করতে এসেছ, তোমার লজ্জা কি রাজলন্মী! ঠাকুরদাদা, ডাক্ডারবার্, এদের প্রণাম কর।" (২।১৩৩) সম্ভ্রম, লোকাচার, সংস্কারের বাঁধন ও ছল্ফকে উপেক্ষা করে মাতৃত্ব, নারীয় ও সতীয়বোধের অন্তর্দরের অবসান করে, ভুচ্ছ করে, ছাদয়ধর্মী শরংচন্দ্র মানব श्रुपारक विषयमाना पिरा अञार्थना करातन। अखर्चन्त-खर्जविक प्रमिष्ठ काम, নিম্পিট জৈবাবেগ-পীড়িত মানবাত্মার মুক্তি ঘোষণা করে লেখক জনয়ের চাহিদাকে সমাজধর্মের সংকীর্ণভার উধেব প্রতিষ্ঠিত করলেন—হাদয়ের দাবীতেই; ব্যক্তিকে, ব্যক্তিস্বাধীনতাকে, বুহত্তর মানবতাকে শ্রীকান্তের স্বামীত্ব গ্রহণের মধ্যে উচ্চকণ্ঠে ঘোষণা করলেন কিন্তু নারীত্ব, মাতৃত্ব ও জাগতিক জীবনের ভোগস্পুহার যে বেদনা ও বিরোধ রাজলন্মীর আত্মাকে নিপিষ্ট করছিল তার একটা সামঞ্জ্য এই স্বামীত্ব ত্মীকৃতির মধ্যে আশ্রয় পেলেও রাজলন্দ্রীর জীবনে পিয়ারী বাইজীর জীবনের অপরাধবোধ চিরজাগ্রত হয়ে তার প্রেম-জীবনকে থণ্ডিত করে তার আত্মাকে ঘিরে রইল—তাকে মৃক্তি দিল না। প্রীকান্ত তৃতীয় ও চতুর্থ পর্বে এই ব্যক্তি-হৃদয়ের চিরম্ভন সংগ্রাম ও তার কারুণ্য আর বড় হয়ে দেখা যায়নি, অবশ্য তার হেতুও আছে। দশ বৎসরের ব্যবধানে তৃতীয় পর্ব লেখা। এই সময়ের মধ্যে তিনি খ্যাতি ও বিত্ত লাভ করেছিলেন, লেখার চাহিদা বর্তমান ছিল, লেখকও তথন পেশাদার লেখক। পাঠকের চাহিদায়ই হয়ত তিনি পুরাতন গল্পের থেই ধরে গল্পটাকে এগিয়ে নিয়ে গেছেন কিন্তু তাঁর মানসলোকের ছবি তথন নিপ্রত। অসহযোগ আন্দোলনে যোগদান এবং চিত্তরঞ্জন দাস প্রদন্ত রাধাকৃষ্ণ মৃতির সামতাবেড়ে প্রতিষ্ঠা (>>২৪) তাঁর জীবনের সংগ্রামকে ভিন্ন পথে চালিত করেছিল।

বন্ধুর চোথের অন্তরালে শ্রীকান্ত রাজলন্দ্রী যথন গদামাটিতে এসে উপস্থিত হল তথন তাদের ব্যবহার স্বামী-স্রার মতই। শ্রীকান্ত তথন আপনাকে সমর্পণ করেছে রাজলন্দ্রীর হাতে,—জীবনের ভাল-মন্দ দিধা-দ্বন্ধ তথন ন্তিমিত। তব্ধ শ্রীকান্ত ভাবে, "নিজেকে নিঃশেষে দান করিয়া পর্যন্ত অপরের গোপন আক্ষেপ প্রতিনিয়তই আমার চোথে পড়ে। বেশ স্পষ্ট নয় বটে, কিন্তু তব্ধ দেখিতে পাই, তাহার যে ত্র্মান কামনা এতদিন অত্যুগ্র নেশার মত তাহার সমন্ত মনটাকে উতলা-উন্মন্ত করিয়া রাখিয়াছিল, সে ঘেন আজ স্থির হইয়া ভাহার সৌভাগ্যের, ভাহার এই প্রাপ্তিটার হিসাব দেখিতে চাহিতেছে।" (৩৪৮) এই প্রাপ্তির মধ্যেও একটা সদাজাগ্রত অপরাধ-বোধ এবং স্বামীত্মের মন্ত্রভদ্ধি হীনতা তাদের জীবনে এসে প্রায় ব্যক্তিছারদেক ক্ষতবিক্ষত করতে স্ক্র করল।

"দকালে জাগিয়া উঠিয়া প্রথমেই ওদিকের থাটের প্রতি চাহিয়া দেখিলাম রাজলন্দ্রী ঘরে নাই। রাত্রে সে আসিয়াছিল কিংবা অতি প্রত্যুবে বাহির হইয়া গিয়াছে তাহা বুঝিতে পারিলাম না।" (৩।১৪১) রাজলক্ষীর অপরাধবোধজনিত প্রায়শ্চিত্ত তথন শুরু হয়েছে। ধর্মীয় কুচ্ছুসাধন, উপবাস ত্রত পার্বণের মধ্যে সে পিয়ারীর জীবনের কলুষকে ধুয়ে পত্তিষ্কার করতে উত্তত। এই অপরাধ-বোধ ও মন্ত্রশুদ্ধিহীন স্বামী-স্ত্রী সম্পর্কের চিত্তবিকার তথন অনিবার্যভাবে শ্রীকাস্তকে অবহেলা করতে আরম্ভ করেছে। "পিয়ারী সভাসভাই নিঃশেষ হইয়া মরিয়াছে এবং তাহারই কুতকর্মের তু:সহ ভারে আজ রাজলন্দ্রীর সর্বদেহমনে যে বেদনার আর্তনাদ উচ্ছুসিত হইয়া উঠিয়াছে তাহাকে সংবরণ করিবার পথ সে খুঁজিয়া পাইতেছে না… খাঁচায় আবদ্ধ পাথীর মত কি সে দিনরাত্রি অবিশ্রাম মাথা খুঁড়িয়া মরিবে?" (৩)১০৩) অবহেলিত শ্রীকান্তের অভিমান, ক্রোধ এবং পরাশ্রয়ন্তনিত হীনতা তার অন্তরে অসম্ভোষের আগুন জেলে দিয়ে তাকে কুদ্ধ করে তুলল এবং এই অন্তর্ম ও বিরোধ আবার নতুন করে তাদের গঙ্গামাটির স্বপ্নের নীড় ভেঙ্গে দিল। এবার শ্রীকান্ত ফিরে এল রাজলন্দ্রীর জীবনে পিয়ারী বাইজীর মপরাধ বোধের বাধে প্রহত হয়ে। त्राक्रमची अकत निकृष्टे मौका निरम देवथवा कीवरनत बाबानिश्रद्धत मास्य श्रामिष्ड শুক করল তার অপরাধের, কারণ চিত্তের শুচিতায়, বুদ্ধির নির্ভরতায় সে অভয়ার মত আত্মার স্বাধীনতা অর্জন কবতে পারেনি।

ব্যক্তি সংগ্রামের এই ক্ষীণ ধারা চলছে অন্তঃসলিলা হয়ে কিন্তু পরিবেশে বড় হয়ে উঠেছে দেশের দৈল, ছঃখ, সামাজিক অন্তাচার ও শিল্লায়নজনিত দেশের পরিবর্তিত অবস্থার ছঃখভার। রেলকুলিদের জীবনের প্রতি চেয়ে শ্রীকান্ত বলেছিল, "মান্থ্রের মরণ আমাকে বড় আঘাত করে না, করে মন্ত্রাত্রের মরণ দেখিলে।" (৩০১১০) শিল্লায়নের অনিবার্য ফল এই মন্ত্রাত্রের মৃত্যুই তখন সত্যাগ্রহী শরৎচন্দ্রকে বেশী বাথিত করেছিল। "বাণ্যজ্যের নাম দিয়া ধনীর ধনভাগ্রার বিপ্ল হইতে বিপ্লতর করিবার অবিরাম চেষ্টায় হর্বলের স্থা গেল, শান্তি গেল, অল্ল গেল, ধর্ম গেল, তাহার বাঁচিবার পথ দিনের পর দিন সংকীর্ণ ও নিরন্তর বোঝা ছর্বিষ্ঠ ছইয়া উঠিতেছে।" (৩০১৪) শ্রীকান্ত ৩য় পর্বে এই মন্ত্রাজ্বের মৃত্যুই যেন রাজলন্দ্রী-শ্রীকান্তের ব্যক্তিসংগ্রাম থেকে বড় হয়ে উঠেছে—শরৎমানসের এ এক নৃতন প্রতিবিম্বার সঙ্গে ১ম, ২য় পর্বের পার্থক্য প্রচুর ও প্রবল।

স্থনন্দা, আনন্দ, কুশারীগৃহিণী মালতী প্রভৃতি যে কয়টি চরিত্র এই গদামাটির সংকীর্ণতার মধ্যে এসে দাঁড়িয়েছে তাদের মধ্যে ব্যক্তিজীবন-সংগ্রামের স্ক্রতা বা গভীর মননশীলতার কোন পরিচয় নেই। শরৎচন্দ্রের দৃষ্টিশক্তি তথন দেশপ্রেমের ক্য়াশায় আচ্ছয় হয়ে তাকে ন্তিমিত করে দিয়েছে। স্থনন্দার দৃগু তেজবিতার মাঝে শরৎচন্দ্রের নিবিড় প্রাণম্পন্দন অম্ভৃত হয় না। কুশারী ও চক্রবর্তী-গৃহিণীব্রেয় মধ্যে স্বয় রেথার যে চরিত্র ফুটে উঠেছে ভাতে হাদয়ম্পর্শের চমৎকারিত্ব থাকলেও তা রাজলন্দ্রী অভয়ার সজীবতা থেকে বঞ্চিত। দেশসেবক আনন্দ

দেশের তৃঃথ বর্ণনার মাধ্যম মাত্র,—থাটি চরিত্র নয়। কেবলমাত্র শেষদৃখ্যে চিরঅনুগত রতন মনুয়ত্বের বিহাৎ চমকে চোধ ঝলসে দেয়।

১ম, ২য় পবের ভাষার কাফকার্য ও বর্ণনার নিবিজ্তা ৩য় পরে এসে খেন আনেকটা হালকা হয়ে উঠেছে, যদিও প্রতিভার স্পর্শ সর্বদাই তাকে ঠিক স্বরগ্রামে ঝক্কত করেছে। শ্রীকান্ত তৃতীয় পর্বের শেষে মনে হয় এইটি যেন শন্তং-মানসের স্থায়ী নয়, এটি যেন পাঠকের অস্থ্রোধে গল্লটাকে টেনে, বাজিয়ে, গজিয়ে নেওয়া সমাপ্ত কাহিনীর পরিশিষ্ট।

শ্রীকান্ত ৪র্থ পর্বে রাজলক্ষ্মী আর একবার তার থণ্ডত ব্যক্তিত্বের মৃক্তির জন্তে প্রবল চেষ্টা করেছে। গুরুর মন্ত্র, ধর্মীয় ক্রুদ্রুসাধন, জপতপ, বাইজী জীবনের অপরাধবাধ, সমস্ত বাধ বিচার ও দ্বিধাদ্দকে কাটিয়ে সে হৃদয়কে স্বীকার করে আত্মার স্বাধীনতার সংগ্রামে লিপ্ত হয়েছে। রাজলক্ষ্মীর এই মৃক্তিসংগ্রাম ব্যতীত ৪র্থ পর্বের সবটুকুই নিশ্রত এবং মূলত: অপ্রাসন্ধিক। উদাসান গহরের নিফল সাহিত্যসাধনা, কমললতার পক্ষে শ্রীকান্তের প্রেমে পড়ার জন্তেই যেন অধীর প্রতীক্ষা; তার অতীত জীবনের কলুষ কাহিনী, বৈষ্ণব আশ্রমের পরিবেশ, রাজলক্ষ্মীর দিল প্রভাবের মধ্যে যে নিস্পাণ আক্ষ্মিকতা আছে তার ক্রমেতা রাজলক্ষ্মীর দল্ব প্রভৃতির মধ্যে যে নিস্পাণ আক্ষ্মিকতা আছে তার ক্রমেতা রাজলক্ষ্মী ও শ্রীকান্তের প্রতিষ্ঠিত চরিত্রকেও হীনপ্রত করার মধ্যে পৌক্ষ নেই, বরং গভীর বেদনা আছে. তাই প্রাতভার দৃপ্ত মহিমাকে স্প্রাদ্ধ নমস্কার জানিয়ে বিস্তৃত্তের আলোচনার বাজ্ল্যকে ত্যাগ করাই স্মীচিন।

গৃহদাহ শরৎচন্দ্রের অগ্যতম শ্রেষ্ঠ গ্রন্থ। স্ক্র মনন্তব্ব বিশ্লেষণ ও চরিত্রের গভীরতম প্রকাশে গৃহদাহ শরৎপ্রতিভার অত্যুজ্জন সাক্ষ্য। পুরুষের মধ্যে মহিম ও স্থরেশ এবং স্ত্রীচরিত্রের মধ্যে মৃণাল ও অচলাকে কেন্দ্র করেই সমস্ত কাহিনীটি আবিতিত হয়েছে। তার সঙ্গে আমুষ্কিক ভাবে এসেছেন অচলার পিতা কেদারবাবু এবং ডিহিরীর নিষ্ঠাবান ব্রাহ্মণ রামবাবু। স্থরেশ ও মহিম পাশাপাশি ছইটি চরিত্র চলেছে পরস্পর পরস্পরকে রূণায়িত করে এবং অগ্রাদিকে অচলা ও মৃণালও পরস্পরের পারপুরক হয়ে গড়ে উঠেছে। মৃণাল ও অচলা চরিত্র ছইটির বৈশিষ্ট্য কক্ষণীয়—মাহ্ম্য অগ্যকে বিচার করে তার নিজম্ব মন দিয়ে অর্থাৎ তার বিকারগ্রম্ভ চিত্তবৃত্তি দিয়ে। এই চিত্তবৃত্তির সক্ষে তার নিজম্ব আশা, আকাজ্জাও জাড়িয়ে থাকে, অতএব এই ভূল বিচারই চলেছে সমস্ত জগতময়। এই ভূল বোঝাবৃঝি, নিজের মনের দৈগ্রে অগ্রের অপ্রাকৃত মৃল্যায়নই মানব সমাজ ও পরিবারের একটি বৃহত্তর সমস্তা।

মৃণাল হিন্দু এবং অচল। ব্রাহ্ম। হিন্দু বিবাহব্যবস্থা ব্যক্তিকে স্বীকার করে না। অবিচ্ছেন্ত হিন্দু বিবাহের নির্জ্ন প্রচৌরের বেইনে ব্যক্তি ও তাঁর স্বাধীন চিন্তাধারার ক্রণের বা অবস্থানের কোন স্থোগনেই। সে শৈশব অবধি জানে স্বামী একান্ত তারই, তার সঙ্গে জীবনে-মরণে সে জড়িত। সেধানে লাভালাভ,

পছন্দ-অপছন্দের কোন স্থাগেই নেই। সেবা ও আত্মত্যাগের এই পরিবেশ ও আদর্শের মধ্যেই সে জয়ে, এই আদর্শ, ত্যাগধর্ম ও সেবাপরায়ণতা নিয়ে সে গড়ে ওঠে। কেদার বাব্ মুণালের সেবায় মৃয় হয়ে বলেছিলেন, "মায়য় শিথে তবে সাঁভার কাটে, কিন্তু যে পাখী জলচর, সে জয়েই সাঁভার শেখে। হিন্দুনারী বাল্যকাল থেকে এই আত্মতাগা, সেবাধর্ম ও ব্যক্তিকে অত্মীকার করে গড়ে ওঠে বলেই সেটা তার জীবনে স্বাভাবিক ধর্মে পরিণত হয়। কিন্তু ষেখানে মায়য় এইটা বৃদ্ধি ও যুক্তি ঘারা আয়ত করতে চেষ্টা করে সেখানে সেটা স্বভাবধর্মে পরিণত হয় না। থণ্ডিত য়ুক্তি বৃদ্ধির ঘারা ব্যক্তিকে বক্ত করা যায় না। বিশেষতঃ হিন্দুধর্ম-সমাজ একই স্ত্রে নিয়ন্তিত, এর মধ্যে কোন বিচ্ছিয়ভা নেই, ধর্মক্রিয়া ও সমাজক্রিয়া ওতপ্রোভভাবে জড়িয়ে আছে। যেখানে এইটি পৃথক হয়ে দাঁড়িয়ে আছে সেখানে বিরোধ জনিবার্ঘ। কেদারবাব্ তাই অচলার কথা শারণ করে বলেছিলেন,—"সমাজ ছাড়া যে ধর্মা, তার প্রতি আমার যে আছা কোন মতেই টিকিয়ে রাখতে পারিনে মুণাল।" (৭।২৪:)

পক্ষাস্তরে যে বিবাহ ব্যক্তির বৃদ্ধিযুক্তির ছারা পরিচালিত এবং বিচ্ছেদযোগ্য, দে বিবাহে ব্যক্তির স্বাধীন সন্থার স্বীকৃতি রয়েছে, স্বাভাবিক ক্ষুরণ ও পছন্দ অপছন্দর স্বযোগ আছে। কিন্তু এই ব্যক্তিসন্তার স্বীকৃতি ও স্বাধীনতা, পছন্দ ও অপছন্দের প্রশ্নগুলি সবই সেই বিশেষ ব্যক্তির চিত্তর্ত্তির ঘারা চালিত, কিন্তু এই চিত্তর্ত্তি বিকারগ্রস্ত হওয়ায় তার পছন্দ অপছন্দ ও মতামত নির্ভর্যোগ্য নয়-এবং তা সর্বকালে সর্বসময়ে যে একই থাকবে তারও কোন নিশ্চয়তা নেই। কাজেই वाक्कित कीवत्न जात এই वृद्धि युक्ति ठानिज दर विठात जा निर्वत्यांगा नग्न। मुगान এই हिन्दु जानरर्भत्र नात्री এবং जहना चाधीन वाकिनमारकत्र नात्री। এই वाकि-সন্থার স্বীকৃতি ত্যাগধর্ম শিক্ষা দেয় না, বরং ভোগের অহুরাগকেই বাড়িয়ে দেয়। স্থরেশ যথন ডিহিরীতে অচলার জন্মে গাড়ী বাড়ী প্রভৃতি ভোগ্য উপকরণ সংগ্রহ করল তথন অচলার পক্ষে তা অস্বীকার করা অবশ্র করণীয় ছিল না। অচলাদের সমাজে বিধবা বিবাহ প্রচলিত এবং "হিন্দুনারীর মত কেবল একটি মাত্র লোকের পত্নীত্ত্ব বন্ধন ইহকাল ও পরকাল ব্যাপিয়া বহন করিয়া ফিরিবার चनज्या चरुगामन छाहारमत्र मानिष्ठ हमना; छाहे जीवरन मत्रा अधु स्वरन একজনকেই অনুন্তগতি বলিয়া ভাবনা করিবার মত অবক্ষমন তাহার কাছে প্রত্যাশা করা যায় না। সেই এক স্বামীর জীবিতকালেই অপরকে স্বামী বলিতে অপরাধের ভারে যতই কেন না পীড়িত, লজ্জাও অপমানের জালায় যতই না জ্ঞলিতে থাকুক, ধর্ম ও পরকালের গদা তাহাকে ধরাশায়ী করিয়া দিবার ভয় দেখাইতে পারিল না।" (१।२७১)

সমাজ ও ধর্মের নিরন্ধ প্রাচীরে মৃণালের মন অবরুদ্ধ তাই তার নারীজীবন একটা গ্রুব লক্ষ্যের দ্বারা চালিত—দেস পথ সত্যই হোক, আর মিথ্যাই হোক, সে পথ সংগ্রামহীন কিন্তু অচলা স্বাধীন সন্ধা নিয়ে তার নিজস্ব পথ গ্রহণ করেছে তাই তার জীবনের ভূল ভ্রান্তি স্বকিছু তাকেই গ্রহণ করতে হয়েছে, এবং তার পথ সংগ্রামময় হয়ে উঠেছে। এই ছই পথের ছই পথিক মৃণাল ও অচলা,—একে অন্তের পরিপুরক ও ব্যাখ্যাকার। মৃণালের শান্তজীবনের মৃল তার নিরক্ষ্প ধর্মবিশাস ও আত্মসমর্পণ,—অচলার তৃঃধ-বেদনার সংগ্রামমথিত জীবন তার ব্যক্তি-সংগ্রামের চিত্র। মৃণাল ব্যক্তিকে বিসর্জন দিয়েছিল ধর্মের বেদীমূলে তাই তার জীবন সংগ্রামহীন, শান্ত, সেবাধর্ম, ত্যাগ ও সংঘমে পবিত্র—অচলা স্বাধীন সন্থা নিয়ে গড়ে উঠেছিল বলে ব্যক্তিজীবনের সংগ্রামকে, তার তৃঃধ বেদনা লক্ষ্য আনন্দকে তাকেই মাথা পেতে নিতে হয়েছে।

অচলা ও মহিমেয় প্রণয় যথন বেশ ঘনীভূত হয়ে পরিণতির জন্মে অপেক্ষমান ঠিক সেই সময়ে স্থরেশ তার চিত্তের সমারোহ, জৈবাবেগ-উন্মন্ত ব্যাক্লতা নিয়ে আচলার প্রণয়প্রার্থী হয়ে দাঁড়ালো। স্থরেশ জীবনে অসংযত, হঠকারী, আপন ইচ্ছাকে অন্তের উপরে চালিয়ে দেওয়ার মত প্রভূত্তের অধিকারী। উত্তেজনাপ্রবণ, অতিউচ্ছুসিত, ব্যবহারেও চরম, তীত্র ও হিংম্র কিন্তু একটি বিরাট হৃদয়ের অধিকারী। মৃত্যুকে, জীবনকে সে তৃচ্ছ করতে পারে, নান্তিক হয়েও সে এই সাহসের অধিকারী। এই স্থরেশের আগমনে অচলার নারীজীবনে এল হল্ব। দোলাচল তার মনোর্ত্তি, একদিকে স্থরেশের বিত্ত, উচ্ছুসিত প্রেম, ও পরুষ নির্ভীকতা, অন্ত দিকে শাস্ত সংযত দরিদ্র মহিমের প্রতি প্রাতন অহ্বাগ। এই হইএর মাঝে তার বৃদ্ধি যুক্তি ও চিত্তর্ত্তির অহ্বগামী সংক্র গ্রহণ করতে হল। সে বেছে নিল দরিদ্র শাস্ত সংযত মহিমকে। বলল,—"তৃমি কি তোমার কসাই বন্ধুর হাতে আমাকে জবাই করবার জন্মে রেখে গেলে ?……" অচলা ভার হাত্তের অহ্বীয় দিয়ে শেষ সংকর জানালো, "আমি আর ভাবতে পারিনে, এইবার যা ক'রবার তৃমি ক'রো।" (৭০২)

বিবাহের পরে পল্লীপ্রামের নিরানন্দ প্রতিক্ল পরিবেশের মধ্যে স্থরেশের বিন্তু, উচ্ছাস ও আবেগপূর্ণ প্রণয়ের সঙ্গে মহিমের দারিদ্রা ও শাস্ত সংযত ভাবাবেগহীন স্থামান্তের তুলনা করে তার প্রথম সংশয় এল মনে। পল্লীগ্রাম ও হিন্দু নারীর আদর্শ সম্বন্ধে জনভিন্দ অচলা, মৃণালের গ্রাম্য পরিহাস ও কর্তব্যের মাঝে কদর্য সন্দেহ পোষণ করতে শুক্ত করল আপনার বিধাথণ্ডিত অন্তরের বিচার বৃদ্ধি দিয়ে। এই সংশয়ঘন পরিবেশে স্থরেশ উপস্থিত হল উদ্ধার মত। মহিমের গৃহ বাহতঃ ও কার্ষতঃ ভত্মীভূত হয়ে গেল, চিরদিনের মত। মহিমের অন্থের সময় অচলা একবার মান্ত্র, সম্ভবতঃ মৃণালের সেবা ও শিক্ষার মধ্যে মহিমকে পূনরায় একাত্ম হ'য়ে সমন্ত অন্তর্ম দিয়ে ভালবেসেছিল,—হাদয়ে গ্রহণ করেছিল। অচলার ব্যবহার ও কাজ থেকেই স্থরেশের মনে ধারণা হয়েছিল, অচলা মহিমকে বিবাহ করে ভূল করেছে, সে মহিমকে ভালবাসতে পারে নি। হাদয়বান স্থরেশ তাই অসংযত জৈবাবেগ চালিভ হয়ে চরম বিশ্বাস্থাতকতার জন্তে প্রস্তেত হল,—বিশেষতঃ বায়ুপরিবর্তনে যাওয়ার সময়ে অচলার স্বরেশকে সলী হওয়ার গোপন অন্থ্রোধ স্থ্রেশকে প্রাণুক্ত করেছেল। উৎসাহিত করেছিল।

ভিহিরীব জীবনষাত্রার মধ্যে অচলার মনে ছন্দ্র গভীরতর হয়ে দেখা দিল। স্থারেশ প্রতিনিয়ত তাকে আহ্বান করছে তার সমস্ত দেহ মনে, অক্সদিকে স্বামীর প্রতি অন্থরাগ ও আন্থগত্যের বাধা তাকে প্রতিনিয়ত বিমৃথ করেছে। পরিপূর্ণ বিলাস সংস্তাগের আয়োজনের মাঝে স্থবেশের উদ্বেল উন্মৃথ প্রেম ও অচলার অস্তবের সংগ্রাম সমস্ত সমারোহকে পাণ্ডুর বিবর্ণ করে দিয়েছে। এই কয়েক দিনের অচলা-স্থরেশের অস্তবের ক্লাতম বিশ্লেষণ শরংচন্দ্রের গভীর অন্তর্দৃষ্টির বিশ্লয়কর নিদর্শন—বিশ্ব-দাহিত্যের বিশ্লয়কর কাকক্তি।

অচলা "নি:শব্দে ধীরে ধীরে হারেশের শয়নকক্ষে গিয়া উপস্থিত হইল।" (পৃ: ৭।২৪০) এই প্রবেশ কেবলমাত্র রামবাব্র সামনে স্বামী-স্ত্রীর মিথ্যা অভিনয়কে সভ্য প্রতিপন্ন করতেই যে অচলা সম্ভব করেছিল এমন নয়। অচলার বাধ-ক্ষ্ণ জৈবাবেগ যে প্রবেশের উদ্বেল উন্মুখ প্রণয়ের জন্তো একেবারেই তৃফার্ত হয়নি, একথা বলা যায় না।

রামবাব্র বাড়ীতে গভীর রাত্তির নারবতার মধ্যে স্থরেশ যেদিন ক্রন্ধনরত অচলার মাথাটা ব্কের মধ্যে চেপে ধরেছিল সেদিন "এই ব্যবহারে আজ অচলার উৎকট মুণাবোধ হইল না।" স্থরেশ তার কক্ষে অচলাকে আহ্বান করলে অচলা বলল,—"না, আজ নয়।" (৭।২০৮)

বুকে সেঁক দেওয়ার সময়ে হুরেশ অচলার ফ্লানেল শুদ্ধ হাতথানাধরে তাকে বুকে চেপে ধরলে অচলার মৃথে উদ্বেগের চিহ্ন দেথা যায়নি—"সে ইহাই খেন প্রত্যাশা করিতেছিল।" (৭।২২৩) এই ঘটনাগুলির মধ্যে দ্বিধাথণ্ডিত কামনার ছবি ফুটে ওঠে।

"এ কক তাহাদের ত্'জনের—এথানে সে (সুরেশ) অন্ধিকার প্রবেশ করে নাই।" (৭।২৬১) সুরেশ বলেছিল, "মনছাড়া যে দেহ, তাঁর বোঝা এমন অসম্ ভারী, এ স্থেপ্র ভাবিনি।" (৭।২৬৪) প্রভৃতি কথার মধ্যে মিধ্যার অভিনয় যে কেবল এক রাজির জন্মই সভ্য হয়েছিল একথা বোধ হয় মনে করা চলে না। কারণ, অচলার অস্তর ধর্মের অফুশাসন ও সংস্কারে একেবারে অবক্রম নয় এবং এই মিধ্যার লাঞ্ছনা ও লক্ষা যত বড়ই হোক তাকে যে "ধর্ম ও পরকালের গদা ধরাশায়ী" করে দেয়নি একথা অফুমান করাও বোধ হয় অন্যায় নয়।

ব্যাক্তবাদকে স্বীকার করলেই যে তার আত্মবৃদ্ধিক স্থাধীন বৃত্তিজনিত জুলভ্রান্তি হংখবেদনার দহনকেও মূল্যস্থরণ গ্রহণ করতে হয়, ব্যক্তিকে সমাজধর্মের
শৃষ্থানমুক্ত করলেই যে তাকে সংগ্রাম করতে হয়, সংঘাতজনিত লাঞ্নাকে স্থানর
করতে হয়, অচলা ব্যাক্তবাদের এই অপরিহার্য সংগ্রামের প্রতীক। বিধবা মুণালের
বিবাহ প্রসঙ্গে সেই বলেছিল, "বিয়ে জিনিসটি তোমাদের কাছে শুধু একটা সামাজিক
বিধান। তাই তার সম্বন্ধে ভালমন্দ বিচার চলে, তার মতামত যুক্তিতর্কে বদলায়।
কিন্তু আমাদের ক্ষাছে এ ধর্ম। স্বামীকে আমরা ছেলেবেলা থেকে এই রূপেতেই
গ্রহণ করে আসি। এ-বস্তুটি যে ভাই সকল বিচার-বিতর্কের বাইরে।" (৭২৬০)

অচলার "এত জোর করা সতাত্বের দাম ব্রত্ম পরীক্ষার অবকাশ থাকলে।" উত্তরে মৃণাল বলেছিল—"স্বামীকে ধর্মের ব্যাপার, পরকালের ব্যাপার বলে যে মথার্থ-ই নিতে পেরেছে, তার পায়ে বেড়ি বেঁধেই দাও আর কেটেই দাও, তার সতীত্ব আপনা-আপনি ষাচাই হয়ে গেছে। শেষামীকে যে ত্রী ধর্ম বলে অস্তরের মধ্যে ভাবতে শেথেনি তার পায়ের শৃদ্ধল চিরদিন বন্ধই থাক, আর মৃক্তই থাক, এবং নিজের সতীত্বের জাহাজটাকে যে যত বড় বৃহৎই কল্পনা কলক, পরীক্ষার চোরাবালিতে ধরা পড়লে তাকে ডুবতেই হবে। সে পর্দার ভিতরে ডুববে, বাইরেও ডুববে।" (গা২৭০) ধর্ম-শৃদ্ধলহীন অচলার যুক্তিভিত্তিক সতীত্ব্দির জাহাজ তাই পরীক্ষার চোরাবালিতে ডুবেছিল এবং ডুবে যাওয়ার পরেই মৃণালের কথাগুলি তার মনে হয়েছিল।

অচলা চরিত্র ধর্মশৃঙ্খলহীন ব্যক্তিবাদের এবং ব্যক্তিস্বাধীনভার এই চোরাবালিতে ডুববার লাঞ্চিত বেদনাময় সংগ্রামের প্রভীক। মৃণালের চরিত্র ধর্মামূশাসন-শৃঙ্খলিত স্বাধীনভাহীন, ব্যক্তির সংগ্রামহীন সংযত শাস্ত জীবনের প্রভীক। এই জক্তই অচলার দিধাধণ্ডিত ব্যক্তিত্বের সংগ্রামই অমুভ্তির গভীরভায় এবং বিশ্লেষণের স্ক্রভায় সাহিত্য রসাশ্রমী হয়ে পাঠকচিন্তকে চমৎকৃত করে কিন্তু প্রচলিত শান্ত সমাহিত নিন্তরক্ষ সেবাধর্মাশ্রমী আত্মত্যাগী হিন্দুগৃহবধ্র চরিত্র এই ব্যক্তিসংগ্রামমূথর হয়ে প্রঠেনি—একটা আদর্শরণে নমস্ত হয়ে রয়েছে। লৌকিক একটা সম্রমের মোহ অচলাকে স্থরেশের শয়নকক্ষে নিয়ে গিয়েছিল কারণ সেটা যুক্তি বৃদ্ধি দারা চালিত একটা সংকল্প কিন্তু ধর্মের শৃঙ্খলে বদ্ধ মৃণালের সতীত্বন্দিকে এই অবস্থা কোন মতেই চোরাবালিতে ডুবিয়ে দিতে পারতো না। ত্যাগ ও সেবাধর্মের এই সনাতন সীতার আদর্শ মৃণালের মধ্যে আর একবার উচ্চশির হয়ে দাড়িয়েছে।

স্থরেশের চরিত্র একটি অতি অকপট ও স্বাভাবিক চরিত্র। বড়লোকের ছেলে, বছধনের মালিক, স্বাধীন চিত্ত নিয়ে অসংযত ও হঠকারী হয়ে উঠেছে। উত্তেজনা-প্রবণ ও উচ্চুসিত তার হৃদয়, কোন সময় মহাস্থতবতার উচ্চ গ্রামে উঠে চমৎকৃত করে, কোন সময় হিংসা, ইতরতা ও অসংয়মে তার ব্যবহার বর্বরতায় পর্যবসিত হয়। উদ্দাম কামনা ও জৈবাবেগের প্রাবল্যে সে অস্থ্য বন্ধুর শুক্ষরাকারিণী স্ত্রীকে হরণ করতে পশ্চাদপদ হয়নি, আবার নিজের ভূলকে ব্রুতে পেরে স্থাপ্ত ভাষায় বলেছে, "তথন ভাবতুম কি করে তোমাকে পাবো; এথন অহনিশি চিস্তা করি কি উপায়ে তোমাকে মৃক্তি দেব।" (৭।২৬৪) স্বরেশের সমস্ত চারিত্রিক ক্রটে ও দৈক্তের মধ্যেও তার অকপট সত্যবাদিতা, নির্ভীকতা ও পরহিত্রবণা পাঠকচিত্তকে আকর্ষণ করে। দোবেশুণে স্থরেশের চরিত্র একটি সজীব বলিষ্ঠ চরিত্র এবং বলিষ্ঠ চয়িত্র বলেই অচলার মত মেয়েকে কক্ষ্যুত করে, তাকে মৃত্যুর দিনে মাম্দপুরে নন্দ শাড়ের বাড়ীতে তার শিয়রে টেনে আনতে পেরেছিল। "শিশুকাল হইতে চিরদিন অধিক মন্থ আদ্বের লালিত পালিত হইয়া আবেগে ও প্রবৃত্তির বশেই সে চলিয়াছে।

ইহাদের সংযত করার শিক্ষা তাহার কোন কালে হয় নাই।" (৭।২৭৭) 'আবেগ ও প্রবৃত্তি' চালিত হলেও স্থরেশের চরিত্রটি বলিষ্ঠ একটি ব্যক্তিরূপে গড়ে উঠেছে। মৃত্যুর দিনেও সে বলে স্থান্দটা আমাকে যেন কেউ না দেয়।" (৭।২৭৯) এই নির্ভীকতা ও সত্যবাদিতার মধ্যে যে অকপটতা তা পাঠকচিত্তকে মৃদ্ধ করে বলেই স্থরেশকে 'ভিলেন' বলে গ্রহণ করতে কৃষ্ঠিত হয়। মৃত্যুর মুখোমুথি দাঁড়িয়ে মহিমকে বলেছিল, "তাই কই দিয়ে এতদূর তোমাকে টেনে এনেছি, নইলে মৃত্যুকালে ক্ষমা চেয়ে কাব্যু করবার প্রবৃত্তি আমার নেই।" (৭।২৮৪) মহিমের 'ভগবান' প্রসন্ধ উথাপনে সে দন্তের সঙ্গে বলেছিল, "ও আমায় ভাল লাগে না।" (৭।২৮৫) কৈবাবেগ ও প্রবৃত্তিতাড়িত স্থরেশের এই আকাশশশশী দন্ত, অহন্ধার ও আত্মপ্রতায় বিশ্বয়ের উত্তেক করে। ধর্মশৃত্বাকর বাড়নায় চালিত হয়ে উন্ধার মত পুড়ে পুড়ে নিঃশেষিত হয়ে গেছে বলে, পাঠকচিত্ত তার প্রতিত সহায়ভূতিসম্পন্ন।

মহিমের চরিত্রটি রহস্থময়, কোন মাধুর্মে, কোন হৃদয়ের কোমলতায় সে যে অচলার হৃদয়ে স্থান পেয়েছিল সে সম্বন্ধে লেখক নির্বাক। সে পাথরে গড়া এক সংযম, সং বিবেচনা ও সহিষ্কৃতার মূর্তি—যার অন্তরের শত বেদনা লাঞ্ছনাও বাইরের ব্যবহারে প্রকাশ পায়নি—ঠিক যেন স্থরেশের চরিত্রের একটি বিপরীত চরিত্র। স্থরেশের চরিত্র ভাল-মন্দের চরম সীমার মধ্যে দোহল্যমান, মহিম স্থির নিশ্চিত আলোড়নহীন একটি স্থসংয়ত ব্যক্তিম।

গৃহদাহ উপস্থাসখানি শরংচন্দ্রের একথানি শ্রেষ্ঠ বা শ্রেষ্ঠ সাহিত্যকীর্তি। একদিকে মৃণাল ও অচলা ও অন্তদিকে স্থরেশ ও মহিমের অন্তর্দ্ধন, ও আদর্শবাদের সংঘাতের একটি পরিপূর্ণ আলেখ্য স্ক্ষতম বিশ্লেষণ ও গভীরতম অন্তভ্তির সঙ্গে চিত্রিত হয়েছে। এই ত্রহ সংগ্রামের নাটমঞে কেদারবাব্ ও রামবাব্ এসেছেন মাত্র চলমান দৃশ্রপট রূপে—সংগ্রামের চিত্রকে সজীব ও প্রত্যক্ষ করতে। তারা পরিপূরক চরিত্র, কাহিনীর পোষকতা করেছেন মাত্র।

দত্তা একটি স্থলর পরিচ্ছন্ন স্বভিত প্রেমকাহিনীর স্থপ্রসন্ন চিত্র। নাটকীয় ঘটনাহীন, অত্যুগ্র আবেগ ও ঘটনার ধরতাহীন প্রশাস্ত স্ফটিক স্বচ্ছ একটি প্রবাহ। এই প্রশাস্ত স্বচ্ছতার মধ্যে পাঠকচিত্ত একটা অনাবিল আনন্দ ভোগ করে—বিশেষতঃ পাঠকচিত্ত নরেন্দ্রের সঙ্গে একীভূত হ'য়ে "রাজস্ব ও রাজকন্মার" স্থপ্ন সার্থক ক'রে পরম পরিতোষ লাভ করে। এই হেতুই দত্তা চির নৃতন, চির স্থলর একটি প্রেমের কাহিনী হয়ে রয়েছে—যা পাঠকের কাছে কোনদিনই পুরাতন হয় না। এই দিক থেকে দত্তার মধুর প্রসন্ন আবেদন অনেক সময়ে পাঠকের নিকট গৃহদাহ, চরিত্রহীনকেও ছাড়িয়ে যায়।

এই কাহিনীর কেন্দ্রীয় চরিত্র বিজয়ার অন্তরের দশ্ব রাসবিহারী-বিলাদের বেড়াজালকে অভিক্রম করে হৃদয়ের জয় ঘোষণা করেছে। ধৃর্ত, বিষয়ী, রাসবিহারীর ভণ্ডামি ও বচনের অক্টোপাশের বদ্ধনে বিজয়া আত্মসমর্পণ করেই বিলাসবিহারীকে স্বামীরূপে বরণ করতে সমত হয়েছিল। পিতৃবদ্ধু রাসবিহারীর পুত্র বিলাসের সদ্ধে যে বিজয়ার পিতা তার বিবাহ অঙ্গীকার করে গিয়েছিলেন একথা রাসবিহারী বারবার বলেই তার মনে দৃচ্মূল করে দিয়েছিলেন। বিলাসবিহারীর নীচতা, অধৈর্য আফালন ও ইতরতা বিশেষতঃ তার স্বামীত্বের প্রভৃত্ব প্রতিষ্ঠার অতিপ্রয়াস সত্বেও বিজয়া পিতৃ অঙ্গীকারের মর্যাদা রাখতে তাকেই পতিত্বে বরণ করতে, স্বাধীন ইচ্ছাকে ত্যাগ করেছিল কিন্তু পিতা-পুত্রের ক্ষ্ততা ও সংকীর্ণতা প্রকৃত্ব অভিজ্ঞাতবংশীয়া বিজয়ার মনে ধীরে ধীরে বিরূপতা এনে দিল। নরেনের বাড়ী দখলের ব্যাপারে বিজয়ার সমতে ছিল না। পিতা-পুত্রের জ্বেদের বিক্ষরতাও সে করেনি, তবে তার উদার অন্তর এই ক্ষ্ত্রতাকে মনে মনে ধিকার দিয়েছে।

নরেনের সঙ্গে প্রথম বিজয়ার দেখা পূর্ণবাবুর বাড়ীর তুর্গোৎসব নিয়ে, ছিতীয় দেখা বাঁশের সাঁকোর পাশে পূঁটি মাছ শিকারী রপে। বিজয়ার অন্তরে অপরিচিত পিতৃবন্ধুপুত্র নরেনের প্রতি বাস্ত দখলের ব্যাপার নিয়ে একটা সমবেদনা ছিলই—তার নারী-অন্তর পিতৃদোবে তাকে গৃহহারা করতে চায় নি। পূর্ণবাবুর ভাগিনেয় রূপে নরেনের সঙ্গে দেখার পরে ফিরে আসার সময়ে বিজয়া ভেবেছিল,—'লোকটি কে? আবার কবে দেখা হবে?' (১।২০০) এই "love at first sight" অকন্মাৎ অত্যন্ত বেগবান হয়ে বিজয়ার চিত্ত অধিকার করল, যখন দে জানলো এই লোকটিই নরেন। তার সহজ শিশুহলভ সরল অন্তর, আত্মভোলা চরিত্র, বিশেষতঃ প্রতিভাবান নরেনের দারিত্রা ও অসহায় অবস্থা মাইক্রোস্কোপকে কেন্দ্র করে মান-অভিমানের মধ্যে বিজয়ার অন্তর অধিকার করে তাকে উন্মুখ করে তুলেছিল। বিলাস ও রাসবিহারীর সন্মিলিত প্রচেষ্টা যতই নরেনকে অসন্মান ক'রে, ভুচ্ছ ক'রে বিজয়ার কাছে হেয় করে দিতে চাইল, বিজয়ার অন্তর ততই এই অসহায় লোকটির প্রতি করণা সহায়ভূতি ও প্রেমে পূর্ণ হয়ে উঠতে থাকলো।

রাসবিহারীর অক্টোপাশের বন্ধনের মধ্যে বিজয়ার প্রেমার্ড চিত্ত ব্যাকুল হয়ে উঠল। রাসবিহারীর ভগবৎভক্তির অস্তরালে তার ভগুমি, তার স্বার্থপরতা ও সংকীর্ণতা প্রতিনিয়তই ব্যক্ত হয়ে পড়তে লাগল। রাসবিহারীর ভাষার যাত্রশুও কোন মতেই বিলাসের চরিত্র ব্যাখ্যাকে আর বিজয়ার হৃদয়গ্রাহী করে তুলতে পারলো না। বিজয়ার হৃদয় অনিবার্য গতিতে নরেনের প্রতি আরুই হল। অস্তুদিকে নিজের অজ্ঞাতে নরেনও ধীরে ধীরে বিজয়াকে ভালবেসে ফেলেছে—তবে সে জানতো এ তার স্বপ্লাতীত, তাই সে বার বার আপনাকে বিজয়ার কাছ থেকে জার করে ছিনিয়ে নিয়ে গেছে। বিজয়াও রাসবিহারীর বেড়াজাল অতিক্রম করে আপনার হৃদয়কে স্বীকৃতি দিতে পারেনি।

অত্যধিক সংকীর্ণতা ও প্রভুত্বপ্রিয়তার অসমানকর চাপে অধৈর্য হয়ে বেদিন বিজয়া বিলাসকে বলেছিল, "যান নীচে যান। প্রভু ভূত্যের সমন্ধ ছাড়া আজ থেকে আপনার সঙ্গে আর কোন সন্ধন্ধ থাকবে না" (১।২৮৩) সেইদিন সে প্রথম আপনার ব্যক্তিত্বকে স্বীকার করে, নিজের পায়ে দাঁড়াবার জন্মে প্রস্তুত হয়ে আপনার হৃদয়কে প্রকাশ করেছিল। এই অধৈর্য ও কঠোর বাক্য অভ্যাচারের বিক্তন্ধে তার প্রথম বলিষ্ঠ বিজ্ঞাহ। নরেনের প্রতি অসম্মানের প্রথম প্রতিবাদ সে সেই দিনই করেছিল, "…ভার গায়ে হাত দেবার সথ যদি আপনার থাকে ত, হয় পিছন থেকে দেবেন, না হয় আপনার মত আরও পাঁচ-সাত জনকে সঙ্গে নিয়ে তবে স্থম্থ থেকে দেবেন।" (১।২৮৩) এই বিজ্ঞাহ তার প্রথম জয়ের স্ট্রনা। রাসবিহারী পুত্রকে কটু কঠে বলেছিলেন, 'হিঁত্রা আমাদের য়ে ছোটলোক বলে, সেটা ত আর মিছে কথা নয়। আরুই হই আর যাই হই কৈবর্ত তঃ…সে হল রায়বংশের মেয়ে। ডাকসাইটে হির রায়ের নাতনি…" (১।২৮৪) প্রকৃতপক্ষে পিতাপুত্রের ছোটলোকমী বা সংকীর্ণ স্বার্থক্দি ডাকসাইটে হরি রায়ের অভিজাত শিক্ষিতা নাতনীর অন্তর্রকে ক্তবিক্ষত করে দিয়েছিল। বিজয়া এই পিতাপুত্রের অক্টোপাশের পাশ থেকে মৃক্তি চাইছিল কিন্তু হারের সে বলিষ্ঠতা তার ছিল না—এ-ই বিজয়ার মৃক্তি-সংগ্রাম।

কিছ ভোজনরত নরেন যেদিন বলল, " । বাড়ীর দাসদাসী আমলা কর্মচারী, মার তাদের মনিবটিকে পর্যন্ত দাবী করতে পারি, তা জানেন কি? বাবার হকুম, বাবার হকুম,—দেবেন এই সব ?" (১০১৭) বনমালীর লিখিত এই পত্রের সন্ধান তার মৃক্তি-প্রচেষ্টাকে প্রবলতর করেছিল। রাসবিহারীর গোয়েন্দাগিরি ও কলম রটনার প্রচেষ্টা বিজয়াকে একেবারে মরিয়া করে দিল এবং নিতান্ত অভিমানে ও আত্মহত্যার প্রেরণায়ই যেন সে বিবাহের চুক্তিপত্রে সই করেছিল। কিছ তার হদমের ঝড় তথনও থামে নি। নলিনী-নরেন প্রসন্ধ তাকে প্রায় বেগবান করে দিল। তাই বিজয়া অকপটে সাউথ আফ্রকাযাত্রী নরেনকে বলেছিল, ' । নইলে সে দিন যথাসর্বন্ধ দাবীর কথা আপনি পরিহাসচ্ছলেও মৃথে আনতে পারতেন না। আমি হলে কিছু প্রথানেই থামতুম না। তিনি যা দিয়ে গেছেন, সমন্ত জোর করে দথল করতুম, তার এক তিল ছেড়ে দিতাম না।" (১০৪০) এই স্থান্ট প্রেম প্রকাশের উত্তরে নরেনও বলেছিল, "কিছু সত্যিই যদি এই অসঙ্গত থেয়াল তোমার হয়েছিল, শুধু একবার হকুম করনি কেন ? । " (১০৪০)

বিজয়া দয়ালের কোলে মাথা লুকিয়ে যথন বলল,—"নানা, মরণ ছাড়া আমার কোন পথ নেই" (১।৩৪১) তথন বিজয়া নিজের হৃদয়ের কথা বলতে আর কিছুই বাকি রাথে নি। ধার্ষিক দয়াল, দয়ালের মতই উন্মুথ এই তুইটি হৃদয়েক এক করে হৃদয়ধর্মের জয় ঘোষণা করেছেন—"মনের মিলনই সত্যিকার বিবাহ।" নিলনী বলেছিল…"তুমি ত জান, বিজয়ার অন্তর্থামী কথনও সায় দেয়নি। তাঁর চেয়ে বিজয়ার বলাটাই বড় হল ?" (১।৩৪৫)

লোকলজ্ঞা, সংস্কার, পিতৃঋণ ও রাসবিহারী-বিলাসের ধৃর্ত নির্লজ্ঞ নির্চ্ছর বেড়াজালের চাপে মৃমূর্ বিজয়ার আত্মার মৃক্তিসংগ্রাম ও সংগ্রামের বিজয় উৎসবে দত্তা উপস্থাসখানি সভ্যিই সার্থক ও স্থলর। বিজয়ার হৃদয়ের এই বিজয়গৌরবে

পাঠকচিত্ত অনির্বচনীয় প্রসন্নতায় ভবে ওঠে। এই বিজয়গৌরবের সহায়ক ধর্মান্ধতাহীন দয়াল চরিত্রটিও আপন গৌরবে মহৎ ও স্থন্দর হয়ে ফুটে উঠেছে। ধর্ততা ও ভণ্ডামির আদর্শ রাদবিহারী-চরিত্রটি প্রকৃতই উচ্চাঙ্গের সৃষ্টি। তার চতুর বাকজাল, বচনভলি, ভাষার কাঞ্চকার্য এবং বৃদ্ধির থেলা চরিত্রটিকে অতুলনীয় সজীবতা দিয়েছে। স্ষ্টির দিক দিয়ে, কি ভাষায়, কি কার্যে, কি তার প্রয়োগে শিল্পীর এই চরিত্রটি একটি অনবত সৃষ্টি। বিশেষতঃ ধর্মপরায়ণতার আবরণে ও স্ততা মহত্বের বড় বড় বাক্যছটোর মধ্যে যুখন তার সংকীর্ণতা ও ছোটলোক্ষী আকল্মিকভাবে প্রকাশিত হ'য়ে পড়েছে তখন শিল্পীর এই কাক্ষকতির প্রতি শ্রদ্ধায় মাথা নত হয়ে আসে। মাইক্রোস্কোপের দাম, ঠকিয়ে ছুইবার দাম নিয়ে যাওয়ার সন্দেহ, নরেন-বিলাসের মিলনদৃশ্যের ভণ্ডামির মধ্যে প্রথমশ্রেণীর শিল্পীর তুলির টান অত্যন্ত প্রত্যক্ষ। বিলাদের চরিত্রের অসংযম, দৈর্ঘহীনতা, ইতরতা, আফালন ও প্রভূত্বপ্রিয়তার মধ্যে একটা সরল সহজ চরিত্র ফুটে উঠেছে। পিতার ভণ্ডামি তার মধ্যে আশ্রম পায়নি,—দেদিক দিয়ে বিলাসের চরিত্র আন্তরিকতায় পূর্ণ এবং নৈতিক আদর্শের দিক থেকে তাঁর চরিত্র উন্নততর, বিশেষতঃ তার ধর্মবিশাস ও ব্রাহ্ম আদর্শের প্রতি অহুরাগ আন্তরিকতাপূর্ণ, সেখানে তার ফাঁকি নেই। সেই জন্মেই নরেন-বিজয়ার বিজয়গৌরব বিলাদের পরাজয়কে গ্লানির কালিমায় কলম্বিড করে নি কিন্তু শেষ দৃষ্টে যথন রাসবিহারী 'একটা অগ্নিদৃষ্টি ভাহার প্রতি নিক্ষেপ করিয়াধীরে ধীরে বাহির হইয়া গেলেন' তথন তার স্বাক্ষে পরাজয়ের কালিমা গভীরভাবে মুদ্রিত হয়ে গেল।

বামুনের মেয়ে ও অরক্ষণীয়া সমাজের ভঙ্গ রীতি নীতি ও কুসংস্থারের विकास अकरे। वित्यार। अरे वित्यारी कारिनीत भारत नमात्कत मानि, पृष्टेकछ, অক্সায় অত্যাচার ও কলম কাহিনী অত্যন্ত নিষ্ঠুর এবং প্রতাক্ষ হয়ে দেখা দিয়েছে। সমসাময়িক সাহিত্যে সমাজ-ব্যবস্থার সমালোচনা যথেটই হয়েছে কিছ এমন গভীর তীক্ষ দটি দিয়ে এমন করুণভাবে সমাজের এই অন্তায় অবিচারকে বিশ্লেষণ করে আর কোন শিল্পী পাঠকচিত্তকে এমনভাবে উদ্বেশিত করতে পারেন নি। প্রচলিত সমাজব্যবন্থা ভাল কি মন্দ বা সমাজতত্ত নিয়ে তিনি আলোচনা করেন নি, সে সম্বন্ধে কোন বক্তব্যও নেই, তবে এই সমাজ-ব্যবস্থার ফলে সমাজের মধ্যে যে অপরিসীম বেদনা, নিরাশা ও ব্যর্থতা ব্যক্তিজীবনকে ঘিরে ভাকে মৃতকল্প করে তুলেছে তারই একটা ছবি তুলে ধরে তিনি কৌলিন্ত প্রথা, বরপণ প্রথা, অন্ধ্র সংস্কার ও ধর্মান্ধতার অসারতাকে প্রত্যক্ষ করে তুলেছেন। যদিও শরৎচন্দ্রের সময়ে ঠিক এই সমাজ ছিল কিনা সন্দেহ, তবে তারই বিবল্প একটা রূপ ছিল এ বিষয়ে সন্দেহ নেই। এই কাহিনী ছু'টির মধ্যে কোথায়ও মনকত্ত विद्यार , ज्ञास्त्र वा वाकिमःशास्त्र यहांश तारे। स्मारखंत क्रांशांक्त মানবচিত্ত যে কত স্বার্থপর, কত আত্মকেঞ্জিক, কত নিষ্ঠুর হতে পারে, ভারই ভয়াবহ একটি চিত্র ফুটে উঠেছে। পক্ষাস্তরে সমাজের যে কৌলিয় নিয়ে গর্বের

দীমা নাই দে কোলিগু যে কত অসার, কত মূল্যহীন, তাই যেন বেশী করে ফুটে উঠেছে। বাম্নের মেয়েতে এই কোলিগুকে অত্যন্ত অমর্থাদাকর, অত্যন্ত হাশুকর করে চিত্রিত করতেই নাপিতকে কুলীন জামাই-এর Proxy হিসাবে দাঁড় করানো হয়েছে—তবে এই ঘটনা ঠিক সম্ভব কিনা এ বিষয়ে সন্দেহ আছে। যাই হোক অসহায় জ্ঞানদা, ভাগ্যবিড়ম্বিতা সন্ধ্যা আর প্রিয় এরা এই নিষ্ঠুর প্রথার বিল হিসাবেই দেশত্যাগ করতে বাধ্য হয়। প্রিয়র চরিত্রটি এবং সন্ধ্যা অরুণের প্রেম সম্ভাব্যতার গণ্ডী যেন অতিক্রম করে গেছে কিন্তু গোলক চাটুয্যে, রাম্ন বামনীর চরিত্র ঘটি গ্রাম্য ক্লেদাক্ত জীবনের অতি ফুল্বর ও সার্থক প্রতীক। বাম্নের মেয়েতে একটা অসংলগ্গতা ও অসম্ভাব্যতা কাহিনীকে ত্র্বল করে দিয়েছে, তাই জ্ঞানদা, সন্ধ্যা ও প্রিয়র বিদায় হৃদয়কে যথেষ্ট আলোড়িত করে না।

আরক্ষনীয়া এদিকে অত্যন্ত সম্ভব ও স্বাভাবিক কাহিনী। কুরুপা জ্ঞানদার कौरत्नत नाक्ष्मा वाडानीत घरतत वह मिर्नत विमना-कारिनी। नातीकौरत्नत এই লাম্বনা, তার দেহকে একেবারে পণ্য করে বিচার করা, হাদ্য বৃদ্ধি সেবাধর্ম সততা স্বার উধ্বে এই দেহের পরথ ও রূপের বিচার নিতাস্তই যেন অপমানকর; অথচ সমাজ-ব্যবস্থায় এর থেকে নিঙ্কৃতিও নেই। জ্ঞানদার ম্যালেরিয়াদষ্ট কুর্নপের বোঝা তার হৃদয়কে, তার নারীত্বকে দৈতা ও হীনতায় একেবারে ভূবিয়ে দিয়েছে। তার জীবনের ব্যর্থতা ও নিরাশার গুরুভার বোঝা. এমনকি চির-ক্ষেহময়ী মাতার অন্তরকেও বিষাক্ত করে দিয়েছে—এমনি নিষ্ঠুর এই সমাজ-জীবন। জ্ঞানদার সহস্ত রচিত প্রসাধন रय मिन नर्वनमत्क তारक छेपहारमत भाजी करत जूनन, भिक्ष वाक करत वनरन, "পিতি সং সেজেছে" সেই মর্মস্তুদ বেদনা, সেই নিরাশা ও অবমাননা অর্ণমঞ্জরীর সহস্র কট্নিজ, মায়ের অন্তরের জালাপ্রস্ত পদাঘাত ও বক্রোজি, সমন্তকে ছাড়িয়ে नांदी एवंद नाश्नारक शीनजम ও अमहनीय करत जूरलहा। এই नाश्ना ममल সমাজকে মুহুর্তে অসার ও অসঙ্গত করে দিয়ে তার অভিচারকে ধূলিসাৎ করে দিয়েছে। এই বেদনাময় কাহিনীর মধ্যে একটি চরিত্র সহসা বিতাৎচমকের মত বীভৎস স্থলর হ'য়ে দেখা দিয়েছে—সেটি 'পোড়াকাঠ' ভামিনীর। কুরুপা অম্বন্দর গ্রাম্য অসংযত এই বধৃটির বুকের মাঝে সহসা যে স্বর্ণপলের সন্ধান মিলে তা পাঠকচিত্তকে চমৎকৃত করে দেয়, অথচ তার মধ্যে অস্বাভাবিকতার লেশমাত্র নেই। একটা সততা ও সত্যবিচার পোড়াকাঠকে অকস্মাৎ অনস্ত অন্ধারের সৌন্দর্যে উচ্ছন করে দিরেছে। অক্তদিকে অভূলের চরিত্রটির মধ্যে যেন অভ্যন্ত অসঙ্গতি দেখা ষায়,—তার চরিত্রটি বলিষ্ঠ নয়, হাদয়ও তার সংকীর্ণ। তারুণ্যের উদারতায় সে জ্ঞানদার পিতাকে কথা দিয়ে ভূলই করেছিল, কিন্তু শেষদৃত্তে জ্ঞানদার মাতার শ্বশানক্রত্যের পরে তার এই আক্ষিক উদারতা যেন জ্ঞানদার জীবনে নেহাত একটা সান্ধনার মতই এদেছে—অহকম্পাবশে অতুল যেন তাকে উদ্ধার করতে চেয়েছে কিন্তু এই অমুকন্সা জ্ঞানদার নারীত্বের চরমতম লাম্বনা। ধরম্রোভ নদীগর্ভে যদি তার এই অগতে অবিক্রীত কুরুপ দেহ ভেলে বেত, সেও বেন তার পকে অধিকতর সন্মানজনক হ'ত। শেষদৃখে জ্ঞানদার প্রতি দেখক ও'অতুলের এই সান্ধনাবাক্য ও সহাত্মভূতি তার হাদরকে, দেহকে, নারীন্ধকে যেন সমাজ ও স্বর্ণমঞ্জীর থেকেও বেশী লাস্থিত করেছে। জ্ঞানদার কুরপের বোঝা ও দারিত্রা তার অন্তর্গকে যে দীনতা ও হীনতার বোঝার ধীরে ধীরে বির্মাণ ও মুম্র্ করে তুলেছিল, সেই ধীর ও শাস্ত নিশ্চিত নিমক্ষনের বিশ্লেষণ একমাত্র শরংপ্রতিভারই উপযুক্ত।

'প্রিড মলাই'-এর প্রকাশকাল ১৯১৪ সাল। এই সময়ে শরৎচন্দ্রের প্রস্তুতির যুগ। ফুটনোমুথ প্রতিভার স্থাষ্ট বলে গল্পটির মধ্যে গৃহদাহ চরিজ্ঞহীনের মন-বিলেষণ ও গভীর অফভ্তিরও একটা প্রাথমিক রূপ পাওয়া যায় এবং অফ্রাদিকে বৃদ্ধির, রবীন্দ্রনাথের প্রভাবেরও পরিচয় মেলে। শেষের দিকে বৃদ্ধিমস্থলভ একটা আদর্শবাদ ও নীতির প্রচার স্ক্রম্পাই। কুসুম ও বৃন্ধাবনের তুইটি হৃদয়ের ম্ব্রান্থনীর মূল উৎস কিন্তু শেষের দিকে ধীরে ধীরে কিছু নাটকীয় ঘটনা, এই হৃদয়ব্বত্বতে ন্তিমিত করে তাকে উদ্দেশ্যমূলক করে দিয়েছে।

কুস্থমের মনের মধ্যে যে সংস্কার বাধরূপে দেখা দিয়েছিল সেটা তার উচ্চবর্ণোচিত সংস্থার; ভদ্রবংশীয় মেয়েদের সঙ্গে মিশে তার এই সংস্থার দৃঢ়ীভূত হয়েছিল। ভার ধারণা ছিল তার কণ্ঠীবদল হ'মে বিমে হয়েছিল এবং তারপর থেকে সে বিধবা। বৃন্দাবনের সে প্রথমা স্ত্রী, কিন্তু সে তাকে পরিত্যাগ করে। তার বাবা তার পুনরায় বিবাহ দেন। কিন্তু বৃন্দাবন বিপত্নীক হওয়ার পরে কুন্তমের যৌবনশ্রী দেখে তাকে পুনরায় বধুরূপে নিতে চায়; কিন্তু কুন্থমের সংস্কার সে বিধবা অতএব তার যাওয়া সম্ভব নয়। এই তুই জ্লয়-चटच्दत যাঝে বৃন্দাবনের ছেলে চরণ এসে কুস্নের বুভূক্ষিত মাতৃত্বকে জাগরিত করে দেয়। তাদের পুনর্মিলনের পথে বাধার পর বাধা এসে দেখা দেয়, কুস্থম উদ্ধত অহ্বাবে বৃন্দাবনের মায়ের সোনার বালা ফিরিয়ে দিয়ে বৃন্দাবনকে বিমুধ করে। তৃই পক্ষের জেদ উগ্রতর হলেও চরণ তার মধ্যে এসে হুদয়কে বাঙ্কত করে তোলে এবং চরণকে ঘিরেই কুহুমের হৃদয়ের গাভীরভম অহভৃতি প্রকাশ লাভ করে। কুহুমের মনগুর, তার চরিজের ক্রমপরিণতি ঠিক স্বাভাবিক ভাবে গড়ে ওঠেনি, এবং মাঝে মাঝে সামঞ্জতাও রক্ষিত হয়নি। বৃন্দাবনের চরিত্র শেষের পর্যায়ে আদর্শবাদী হ'য়ে পড়ায় বান্তবধর্মত্যাণী হ'য়ে উঠেছে। কুন্তমের চরিত্রও শেষদিকে অনেকটা নাটকীয় হ'য়ে পড়েছে—কিন্তু প্রথম দিকে বৃন্দাবন-কৃষ্মের হৃদয়-ঘন্দের বিশ্লেষণ এবং কৃষ্ণর চরিত্র শ্রংপ্রতিভার উচ্ছল দৃষ্টাস্ত। কুস্থম চরিত্রের ভদ্রজনোচিত সংস্কার এবং নীতি অবচেতন মনে ঠিক বাধ (inhibition) প্ৰায়ে পড়ার সৃষ্ঠ কোন হেতু ছিল না। তথাপি তাকে প্ৰবল বাধন্ধপে চিত্রিত করায় লেথক কুস্থমচরিত্রে স্বাভাবিকতার গণ্ডি স্বতিক্রম করেছেন। বুন্দাবনেরও আকাশচোঁয়া আদর্শবাদ ও সর্বস্বত্যাগ ঠিক স্বাভাবিকতা রক্ষা করেনি।

কিন্ত কুঞ্জর চরিত্রটি মধুর। তার প্রথম দিকের ফেরিওলার জীবন ও কুস্থমের প্রতি স্বেহ, পরে জমিদারীর স্পর্ধা ও অহকার এবং শেষের দিকে ল্পুপ্রায় জয়ীশ্রীভির পুনঃপ্রকাশ তার চরিত্রটিকে দোবেশ্বণে কুন্দর ও স্বাভাবিক করেছে। অরক্ষণীয়ায় 'পোড়াকাঠের' যত আর একটি চরিত্র আক্ষিকভাবে পাঠকচিত্তকে চমৎকৃত করে, সেটি কুঞ্জর স্ত্রী ব্রজেশরী। প্রামন্থ ডাক্তার, গোপাল, তারিণী মুখুজ্যে, ঘোষাল প্রভৃতির হাদয়হীনতাকে ব্যক্ত করে লেথক গ্রামের সংস্কারজীর্ণ সমাজকে আঘাত করতে চেয়েছেন কিন্ধ কাহিনীর পরিণতির সঙ্গে তা অসংলগ্ন। এই আঘাত করাটা শরৎচক্ষের চিত্তের একটা বিশেষ ধর্ম। প্রাথমিক স্প্রের যুগে এই ব্যক্তিগত কোধকে তিনি পরিত্যাগ করতে পারেননি।

দেনা পাওনা কাহিনীর পটভূমিকায় বৈচিত্র্য আছে, এবং গল্পের গতি-প্রকৃতির মধ্যেও নৃতনত্ব আছে। ১৯২৩ সালে এই উপন্থাস ধ্থন প্রকাশিত হয় তথন শরৎপ্রতিভার মধ্যাহৃদীপ্তি মান হয়নি, তাঁর মানসিকতার কোন বিশেষ পরিবর্তন হয়নি। জীনবান্দ ও যোড়শীর হৃদয়দ্ব ও ব্যক্তিত্ব সংগ্রামই এই কাহিনীর উপজীব্য কিন্তু লেখকের দৃষ্টিকোণ ও মনস্তত্ত্বিপ্লেষণের মধ্যে একটা অভিনবত্ত **म्या वात्र । क्रमिमात क्री**वानन व्यक्ताहाती, नम्लंह, निर्मक्क, लालिहे, এवः এक्वाद्रहे বেপরোয়া। তার পাপামুরক্তির অবপটতা, তার নির্লজ্ঞ পাপের স্বীকৃতি, কুকার্বে উল্লাস ও তার নিষ্ঠুর অত্যাচারের অস্তরালেও একটা প্রসন্ধ ও মহৎ ব্যক্তিত্বের প্রকাশ স্বদয়কে আকর্ষণ করে। তার বেপরোয়া জীবনের অতীত ইতিহাসও কলঙ্কহীন নয়। **নে মুক্তকঠেই যোড়শীকে বলেছিল,—"এরকম কান্নাও নতুন ন**য়, এরকম ভিক্ষেও এই নতুন ওনচিনে। কিন্তু তালের সব স্বামী-পুত্র ছিল-কতকটা নাহয় বুঝতে পারি।" (৫।১৬) এই পাপের কথা সে অকণটেই বলেছে, তার জন্তে তার মনেও অফুশোচনা নেই। এই জীবানন্দ তার বিবাহিতা স্ত্রী অলকা তথা যোড়শীর সংস্পর্শে এসে ভোগের অতীত একটা প্রণয়জীবনকে অকম্মাৎ যেন চিনতে পারলো এবং সেই প্রেমময় জীবন, একাস্ত নির্ভরতা পাওয়ার ব্যাকুলতাই তার চরিত্রকে ধীরে ধীরে নতুন করে গড়ে তুলল। অতীত জীবনে কেবলমাত্র দেহকেই দে চিনেছিল কিন্তু যোড়শীর হৃদয়ের নীরব ত্যাগ, সহিষ্ণুতা ও অব্যক্ত ভালবাসা তাকে नकुन कीवत्नत्र मसान मिन। तम हिनन, तमद्दे छोगगछ कीवत्नत्र छेत्स्व आत একটা জীবন আছে, যার স্থাদ স্থন্দরতর। "নারীর যে দেহটা দে চোথে দেখিতে পায়, তাহারই প্রতি তার আসক্তি কিন্তু চোধ মেলিয়া যাহাকে দেখা যায় না দেই তাহার দেহের **অতিরিক্ত যে নারীত্ব তাহার প্রতি তাহার কোন** লোভই हिन ना। किंदु গ্রহবশে যৌবনের একান্তে আসিয়া আজ যে গহনে সে পথ ভূলিয়াছে ইহার কোন সন্ধানই সে জানিত না। ... কোন অবিভ্নমানে এই রমণী যে তাহার কোন অপূর্ণতা সম্পূর্ণ করিয়া দিবে, কি তাহার প্রয়োজন, এই অপরিচিত চিন্তার সে কুল পাইত না।" (৫।১৭৬) জীবানন্দ জীবনের এই সন্ধান লাভ করেছিল যোড়শীর কাছে কিন্তু এই পাওয়াটা এসেছিল প্রেম-প্রীতির মধ্য দিয়ে নয়, বরং ঘোর শত্রুতার মধ্য দিয়ে। কিন্তু এই শত্রুতায় জীবানন্দের জয়ের মধ্যেই ভার হৃদয়ের পরাজয় রয়ে গেছে। তাই বিদায়ের রাত্তে সে মৃক্ত কর্তে ब्राक्नणात् वतनिवन,... "गाउँक श्रित्रामा नवर चाहि चनका कि द व निष्म ध्री

দেবে না, জোর করে ধরে রেখে তাঁর বোঝা বয়ে বেড়াবার জোর আমার গায়ে নেই।" (৫।১৬১)

বোড়শীর যাওয়ার কথা শুনে সে বলেছিল,—"যাতে তুমি যাও সেই চেষ্টাই প্রাণপণ করেছি অথচ তুমি চলে যাবে শুনে চোথের সামনে সমস্ত তুনিয়াটা ঘেন শুকনো হয়ে গেল।" (৫।১৫১) পাপিষ্ঠ অত্যাচারী জীবানন্দের এই স্বীকৃতির মধ্যেই তাঁর নৃতন জীবন লাভ হয়েছে।

মন্দিরের চাবি আর অনাথ তৃঃখী প্রজাদের ভার জীবানন্দের হাতে প্রবল বিশ্বাদের সন্দে তুলে দিয়ে ষোড়শীর বিদায়ের পরে জীবানন্দ যখন অন্তর্ধন্দ্ব বিক্লুক্ক সেই সময়ে প্রফুল্প বলেছিল, "সর্বস্ব সমর্পা করে কাল তিনিই মারাত্মক ভূল করলেন, কি হাত পেতে নিয়ে আপনিই মারাত্মক ভূল করলেন, সে মীমাংসা আজ বাকী রয়ে গেল…।" (৫।১৫৯) অলকার ত্যাগ, সহিষ্ট্তা ও বিশ্বাস এর সঙ্গে নারীজ্ঞীবন মন্দিরের এই চাবি হাত পেতে নিয়ে জীবানন্দ নতুন জীবন লাভ করলো। অত্যাচারী জমিদার সর্বস্থ ঢেলে দিল দরিক্র প্রজাদের সেবায়, অথচ এই জীবানন্দই দরিক্রকে পীড়ন করার পৈশাচিক আনন্দে একদিন আত্মপ্রসাদ লাভ করতো।

य नातीत हिखलारकत हाताय এवर क्षत्रम्भार्म कीवानत्मत এই मुख्कत নষ্ট আত্মা জাগরিত হল দেই নারীর হালয় এক অভিনব গুণের আত্ময়। যোড়ণী জ্ঞান হওয়ার পরেই জানতো সে ভৈরবী এবং দেবীপূজাই তার জীবন, এই ধর্ম-ক্বত্যের মধ্যেই তার নারীজীবনের সমাপ্তি। তার স্বভাব-প্রকৃতিজ নারীত্ব এই ধর্মামুশাসন ও অফুশীলনের মধ্যে মৃতকল্প হয়েই ছিল। জীবানন্দের কাছারী বাড়ীতে নিয়ে যখন তাকে চরম লাঞ্চনার সামনে উপস্থিত করা হল তথন সে চিনেছিল, জীবানন্দই তার দেশান্তরী স্বামী। তার নারীজীবনকে অসমান করে যে চলে গেছে তার প্রতি ক্ষুরিত অভিমানে সে কঠোর হয়ে উঠলেও স্বামীর জীবন রক্ষা ও গ্রেপ্তার থেকে রক্ষা করাকে সে স্বীয় কর্তব্য হিসাবেই করেছে। পরিচয়ের পরে জীবানন্দেরও হঠাৎ তার বিবাহিতা পত্নীর প্রতি একটা ছর্বলতা দেখা দিল কিন্তু অভ্যাচারী অর্থলোভী লম্পটের মধ্যে দ্রব্যগুণে দে তুর্বলতা ক্ষণিকমাত্র। জমিদারের কাছারী-বাড়ীতে এই রাত্রিবাস এবং ভাকেই গ্রেপ্তার থেকে রক্ষা করার কলম ভার পবিত্র रिजरवी जीवनरक लाकहरक रहम करत मिन। विरमवजः श्रामीन्थर्म करत्र हर वरन সে যথন হৈমর মানসিক পূজা করতে অস্বীকার করলো তথন সেই অস্বীকৃতিই লোকচকে কলত্বের নি:দন্দেহ প্রমাণ রূপে পরিগণিত হল! স্বামীর স্পর্দ, তার উপছিতি এবং ঠিক সেই সময়ে হৈম-নির্মলের স্থা সম্পন্ন গৃহস্থ জীবনের ছবি তার নারীত্বকে জাগরিত করে দিল। তার রিক্ত হৃদয় এমনি একটা গৃহ, স্বামী-পুত্রের স্বপ্নে হেন বিভোর হয়ে উঠল। জাগরিত এই নারীম্ব, রিক্ত হৃদয়ের এই জাগ্রত क्षा এक मिरक, अञ्चिम के उन्तरी की बरनत मः कात अ भिकात मरका वस अरम উপिছिछ रम। একদিকে হৃদয়ের কুধা, অন্তদিকে ভৈরবীর দায়িত্ব ও ধর্মজীবনের মাঝে তার কাল, কথা ও নীরবতা লোকচকে রহত্তের কৃষ্টি করল কিছ এই রহত্তের জালে

সর্বাপেকা বেশী জড়িয়ে পড়ল জীবানন। একদিকে মন্দিরের দেবোত্র সম্পত্তি
নিয়ে শত্রুতা চরমে উঠল অস্তা দিকে বোড়শীর ও জীবানদ্দের হৃদয় ধীরে ধীরে,
পরস্পরকে আকর্ষণ করলো। বোড়শী নিশীথের অন্ধকারে আপনার প্রসাদ নিঃশঙ্ক
চিত্তে স্বামীকে থাইয়ে, সেবার মধ্যে পরম পরিত্ত্তি লাভ করেছে। তথন
জীবানদ্দের হৃদয় জাগ্রত হয়েছে, বোড়শীর নীরব সেবা ও নীরব প্রেমের স্পর্দে
সে হৃদয় সর্বস্বত্যাগে উন্মুথ হয়ে উঠল।

বোড়শীর নারী জীবনের এই ছন্দের সঙ্গে জীবানন্দের জীবনের ক্রমপরিবর্তন ও ছন্দ, তার আত্মসমর্পণ ও স্কৃত্ব শাস্ত পরিবার জীবনের আগ্রহ কাহিনীকে জটিল থেকে জটিলতর করে তুলেছে এবং এই জটিলতা স্বষ্ট ও তুইটি হৃদয়ের আকর্ষণ-বিকর্ষণের মাঝে শরৎপ্রতিভা ব্যক্তি জীবন-সংগ্রামের অত্যুজ্জ্বল চিত্র রেথে পেছে। জীবানন্দ বলেছিল,—"মরতে বসেছি সে ত নিজের চোথেই দেখে এসেছ· হয়ত আজও সময় আছে, হয়ত এখনও বাঁচতে পারি—নেবে আমার ভার অলকা ?" (৫।১১৮)

"ষোড়নী অস্তরে কাঁপিয়া উঠিয়া চোধ বুজিল। সেথানে হৈম, তাহার স্বামী, তাহার ছেলে, তাহার দাসদাসী, তাহার সংসার যাত্রার অসংখ্য বিচিত্র ছবি ছায়া-বাজীর মত থেলিয়া গেল।" (৫।১১৮)

তথাপি ষোড়শী বলেছিল,—"আমার মাকে ঠকাতে পেরেছিলেন কিছু আমাকে পারবেন না।" (ঐ) বঞ্চিত নারী জীবনের অভিমান জীবানন্দকে ধীরে ধীরে ছুর্বল করে দিল। জীবানন্দ তাই বলেছিল—"তোমার সঙ্গে কথা কহাই আমার কাজ।"

বঞ্চিত নারী জীবনের সহস্র বেদনা ও অভিমান, তার সঙ্গে ভৈরবী জীবনের কলঙ্কের অপরিসীম অসমান ও তৃঃথ নিয়ে যোড়শী ষথন বিদায় নিল, সেই বিদায়-মূহুর্তে জীবানন্দ প্রথম ব্যালো, "আমাকে তৃঃথ থেকে বাঁচাবার জন্তে তার চেয়ে ঢের বেশী তৃঃথ তৃমি নিজে নিয়েছ। নইলে এমন করে হয়ত তোমাকে যেতে হত না।" (৫।১৭৫) জীবানন্দ যথন যোড়শীর অন্তরকে সত্যিই চিনল তথন আর যোড়শীর ফেরা চলে না।

ষোড়শীর এই অন্তর্ধ দ্বের শেষ হল যথন সে সমন্ত কলয়, ধর্মারুশাসন ও অভিমানের বাধকে জয় করে হলয়ধর্মকে প্রতিষ্ঠা করল তার স্বামীকে গ্রহণ করে। এই বিরুদ্ধ পরিবেশ থেকে তাকে উদ্ধার করে নৌকাষোগে প্রস্থানকালে উভরেই পুরুষাযুক্তমে প্রজাদের জমা করা ঝণশোধের সয়ল্প নিয়ে, অত্যাচারী জমিদার ও দরিজের রক্ষিকার হলয় একফ্জে এসে মিলল। সংঘাতময় বিরুদ্ধ জীবনের গতি ও বিরুদ্ধ হলয়ের ভাবনা একই সম্বাম এসে স্থির হল প্রেম ও পরিচয়ের পরীক্ষোত্তীর্ণ হয়ে।

যদিও গভীরতা ও ক্ষা বিশ্লেষণের দিক থেকে সাবিত্রী বা অচলার মত বোড়লী চরিত্র পরিপূর্ণ সৌন্দর্যে ক্টে ওঠেনি তথাপি এই জীবানন্দ-বোড়লীর হৃদয়ক্ষ ও বোড়লীর চিত্রলোকের অভিনবত বিশ্লয়কর বৈচিত্রো চমৎকার। বিশেষতঃ

ঘটনা ও মানসিক ছল্ব সৃষ্টির মধ্যে যে জটিলতা কাহিনীকে গতি ও শক্তি দিয়েছে তাও নৃতনত্বের রঙে রঙীন, কিন্তু হৈম ও নির্মল এই চুইটি চরিত্র ঘিরে যে অকারণ জটিলতা সৃষ্টি হয়েছে তা মূল কাহিনীর প্রসঙ্গে অপ্রাসদিক বলে মনে হয়। নির্মলের ষোড়ানীপ্রীতি, হৈমর সন্দেহ, জীবানন্দের সন্দেহ, নির্ম্থক জটিলতায় যোড়ানী চরিত্রকে স্লান করে দিয়েছে, এই জটিলতার আবর্তে যোড়ানী চরিত্র স্বচ্ছতা সরলতা ও গভীরতা নিয়ে পরিপূর্ণ হতে স্বযোগ পায়নি। তথাপি ভৈরবীর নির্ভীকতা, তেজ, শক্তি, আত্মনির্ভরতা, অত্যাচারীর বিক্ষতা প্রভৃতি প্রুযোচিত কঠোরতার সঙ্গে নারীধর্মের কোমলতা সলজ্ঞ অব্যক্ত প্রেমের অক্ষচ্ছ প্রকাশ, সেবাবৃত্তি এক সম্বন্ধে মিশে বোড়ানীকে অপূর্ব ও অন্য চরিত্রে পরিণত করেছে—ব্রত উপবাসের কঠোরতা ও কুছুসাধনে স্তব্ধ যৌবনশ্রীমণ্ডিত যোড়ানীর দেহের মতই তাঁর হৃদয় অপরপ কঠিনকামলের মিলনতীর্থ। অন্যদিকে জীবানন্দের কাপুক্ষতা, সঙ্কোচ ও কুজুতাহীন অকপট চরিত্রটি স্বাপেক্ষা মর্মন্পর্মা। সমন্ত পাপাচারের মধ্যেও মহৎস্ক্লর একটি ব্যক্তিত্ব পরিপূর্ণ সৌন্দর্য নিয়ে ফুটে উঠেছে।

হীন গ্রাম্য পরিবেশ ও ৺চণ্ডীমাতার সম্পত্তি লুকতাকে চিত্রিত করতে বে ক্ল ক্ল চরিত্রগুলিকে লেখক দৃশ্রপটে উপস্থিত করেছেন তার মধ্যে এককড়ি, জনার্দন, শিরোমণি, সাগর প্রভৃতি চরিত্রগুলি স্বল্প রেখায়ই সজীব মৃতি নিয়ে ফুটে উঠেছে এবং গ্রাম ও গ্রাম্য জীবনের ক্লেদগঙ্ক ও হীনতাকে পূর্ণভাবে প্রকাশ করেছে। তারা পরিবেশের একটা সামগ্রিকর্প বিশ্বত করে আছে। অস্তাদকে হৈম ও ফ্রিক সাহেব হেন যোড়শীর নারীত্ব ও বৈরাগ্যের প্রতীক, উভয়েই যেন দ্বিখণ্ডিত যোড়শী-হাদয়ের বাহ্নিক প্রকাশ—অরূপ থণ্ডিত হাদয়ের সাকার রূপকার—ত্যাগ আর ভোগ, প্রকৃতিগত নারীত্ব ও ধর্মজীবনের সংস্কারকে এরা তৃইজন তৃই দিক থেকে টেনে টেনে যেন যোড়শীর হাদয়কে দ্বিধাবিদীর্ণ করে ভাকে ব্যক্ত করেছে। জীবানন্দের নষ্টাত্রা মৃক্তিলাভ করেছে যোড়শীর চিত্তলোকের আলোয়, যোড়শীর অস্তর্ধন্দ-পীড়িত আত্মা মৃক্তিলাভ করেছে হাদয়ধর্মের আল্রায়।

বিপ্রাদাস—১৯৩৫ সালে প্রকাশিত হয়। এই উপস্থাসথানি তাঁর শেষ জীবনের সার্থক স্ষ্টি। আজ বিংশ শতকের ৭ম দশকে এসে এই উপস্থাসথানির বর্ধার্থ সমালোচনা করা খ্বই কঠিন। শরৎচক্রের পরে জগতে অনেক পরিবর্তন হয়েছে,—দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ভারতের স্বাধীনতা, উদ্বাস্ত সমাগম, সাম্প্রাদায়িক দাশা এবং নৃতন নৃতন সমাজ-সংস্থারের প্রভাবে আমাদের নৈতিকজীবন সমাজব্যবস্থা ও ব্যক্তিগত ক্ষচি ও প্রকৃতির অনেক পরিবর্তন হয়েছে। কাজেই বিপ্রদাস দয়াময়ীর থাওয়া-ছোঁয়ার ব্যাপার, পূজাপার্বন প্রসঙ্কের আজ বিচার করা হরহ। এথনকার মন নিয়ে তথনকার মনের বিচার করা হয়ত অসমীচিন। এ যে সময়ের কাহিনী সে সময়ে ভারতচিত্ত পাশ্চাত্যচিত্তের ম্থোম্থি দাঁড়িয়ে প্রস্পার চেনাজানার চেটায় ব্যাপৃত। আজ আমরা রাষ্ট্রীয় ব্যবস্থার নৃতন ক্র্বনিতিক কাটাযোয় ও স্ববিত শিক্ষায়নের যুগে অতি ক্ষত পাশ্চাত্য সভ্যতা-

সংস্কৃতিকে গ্রহণ করতে চলেছি এবং সমাজ পরিবার ভেন্সে ব্যক্তিভিত্তিক সমাজ গড়তে চলেছি—ঠিক সেই মৃহুর্তে এই ছই চিত্তের তুলনা করা অনেকটা প্রাগৈতিহালিক জীবন-আলোচনার মতই মনে হয়। বন্দনাই কেন্দ্রীয় চরিত্ত,-তার চিত্তের সংগ্রামের মধ্যেই শিল্পী এই চেনা-জানার সমস্তাটিকে উজ্জ্বল করে তুলেছেন। মানবচিত্তের ইতিহাসে দেখা যায় মানবমন বখন ভগবংবিশাস নিয়ে প্রচলিত ধর্মগঞ্চারের কাছে আত্মসমর্পণ করে, তাঁর ছকবাঁধা পথে এগিয়ে চলে তথন তার জীবন-সংগ্রাম প্রবল ও প্রথর হয় না কিছু যখন সে ব্যক্তি স্বাভন্তা নিয়ে, স্বাধীন চিত্ত নিয়ে গড়ে ওঠে তথন তার জীবনসংগ্রাম প্রবলতর হয়ে ওঠে এবং সংগ্রামের ত্র:থ ও আনন্দকে বহন করতে হয় একক ভাবে তাকেই। এই ব্যক্তিত্ব সমর্পণের মধ্যে স্বাধীনতার স্থানা থাকলেও স্বস্তি আছে কিন্তু মাহ্য ব্যন স্বাধীনতার স্থথ ভোগ করতে চায় তথন জীবনে আর স্বন্তি মেলে না—যেহেতু বিকারগ্রন্ত মানবচিত্তের যুক্তি-বৃদ্ধিভিত্তিক যে পছন্দ-অপছন্দ চাওয়া-পাওয়া তা নির্ভরযোগ্য নয়। কঠোর আচারনিষ্ঠ মৃথুজ্যে পরিবার এই ভারতচিত্তের প্রতীক এবং স্বাধীনচিত্ত বন্দনা পাশ্চাত্য চিত্তের প্রতীক। বন্দনা পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত, বৃদ্ধি দিয়ে যুক্তি দিয়ে দে জীবনকে বুঝতে চায়, বৃদ্ধি দিয়ে দে নিজের পাওনাকে পেতে চায় কিন্তু সতী-বিপ্রদাসের কঠোর ধর্মজীবন ও ভগবানের নিকট আত্মসমর্পণের মধ্যে যে চারিত্রিক শক্তিও স্বন্তিকে সে দেখতে পায় তাই তার শিক্ষা ও সংস্কারের মৃলে আঘাত করে। বিশেষত: বছসম্বন্ধবিশিষ্ট এই ভারতীয় সমাজ ও পরিবারের সামগ্রিক রূপের যে বিরাটত্ব ও মহত্ব, তাকে সে অকপট ও উদার হান্য নিয়েই দেখেছিল। ব্যক্তিগত চাওয়া ও বুদ্ধিবৃত্তির মূল্য যে জীবনের পক্ষে যথেষ্ট নয় বন্দনা সেকথা বুঝেছিল মুখুজ্যে পরিবারের সঙ্গে নিবিড় পরিচয়ের পরে। তাই সে ছিজুকে বলেছিল,—"কিন্তু বিয়ের আগে নয়ন-মন-রঞ্জন পূর্বরাগের থেলা দেথলুম অনেক। আবার একদিন সে অন্থরাগ দৌড় দিলে যে कान गर्दान दि श्री स्थापिक प्राप्त विश्व कार्य विश्व कार्य विश्व कार्य विश्व कार्य विश्व कार्य विश्व विश्व कार्य विश्व विष्य विश्व विष्य विश्व व কাজ নেই দ্বিজুবাবু। সোনার মায়ামৃগ যে বনে চরে বেড়াচ্ছে বেড়াক, এ বাড়ীতে সমাদরে আহ্বান করে এনে কাজ নেই।" (৬।১৭৫) তার প্রেমজীবনে এসেছিল च्धीत, चाराक, विश्वनाम, विक्,-कि विश्वनामत मः न्नर्भ वरमहे वहे भूर्वतारात পালাকে তার প্রহসন মনে হল। কারণ ব্যক্তিমনের এই পূর্বরাগ নির্ভরযোগ্য নয়। ডা: বিল তাঁর Fundamentals of Psycho-analysis গ্রন্থে একজায়গায় ৰলেছেন যে এই সব পূর্বরাগঘটিত বিবাহ বেশীর ভাগই ভেছে যায়, কারণ এই পছন্দটা সাময়িক চিন্তবিকারপ্রস্ত। পুনরায় অশোকের সঙ্গে বিবাহ প্রসঙ্গে সে বলেছিল, "বিপ্রদাসবাব্ সাধু পুরুষ, আসবার আগে আমাকে আলীর্বাদ করে বলেছিলেন, যেখানে আমার কল্যাণ ভগবান সেখানেই আমাকে দেবেন। তাঁর সেই কথা কথনও মিধ্যা হবে না। তুমি আলাকে যা আদেশ করবে আমি তাই পালন করবো। মনের মধ্যে কোন ভয় কোন সংশয় রাথবোনা।" (৮।১৮২)

ব্যক্তিস্বাতজ্ঞ্যের এই আত্মদমর্পণই আচারনিষ্ঠ মুখুজ্যে পরিবারের ভারতীয় চিত্তের দান। এই বিপ্রদাদকে দে ষেদিন অকুণ্ঠচিত্তে প্রেম নিবেদন করেছিল সেই দিন বিপ্রদাস বলেছিল,—"ভালবাসার একটিমাত্র পথই ভোমাদের চোখে পড়ে. আর সব থাকে বন্ধদৃষ্টি অন্ধ না হলে দেখতে পাবে কি করে শ্রদা গিয়ে মিশেছে ভালবাদার দকে।পেই দম্ম ত তোমার আমারও—ঠিক তেমনি করেই কেন আমাকে ভূমি নিতে পারলে না বন্দনা।" (৬।১৩০) दिख्य (ए । । চাবির গোছা হাতে করে বন্দনা বাড়ীর ছোট-বের্ব এর স্থান গ্রহণ করে বিপ্রদাসকে वरनिष्ट्रन, "निरक्षरक िनर्र ना পেরে একদিন আপনার কাছে অপরাধ করেছিল্ম। তুল ভেকেছে, আজ তার মার্জন। চাই।" (৬১৯৮) এই স্বীকৃতির মাঝেই দে প্রকৃত প্রেমকে চিনেছে। বন্দনা তার নারীজীবনে এই প্রেমকে চিনেছিল বলেই সে বিছুদাসকে স্বামীরূপে গ্রহণ করতে পেরেছিল এবং স্থীর, অশোকের প্রেম তুচ্ছ প্রহসনে পরিণত হয়েছিল। ব্যক্তিকে সমর্পণ করে সে বলেছিল,—'বিশ্বে यिन कथरना कति, मन्छ न्यरथत जानाय (यन मन्छ विष्यनाय भा ना निष्टे।" (७।১१७) স্বাধীনচিত্ততার মোহে বন্দনা এই বিড়ম্বনাকে জীবনে গ্রহণ করেনি, বরং স্বাধীনতা বিসর্জন দিয়ে, বৃহত্তর আদর্শের জয়েই, বৃহত্তর কর্তব্যের জয়েই সে বিজ্ঞলাসের চাবির গোছা আঁচলে বেঁধে ছোট-বৌএর স্থান অধিকার করেছে— সেখানে জৈবাবেগজনিত প্রেম অবাস্তর হয়ে গেছে। সতীর মত সেও আত্মসমর্পণ করেছে বৃহত্তর কল্যাণের কাছে এবং সেইখানেই শেষ হয়েছে তার জীবন-সংগ্রাম। মাসীবাড়ীর আলোকপ্রাপ্ত সমাজের স্বার্থপরতা, ঈর্ধ্যা, অহয়া ও কৃত্রতা তার চোথে এত বড় ও অসহ হয়ে দেখা দিত না যদি না সে তারই পূর্বে মৃখুজ্যে পরিবারের সঙ্গে পরিচিত হয়ে এই ভারতচিত্তকে দেখতে পেত। সমগ্র কাহিনীর মধ্যে বন্দনার এই স্বাধীনচিত্ত ধীরে ধীরে সংগ্রামক্লান্ত হয়ে আত্মসমর্পণ করেছে वृहछत जामर्त्य कार्छ, ज्ञारधार्यत कार्छ— य क्राय मृथु छ। वाफ़ीत किया-কলাপ, অতিথিশালা, পাঠশালা ও ঠাকুরসেবার মধ্যে সামগ্রিক রূপ নিমে ফুটে উঠেছে।

স্ববালার চরিত্র যেমন অচলার পরিপ্রক, সতীর চরিত্রও তেমনি বন্দনার পরিপ্রক। সতীর পাতিব্রত্য, একাস্ত আত্মসমর্পণ ও কল্যাণবোধ, বন্দনার ব্যক্তিবাদ ও ব্যক্তিয়াতস্ত্রোর মুক্তিবাদকে আঘাত করে করে হীনবীর্ধ করে দিয়েছে। সংগ্রামহীন সতীর জীবন, ধীরে ধীরে প্রবল সংগ্রামশ্রান্ত বন্দনার চিত্তকে প্রলুক্ক করেছে—অধিকার করেছে। বিপ্রদাসের কাহিনী এই তুই চিত্তলোকের প্রতিছ্বি।

বিপ্রদাসের চরিত্র রহস্তময়, ঠিক বাস্তব নয়, বরং সে যেন অপ্রকাশ একটা আদর্শের প্রতীক। তার চরিত্রে তার অতিমানবস্থলত বেদনাময় একাকীদ, কঠোর কর্তব্যনিষ্ঠা এবং অপূর্ব সংযম ব্যতীত অক্ত কোনও স্বাভাবিক ওপের পরিচয় নেই। বিজ্ঞদাস, বন্দনা প্রভৃতির স্বতিবাক্যের মধ্যেই তার চরিত্র বড় ইয়ে

উঠেছে, আপন গৌরবে ও কর্মে বড় হয়ে ওঠেনি। দয়ায়য়ীর চরিত্রও অন্তর্মপ, একমাত্র বিপ্রদাসের অপরিমেয় ভক্তিই তাকে ভক্তির আসনে বসিয়েছে, অক্সথায় তার কর্মে ও আচারঅন্তর্চানের মধ্যে কোথায়ও তার বিরাটছের কোন পরিচয় নেই। বরং কৃত্র কৃত্র সাংসারিক ব্যাপারে, বিশেষতঃ শশধরঘটিত অনর্থে এবং মৈত্রেয়ীর চাটুকারিতার কাছে আত্মসমর্পণে তার সাধারণছই বেশী প্রকট হয়েছে।

অকপট, প্রগল্ভ দিজদাসের চরিত্রটি সরল সজীব ও হন্দর। পৃথিবীর একটি মাহুষ, পৃথিবীর মাহুষের মতই স্থা-ছঃথ আনন্দ-বেদনা প্রেম-বিরহে তার অন্তর দোলায়িত হয়েছে। মুখুজ্যে পরিবারের ছকবাঁধা জীবনের প্রতি তার স্বাধীন-চিত্ত বিরূপ হয়েছে কিন্তু বিজ্ঞাহ করেনি। বিপ্রদাসের প্রতি আন্তরিক শ্রদ্ধা তার স্বাধীন চিত্ততাকে থর্ব করে শাস্ত করেছে। বিপ্রদাস গ্রহণ করেছিল ধর্মজীবন ও धर्मीय नौजिवानरक जीवरनत जानर्गक्रर जात विक्रनाम গ্রহণ করেছিল বিপ্রদাসকে তার জীবনের আদর্শরূপে, তাই তার বিরূপতা কথনও বিজোহরূপে দেখা দেয়নি, সে কেবলমাত্র বাক্যের মধ্যেই সীমাবদ্ধ হয়ে রয়েছে। তার উদারতা ও মহত্ত্বের মধ্যে একটা অকপট বৈরাগ্যের হুর ধ্বনিত হয়েছে। সে জীবনে কিছু চায়নি, —দে যা চেয়েছে তা অক্তের জন্তে। বন্দনার প্রতি তার অহরাগ ন্তর হয়ে রয়েছে এই বৈরাগ্যের প্রভাবে। এই বৈরাগ্য ও স্বার্থচিস্তাহীন মনোবৃত্তি তার পারিপাশ্বিক জগত থেকে শেখা। বিপ্রদাসের শেষ বিদায়ের পূর্বে সে বন্দনাকে বলেছিল, "দাদাই ওধু পারে তাই নয়, বিজুও পারে। সয়্লাস নিতে পারবো না वटि, ७ व्यामि वृत्थित किन्छ टेंकिक छित्र त्वाका व्यनायात्म त्करन मिट्र यात्वा।" (৬١১৯৫) বিজুর চরিত্রে সব ব্যাপারে এই অনাসক্তিও বৈরাগ্য তার চরিত্রকে অত্যন্ত মধুর-ফুন্দর করে তুলেছে। বিশেষতঃ তার অকপট উক্তিও সারল্য তাঁকে প্রাণবস্ত করে রেখেছে।

ভাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় 'বঙ্গসাহিত্যে উপস্থাসের ধারা'য় বলেছেন.—
"বন্দনার মত বৃদ্ধিমতী স্ত্রীলোক ইহার ভিতরকার জ্য়াচুরিটুকু ধরিতে না পারিয়া
এই আদর্শ অমুসরণের মোহগ্রন্থ হইয়াছে ইহা বিদ্ময়ের বিষয়।" আবার শশধর
বিপ্রদাসের বিরোধ প্রসঙ্গে বলেছেন, "যেখানে প্রকৃত সংষম ও সহামুভূতির এত
শোচনীয় অভাব, সে পরিবারের আদর্শের খোলস লইয়া বড়াই চলিতে পারে
কিছে শাঁস যে নাই তাহা নিশ্চিত।" কিছে মনে হয় সনাতন আদর্শে পরিচালিত
মুখুজ্যে পরিবারের মধ্যে জীবন-সংগ্রামের ফাকে এই যে অসহিষ্কৃতা ও আচারনিষ্ঠার আভিশয়ের নীতিধর্মের উপেক্ষা কাহিনীতে উপস্থিত হয়েছে, তা স্থাভাবিক
ভাবেই এসেছে এবং লেখকও এই প্রশ্নকে পাশ কাটিয়ে যেতে চাননি। সনাতনপদ্মী পরিবারের মধ্যেও যে ফাটল আছে, সংগ্রাম আছে, একথা সত্য। সেখানেও
ব্যক্তিসংগ্রাম আছে কিছ আদর্শের প্রেরণায় সেটা ব্যক্তিস্থাতন্ত্র্য-পরিচালিত
জীবনের সংগ্রাম থেকে বেশী নয় এবং সেটা এই আদর্শবাদের বেদীমূলেই এসে
আস্বসমর্পণ করে। বন্দনা এই ফাঁকি ও এই ক্রটিকে দেখেছিল, তার রাগ

ছভিমানের মধ্যে সেটা পরিক্ষৃট কিছু এই ভারতচিত্ততার অন্তরীক্ষে যে একটা বৃহৎ কল্যাণ ও সামগ্রিক একত্ববোধের ঈদিত আছে তাই তাকে অভিছৃত করেছিল এবং সে বৃদ্ধিমতী বলেই এই আদর্শকে চিনেছিল এবং অভিছৃত হয়েছিল। সাধারণ মেয়ে হলে সে চাবির গোছার সঙ্গে এত বড় বৃহৎ পরিবারের সর্বলায়কে মাথা পেতে নিতে স্বীকার করতো না।

শ্রীছমায়ুন কবির শরৎচন্দ্রের মধ্যে যে সংরক্ষণ-শীলতার কথা উল্লেখ করেছেন সেটাকে ঠিক সংরক্ষণ-শীলতা আখ্যা দেওয়া সম্বত কিনা জানিনা, তবে শরৎচন্দ্রের মধ্যে সামাজিক কতকগুলি অয়ৌজিক প্রথা ও অন্থাসনের প্রতি একটা বিশ্রোহ ভাব সম্বেও তাঁর মধ্যে ভারতীয় ঐতিহ্যু, সংস্কৃতি ও ত্যাগভিত্তিক হালয়ধর্মী আদর্শের প্রতি প্রগাঢ় শ্রদ্ধা ছিল বলেই মনে হয়। অস্কৃতঃ বিপ্রদাস পড়তে পড়তে মনে হয়, এই ভারতীয় সমাজব্যবস্থার মধ্যে যে বৃহত্তর কল্যাণ ও সামগ্রিক ঐক্য রয়েছে একথা তিনি ভ্লতে পারেননি, যদিও তিনি ব্যক্তিবাদকে প্রভিত্তিত করতেও কার্পণ্য করেননি। এমনকি খাওয়া-ছোঁওয়ায় যে সংস্কার তাও যে আত্মিক সাধনার পথে অত্যাবশ্রক একটা ক্রিয়া, একথাও যেন বিপ্রদাস-দয়ায়য়ীর চরিত্রের মধ্যে প্রস্কৃতি হয়েছে। যে সংস্কার ও সমাজ-নীতি বামুনের মেয়ে ও পল্লীসমাজে উৎকট অস্তারের প্রশ্নের হ'য়ে পড়েছে, সেই রীতি-নীতিই বিপ্রদাসে এসে কল্যাণকামী হয়েছে। বার্ধক্যের তুর্বলতাবশতঃই এই ধর্মান্থন্তানিপ্রতি এসেছে মনে হয় না বরং ভারতীয় সভ্যতার আদর্শের প্রতি এবং ভারত চিত্ততার প্রতি অন্থরাই তার বিল্লোহী অস্তর্বক প্রত্যেক স্প্রির মধ্যে সংযত করে রেথেছে।

বন্দনার প্রেমজীবনে ঘনঘন পট-পরিবর্ডনের মধ্যে হয়ত কিছুটা অসংগতি লক্ষণীয়। বিশেষত: বিপ্রদাসের প্রতি প্রেম নিবেদনটা তার পক্ষে যেন একাস্তই অশোভন ও আত্মর্যাদাহীন বলে মনে হয়। কিন্তু নারীজীবনের একটা বিশেষ বৈশিষ্ট্য তাদের প্রেম সর্বদাই শ্রদ্ধাসাপেক। বৃহত্তর ব্যক্তিও ছাড়া তারা ভালবাদে না, ষেহেতু সেখানে শ্রদ্ধার অভাব হয় না, পক্ষাস্তরে পুরুষ ক্ষুত্র ব্যক্তিত্তে 'ভালবাসে যেহেতু তার প্রেমের মাঝে একটা ক্ষেহের স্বাদ থাকে। বন্দনার স্বাধীনচিত্ত ভাদের সমাজ-ব্যবস্থায় পূর্বরাগের পালা উদ্যাপন করে স্থাবের সঙ্গে, কিন্ত মুখুজ্যে বাড়ীর বৃহত্তর ব্যক্তিত্বসম্পন্ন বিপ্রদাস ও বিজ্ঞদাসের সংস্পর্শে এসে সে পূর্বরাগ ই**ন্দ্রধহর** মত মিলিয়ে যায়।—অশোকের প্রতি তার ভালবাসা ছিল না, সে বাবার ইচ্ছার কাছে আত্মসমর্পণ করতে চেয়েছিল—মুখুজ্যে পরিবার থেকে প্রাপ্ত ত্যাগধর্মের প্রভাবে। বিপ্রদাসের বৃহত্তর ব্যক্তিত্বের পায়ে সে তার নারীজীবনের শ্রদ্ধা নিবেদন করেছিল অকুভোভয়ে, সে জানতো না এই শ্রন্ধাই ভালবাসা নয়। শ্রন্ধা ও ভালবাসা একত্তে সে সমর্পণ করেছিল বিজ্ঞদাসকে। তাই বিপ্রদাস, বিজ্ঞদাস-বন্দনার মিলন-দুষ্টের পরে বলেছিল, "আমি জানতাম তোমার অন্তর বাকে একান্ত মনে চেয়েছে একদিন ভাকে ভূমি চিনবেই।" বন্দনা একাস্তমনে বিজ্ঞদাসকেই চেমেছিল কিছ তার স্বাধীন-চিত্তের বৃদ্ধি জীবনের ঘূর্ণিপাকে তাকে তা বুঝতে দেয়নি।

যদি কোন তরুণী রাণীমহারাণী বা হলিউড স্টার এবং একজন কুৎসিড অশিক্ষিত বৃদ্ধ প্রশাস্ত মহাসাগরের বিজন দীপে সারাজীবনের মত বন্দী হয় এবং উদ্ধারের কোন সন্তাবনাই না থাকে তবে একদিন না একদিন কৈবজীবনের তাগিদে তাদের প্রণয় ও মিলন হবে, একথা ধরে নেওয়া যায় কিন্তু সভ্যজগতের জনারণ্যে এটা সন্তব নয়, যেহেতু সেখানে পর্যু করবার স্থায়োগ থাকে। বন্দনার স্থাধীন-চিন্তু তাই পর্যের ছলে হাতফিরি করেছে। কিন্তু সতীর জীবন হিন্দুত্বের সীমারেখার মধ্যে একাস্তভাবে বদ্ধ, তাই সতীর মত নারীর পক্ষে এই পর্যের স্থাগে নেই। দল্ম নেই বলেই তার মধ্যে পর্যু নিশ্চিন্ততা ও শান্তি আজার করেছে—বন্দনার জীবন-সংগ্রাম এই নিশ্চিন্ততা ও শান্তিকে চেয়েছে বলেই মৃথুজ্যে পরিবারের ক্রাট-বিচ্যুতি তাকে সংকর-চ্যুত করতে পারেনি। বিপ্রদাসের মধ্যে লোকশ্রেরের জন্যে সামগ্রিক কল্যাণের একটা ত্যাগধর্মী আদর্শবাদই যেন প্রতিধ্বনিত হয়েছে।

শেষপ্রশ্ন ১৯৩১ সালে পুন্তকাকারে প্রকাশিত হয়। এই সময়ে ইউরোপের মান্তকধর্মী সাহিত্যের ঢেউ এদেশে এসে পৌছেছে, তা ছাড়াও কার্ল মার্কসের জড়বাদের প্রভাবও ধীরে ধীরে বিস্তৃতি লাভ করছে। শরৎচন্দ্র পূর্বেই স্পেন্সারের সার্বিক বিবর্তনবাদের পক্ষপাতী ছিলেন এবং এই সময়ে হয়ত নৃতন মার্কসীয় জড়বাদের সন্দেও কিছুটা পরিচয় লাভ করেন। এদের কেউই ভারতের মত স্থির সত্যে বিখাসী নয়, তারা বিবর্তনবাদে বিখাসী—অর্থাৎ সত্য যুগে ঘুগে অবস্থাভেদে পরিবর্তনশীল। আজ যা সত্য বলে জানি, কাল তা হয়ত সত্য থাকবে না, অতীতে যা সত্য বলে লোকে জানত আজ তা হয়ত সত্য নেই। শরংচন্দ্র 'শেষপ্রশ্নে' এসে क्षरप्रत चर्यम ज्याग करत मखिक्यमी द'रत উঠেছেন। এই मखिक्यमी ऋष्टित मास्य তাঁর স্বাভাবিক প্রতিভার স্কুরণ হয়নি, সেটা একটা কৃত্তিম পথ স্ববস্থন করে পাঠককে চকিত চমকিত করতে চেষ্টা করেছে,—এই চমকিত করার শক্তিকে সাহিত্য মূল্য হিসাবে চিহ্নিত করা কঠিন। শরৎচন্দ্র নিজেই শেষপ্রশ্ন প্রসঙ্গে বলেছেন,— "আরও একটা কথা মনে ছিলো। সে অতি আধুনিক সাহিত্য। ভেবেছিলাম এই দিকটার একটা ইসারা রেখে যাবো। বুড়ো হয়েছি, লেখার শক্তি অন্তগত প্রায়, তবুও ভাবীকালের তোমরা এই আভাসটুকু হয়ত পাবে যে নোঙরা না করেও অতি আধুনিক সাহিত্য লেখা চলে। কেবল কোমল পেলব সহাত্মভৃতিই नम, intellect-এর বলকারক আহার্য পরিবেশন করাও আধুনিককালের রস-সাহিত্যের একটা বড় কাজ।" ভূপেন্দ্রকিশোর রক্ষিত-রায়কে লিখিত পত্র-পানিত্রাস, 8ठी टेकार्छ, ১७७৮।—स्विवान १ ১১०।

দিতীয়ত: শেষপ্রশ্ন উদ্দেশ্যমূলক। কোনও মতবাদ প্রতিষ্ঠার দিকে একটা প্রবল প্রচেষ্টা যেন এর রক্ষে রক্ষে বাসা বেঁধে বসেছে এবং সেটা বাতবেদনার মত এর চলংশক্তিকে ব্যাহত করেছে। শেষপ্রশ্ন প্রসন্দে লেখকই বলেছিলেন,—"প্রচার করলে ছল্পো হুলো বলে রব তুলে দিলেই যারা লক্ষায় অধোবদন হয় এবং না-না বলে ভারম্বরে প্রতিবাদ করতে থাকে আমি তাদের দলের নই।…জগতের যা চিরশ্বরণীয় কাব্য ও সাহিত্য তাতে কোন না কোনক্লপে ও বস্তু আছে। রামায়ণে আছে, মহাভারতে আছে, কালিদাসের কাব্যগ্রন্থে আছে, আনন্দমঠে, দেবীচৌধুরাণীতে আছে, ইবসেন-মেটারলিক-টলস্টয়ে আছে, হামহন-বোয়ার-ওয়েলসে আছে। কিছ তাতে কি ? পশ্চিম থেকে বুলি আমদানী হয়েছে যে art for art's sake—এসব যেন ওদের নথাগ্রো…"—এ পু১০৮।

এই শেষপ্রশ্ন যে intellect এর আহার্য এবং উদ্দেশ্তমূলক লেখা একথা শরংচন্দ্র জ্যোর দিয়েই বলেছেন—এবং সেটা যে সাহিত্যধর্ম-বিরোধী নয় এটাও ততােধিক জ্যারের সঙ্গে বলেছেন। প্রকৃতিবাদী (Naturalist) লেখকগণের মন্ত নিরপেক্ষ ক্রষ্টা হিসাবে জীবনসমীক্ষাই প্রকৃত রসসাহিত্য কিংবা ভার মধ্যে উদ্দেশ্ত বা প্রচার কিছু থাকলেও রসসাহিত্যের কোন হানি হয় না—এ তর্কের শেষ নেই। মৃতি ক্যামেরার মত কেবল জীবনের চিত্র এঁকে যাওয়াই রসসাহিত্যের চরম সার্থকতা কিনা তাও বলা কঠিন তবে লেখক চিত্র ক্যামেরার মত dispassionate ভাবে জীবনকে দেখতে পারে একথা স্বীকার করা চলে না—কারণ সেখানে bias-এর প্রশ্ন আসে। যাই হোক্ শরংচন্দ্র শেষপ্রশ্নে এসে তাঁর হৃদয়ধর্ম ত্যাগ করে যে যুক্তিও মন্তিক্ষ আশ্রেয় করেছেন এ বিষয়ে সংশ্য নেই। স্বধর্ম ত্যাগ করলেও তার প্রতিভাবে এখানে একেবারেই নিম্প্রভ হ'য়ে গেছে এমনও বলা যায় না। তবে স্বধর্ম করেলের কারুণ্য ও তীক্ষ অরুভৃতির বলিষ্ঠ প্রকাশে মানবহৃদয় উদ্বেশিত হ'য়ে ওঠে, স্বধর্ম-তাগের ফলে হালয় স্তর্ন হাল হায়েছে, হৃদয়ধ্যীন যুক্তিবাদ সভ্যতার পরিপন্ধীরূপেই ইতিহাসে চিহ্নিত হ'যে আছে।

মানবজীবনের এই শেষ প্রশ্ন বলতে শরৎচন্দ্র কি অনুমান করেছেন বা বলতে চেমেছেন সেটি বিশ্লেষণ না করলে তাঁর এই পরীকামূলক স্বাষ্টর ঠিক বিচার করা চলে না। মানুষ জীবনে আনন্দ চেয়েছে, পরিতৃপ্তি চেয়েছে, কিন্তু জীবনের এক মূহুর্তে দে যা পেলে স্বথী হয় পরমূহুর্তে তাকেই মূলাহীন বলে ত্যাগ ক'রে যায়। মানবজীবনের এই পরিবর্তনশীল চাওয়ার শেষ কোথায়? তার পাওয়ারই বা রূপ কি? 'যাহা চাই তাহা ভূল ক'রে চাই, যাহা পাই তাহা চাই না।' এ-ই মানবজীবনের চিরন্তন সমস্যা—এই শেষ প্রশ্লের জ্বাব কি? আগুবারু বলেছিলেন,… 'কোন দেশেই মানুষের পূর্বগামীরা শেষ প্রশ্লের জ্বাব দিয়ে গেছেন এমন হত্তেই পারে না। তা হলে স্বাষ্ট্র থেমে যেতো। এর চলার আর কোন অর্থ থাকতো না।" (১া৪৯) চিরন্তন গতিশীল মানবজীবনে তার চাওয়া-পাওয়া, স্বাহ্মের, জীবনপ্রতারেরও পরিবর্তন চলেছে,—নব নব প্রশ্ন আসছে, নব নব উত্তর চাইছে সে, অতথব এই শেষ প্রশ্লের শেষ জ্বাব নেই। ব্যক্তিকে ঘিরে এই চিরন্তন সমস্যাই পৃথিবীর অগ্রগতির মূলধন।

কেন্দ্রায় চরিত্র কমল এই সংস্কার ও বাধহীন স্বাধীন ব্যক্তিত্ব ও স্বাধীন-চিত্ততার প্রতীক। তার জন্মইতিহাস ও শিক্ষা তাকে এই স্বাধীন-চিত্ততা দিয়েছিল— দে সমাজ-সংস্থারের বাইরে একটি স্বাধীন-ব্যক্তিত্ব। সে একমাত্র যুক্তিগ্রাহ্ বস্তুকেই মূল্য দিতে প্রস্তুত,—জ্ঞানধারা যাকে সমর্থন করা যায় তাকেই সে সমর্থনযোগ্য বলে মনে করেছে। অবশু এই জ্ঞান তার ইক্সিয়জাত জ্ঞান, যে জ্ঞান সম্বন্ধে বছ দার্শনিক সংশয় প্রকাশ করেছেন। জীবনের বর্তমান ও ক্ষণিক আনন্দই সত্যা, তার মূল্য অতীত-ভবিশ্বতের বিচারে সত্য হোক আর নাই হোক। কিছু তাই বলে সে উচ্চু এলতারও পক্ষণাতী নয়। স্পেলার মার্কস্-এর জড়বাদের পাশে সক্রেটিসের সোফিইবাদের (Virtue) একটা সীমারেখা দিয়ে কমল যেন ব্যক্তিস্থাধীনতার একটা মূর্তি হ'য়ে দাঁড়িয়েছে এবং তারস্বরে সর্বত্র নির্বিচারে সেই মতবাদ প্রচার ক'রে চলেছে। বলা বাছল্য শেষ প্রশ্ন মন্তিছধর্মী স্বৃষ্টি, স্থানরের সঙ্গে এর সম্পর্ক নেই, মান্থ্যের বৃদ্ধির্ত্তির খোরাক হিসাবেই এর মূল্য। কমলের এই মতবাদ সত্য কি মিথ্যা, গ্রহনীয় কি পরিত্যাজ্য সে আলোচনা নিক্ষন,—সাহিত্য-রসস্কৃত্তির দিক থেকে কত্থানি সার্থক তাই বিচার্য।

শরৎচন্দ্রের স্ষ্টেধর্মের এটি একটি ক্লব্রিমর্মণ। এই ক্লব্রিমতা এর রসস্ষ্টেতে বাধা দিয়েছে—কারণ চরিত্রগুলি যদি হালয়ধর্মে স্বাভাবিক ও সঞ্জীব হ'য়ে না ওঠে তবে তাদের মুখের কথাটাই বড় হয়ে ওঠে না। তা প্রাণস্পর্শ করে না বলেই যুক্তিটা বাছল্য হ'য়ে যায়। প্রথমত: সম্পূর্ণ সংস্কারমুক্ত একটি ব্যক্তিত্ব এবং সর্ববাধহীন স্বাধীন চিত্ত জগতে সম্ভব কিনা সে-বিষয়ে সংশয় আছে,—যদি হয় তবে সে অভি-মানবশ্রেণীর। যুক্তিবাদের ফুলঝুরির আলোকে কমলকে যেটুকু দেখা যায়, তাতে ভাকে জৈবাবেগপূর্ণ একটি স্বাধীনচিত্ত নারী বলেই মনে হয়—সে সংস্কারমুক্ত চিত্ত নিম্নে জগতের প্রচলিত বিখাস ও ধারণাকে বিচার করে। সে সংযমকে নিফল আত্মপীড়ন মনে করে। সে বলে,—"এ জীবনের হুখ-ছ:খের কোনটাই সত্যি নয় অজিতবাবু, সভ্যি চঞ্চল মুহুর্তগুলি, সভ্যি শুধু ভার চলে যাওয়ার ছন্দটুকু। বুদ্দি এবং হ্রদয় দিয়ে একে পাওয়াই সত্যিকারের পাওয়া।" (১।৫৬) ইউরোপের বিবাহ সামাত্ত কারণেই বিচ্ছিন্ন হয়ে যায়, এই প্রসঙ্গে সে বলে, "বাইরে থেকে খবরের কাগজে যত সহজ দেখেছেন হয়ত তত সহজ নয়, কিন্তু তবুও কামনা করি নর-নারীর এই পরিচয়ই যেন এক দিন জগতে আলোবাতাদের মত সহজ হয়ে যায়।" (১১৯৮) পুনরায় সে বলে,—"বিবাহের স্থায়িত্ব আছে, নেই তার আনন্দ, ছংসহ স্থায়িত্বের মোটা দড়ি গলায় দিয়ে দে আত্মহত্যা ক'রে মরে।" (১।২৯৪) অর্থাৎ স্বাধীন ব্যক্তিত্বের পক্ষে বিবাহের বন্ধনটা আত্মহত্যারই সমান ষেহেতু তা স্বাধীনচিত্ততাকে ব্যাহত করে। কিন্তু এই স্বাধীনতারও যে হৃঃথ নেই তা নয়। সে বলেছে,— শ্বেদয় বস্তুটা লোহার তৈরী নয়। অমন নিশ্চিম্ভ নির্ভয়ে তাতে ভর দেওয়া যায় না। ছ:খ যে নেই তা নয়, কিন্তু এই তার ধর্ম, এই তার সভ্য।" অর্থাৎ বিবাহ-বন্ধনেও ব্যক্তির হু:ধ আছে, এবং স্বাধীনতারও হু:ধ আছে। কিন্তু কোন্টা শ্রের সেক্থা क्यन ब्रालिन। किन्नु बहे क्यनहे बक्दवना आहात क'रत, मध्यापत आजाती फुनरक ' গ্রহণ করেছে, ক্ষণিকবাদের সমর্থক কমল ভার ঘরে রাত্তিবাসের জন্ত হরেনকে

নির্ভয়ে আহ্বান ক'রে ভার ব্রহ্মচর্যকে ব্যঙ্গ করেছে, অজিতকে আহ্বান ক'রে বলেছে, প্র্কবের ভোগের বস্তু যারা, আমি তাদের জাত নই।" (১০১৯১) ক্ষণিকবাদের সমর্থক কমলের মধ্যেও এই সংযম ও শক্তি বর্তমান।

নীলিমা কমলের প্রসঙ্গে বলেছিল, "স্বাধীনতা ভত্ববিচারে মেলে না, স্থায়-ধর্মের দোহাই পেড়ে মেলে না…কমলকে দেখলেই দেখা যায় এ নিজের পূর্বতার, আত্মার আপন বিস্তারে আপনি আসে।" (১০২২৬) এইটা সম্ভবত: লেখকেরই বিচার যে আত্মার বিস্তারে কমল পূর্বতর স্বাধীন ব্যক্তিত্ব। কমল মনোরমা-শিবনাথের প্রণন্ন স্থ্রে বলেছিল, "মোহমাত্রেই মিথ্যা নয়, কন্তার চিন্তাকাশে মৃহুর্তে উদ্ভাসিত তড়িৎরেখাও হয়ত পিতার অনির্বাপিত দীপ-শিথাকে দীপ্তি ও পরিমাপে অভিক্রম করতে পারে।" (১০২৩৫) সেই মোহকে স্বীকার ক'রেই সে শিবনাথকে শাস্ত চিত্তে ত্যাগ করেছিল এবং অজিতকে গ্রহণ করেছিল।

যাই হোক কমল চরিত্রটিকে একটি অভাবনীয় চরিত্ররূপে লেখক প্রতিষ্ঠা করেছেন। সে ব্যক্তিস্থাধীনতার প্রতীকরূপে সমস্ত সংস্কার ও চলতি ধারণার বিরুদ্ধে দাঁড়িয়ে যুক্তির আলো বিচ্ছুরিত করেছে। স্থন্ধরী রূপসী কমলের এই যুক্তির কাছে, অবিনাশ, হরেন, নীলিমা, অক্ষয় এমন কি আশুবাবুকেও নত করিয়ে, কমলকে নমস্ত ও শ্রদ্ধের ক'রে তোলা হয়েছে। সে যেন গুরু ঠাক্রণের মত তার যুক্তির ফুলঝুরি জালিয়ে বসে আছে আর ভক্তের দল মাথানত করে তাকে শ্রদ্ধের নমস্ত ক'রে তুলে ধরেছে—কেবলমাত্র সতীশ আর রাজেন তাদের আত্মবিশাস নিয়ে সরে গিয়েছে। রাজেনের মৃত্যুর সংবাদে ক্রন্দনরত হরেনকে কমল বলেছিল, "অজ্ঞানের বলি চিরদিন এমনি করেই আদায় হয়।" (১২৭৭) রাজেনের পরার্থবাদকে সে অক্ডানের বলি বলে ব্যক্ত করেছে।

কমল অংবাদ ও ব্যক্তিষাতন্ত্রের প্রতীক হলেও তার নিজের মধ্যেই অসক্তি রয়ে গেছে এবং একটি ক্রমিতার আবেইনে তার চরিত্র স্বাভাবিকতা ও সজীবতা হারিয়েছে। বিশেষতঃ এই অহংবাদ ও পরার্থবাদের যে সংগ্রাম, ত্যাগ আর ভোগ এবং মন্ডিক ও হৃদয়ের যে সংগ্রাম তার শেষ আজও হয়নি বলেই তার প্রবল যুক্তি ও ভাষার মাদকতা হৃদয়কে স্পর্শ করে না, "ইঞ্জিনের বাশীর মত উৎকট শব্দে সচকিত চমকিত করে দেয়।" কমল জ্ঞানের ঘারা জগতের এই চিরস্তন সমস্রার সমাধান করতে গিয়েছে, কিন্তু এই জ্ঞানেরই সত্যিকার সংজ্ঞা আজও স্থির হয়নি। স্বতরাং তার বৃক্তিগুলি জীবনের পক্ষে, সভ্যজগতের কল্যাণক্রপের কাছে অত্যন্ত ফ্রাকা হ'য়ে রয়েছে।

ক্ষণিকের মোহকে সত্য প্রতিপন্ন করতে যে আক্ষিক কমল-অঞ্চিত, মনোরমা-শিবনাথের প্রণয় উপস্থিত হয়েছে তাও স্বাভাবিকতার গণ্ডি অভিক্রম করেছে, অস্ততঃ তার কোন সন্ধৃত কারণ দেখানো হয়নি। যে মনোরমা এতদিন অঞ্জিতের বিলাত থেকে কেরার প্রতীক্ষা করেছে, সে অত্যন্ত সামাশ্র পরিচয়কে ভালবাসবে, এমনকি অল্কণারে আলাপরত মনোরমা অঞ্জিতের গভীর রাত্তে গাড়ী

ক'রে বাড়ীফেরাকেও দেখতে পারে না, এবং অজিতও একেবারে কমলের সঙ্গে উধাও হতে চাইবে, এগুলি ধেন লেখক তাঁর ধিওরীকে প্রমাণ করার উদ্দেশ্রেই জাের ক'রে উপস্থিত করেছেন। নীলিমার আশুবাবুর প্রতি তুর্বলতাও এমনি একটা মােহের প্রমাণ—থেন জীবনে মােহটাই সত্য। কিন্তু আশুবাবু নীলিমা এরা ত কমলের মত সংস্কারহীন স্বাধীন ব্যক্তিত্ব নয়, তাই তারা এ মােহকে জীবনে সত্য বলে গ্রহণ করতে ছিধাবােধ করেছে। 'শেষ প্রশ্নে' পৃথিবীটা হাসপাতালে পরিণত হয়েছে।

অবিনাশ, অক্ষয়, হরেন, অজিত, সতীশ, রাজেন সব চরিত্রগুলিই যেন আগ্রার শুক্ষ আবহাওয়ায় জড়ো হয়েছে কেবল কমলকে চিনবার জন্তে, তাকে শুদ্ধা করতে, তাকে জানতে, তাকে বিশ্লেষণ করতে ও তার যুক্তির ক্ষেত্র প্রস্তুত করতে। তারা স্থকীয় ব্যক্তিশ্ব নিমে কেউ গড়ে ওঠেনি, কমলের পরিপ্রক হিসাবে, পারিষদরপে রূপনী কমলকে মহিয়্মী করতে তারা সারিবদ্ধভাবে মশাল হাতে দাঁড়িয়ে আছে। কেবলমাত্র রাজেনের চরিত্র সামাত্ত পরিচয়ে একটা ব্যক্তিশ্ব হিসাবে পাঠকচিত্তকে আকর্ষণ করে। তার জীবনপ্রত্যয় তার কাছে সত্য বলেই সে বড় ও বিশ্বাস্ত হ'য়ে উঠেছে।

শরৎচন্দ্র অবশ্য কমলকে রাজলন্দ্রী, অচলা. সাবিত্রী, অভয়ার মত একটা সন্ধীব বান্তব চরিত্র হিসাবে স্বষ্টি করতে চাননি, বরং তাকে একটা মতবাল প্রতিষ্ঠার মাধ্যমন্ধপে ব্যবহার করেছেন। তার মধ্যে তাই সাবিত্রী, রাজলন্দ্রীর সভীবতা ও স্বাভাবিকতা আশা করা ষায় না, কিন্তু তবুও কমলের চরিত্রের মধ্য দিয়েই তার মতবাদের প্রতিষ্ঠা করা প্রয়োজন ছিল,—কমলের জীবনে যদি তার মতবাদ পূর্ণতা লাভ করত, তবে মন্তিজধর্মী এই রসস্বাধী হয়ত সার্থক হ'তে পারতো কিন্তু মতবাদটা কমলের ম্থের কথার মধ্যেই প্রবল ও গতিশীল হ'য়ে উঠেছে, তার জীবনের মধ্যে তার পরিণতি হয়নি। মতবাদের স্বপক্ষে ক্র্রধার যুক্তি ও ভাষার কারিগরী অত্যন্ত উচ্ছেল হ'য়ে চরিত্রটিকে প্রায় অনৃশ্য করে ফেলেছে বলেই কমলের যুক্তিবাদ প্রতিষ্ঠা লাভ করেনি এবং তার চরিত্রও পূর্ণতা লাভ করেনি—সেটা একটা ক্রত্রেম বাক্যত্রে পর্যবিদ্যত হয়েছে। শরৎচন্দ্র স্বর্ধর্ম ত্যাগ ক'রেই এই ব্যর্থতাকে আমন্ত্রণ করেছেন। বিশেষতঃ এতে এমন একটি বলিষ্ঠ চরিত্রও স্বাধী হয়নি যার সঙ্গে পাঠক বা পাঠিকা একীভত হ'য়ে জীবনকে প্রভাক্ষ করতে পারে।

কমল বলেছে, "জীবনের কল্যাণকে কথনও অস্বীকার করবেন না। তার সত্যরূপ আনন্দের রূপ।" (১।২৭৫) জীবনের এই আনন্দ রূপটি কি, এবং প্রকৃত আনন্দ কি তাঁর কোনও ব্যাখ্যা কমল তার কথায় বা জীবনে দেয় নি। ক্ষণিকের মোহকেই সে সত্য বলেছে, এবং এই মোহই যে হুংখ আনে সে কথাও সে বলেছে—অভএব ক্ষণিকবাদ যে কল্যাণময় নয়, এবং আনন্দময় নয় একথা পরোক্ষে স্বীকৃত হয়েছে। কমলের যুক্তিবাদের মূল ভিত্তি ঠিক সত্যকে আশ্রুষ্ঠ করেনি বলেই সম্ভবতঃ তার চরিজ্বও হৃদয় স্পর্ণ করে না, তার যুক্তিও মন্তিকে প্রভাব বিস্তার করে না। তার যুক্তি যেন কেবল তর্কের জন্তেই তর্ক করা—এই ক্লব্রিমতার মধ্যেই শেষ প্রশ্নের অসম্পূর্ণতা প্রত্যক্ষ হ'রে উঠেছে।

পথের দাবীও শরংচন্দ্রের একথানি উদ্দেশ্যমূলক বা তন্ত্যুলক উপস্থাস।
১৯২৬ সালে প্রকাশিত হ'রে সেই যুগের মাহুষের মনকে আলোড়িত করেছিল।
তন্ত্যুলক বা উদ্দেশ্যমূলক হলেই যে তা সাহিত্যুরসের পরিপন্থী হবে একথা লেখক
শীকার করেন নি, বরং জোর দিয়েই বলেছেন জগতের অনেক সাহিত্যই প্রচারধর্মী।
পথের দাবীতে তিনি জন-মানসে দেশাত্মবোধ জাগ্রত করতে চেয়েছেন।

পর্বেই দেখা গেছে তিনি স্পেন্সারের সাবিক বিবর্তনবাদের পক্ষপাতী ছিলেন এবং মার্কসীয় জড়বাদের সঙ্গেও তাঁর পরিচয় হয়েছে। এই চুইটি মতবাদের মিশ্রণের ভিতর দিয়েই তিনি দেশের কল্যাণকে দেখেছেন এবং স্বাসাচী চরিত্তের মাঝে এই ছুইটি মতবাদ মিশ্রিত হ'য়ে তার যু'জ ও কর্মকে নিয়ন্ত্রিত করেছে। এই উপস্থাস প্রকাশের পূর্বেই অসহযোগ আন্দোলন হয়েছে, এবং শরৎচক্র সে আন্দোলনে প্রতাক ও পরোক্ষভাবে হোগ দিয়েছিলেন। অসহযোগ আন্দোলনের পিছনে তথন সম্ভাসবাদও সক্রিয় ছিল এবং বাংলার নেতৃত্বল সম্ভাসবাদের কর্মীগণের প্রতি খুব অমুদারও ছিলেন না—অহিংস নীতিতে রাজনৈতিক ক্ষেত্রে আস্থাবান থাকলেও সহিংস বিপ্লবকে একেবারে মূল্যহীন মনে করতেন না। স্বাসাচী এমনি একজন সন্ত্রাসবাদী এবং তার জীবনপ্রতায়টা গড়ে উঠেছিল স্পেদার ও মার্কস্থর মতবাদ নিয়ে। বিদেশ থেকেও বছ ভারতীয় ভারতের স্বাধীনতা সংগ্রামকে সহায়তা করেছেন—গদর পার্টি পাশ্চাত্য জগতের বছকেন্দ্র থেকে ভারতে সন্ত্রাসবাদীদের সাহায্য করেছেন এবং তথন রাসবিহারী বহুও ব্রিটশ গোফেলার নজর এডিয়ে জাপানে গেছেন এবং তাঁর জীবনের সত্য মিখ্যা বহু গল্প তথন সর্বত্র সমাদরে প্রচারিত হত। এই সমস্ত ঘটনার পরিপ্রেকিতে সব্যদাচী চরিত্রটি গডে উঠেছে।

পথের দাবী উদ্দেশ্যমূলক এবং প্রচারধর্মী সৃষ্টি এবং শরৎচন্দ্র এইথানেই বোধহয় প্রথম শিল্পীর স্বধর্ম ত্যাগ ক'রে যুক্তিভিত্তিক হ'য়ে উঠেছেন। সব্যসাচী চরিজের মধ্যে কমলের মত অনেক চমকপ্রদ বাক্য ও কার্য আছে সন্দেহ নেই কিছ চরিজ্ঞটি ভারতী, স্থমিজা, তলোয়ারকর প্রভৃতির স্থতি ও শ্রন্ধার মধ্যেই বড় হ'য়ে রয়েছে, চরিজ্ঞবলে কর্মগুণে পাঠকচিন্তে বড় হ'য়ে রঠেনি। চরিজ্ঞবিশ্লেষণী শক্তির উপর নির্ভর ক'রে সব্যসাচী বড় হয় নি, অল্পের সমালোচনার উপরেই তার বড়স্থ নির্ভরশীল হওয়ায় তার চরিজ্ঞের বড়স্থ বাহল্য হ'য়ে উঠেছে। সব্যসাচী religion is the opium for the mass''-এর প্রতিধ্বনি ক'রে বলেছে,—"কারণ সমস্ত ধর্মই মিথ্যা,—আদিম দিনের কুসংস্কার, বিশ্বমানবতার এতবড় পরম শক্ত আর নেই।'' (১৩।২৭৩) স্পেন্সারের পুনক্ষক্তি ক'রে সে বলেছিল, "বুরিয়া ফিরিয়া সব্যসাচীর এই কথাই তাহার বারংবার মনে হইতে লাগিল যে পরিবর্তনশীল জগতে সন্ত্যোপ্লন্ধি বলিয়া কোন নিত্য বন্ধ নাই। তাহার জয় আছে, মৃত্যু

আছে,—যুগে যুগে কালে কালে মানবের প্রয়োজনে তাহাকে নৃতন হইয়া আসিতে হয়।" (১৩।২৭৫)

ভারতীর সঙ্গে তর্কের মধ্যে এই সব কথা স্বাসাচী বলেছে, কিন্তু এই তর্কের মধ্যে চরিত্র মাধ্যমে কোন জীবনসভ্য প্রতিভাত হয়নি বলেই সব্যসাচী চরিত্র कृत्विम ও त्ररणमत्र र'रत्र तरहरहः, विनर्छ ও मधीव চतित्वत्राल পाঠकश्वनत्ररक আলোড়িত করেনি। রহস্ত উপস্থাসের নায়কের মত আকম্মিক আবির্ভাব ও অন্তর্ধান, ঐক্রজালিক সম্মোহন শক্তি প্রভৃতি চমকপ্রদ হলেও প্রকৃত চরিত্রকে গড়ে তুলতে পারেনি। চরিত্রটি অন্ধকারে দেখা মান্থবের মত সঠিক অবয়বহীন ছায়া-মূর্তির মতই রহক্তময় রয়ে গেছে। দেশের জন্মেই সে জীবন দান করবে এবং তার कीवत्नत क्षव नक्षा এই निष्ठिक बाबामान किन्द त्मान कमाराव कन्ना त्वा कन्ना त्वा क्र বৃহত্তর আদর্শের জন্ম সে আত্মত্যাগ করবে সেকথানা বলাই রয়ে গেছে। সে ষেন ইংরাজ শাসন শোষণ ও নারকীয় ব্যবসাবৃদ্ধির বিরুদ্ধে একটা ধুমায়িত কোধ ও বিল্রোহের শ্বরুপ, কিন্তু কেন তার চরিত্র এই স্থকঠোর সংযম ও আত্মদানের প্রেরণা লাভ করেছিল সেকথা স্থাপ্ট নয়। স্বাসাচী চরিত্রটি আপনার কার্যে ও চরিত্রের গুণে বড় হ'য়ে ওঠেনি, তাই চরিত্রটি ঠিক সাহিত্যরসাম্রয়ী হয়নি, সঞ্জীব স্থন্দর চরিত্র হিসাবে পাঠকচিত্তকে অভিভূত করতে পারেনি। শরৎচন্দ্র ছাদয়ধর্ম ত্যাগ ক'রে মন্তিষ্কধর্মী হ'য়ে ওঠায় তাঁর চরিত্তের উজ্জ্বলতা, প্রাণশক্তি, বলিষ্ঠ-সঞ্চীৰতা নিশুভ হ'য়ে গেছে।

সমগ্র কাহিনীর মধ্যে একমাত্র মুখর ভারতী চরিত্র। ভারতী-অপূর্বর প্রেম-কাহিনীটি বিচ্ছিন্ন ঘটনাকে কোনমতে একস্থত্তে গেঁথে কাহিনীকে সঞ্জীব রেখেছে। অপূর্ব তুর্বল চরিত্র, মধ্যবিত্ত শ্রেণীর চাকুরীজীবী লোক, তার মত এমনি তুর্বল চরিত্র রাশিয়ার বিপ্লব নিয়ে লেখা ফ্যাডেভ বা ব্যাক্ষারফের উপন্তাসের মধ্যে দেখা যায়। এই আরামে পালিত মধ্যবিত্ত শ্রেণীর হুর্বলচিত্ত বহু বিপ্লবী বিপ্লবকে বিপল্প করেছিল। অপূর্বও ঠিক তেমনিই সব্যসাচীর বিপ্লবকে বিপন্ন করেছে। তবুও ত্র্বলচিত্ত অপূর্ব ও ভারতীর চরিত্রই পাঠককে আকর্ষণ করে, কারণ এরা শরৎচক্রের হাদয়ধর্মের স্বষ্টি, এদের মধ্যে কোন কুত্রিমতা নেই। ভারতীচরিত্র মানবধর্মে গৌরবান্বিত। সব্যসাচী বলেছিল, "মাতুষ হ'ছে জন্মানোর মর্যালাবোধকেই মাতুষ হওয়া বলে।" (১৩।২৮৯) শুধু তাই নয়, মাতুষকে মাতুষের মধাদা দেওয়াও মানবভার ধর্ম। ভারতী অন্তর থেকে মামুষকে মর্যাদা দিয়ে মানবধর্মী হ'য়ে উঠেছে এবং ভারতী মানবধর্মী বলেই রক্তক্ষয়ী বিপ্লবকে অন্তরে গ্রহণ করেনি, সে শান্তি কামনা করেছে, "বে বিষেষ তোমার সত্যবৃদ্ধিকে আচ্ছন্ন ক'রে রেখেচে একবার তাকে ত্যাগ ক'রে শান্তির পথে ফিরে এসো, …জোরের বিরুদ্ধে জোর, হিংসার বদলে হিংসা, অত্যাচারের পরিবর্তে অত্যাচার এতো বর্বরতার দিন থেকেই চলে আসছে। এর চেয়ে মহৎ কিছু ৰজা যায় না।" (১৬/২৮৮) এই মানবধর্মই ভারতীচরিত্রকে আকর্ষণীয় করেছে, ক্ষেল বাক্যে নয় তার কর্মের মধ্যেও এই ছাম পরিক্ট; তাই ছুর্বল, অসহায় অপূর্বই তার প্রণয় পাত্র। এই ত্র্বলতাকে কেন্দ্র ক'রেই ভারতীর **হলয়স্থা ক**রিত হয়েছে।

স্বন্ধ বেথার চিত্রিত শশী ও তলোরারকরের চরিত্র তুইটি জীবস্ত এবং হৃদরগ্রাহী।
কিন্তু শরৎচন্দ্রের অন্যান্ত স্টির মাঝে তাঁর মানসলোকের যে একটা সামগ্রিক ছবি
ভেসে ওঠে তা পথের দাবীতে নেই—মনে হয় কডকগুলি বিচ্ছিন্ন ঘটনা ও চরিত্র
একটা বিশেষ উদ্দেশ্ত নিয়ে, একটা তত্ব বা সমস্যার দিকে ছুটে চলেছে—ফদিও সে
সমস্যা তথন ভারতের স্বাধীনতা সংগ্রামের পক্ষে গুরুতর ছিল কিন্তু আজ কালের
কোলে তা বিলীন হ'য়ে গেছে। মানব জীবনের চিরস্তন সমস্যার সঙ্গে এই
সাময়িক সমস্যার যোগস্ত্র অভি ক্ষীণ।

অবশ্য উদ্দেশ্যমূলক বা প্রচারধর্মী হলেই যে সাহিত্য মিখ্যা হ'য়ে যায় একথা শরৎচন্দ্র স্বীকার করেননি এবং সে-সম্বন্ধে অক্স অনেক বিশ্ববিশ্রুত লেখকেরও উল্লেখ করেছেন। উদ্দেশ্যসুলক হলেই সৃষ্টি অপাংক্রেয় হ'য়ে যায় একথাও সভ্য নয়। হিতোপদেশের সেই লোভী কুকুরের মাংসথও নিয়ে নদী পার হ্বার কালে নিজের প্রতিবিম্বের মাংস্থত্তের লোভে জলে ঝাঁপ দিয়ে মাংস্থণ্ড হারানোর মধ্যে যে অতিলোভের শান্তি হয়েছে,—তা নীতিমূলক গল্প। কিন্তু সে গল্প আজও বিলীন হয়নি। লেখকের উদ্দেশ্য অতিলোভ ভাল নয় প্রমাণ করা, দেটা তিনি করেছেন। একেত্রে সমালোচনার জন্মে কুকুরের চরিত্র ফুল্বর হয়নি বলে পরিতাপ করা নিপ্রাজন, এবং স্বাভাবিকতা, সম্ভাব্যতা বিচারও করা চলে না। বক্তব্যটা সঠিকভাবে সমাক্ ভাবে বলা হয়েছে কিনা তাই বিচার্য। পথের দাবী স্কটের মধ্যে তাঁর প্রধানতম উদ্দেশ্য চিল ইংরাজের শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে দেশবাসীকে সচেতন ক'রে তাকে দেশাত্মবোধে দীক্ষা দেওয়া এবং সে বিষয়ে তিনি অনেকথানি म्हन, मार्बक। त्रवीखनाथर वरलिहलन, "वरेशानि উত্তেজक। व्यर्थार रेश्दारकत শাসনের বিরুদ্ধে পাঠকের মনকে অপ্রাপর ক'রে তোলে।"—ঘোষাল, - ৯০ পু.। অত্যাচারী মাহুষের বিক্লমে অত্যাচারিতের নালিশ ত পৃথিবীর চিরস্তন ইতিহাস এবং এই ইতিহাসের আজও সমাপ্তি হয়নি। পথের দাবীর আবেদনেরও শেষ হয়নি। অন্তর্জগতের বাইরে মানুষে মানুষে এই স্বার্থ-সংগ্রামের কাহিনী তাই পুরাতন নয়। সেইদিক থেকে পথের দাবী শ্রদাও সাফল্যের দাবী করতে পারে। তবে এই स्ष्ठि শরংচল্রের অধর্মবিরোধী বলেই পরিপূর্ণ স্প্রের মর্ধাদ। লাভ করতে পারেনি-এবং চিরস্তন একটা আবেদন নিয়ে চলতে পারেনি।

নিষ্কৃতি ১৯১৭ সালে প্রকাশিত হয়। নিষ্কৃতি গার্হস্থা-জীবনে ব্যক্তি-সংঘাতের একটি পরিচ্ছর চিত্র। বিভিন্ন চিত্তবৃত্তি একই পরিবারের গণ্ডীর মাঝে কেমন ক'রে পরস্পরের প্রতি আঘাত হেনে তাকে তৃঃধময় ধ্বংসের মাঝে নিয়ে বেতে পারে এবং ক্ষুম্ম ঘটনাকে কেন্দ্র ক'রে বিভিন্ন চিত্তবৃত্তি কেমন আপন আপন পথে চ'লে জীবনে জটিগতা স্প্রিকরে, তার স্ক্ষম্পর একটা কাহিনী। এথানে করেকটি বিক্ষম মনোবৃত্তিসম্পন্ন ব্যক্তি, জীবনের বিভিন্ন দিক থেকে জীবনকে গ্রহণ ক'রে একটা জটল পরিস্থিতির স্পষ্ট করেছে এবং শেষপর্যন্ত উদার মহৎ ক্রদয়ের ত্যাগের মধ্যে তার স্থাকর পরিণতি ঘটেছে—এই গার্হস্ব্য-জীবনের জটিলতা হৃদয়ের কাছে পরাস্থৃত হয়েছে। স্থাম্বর্তির এই জয় ঘোষণার মধ্যেই শরৎচন্দ্রের কৃতিত্ব সাবলীল ও স্করের।

আত্মভোলা গিরিশ ও পরিপূর্ণ মাতৃত্বের অধিকারিণী সিদ্ধেশ্বরীর হৃদরের ছায়ায় অনমনীয়, কঠোর ও সংযত শৈল এবং রমেশের জীবন বেশ নিরুপদ্রবেই চলছিল। দিদ্ধেশ্বরী তাঁর বিপুল অন্তরের প্রতিবিশ্ব রূপ শ্যাায় বাডীর স্ব ছেলেমেয়েগুলিকে নিয়ে প্রমানন্দে রাত্তি জাগরণে দিন্যাপন করেন। তাঁর বিছানার যে নিপুণ বর্ণনাটি শরৎচক্র দিয়েছেন তা যেন সিদ্ধেখনীর মাতৃত্বপুষ্ট অন্তরাকাশের প্রতীক। তেজবিনী, কর্তব্যকঠোর, কর্মকুশলা ও বুদ্ধিমতী শৈলই এই সংসারের বাকী ভার বহন করে। সিদ্ধেশ্বরীর স্নেহ, গিরিশের অর্থ ও শৈলর সেবা ও শাসনের মধ্যেই গৃহস্থালীর রথ নির্বিল্লে চলছিল। এদের অস্কর প্রাচ্য, ত্যাগধর্মী, সামগ্রিক কল্যাণে নিযুক্ত। কিন্তু আক্ষিকভাবে হরিশ ও নয়নতারার আবির্ভাবে সংসারের ভারকেন্দ্র টলমল ক'রে উঠল। এঁরা নবতম পাশ্চান্তা সভ্যতার অহংবাদপ্রস্থত আত্মকেন্দ্রিকতা অর্জন করেছিলেন এবং তারা জড়বাদী ভোগধর্মী। তাঁরা হানয় ও সম্মানের উধেব ও স্বর্ণকে চিনেছিলেন এবং তারই ফলে পুত্র অতুলও জীবনের অপ্রাক্বত মৃল্যায়নকে গ্রহণ করেছিল। অতুলকে কেন্দ্র করেই এই হুই ভিন্নধর্মী চরিত্তের সংঘাত আরম্ভ হল এবং এই ক্ষুদ্র সংঘাতকে মূলধন ক'রে হরিশ-গৃহিণী নয়নতারা সিদ্ধেশবীর সিন্দুকের চাবি হস্তগত করতে নান। ছলা-কলার আশ্রেয গ্রহণ করলেন। শৈলর প্রতি সন্দেহ সৃষ্টি ক'রে নিজেকে বিশাসভাজন ক'রে তুলতে চেষ্টা করলেন কিন্তু..."গোড়ায় গলদ হইয়া গিয়াছিল যে, স্বার্থের জন্ম নিরীহ লোকের মনে সংশয়ের বীজ বপন করিলে যথাকালে তাহার ফলভোগ হইতে নিজেকেও দূরে রাখা যায় না। ... যে মুহুর্তে ছোট বৌএর প্রতি বিশাস হারাইয়াছেন, মেজবৌকেও ঠিক সেই মৃহুর্তেই অবিশ্বাস করিতে শিথিয়াছেন।" (৪।৩০০) প্রণয়, বিশ্বাস ও হান্যের নির্ভরতার মাঝে যে শান্তি ও তৃপ্তি গড়ে উঠেছিল তা অহংপ্রস্ত আত্মকেক্সিকতার षाचारक हुन इ'रत्र शिन।

শৈলর কঠোরতা কর্তবাবৃদ্ধিপ্রণোদিত এবং সার্বিক মন্থলের জন্ত। সেই কঠোরতা শুধু শাসন ও পীড়নের জন্তেই নয় তা তার অকুত্রিম সেবার উপর প্রতিষ্ঠিত, তাই বাড়ীর মণীক্র থেকে সকলেই তার বশ্চ ও বাধ্য। সেই হেতুই সিদ্ধেশরীর অকুষ্ঠ বিশাস ও নির্ভরতা সে অর্জন করেছিল। এই বিশাস ও নির্ভরতা যেদিন ভেলে গেল সেদিন শৈলও নিঃশন্দে দেশের বাড়ীতে চলে গেল,—তার সম্ভ্রম ও জেজ্বিভাকে অক্ষারেধে, কিন্তু নয়নতারার স্বার্থ সম্পর্কে রাগ নেই—"যেখানে কাজ আদায় করিতে হয়, দেখানে তার ক্রোধ অভিমান প্রকাশ পাইত না।" (৪২৮৬) ভোগবাদী নয়নতারা ভোগধর্মের কাছে হৃদয় ও আত্মা বিক্রয় করেছিলেন বলেই তার ক্রোধ অভিমান ছিল না। এই তুই বিক্রচিত্ত সংঘাতের মধ্যে তুর্বলচিত্ত ও অ্পার

শ্বেহনীলা সিদ্ধেশ্বরীর চিন্ত শৈলর প্রতি অভিমানে ক্র্ছ হ'য়ে এবং নয়নভারার চাট্কারিভার বশ্ব হ'য়ে সংঘাতকে জটিলভর ক'রে তুলেছে। শ্বেহত্র্বল সিদ্ধেশ্বরীর এই দোলায়িত অন্তরের ছবি প্রকৃত্তই মহৎ শিল্পীর স্পষ্টি।

এই সংঘাতম্থর পরিবেশে যথন হরিশের মামলার প্রতিরোধ করতে রমেশ শৈলর সমস্ত অলম্বার নিঃশেষ ক'বে দারিদ্রোর কঠোরভাকে বরণ করতে বাধা হয়েছে, ঠিক সেই সময়ে সর্বকার্যে উদাসীন আত্মবিশ্বত মহৎ উদার গিরিশ তাঁর कुनरवत स्थाधातात नात्न ममन्त्र अमन्त्र अन्यवादरक जिला निरम् कुनरवत क्य ঘোষণা করেছেন। ছোটবো-এর নামে সর্বন্ধ দানপত্র ক'রে দিয়ে যথন গিরিশ বাড়ী ফিরলেন তথন হরিশ এই হৃদয়ের আঘাতে শয্যাশায়ী, নয়নতারা নির্বাক। গিরিশ "সকল দিক বিশেষ বিবেচনা করিয়াই ভরাতৃবি হইতে চাটুজ্যে বংশকে নিষ্ণৃতি দিয়া আসিয়াছেন" (৪।৩০৭) দেখে সিদ্ধেশ্বরী চোখের জলে বললেন, "তুমি বে তাদের স্বাইয়ের চেয়ে কত বড়, সেক্থা আজ আমি যেমন বুঝেচি এমন কোনদিন নয়।" (৪।৩০৭) স্বার্থবৃদ্ধি যে বহিং জালিয়ে তুলেছিল হালয়ের শীতল পরশ তাকে নির্বাপিত ক'রে সংসারকে নিষ্কৃতি দিল। বৃদ্ধি যার সমাধান করেনি, হাদয় তার সমাধান ক'রে দিল। গিরিশ চরিত্রের স্বাভাবিকতা বা বাস্তবতা কতথানি সে বিচার অপ্রাসন্ধিক, তার হাদয় যে বৃদ্ধিকে পরাজিত ক'রে উচ্চাসন পেল, তাই লেখকের মনের আলেখ্য। গিরিশের আত্মবিশ্বতি ও তথাকথিত নির্দ্ধিতার মধ্যেই শরৎমানদের হাদয়ধর্ম পূর্ণ প্রতিভায় প্রদীপ্ত। বিভিন্নধর্মী চিত্তের সংগ্রামে যে রপলোক স্ষ্ট হয়েছিল তার মধ্যে গিরিশ তার হৃদয়ের গৌরবে অত্যুত্তল হ'য়ে সংগ্রামকে চিরকামা শান্তিতে পরিণত ক'রে দিয়েছে।

বিন্দুর ছেলেও অন্যান্ত কয়েকটি গল্প পুন্তকাকারে প্রকাশিত হয় ১৯১৪ সালে। এগ গল্পগুলি পূর্বে 'ষ্মুনা' পত্তিকায় প্রকাশিত হয়েছিল। বিন্দুর চেলে পরিণত শিল্পার সার্থক সৃষ্টি। বিন্দুর ছেলের মধ্যে শরৎচন্দ্রের বিম্মানকর অন্তর্দৃষ্টির পরিচয় রয়ে গেছে। ফ্রয়েডীয় মনশুল্থ ইউরোপ ও ইংলণ্ডে প্রভাব বিস্তার করে ঠিক এই সময়ে; কিন্তু তথনও এই ভাবধারা ভারতে এসে পৌচয়নি। বিন্দুর নিপীড়িত মাতৃত্ব তার মধ্যে ব্যাধির আকারে হিন্টিরিয়া স্কৃষ্টি করেছিল এবং ঠিক মুর্ছার মৃষ্ঠ্রে অম্লাকে তার কোলে দিয়ে অল্পূর্ণা যে ঔবধ আবিদ্ধার করেছিলেন তা শরৎচন্দ্রের বিস্মানকর বীক্ষণশক্তির পরিচয়।

রূপবতী বিন্দু ধন, ধনের গর্ব, অসহিষ্ণুতা ও ধনীক ন্তা ফল ভ এক গুয়েমী নিয়ে দরিক্র যাদবের ঘরে এসেছিল। "ছোটবে বি ওজনের রূপ ও টাকা আনিয়াছে, তাহার চতুগুল অহন্ধার অভিমানও সঙ্গে আনিয়াছে।" (গা২৯৭) একথা যাদব এবং অন্নূর্ণা উভয়েই জানতেন। জগতে কতকগুলি চরিত্র থাকে তারা সর্বদাই চরমণন্থী—বিন্দু সেই জাতীয়। তার মাতৃত্বের কুধা যথন অম্লাকে বিরে তৃথিকামী হ'য়ে উঠল তথন তা ক্রমশঃ সাধারণকে ছাড়িয়ে গেল। সেই সঙ্গে অম্পার ভবিশ্বতের ক্ল্যাণের জন্ম এল প্রেতের স্তর্কতা। বিন্দুর ক্ঠিনতার অন্তরালে

কেবলমাত্র একটি সতর্ক শ্বেহশীলা মাতৃহাদয়ই ছিল তাই নয়, তার অস্তরে উদারতা ও অফ্তৃতিও ছিল প্রচুর। আক্ষিকভাবে অমূল্যকে সামান্ত টাকা দেওয়ার ব্যাপার নিয়ে যে ভয়াবহ ভূল বোঝাব্ঝির সৃষ্টি হল,—তা দূর করতে সে মনে মনে য়থেই বেদনা, অফুতাপ ও মানি অফুভব করলেও সে শাস্তচিত্তে ক্ষমা চাইতে পারেনি—এই অহকার ও একগুয়েমীই তার মধুর চরিত্রকে কঠোর ও অনমনীয় ক'রে তুলেছে। মার্থপর পুত্রম্বেহান্ধ এলোকেশী ও নইচরিত্র নরেন মখন এই শান্তির সংসারে এসে দেখা দিল, তখনই এই বিরোধ জটিলতর হ'য়ে দেখা দিয়েছে। নরেনের প্রভাবে অমূল্যর ভবিত্বং নই হবে, এই আশক্ষাই তাকে উল্লাদ ক'রে তুলেছিল। যাদব পুনরায় চাকুরী করছেন ভনে সে মর্মান্তিক ছংখে মাধবের পায়ে ধরেছিল, কিন্তু সে নিজে তাদের কাছে একবার গিয়ে দাঁড়াতে পারেনি তার অহংবোধের আতিশয়ে। এই অহকার ও অনমনীয়তা, এবং চারিত্রিক জটিলতাপ্রস্ত হৃদয়ন্দ্র তাকে উপবাসে, রোগে মৃত্যুর পানে ঠেলে দিয়েছে কিন্তু সে তথাপি তার অহকারকে ত্যাগ করতে পারেনি। বিন্দুর এই চরমপন্থী মনোবৃত্তিই স্থের সংসারে ভাকন ধরিয়েছিল।

তারপরে মৃত্যুপথযাত্রী বিন্দুর শেষ অবস্থার সংবাদ নিয়ে যথন মাধ্ব যাদবের দরজায় এল তথন দেবতুল্য ভাস্তর যাদব এবং স্নেহলীলা বড়গিন্ধী সমস্ত ভূল বোঝাবৃঝি, সমস্ত মান-অভিমান ভূলে ছুটে এলেন বিন্দুর শয্যাপার্যে। যাদব বিপুল হৃদয়ঐশর্যের বিচ্ছুরিত আলোয় অনমনীয় বিন্দুর চিন্ত জয় ক'রে বললেন,—'বাড়ি চল মা, আমি নিতে এসেছি। অধন এসেছি তথন হয় সঙ্গে ক'রে নিয়ে যাবে, না হয় ওম্থো আর হব না।" যাদবের হৃদয়ের এই প্লাবনে বিন্দুর অভিমান ভেসেগেল, সে বললে, "দাও দিদি, কি থেতে দেবে।"

গিরিশ একদিন ছোটবৌকে সমস্ত দান ক'রে চাটুয়ো বংশকে ভরাড়ুবি থেকে নিছুতি দিয়েছিলেন,—যাদবও তেমনি হৃদয়ের মহত্তে বিকুর সমস্ত অভিমান ও জেদকে পরাভূত ক্'রে ছোটবৌকে ঘরে ফিরিয়ে নিয়ে গেলেন। জীবনের সমস্ত জটিলতার অন্ধকারকে দূর ক'রে দিল প্রসন্ন হৃদয়ের মহত্ত ও ক্ষমাশীল মহাহুভবতা।

রামের স্থমতিও একই সময়ের লেখা। রামের ছ্রন্তপনা, নারায়ণীর শ্বেহ ও শ্রামলালের নিস্পৃহতার মধ্য দিয়ে সংসারচক্র স্বচ্ছন্দ আবর্তনেই চলছিল। হর্দান্ত রাম একমাত্র নারায়ণীর শ্বেহের কাছেই বশ্ব, পীড়নে প্রহারে রামের ছ্রন্তপনাকে নিয়ন্ত্রিত করা চলে না। যে রামের ভয়ে গ্রাম সম্ভত্ত সেই রামই নারায়ণীর ছকুমে এক পায়ে দাঁড়িয়ে থাকে। এই আপাতঃ অবিশ্বাশু ঘটনা মনস্তত্বের দিক থেকে প্রকৃতই গ্রহণযোগ্য। একজাতীয় চরিত্র দেখা যায়, যায়া বাধা ও বিপত্তিতে শক্তি সঞ্চার করে এবং শ্বেহপ্রীতির কাছে মাথা নত করে। সংসারের এই চক্রে জটিলতা ও হুংব স্বাষ্ট করতে এলোকেনী-নরেনের মত আবিভূতি হলেন দিগম্বরী-স্বর্ধনী। দিগম্বরী তার ক্ষুতা, সংকীর্ণতা, হিংসা ও অস্থা নিয়ে নারায়ণীর মাতৃহ্বদয়ে ধীরে ধীরে বিষ সঞ্চারিত করতে চাইলেন। নারায়ণীর হাদয়ে দেখা দিল দক্ত,—একদিকে আঞ্রিতা মায়ের প্রতি সামাজিক কর্তব্য ও অক্তাদকে

তার হাদরের দাবী—বৃক্তে পিঠে মাহ্য করা মাতৃহাদরের দাবী। এই তৃই বিরুদ্ধ অবস্থার অন্তর্ধন্দ নারায়ণীর হাদরে জটিলতা স্ষ্টি করল। নারায়ণী হাদরের দাবীর জয় ঘোষণা করতে বললেন, "যাকে বৃক্তে ক'রে এতটুকুকে বড় ক'রে তুলতে হয়, সে-ই জানে হকুম কোথা দিয়ে কেমন ক'রে আসে।" এবং সামাজিক কর্তব্যবৃদ্ধি ও লোকলজ্জার উপরে এই হাদরের স্বীকৃতি যে সত্যিকার মানবতা, তাই প্রতিষ্টিত করতে স্কুম্পষ্ট ভাষায় নারায়ণী বললেন, "আমিও এই কথাটাই ভোমাকে মৃথ ফুটে বলতে পারছিলাম না মা, সত্যি ভোমার এখানে থাকা হবে না।" গিরিশ ও যাদব বাহির থেকে যে জয় ঘোষণা করেছেন, নারায়ণীর অন্তর সেই জয় ঘোষণা করেছে ভিতর থেকে— নারায়ণীর হাদয় জয়ী হয়েছে সমাজ-ধর্ম ও লোকলজ্জাকে পরাজিত ক'রে—পরান্ত ক'রে। এইদিকে নারায়ণী চরিত্র গভীরতর ও তার মনগুত্বিশ্লেষণ অধিকতর সৌন্দর্যধর্মী।

মহেশা শরৎচন্দ্রের একটি অন্য হ । এখানে হাদ্য-দ্বন্ধের হাষ্টি হয়েছে সামাজিক অক্সায় ও অত্যাচার ও শোষণের থেকে। অশিক্ষিত দরিদ্র চাষী গফুরের মৃকপ্রাণীর প্রতি অকুণ্ঠ ভালবাসা, সমাজের নিষ্ঠ্রতার মধ্যে অত্যাচারিত ও নিশ্পিষ্ট হয়েছে। গফুর নিজের খাছা, এতটুকু আশ্রেয় খড়হীন ঘরের খড় চুরি ক'রে খাইয়েছে তার মহেশকে—কিন্তু হিন্দুর গ্রামের গো-দেবতার সেবাধর্ম গফুর ও মহেশের কোন কাজেই আসেনি অথচ সেই সেবাধর্মই এসেছে গফুরের মাথায় শাসন ও পীড়ন নিয়ে। এই অত্যাচার ও নিষ্ঠ্র উৎপীড়নের অবশ্রম্ভাবী ফলরূপে গফুর আত্মবিশ্বত হ'রে তার প্রিয়তম মহেশকেই হত্যা করলো। এই আক্মিক ছর্ঘটনার মানি গফুরের সমস্ত হৈতক্তকে আচ্ছের ক'রে গভীর অহ্মশোচনায় তাকে আরও আত্মবিশ্বত করেছিল। সে তার ঘটি ও পিতলের থালাকে মহেশের "প্রাচিত্তির"—এর জক্ষে রেথে গভীর রাত্রে প্রিয়তম বাস্কভ্রমি ত্যাগ ক'রে ধর্মহীন ফুলবেড়ের চটকলে চলে গেল। বিদায়কালীন তার অভিশাপ, "যে তোমার দেওয়া মাঠের ঘাস, তোমার দেওয়া তেইার জল তাকে থেতে দেয়নি তার কন্তর ভূমি যেন কথনো মাপ করো না"—আজও যেন সংস্কারান্ধ সমাজের বৃকে প্রতিনিয়ত ধ্বনিত হচ্ছে। গফুরের হন্ধ আত্মানিতে পরাজিত ক'রে গিয়েছে সমস্ত সমাজের হন্ধহনীন অচল বন্ধনকে।

নববিধান প্রকাশিত হয় ১৯২৪ সালে, তথন শরৎচক্র খ্যাতির উচ্চশিথরে।
তথন পাঠক প্রকাশক ও পত্তিকা সম্পাদকের তাগাদায় তাঁকে অনিচ্ছায়ও লিখতে
হত। শরৎচক্র অসমঞ্জ ম্থোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে একদা বলেছিলেন 'নববিধান'
তার সবচেয়ে পছন্দসই বই। (৩৬৩) পুত্তের সম্বন্ধে মাতার অভিমত যেমন গ্রঃণবোগ্য
নয়, লেখকেরও তার স্পষ্ট সম্বন্ধে মতামত নির্ভর্যোগ্য নয়। লেখকমাত্তেরই
কোন-না-কোন অক্ষম লেখার প্রতি ত্র্বলতা থাকে। অবশ্য নব্বিধান তাঁর অক্ষম
স্বি একথা বলা সম্কৃত নয়, তবে এই কাহিনীর বক্তব্য বা চরিত্তেগে পূব সম্ভব বা

সমীচিন বলে মনে হয় না। লেখক সম্ভবতঃ উষার মৃসলমান বাব্র্চি বিভাতৃন এবং বৈফব গোঁসাইদের বিভাতৃনের মধ্য দিয়ে বলতে চেয়েছেন যে রীভিনীতি সংস্কারের মধ্যে সভিয়কার ধর্ম বা সভ্য নেই, প্রক্লভ সভ্য হাদয়-আশ্রমী। উষা স্বামীর প্রভি কর্তব্য ও নীতির দিক থেকেই ভার সেবা করেছে, সেখানে হাদয়দ্দের কোন অবকাশ লেখক রাখেন নি। বিক্লছ চিন্তর্ভিসম্পন্ন কতকগুলি ব্যক্তির সংঘাতের মধ্যে কাহিনীটি এগিয়ে চলেছে। শৈলেশরের বৈফবধর্ম গ্রহণ এবং মৃসলমান বাব্র্চি প্রীভিটা ঘটনাপ্রধান, ভার মধ্যে মনশুত্বের কোনও বিশ্লেষণ নেই। উষার প্রস্থান ও আগমন উভয়ই কারণহীন ঘটনা মাত্র, ভার মধ্যে কোন চারিত্রিক বৈশিষ্ট্য বা বিভার আধুনিকভার মধ্যেও কোন বৈচিত্র্য দেখা দেয়নি। ভব্ উষার কর্তব্যবৃদ্ধি ও নীতিধর্মপ্রণোদিত হাদয়বৃত্তি ত্র্বলচিত্ত শৈলেশরের সংসারের প্রী ফিরিয়ে এনেছিল, এইটুকু মাত্র প্রণিধানযোগ্য ক্রষ্টব্য হ'য়ে আছে।

পথনির্দেশ-এর প্রকাশকাল ১৯১৪ এবং বিন্দুর ছেলে, রামের স্থমতি ও পর্থনির্দেশ একসঙ্গে পুন্তকাকারে প্রকাশিত হয়। পর্থনির্দেশ সম্বন্ধে লেখক বন্ধু প্রমথনাথকে ১২ই মে ১৯১৩ সালের এক পত্তে লিথেছিলেন—"আমার উপর যদি তোমার কিছুমাত্র শ্রদ্ধা থাকে তাহা হইলে আমি নিজেও বলি। পঞ্জিমের হিসাবে, রুচির হিসাবে, আর্টের হিসাবে, 'পথনির্দেশে'র কাছে 'রামের স্থমতি'র স্থান নীচে, অনেক নীচে।" (৩৬৪) লেখকের এই কথা কিছু তাঁর বন্ধুগণ স্বীকার করেন নি। গুণিন শিক্ষিত ধনী সংযতপ্রভাব কিন্তু ব্রাহ্ম। আখ্রিতা হেমনলিনী ও তার মধ্যে একটা গভীর প্রণয় গড়ে উঠেছিল কিন্তু সমাজ এসে তাদের পথে অন্তরায় হ'য়ে তাদের প্রেমকে থণ্ডিত ক'রে দিল। মাতার আগ্রহে হেমের বিবাহ হল, এবং বিধবা হ'য়ে ফিরে এল। তথন বিধবা হেম ও গুণিনের পরস্পার আকর্ষণের মাঝে ধর্মসংস্থারের ৰাধাহেত যে অন্তর্দৰ সৃষ্টি হল তা শিল্পী শরৎচক্র বিল্লেষণে মধুরস্থন্দর করতে কার্পণ্য करतन निरं ट्य क्र न-তপ প্রভৃতি ধর্মীয় ক্রিয়ায় অন্তরের শান্তি চেয়ে ব্যর্থ হল, শ্বামীর শ্বতিকে আঁকড়ে ধরে রক্তাক্ত অন্তরকে শাস্ত করতে চেটা করল কিছ তাও কৃত্রিম আশ্রয় মাত্র। গুণিনের সংযম ও কর্তব্যবৃদ্ধির কাছে তার সংঘাতজর্জর অন্তর "অতৃপ্ত বাসনাই মহৎ প্রেমের প্রাণ" এই ত্যাগমূলক শিক্ষাকে গ্রহণ করে কাশীবাসী হল। লেখক হেম-গুণিনের প্রণয়কে স্বীকৃতি না দিলেও তাদের প্রেমের স্বীকৃতি দিয়েছেন ত্যাগ ও সেবাধর্মের মধ্যে। হেম ও গুণিনের প্রণয়-ঘন্দের মধ্যে যথেষ্ট মাধুর্য ও সৌন্দর্য সম্পদ সঞ্চিত হ'য়ে আছে সন্দেহ নেই কিন্তু রামের স্থমতিতে নারায়ণী যতথানি বলিট স্বরধর্মের প্রভাবে সমুজ্জল, মহৎ প্রেমের ত্যাগধর্মে হেম ততথানি বলিষ্ঠ ও উজ্জ্বল হ'য়ে ওঠেনি—সে পার্বতী, রাজলক্ষীর একটা ক্ষুদ্র সংস্করণ হ'য়ে আছে।

আঁখারে আলো প্রকাশিত হয় ১৯১৫ সালে। বিজ্ঞার অন্ধকারময়

⁽৩৬৪) হোবাল--পৃ. ১৩২

নর্ভকী জীবনের ছলনার মধ্যে আক্সিকভাবে নারীত্বের আলোক তাকে সত্যকার নারীধর্মে অমুপ্রাণিত করেছিল। এই নারীসন্তার জাগরণই আঁধারে আলোর বিষয়-বস্ত। বিজলীর নর্ডকী জীবনের মধ্যে প্রণয়ের অভিনয়ই ব্যবসাবৃদ্ধি রূপে আত্ম-প্রকাশ করেছিল, সত্যিকার প্রেমের স্বাদ সে পায়নি। যেদিন তার রূপের ঐশর্ষ ও তার অহমিকাকে সভ্য পদদলিত ক'রে চলে গেল, সেইদিনই সে এই প্রভ্যাখ্যানের মধ্যে সত্যিকার প্রেমকে চিনল। "অভাবের বিরুদ্ধে বিলোহ করা ঘাইতে পারে," কিন্তু তাহাকে উড়াইয়া দেওয়া যায় না। নারীদেহের উপর অত্যাচার চলিতে পারে. কিন্তু নারীত্বকে ত অস্বীকার করা যায় না। বিজলী নর্তকী, তথাপি সে নারী! আজীবন সহস্র অপরাধে অপরাধী তবুও যে এটা নারীদেহ। তথন তাহার লাম্থিত অর্থমৃত নারীপ্রকৃতি অমৃতস্পর্শে জাগিয়া বসিয়াছে।' (৮:৩৪৯.৫০) আর একদিন বিজ্ঞলী সরলা নাটক অভিনয় দেখে বলেছিল, "স্বাই বলে সমন্ত মাহুষের ভেতরেই ভগবান আছেন, আত্মা আছেন, কিন্তু প্রমদার চরিত্র দেখলে মনে হয় না তার ভেতরেও ভগবান ছিলেন।" (৮।৩৪৩) নর্তকী বিজলীর ছলনা ও প্রেমাভিনয়ের মধ্যেও মনে হয় না প্রমাত্মার অংশ বিশ্বমান কিন্তু আক্ষ্মিক ভাবে সেই নারী আত্মা তার মধ্যে জাগরিত হ'য়ে ভগবানের অন্তিত্ব প্রমাণ করেছে। দেহের উদ্বেবি যে মানবসন্তার অভিত্ আছে এবং তা যে চিরপবিত্র প্রমান্মারই প্রকাশ এই সভাই যেন বিজলীর পুনর্জন্মের মধ্যে প্রতিষ্ঠা লাভ করেছে। কাহিনীটি বক্তব্যপ্রধান, এবং উদ্দেশ্যমূলক। গল্পের ক্ষুদ্র অবয়বের মধ্যে এই সভ্য প্রতিষ্ঠিত হয়েছে সন্দেহ নেই, কিন্তু এই সত্যপ্রতিষ্ঠার জন্মে লেখক চরিত্র-বিশ্লেষণ বা চিত্রনের আশ্রয় নেন নি,—বক্তব্য হিসাবেই চরিত্তের মাধ্যমে প্র'ভষ্টিত করেছেন। শেষ দৃষ্টে विकली विषायकारल वरलिहल,—"बाबात निरकत वरल बात किहुई तनहे। अभवान করলে, সমন্ত অপমান তার গায়েই লাগবে।" এই একাস্ক আত্মদমর্পণের মধ্যেই অন্ধকার জীবনে বিজলী আলোর সন্ধান পেয়েছিল। উদ্দেশ্যগুলক বক্তবাটি গল্পে স্থিতি লাভ করলেও রাধারানীর চাতত্তিটি ঠিক সম্ভব বলে মনে হয় না। অতিমানবী না হলে স্বামীর প্রণয়িনীকে সমাদর করা অন্ততঃ স্ত্রীলোকের পক্ষে সম্ভব নয় বলেই মনে হয়, তবে মহত্ত্ব হাদয়ও অসম্ভব নয়।

মেজদিদি গল্লটিও প্রায় একই সময়ের লেখা। মেজদিদি গল্লে অভাগ্য কেইকে কেন্দ্র ক'রে শিল্পী কাদদ্বিনী ও হেমাদ্বিনী চুইটি চরিত্রকে পাশাপাশি দাঁড় করিয়ে মনস্তব্যের একটা অজ্ঞাত বৈচিত্রাকে অপূর্ব দক্ষতায় প্রকাশ করেছেন। মানব চরিত্র ছুই প্রকারে ভিল্লখনী হ'য়ে দেখা দেয়। একটি অন্তমূখী একটি বহিম্খী। অন্তমূখী চরিত্রগুলি তার ব্যক্তি ও অহংএর ক্ষুপ্র পরিধি ব্যতীত বাহিরের দিকে প্রশারিত হয় না, বরং বাহির থেকে সমন্ত অন্তম্ভতিকে যেন কেন্দ্রীভূত ক'রে সে আত্মকেন্দ্রিক হ'য়ে ওঠে। তার অবশ্রম্ভাবী কলরণে তারা সংকীর্ণ, নীচ, স্বার্থপর ও পরপীড়ক হয়ে ওঠে; শুধু তাই নয়, অসহায়কে পীড়নের মধ্যে একটা নারকীয় উল্লাস বোধ করে। বহিম্খী চরিত্রগুলি আপন অন্তম্ভতিকে অহং থেকে বাহিরে ছড়িয়ে

দেয়-পীড়িত হুঃস্থ ব্যক্তির স্থানে নিজেকে বা নিজের প্রমান্ত্রীয়কে বসিয়ে দিয়ে পীড়িতের হঃথকে অহভব করে এবং তার অন্তরের সমগ্র করুণা ও অহভৃতি সেই দিকেই ধাবিত হয় এবং সমগ্র অন্তর তার ছড়িয়ে পড়ে বিশ্বের চারিধারে। অন্তর্মুখী চরিত্র হয় অহংবাদী, বহিমুখী চরিত্র হয় ত্যাগবাদী ও পরার্থবাদী। অন্তমুখী চরিত্র কাদখিনী যতই অসহায় কেইকে নিংড়ে পেটের ভাতের মূল্য আদায় করতে চেয়েছে, হেমাপিনীর অন্তর ততই নিবিড়ভাবে তাকে স্নেহ দিয়ে ঘিরে রেখেছে। এই স্বত:কৃঠ মেহ সামাজিক রীতিনীতি, স্বার্থবাধ ও লোকলজ্জার বাধাপ্রাপ্ত হ'য়ে আরও নিবিড় ও বেগবান হ'য়ে উঠেছে, এবং পরিশেষে স্বেহধক্ত ব্যক্তিটিকে পেয়ে নিশ্চিন্ত হয়েছে। "কাদম্বিনীর পয়সার বড় সংসারে আর কিছুই ছিল না।" (৮।২৬১) কেন্টর পাতে কই মাছের মুড়োর সংবাদে তার অন্তর জ্বলে উঠেছে, *হেমাদিনীর ছেলে ললিতও প্রায় সেই বয়সী। নিজের অবর্তমানে নিজের ছেলেকে এই অবস্থায় হঠাৎ কল্পনা করিয়া ফেলিয়া কান্ধার তেউ তাহার কণ্ঠ পর্যস্ত ফেনাইয়া উঠিল।" এই ছইটি বিৰুদ্ধ নাত্ৰীচবিত্ৰ অসহায় নিপীড়িত কেষ্টকে কেন্দ্ৰ ক'বে যে অপুর্ব সংঘাত সৃষ্টি করেছে এবং ধীরে ধীরে যে পরিণতির দিকে চলেছে তা সত্যিই প্রথম খেণীর শিল্প-নিদর্শন। এই অসহায় কেষ্টকে জয় ক'রে হেমালিনীর বহিম্থী অস্তর যে হার্যধর্মের বিজয় পতাকা উড্ডীন করেছে তাই শর্থ-সাহিত্যের বিজয় পতাকা।

স্তী গল্লটি ১৯২৭ সালে প্রকাশিত। সতী নির্মনা সন্দেহ বাতিক (Complex) গ্রন্থ একটি গৃহবধৃ। স্বামীর প্রতি তার ভালবাসা সংস্কারপ্রস্থত এবং সে প্রেম এই বাতিক দারা এমনভাবে ধণ্ডিত যে তা ব্যাধিতে পরিণত হয়েছে। এই বিকারগ্রন্থ অন্তর যে একটা জীবনকে এবং একটা পরিবারকে কতথানি ক্ষতিগ্রন্থ ও পীড়িত করতে পারে এ তারই একটি ছবি। সে স্বামীর পাদোদক না ধেয়ে জ্বলগ্রহণ করে না। সাতদিন দেবতার কাছে হত্যা দিয়ে সে স্বামীর প্রাণ ফিরিয়ে এনেছিল,—এই সব উগ্র সতীত্ব ও প্রেম তার বিকারগ্রন্থ চিত্তের কাছে একেবারে ম্ব্রাহীন হ'য়ে গেছে। সত্যিকার যেথানে প্রেম, সেথানে প্রেমান্সদকে কেউই পীড়িত দেখতে বা করতে চায় না কিছু বিকারগ্রন্থ নির্মনা তার ব্যাধির প্রকোপে হরিশের জীবনকে তুর্বহ ক'রে তুলেছে। চিন্তবিকারগ্রন্থ বই চিন্রটি খ্ব স্পষ্ট নয় এবং গল্লটিও গভীরতা লাভ করেনি। চিন্তবিকারগ্রন্থের অন্তর্ধক স্থানি বিলহ্ট ব্যক্তি বাহু ঘটনা-সংঘাতে পরিণত হয়েছে। তথাপি নির্জ্ঞান মনস্তন্থের প্রতি সেই যুগে এটি একটি অর্থপূর্ণ ইন্ধিত।

অনুরাধা (১৯৩৩) গল্পটি শরংচন্দ্রের পরিণত বয়সের স্পষ্টি। অন্থরাধা তেইশ বছর বয়সের অন্টা বাহ্মণকলা। একদিন সে অভিজাতবংশীয়াই ছিল, কালক্রমে সে আভিজাত্য গেছে কিন্তু অন্থরাধার মধ্যে এই আভিজাত্যবোধ ও আভিজাত্য-প্রাস্তুত শালীনতা ও সংধ্য অন্ধা। বিজয় তার অমিদারীর অন্তর্গত অন্থরাধাদেরই

...

বাড়ী দখল করতে গিয়ে, অমুরাধার আত্মসন্ত্রমবোধ ও সংষম দেখে বিশ্বিত হল। পুত্র কুমারকে কেন্দ্র ক'রে বিগত্নীক বিজয়ের জনম বীরে ধীরে অমুরাধার প্রতি আরুষ্ট হল কিন্তু সংযত অমুরাধার দূরত্ব সঙ্কৃতিত হল না। বিলায় দিনে বিলাত-ফেরং বিজয়ের অত্যন্ত সংযত ও স্কুমার শ্রদা ও কৃতজ্ঞতা প্রকাশের মধ্যে তার चल्र भीदत भीदत राक रन। जात वि, এ, शांग वो विवाह क्षेत्र एन दनन, "किन्छ वि, এ, পাশের কেভাবের মধ্যে দেওরপোকে ষত্র করার কথা লেখা নেই। সে পরীক্ষা তার দিতে হয়নি।" (১০।১৯২) কিন্তু অনাত্মীয় কুমারকে ঘিরে অফুরাধা এ পরীকা দিয়েছিল এবং পরীকোতীর্ণ অহুরাধা তাই বিজয়ের হৃদয়ে আশ্রম লাভ करतिहिन। विमाध्युकूर्छ अञ्चत्रांशां जात ममल मःश्य हातिरत वरनिहन, "आयात्र আর কিছু নেই, কিন্তু প্রয়োজন হ'লে প্রাণ দিয়ে সেবা করতেও পারবো।" গল্পের উপসংহারটিও ইঙ্গিতপূর্ণ সাংকেতিকতায় ছোটগল্লধর্মী ও স্থন্দর। বিশেষতঃ পরিণত বয়সের এই রচনায় হৃদয়ের প্রকাশ এত স্থকৌশল সংযমের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে যে তা রসস্টির দিক থেকে অতুলনীয়। এই সব দিক দিয়ে অমুরাধা শরৎচক্তের একটি শ্রেষ্ঠ গল্প, এ বিষয়ে সন্দেহ নেই। এই সময়ে বাংলার তরুণ লেখক সম্পদায় পাশ্চাত্ত্য প্রভাবে জৈবাবেগকে কেন্দ্র করে যে নৃতন সাহিত্যরস পরিবেশন করছিলেন এই সংযত সাংকেতিক তা পূর্ণ প্রেমবিশ্লেষণ যেন তারই একটা মূর্ত প্রতিবাদ।

আভাগীর অর্থ (১৯২০) উদ্দেশ্যমূলক গল্প। দরিত্র তুলে পরিবারের অভাগীর শেষ সাধ ছিল ব্রাহ্মণ-গিন্নীর মত পুত্রের ম্থাগ্নিপৃত হ'রে চিতার ধোঁ যার রথে অর্গে যাওয়ার, কিন্তু সমাজের ও অকরণ ধনিকের নিষ্ঠুর উপহাস ও অনাদরকে শেষ সম্বলনিয়ে সে সমাধিস্থ হল নদীর চরের বালুকায়। অথচ তুলেদের তুর্নীতিপূর্ণ সমাজের আবহাওয়ার মাঝেও সে সতীত্ব গৌরবে গৌরবান্বিতা। অন্ধ মান্তবের অহমিকা, আর্থবাধ ও গ্রদ্যহীনতা মান্ত্র্যকে যে কত গভীরভাবে পীড়িত করে, মানবধর্মকে অস্বীকার ক'রে তারা কত গ্রদ্যহীন হ'তে পারে, এই কাহিনী তারই একটা সার্থক আলেখা।

হরিলক্ষ্মী (১৯২৩) গল্পটির মধ্যে শিক্ষিতা ধনী গৃহবধ্ হরিলক্ষ্মী ও দরিল বধ্ কমলার হৃদঃহৃদ্ শুক্র হল আত্মাভিমান ও আত্মমধাদার বিরোধে। কমলার নীরব সহনশীলতা, ও আত্মন্ত্রমবোধ হরিলক্ষ্মীর হৃদয়কে জাগ্রত ক'রে তাকে নারীর মর্যাদায় ভূষিত করল। শিক্ষা ও ধনগর্বের ক্যাশা ভেদ ক'রে হরিলক্ষ্মীর হৃদয় মুধাধারার সিঞ্চনে আত্মপ্রকাশ করল মহৎ ও স্থাপর হ'য়ে। এই মহন্ত ও হৃদরের প্রকাশই যুগে যুগে মান্ত্রের অন্তরকে উদ্বেলিত ক'রে অমুভৃতিকে জাগ্রত করেছে— হরিলক্ষ্মী তারই একটি ক্তু সংস্করণ কিন্তু ঘটনা-বিক্তাস ও হৃদ্দেষ্টির হেতুগুলি প্রব্ যুক্তিসহ না হওয়ায় এই অন্তর্মক গভীরতা লাভ করেনি।

বৈকুঠের উইল (১৯১৬)-কে কেন্দ্র করে বিনোদ ও তার মাতা এবং গোকুলের মধ্যে একটা বিরোধ স্বষ্ট হয়েছে। বিমাতা হলেও বিনোদের মাডাই গোকুলকে মান্নর করেছেন এবং তিনিই বিপথগামী বিনোদকে সম্পত্তিনা দিতে স্বামীকে অন্থরোধ করেছেন। সাধারণভাবে বিমাতা সপত্মী পুজের প্রভি হিংসাপরায়ণা হয় কিন্তু শরৎচন্দ্রের রচনায় বিমাতাই আপন মাতার ত্বেহে সপত্বীপুজে লালন-পালন করেছেন কিন্তু বিনোদের মাতা এ বিষয়ে অক্ত অনেককৈ ছাড়িয়ে গিয়ে নিজের পুজকে বঞ্চিত ক'রে গোকুলকেই পুজ বলে মেনে নিয়েছেন। এলোকেনী ও দিগস্বরীর মত এলেন গোকুলের শস্তর এই বিরোধকে প্রবল্ভর করতে—বিরোধ প্রবল্ভর হলও। কিন্তু অশিক্ষিত অমার্জিত গোকুলের অন্তরে আতা বিনোদ ও বিমাতার প্রতি একটা অক্তজিম ত্বেহ ও অন্ধা ছিল—তার সমন্ত কর্ষণতা ও কুবাক্যের অন্তরালে এই ত্বেহ প্রদাপ্রবণ হল্মটির আক্ষিক প্রকাশ সত্যিকার সাহিত্যরসাশ্রয়ী সন্দেহ নেই কিন্তু ঘটনা-বিক্তাস, চরিত্র-বিশ্লেষণের মধ্যে কোন গভীরতা নেই বলেই গোকুলচরিত্র হল্মে আঘাত করে না । তার বিমাতার চরিত্র ও গোকুলের চরিত্র সম্ভাব্যার গণ্ডি অতিক্রম ক'রে গেছে বলেই তা হৃদ্মত্বশলী হয়নি। গোকুলের কর্ষশতা, অমার্জিত ব্যবহার ও অভন্র ব্যবহার স্বাভাবিক হলেও এতবড় কারবারের মালিক গোকুলের নির্ক্তিভাটা যেন একেবারেই অস্বাভাবিক। ক্ষুত্রতার মধ্যেই মহত্ব ও উদারতা আরোপ শরৎচন্দ্রের বৈশিষ্ট্য, কিন্তু গোকুলের স্থার চরিত্র-চিত্রণে তিনি সেকথা একেবারেই বিশ্বত হয়েছেন।

মামলার ফল (১৯১৮) গল্পটির ভাতৃহন্দের মধ্যে গয়ারামকে কেন্দ্র ক'রে জেঠাইমা গলামণির ছাদ্যের জয় স্চিত হয়েছে। নারায়ণী যেমন ক'রে হাদ্যের দাবীকে স্থাকার করতে সামাজিক কর্তব্যকে তুচ্ছ ক'রে আপনার মা'কে বিদায় দিয়েছিল, গলামণিও তেমনি ক'রে ভাতৃ-বিরোধ, স্থামী ও ভাতার সমস্ত আয়োজন তুচ্ছ ক'রে গয়ারামের প্রতি তার হাদ্যের জয় ঘোষণা করেছে। বৃদ্ধি ঘারা যে বিরোধ মেটেনি,—হাদ্যের কাছে সে বিরোধ একেবারেই মৃল্যহীন হ'য়ে গেল। গল্পের দিক থেকে শরৎ-সাহিত্যে এই কাহিনীটির কোন বৈশিষ্ট্য না থাকলেও এর চরিত্রগুলি জীবস্তা, প্রত্যক্ষ ও বাস্তব—স্থাভাবিক মাহ্যের স্থাভাবিক ছবি। গল্পের ইক্ষিতপূর্ণ উপসংহার ছোটগল্পের সাংকেতিকতায় বর্ণাঢ্য।

বিলাসী (১৯১৮) অন্নদাদিদির একটি ক্ষুত্তর প্রতিচ্ছবি। সমাজে অস্বীকৃত বিলাসী-মৃত্যুঞ্জয়ের প্রেমের মাঝে যে অকপটতা প্রতিষ্ঠিত হয়েছে তার মূল্যবিচার করা হয়েছে অস্তরের দিক থেকে। নর-নারীর সহজ ও স্বাভাবিক প্রেম যে সমস্ত ধর্ম-সংস্কারের উপ্লেশ একটা রমণীয়তা লাভ ক'রে সৌন্দর্যপূর্ণ হ'তে পারে, ত্যাগে, সেবায়, নিষ্ঠায় যে তা কোন অংশেই স্বীকৃত প্রেম থেকে হীনমূল্য নয় এই কথাটাই তিনি আর একবার ক্ষুত্র পরিধির মধ্যে প্রতিষ্ঠিত করেছেন। সাপুড়ের মেয়ে বিলাসীর নি:স্বার্থ প্রেম, ত্যাগ ও নিষ্ঠা পাঠকচিত্তকে অভিভূত ক'রে সমবেদনা জাগায়। নীচজাতীয়া বিলাসী সহসা প্রেমের মর্বাদায় শ্রুছেয়া হ'য়ে ওঠে।

দর্গচূর্ব (১৯১৫) গল্পটি বক্তব্য বা উদ্দেশ্যমূলক। ইন্দু তার স্বামীপ্রেম সম্বন্ধে বলোছল, "যে ভালবাসা আমার স্বাধীন সত্তাকে লঙ্ঘন ক'রে যায়, সে ভালবাসাকে আমি আন্তরিক মুণা করি।" (৫।২৫৮) কিন্তু বিমলা ও অধিকাবারের ন্ত্রী উভয়েই স্বামীর দাসীয় স্থীকার করেছিল—ইন্দু এই দাসীত্ব স্থীকারকে আত্মর্মধাদাহানিকর মনে ক'রে স্বাধীন ব্যক্তি হিদাবে আপনাকে প্রতিষ্ঠা করতে চেটা করেছে। কিন্তু গগনবাবু ও অন্বিকাবাবু তাদের এই দাসীপত্মীর অক্সমতি ব্যতীত আনমারী কেনা বা চিড়িয়াধানা যাওয়া স্থগিত রেখেছেন, অক্সদিকে ইন্দু স্বাধীনতার নামে স্বামীকে দ্র ক'রে দিয়েছে, পীড়িত করেছে। ইন্দু জানতো না, 'এলা ছাড়া ভালবাসা থাকে না।" (৫।২৭৮) ব্যক্তি-স্বাধীনতার মিথ্যা মূল্যায়নে ইন্দু নিজের ও স্বামীর জাবনকে ত্র্হ করেছিল। কাঞ্চনকোলিক্তের অহমিকা এই মিথ্যা মূল্যবোধকে আরও ফীত ক'রে নরেন-ইন্দুর দাম্পত্য জীবনকে ত্থেময় করেছিল। এই মিথ্যা স্বাধিকারপ্রমন্ততা যথন ঘটনা-প্রবাহে দ্রীভূত হল তথনই তাদের জীবন সত্যিকার প্রেমে মধুময় হল। ঘটনা-প্রবাহ স্বাভাবিক গতিতে বক্তব্যকে প্রমাণ করেছে,—এবং গল্পটিও স্বন্ধগ্রাহী।

ছরিচরণ (১৯১৪) গলটের মধ্যে ছ্র্গাদাসবাব্র মিথ্য। আভিজাত্যবোধ তার দ্বর্বক অধীকার ক'বে অন্তর্দ্দের স্বষ্টি করেছে। আমাদের মিথ্যা মূল্যবোধ দ্বর্দরক অধীকার ক'রে এমনি কত ত্থেময় কাহিনী স্বষ্টি করে এইটিই যেন লেখক ইন্ধিত করেছেন। অতি সংক্ষিপ্ত সাধারণ ঘটনার মধ্যে এই ইান্ধতটি বৃহৎ যদিও তা থ্ব ব্যঞ্জনাময় হ'য়ে ফুটে ওঠেনি।

আলোছায়। গল্লটি তাঁর বালাকালের রচনা—এই কাহিনীতে নরনারী-প্রেমের একটা প্রতীকতাধনী বিশ্লেষণ করতে লেখক সচেষ্ট হয়েছিলেন কিন্তু তা ঠিক সফল হয়নি, তাছাড়া প্রতুলকুমারী, স্বরমা যজ্ঞ দত্ত তিনটি চরিত্রই স্বাভাবিকতার গণ্ডি অতিক্রম করেছে, তবুও স্থানে স্থানে ভবিশ্রৎ প্রতিভার স্পর্শ স্থানী।

স্বামী (১৯১৮) গল্লটিতে নাষিকা সোলামিনী উত্তম পুক্ষেত্ব তার জীবনকাহিনী বর্ণনা করেছে। সোলামিনী নিরীশ্বরবালী (Agnostic) মামার শিক্সা— যুক্তিও বৃদ্ধির উপর নির্জ্ব ক'রেই সে বড় হ'য়ে উঠেছিল। প্রামের জমিলারপুত্র নরেনের সঙ্গে তার বাল্য প্রথম ছিল এবং একদিন নরেন নির্জনে তার ঠোঁট ঘটোকে 'পুড়িয়ে'ও দিয়েছিল। ঘটনাচক্রে সোলামিনীর বিয়ে হল পরম বৈষ্ণব ঘনভাষের সঙ্গে কিছে ব্যক্তিশ্বাতন্ত্রাপৃষ্ট আত্মাভিমানিনী সোলামিনী স্বামীকে গ্রহণ করতে পারলো না কিছু সংসারে তার প্রতি থাওয়া ও অন্তান্ত অত্যাচারকেও সে সহ্থ করেন। তার প্রতিবাদে সংসারে ধীরে ধীরে কলহ বিরোধের স্বষ্টি হল। এই সময়েই নরেন ঝি'র মাধ্যমে সোলামিনীকে গৃহ থেকে এনে কলকাতায় উপস্থিত হল। সৌলামিনী প্রথম ব্রুল স্বামী তারই স্বামী এবং আত্মগ্রানিতে তার অন্তর ও'রে উঠল। গরম বৈষ্ণব পরম সহিষ্ণু ভগবৎবিশ্বাসী ঘনভাম এনে সমস্ত অপরাধ ক্ষমা ক'রে তাকে ফিরিয়ে নিয়ে গেল। হলমের উলারতা ও মহন্তে ঘনভাম নিরীশ্বরবালী ব্যক্তিমানিনী সৌলামিনীকে জয় ক'রে হলয়ধর্মের প্রতিষ্ঠা করল। সৌলামিনীর আত্মবিশ্বেষণমূলক এই কাহিনীটি প্রাণপ্রাচুর্যে গতি লাভ করে নি এবং একটা নির্দিষ্ট উপসংহারের দিকে লক্ষ্য করেই যেন কাহিনী চলেছে। সনাতন দাম্পত্য প্রেষ এবং

বৈধপ্রেমের জয় ঘোষণার মধ্যে শরৎচক্র অত্যন্ত উদ্দেশ্যবাদী হয়েছেন বলেই হয়ত গল্পটি উচ্চাদের হ'য়ে ওঠেনি।

একাদুলী বৈরাগী (১৯১৭) শরৎচন্দ্রের একটি সার্থক সৃষ্টি। প্রকৃত চোট-গল্লের সাংকেতিকতা, ইন্ধিত, সংক্ষিপ্ততা ও আক্ষিকতা অতি ফুল্মরভাবে একাদনী বৈরাগীকে পাঠকচিত্তে প্রতিষ্ঠিত ক'রে দেয়। একাদশী নির্মম স্কালোর, চার আন্ আর পাঁচ আনার ব্যবধান তার কাছে এক সামাজ্যের ব্যবধান। ছু' আনা ফুদ ছাড়ার কথা শুনলে তার আত্মা চমকে ওঠে, এই কঠিন কঠোর খোলসের অন্তরালে একটা স্বেহকরণ অন্তর তার ভগ্নী গৌরীর চারিপাশ ঘিরে হুপ্রসর মাধুর্বে ভ'রে উঠেছে। ऋष चापारवत वाााारत स्वयन जात निष्ठांत चकार निर्दे शिक्छ प ও স্থায়া দেনার প্রতিও তার তেমনি অবিচলিত সততা। যে একাদশী বৈরাগীর চিত্র গল্পের প্রথমাংশে তাকে অত্যন্ত হীন, নিষ্টুর, সংকীর্ণচেতা ও দ্বুণা ক'রে তুলেছে, সেই একাদশীই বাহ্মণের গচ্ছিত অর্থের প্রত্যর্পণে ও ভগিনীর প্রতি হ্লেহে মধুর হ'বে উঠেছে। মামুষের উপরের কঠিনতা ভেদ ক'রে অন্তরের সৌন্দর্যকে প্রকাশ করাই শরৎচন্দ্রের জীবনপ্রত্যয়ের এক বৃহৎ অংশ; একাদশী বৈরাগী গল্পে এই বৈশিষ্টা আকস্মিকতায় এবং সাংকেতিকতায় স্থন্দর ও সার্থক হ'য়ে উঠেছে। একাদশীর এই সততার প্রতি শ্রদ্ধা জানাতে অপূর্ব গৌরীর ছোঁয়া জল থেতে গেল, অপূর্বর এই আকম্মিক পরিবর্তনের ইন্ধিতে একাদশীর চরিত্রটির মূলীভূত মাধুর্ব অভ্যন্ত বাঞ্চনাময় সৌন্দর্য নিয়ে ফুটে উঠেছে। প্রকৃতপক্ষে ছোটগল্পের ধর্ম ও আঞ্চিকের দিক থেকে একাদশী বৈরাগীই শরৎচন্দ্রের সভিত্তির একটি সার্থক ছোটগল্প। রামের অমতি, বিন্দুর ছেলে, মহেশ ও একাদশী বৈরাগী এই চারিটি ছোটগল্প ছোটগল্পের ইতিহাদে শরংপ্রতিভার উজ্জলতম কীর্তি হিসাবে শ্বরণীয় হ'য়ে থাকবে।

উপসংহার

১৯৩৮ সালের ১৬ই জাস্থারী এই স্বয়ংসম্পূর্ণ প্রস্তাকগমন করেন। তাঁর মৃত্যুর পরে বাংলাদেশের দুসমাজে, রাষ্ট্রে, অর্থনৈতিক অবস্থার বছ পরিবর্তন হ'য়ে গেছে। নতুন অর্থনৈতিক কাঠামোর চাপে পরিবার ও ব্যক্তিজীবনে নতুন জীবনপ্রত্যর গড়ে উঠেছে। সমাজের পরিবর্তন হয়েছে, মানব জীবনের, জীবন-বোধের পরিবর্তন হয়েছে। নতুনভাবে জীবনের মৃল্যায়ন হয়েছে।

ধে কৌনিলপ্রথা, খাওয়া-ছেঁায়া, আছিক জ্বপ-তপের এবং সমাজশাসনের পটভূমিকায় তাঁর অনেক কাহিনী গড়ে উঠেছে—আজ সে সমাজ নেই, তা আজ ইতিহাসের বস্তু,—সেই জ্বন্থেই আজকার সমাজে, আজকার মন নিয়ে শরং-সাহিত্যকে ঠিক বিচার করা অনেকের পক্ষে সম্ভব নয়। আজ এই সব পরিপ্রেক্ষিতে আর স্থান্থদ্দ স্ষ্টের স্থাোগ নেই,—অতএব, সাহিত্যের ক্ষচি, পাঠকচিত্তের অমুভূতি ও চাহিলা আজ ভিন্ন হ'য়ে উঠেছে। আজকার জড়বালী তক্ষণ সম্ভালায় তাই শরং-সাহিত্যের রসোপলন্ধিতে বাধাগ্রস্ত, কিন্তু তাঁর হৃদয়ের আবেদন এতটুকু ক্ষাই হ্যনি।

আজ তাঁর মৃত্যুর ২৭ বংসর পরে সমাজ ও ব্যক্তির রূপও বদলেছে। আমরা শিল্পায়ন এবং তার স্থধা ও হলাহল আকণ্ঠ পান করেছি এবং পাশ্চান্ত্যের ব্যক্তিবাদকে জীবনে গ্রহণ ক'রে ব্যক্তিস্বাভন্ত্যের মোহে আত্মকেন্দ্রিক হয়েছি। ধর্ম-নীতি-আধ্যাত্মিকতাকে যুক্তি ও বৃদ্ধির দারা জীবন থেকে নির্বাসিত ক'রে জড়বাদী इ'रव পড़िছ,--काक्षनटकोनिएखत शतिमात्त आख आमात्मत खीवतनत मान। कीवत्नत्र मृनाग्यन इत्यरह नजूनजात्त,—शामता वाक्तिकिक इत्यहि,—श्रह्शवान-शृष्टे वाक्तिवात्मत्र मानत्त्र आमता नमाख-नी जित्क कृष्ट क'तत्र निष्कनुष आधावात्म পৌছেছি। তার অবশ্বস্থাবী ফলরূপে আমাদের জীবনপ্রতায়ের পরিবর্তন হয়েছে। ইউরোপে শিল্পায়নের পরে যেমন একটা নিষ্ঠুর বৈশুরুতি সমাজের সর্বান্ধে, শিল্পে, সাহিত্যে, দৈনন্দিন জীবনের মাঝে পরিক্ট হ'লে উঠেছিল, আজ ভারতেও ঠিক তেমনি একটা নিষ্ঠর বৈশ্ববৃত্তি মাহুষের জীবনকে নিপিট ক'রে চলেছে। নতুন व्यर्थनी जित्र हार्श माञ्च कज़्वामी इरहरह, मिछक्पमी इ'रत्र जिर्द्धह, वृक्ति ४ यूक्तित ' উপর নির্ভরশীল হ'য়ে পরার্থবাদ, মানবতা, হৃদয়ের স্কুমার অন্তৃতিকে জীবন থেকে নিবাসিত করেছে। এমনি একটা যুগে ইউরোপেও হাডি, আনাতোল कैं। ইবদেনের গ্রন্থধর্মী স্ষ্টের মূল্যমান যথেষ্ট কমে গিয়েছিল,—ঠিক তেমনি ক'রেই আজ শরৎচন্ত্রের স্প্রির মূল্য অস্মীকৃত হ'তে চলেছে। জীবনের নতুন মূল্যায়নে আমরা হুদরবৃত্তিকে অখীকার করেছি এবং সেই সঙ্গে হৃদয়ধর্মী সাহিত্যকেও অস্বীকার করতে ठ्टनि ।

বিশেষত: ব্রুক্ত শিল্পারনের ফলে ইউরোপের যত ব্যক্তিজীবনে দেখা দিয়েছে ভয়াবহ একাকীজ-সমাজ, পরিবারের মাহুষ নতুন সমাজব্যবন্ধার মধ্যে আজ

সম্পূর্ণ একাকী, তার অমুদার স্ষ্টি তাই আত্মকেন্দ্রিক হ'রে, আত্মবিশ্লেষণে নিযুক্ত হ'য়েছে—ব্যক্তিকেন্দ্রিক সাহিত্য, বুদ্ধিবৃত্তির উপর নির্ভর ক'রে মন্তিষ্ধর্মী হ'য়ে উঠেছে। সাহিত্য হৃদয়কে ত্যাগ ক'রে মন্তিষ্ককে আশ্রয় করেছে।

১৯১০ দাল থেকে সাহিত্য-জগতে একটা নতুন ভাবস্রোত প্রবাহিত হয়েছে তার প্রথম কারণ ক্রয়েড়ের অচেতন অবচেতন মনভিত্তিক মনন্তত্ত্ব। এই মনস্তত্ত্বের। প্রভাবে মাহুষের মন, ভার সজ্ঞান কর্ম ও চিস্তার একটা নবতর মূল্যায়ন ও ব্যাখ্যা হয়েছে। এই নতুন দৃষ্টিভঙ্গি সমগ্র সাহিত্য-রসবোধের একটা আমৃল পরিবর্তন क'रत मिराइ - यात्र करन जीवनरक जामता नजून डारव नजून हार्थ रमथर जात्र ज করেছি। বিতীয়ত: পৃথিবীর উপরে বৈজ্ঞানিক আবিষ্কার ও প্রয়োগিক শক্তির উপর নির্ভর ক'রে যে হুইটি ভয়াবহ যুদ্ধ হ'য়ে গেছে, এবং তার ফলে সমাজ ও পরিবারের মধ্যে যে পরিবর্তন ঘটেছে তাও ব্যক্তিজীবনের দৃষ্টিভঙ্গিকে পরিবর্তিত ক'রে দিয়েছে। তৃতীয়ত: বৈজ্ঞানিক শক্তিপুষ্ট শিল্পাঞ্চমী যে নতুন সভাতায় আমরা আজ জড়জগতে জীবনের মানকে উন্নত থেকে উন্নততর ক'রে আরাম ও উপভোগের মধ্যে জীবনের পরমার্থ খুঁজে চলেছি তা অন্তরীক্ষে মাহুষের জীবনকে নিঃসঙ্গ একাকীত্বে ছর্বিষহ ক'রে ভুলেছে। মাহুষের অচেতন মনের বিকার জটিলতর হয়েছে—যার প্রতিক্রিয়া আজ ইউরোপ আমেরিকায় স্থাপট। মাহুষের সঙ্ মাত্র্যের হৃদয়ের সম্পর্ক মুছে যেতে চলেছে, জড়বাদের প্রভাবে আমর। সম্পূর্ণভাবে মতিষ্ককে আতার করতে চলেছি। সাহিত্যও মতিষ্ণমী হ'য়ে উঠেছে,—মতিষ দিয়ে আজ আমরা সাহিত্য-রস পান করতে শিখেছি, হাদয় দিয়ে সাহিত্য-রসকে পান করতে সঙ্কুচিত হ'য়ে উঠছি। জীবনের একাকীত্বের ত্রংথকে ভূলতেই আমরা জীবনে চেয়েছি জৈব-আনন্দ-এবং মাতুষের বৈশুবৃত্তি এই আনন্দ-পিপাস্থ মাতুষের তুর্বলতার স্থাগে আপনার স্বার্থ ও সম্পদকে বাড়িয়ে নিয়ে স্থী হ'তে চেয়েছে। চৈনিক দার্শনিক কন্ফিউ সিয়াস্ বলেছিলেন,—যারা যন্ত্র ব্যবহার করে তারাও যন্ত্রে পরিণত হয়-- অর্থাৎ তাদের হৃদয় স্থিমিত হ'য়ে তারা জড়য়স্ত্রে পরিণত হয়। যান্ত্রিক সভাতার এই জড়তা আজ আমাদের সমন্ত অন্তরে পরিব্যাপ্ত। এই জড়তা-ব্যাধি-ক্লিল্ল মাতুষ তাই আজ আত্মকেন্দ্রিক, আত্মবাদী,—ভয়াবংরূপে একাকী— याद्यस्य मान्यस्य महस्य महस्य मन्निक्ति रम अनीकात करत्रहा, याद्यस्य ज्ञास्यत সম্পর্ককে নিষ্ঠরভাবে নির্বাসিত করেছে। ধর্ম-দর্শন-নীতির চিরস্তন মানবভার বাণীকে ভুচ্ছ ক'রে সে একক-জীবনে স্থা হ'তে চেয়েছে কিন্তু মানব-জীবন একক नम्, शुक्रस्यत हक्षन-हिखरक मःतृष्ठ क'तर्ए हार नातीराध्यम, नातीराध्य शूर्नजात कक्ष চাই সম্ভানের, পিতা-মাতা চাই সম্ভানের নির্ভরন্ধে, রোগেশোকে সাম্বনা দিতে চাই चक्रन পরিজন প্রতিবেশী, এমনি ক'রে মানব-সমাজের মধ্যেই মানব-জীবনের পূর্ণতর আভিব্যক্তি। একক-জীবনের মাঝে মাহুষের পূর্ণতা অসম্ভব, তাই পূর্ণতর ব্যক্তিবের অধিকারী হ'তে চাই হৃদয়, মানবতা অর্জন ক'রতে চাই হৃদয়ের প্রবৃদ অমুভূতি। অতএব বে সাহিত্য হ্রদয়কে দিল না অহুভৃতি, হ্রদয়কে আঘাত ক'রে ভাকে

बानवजावां में क्याना ना, बार्षक जानवां में एक ना, जा महाजात शतिनही হয়েই থাকবে। অচেতন-মনের বিকারগ্রন্ত মাহুষের মন্তিকজাত আত্মবিশ্লেষণ मखिएकत काककार्य परहे ठमकळान, यरुहे अञावनीय हाक ना तकन, खतून छा ব্যক্তিকেক্সিক, তা মানব-জীবনের অগ্রগতির পরিপোষক নয় ৷ চিত্তবিকারগ্রস্থ চিত্তের বিকার-বিশ্লেষণে যে আত্মসমীকা তাও ত বিকারগ্রন্থই—তা আত্মাহুসদ্ধানের সত্যপথ দেখাবে কি ক'রে? অন্ধের পক্ষে অক্ত অন্ধকে পথ দেখানর মতই তা অর্থহীন। মাছুষের মন্তিক কোন যুগেই তাকে সঠিক পথ দেখাতে পারেনি, কিছ হুদর তাকে অত্যন্ত সহজ সরল ও স্থগম পথ দেখিয়েছে যদিও অহংপূর্ণ মাতুষ তা গ্রহণ করেনি। আজ আমরা নতুন রাষ্ট্রব্যবস্থার মধ্যে অর্থনৈতিক চাপে এবং প্রয়োগিক শিক্ষার বাছল্যে নি:শঙ্ক চিত্তে, অক্লান্ত প্রথম পাশ্চান্ত্যের অমুকরণ ক'রে চলেছি—জড়ঙ্গগতের প্রাচ্র্য একদিন আমাদের আত্মিক জীবন-সংগ্রাম থেকে মৃক্তি एत्र वह जाना निष्य जामता निर्दय करनिक किन्द हे छेरतान जात मन्द्र देखानिक শক্তি নিয়ে মৃক্তি অর্জন করেনি। আজ ইউরোপের মানব ব্যক্তিবাদের নামে ভয়াবহ একাকীত্বে বেদনার্ত। প্রাক-যৌবনে তারা জৈবাবেগের প্রাচূর্যে মড্, রকার ও বিট্লু হ'মে উঠেছে, কর্মজীবনে সংশয়-খণ্ডিত গৃহে যন্ত্রের মত জীবিকার্জন করছে, বার্ধক্যে পিঁজরাপোলে নিঃসঙ্গ নির্বাসনে দীর্ঘশাস মৃক্ত করছে। ভিন্নমূল একক মাত্রব, ত্র্তর প্লানিতে ভ'রে তুলেছে তার জীবন। স্বদয়হীন, মানব-ধর্মহীন, নীতি-ধর্মহীন একটা উগ্রগতিশীল সভ্যতা নিশ্চিত ধ্বংসের দিকে যেন উত্তরোত্তর অধিকতর গতিতে ছুটেছে।

হয়ত অদ্র ভবিশ্বতে মানব-সভ্যতা ভয়াবহ ধ্বংসলীলার মধ্যে আর একবার আধ্যাত্মিক নীতি-ধর্ম, ও হাদমের মৃল্যকে নতুন ক'রে ব্রুবে, হয়ত বা ভয়াবহ ধ্বংসের অনিবার্য ভবিশ্বংকে প্রভ্যক্ষ ক'রে বৃদ্ধিমান মাহ্য্য আবার ফিরে আসবে আত্মিক আশ্রমে, মাহ্যুবকে হৃদয় দিয়ে ভালবাসবে—মাহ্যুবের সঙ্গে মাহ্যুবের হৃদয়ের সম্পর্ক স্থাপিত হবে।

আজকার একক মান্নয যান্ত্রিক জড়বাদের আত্মাভিমানে ব্যাধিগন্ত—হয়ত একদিন সে ব্রবে মানব-প্রীতির উপরে মানব-জীবনের চাইবার কিছু নেই। জড়জগতের প্রাপাই বড় নয়, হাদয়ের পাওনাই বড় পাওয়া, চিত্তর্বান্তর বিন্তীর্ণতাই মানব-জীবনের সার্থকতা, মানবপ্রেমের মধোই মানব-জীবনের পূর্ণতা। বিকারগ্রন্ত মান্তবের মর্যবেদনা, তার নিশ্পিষ্ট সন্থার মৃক্তিসংগ্রামের তৃঃথকে হাদয় দিয়ে ব্রবতে শেখাই মানব-ধর্ম, জড়জগতের উধ্বের্থ এই আত্মিক-চেত্রনা লাভই জীবন-ধর্ম। হয়ত সেইদিন অপার-হাদয়লগো চিত্রিত মানবাত্মার এই সংগ্রাম, মানব-চিত্তের এই বেদনার অক্ষয় চিত্রে, মাহার্থকে ভালবাসার এই আহ্মানের নতুন মৃল্যায়ন হবে। হয়ত সেই অনাগত দিনে হার্ডি, আনাডোল ক্রা, ইবসেন, শরৎচক্রের হাদয়ধর্মী সাহিত্য, মানবতার বাণী, মানব-অস্তরের এই বেদনাময় সংগ্রামের কয়ণচিত্র নৃতন মর্বাদা নিয়ে মায়্রের মোহাচ্ছর হাদয়বৃত্তিকে জাগ্রত করবে—হয়ত সেইদিন

সানবচিত্ত নতুন হাদয় নিয়ে, নতুন মৃশ্যবোধের অর্থ নিয়ে এই দরদী স্বয়ংসম্পূর্ণ স্রাটাকে আর একবার সম্রাজ নমস্কারে নিচেকে ধন্ত করবে।

মানবহৃদয়ের বিস্তৃতি, হৃদয়ের মানবপ্রেমই বৃদি সভ্যতার মাপকাঠি হয় তবে শরৎসাহিত্যের দান তৃদ্ধ নয়, ক্স নয়। তাঁর শক্তিশালী ভাষার ষাত্ময়, তাঁর মানবহৃদয় ও মহত্বের বৈজয়ত্বী, বাধগ্রন্থ মানবাত্মার করুণ সংগ্রাম, এই সংগ্রামের সংবেদনশীল বিল্লেখণ পাঠকচিত্তকে ঝয়ত ক'রে, উদ্দীপ্ত ক'রে, উদ্দোত ক'রে বিস্তৃতত্র করেছে, সংবেদনশীল করেছে, অফুভৃতিশীল করেছে। মানবসভ্যতার অগ্রগতির পথে, চিত্তবিকাশের পথে, তাঁর দান চিরস্তন ও অক্ষয় হ'য়ে থাকবে, এ আশা আজ নির্মেই করা ষেতে পারে।

অদ্র ভবিশ্বতে সিনেমা, রেডিও, টেলিভিসন-জগতে উপস্থাসের পাঠকসংখ্যা ক্রমশ:ই কমবে বলে মনে হয়, কারণ আনন্দ লাভের জন্মে সাধারণে আর কষ্ট ক'রে বই পড়তে চাইবে না, সে সময়ও তার থাকবে না; বরং টেলিভিসন, সিনেমায় শুনতে এবং দেখতে চাইবে। তখন এই মন্তিম্বমী সাহিত্যের মন্তিম্কগত আনন্দ আনকাজিত হ'য়ে যাবে এবং মাহুষ যদি একেবারে হুদয়বজিত-না হয়, তবে হয়ত হৃদয়ধ্মী সাহিত্যের কিছু কিছু রামায়ণ মহাভারতের মত বেঁচে থাকতেও পারে; সেই সঙ্গে মানবপ্রেমী শরৎচন্দ্রের সংবেদনশীল মানসলোকও স্টের বৈচিত্যের চিরস্তনী সাহিত্যের মর্থাদা লাভ করবে।

शबु-मञ्जी

The Origin of Civilization and the Outline of Literature-John Primitive Condition of Man-Lord Avebury. History of Sanskrit Literature-Ancient Society-L. H. Morgan. A. B. Keith. From Savagery to Civilization-Encyclopædia Brittanica. ' Graham Clark. Ancient Greek Literature-The Birth of Civilization in the C. M. Bowra. Near East-Henri Frankfort. History of Ancient Philosophy-Evolution of Marriage-Ch. Letourneau. The Story of Indian Philosophy— Literary History of Ancient India-C. Manning. Chandra Chakroborty. Outline of Classical Literature-Civilization and Ethics-Dr. Albert H. G. Rose. Schweitzer. A History of Rome-Moses Hadas. The Cambridge Anceint History. Sanskrit Literature-K. Chandra-Ancient Indian Culture Civilization-K. C. Chakroborty. East and West in Sri Arabinda's History of Samskrita Literature-Philosophy-Dr. S. K. Moitra. Dr. V. Varadachari. A Concise History of Eastern Religion and Western Sanskrit Literature-Dr. Gouri Thought-Dr. S. Radhakrishnan. Nath Sastri. Studies in Upanisads-Dr. G. G. শ্রীমন্ত্রাগবভগীতা। Mukherjea. Manual of Ethics-Dr. J. N. Singha. Men and Thought in Ancient India ভাগবত----Dr. Radha Kumud Mukherjea. সংস্কৃত সাহিত্যের ইতিহাস—সুরেশ History of Western Philosophy-বন্দোপাৰ্যায় এবং মাৰায়ৰ ভটাচাৰ্বা। Dr. N. V. Ioshi প্রাচীন সাহিত্য-রবীক্রনাথ। Philosophy and the Social Order-Introduction to Scholastic George R. Geiger. Contemporary Schools of Psychology Philosophy-Maurice De Wulf. -R. S. Wood-worth. वक्कावा ७ माहिला-मीत्मकता मन. ५व मर Freud's Principles of Psycho-analysis

উপনিষ্দ।

Point of View-S. Maugham. History of Western Literature-

J. M. Cohen.

-Dr. A. A. Brill.

দরে বাইরের সাহিত্য চিন্তা—ডা: শ্লিভূবণ मामक्थ। Drinkwater.

W. Windelbund.

sekharan and Subrahmanya Sastri. Classical

The Story of World Literature-John Macy.

History of Modern Philosophy-

W. K. Wright. Studies in Prose and Verse-

Arthur Symonds.

A History of English Literature-Legouis and Cazamian. Western Influence in Bengali Literature—Dr. P. R. Sen. An Introduction to Russian

Literature—Helen Muchnic.
Swedish Literature—

Adolph B. Benson.

World Literatures—University of Pittsburg Press.

Europe Since 1815 -C. D. Hazen.

Europe Since Napoleon—David
Thompson,

The Growth of Industrial Economics

-W. G. Hoffman.

Balzac-Stefan Zweig.

Modern World Fiction—D. Brewster and J. A. Burrell.

Journal of the Department of Letters
Calcutta University—Vol

XXII (1932)

Dictionary of Russian Literature—
W. E. Harkins.

The English Novel—Walter Allen, The Tree of Culture—Ralph Linton. বাংলা গ্ৰন্থ সাহিত্যের ইতিহাস—সম্প্রীকান্ত দাস।

Report of the Indian Industrial Commission—1916-18.

History of India-N. K. Singha & A. C. Baneriea.

An Advanced History of India. 2nd Edition—R. C. Mazumder, H. C.

Roychowdhury and K. K. Dutta. World Literatures—Two Spokesmen of Russia—M. Karpovich—

University of Pittsburgh Press.

শ্বৎচন্দ্র (১ম খণ্ড)—গোপালচন্দ্র রায়।

শরৎচন্দ্রের গ্রন্থ বিশরণী—অবিনাশচন্দ্র ঘোষাল শরৎ সাহিত্যের মূলতত্ত্ব—ছমার্ন কবির

Sarat Chandra—Man and Artist— Dr. S. C. Sen Gupta.

Henrik Ibsen—Peter Watt.
Twentieth Century Literature—

A. C. Ward.

বাংল। সাহিত্যে উপস্থাসের ধারা—

ডাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়।

निष् भिका

লেখক	পত্ৰাস্ব	লেখক	পত্ৰাস্থ
Addison	364	Argensola	204
Adler	37	Ariosto. L.	168, 202
Æschines	72	Aristaios	75
Æschylus	56, 64, 69	Aristippus	15, 60
Ælian	92	Aristophenes	61, 70
Aksakov	334	Aristotle	16, 62, 112, 202
Alarcon	208	Aubigne	179
Alberti .	167	Ausonius, D. M.	97
Alcæus	58	Austen. J.	_ 382
Alexander. S.	256		
Alfanso	146, 158, 160	Bacchylides	59, 64
Alflieri	284	Bacon, F	190, 199
Alighieri. D.	148-149	Bage. R.	381
Alimentus. L.	81	Baif	177
Alman	272	Balzac	318
Amafinius. C.	79	Baratynsky	307
Amant	180	Barca	208
Amboise. C.	157	Barrios	211
Ameseua. M.	208	Bartas	179
Amyol	9 7	Bartolome	204
Anacreon	58-59	Bayle	278
Anaxagoras	55, 111	Beaumarchais	282
Anaxarchus	60	Behn	363
Anaximander	53	Belges. J. L.	173
Anaximenes	53	Belinsky	. 330
Anderson, H. C.	310, 353	Bellay	177
Andreyev	357	Benavente	357
Androcides	71	Benidict	98
Andronikos. L.	77	Bennett	428
Angioleri, C	148	Bentham. J.	21, 242
Anniceris	60	Beowulf	145
Anouilh	358	Beresford	433
Antimachos	38	Bergerac	275
Antiphon	71	Bergson, H.	27, 254-56
Antisthenes	59	Berkeley	215-16
Anvetius	17	Bernant	142
Apollonius	74	Bernard	241
Appuleius	97	Bernard ez	182
Aratos	75	Bertrand	142, 302
Archelaus	56	Beuve	302
Arelacus	33	Beyle	316

[iv]

লেধক	পত্ৰাস্থ	লেধ ক	পত্ৰাদ্ব
Beze	178	Campanella, T.	- 167, 214
Biran	238	Camus	439
Bjornson	354	Cannan	433
Blake	212	Capek	359
Bocàngel	210	Carpio	205
Boccaccio	152-53	Carus, T. L.	79, 82
Bodel, J.	162	Castiglione, B.	170
Bodmer	287	Castro	207
Boehme	212, 291	Catallus	83
Boetic. E.	175	Cato	81, 83' 97
Boiardo, M. M.	168	Cavalcanti, G.	• 148
Bojer, J.	437	Celsus, C.	97
Borel	307	Ceppede	179
Borrow, G.	407	Cervantes	184
Boscan	181	Chamberlain, S	5. 27
Bowen	380	Chamisso	299
Bradley	105	Charcot, Dr.	34
Brant. S.	173	Chartier, A.	156
Brederode	211	Chateaubriand	300
Bremer	309	Chaucer	143
Brentano	299	Chekhov	323, 348-49, 356-57, 437
Brewster, D	440	Chenier	282, 285
Bronte. C.	403-404	Cherbury	219
Bronte. E,	403-405	Chiabrera. G.	204
Brook, H.	377	Chubb	219
Brown	223	Cicero. S.	81, 83-84
Bruhl	241	Civilis, C. J.	98
Bruno, G.	157, 190	Clarendon	3 63
Bruyere	270	Claudel	358
Buchanan	224	Claudius	81, 290
Büchner	309, 352	Colden	224
Bueil. H.	262	Colet. J.	200
Bunin	437	Collins. A.	219
Bunyan	273, 360, 363	Collins. W.	409
Bürger	290	Colonna. V.	170
Burney, F.	379	Colophon	58
Burrell, J. A.	440	Colotes	79
Butler. J.	218	Commynes, P.	
Butler. S.	427	Comte. A.	24, 218, 239-41
		Congreve	364 427
Cabanis	238	Conrad. J.	427 316
Cæsar, J.	84	Constant	18
Calderon	209	Copernicus	-
Camoes	182, 202	Corneille	178, 208, 263

[v]

, ल श्क	পত্ৰাস্থ	লেখক	পত্ৰাক
Condellac	220	Engels, F.	25
Crates	59	Ennius	78
Crebillon	277	E phesus	55, 58
Cusa, N.	189	Epictatus	17
		Epicurius	15
Dampier	363	Erasmus, D.	173
Dancourt	270	Erb. Henrich	33
Dante	148-50	Ercilla, A.	203
Daudet	326	Espinel	27 3
Defoe	364-366	Espinosa	210
Dekkar	361	Espronceda	304
Delgado	272	Eucken	238
Deloncy	361-62	Euclid	75
Delving	307	Eudoxos	75
Democritus	15, 60	Euemerus	60
Demosthenes	72	Euripides	64, 67, 69, 117
Deonysios	91	Ewald	309
Derzhavin	305	Faun, S. Le	408
Deschamps. E.	154	Fayelte	274
Descrates	18, 112, 192-94, 260	Fenelon	277
Desportes	179	Ferreira	182
Despreaux	267	Ferrier, S.	386
Dewey	253-54	Ficino. C. M.	166
Dickens	395-99	Fielding	80, 369
Diderot	220, 281	Fitche	24, 225, 226-28
Dinis	146	Flaccus	87, 95
Diogenes	55	Flaubert, G	322
Disraeli	394	Fleming	, 212
Dobrolynbov	331	Fontaine	265
Dorat	177	Fontane, T.	350
Dostoevsky	337-340, 437	Fontenelle	278
Dryden	80	Fonvezin	305
Dudevant	320	Ford. F. M.	429, 430-31
Dumas	303, 320	Forster, E. M.	429, 431-32
Duperron. A	72	Fonque	299
		France. A	437
Eckhart	154	Frantois	270
Edgeworth, M.	381	Freud	33
Egan	393	Freytag	350
Eichendroft	299	Froissart, J.	156
Eliot, G.	407, 410-413	Fromentin	321
Elyot, T.	201		001
Empedocles	54	Gaborian	321
Encina	164, 205	Goldos	328

[vi]

লেখক	পত্ৰাক	(লগ্ৰু	পত্ৰান্ধ
Galen	33	Halbach, D. V.	20
Galilio	18	Hamsun, K.	437-38
Gallus, C. C.	88	Hardy	179
Galsworthy	429, 437	Hardy. T.	414-419
Galt	386	Hartley, D.	20
Garnier	178	Hartman	145, 238
Gaskell	394, 401-403	Hauff	352
Gellert	286	Hauptmann	355
George	433	Head	3 63
Gide, A	439	Hebbel	309 , 352
Girandoux	358	Hecatæus	69
Gissing	422-25	Hegel	24, 215, 229-31
Godwin	381	Hegesias	76
Goethe	24, 212, 291-96	Hegestias	60
Gogol	333-34	Heideggar	258
Goldoni, C.	284	Helvetius, A.	21, 2 20
Goldsmith	376	Henry	408
Gomez, A. E.	211	Hepparchia	59
Goncharov	334	Heppias	56
Goncourt, E. & J,	324	Heracleitus	52, 54, 69
Gongora	209	Herbert. F.	238
Gorges	274	Herder	223, 289
Gorgias	56	Herdenberg	299
Gorkey	357, 437	Hermite	264
Gottfried	146	Herodas	75
Gottsched	286	Herodotus	69
Gozzi	284	Негтега	183
Gracian	211	Hesiod	52
Grave '	376	Hesse, H.	439
Greene	361	Hippasus	55
Griban, A	163	Hippocrates	55
Grillparzer	309, 351	Hiritus	84
Grimm	310	Hobbes. T.	20, 191, 196-97
Grimmelshausin	273	Hoffman	298
Grocyn, W.	200	Hofmaunswaldan	212
Gryphius	212	Holgberg, O.	43 8
Guarini	171	Hogg. J.	387
Guevara V.	208, 273	Holbach	221
Guillet	176	Holdberg, L.	283
Guinizelli, G.	148	Holderlin	298
Günther	290	Holty	290
Gutzkow	309, 351	Homer	47
		Honston	27
Haffmann	355	Hooft	211

[vii]

্লথক	প ত্ৰাস্ক	লেখক	পত্ৰাস্ক
Hook	393	Keplar	18
Horace	87	Keyserling. H,	28
Hugh	157	Kierkegaard	258
Hugo, G.	20	Kingsley, C.	408
Hugo, V.	301-302, 320	Kleist	299
Hume, D.	21, 216-18	Klinger	290
Hurtly	219	Klopstock	287
Hutcheson	218	Kræpelin	33
Huysmans, J. K	326	Krasinski	308
Hyperides	72	Krates	75
		Krylov	305
Ibsen	353-54		
Imperial, F.	158	Labe	176
Isaac	434	Laclos	282
Isæu s	72	La-Fontaine	143
Isla	285	Lagerlof, S.	438
Isocrates	72	Lamartine	301
Italicus. S.	87	Larivey	179
		Lawrence	433
Jacob	310, 352	Layard, H.	46
Jacobsen	351	Leautand	327
James. G. P. R.	393	Leibnitz	23, 112, 195-96
James. H.	3 31, 421	Lencare, T.	200
James. W.	251-52	Lenormand	358
Jaspers. K.	258	Lenz	290
Joaquin	357	Leon	183, 285
Jocelyn	301	Leopardi	305
Jodelle. E.	178	Lermontov, M. Y,	307
John. St.	183	Lesage	273, 276
Johnson. Dr.	378	Leskov	337
Johnson	96	Lessing	223, 287
Johnson. S	224	Leucippus	55, 60
Johnstone. C	376	Lentini, J. D.	147
Jung. C. G.	37	Lever, C.	387
Juvenal	96	Lewis, M. G.	381
Jyoce, J.	433, 435-36	Lichtenberg	28
		Livy	90
Kafka	e 439	Locke. J.	20, 214-15
Kaiser	358	Lodge	361
Kallimachæn	74, 89	Logerlofs	439
Kant. I.	23, 105, 112, 218,	Longus	92
	223-25, 295	Lope	205-207
Karpovich, M.	449	Lorca	358
Keller	350, 352	Lorris	144

[viii]

লে খক	পত্ৰাস্ব	লেধক	পত্ৰান্ব
Lotze	235	Mauriac, F.	439
Lover, S	387	Manrique	158
Lucanus	94	Maximus	92
Lucian	97	Medici, L.	166, 168
Lucilius	81, 87, 93	Mena, J	158
Lucretius	79	Meredith	413-414
Lull, R.	154	Merimee	320
Luther, M.	173	Mesmer, Dr.	33
Lycurgus	72	Metastaio	284
Lyly	361	Metrocles	59
Lysias	72	Metrodorus	60, 79
Lytton	393	Meun	144
		Meyer	350
Macer	81	Michelangelo	170
Machaut, G.	155	Michelet	301
Machiavelli. H.	169-70, 189	Mickiewicz	308
Mackenzie. H.	377	Milessus	54
Mackenzie. C.	433	Mill, J.	242
Mæterlinck	355	Mill, J. S.	24, 113, 21 8, 243-44
Magdeburg	154	Mimnermos	88
Mairet, J.	263	Minander	71, 81
Maistre	238	Miranda	182
Malraux, A.	439	Mitford	393
Malthus	242	Moliere	80, 170, 26.5
Mann. T.	467	Molinos, M.	21'
Mantuan	147	Montaigue, M.	17
Manuel, J	160	Montesquieu	27
Manzoni	304	Monti	28
Marcabru	142	Moore, G.	426
Marcel. P.	259, 358	Moore, T	199-200
Marcellius	97	Moratin	285
March, A.	160	Morgan	429
Marguerite	174	Morier, S. S.	393
Marie de France	144	Morrison, A.	427
Marino	204	Morungen	144
Marivaux	276, 368	Muller, M.	97 42 0
Marot, C.	174	Munro, H. H.	- -
Marryat	393	Muset, C	180
Martial	95	Musset, A.	30
Martin	297		7
Marx, K.	25, 231	Nævius, G.	
Massinger	361	Naharro, T.	164, 20
Maugham, S.	427, 429-30	Nash	36
Maupassant	323, 437	Nekoandros	,

লেখক	পত্ৰাস্ব	লেখক	পত্ৰাস্থ
Nero	91	Pollio. G. A.	91
Nerval	303	Polybios	76
Nietzche	26-27, 235-38	Pope	215
Nigidius, P.	84	Poquelin	265
North	97	Prevost	276
Novolis	299	Priestly	219, 224
		Propertius	58
Occam, W.	188	Protagoras	111
Oehlenschlager	309, 352	Proust, M.	439
Oliver	297	Ptolemacus, C.	75
Opitz	212	Pulci, L.	168
Orleans, C	156	Pushkin	306-307, 332
Ostrovsky, A. N.	356	Pythagoras	16
Ovid	58, 89		
		Queiros	329
Pærious	81	Quevedo	210, 273
Panætius	79	Quinault	270
Paracelsus	189, 212	Quintilian	96
Parini	285		
Pascal	261	Raabe	350
Pater, W,	422	Rabot	241
Paterculus, V.	92	Racine	264, 268
Paul, J.	299	Radcliffe	380
Peacock, T. L	387	Radhakrishnan.	S. 38
Pedro	159	Radignet	439
Pereda	328	Ravaisson	241
Pericles	70	Reade, C.	409
Periers, B.	175	Rebelais	98, 174, 271
Perminides	54	Reeve, C.	. 379
Perrault	270 , 310	Regnard	270
Petrarch, F.	151, 168	Regnier, M,	179
Petronius, G.	95	Reid	223
Phœdrus	79	Remarque, E.	439
Pictor, Q. F.	81	Renan	241
Pinder	56, 59	Resende, G.	159
Pirandello, L.	358	Richard	154
Pisan, C	155	Richardo	242
Pistoia, C. de	151	Richardson, D.	434-35
Plato	16, 60, 61, 111	Richardson, S.	276, 31 5, 360, 366-68
Plautus, U.	80	Rojas	180, 210, 272
Pliny	76, 95	Rolfe, F. W.	429
Pliny, (younger)	96	Rolland, R	437
Plutarch	96-97	Ronsard	174, 177
Poliziano, A.	166-67, 182	Rotrou	263-64

লে ধক	পত্ৰাস্থ	লেখক	পঞ্জাক
Rousseau	221, 280	Smith, A.	21, 218
Royce	251	Smith, Mrs.	379
Ruiz. J.	157	Smollett	372-74
Rutebeuf	143, 162	Socrates	15, 57, 61
Rutherford, M.	422	Solon, Ibycus	59
Ruysbroeck	155	Sophocles	56, 64, 66
Rydberg	308	Sorel	275
		Spencer H.	244-251
Sabinus	89	Spensippus	62
Sacchetti, F.	166	Spinoza	23, 112, 194-95, 214
Sachs, H.	163	Sponde	179
Sade, M.	282	Stæl	300
Saint-Pierre	282	Stainbeck	438
Sallust	84	Stam H.	438
Sand, G.	320	Stampa, G.	170
Sannazaro, J.	168, 182	Statius	87, 95
Santillana, M.	158	Steele	215
Sappho	58, 83	Stendal	316-18
Sartre	259, 358, 439	Sterne	374-75
Scarron	275	Stevenson, R. L.	422
Sceve, M.	176	Stewart	223
Schelling	225, 229	Stifter	350
Schiller	24, 293	Storm	305
Schiegel	299	Strabo	75
Schleiermacher	24	Strausi	231
Schnitzler	35ô	Strindberg	355, 437 🗸
Schopenhaur	26, 113, 233-35	Strurluson, S.	145 、
Schweitzer	28, 38	Sudermann	355
Scott	382, 384-86	Sue,	321
Scribe	353	Sueloneus	96
Scudery	262, 274, 363	Surtees	407
Scdaine	282	Swedenborg	297
Seneca	17, 93	Swift	215
Sense, H.	154		V.
Serafin	357	Tacitus, C.	96 _t
Sevigne	270	Tasis	210
Sextus	89	Tasso	171, 203,V
Shaftesbury	218	Tauler, J.	154
Silesius A	215	Tellez, G,	207
Shchedrin	337	Terence	80
Sierra	357	Teresa	184 ;
Simon	238	Terpander	58
Simonedes	56, 59, 69	Testi, F.	204
Slowacki	308	Thackeray	399-401

লেখক	পত্ৰাক	লেখক	পত্ৰাহ
Thales	53, 111	Villaroel	285
Theocritus	75	Villasandino, A.	157
Theodorus	60	Villon, F.	156
Theognis	59	Vinci, L. D.	17
Thomas	264	Virgil	85, 202
Thucydides	56, 69	Vives	181
Tibullus, A	89	Vogelweide	146
Tieck	299, 352	Vogüe	330
Tindal	219	Voltaire	220, 278
^r ody, J.	147	Vondel	211
Foller	• 358	7 0.1.202	
olstoy	26, 340-48	Wagner	309, 392
rissino, G.	203	Walpole, H.	379, 433
rogus, P.	91	Wedekind	356
1'rollope	405-407	Wells, H. G.	428
Turgenev	335-37, 454	Werfel	358
Tyard,	177	Widsith	145
		Wild, O.	422
Jberti, F. G.	150	Wild, O. William	142
Jnruh	358	Wolff	223
Urfe	274 , 363	Wolfram	146
		Woolf, V.	433
Valdes	181	Woolf, V. Wundt	238
Valdivielso, S.	210		147
Jalera	328	Wyatt, T.	14/
alerious	81		
'almore	301	Xenocrates	62
arro	84	Xenophon	15, 54
ascoucelos	272		405
· ega	181. 272	Yonge, C. M.	405
eni ve tinov	307		
erga	327	Zeno	54, 55, 79
'ian, T.	262	Zenophen	70
icente, G.	165	Zola, E.	324, 437
da	202	Zorilla	209, 304
ign y	301, 320	Zukovosky	305
'illalon) 181, 272	Zweig, A.	439
व्यवनानम	>•#	व्यार्वरतय	3.4
थ यटचा व	250	আর্থ সূর	250
াত্রের	>-+	ঈশ্রকৃক	3.0
ানন্দগিরি	>• 4	উদয়ন	2.8
· भन्नवर्षन	202	উভোৎকার	>-8
~ .			

[xii]

	পত্ৰাস্ক	লেখক	পত্ৰান্ধ
লেখক		ব স্বজু	>58
কনাদ	3.6	বা ৰূপতি	ે જ
कन्रन	205	বাচম্পত্তি	٥٠٥, ٥٠৪, ১٠৬
কালিদা স	258-56, 25k, 200	বাৎসায়ন	> 8
কাশকৃষ	3.6	বাদ্রায়ন	3.6
কুমারিল ভট	> 6->-%	বা নভ ট	303, 3 0 8
কৃঞ্চ মিত্ৰ	. 30.	বাহ্নদেব সার্বভৌম	> 8
Standard		বিজ্ঞানভিকু	>00
ক্ষেত্র	300, 308	বিন্তাপতি	১७२, ১ ७७
6161-			3.6
গকেশ	> 8	বিমুক্তাৰন্দ	. 308
শু ৰাচ্য	208	वि म् हन	269
গোকুলনাথ	200	বশাধদত্ত	208
ला विनानम	2.0	বিকুশ্ৰী	> 4
গোড়পাদ	> 0	বন্ধানন্দ	,
গোত্ৰ	>•8	_	32¢
(1184		ভট্টি	
চাৰ্বাক	202	ভটনারারন	269
אואוד		ভর্তৃহরি	305
জগন্নাথ	202	ভবভূতি	>5>
	202	ভারবি	256
अ श्रापव	3.8, 33.	ভাস	254
জ রস্ত	306	ভাশ্বর	>.4
ভৈ নকীৰ্তি	>0%	ज् रमय छ∓	500
জৈমিনি		ভেক্কটনাথ	200
- 3	200		
দণ্ডী	248	মণ্ডন (হুরেখর)	\$06
দিঙৰাগ		মধুস্থদন	209
ধর্মপাল	>28	মধুস্দন সরস্বর্ডা	306
(धारो	202	মহে <u>ল</u> বিক্রম	252
CAIN		मां स्त	3.6
ৰাগাজু ৰ	304, 320	মান্তুক	505
নাৰায়ন পণ্ডিত	208	मूर्यमि मूर्यमि	200
নিমার্ক নিমার্ক	> 6	মুখাণ মৈত্ৰেয়নাথ	>28
। नप ।क		(न(ध्यप्तमान	
	> >>	बार्मी भोल	> 0
প্তঞ্চলি	205	16 (1	
পদ্মশুপ্ত	2010	রবীন্দ্রনাথ	89, 520
প্রাপাদ	500	রাজশেধর	, ५४%, ५७४
প্রমানন	>.৬	রাজনেবস রামা মুক	> 8
প্রকাশাস্থ্য	3.6	রাশাস্থ্য রূপগোস্বামী	202
প্রভাকর	,	आया है। या चान	
		almatetă	308, 20th
বঙ্কিম	>09	শ্বরাচার্য	५७२
বড়ু চণ্ডীদাস	269	শৃ <i>ত্যু</i>	2.A
বুৰসামী	208	শান্তিদেব	206
ी जेजलाहार्ड	5 %•	निवनाम	

[xiii]

লে ংক	প্তাক	লেখক	পত্ৰান্ধ
লেবৰ লিবাচাৰ্য ব্যোম	১০৫ সামরাভ দীব্দি	সামরাভ দীক্ষিত	300
•	254	সিজেখর দিবাকর	302
শূক্ত ক শ্রীধর	300, 500	<i>স্</i> বৰূ	200
ন্যৰপ শ্ৰীৰান্তৰ	304	সোমেশর দত্ত	205
শ্র া ড়ব	2.4. 256	হির মতি	258
ালানন্দ	306	হ ধ	ે
ारा भणा र्वेख	202	(হ্মচন্দ্র	205
[.] वीनक	³ ૭૨	হেম বি জ য়	206

শুদ্ধি-পত্ৰ

পত্ৰাহ	পংক্তি	অত্তৰ	শুদ্ধ
5	শেষ পংক্তি	Cirilization	Civilization
59	৩২	Ibid. p. 51	Ibid. Schweitzer. p. 51
૨૭	১ ২, ২২	Leibniz	Leibnitz
৪৬	১৩	মেম্ফিমে	মেম্ফিসে
« 8	٩	Heracleiters	Heracleitus
46	59	Provagoras	Protagoras
৬০	8	Arituippus	Aristippus
৬০	œ	Aunieris	Anniceris
93	30	Litus	/ Titus
>>>	٩	Sophlia	Sophia
252	২৩	বিখনাথ দত্ত	বিশাখ দক্ত
202	>8	দ্য়ীর	ধোন্নীর
>8¢	e	Wisdith	Widsith
২৬৩	28	Mariet	Mairet
२७৫	৮	Congrene	Congreve
৩০৯	٥ د	Gutznow	Gutzkow
0 €5	৩৽	3633-98	36-5 tac
૭ ૯૨	ь	१८१०-५०	2420-60
9 6 9	ь	Scuderi	 Scudery
৩৮৪	৬৬	Lob Roy	Rob Roy
			5 B

56A. ..